শ্রীরবীন মুখার্জী ঃ আমরা যেটা করেছি বা করতে চলেছি সে সম্বন্ধে আপনাদের কাছে বলেছি। সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে নাব্যার ওয়ান বলে যেটা স্বীকৃত হয়েছে সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতায় বিভিন্ন ফেরি সার্ভিস এবং কার্গো মুভমেন্ট সম্বন্ধে আলোচনা হচ্ছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মন্ত্রীমহাশয় জানাবেন কি, বাবুঘাট থেকে হাওড়া ষ্টেসন পর্যন্ত যে ফেরি সার্ভিস আছে সেটা কোন সংস্থা পরিচালনা করেন এবং এই সংস্থার উত্তরাধিকারী কে ?

মিঃ স্পীকার ঃ এই প্রসঙ্গ উঠে না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ এই ফেরি সংক্রান্ত ব্যাপারে একজন মন্ত্রী যুক্ত আছেন। এবং সেখানে লক্ষ লক্ষ টাকা তছরূপ হচ্ছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received four notices of adjournment Motion.

The first is on the subject of problem for admission of students in schools from Shri Kashinath Misra. The Second is on the subject of disrespect shown to the Constitution of India by some members of Akali Dal in New Delhi from Shri Ambika Banerjee, The third is on the subject of police firing at Watgunj near Kidderpore from Shri Subrata Mukherjee. And the fourth is on the subject of demand for judicial enquiry into the police firing at Bulbulchandi, Malda from Shri Deoki Nandan Poddar.

As regards first, third and fourth motions, the Members will get ample opportunity to discuss the matters during discussion on Governor's Address commencing from to-day. The Second motion wants to raise a matter which has happened outside the State in New Delhi for which this State Government is not responsible.

I, therefore, withhold my consent to all the above motions. One member of the party, may however read out the text of the motion as amended.

Shri Ambika Banerjee : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely :—

The disrespect shown to the Constitution of India by some members of Akali Dal, who have burnt copies of the Constitution and destroyed them in public, in New Delhi on 27th February, 1984.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার এটা খুব ইমপর্টেন্ট ব্যাপার। এটা কোন দলের ব্যাপার নয়। এই ধরণের নজীর আছে এবং এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের একটা ভূমিকা আছে।

CALLING ATTENTION

To Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 10 notices of Calling Attention.

I have selected the notice of Sarbashri Subhas Basu, Somendra Nath Mitra, Abdul Mannan, Kashinath Misra, Anil Mukherjee and Saral Deb on the subject of 'Tension in the campus of Bidhan Chandra Krishi Viswa Vidyalaya of Kalyani due to clashes between students'.

The Minister-in-charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 8th March.

শ্রী সত্যরঞ্জন বাপুলী : স্যার, সুব্রত মুখার্জী যে কথা বললেন, যেখানে সংবিধান পোড়ানো হয়েছে, সংবিধান ছিঁড়ে ফেলা হয়েছে সংবিধানকে যেভাবে অপমান করা হয়েছে তাতে আপনি যদি এই ব্যাপারে কোন ব্যবস্থা না নেন তাহলে যে সংবিধান অনুসারে আপনি ওখানে বসে আছেন, আপনার ওখানে আর বসে থাকা উচিত নয়।

শ্রীসুব্রত মুখার্জী : আপনি সংবিধানকে বাঁচান এবং আপনি ব্যবস্থা নিন, তা নাহলে আমরা ওয়াক-আউট করবো।

Thirtythird Report of the Business Advisory Committee.

Mr. Speaker : I beg to present the Thirtythird Report of the Business Advisory Committee. The Committee met in my chamber on the 24th February, 1984 and recommended the following programme of Business from the 28th February to the 2nd March, 1984.

Tuesday, 28.2.84	...	(i) Laying of Ordinances, Reports etc. (ii) Discussion on Governor's Address —4 hours.
Wednesday, 29.2.84	...	Diseussion on Governor's Address — 4 hours.
Thursday, 1,3.84	...	Discussion on Governor's Address —4 hours.
Friday, 2.3.84	...	Discussion on Governor's Address —4 hours.

Shri Patit Paban Pathak : Sir I beg to move that the Thirty Third report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House

The motion was then put and agreed to.

MENTION CASES

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, আই রাইজ অন এ পয়েন্ট প্রিভিলেজ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমরা যেখানে আছি এবং আপনিও ঐ চেয়ারে বসে আছেন, সেটার শক্তি হচ্ছে এই কন্সষ্টিটিউশন। আজকে ভারতবর্ষের কোন প্রান্তে এবং খোদ রাজধানীতে যদি সংবিধানের অবমাননা হয়, এই সংবিধানের বিরুদ্ধে জেহাদ হয়, ন্যাশন্যাল ইন্টিগেশন এ্যাণ্ড প্রেষ্টিজ যদি নষ্ট হয়,—জ্যোতিবাবু প্রকাশ্যে বলেছেন এবং জাতীয় সংহতির স্বপক্ষে এণ্টায়ার লেফ্‌ট্‌ ফ্রন্ট সহমত পোষণ করে। একটা জায়গায় আমরা একমত, সংবিধান রক্ষার জন্য, তার মর্যাদা রক্ষার জন্য এক হয়ে কাজ করবো এবং সংবিধানের যদি অবমাননা হয়, আমাদের অধিকার আছে, মোর দ্যান ফিফটি মিলিয়ন পিপ্‌লের প্রতিনিধি আমরা, আমরা আমাদের বক্তব্য যেন রাখতে পারি, এই অশুভ শক্তি বিরুদ্ধে। তাই আমার নিবেদন, মাননীয় সদস্য অম্বিকাবাবু যে প্রস্তাব দিয়েছেন, আপনার ক্ষমতা আছে আণ্ডার রুল ১৬৯, —মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে একটা রেজলিউশন আনতে পারেন এবং সব কাজ বন্ধ করে এই বিষয়ে আলোচনা করুন। কারণ এই বিষয়ে অনেক সিনিয়ার মেম্বার যাঁরা আছেন, তাঁরা বিভিন্ন ফোরামে বলেছেন।

সেই জন্য আমরা আপনার কাছে প্রস্তাব দিচ্ছি—আপনি সভার কাজ বন্ধ করে এখুনি রুলস ১৬৯ অনুসারে মুখ্যমন্ত্রীকে একটা রেজলিউসান নিয়ে আসতে বলুন এবং বিরোধী পক্ষ থেকে আমরা সবাই এটাকে সমর্থন করি, লেট আস কনডেম দি ইনসিডেণ্ট।

মিঃ স্পীকার ঃ আমার রুলিং আমি দিয়ে দিয়েছি। এ্যাডজোর্নমেণ্ট মোসানে এটা আসতে পারে না।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সংবিধানের মর্যাদা যখন রক্ষা করতে পারলেন না এবং মনে হচ্ছে ইন্‌ডাইরেক্টলি এটাকে আপনি সমর্থন করছেন তখন এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আমরা সকলে ওয়াক আউট করলাম।

(কংগ্রেস পক্ষের সদস্যরা ওয়াক আউট করে সভার বাইরে চলে গেলেন।)

শ্রীশচীন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, কসবা অঞ্চলের উজ্জ্বল মণ্ডলের নৃশংস হত্যাকাণ্ড—আমাদের

সন্দেহ হচ্ছে এই নির্মম হত্যাকাণ্ডের যারা আসল কালপ্রিট তাদের আড়াল করার একটা চেষ্টা চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১লা ফেব্রুয়ারী রাত্রিবেলায় ১০ বছরের শিশু উজ্জ্বল মণ্ডলকে অপহরণ করে নিয়ে যাওয়া হয় এবং ৪ তারিখ রাত্রিবেলায় জয়নগরের শ্রীরামপুর গ্রামের একটি ক্লাব ঘরে তাকে হত্যা করা হয়। হত্যাকারী স্বপন ভাণ্ডারী ওরফে খোকা তাকে হত্যা করে সেখান থেকে পালিয়ে আসে এবং দক্ষিণ কলকাতায় একজন বিশিষ্ট কংগ্রেস নেতার বাড়ী এসে আশ্রয় গ্রহণ করে। সেই কংগ্রেস নেতা তার বাড়ীতে তাকে রেখে দেওয়াটা নিরাপদ মনে না করে দক্ষিণ কলকাতার একটি কংগ্রেস অফিসে আত্মগোপন করার জন্য আশ্রয় দেয়। পরবর্তী কালে সেই কংগ্রেস নেতা তাকে নির্দেশ দেন যে, তুমি এই ব্যাপারে অ্যান্টিসিপেটরি বেল নাও, আগাম বেল নেবার ব্যবস্থা কর। সেই ভাবেই তাকে কোর্টে পাঠাবার ব্যবস্থা করা হচ্ছিল। এমন সময় পুলিশ খবর পেয়ে তাকে গ্রেপ্তার করে এবং ওকে গ্রেপ্তার করার পরেই আসল ঘটনার কিছু বিষয় জানা গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০ বছরের শিশু উজ্জ্বল মণ্ডলের মৃতদেহ যেদিন কসবায় নিয়ে আসা হল আমি সেইদিন ওখানে উপস্থিত ছিলাম। হাজার হাজার মানুষ বিক্ষোভে ফেটে পড়েন। তাদের দাবী ছিল এই হত্যাকারীদের আমাদের হাতে ছেড়ে দিলে আমরাই এদের বিচার করব। এই ১০ বছরের শিশু খুব ভাল খেলাধুলা করতে পারত। আমি দেখলাম রক্তাক্ত শিশু তার সেই খেলাধুলার সরঞ্জাম ব্যাট, ফুটবল ইত্যাদি নিয়ে সেখানে উপস্থিত হল এবং তারা বলল উজ্জ্বলের শবদেহের সাথে এই সব জিনিসপত্রগুলিও যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য হচ্ছে এই, এর প্রতিকার আমরা চাই এবং যারা এই ঘটনা ঘটিয়েছে, যে কংগ্রেস নেতা এই ঘটনা ঘটিয়েছে, তাদেরকে এখনো কেন গ্রেপ্তার করা হচ্ছে না—আমরা এর জবাব চাই। ইতিহাসে নজীরবিহীন এই ঘটনা ঘটেছে, আমরা সত্বর এর প্রতিকার চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার এবং উপযুক্ত শাস্তির ব্যবস্থা করতে হবে।

(এই সময় কংগ্রেস সদস্যদের পুনরায় সভায় প্রত্যাবর্তন।)

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েকদিন আগে বাঁকুড়া শহরে একজন বিড়ি শ্রমিককে কেন্দ্র করে একটি ঘটনা ঘটে এবং তারপর পুলিশ বেপরোয়া ভাবে বিড়ি শ্রমিকদের মারধোর করে। এই ঘটনার পর বিড়ি শ্রমিকরা থানায় গেলে থানা এ ব্যাপারে কোন মামলা গ্রহণ করে নি। স্যার, অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা যে বামফ্রন্ট সরকারের আমলে একজন পুলিশ সাব ইন্সপেক্টার এইভাবে শ্রমিকদের উপর লাঠিচার্জ করলো এবং তা করার পরও সেই অফিসার আজও বাঁকুড়া থানায় বহাল তবিয়তে আছে, তার বিরুদ্ধে কোন এ্যাকসান নেওয়া হয়নি। শ্রমিকরা যখন থানায় গিয়ে এফ. আই. আর করতে যায় তখন সেই এফ. আই. আর গ্রহণ করা হয় না, পরে শ্রমিকরা এ্যাডিশন্যাল এস. পি'র কাছে এফ. আই. আর দেয় কিন্তু কোন

মামলা আজও দায়ের করা হয়নি। স্যার, বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি হচ্ছে শ্রমিকের উপর লাঠি চলবে না অথচ এই ধরণের একটি ঘটনা সেখানে ঘটে গেল। আমি এ ব্যাপারে স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, অবিলম্বে তদন্ত করে এই ঘটনার জন্য দোষী পুলিশ অফিসারকে শাস্তি দেবার ব্যবস্থা করুন।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা পশ্চিমবাংলায় লক্ষ্য করছি এখানে কিছু অগণতান্ত্রিক মানুষ এবং অসভ্য কিছু সদস্য পশ্চিমবাংলার রাজ্যপালের উপর চারিদিক থেকে অসম্মানজনক উক্তি করছেন এবং অসম্মানজনকভাবে কিছু মিছিল ইত্যাদি করে তাঁর সভা, সমাবর্তন ইত্যাদিকে নষ্ট করে দেবার পরিকল্পনা করেছেন। স্যার আমরা লক্ষ্য করলাম গত ২৫শে ফেব্রুয়ারী '৮৪ সাল রাজ্যপাল যখন বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে গেলেন তখন ওখানে ওখানকার জ্যোতিবসুর পুষ্ট সি. পি. এম-এর কিছু পোষা গুণ্ডা, যারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয়, এস. এফ. আই-এর কর্মী, তারা রাজ্যপালের এই সমাবর্তন উৎসবে ঢিল মারে। রাজ্যপাল মহাশয়ের গাড়ীর মধ্যেও ঢিল পড়ে এবং তাঁকে কালো পতাকা দেখানো হয় এবং 'রাজ্যপাল গো ব্যাক' ইত্যাদি ধ্বনি দেওয়া হয়। স্যার, আমরা জানি এর পেছনে পূর্ণ মদত দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং পশ্চিমবাংলার জনৈক সি. পি. এম নেতা, যিনি এই সভার সদস্য নন। স্যার, যেহেতু তিনি এই সভার সদস্য নন সেইহেতু তাঁর নাম আমি করছি না এবং তাঁর নাম করে তাঁকে বড় করে দিতেও চাই না। সেই সি. পি. এম-এর সদস্য এবং সম্পাদক উস্কানি দিয়ে এইভাবে পশ্চিমবাংলায় গণতন্ত্রকে ধ্বংস করতে চাইছেন। স্যার, পশ্চিমবাংলার রাজ্যপালই যদি নিরাপত্তার অভাব বোধ করেন তাহলে এখানে সাধারণ মানুষের নিরাপত্তা কোথায়? রাজ্যপালই যদি খোলাখুলিভাবে ঘোরাঘুরি করতে না পারেন তাহলে সাধারণ মানুষের অবস্থা কি সেটা বুঝতেই পারছেন। আমি স্যার, বিধানসভার একজন সদস্য হিসাবে এই ঘটনার তীব্র নিন্দা করছি। এস. এফ. আই-এর ছেলেরা যখন রাজ্যপালকে লাঠি মারলো তখন দেখলাম মুখ্যমন্ত্রী লোক দেখানোর জন্য চোখ রাঙাচ্ছেন, তদন্ত কমিটি বসাচ্ছেন। স্যার, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরিষদের সদস্যরা দুটি অনুলিপি দিয়েছেন, আমি আপনার মাধ্যমে এই সভায় সেটি রাখছি এবং এই অপদার্থ, বর্বর, অগণতান্ত্রিক জ্যোতি বসুর সরকারকে তা দিচ্ছি।

[2-10—2-20 P.M.]

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাচ্ছি। হুগলী জেলার পাণ্ডুয়া, পোল্বা, সিংগুর ইত্যাদি থানাগুলিতে চাষের জমি প্রায় ২/৩ ফুট গর্ত করে বালি খাদ করে বালি উত্তোলন করা হচ্ছে। এর ফলে হাজার হাজার দো-ফসলী এবং তিন ফসলী চাষের জমি নষ্ট হয়ে যাচ্ছে। সেচের এলাকায় সেচ ব্যবস্থা

এবং ডি. ভি. সি'র খাল এবং ডিপ টিউবয়েল এলাকা সব নষ্ট হয়ে যাচ্ছে। সারা পশ্চিমবঙ্গে যে পরিমাণ ফসল পাওয়া যেত, এই সব জমি নষ্ট হওয়ার জন্য সেই ফসল থেকে পশ্চিমবাংলার মানুষ বঞ্চিত হবেন এবং এর ফলে তীব্র খাদ্য সংকট দেখা দেবে। মানুষদের বাড়ীঘর বালি খাদে চলে যাচ্ছে, রাস্তা বালি খাদে চলে যাচ্ছে, রেল লাইন ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই রকম অবস্থায় পথচারী মানুষ ঐ বালি ধসে মারা যাচ্ছে, কিছু কিছু মানুষের জীবনাবসন হয়েছে। এই বিধান সভার যে এস. এল. কমিটি, তারা অনুগ্রহ করে হুগলী জেলার কয়েকটি এলাকা পরিদর্শন করে এসেছেন যে কি ভয়াবহ অবস্থা সেখানে চলছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে এস. এল. কমিটির চেয়ারম্যান যেন এই বিষয়ে আপনার কাছে রিপোর্ট দেন এবং রাজ্য সরকার এই বিষয়ে চিন্তা-ভাবনা করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা করেন। আজকে যারা ব্যাপকভাবে চাষের জমি নষ্ট করে পশ্চিমবাংলায় খাদ্য সংকট সৃষ্টি করছে, সরকারকে রয়্যালটি দিচ্ছে না, তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এই বিধানসভার মাননীয় সদস্যদের, এমন কি সরকারী দলের সদস্যদের কাছ থেকে বর্তমানে আইন শৃঙ্খলা কোথায় গেছে এবং পুলিশের নিষ্ক্রিয়তার কথা শুনেছেন এবং উপলব্ধি করেছেন। আমি অনুরূপভাবে এখানে বাঁকুড়ার কথা উল্লেখ করতে চাচ্ছি। বাঁকুড়া শহর তথা বাঁকুড়া সদর থানা এবং বাঁকুড়ার সঙ্গে যুক্ত বাঁকুড়া দুর্গাপুর পর্যন্ত রাস্তাঘাট থেকে আরম্ভ করে প্রকাশ্য দিবালোকে যে নৃশংসভাবে অত্যাচার হচ্ছে, নির্মমভাবে বাড়ীতে ডাকাতি, বাস ডাকাতি এবং তপশীলভুক্ত যুবককে প্রকাশ্য দিবালোকে নৃশংসভাবে হত্যা করা হচ্ছে, এই যে অবস্থা, এই অবস্থা আজকে সকলেই উপলব্ধি করেছেন। মাননীয় সদস্য অনিল মুখার্জী মহাশয় বললেন, পুলিশ নিষ্ক্রিয়। শচীন সেন মহাশয় বললেন, পুলিশ নিষ্ক্রিয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি সেই সুরে বলতে পারিনা যে পুলিশ একেবারে নিষ্ক্রিয়ভাবে আছে? আজকে থানায় এফ. আই. আর করা হচ্ছে, প্রকাশ্য দিবালোকে যারা খুন করছে, যারা বাস ডাকাতি করছে, যারা বাড়ীতে ডাকাতি করতে গিয়ে বোমায় যুবকদের হত্যা করছে, তার কোন প্রতিকার হচ্ছে না। বাঁকুড়া শহরে এক মাসে ৪টি খুন হয়েছে, ২ মাসে ৮টি বাস ডাকাতি হয়েছে। এটা যে অতি ধ্রুব সত্য কথা সেটা সকলে উপলব্ধি করেছেন। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে এই ব্যাপারে অন্ততঃ একটা প্রতিকার করুন। আপনার পুলিশ যদি ইনসাফিসিয়েন্ট হয়ে থাকে তাহলে পুলিশের সংখ্যা বাড়ান। আপনি এই তথ্য অনুসন্ধান করুন এবং দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করুন।

শ্রীহৃষিকেশ মাইতি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ে উল্লেখ করছি। ইংরাজী ১৪ই ফেব্রুয়ারী রাত্রি ৯/১০টার সময়ে কাকদ্বীপ থানার শ্রীরামকৃষ্ণ

গ্রাম পঞ্চায়েতের একজন সভ্য তার বাড়ীতে ধুমধাম করে একটা অনুষ্ঠান করেছেন সে জিতেছেন বলে। তারপরে যে কথা সুনীতি বাবু বলেছেন যে সে নেশা করেছিল, সেই নেশা করেছিল কিনা জানি না। তার পাশের বাড়ীর যিনি ইন্দিরা কংগ্রেসের সভ্য, তার বাচ্চা মেয়ে ১০/১১ বছর বয়স হবে, তাকে রাত্রি বেলায় টেনে ধরে নিয়ে গিয়ে নিষ্ঠুরভাবে পাশবিক অত্যাচার করেছেন।

কাকদ্বীপ থানায় একটি মামলা করা হয়েছে, কেস নং ১২, তারিখ ১৫.২.৮৪। সেই পঞ্চায়েত সদস্যের নাম প্রভাস নায়েক, সে ইন্দিরা কংগ্রেসের প্রার্থী হিসাবে নির্বাচিত হয়েছিল। আমার মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ এই মামলা যেন ঠিক মত পরিচালিত হয় এবং এ বিষয়ে যেন বিশেষ নজর রাখা হয়।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদিও বিষয়টি ক্রীড়া মন্ত্রীর আওতায়, তবুও আমি বিষয়টির প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ ক্রীড়া মন্ত্রী এ বিষয়ে চোখ বুজে আছেন। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছে যে, টাকার অভাবে সল্ট লেক স্টেডিয়ামের কাজ বন্ধ। আন-প্ল্যাণ্ড ওয়েতে কাজ করলে যে অবস্থা হয় সেই অবস্থার নমুনা হিসাবে আমরা এই স্টেডিয়ামের কাজ-কর্ম দেখতে পাচ্ছি। নিজেদের ইগো বজায় রাখার জন্য ওখানে ফুটবল খেলার ব্যবস্থা করা হয়েছিল। সেখানে দর্শকদের বসবার সিট্ পর্যন্ত ছিল না, সমস্ত কলকাতা এবং হাওড়ার সব ডেকরেটরদের চেয়ার নিয়ে গিয়ে দর্শকদের বসানোর ব্যবস্থা করা হয়েছিল। ফলে সেখানে ব্যাংক, সেন্ট্রাল গভর্ণমেণ্ট এবং রাজ্য সরকারের কোটি কোটি টাকা—কোটি কোটি পাবলিক মানি—তছনছ হয়েছে। অথচ সেখানে আগে যেটার দরকার ছিল প্রশিক্ষনের ব্যবস্থা এবং সুইমিং পুল প্রস্তুত করা, তা এখনো অসম্পূর্ণ রয়ে গেছে। অথচ কোটি কোটি টাকা, সরকারী টাকা ইতি মধ্যেই ওখানে ঢুকে গেছে। সুতরাং আমি এই অব্যবস্থার প্রতিকারের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি প্ল্যাণ্ড ওয়েতে ওখানে কাজ শেষ করার ব্যবস্থা করুন।

Shri Ramzan Ali : जनाबे स्पीकर, मैं चीफ मिनिस्टर का तवज्जह इस ओर दिलाना चाहूँगा, वह यह है कि मगर बी बंगाल में यह ऐलान किया गया था कि सबको मादरी जबान में तालीम दी जायगी। मगर अभी तक उर्दू जबान में तालीम देने के किस कोई इन्तजाम नहीं किया गया है। मगर बी बंगाल की उर्दू एकडमी ने यह सिफारिश की थी उर्दू में तालीम देने के किस उर्दू स्कूलों की स्थापना की जाय। मगर श्रीकान्ति विश्वास के दफ्तर में उन ४५ स्कूलों की स्थापना के लिए कुछ नहीं हुआ और अभी तक पेंडिंग पड़ा हुआ है। मैं चाहूँगा कि जल्द से जल्द उर्दू जबान में तालीम देने के लिए उन ४५ स्कूलों को कायम किया जाय।

सरकार ने यह ऐलान किया था कि इस्लामपुर सब-डिविजन में सरकारी दफ्तरो में उर्दू में काम होगा और उर्दू में दरख्वास्त लिखने वालों को उर्दू में जवाब दिया जायगा। मगर अभी तक उसके लिए कुछ नहीं हुआ। १९८१ के अक्टूबर में सरकारी सरकूलर जारी करके एलान किया गया कि कलकत्ता, आसनसोल और इस्लामपुर सब-डिविजन में सरकारी दफ्तरों में उर्दू में दरख्वास्त ली जायगी और दरखास्त दहेनदार को उर्दू में जवाब दिया जायगा। उर्दू स्कूल कायम करके उर्दू के लिए उर्दू जवान में तालीम देने का काम किया जायगा। सरकारी काम-काज के लिए क्लर्क और ट्रान्सलेटर रखे जाँयगे। मगर अभी तक इसके लिए कोई इन्तजाम नहीं हुआ।

यहाँ की असेम्बली में उर्दू स्पीच लिखने के लिए उर्दू जानने वाले का कोई इन्तजाम नहीं है। इस और निजाम साहब ने कई बार तवज्जह दिलाया है। इसलिए यहाँ उर्दू में स्पीच लिखने वाले का इन्तजाम सबसे वह ले होना चाहिए।

[2-20—2-30 P. M.]

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Chief Minister through you.—although the responsibility primarily lies on the Urban Minister. Sir, last year a deputation met with the Chief Minister—you have also witnessed a few days back—regarding the Bagmari burial ground and the Gobra burial ground. These two burial grounds are in deplorable and bad state of affairs. The boundary walls are demolished, animals are grazing there, gamblings are going on the night and the criminals have started their activities. Sir, although it is the primary responsibility of the Minister in charge of Local Self and Urban Development last year the Chief Minister assured the deputationists including myself and Mr. Nizammuddin, the CPM M.L.A. who was also there that action would be taken for the construction of the boundary walls of both the Bagmari and Gobra burial grounds. But unfortunately no action has been taken as yet—nothing has been done—rather these are going to be demolished, and all sorts of criminal activities are going on there. Outside this House there is a grave agitation that if no action is taken by the Left Front Government the people of Calcutta will come forward and will take necessary steps for this purpose. So, again through you, Sir, I like to draw the attention of

the Chief Minister that he should come forward, unfold the mystery and take action for these two burial grounds. Thank you.

শ্রীসরল দেব ঃ মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন, পশ্চিমবাংলা তথা গোটা পূর্বভারতের অর্থনীতি এর সঙ্গে জড়িত। আজ ১ মাস ১২ দিন হলো, চটকল শ্রমিকেরা ধর্মঘট করতে বাধ্য হয়েছে। কারণ, ইতিপূর্বে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীকে চেয়ারম্যান করে ত্রিপক্ষীয় মিটিং-এ যে গ্রেড-স্কেল হয়েছিল সেটা চটকল মালিকেরা মানলেন না। তাঁরা হাইকোর্ট করলেন এবং হেরে গেলেন। তারপর সুপ্রীম কোর্টে গেলেন এবং সেখানেও হেরে গেলেন। এরফলে আড়াই লক্ষ শ্রমিক ধর্মঘটের পথে পা বাড়াতে বাধ্য হলেন। শুধু চটকল শ্রমিক নয়, এর সঙ্গে পূর্ব ভারতের চাষীরাও জড়িত। সুতরাং এর দরুন, গোটা পূর্ব ভারতের অর্থনীতি পঙ্গু হতে চলেছে। যে ৫।৬টি পরিবার এই চটকল পরিচালনা করেন তারা রাজ্যসরকারের কথা শুনতে চাইছেন না। সেইজন্য আমি এই ব্যাপারে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি যেন অবিলম্বে চটকল ধর্মঘটের অবসান করেন, এবং এর সাথে সাথে চটকলকে জাতীয়করণের দাবী আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী, অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর কাছে রাখছি।

শ্রীঅবন্তী মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হচ্ছে, গত ১৯-১-৮৪ তারিখে পটাশপুর থানার ৬ নম্বর গ্রাম পঞ্চায়েত প্রধান রাজু রায় এবং কৃষক সভার সম্পাদক শ্রী ভাগবত নায়েক একদল দুষ্কৃতকারীসহ ঐ থানার খিদিরপুর গ্রামে কানাই জানাকে যিনি মাত্র ১৫ ডেঃ মিঃ জমির ভাগচাষী তাকে হত্যা করে এবং ১১টি বাড়ী লুঠ করে। মেদিনীপুর জেলার এস. পি. এই সংবাদ পাওয়ার পর ঐ দুষ্কৃতকারীদের বাড়ীতে অনুসন্ধান করে এবং অনুসন্ধান করে ৬ গাড়ী লুঠ করা মাল উদ্ধার করে এবং ২০ জনকে গ্রেপ্তার করে। মেদিনীপুর জেলার এস. পি. মাত্র ৭ মাস আগে গিয়েছিলেন। মেদিনীপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেখানে চরম অবনতি ঘটেছিল তাঁর যাওয়ার পর সেখানে কিছু শান্তি ফিরে এসেছিল এবং আইন-শৃঙ্খলার উন্নতি হয়েছিল।

যেহেতু ২০ জনকে গ্রেপ্তার করেছে, কৃষক সভার সম্পাদক শ্রী ভাগবত নায়েককে করেছে এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান শ্রী কানাই জানাকে গত ১৯-১-৮৪ তারিখে গ্রেপ্তার করেছে, মার্কসবাদী কমিউনিষ্ট নেতাদের গ্রেপ্তার করেছে, সেজন্য সেই এস. পি. কে মেদিনীপুর জেলা থেকে ট্রান্সফার করা হয়েছে। এই রকম বীরভূম জেলার পাটলি গ্রামের একটি ঘটনা আছে। সেখানকার এম. এল. এ.কে গ্রেপ্তার করার জন্য—এস. ডি. পি. ও, গ্রেপ্তার করেছিলেন সেই এস. ডি. পি.ও.কে গ্রেপ্তার করা হয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় স্পীকার মহাশয়, কলকাতার ঘটনা, গৌরীবাড়ী, কসবা নিয়ে খবরের কাগজে আলোচনা হয়েছে, হেমেন মণ্ডল সামনে চলে এসেছেন। কিন্তু আজকে সমস্ত পশ্চিমবঙ্গে প্রতিটি মফঃস্বল শহরে এই ধরণের শত শত হেমেন মণ্ডল তৈরী হয়ে গেছে, কিন্তু রাজ্যের পুলিশ নিষ্ক্রিয়। আমি আমার জেলা মুর্শিদাবাদের বহরমপুর এবং জিয়াগঞ্জের কথা বলছি। বহরমপুর শহর এক বছর ধরে গুণ্ডামী এবং সন্ত্রাস কবলিত এবং সেখানে এক বছরের মধ্যে কম করে এই দুটি জায়গায় ১৬জনকে খুন করা হয়েছে। উভয় পক্ষই সমাজ বিরোধী। সাধারণ মানুষের আজকে নিরাপত্তা নেই। মানুষ একদিকে যেমন আনন্দিত হচ্ছে অন্যদিকে তেমনি উদ্বিগ্ন হচ্ছে। পুলিশ প্রশাসন কোন ক্ষেত্রে খুনীদের ধরতে পারছে না। আমি এখনও সে কথা ভুলে যাইনি যে আমাদের পার্টির মিউনিসিপ্যালিটির কমিশনার স্বপন চ্যাটার্জীকে হত্যা করা হয়েছিল, কিন্তু এক বছর, দেড় বছর হয়ে গেল এখন সেই খুনের কোন কিনারা হল না। এই হচ্ছে পুলিশ প্রশাসন। সেজন্য বলছি কলকাতার নানা রকম ঘটনা সামনে আসছে, তাতে পুলিশের অপদার্থতা প্রমাণ করছে, পুলিশ কাজ করছে না। বিশেষ কোন কোন অফিসারের নামে দোষারোপ হচ্ছে। এই সমস্ত ব্যাপারে পুলিশ নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা গ্রহণ করছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব -কলকাতা শহরের মত—মফঃস্বল শহরেও হাজার হাজার হেমেন মণ্ডল তৈরী হয়েছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারকে তৎপর হতে হবে। এটা ভাল কথা নয়। এ জন্য যেমন নাগরিক কমিটির উদ্যোগ প্রয়োজন তেমনি সরকার ও নিষ্ক্রিয় থাকতে পারবে না। আমি আশা করব এইসব ঘটনার জন্য মুখ্যমন্ত্রী মহাশয় তৎপর হয়ে এইসব জিনিষগুলি দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনবনী বাউড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত অক্টোবর মাসের ৫ তারিখে এবং নভেম্বর মাসের ৫ তারিখে বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটী থানাতে ঘুষকা গ্রামের ক্যাবল গড়াই এবং বড়লছীপুর গ্রামের আমাদের পার্টি কমরেড শ্রীমটর গড়াই এবং শ্রী মোহন গড়াই এই দুইজনকে কংগ্রেস আশ্রয়পুষ্ট গুণ্ডাবাহিনী খুন করে। আমরা এই ব্যাপারে জেলা শাষকের নিকট এবং জেলা পুলিশের নিকট সমস্ত ঘটনা জানিয়েছি। পুলিশ এখন পর্য্যন্ত তাদের গ্রেপ্তার করছেন না, তারা প্রকাশ্য দিবালোকে ঘোরাফেরা করছে, পুলিশ নিষ্ক্রিয় হয়ে রয়েছে। তা ছাড়া ঐ এলাকায় চুরি, ডাকাতিও বেড়ে যাচ্ছে। তারা কংগ্রেস এবং পুলিশের আশ্রয় পুষ্ট হয়ে এইসব জিনিষ করছে। এর প্রতিকারের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী তথা সমগ্র ক্যাবিনেটের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকা অত্যন্ত বিচ্ছিন্ন এলাকা। আমার ঠাকুরদাদার আমলে ঐ এলাকায় একটি রাস্তা মনজুর হয়েছিল। রাস্তাটির নাম 'কানুপুর—বহুতালী রোড'। প্রতি বছরই দেখছি যে এর জন্য ১০ হাজার টাকা বাজেটে মঞ্জুর করা হয় এবং চার আঙ্গুল রাস্তা তৈরী হয়। যখন বর্ষা নামে, ঠিক তখন এর কাজ আরম্ভ হয়। জানিনা এর গ্যারাকল কোন জায়গায় আছে। আমার এলাকা ইনাণ্ডেটেড এলাকা। ওঁদের শ্রীমতীর আশীর্বাদে আমার এলাকার একটা ব্যাপক অঞ্চল জলমগ্ন হয়ে আছে। এখানে বৈষ্ণবডাঙ্গা, বহুতালী, কাঁদুয়া, শ্রীধর, নাদাই, গোপালনগর, লালুপুর, গোকুলনগর, কুশুমগাছি, নয়াগ্রাম, গাইঘাটা, পাঁচগাছি, ডাহিন ডাঙ্গাপাড়া, হাড়োয়া, জঙ্গীপুর ইত্যাদি এলাকার সঙ্গে ঐ রাস্তাটি যোগাযোগ রক্ষা করে। রাস্তার এমন অবস্থা যে গর্ভবতী মায়েদের হাসপাতালে নিয়ে যেতে হোলে গরুর গাড়ীতে করে নিয়ে যেতে হয় কারণ রিক্সা চলাচল করারও কোন উপায় নেই। পশ্চিমবাংলার এই মন্ত্রীসভার ৭ বছর চলে গেছে কিন্তু প্রতি বছর চার আঙ্গুল করে রাস্তা বৃদ্ধি হয়েছে। কাজেই আপনার মাধ্যমে মাননীয় পি. ডব্লু. ডি মিনিস্টার তথা সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে আগামী আর্থিক বছরে আমার এলাকার "কানুপুর—বহুতালী" রাস্তাটি তৈরী হয় সেদিকে দৃষ্টি দেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টিও এদিকে বিশেষভাবে আকর্ষণ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি বিষয়ে বক্তব্য রাখতে চাই। আপনি জানেন যে সারা ভারতের মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের নাম সবচেয়ে সুপ্রতিষ্ঠিত, সবচেয়ে বড় ইউনিভার্সিটি বলে পরিচিত। আজকে সেখানে উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে সারা পশ্চিমবাংলায় অশান্তির আগুন জলছে। উপাচার্য যাতে সেখানে কাজ করতে না পারেন তার জন্য একদিকে চেষ্টা হচ্ছে। অন্যদিকে যেহেতু রাজ্যপাল মহোদয় যেহেতু উপাচার্য নিয়োগ করেছেন, সেহেতু তাঁকে আজ কালো পতাকা দেখানো হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে এই কালো পতাকা দেখানোর ব্যাপারে স্বয়ং পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ইন্ধন যোগাচ্ছেন। অত্যন্ত লজ্জার কথা - সারা ভারতবর্ষে এর নজির নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়।

[2-30—2-40 P.M.]

আমি স্মরণ করিয়ে দিতে চাই– এরকমই যদি চলতে থাকে তাহলে দেখবেন যে মুখ্যমন্ত্রী বা সি. পি. এম মন্ত্রী কোথাও গেলে এরপর পশ্চিমবাংলার মানুষ ওঁদেরও অপমান করবে। এইভাবে যদি আগুন নিয়ে খেলা করা হয় তাহলে কোথায় যে এর শেষ পরিণতি জানি না। কিছুদিন আগে যখন সুব্রত মুখার্জী এবং সোমেন মিত্রকে গ্রেপ্তার করা হয়েছিল তখন পশ্চিমবাংলার মানুষ স্বতঃস্ফূর্তভাবে এর বিরুদ্ধে আন্দোলন করে দেখিয়ে দিয়েছে। পশ্চিমবাংলার ইউনিভার্সিটি এবং মাননীয় রাজ্যপালের মান আর নিচু করবেন না। মুখ্যমন্ত্রীকে বলুন এইভাবে সি. পি. এম দলকে

নিয়োজিত করে পশ্চিমবাংলার মাথা আর নীচু করাবেন না। মুখ্যমন্ত্রীকে আরও বলুন, তাঁর কালো হাত যেন এখান থেকে তিনি তুলে নেন।

শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার খানাকুল থানার অন্তর্গত মাঝপুর গ্রামের মনোরঞ্জন ঘোষ, শিবু ঘোষ, বিষ্ণুপদ রায়, বিশ্বনাথ রায়, সীতাই বক্সী, বিভূতি রায় এবং কার্তিক বাউরী ঐ এলাকার ভাগচাষী মনষা সামন্ত, রাধা সামন্ত, শীতল সামন্ত, গোবিন্দ সামন্ত পিতা বানেশ্বর, যাঁরা দীর্ঘদিন ধরে চাষবাস করে আসছিল, তাঁদের চাষবাসের জমি থেকে উচ্ছেদ করবার জন্য গত ২০-২-১৯৮৪ তারিখ রাত ১১।৪৫ মিনিটে ঘরে আগুন লাগিয়ে দেয়।

যার ফলে প্রায় ১৭টি ঘর, ৫টি গরু এবং সমস্ত জিনিষপত্র একেবারে নষ্ট হয়ে যায়। এই ব্যাপারে থানায় ডাইরী করা হয়েছে এবং সেখানে পুলিশ গিয়েছে। আমি নিজে গিয়েও সেখানে তদন্ত করেছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই ঘটনার আসামী ঐ এলাকায় নেই, তারা বাইরে ঘুরে বেড়াচ্ছে। অপরাধীদের যাতে উপযুক্ত শাস্তি দেওয়া হয় তার জন্য স্বরাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীলক্ষন চন্দ্র শেঠ ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের জাহাজ পরিবহন এবং আমাদের পশ্চিমবাংলার শিল্প বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের জাহাজ পরিবহন মন্ত্রী মহাশয় একটা ডেজার মেরামত করার কারখানা তৈরী করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতিমধ্যে টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। ইতিমধ্যে নেদারল্যাণ্ড টেক্‌নিক্যাল প্রোগ্রাম প্রথম পর্যায়ের রিপোর্ট তারা দিয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের রিপোর্ট তৈরী হয়েছে। হলদিয়া এবং কলিকাতার মধ্যে ডেজার মেরামতের কারখানা করা হোক কারণ হুগলী নদীতে সবচেয়ে বেশী পরিমানে পলি পড়ছে। এটা না করলে কলিকাতা বন্দর বা হলদিয়া বন্দর বাঁচবে না। এই কারখানা তৈরী করার ব্যাপারে হলদিয়া হলো উপযুক্ত জায়গা। আমাদের শিল্পমন্ত্রী মহাশয় যাতে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

ডাঃ মানস ভুঁইঞা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন সদস্যের বক্তব্যের মাধ্যমে আপনি নিজে অবগত আছেন যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোকাবেলা করতে এই সরকার একেবারে ব্যর্থ হয়েছে। স্যার, আপনি নিজেই জানেন যে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং তাঁর দপ্তরের বিভিন্ন মন্ত্রীগণ মাঝে মাঝে এমন সব কথা বলছেন—আজ যা বলছেন কাল তা ভুলে যাচ্ছেন আর কাল যা বলছেন পরশু তা ভুলে যাচ্ছেন—যার কোন মানে হয় না। বিভিন্ন রকম

সেল্‌ফ কণ্ডিক্টরী মন্তব্য এবং তথ্য তুলে ধরছেন। ৮০ ভাগ খুন খারাপির মিমাংসা তাঁরা করতে পারছেন না। তাঁরা বলছেন বিপ্লবের মাধ্যমে আমরা এলে ৮০ ভাগ পুলিশ সরিয়ে দিতাম। আমি বিপ্লবী মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই আর কত দিন অপেক্ষা করে থাকবে এই পশ্চিমবাংলার মানুষ সেই বিপ্লবের জন্য ? যে বিপ্লব চুরি, খুন, ডাকাতি এই ধরনের কাজ সব বন্ধ করবে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাজে আবেদন করছি যে, যেভাবে প্রশাসন পংগু এবং বধির হয়ে পড়ছে সেই দিকে লক্ষ্য রাখুন। আপনারা নাগরিক কমিটি করেছেন, প্রশাসন সংস্কার কমিটি করছেন।

মিঃ স্পীকার : মানসবাবু আপনি বসুন, শ্রীদাউদ খান বাবু বলুন।

শ্রীদাউদ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি আজকে যখন বাড়ি থেকে আসছি ঠিক সেই মুহূর্তে সাড়ে ৯টার সময় বিধানসভার সদস্য শ্রীচিত্তরঞ্জন মৃধার কাছ থেকে একটা ট্রাংকল পেলাম। তাতে তিনি বলেছেন এই জিনিষটা মেনসান করতে। তাই আমি এই ঘটনার কথা উল্লেখ করছি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রাত্রে ইন্দিরা কংগ্রেসে পরিচয়ভুক্ত কিছু সমাজ বিরোধী রাত ১২টার সময় চিত্তরঞ্জন মৃধার বাড়িতে আগুন লাগাতে আসে। তারা তাঁর বাড়ি চিনতে না পেরে সেই গ্রামের তাঁর সহোদর ভাই ফটিক মৃধা বাস করে, তার বাড়িতে তারা আগুন লাগায়। স্বপরিবারে কোন ক্রমে তারা বেরিয়ে এসে প্রানে বেঁচে যায়। আগুন লাগানো দেখে গ্রামের লোকেরা যখন বেরিয়ে আসে তখন তারা পালিয়ে যায়। এই ঘটনা থানায় জানানো সত্ত্বেও সাড়ে ৯টা পর্যন্ত বাসন্তী থানার সোনাখালি গ্রামে কোন পুলিশ যায় নি। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ঘটনার উল্লেখ করছি।

[2-40—3-30 P. M. including adjournment]

শ্রীসুভাষ বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে গত ২৫শে ফেব্রুয়ারী আনুমানিক ৯-৩০ মিনিটের সময়ে ছাত্র ফেডারেশনের ছাত্ররা প্রতিবাদ জানানোর জন্য মোহনপুর ক্যাম্পাসে যায়। সেখানে ৯-৩০ মিনিটের সময় গিয়ে দেখে কিছু বহিরাগত গুণ্ডা প্রকৃতির লোক এবং কিছু ছাত্র পরিষদের ছাত্র দাঁড়িয়ে আছে। ছাত্র ফেডারেশনের ছাত্ররা যাওয়ার সাথে সাথে তাদের উপর আক্রমণ শুরু করে এবং পুলিশের একটা অংশ সেই আক্রমণে যোগদান করে। বেশ কিছু ছাত্রকে গুরুতর রূপে তারা আহত করে। এখন আমার বক্তব্য হচ্ছে, তখন পর্যন্ত মাননীয় রাজ্যপাল ওখানে উপস্থিত হন নি, ঠিক সেই সময়ে রাজ্যপাল সেখানে

পৌছবার পূর্বেই-তাদের উপর পুলিশ এবং ছাত্র পরিষদের একাংশ গুণ্ডা বাহিনীর সহায়তায় বেধড়ক আক্রমণ করে ১১ জন ছাত্রকে আহত করে হাসপাতালে পাঠিয়েছে। অতএব এ সম্পর্কে ওখানে দোষী ছাত্র পরিষদের যে সব ছাত্র, গুণ্ডা এবং পুলিশ বাহিনীর একাংশ ছিল, যারা ছাত্রদের উপর আক্রমণ করে, তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীলক্ষ্মীকান্ত দে : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা গত ২৬শে জানুয়ারীর গৌরীবাড়ী অঞ্চলের শান্তিপ্রিয় মানুষের সমাজ বিরোধী ব্যক্তিদের বিরুদ্ধে বহুল আলোচিত প্রতিবাদের বিষয় জানেন। এই সমস্ত সমাজ বিরোধী তথা কংগ্রেসের হেমেন মণ্ডলের বিরুদ্ধে তাদের গণরোষ ফেটে পড়ে। অথচ দুঃখের সঙ্গে আমরা দেখেছি, পুলিশ কিছু লোককে এ্যারেষ্ট করলেও বাকী বেশ কিছু সমাজবিরোধী এখনও গ্রেপ্তার হয়নি তারা কংগ্রেসের করলেও বাকী আশ্রয়ে আছে বিশেষ করে আমহার্ষ্ট ষ্ট্রীটে, বড় বাজারে এবং কাশীপুরের কিছু কংগ্রেসী নেতারা তাদের বাড়ীতে আশ্রয় দিচ্ছে। সেই সাথে সাথে ঐ সমস্ত কংগ্রেসী নেতারা মিছিল করে সরকারের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করে চলেছে এবং সমাজ বিরোধীদের বিরুদ্ধে কোন প্রকার ব্যবস্থা না নেবার জন্য চেষ্টা চালাচ্ছে। এই সমস্ত সমাজ বিরোধীরা কংগ্রেসী নেতাদের আশ্রয়ে থেকে গৌরীবাড়ী অঞ্চলে এখনও পর্যন্ত নানাবিধ সমাজ বিরোধী কার্যকলাপ চালাচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি, এদের মধ্যে এখনও যারা গ্রেপ্তার হয়নি বা ব্যবস্থা গ্রহণ করা হয়নি, তাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

LAYING OF ORDINANCES

The West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1983

Shri Amritendu Mukherjee Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Cattle Licensing (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XV of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

The Gangasagar, Mela (Amendment) Ordinance, 1983

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I beg to lay the Gangasagar Mela (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XVI of 1983), under article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1983

Shri Patit Paban Pathak : Sir, will your permission, I beg to lay the Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance, No. I of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Ordinance, 1984

Shri Patit Paban Pathak : Sir, with your permission, I beg to lay the West Bengal Council of Higher Secondary Education (Amendment) Ordinance 1984 (West Bengal Ordinance No. II of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

The Lumbini Park Mental Hospital Acquisition Ordinance, 1984

Shri Ram Narayan Goswami : Mr. Speaker, Sir, I beg to lay the Lumbini Park Mental Hospital Acquisition Ordinance, 1984 (West Bengal Ordinance No. III of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984

Shri Jyoti Basu Mr. Speaker, I beg to lay the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance 1984 (West Bengal Ordinance No. IV of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1984

Shri Patit Paban Pathak : Sir, with your permission to lay the West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 1984

(West Bengal Ordinance No. V of 1984), under article 213(2)(a) of the Constitution of India.

Mr. Speaker : Now it is Zero Hour. I call upon Shri Deba Prasad Sarkar.

শ্রীদেবপ্রসাদ সরকার : স্যার, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্ত থেকে প্রাথমিক বিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী প্রাথমিক স্তরে ইংরাজী শিক্ষার দাবীতে এবং পাশ ফেল তুলে দেবার প্রতিবাদে তারা এসপ্লানেড ইষ্টে অবস্থান করছে। অত্যন্ত করুণ আবেদন নিয়ে তারা এই অবস্থানে সামিল হয়েছে। তারা বলতে চায় আমাদের বাঁচতে দাও, মানুষের মতন শিক্ষা দাও। জ্যোতিবাবুর নাতনী লা-মার্টিনেয়ার স্কুলে পড়ার সুযোগ পাবে এবং বিত্তবান লোকের ছেলেরা পড়ার সুযোগ পাবে আর আমরা সেই সুযোগ পাব না—এ জিনিষ হতে পারে না। আমি তাই মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হাজার হাজার লক্ষ লক্ষ কিশোর কিশোরীর জীবন নষ্ট করে দেবেন না। শিক্ষা সংকোচনবিরোধী স্বাধিকার রক্ষা কমিটির আহ্বানে কিশোর কিশোরীরা অবস্থান করছে সেখানে আপনি যান এবং তাদের যে শিক্ষা নষ্ট হয়ে যাচ্ছে সেটা রক্ষা করার ব্যবস্থা করুণ এবং জনবিরোধী শিক্ষা নীতির পরিবর্তন করুণ।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

(After adjournment)

[3 30—3-40 P.M.]

শ্রীননী কর : মিঃ স্পীকার, স্যার আমি একটা কথা আপনাকে বলতে চাই। বিষয়টা হচ্ছে ২৪ তারিখে যখন আমাদের বিধান সভার অধিবেশন শুরু হয় এবং মাননীয় রাজ্যপাল যখন তাঁর ভাষণ দিচ্ছিলেন তখন এখানে বিরোধী পক্ষের নেতা মাননীয় সদস্য সাত্তার সাহেব দাঁড়িয়ে কি যেন একটা বলছিলেন। ঠিক একইভাবে আপনি যখন শোক প্রস্তাব রাখছিলেন তখন বিরোধী পক্ষের মাননীয় সদস্য সুব্রত বাবু এখানে দাঁড়িয়ে কি যেন বকছিলেন। আমার বক্তব্য হচ্ছে বিধান সভার একটা নিয়ম কানুন আছে, আপনি যখন দাঁড়ান তখন সদস্যদের বসার কথা এবং গভর্ণর যখন বলবেন তখন সদস্যদের বসার কথা। কিন্তু না বসে যদি বিরোধী পক্ষের সদস্যরা এইভাবে বিধান সভার স্পীকারকে অবমাননা করেন, মাননীয় রাজ্যপালকে অবমাননা করেন, এইসব কাজ করে থাকেন—

মিঃ স্পীকার : আমি সব মেম্বারকে অনুরোধ করব ডেকোরাম অব দি হাউস মেনটেন করতে, রুলস মেনটেন করতে এ্যাপিল করব।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর বিরোধী নই। কিন্তু আপনি জানেন রাজ্যপালের সম্মানের জন্য যাঁরা অত্যন্ত উদগ্রীব তাঁরা পথে ঘাটে কালো পতাকা দিয়ে তাঁকে কি খুব সম্মানিত করেন ? এ্যাজ পার রুলস রাজ্যপাল যখন এখানে বক্তৃতা করেন ভাষণ দেন আর্টিকেল ১৭৬ অনুসারে তখন হি ইজ ইন কমাণ্ড অব দি হাউস, তিনি আপনার এক্তিয়ারের বাইরে, ননী বাবুরও এক্তিয়ারের বাইরে, এটা জ্যোতি বাবুও জানেন।

মিঃ স্পীকার ঃ ডাঃ জয়নাল আবেদিন, আপনি পুরাতন মেম্বার, আপনি জানেন এবং আমিও জানি যে, রাজ্যপাল যখন ভাষণ দেন তখন গভর্ণর ইজ ইন কমাণ্ড অব দি হাউস। কিন্তু আমরা সভার মেম্বাররা সবাই ইলেকটেড হয়ে এসেছি, উই স্যুড নট ডু এনিথিঙ ইন হুইচ দি রেসপেক্ট এণ্ড ডিগনিটি অব দি হাউস ইজ লোয়ার্ড। এখন সুব্রত বাবু বলুন, আপনার ১৭৬টা শুনি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনাকে জানিয়ে রেখে দিয়েছিলাম যে আজকে রাজ্যপালের ভাষণের উপর যে বক্তৃতা শুরু হবে সেই বক্তৃতা অবৈধ এবং সংবিধান সম্মত নয়। আমি আমার বক্তব্যের প্রথমে দু'একটা কথা বলে নিতে চাই। আমি এখনও মনে করি যে যদি সত্যিকারে সংবিধান মেনে এটাকে না দেখা হয় তাহলে পরে অনেক বড় বিপদ আপনাদের আসতে পারে আইন সঙ্গত বিপদ। যখন আমি আগের অধিবেশনে টেলিভিশানের উপর আইন সম্মতভাবে বাধা দিয়েছিলাম এবং বলেছিলাম যে টেলিভিশানের উপর কর বসাবেন না, সংবিধানের সিডিউল পারমিট করে না, আপনারা তা সত্ত্বেও জোর করে করেছিলেন। কিন্তু পরবর্তীকালে কোর্টে আসার জন্য আপনাদের সেটা স্বগিত হয়ে বসে আছে। আমি আজকে নজীর হিসাবে বলতে চাই বিষয়টা একটু ভাল করে দেখা দরকার। স্যার, দুটো বিশেষ সময়ে রাজ্যপাল হাউস সামন করেন এবং নিজে এসে বক্তৃতা করেন—একটা হল নির্বাচনের পরে প্রথম যে অধিবেশন হয় সেই অধিবেশনে এবং পরবর্তীকালে যখন সরকার বাজেট অধিবেশন শুরু করেন তখন যৌথ সভায় অথবা যৌথ সভা না থাকলে সিংগল সভা আগে সাংবিধানিকভাবে সামন করে সেখানে এসে একটা বক্তৃতা করেন।

স্যার, এই সামন-এর ল্যাংগোয়েজ আপনার জানা দরকার এই ব্যাপারে দেওয়া হয়েছে আর্টিকেল ১৭৪, ক্লজ ওয়ান। গভর্ণর বলছেন, আমি হাউসে যাব এবং কেন সামন করছি সেটা গিয়ে ব্যাখ্যা করব এবং সেটা হচ্ছে ক্লজ ১৭৬ (ওয়ান)। একটা আর্টিকেলের যদি একাধিক ক্লজ থাকে এবং সেটা যদি স্পেসিফিক কারণে ব্যবহার করা হয় তাহলে সেখানে স্পেসিফিক্যালি বলতে হবে। কিন্তু এর মানে কি ? ১৭৪-এ দেখুন দুটি ক্লজ আছে এবং সেই ১৭৪কে জাষ্টিফাই করবার জন্য ১৭৪ (ওয়ান) বলে লেখা রয়েছে। গভর্ণর এসে বলবেন কেন তিনি সামন করেছেন। আপনি নিশ্চয়ই বলবেন দি গভর্ণর্স এ্যাড্রেস আণ্ডার আর্টিকেল ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) অব দি কনষ্টিটিউশন অব ইণ্ডিয়া। কিন্তু আশ্চর্যের বিষয় এই বই, যেটা আসল জিনিস

সেখানে লিখেছেন ওনলি ওয়ান সেভেনটি সিক্স আপনি যদি মনে করেন ওয়ান সেভেনটি সিক্স মানে সমস্ত ক্লজ কভার করবে তাহলে আমি বলব সেটা ঠিক কথা নয়। আপনি ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) দেখুন সেখানে ক্যাটিগরিক্যালি বলছে—স্পেশ্যাল এ্যাড্রেস বাই দি গভর্ণর। অর্থাৎ এই ব্যাপারে ১৭৬ (ওয়ান)—টাই দরকার—ওয়ান সেভেনটি সিক্স (টু) কোন ব্যাপার নয়, সেটা অন্য জিনিস। গভর্ণর কেন হাউস ডাকছেন সেটা হচ্ছে ১৭৬ (ওয়ান) স্যার, আপনি যদি এ আই আর দেখেন তাহলে দেখবেন ১৯৭১ সালে আমাদের প্রাক্তন স্পীকার মিঃ হবিবুল্লা সাহেব একটা কেস করেছিলেন এবং কেস-এর জাজমেণ্টে বলা হয়েছে, **'If a Legislature meets and transacts Legislative business without the preli minary of an address of the Governor its proceedings are illegal and invalid and may be questioned in a court of law.'**

আমাদের সংবিধান খুব গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এই ব্যাপারে কোন ঘটনা ঘটলে সেটা কোর্টে যাবে, আপনার একতিয়ারে থাকবে না। কাজেই আপনি এখন বিচার করুন ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান) এই কথাটা নুতনভাবে লেখা উচিত কিনা? গভর্ণর ক্যাটিগরিক্যালি বলতে হবে কেন তিনি হাউসে ডাকছেন এবং সেটা কভার করবে ওয়ান সেভেনটি সিকস (ওয়ান)। ওয়ান সেভেনটি সিকসের যদি দরকার না থাকত তাহলে সেটা লেখা থাকত না। আপনি গভর্ণরের ভাষণের প্রথম প্যারাতে দেখুন তিনি বলছেন, "চলতি বছরে আমার সরকারের কার্যকলাপ ও সাফল্যের একটি সংক্ষিপ্ত সমীক্ষা আপনাদের কাছে উপস্থিত করা এবং আগামী বছরের জন্য প্রধান যেসব কর্ম প্রকল্প ও প্রকল্পের কথা বিবেচনা করে দেখা হচ্ছে সেগুলি সংক্ষেপে বিবৃত করাই আমার

[3-40—3-50 P.M.]

অভিপ্রায়। এই অধিবেশনে আপনাদের কাছে ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রাক্কলন পেশ করা হবে"। স্যার, এই জিনিসটা কভার করে ওনলি ওয়ান সেভেনটি সিক্স (ওয়ান)। কিন্তু আপনারা ক্যাটিগরিক্যালি সেটা মেনসন করেননি। কাজেই এটা আইন সম্মত হয়নি, এই কথা আমি বলছি। আপনি অবশ্য রুলিং দেবেন। তবে আপনি যে নিরপেক্ষতা অবলম্বন করেছেন তা মনে হয় না। আমরা অবাক হয়ে যাই, এই বিধানসভা আরম্ভ হবার আগে আপনি নিজে বলছেন যে Zero hour has turned into scandaling hour.

মিঃ স্পীকার ঃ Mr. Mukherjee, please confine yourself to Article 176.

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমার ১৭৬ ক্লিয়ার হয়ে গেছে। আপনি পাবলিককে ইউমিলেট করেছেন। শুধু কংগ্রেস এম. এল. এ নয়, সমস্ত হাউসকে ইউমিলেট করেছেন। আপনি বলেছেন স্কাণ্ডেলিং—অর্থাৎ What does it mean ?

আজকে বিধানসভার সময় অত্যন্ত কমে গিয়েছে। আপনি পাবলিককে ডাইরেক্টলি ইন্ভাইট করেছেন। এখানে যারা এসেছেন তারা সকলেই পাবলিক রিপ্রেজেন্টেটিভ। জনগণ তাদের পাঠিয়েছেন—কারও দয়ায় আমরা এখানে আসিনি। তাদের যোগ্যতা চ্যালেঞ্জ করবার কোন অধিকার আইনসম্মতভাবে এবং নৈতিকভাবে আপনার থাকতে পারে না। আপনার মন্ত্রী যদি চুরি করে এবং তাদেব সম্বন্ধে প্রাইমাফেসিকেস এখানে যদি মেনসন করে, তারজন্য আপনার কাছে পেপার দিতে হবে, তা নাহলে এখানে বলা চলবে না? এই সব অদ্ভুত ব্যাপার।

(গোলমাল)

গোবর পোড়ে ঘুঁটে হাসে। আপনারা ওখানে চিরকাল থাকবেন না। কেউ একেবারে চিরকালের জন্য মন্ত্রী হয়ে জন্মায় নি। আপনারা কি করেছেন রাজ্যসভায় লোকসভায়? আপনাদের জ্যোতির্ময় বসু মারুতির ব্যাপার সেখানে তোলেন নি? এখানে আমাদের পেপার দেখাতে হবে?

Mr. Speaker : Mr. Mukherjee, please confine yourself to Article 176. You have sought time to say something with regard to Article 176. If you bring in other points here I shall be constrained to order not to record those points.

Shri Subrata Mukherjee : Article 176 is a part of my lecture, Criticising you is also a part of my lecture.

Mr. Speaker : Dr. Abedin, I want your assistance regarding the question raised by Shri Subrata Mukherjee about the address of the Governor circulated in the form of a booklet under Article 176. If it is as such then the whole proceedings of the House will be illegal.

Dr. Zainal Abedin : Hon'ble Chief Minister, Leader of the House, is here. We are very much eager to hear the Chief Minister, Leader of the House, first. He is more experienced than me. I leave it to the Hon'ble Leader of the House.

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জী যে পয়েন্ট এখানে উত্থাপন করেছেন, সেটা কোন সাবস্ট্যান্সের উপর ভিত্তি করে করা হয়েছে বলে আমার মনে হচ্ছে না। আর্টিকল ১৭৬ এর আসল বিষয়বস্তু দেখতে হবে যে সেখানে যা রিকয়্যারমেন্ট আছে,

সেই রিকয়্যারমেণ্ট ফুলফিল হচ্ছে কি হয় নি। ১৭৬ এর ক্লজ (১) এবং ক্লজ (২) আছে এটা ঠিকই। কিন্তু এ্যাজ এ হোল ১৭৬কে ধরা ছাড়া আইনে এখানে আর কোনও বিধি নেই। আর ১৭৬ (২) তে কি আছে? বলা হয়েছে যে উনি বক্তৃতা দেবেন, উনি বলবেন, কি জন্য বক্তৃতা দেবেন এবং তার জন্য সময়ের ব্যবস্থা রুলসের মধ্যে রাখতে হবে, ছাট ইজ ১৭৬। এটা সকলেই জানেন, যদি এটা উল্লেখ না থাকতো অর্ডার পেপারে নেই ১৭৬(১), বক্তৃতার উপরও ১৭৬ নেই, তাহলে এটা বেআইনী হয়ে যাবে? আইনে বলেছে, রিকয়্যারমেণ্ট ফুলফিল হচ্ছে ধরে নেওয়া হবে সেই ক্ষেত্রে। যদি সেইভাবে উল্লেখ না থাকতো, তাহলে কি বেআইনী হয়ে যেত? ওটা আইন সংগতই হয়েছে। সুতরাং ১৭৬ এ যে রিকয়্যারমেণ্ট, এই রিকয়্যারমেণ্ট ফুলফিল হয়েছে, অতএব আইনের চোখে এটা আদৌ ধোপে টিকবে না, যদি বলা হয় সম্পূর্ণ বেআইনী হয়েছে এবং আনকন্সটিটিউশন্যাল হয়েছে। রিকয়্যারমেণ্ট ফুলফিল হয়েছে বলে আমার মনে হয়।

শ্রীজ্যোতি বসু ঃ অধ্যক্ষ মহাশয়, সেই প্রথম দিন থেকে তো একই কথা শুনছি। এই হাউসে যতবার রাজ্যপাল বক্তৃতা দিয়েছেন, তাতে লেখা আছে, ১৭৬তে তিনি বক্তৃতা দিচ্ছেন। কোনওদিন কোন অপরাধ হয়নি। কারণ ১৭৬ এ যে দুটো সেকশন আছে, তাতে উনি বলছেণ যে ওয়ান এ্যাণ্ড টু যেহেতু আছে, ওয়ান মেনশন না করলেই মহাভারত অসুদ্ধ হয়ে গেল? আইনের বিষয় যদি একটু জানতেন তাহলে এটা বলতেন না। এমন কি অনেক সময় এটা হয়—যদি ১৭৫ হতো, তাহলে অসুদ্ধ হতো, যদি ১৭৩ হতো তাহলে অসুদ্ধ হতো। কিন্তু এই যে সাব সেকশন এর কথা বলা হচ্ছে—এখানে এটা জানা দরকার যে অনেক সময় এই রকমও হয়েছে যে সুপ্রীম কোর্টে কেস হয়, হাইকোর্টে কেস হয়, একটা হয়তো ঐ রকম টেকনিক্যাল কিছু—এটা আমি টেকনিক্যাল এরার বলছি না, কিন্তু টেকনিক্যাল এরার হলে, এটা ধরে নেওয়া হয় যে, না, ঐটাই এটা মিন করেছে, এই রকম অনেক জাজমেণ্ট আছে, অনেক কেস লোয়ার কোর্টে আছে। তাছাড়া যদি একটু উল্টে পাল্টে দেখেন—বছরের পর বছর ভুল হচ্ছে না কি? প্রতিবারই তো বলা হয়েছে ১৭৬। গতবার কি হয়েছিল? অন্যান্য গভর্ণর যখন বক্তৃতা দিয়েছিলেন তখন কি হয়েছিল? একটু বইগুলো উল্টে পাল্টে খুলে দেখুন, না? খাটতে হবে তার জন্য, না খাটলে তো এই সব বোঝা যায় না। কে ব্রীফ করেছেন আপনাকে আমি জানি না, আপনার উকিল, পরামর্শদাতা কে আছেন আমি জানি না। কিন্তু আপনি যা বক্তব্য বলছেন, এতে কোন সাবস্ট্যান্স নেই। এত বড় করে বলার কিছু নেই। তার থেকে বক্তৃতা দিন, আপনার কথা শুনি, তার জবাবও তারপর দেব।

মিঃ স্পীকার ঃ Dr. Zainal Abedin, Can you contribute something to help us.

ডাঃ জয়নাল আবেদিন ঃ Sir, I leave it to the wisdom of the Chair to decide this issue.

মিঃ স্পীকার : মিঃ মুখার্জি আমার একটা প্রশ্ন আছে, আপনার কনটেনশন যেটুকু আমি বুঝেছি যে গভর্ণরের স্পীচ আর্টিকল ১৭৬তে সার্কুলেট করা হয়েছে। আপনি বলেছেন এটা অবৈধ হয়েছে। এটা অবৈধ হলে

All Proceedings will be illegable.

এই তো আপনার বক্তব্য ? ১৯৭১ সালে যা বক্তৃতা হয়েছিল, আমি দেখছি, তা আণ্ডার আর্টিকল ১৭৬তে হয়েছিল। ১৯৭২ সালেও হয়েছে ১৭৬ এ. এ. এল. ডায়াস বক্তৃতা রেখেছিলেন, তখন আপনি মন্ত্রী ছিলেন। ১৯৭৩ সালে দেখছি এ. এল. ডায়াস আর্টিকল ১৭৬এ বক্তৃতা দিয়েছিলেন, আপনি তখনও মন্ত্রী। ১৯৭৪ সালেও হয়েছে, ১৯৭৫, ১৯৭৬ সালেও তাই, আর্টিকল ১৭৬। আমরা কি তাহলে ধরে নেব পাঁচ বছর যে এ্যাসেম্বলি চলেছিল, তা অবৈধ ? ওটা আইনতঃ চলে না ?

হাল্কা কথা বললে তো হবে না, এটা ছেলে খেলা নয়।

He was a Cabinet Minister. Now he has raised the question. So we should go into the past records to see what was happening then.

We will have to go to the past. How the Minister functioned there ? How ihe Assembly functioned there ?...It is a responsible matter. A lot of money and time are being spent here. It is not a question of a challenge. The question is that the Governor is delivering an Address. The government circulated this booklet through the Assembly. What is an excess between the Governor's Address and the booklet ? Supposing something was printed in this booklet and the Governor has not read it—what would be the Governor's Address. What he read or what was circulated ? Tell me the answer.

Dr. Zainal Abedin : There are instances and precedents where the Governor has skipped over certain paras. It was challenged in the Court of Law, Possibly, on page 163, in Kaul and Shakdher, Vol-1, you will find that the Governor has the right to skip over certain Paragraphs.

Mr. Speaker : আপনি শেষ করুন,

Dr. Zainal Abedin : Let me read it. It is in Kaul and Shakdher, Vol-1, at page 163. I read it from that book. The Governor has every rigat, it is there. It has been eccepted ; the Court's verdict is there. According to the Attorney General, the Address by the Governor cannot be utilised by the Council of Ministers to cast any reflection on or make any adverse criticism of any act of the Governor done by him as a constitutional head of the State.

(Noise)

Sir, it happened here. The Governor of West Bengal, in his Address to both Houses of the State Legislature in 1969, skipped over two paragraphs of the Address. The constitutional and political aspects of the matter were debated in Lok Sabha. In his reply to the debate, the Minister of Home Affairs stated that the Address of the Head of State is a public declaration of policy that the Government wants to follow in the coming year. The Address is supposed to look to the future and to the present. But the two paras tried to interpret history. Sir, I invite your attention. It has happened there. You cannot question the wisdom of the Governor while he is in command of the House. You cannot question the wisdom of the Governor what he will do or what he will not do ? This is my submission.

[3-50—4-00 P.M.]

(গোলমাল)

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, আমি যেটা মেনসান করতে চেয়েছিলাম সেটা আবার বলছি। যদি ধারা এই রকম ভাবে মেনসান করার দরকার না হত তাহলে কি বলতাম ভারতের সংবিধান অনুসারে বিধানসভার অধিবেশনে রাজ্যপাল বক্তৃতা করছেন। তাহলে কি ধরে নিতে হত সংবিধান সম্মতভাবে হয়েছে ? তার মানে কি ? ধারা উল্লেখ করতে হয়। বিজনেস ছাপিয়ে আপনার সেক্রেটারি আমাদের কাছে যেটা ডিষ্ট্রিবিউট করেছেন তাতে ক্যাটিগোরিক্যালি বলা হচ্ছে আণ্ডার ১৭৬(১) অব দি কনসটিটিউসন অব ইণ্ডিয়া—আপনার বিজনেসের যে নির্দেশ তার সঙ্গে এই বই-এর সমতা কি রক্ষিত হচ্ছে ? আপনার বিজনেস ছাপিয়ে ক্যাটিগোরিক্যালি বলছেন ১৭৬ ওনলি—কোন প্রিসিডেন্ট নজীর চিরকাল চলতে পারে না। যদি প্রটেষ্ট নাও ওঠে তাহলে আপনি সেটাকে ভ্যালিড বলতে পারেন না।

Mr. Speaker : Mr. Mukherjee do you want to tell today that during five years that you had functioned as a Minister—all the proceedings were illegal ?

(গোলমাল)

শ্রীসুব্রত মুখার্জী : কেউ ইললিগ্যাল বলে কোর্টে গেলে সেটা বোঝা যেত।

(গোলমাল)

মিঃ স্পীকার : কে কোর্টে যাবে না যাবে সেটা তো ব্যাপার নয়। কিন্তু আপনি কি বলতে চান ৫ বছরের এই সমস্ত প্রসিডিংস বই ইললিগ্যাল ?

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন কে ওদের যুক্তি দিয়েছে জানি না। যুক্তি তো আপনারাই দিয়েছেন, এই কাগজ যুক্তি দিয়েছে এই কাগজ বলছে ১৭৬(১) অনুসারে গভর্ণর'স এড্রেস হবে। জ্যোতিবাবু আমার চেয়ে বড় ব্যারিষ্টার, আইনজীবী সন্দেহ নেই। কিন্তু আমি বার বার বলছি ক্যাটিগোরিক্যালি ৩৭৭-এর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা আছে এবং কমেন্সমেণ্ট অব দি সেসান যেটার ব্যাখ্যা দেওয়া আছে সেটা পড়তে অনুরোধ করছি।

Mr. Speaker : Honourable Member, Shri Subrata Mukherjee has raised this issue that the notice circulated by the Assembly Secretariat says that the Governor would Address the Assembly under Article 176(1) of the Constitution of India. The booklet circulated by the Government through Assembly described the Governor's Address as under Article 176 of the Constitution. Shri Mukherjee contends that as there is discrepancy between the description of Article in the booklet distributed in the Assembly and in the Notice, the proceedings of the Assembly would be illegal as there is no Address of the Governor under Article 176 1) of the Constitution. I fail to see any logic in the contention of Shri Mukherjee. Article 176 has two parts. Sub-article(1) says, 'At the commencement of the first session after each general election to the Legislative Assembly and at the commencement of the first session of each year, the Governor shall address the Legislative Assembly or, in the case of a State having a Legislative Council, both Houses assembled together and inform the

Legislature of the causes of its summons. Sub-article(2) says that 'Provision shall be made by the rules regulating the procedure of the House or either House for the allotment of time for discussion of the matters referred to in such address'. Between these two sub-articles there is no contradiction, there is no contrary duty imposed on the Governor under these two articles. Sub-article(2) relates to the provisions of making of rules and Sub-article(1) relates to the Address to be made by the Governor. If Article 176 had any other sub-articles contrary to sub-article(1) then the question could have had some validity. Even in that case the Governor has two Address the House for which there is Constitutional requirement in the provision. The Government, through the Assembly circulated the Address through the booklet. So I see no reason to take it for granted that the Governor had delivered his Address in contrary to the Constitution. Even if it is taken for granted that Article 176 has been given by mistake or by anything wrong, I would refer to a Supreme Court decision as reported in A.I.R. 1958 at page 236, in the case of Shri P. Balakotaiah Vs Union of India (Venkatarama Aiyar J.) where His Lordship described as follows :

"It is argued that when an authority passes an order which is within its competenance, it cannot fail merely because it purports to be made under a wrong provision if it can be shown to be within its powers under any other rule, and that the validity of an order should be judged on a consideration of its substance and not its form. No exception can be taken to this proposition."

So we find that the Supreme Court says that even if a wrong description is given to a requirement to be done under certain provision of law it would be deemed to have been made under that provision of the law and as such I overrule the contention of Shri Subrata Mukherjee as having no foundation, without any basis Now, we will go on with the debate on Governor's Address. The first speaker is Shri Subrata Mukherjee and time allotted to him is 35 minutes.

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে একটি বিতর্কের সূচনা হয়েছিল, আপনি তার উপর রুলিং দিয়েছেন, পরবর্তীকালে দেখা যাবে কোথায় যাওয়া যায় কিন্তু স্যার, তবুও বলব, আমাদের অন প্রটেষ্ট এই আলোচনায় অংশ গ্রহণ করা দরকার রেকর্ডে থাকার জন্য। স্যার, বাজেট অধিবেশনের প্রাক্কালে রাজ্যপালের যে ভাষণ সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ একটা সরকারের রুচি, পরিকল্পনা, বিভিন্ন প্রকল্প, মানসিকতা, সততা ইত্যাদির ইংগিত ও পরিচয় এই ভাষণের মধ্যে দিয়ে পাওয়া যায়। তবে স্যার, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক ব্যাপার যে এমন সময় মাননীয় রাজ্যপালকে দিয়ে একটা বক্তৃতা পাঠ করিয়ে নেওয়া হ'ল, যে সময় পশ্চিমবাংলার এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত শুধু আগুন আর আগুন।

[4-00—4-10 P.M.]

মানুষ মরছে তার বিচার হচ্ছে না। না আছে আইন, না আছে শৃঙ্খলা, না আছে আদালত, না আছে পুলিশ, না আছে প্রশাসন। কাজ হচ্ছে একটা স্ববীর, বধির, পংগু প্রশাসনের মধ্যে দিয়ে এবং আমরা তার মধ্যে দিয়ে জীবন যাত্রা করছি। একটি ব্যক্তি থেকে আরম্ভ করে সামগ্রিকভাবে পরিবার এবং একটা সমাজের কোন অংশ বলতে পারবে না, কি সম্পত্তিতে, কি জীবনযাত্রায় সে একটু নিরাপত্তা দাবী করতে পারে। এই অবস্থার মধ্যে দিয়ে আজকে বাজেট পড়িয়ে নেওয়া হচ্ছে যা সম্পূর্ণ অসত্য, যা বিকৃত এবং যা সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে ভরা। যার উপরে ভিত্তি করে এই ভাষণ পাঠ করা হল এতে বাংলাদেশের ৪॥ কোটি মানুষের একটি মানুষও বাংলাদেশের প্রকৃত অবস্থা ঠিক মত বিচার করতে পারবে না। এদের অবস্থাটা দেখুন। যে রাজ্যপালের ভাষণকে চীৎকার করে ধন্যবাদ দিচ্ছেন মাননীয় সদস্য, তাকে আমরা ধন্যবাদ সদস্য বলে থাকি, মন্ত্রীত্ব পাননি বলে ধন্যবাদ দেন সব সময়ে দেখেছি—সেই রাজ্যপালকে ওদের দলের সর্বভারতীয় নেতা নটোরিয়াস ইত্যাদি আখ্যা দেন। রাজ্যপালকে ওরা ধন্যবাদ দিচ্ছেন আর আনন্দে উৎফুল্ল হচ্ছেন যে রাজ্যপাল আইন শৃঙ্খলার পক্ষে বলেছেন, সরকারের আর্থিক বুনিয়াদ ভাল বলেছেন, এখানকার প্রশাসন পরিচ্ছন্ন বলেছেন। অতএব ওরা সকলে ধৈ ধৈ করে নাচছেন। স্যার, কিছু পাগল আছে যারা আকাশে তারা দেখলে আনন্দে উৎফুল্ল হয়ে নাচে কারনে হোক, আর অকারণে হোক। এরা সেই ধরণের পাগল যারা বিনা কারণে আনন্দে নাচেন। এরা একদিকে বলছেন নটোরিয়াস, একদিকে বলছে ক্রিমিন্যাল, একদিকে তাঁকে কল্যানীতে খুন করার চেষ্টা করছে, অপর দিকে ক্যাবিনেটে কোন রকমে পাশ করিয়ে নেওয়া বাজেট বক্তৃতা ছাপিয়ে পাঠ করিয়ে নেবার চেষ্টা করেছেন। আমি যদি ব্যাখ্যা করার সুযোগ পেতাম তাহলে প্রমান করে দিতাম যে এটা অসত্য, মোটিভেটেড এবং কনককটেড। আমি যদি সময় পেতাম তাহলে প্রমাণ করে দিতাম যে কি ভাবে, কি পদ্ধতিতে সংবিধানের একটা সুযোগ নিয়ে এই বক্তৃতার মধ্যে দিয়ে গভর্ণরকে মিসলিড করা হয়েছে। আমি বেশী সময় পাবো না, কাজেই ২/১টি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। ৩নং প্যারাগ্রাফ-এ আইন শৃংখলার কথা

বলা হয়েছে। এখানে বলা হয়েছে যে আইন-শৃংখলার পরিস্থিতি সাধারণভাবে শান্তিপূর্ণ ছিল। ১৯৮৩ সালের মে মাসে অনুষ্ঠিত পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সংঘর্ষ---এর সংখ্যা কিছু বৃদ্ধি পেয়েছিল এবং তার ফলে কিছু উত্তেজনা দেখা দিয়েছিল। অনেক ধন্যবাদ যে কিছুটা স্বীকার করেছেন যে পঞ্চায়েতের নির্বাচনের সময়ে আইন-শৃংখলার অবনতি কিছু ঘটেছিল। যদিও কিছুটা নয়, নির্বাচনের আগে কিছুটা এবং নির্বাচনের পরে অনেক বেশী আইন-শৃংখলার অবনতি ঘটেছিল। আমি সরকারী নথীপত্র দিয়ে দেখাতে পারি যে ডাকাতি হয়েছে, রাজনৈতিক ডাকাতি হয়েছে যার ফলে গ্রাম থেকে মানুষ বেরিয়ে পালিয়ে গেছে। হুগলি জেলার গোঘাট এলাকা, মুর্শিদাবাদের ভগবানপুর এলাকা, মেদিনীপুরের পটাশপুর এলাকা থেকে মানুষ বেরিয়ে পালিয়ে গেছে। পঞ্চায়েতের নির্বাচনে সি. পি. এম-এর বিরোধী দল জিতেছে, অতএব তাদের ফলন্ত গাছগুলি কেটে দেওয়া হয়েছে। পঞ্চায়েতের নির্বাচনের সময়ে শুধু উত্তেজনা নয়, আজও মানুষ গ্রামে ঢুকতে পারছে না। আজও গোঘাট অঞ্চলে, কেশপুর অঞ্চলে, পটাশপুর অঞ্চলে, মুর্শিদাবাদ এলাকায়-আইন-শৃংখলার অবনতি দেখা যাচ্ছে। আগে আমরা স্বীকার করতাম যে কলকাতা মহানগরীর শান্তি শৃংখলা বজায় আছে। কিন্তু আজ সেই কলকাতা মহানগরী পর্যন্ত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে এবং তথাকথিত শ্মশানের শান্তির উপর দাঁড়িয়ে আমরা রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করছি।

এরপরেও মুখ্যমন্ত্রী কোন্ অধিকারে এখানে স্বরাষ্ট্রমন্ত্রী হয়ে বসে আছেন! পদত্যাগ না করে তাঁর এখানে বসে থাকবার কোন অধিকার আছে কি? বৃটিশ টাইমে যা হয়নি পশ্চিমবঙ্গের বুকে বর্তমানে তাই হচ্ছে। মন্ত্রী নির্দেশ দিচ্ছেন শ্রমিকদের গুলি করে মারবার জন্য। আবার আমরা দেখছি মুখ্যমন্ত্রীর নির্দেশকে অমান্য করে খিদিরপুরে পুলিশ ৫২ রাউণ্ড গুলি চালাল। আমরা দেখেছি এস ইউ. সি. কর্মীকে গুলি করে মারা হয়েছে। এই সেদিন কল্যাণীতে মন্ত্রীর নির্দেশকে অমান্য করে রাজ্যপালকে হত্যা করার চেষ্টা করা হলো এবং তাঁর নির্দেশকে অমান্য করে তাঁরই দল পুলিশের বিরুদ্ধে আন্দোলন করছে। আজকে আইন-শৃঙ্খলার এই চরম অবস্থাকে ধামা চাপা দেবার জন্য অভিনব কায়দায় শান্তি কমিটি, নাগরিক কমিটি করা শুরু হয়েছে। ডি. আই জি. শান্তি কমিটি করে দিচ্ছে, নাগরিক কমিটির নির্দেশে ডি. সি. চলছে। নাগরিক কমিটি যদি প্রশাসনের দায়িত্বে থাকে তাহলে জ্যোতি বাবুর হোম মিনিষ্টার থাকার দরকার কি! জ্যোতি বাবু পদত্যাগ করুন। তা যদি তিনি করেন তাহলে আমরা নাগরিক কমিটি জিন্দাবাদ বলতে রাজী আছি। কিন্তু আসলে শান্তি কমিটি বা নাগরিক কমিটির বে-নামে নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার প্রচেষ্টা চালান হচ্ছে। কলকাতার বুকে এই চেষ্টা চলছে। আইন মেনে আইনকে নিজের পথে চলতে দিলে তো রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করা যায় না। তাই এই সমস্ত অভিনব কায়দা শুরু হয়েছে। হেমেন মণ্ডলকে গ্রেপ্তার করেছেন, ঠিক আছে, আইন তাকে ফাঁসি দিক। কিছু বলার নেই। আমরা কেখনো জ্যোতিবাবুর কাছে ডেপুটেশনে যাইনি, আমরা তাঁকে গিয়ে কখনই জিজ্ঞাসা করিনি যে, হেমেন মণ্ডলকে গ্রেপ্তার করা হলো কেন? কিন্তু আমি তাঁকে

জিজ্ঞাসা করি যে সমস্ত পুলিশ অফিসারদের মস্তানরা টাকা দেয় সেই সমস্ত পুলিশ অফিসারদের কেন হেমেন মণ্ডলের পাশের সেলে পুরে রাখবেন না? অথচ আমরা দেখছি মস্তানদের দিয়ে নাগরিক কমিটি করা হয়েছে। কান্তি গাঙ্গুলী, মিচ্‌কে বাবলুকে দিয়ে নাগরিক কমিটি করা হয়েছে। ও. সি. এদের দেখলে ভয় পায়, কন্সটেবলরা এদের দেখলে বন্দুক নামিয়ে নেয়। এই যদি অবস্থা হয়, তাহলে কোন্ রাজ্যে আমরা বাস করছি! এই অবস্থায় গভর্ণরকে বলতে দেওয়া হয়েছে, আইন-শৃঙ্খলার অবস্থা ভাল, ভাল রাজ্যে আমরা বাস করছি। আইন-শৃঙ্খলার অবনতি কি চরম আকার ধারণ করেছে দেখুন, গত এক বছরে কলকাতার বুকেই রাজনৈতিক খুন হয়েছে ২৩টি। অথচ যেই আমরা সে কথা বলতে যাব, অমনি জ্যোতি বাবু প্রধানমন্ত্রীকে চিঠি লিখে বলবেন, এই সমস্ত খুন কংগ্রেসীরা নিজেরাই নিজেদের করেছে। আমি জ্যোতিবাবুকে চ্যালেঞ্জ করছি, তিনি আমার চ্যালেঞ্জ এ্যাকসেপ্টে করুন, একটা জুডিসিয়াল এনকোয়ারী হোক, বাইরের কোন কোর্টের সিটিং জজকে দিয়ে এনকোয়ারী করুন। তাঁর বক্তব্য যদি তিনি সেখানে মেটিরিয়াল ডকুমেণ্টে দিয়ে প্রমাণ করতে পারেন, তাহলে তিনি যে সাজা দেবেন তাই আমি মাথা পেতে নেব। আর তা না হলে জ্যোতিবাবু বলুন, তিনি শাস্তি মেনে নেবেন। কাগজে দেখলাম জ্যোতিবাবু বলছেন, পদত্যাগ করবেন। কিন্তু আমরা জানি তিনি তা কখনোই করবেন না, কোন দিন করবেন না। আগে মানুষ বলত লেনিনবাদী জ্যোতিবাবু, এখন মানুষ বলে গদিবাদী জ্যোতি বসু। সপ্তাহের প্রথম পাঁচ দিন—সোমবার থেকে শুক্রবার—তিনি ইন্দিরা গান্ধীকে গালাগালি দেবেন। আর শনিবার দিল্লীতে গিয়ে ইন্দিরা গান্ধীকে বলবেন আমি আপনার বিরুদ্ধে একটাও কথা বলছি না, ওসব কথা কথা প্রমোদবাবু, সরোজবাবুরা বলছে, আমি বলছি না, আমি তো জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে তোমাকে সাহায্য করছি। এই সব কথা বলে টাকা নিয়ে চলে আসবেন এবং টাকা নিয়ে এসে সোমবার থেকে আবার সেই গালাগালি শুরু করছেন। এঁদের কি সমাজবিরোধীদের ধরবার ইচ্ছে আছে, এঁরা পারবেন তাদের ধরতে? জ্যোতিবাবু বাংলার ইতিহাসকে কলঙ্কিত করেছেন তখনই যখন সুভাষ চক্রবর্তীকে মন্ত্রী করেছেন। বাংলার ইতিহাসকে কলঙ্কিত করেছেন তখনই যখন যে এক হাজার মুসলমানকে কচুকাটা করেছিল সেই রাম চ্যাটার্জীকে মন্ত্রী করে দিয়েছেন। কুখ্যাত গুণ্ডা, সে হলো মন্ত্রী।

[4-10-4-20 P.M.]

উজ্জ্বল খুনের কেসটা কোন রাজনৈতিক ব্যাপার নয়, তবুও এই কেসের আসামী দীপঙ্কর নামে একটি ছেলেকে পাওয়া যাচ্ছে না। দীপঙ্কর কে? সে এস, এফ. আইয়ের একজন নিয়মিত কর্মী। সুতরাং এস. এফ. আই সি. পি. এমের প্রশাসনিক সহযোগিতায় কলকাতার বুকে তাকে গোপন করে রেখে দিয়েছে, পুলিশের হাতে সমর্পণ করছে না। এই নিয়ে সি. আই. ডির সঙ্গে কলকাতা পুলিশের ঝগড়া চলছে। ঐ শচীনবাবুর মতন লোক প্রটেকসান দিচ্ছে। সুতরাং চোরের মায়ের বড় গলা। ওদের লোক খুন হলে বিচার করতে হবে আর আমাদের লোক খুন হলে বিচার হবে না। এরা রাত্রিবেলা খুন করতে পাঠিয়ে দেয় আর দিনের বেলা খুনীকে ধরতে হবে বলে

চিৎকার করে। এইতো ওদের নমুনা। তীর্থঙ্কর এবং সঞ্জীবের খুনের মামলার ব্যাপারে জ্যোতিবাবু কেন থরথর করে কাঁপছেন? হাইকোর্টে হেরে গিয়ে এখন সুপ্রীম কোর্টে গেছেন। কেন বিচার করতে দিচ্ছেন না? আপনি আইন ব্যবসার সঙ্গে জড়িত, কেন দুর্বল বোধ করছেন? আপনারা বিহার, ইউ. পির উপমা দেন কেন? এই পশ্চিমবঙ্গে কি নারকীয় ঘটনা ঘটছে সেটা বলুন? আপনারা আইন-শৃঙ্খলার কথা বলেন—আমি বীরভুম জেলার পাটনীল গ্রামে গিয়ে দেখেছি যেখানে এমন কোন মহিলা নেই যিনি ধর্ষিতা না হয়েছেন সি. পি. এম কর্মীদের হাতে। ঐ গ্রামে গ্রামে ৯০ পারসেন্ট মাইনোরিটির বাস। ওখানকার দৈনিক সংবাদপত্রে এই নিয়ে লেখালিখি হয়েছে এবং ওখানকার জনসাধারণ এস. পির কাছে ডেপুটেসান পর্যন্ত দিয়েছে কিন্তু কোন বিচার হয়নি। সুতরাং আপনারা আইন-শৃঙ্খলার কথা বলেন? এই সরকারের পদত্যাগ করা উচিত, নীতিগত-ভাবে পদত্যাগ করা উচিৎ। ভারতবর্ষের বুকে, পৃথিবীর বুকে এই জঘন্য ঘটনার কোন ইতিহাস আছে বলে কোন নজীর আমার জানা নেই? বিচার তো দুরের কথা জ্যোতিবাবু এস. ডি. পি. ওকে ট্রান্সফার করে দিলেন। মালদার বুকে একের পর এক খুন হয়েছে। কোন কমিশন নেই? কোন বিচার নেই। রঞ্জন নামে একটি ছেলের চোখ উপড়ে নেওয়া হলো কিন্তু কোথায় বিচার? সুতরাং আইন-শৃঙ্খলা আজ এই জায়গায় এসেছে। আমি সুতাহাটা হয়ে হলদিয়ায় গিয়েছিলাম। হলদিয়ায় গিয়ে দেখলাম, একটি ছেলের দুটি হাত সি-পি. এমের লোকেরা কেটে নিয়েছে। ঐ শেঠজীরা এইসব করেছে। আমি সোলে নামে একটি হিন্দি বই দেখেছিলাম। সেখানে যে ভয়ঙ্কর চিত্র দেখেছি তার চেয়েও ভয়ঙ্কর চিত্র ওখানে গিয়ে দেখলাম। তার দুটি হাত কেটে দেওয়া হয়েছে কারণ কংগ্রেস করেছে, বন্দে-মাতরম বলেছে এই তার অপরাধ। সুতরাং এই তো আইন-শৃঙ্খলা? রাজ্যপালের ভাষণের মধ্যে কনক্লেভ ঢোকাতে পারেননি। একদিকে বলছেন বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আর অন্যদিকে বিচ্ছিন্নতাবাদকে মদত দিচ্ছেন। ফারুক আবদুল্লাহ যিনি দেশকে ৬ টুকরো করবার জন্য মার্কিন সাম্রাজ্যবাদের মদত নিয়ে চলছেন, রামা রাও যিনি সিনেমা করেন, যিনি দক্ষিণ ভারতকে আলাদা স্বাধীন রাষ্ট্র হিসাবে ঘোষণা করতে চাইছেন।

মিঃ স্পীকার ঃ রামারাও এবং ফারুক আবদুল্লাহ এই হাউসের মেম্বার নন, সুতরাং তাঁদের নাম আপনি করতে পারেন না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি তাঁদের নাম আপমান করবার জন্য ব্যবহার করিনি। আমি যদি ইনসাল্ট করতাম তাহলে আলাদা কথা। সুতরাং এক্ষেত্রে পার্লামেন্টারী ডেমোক্রেসিতে কোন বাধা হবে বলে আমি মনে করি না। যাইহোক, আসামের আন্দোলনকে বিচ্ছিন্নতাবাদ বলে অফিসিয়াল রেজোলিউসান পাশ করালেন কিন্তু এই সমস্ত বিচ্ছিন্নতাবাদীনের সম্পর্কে কেন কিছু বললেন না?

অথচ আসাম সম্পর্কে ননঅফিসিয়াল রেজলিউসন পাশ করা হল। উনি সোমবার থেকে শুক্রবার পর্য্যন্ত ইন্দিরা গান্ধীকে গালাগাল দেন আর শনিবারে দিল্লী গিয়ে তাঁকে তোষণ করে

কিছু টাকা নিয়ে আসেন। উনি কি? শুধু ভোটের জন্য বিচ্ছিন্নতা বাদের বিরুদ্ধে স্লোগান দেবেন, বাংলা দেশের কিছু মিড্‌ল ক্লাস মানুষকে সুড়সুড়ি দেবার জন্য। আসলে তিনি বিচ্ছিন্নতা-বাদের স্বপ্ন দেখেছেন। আমি ওনার কৌশল জানি। তিনি পশ্চিমবঙ্গকে আলাদা করার স্বপ্ন দেখেছেন আসাম ত্রিপুরাকে নিয়ে। তাই আসামের ভিতর দিয়ে বাংলা মুলুক দিয়ে অলরেডী একটা রাস্তা তৈরী করা হয়েছে চীনের সাথে। মাঝে মাঝে চীনের লোকজন আসছে কখন সংস্কৃতির নাম করে, কখন ব্যায়াম দেখাবার নামে, কখন অমুকের নামে। এই সমস্ত চলছে। এটা আমরা দেখতে পাচ্ছি। ভেবেছেন পশ্চিমবঙ্গের সব মনুষ কি বোকা? পশ্চিমবঙ্গের মানুষের কাছে এটা একটা বিস্ময়। এটা ভাবার কোন কারণ নেই। তা না হলে স্বাস্থ্য উদ্ধার করার জন্য কি স্বাস্থ্যের কারণে যদি জ্যোতিবাবু যেতেন তাহলে আমি তাঁকে বলতাম যে আমেরিকায় যান, জার্মাণে যান কোন কমিউনিষ্ট কান্ট্রিতে যাবেন না। স্বাস্থ্য আরও শেষ হয়ে যাবে। শেষে এখন তিনি একটা কনক্লেভের নাম করে একটা কনস্পিরেসি চালাচ্ছেন। এখানে ইন্দিরা গান্ধীকে হটাবার জন্য যে একটা কনস্পিরেসি চলেছিল যার নেতা ছিলেন জর্জ ফার্ণাণ্ডেজ প্রমুখ, তাঁদের সাথে হাত মিলিয়েছিলেন। পরে অবশ্য রিট্রিট করেছিলেন ওনারা এবং আজকে একই ধরণের জাতীয় পদ্ধতিতে একটা কনস্পিরেসিকে কেন্দ্র করে তিনি নিজেকে যুক্ত করে ফেলেছেন। এর প্রতিবাদ তো কেউ এখান থেকে করছেন না। এইসব থাকার দরকার ছিল এবং আমি মনে করি পশ্চিমবঙ্গে আজকে ব্যক্তি থেকে আরম্ভ করে সামগ্রিকভাবে চূড়ান্ত অনিশ্চয়তা, চূড়ান্ত নৈরাজ্য, অরাজকতার মধ্যে আমরা রয়েছি। মানুষের জীবনযাত্রা এমনভাবে পড়েছে না কৃষি, না শ্রম, না অন্য কিছু, না শিক্ষা না বিদ্যুৎ এমন একটা জিনিষ নেই। না উন্নয়ণ মূলক কাজ এবং না উন্নয়ণ মূলক পরিকল্পনা। যেখানে একটা সরকারী কৃতিত্বের দাবী করতে পারেন। সময়ে একটা ত্রুটি। শিক্ষায় নাকি ভুল। বহু টাকা খরচ করেছেন এবং দুনিয়া মাত করে দিয়েছেন। স্যার, এটা হচ্ছে তথ্য মূলক এবং এটা অস্বীকার করার উপায় নেই যে শিক্ষা খাতে সারা ভারতবর্ষের রাজ্য গুলির চেয়ে আপনারা বেশী ব্যয় করেছেন, কিন্তু আদতে কি হয়েছে? আপনারা জানেন শিক্ষার মধ্যে নৈরাজ্য বেশী পড়েছে। জ্যোতিবাবুর বক্তৃতাগুলি খুলে দেখবেন, উনি চীৎকার করে বলেন যে কলকাতা বিশ্ববিদ্যালয় নৈরাজ্য থেকে মুক্ত। সেখানে টোকাটুকি হয় না। স্যার, আপনি রিপ্রেজেনটেটিভ পাঠান বিশ্ববিদ্যালয়ে, আমাদের বাদ দিয়েই পাঠান। টোকাটুকির এখন শুধু তফাত হয়েছে। আমাদের সময়ে বিনা পয়সায় টোকাটুকি হোতো, এখন সি. পি. এমের মস্তান যে আছে তাকে জিজিয়া কর দেওয়ার মত টাকা দিয়ে দেয় তারপর টুকতে দেয়। শান্তিপূর্ণভাবে হচ্ছে। আপনি আমার চালেঞ্জ এ্যাকসেপ্ট করে নিন। ভি. সি. পোদ্দার, তথা রমেন পোদ্দারের কথা চীৎকার করে বলেছেন। জুডিসিয়াল এনকোয়ারী আমাদের সম্পর্কে ৭/৮টা হয়েছে গত ৮/৯ বছর ধরে। বাংলা দেশের মানুষের কোটি কোটি টাকা নিয়ে কয়েকটি মানুষকে পাইয়ে দিয়েছেন। জ্যোতিবাবু চীৎকার করে বলেছিলেন মুখ্যমন্ত্রী হবার পর যে আমি জনতা সরকার নই, আমি ৬ মাসের মধ্যে প্রত্যেকটি কমিশনের রিপোর্ট সাবমিট করে দেব। বহু কমিশন তাদের সাইনবোর্ড টাঙিয়ে রেখে দিয়েছেন। ঠিক আছে, আপনি না হয় আর একটা কমিশন করুন পোদ্দার সম্পর্কে।

লাইব্রেরীর বই কেনা সম্পর্কে কমিশন করে তার অডিট রিপোর্ট বিধানসভাতে সব থেকে আগে পেশ করা হোক তারপর বক্তৃতা দেওয়া হবে। যদি দেখা যায় যে ঠিক আছে তাহলে আমি আপনাদের সুরে সুর মিলিয়ে বলব কেন পোদ্দারকে করা হবে না। পাপটা কি করলেন গভর্ণর? এই বক্তৃতার মধ্যে গভর্ণরকে নিয়ে যে এত ইস্যু, কেন রাখলেন না? আমি বিতর্কে বসতে রাজী ছিলাম। আইন কি বলে? আইন বলে একটা প্যানেল করা দরকার। তিনটি নাম পাঠিয়েছেন। সিনেটে যে তিনটি নাম পাঠিয়েছেন, অনেকেই জানেন সন্তোষ ভট্টাচার্য্য যিনি কংগ্রেসের বিরোধিতা করেছেন অনেক ভাবে কিন্তু এই ইলেকটেড মানুষদের একজনকে বেছে নিয়েছেন। ব্যস। হয়ে গেল। এ. পি. শর্মার মহাভারত অশুদ্ধ হয়ে গেল। কালোপতাকা দেখান হল, তারপর কাল ডাণ্ডা, এখন কালো তলোয়ার নিয়ে তাড়া করে বেড়াচ্ছে। আমরা প্রথম প্রথম উড়িয়ে দেবার চেষ্টা করেছিলাম। এখন একটা রাজনৈতিকদল গভর্ণরকে কালো পতাকা দেখাচ্ছে। গভর্ণর আমাদের পৈত্রিক সম্পত্তি নয়, কিন্তু এখন দেখছি ব্যাপারটা অন্য রকম। আমরা আর চুপ করে বসে থাকতে পারি না। রাজ্যপালকে কালোপতাকা দেখাবার নাম করে যদি খুন করবার চেষ্টা করা হয় তাহলে কি হবে? জ্যোতিবাবু আপনার নিশ্চয় মনে আছে ১৯৬৭-৬৮ সালে আমাদের বাগনানের কথা। আপনি এবং প্রমোদ দাশগুপ্ত মহাশয় সেখানে গিয়েছিলেন আমরা শ্লোগান দিয়েছিলাম জ্যোতিবসু যেখানে প্রতিরোধ সেখানে। আজকে সেটা করুন, না হলে আইন শৃঙ্খলা রাখতে পারবেন না। সুতরাং আগুন নিয়ে খেলবেন না। আইন সম্মতভাবে লড়াই করুন। আজকে সমস্ত শিক্ষা জগতে নৈরাজ্য। পরীক্ষা পর্য্যন্ত পেনডিং হয়ে গেল। নীরিহ ছাত্রছাত্রীরা হাসপাতালে আছে। আর গুণ্ডারা, অপনাদের দলের এম. এল. এ.-রা হোষ্টেল পর্যন্ত দখল করে নিয়েছে। এই তো শিক্ষা জগতের অবস্থা। শিক্ষা জগতের নাম করে শুধু মাত্র টাকা চুরি হচ্ছে, লুঠ হচ্ছে। আমি মনে করি এই শিক্ষার চেতনা মাতৃভাষার মাধ্যমে করা হবে। আমি আপনার সঙ্গে একমত যে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু করা।

[4-20—4-30 P.M.]

আমি মনে করি এই শিক্ষা মাতৃভাষার মাধ্যমেই দেওয়া উচিৎ। এ বিষয়ে আমি আপনাদের সমর্থন করি। কিন্তু এস. ইউ. সির সঙ্গে সুর মিলিয়ে বলি, এক্ষেত্রে আপনারা দ্বিমুখী শিক্ষা-ব্যবস্থা চালু করে রেখেছেন। একদিকে কে. জি, কনভেন্ট, লরেটো, ডনবস্কো খুলে রেখেছেন, অন্যদিকে গ্রাম বাংলায় ইংরেজী তুলে দিয়ে বাংলাভাষার মাধ্যমে শিক্ষা চালু করেছেন। এইভাবে আজ জ্যোতিবাবুর সরকার শ্রেণী-বৈষম্যই বাড়িয়ে তুলছেন। এর ফলে গ্রাম বাংলার ছাত্রসমাজ বাংলা ছাড়া কিছুই জানবে না। কিন্তু আপনাদের দপ্তরে যখন এল. ডি পদে এ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হয় তখন কিন্তু তাঁকে ইংরেজি জানতে হয়, ইংরেজী একজামিনেশনে বসতে হয়। আগে তবু কিছু ছেলে কমপিটিটিভ একজামিনেশনে বসতে পারতো কিন্তু এখন থেকে তাঁরা তাও পারবেন না। বেশিরভাগ মানুষের কাছ থেকে ইংরেজি তুলে নিয়ে মুষ্টিমেয় মানুষের জন্য তা রেখে দিয়েছেন।

আজ কে. জি, নরেটো, ডনবস্কো তুলে দিন। সব জায়গায় বাংলা চালু করে দিন। তা করবেন না। আপনারাই আবার শ্রেণীহীন সমাজের কথা বলে থাকেন! কিন্তু দেখা যাচ্ছে এর ফলে দুটি শ্রেণী জন্ম নিচ্ছে। সিভিল ওয়ার যাতে শুরু হয় তার জন্য এইভাবে আপনারা চেষ্টা চালাচ্ছেন। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে কলেজ সার্ভিস কমিশনের নাম করে সমস্ত তৃতীয় শ্রেণীর মানুষকে প্রিন্সিপ্যাল এবং অধ্যাপকের পদে বসিয়ে দিয়েছেন। একটি কলেজের নামও আমি এখানে করছি। কলেজটি হচ্ছে আশুতোষ কলেজ। সেখানে এমন একজনকে প্রিন্সিপ্যাল করেছেন যিনি সারা ছাত্র-জীবন থার্ড ডিভিশনে পাশ করেছেন, এম. এ.-তে থার্ড ক্লাস, পি. এইচ ডিও করেছেন হাস্য-রসাত্মক বিষয়ের উপর। একদিন তিনি ক্লাশে বিল্বমঙ্গল পড়াতে গিয়ে লেনিন সম্বন্ধে বলতে শুরু করেন। একটি ছাত্র তাঁকে জিজ্ঞাসা করে যে স্যার, বিল্বমঙ্গলের সঙ্গে লেনিনের কি সম্পর্ক? তিনি বলেন, বিল্বমঙ্গলে মঙ্গল আছে—লেনিনও দেশের মঙ্গলের কথাই ভেবেছেন। এইতো অবস্থা! এঁদের তৈরী পাঠ্যক্রমের একটি অঙ্ক একবার স্কুলে করতে দেওয়া হয়। অঙ্কটি ছিল লেনিন নামে কোন ব্যক্তি এত টাকা শতকরা সুদের হারে জনৈক মহাজনের কাছ থেকে ধার করে। ১০ বছর পরে সুদের পরিমান কত হবে? একটি ছাত্র মনে করেছে যে লেনিন হয়ত শুভঙ্করীর একটা সূত্র হবে। এইভাবে আধা ফ্যাসিস্ট কায়দায় এই সমস্ত জিনিষ পাঠ্যক্রমে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আজকে ৮ম শ্রেণীর ইতিহাস পাঠ্যক্রমে জাতিয়তাবাদী নেতৃবৃন্দের নাম তুলে দেওয়া হয়েছে। কিন্তু আইনের আশ্রয় নিয়ে হেডমাষ্টার্স এ্যাসোসিয়েশন সেটা আটকে দিয়েছেন। আজকে আপনারা শিক্ষাখাতে টাকা বাড়িয়েছি, ফলে শিক্ষার ভীষণ উন্নতি হয়েছে বলে যেটা দাবী করেন সেটা ঠিক নয়। রেকর্ড পরিমান টাকা বেড়েছে এটা ঠিক কথা। কিন্তু এর দ্বারা দুর্নীতি ও স্বজনপোষণই এঁরা কেবল বাড়িয়েছেন। এখানে একটি প্যারাগ্রাফে বলা হয়েছে যে হলদিয়া এবং সল্টলেকে ২টি সরকারী কলেজ খুলবেন।

সরকারী কলেজের কিছু খবর আমার কাছে আছে। বহু সরকারী কলেজে আজকে টিচার নেই। যে ১৭টি সরকারী কলেজ আছে, তার মধ্যে ৮টি কলেজে আজ পর্যন্ত প্রিন্সিপ্যাল নেই। আপনারা পি. এস. সির কথা বলেন, একথা বলেন—ওকথা বলেন। কিন্তু ফ্যাক্ট হচ্ছে—৮টি কলেজে প্রিন্সিপ্যাল নেই, কেউ যেতেও চাচ্ছেন না। যাঁরা আছেন, আজকে তাঁদের কষ্টিপাথরে যাচাই করা হচ্ছে। আসলে নিজেদের দলের লোক পাচ্ছেন না বলেই অধ্যক্ষ নিয়োগ করতে পারছেন না। আজকে যে ১৭টি সরকারী কলেজ আছে তাই মেনটেন্ হচ্ছে না, আবার ২টি সরকারী কলেজ করতে চাইছেন! হলদিয়ায় সুতাহাটায় একটি সরকারী কলেজ আছে। এডুকেশন মিনিষ্টার নিজে গেছেন সেখানে। সুতাহাটা কলেজে পাসকোর্সে বিজ্ঞান পড়াবার জন্য কলেজ কর্তৃপক্ষ বিষয়টি অনুমোদনের জন্য তাঁকে অনুরোধ করেছেন। তা সত্বেও সরকার থেকে এই অনুমোদন দেওয়া হচ্ছে না।

অথচ নুতন করে সরকারী কলেজ তৈরী করার চেষ্টা করছেন। এই এলাকার কিছু কলেজকে সাহায্য করলে তাহলে এই এলাকার কিছু মানুষ সুবিচার পেত। তারপর যে সব টাকা সেনট্রাল

গভর্ণমেণ্ট থেকে সাবসিডি হিসাবে আসছে হোস্টেলের ব্যাপারে—যেটা ২০ দফা কর্মসূচীর অন্তরগত আজকে সেই টাকা ডিসবার্স হচ্ছে না। আপনাদের পার্টির লোক, সে যদি ব্রাহ্মণও হয় তাহলে তাকে তফশীলি জাতি বলে মিনিষ্টাররা সার্টিফিকেট দিয়ে দিচ্ছে এবং তারপর তাদের টাকা পাইয়ে দেওয়া হচ্ছে। এর ভুরি ভুরি উদাহরণ আমার কাছে আছে। আইন-শৃঙ্খলার ব্যাপারে সরকার যে তথ্য দিয়েছেন সেটাই আমি এখানে তুলে ধরছি। আপনাদের রেজিমে ৭০৪২ জন খুন হয়েছে গত বছর পর্যন্ত সেটা ছিল ৬৫৫৫ জন। এবার সেটা ৭ হাজার পার হয়ে গেল। আবার আপনারা বলছেন এখানে খুন কমে গিয়েছে। এখানে মেনসানের মধ্যে বলা হয়েছে ফসল কাটার সংঘর্ষ নাকি কমে গিয়েছে। আমি তথ্য দিয়ে বলছি ১৯৮৩-৮৪ সালে ৩৩ জন মারা গিয়েছে। বিনয়বাবু একটা বিবৃতি দিয়েছেন মহাকরণে, সেই দিনটি হলো ২.২.৮৪, বুধবার। ঐ দিন তিনি বলেছেন ১৯৮৩-৮৪ সালে ফসল কাটার সংঘর্ষ নিয়ে ৩৩ জন মারা গিয়েছে। আর ১৯৮২-৮৩ সালে মারা গিয়েছে ৩২টি। একটা হলেও সত্য যে সংঘর্ষ বেড়েছে। বিনয়বাবু সত্য কথাই বলেছেন। ঘটনা হচ্ছে আরো বেশী তা যাইহোক একটা হলেও বেড়েছে। কিন্তু এখানে কি রকম অসত্য কথা বলা হচ্ছে দেখুন স্যার যে, ফসল কাটার সংঘর্ষ কমে গিয়েছে। বিনয়বাবু নিজে বলেছেন যে বেড়েছে, আবার রাজ্যপালকে দিয়ে অসত্য ভাষণ পড়ানো হচ্ছে যে কমে গিয়েছে। সুতরাং রাজ্যপালকে দিয়ে কি সব পড়ানো হচ্ছে সেটা আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন। স্যার, এবার একটা শ্লোগান শুনতে পাচ্ছি যে ওনারা নাকি একটা ব্যাংক করতে চাইছেন, রাজ্য সরকারের পক্ষ থেকে সেই ব্যাংক করতে দেওয়া হচ্ছে না। কাকে দেবে ব্যাংক? এটা তো একটা প্রহসন। একটা দেউলিয়া সরকার, যে সরকারী কর্মচারীদের বেতন ঠিক মতো দিতে পারছে না, তাদের ৮টি ডি. এ এখনও দিতে পারছে না, ৮টি ডি. এ পেনডিং হয়ে পড়ে আছে তাদের আবার ব্যাংক করতে দেবে? এই সবের জন্য আবার চিৎকার করে বেড়াচ্ছেন। যারা পি. এফ-এর ১৫০০ কোটি টাকা শেষ করে ফেলেছেন, যারা ই. এস. আই-এর টাকা খেয়ে ফেলেছে তারা আবার চিৎকার করে বলছে যে ব্যাংক করবো। স্যার, এর চেয়ে হাঁসির কথা আর কিছু হতে পারে বলে আমার মনে হয় না। এবারে বিদ্যুতের কথা বলি। বিদ্যুতের কথা বললে চিৎকার করে বলবেন অন্যান্য স্টেটের চেয়ে এখানে বিদ্যুৎ উৎপাদন দ্রুত এগিয়ে যাচ্ছে। এটা যে অসত্য সেই ব্যাপারে কিছু নজির এখানে তুলে ধরছি। এখানে বলা হয়েছে যে বিদ্যুতের অভাবে নাকি কোন কারখানা এখানে বন্ধ হয়ে যায় নি। স্যার, বিদ্যুতের অভাবে সব কারখানার উৎপাদন ডিক্রিজ করে যাচ্ছে। শুধু তাই নয় আমরা যখন সরকারে ছিলাম তখন মুখ্যমন্ত্রী সি. আই. টি. ইউ-এর ডি. সি হিসাবে বলেছিলেন যে টিটাগড়ে যেন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র না হয়। পরবর্ত্তীকালে তিনি স্বয়ং গিয়ে টিটাগড়ে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের উদ্বোধন করে এলেন। কথার তারতম্য থাকলেও আমি বলবো তিনি ভাল কাজই করেছেন কিন্তু কোলাঘাটে কি হয়েছে? তাঁর মুখ্যমন্ত্রীত্বের একটা ফুল রেজিম এবং হাফ রেজিম পার হতে চললো কিন্তু কোলাঘাটের অবস্থা একই রয়ে গেল। এটা এই রকম হলো কেন? উনি তো চিৎকার করে বলেছিলেন যে কোলাঘাটের

টাকা দিয়ে আমরা স্টেডিয়াম করেছি। উনি তো বলেছিলেন কোলাঘাটের টাকা দিয়ে সিদ্ধার্থ রায় বাথরুম তৈরী করেছেন, এয়ারকণ্ডিসান গাড়ি কিনেছিলেন। কোলাঘাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তো সিদ্ধার্থ রায়ের পরে অনেক বছর হয়ে গেল। কেন এখনও হলো না? সেণ্ট্রাল গভর্ণমেণ্ট পুরো টাকা দেওয়া সত্ত্বেও ডি. পি. এল-এর ৫টি ইউনিটের জায়গায় সিক্সথ ইউনিট কেন সুরু হলো না? আজও কেন সেই সিক্সথ ইউনিট চালু হলো না? কেন জলঢাকায় ৫ ইউনিট বাড়াতে পারেন নি। বললে বলবেন রাজ্যের হাতে অধিক ক্ষমতা থাকলেও কি এই সব করতে পারতেন? তার ফলে বহু শ্রমদিবস আপনারা নষ্ট করেছেন। বহু কারখানা বন্ধ হয়েছে এবং তার ফলেই ঐ সমস্ত কারখানার শ্রমিকরা পথে পথে ভিক্ষা করে বেড়াচ্ছে।

[4-30—4-40 P.M.]

আপনি অবাক হয়ে যাবেন, এমন সমস্ত জায়গা দেখাতে পারি, যেখানে 'মা ফেন দাও' বলে শ্রমিকরা ঘুরে বেড়াচ্ছেন। কারখানা সব বন্ধ হয়ে গিয়েছে, সব লিকুইডেশনে চলে গেছে। লিকুইডেশনে চলে যাবার ফলে শ্রমিকরা না খেতে পেয়ে আত্মহত্যা করছে, মাথার উপরে তাদের শকুনী উড়ে বেড়াচ্ছে। এক একটা জায়গা আছে, যেখানে ৫।৬টি কারখানার এক একটা করে ইউনিট আছে, সেগুলোও লিকুইডেশনে চলে গেছে পুরোপুরি। এমনকি খোদ শ্রমমন্ত্রীর নিজের এলাকা —যেখানে তিনি কথা দিয়েছিলেন নির্বাচনে জিতে মন্ত্রী হতে পারলে পাঁচ দিনের মধ্যেই 'কোলে বিস্কুট' কারখানা খুলে দিতে পারবেন। আজও তার কিছু হয়নি। ৪॥ হাজার শ্রমিক সেখানে কাজ করে, তার অর্থ প্রায় ২০ হাজার লোক এর উপর নির্ভর করত, তাদের মুখে অন্ন তুলে দিত। এখানেও আপনারা পারলেন না। আপনাদের হাতে যে ক্ষমতা আছে তা দিয়ে কি এটি খোলা যেতে পারতো না? যা করা দরকার, যা করতে বেশী অর্থের প্রয়োজন হয় না, তা না করে আপনারা চাইছেন—'রাজ্যের হাতে আরো অধিক ক্ষমতা দাও'। এখন যা ক্ষমতা আছে আপনাদের হাতে, তা দিয়ে কি এই ক্ষুদ্র কারখানাটি খোলা যেত না? যেটি আজ ৩॥-৪ বছর ধরে বন্ধ হয়ে পড়ে আছে, তাকে কি কোন মতেই খোলা যেত না? এই ক্ষমতায় কি কোলাঘাটের সিক্সথ ইউনিট' এর বিদ্যুৎ কারখানা চালু করা যায় না? এই ক্ষমতায় কি টাকার পূর্ণ সদ্ব্যবহার করা যায় না? শুধু চীৎকার করছেন দিচ্ছে না দিচ্ছে না বলে। দিচ্ছে না কি? আপনারা বলছেন যে হলদিয়াতে একটা সার কারখানা তৈরী করার পারমিট কেন্দ্র দিচ্ছে না। জানেন; সেই কারখানাটি কি? 'হিন্দুস্থান লিভার'। একটা মালটি ন্যাশানাল, বিজাতীয় কারখানা খোলার জন্য জ্যোতিবাবু ঘুরে বেড়াচ্ছেন। এ কি সেই জ্যোতিবাবু, যিনি বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বিক্ষোভ দেখাতে গিয়ে যখন স্বয়ং ম্যাকনামারা এগিয়ে এসেছিলেন, তখন ৭২ ঘণ্টা ধর্মঘট করেছিলেন? ট্রাম কোম্পানীর ১৪টা ট্রাম পুড়িয়েছিলেন? বিপ্লব হয়ে গেল? আজ এই সমস্ত কারখানা খোলার দাবীকে বৃটিশ সাম্রাজ্যবাদীদের হয়ে সরাসরি দালালী করছেন। সারা ভারত ব্যাপী চীৎকার করে ভাসিয়ে দিচ্ছেন। জ্যোতিবাবুর বিপ্লব চলছে। রাইটার্স বিল্ডিংয়ে আজ জ্যোতিবাবুর প্রেতাত্মা আছে। স্যার, আমি আপনার কাছে একের পর এক চিত্র তুলে ধরতে

চাই। পুলিশের একটা গেজেট নিয়ে এসেছি। কিভাবে পুলিশ প্রশাসনের মধ্যে দলবাজী চলছে তার নজির আছে এর মধ্যে। পুলিশ আজ পঙ্গু হয়ে পড়েছে। ক্যালকাটা পুলিশ গেজেট পাবলিশড ইন অক্টোবর ১২, ১৯৮৩। এটা পড়ে পরে আমি আপনার কাছে প্লেস করছি। পুলিশের মধ্যে দলবাজীর চূড়ান্ত রূপ আজ নিয়েছে। এটা একটা ঐতিহাসিক ঘটনায় এসে দাঁড়িয়েছে। বিনা কারণে আমরা চীৎকার করি না। এর মধ্যে বিশেষ একটা দিক আছে। সেটা প্রমাণ করার জন্যই এই পুলিশ গেজেট। রিটায়ার করে যাবার পর নতুন করে ২ বছরের জন্য এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। নতুন লোক নিতে পারতেন এখানে। মনে করলে দলের কোন বেকার ছেলেকে নিতে পারতেন, আমাদের বলার কিছুই থাকতো না। তা ওঁরা করলেন না। ১৯৫৪ সালে চাকুরী যাবার পর রিটায়ার হয়ে যাওয়ার পর তাঁকে ২ বছরের এক্সটেনসন দেওয়া হয়েছে। বাড়ী থেকে ডেকে নিয়ে এসে তাঁকে বসিয়ে দেওয়া হয়েছে পুলিশে। তার চেয়েও ভয়ঙ্কর কথা শুনবেন? ৯নং আইটেম পি-৯৭০৪-স্বদেশ রঞ্জন মিত্র, হেড কনষ্টেবল, এঁকে চাকুরী দেওয়া হয়েছে। ইনি সি. টু'র সবচেয়ে বড় নেতা। ২৪ বছর টাকা দেওয়ার পর, দু বছরের এক্সটেনশন দেওয়া হয়েছে। ২৪ বছরের বেশী হবে—১৯৫৪-১৯৮৪ পর্যন্ত বসিয়ে রেখে টাকা দেওয়া হয়েছে। এটা কিন্তু কংগ্রেস দলের কোন সর্বনাশ নয়। এতে সর্বনাশ আপনারা করেছেন বাংলাদেশের মানুষের। আজ পুলিশের মধ্যে কি অবস্থা চলছে লক্ষ্য করুন। চারিদিকে শুধু নৈরাজ্যের চিত্র। জ্যোতিবাবু কি যেতে পারেন যেখানে সেখানে? উনি তো হোম মিনিষ্টার। কিছুদিন আগে—আপনারা সংবাদপত্রে বেরোতে দেখেছেন—পুলিশের গণ্ডগোল থামাতে গিয়েছিলেন ডি. সি হেড কোয়ার্টার। ডি. সি. হেড কোয়ার্টারকে তারা সারা রাত ধরে ঘেরাও করে রেখেছিল। ভোরবেলা তিনি যখন বলেন তিনি ল্যাট্রিনে যাবেন, তখন তাঁর হাতে দুটো বোতল ধরিয়ে দিয়ে বলে, ওখানে গিয়ে ল্যাটরিন করে আসুন। তারা তাঁকে মারতে পর্যন্ত উদ্যত হয়েছিল। জ্যোতিবাবু হোম সেক্রেটারীকে সেখানে পাঠাতে পারেন নি। এই ধরণের অরাজকতা চলছে রাজ্যের সর্বত্র। একের পর এক থানায় ও. সি.-র পাশে রাখা হয়েছে কনষ্টেবলকে, যিনি পার্টির লোক। পার্টির ডিকটামে চলছে পুলিশ বাহিনী। এই সব ঘটনার কথা আমি বললাম রাজ্যের মধ্যে কোন আইন-শৃঙ্খলা নেই বলেই। আইন-শৃঙ্খলার অবনতি ঘটে চলেছে লালবাজার থেকে আরম্ভ করে নদীয়া, মুর্শিদাবাদ প্রভৃতি প্রত্যেকটা জেলাতেই। সব কিছুই হচ্ছে একটা পরিকল্পনা মাফিক। এই অবস্থাতেও যদি কোন প্রতিবাদ না হয়, তাহলে আগামী দিনে একটা সিভিল ওয়ার দেখা দেবে। দেখা দেবে নিজেদের মধ্যে ভয়ংকর মারামারি, কাটাকাটি। তপশীল জাতিদের মঙ্গল করার কথা বলা হয়। সেদিন সাত্তার সাহেব গিয়েছিলেন একটা গ্রামে। সেখানে সি. পি. এম. দলের লোক একজনকে ফসল কাটার সময় পিটিয়ে পিটিয়ে মারে। তারপর তাকে গাছে টানিয়ে রাখা হয় যা কিনা চোখে দেখা যায় না। এই সব কীর্তির কথা বললে বলবেন এ সবই কংগ্রেসের লোক করেছে, ওরা সবাই সমাজ বিরোধী। জ্যোতিবাবুরা তো ইন্দিরা গান্ধীকে পর্যন্ত সমাজ বিরোধী বলে থাকেন, আমরা তো কোন ছার। শুধু তাই নয়, আমাদের আমলে দেওয়া পাট্টা জমি কেড়ে নিয়ে নিজেদের লোকের মধ্যে বিলি করেছেন। একথা শুনে স্বয়ং ইন্দিরা গান্ধী পর্যন্ত ওঁকে ডেকে বলেছেন, আপনারা যে

সমস্ত কাজ করছেন, তাতে তিনি উদ্বিগ্ন হয়ে পড়েছেন। তবুও উনি বলবেন, এগুলোর একটারও কোন প্রমাণ নেই, প্রমাণিত হলে পদত্যাগ করব। প্রমাণ আমার কাছে দিস্তা দিস্তা আছে। আমি দাগ নম্বর দিয়ে প্রমাণ দিতে পারি। নম্বর আমি আপনার কাছে দিয়ে দিচ্ছি। ভুলু করণ, একজন সিডিউল্ড কাস্ট সম্প্রদায়ের লোক—এর জমি সি. পি. এম. দলের নিমাই বারিক ও পুলিন বারিক এরা নারায়ণ গড়ে থাকে, কেড়ে নিয়েছে।

দাগ নং ৩০৫, ২৯৬, ৩১৭, ২৯২। তারা আবেদন করেছে এবং প্রধান মন্ত্রীর কাছে লিখেছে। সি. পি. এম থেকে কেড়ে নেয়া হয়েছে—তার কেস নং ১৪/৬২১ ১৯৭৫-৭৬ এবং ১৯৮২-৮৩। এগুলি জ্যোতিবাবুকেও লেখা হয়েছে। আমি নিজেও বলেছিলাম। আমাদের প্রাক্তন এম. এল. এ ররিন বেরার সীমিত জমি তাতে তাকে চাষ করতে দেওয়া হয়নি, উচ্ছেদ করে দেওয়া হল। আমাদের যুক্তিবাদী নেতৃত্বের দয়ায় এসব জিনিষ আমাদের দেখতে হচ্ছে। উদ্বাস্তু পরিবারের, কল্যানী, স্বপনকে তারা খুন করেছে। তারা বৃদ্ধ পিতা মাতা কিছু বলতে পারেনি। শুধু বন্দেমাতরম্ বলেছে বলে তাকে খুন করা হল। মেদিনীপুরের অবিনাশ মাইতি একইভাবে লিখছে যে পূর্ব হতে যে জমি তারা ভোগ দখল করছিল সেই জমি আজ তারা চাষ করতে পারছে না। তারা আজ আধ বেলা খেতে পায় না। তাকে তীর বল্লম দিয়ে আহত করা হয়েছে। এর ফলে সে কেস দায়ের করতে বাধ্য হয়েছে। এরকম চিঠি সব সভ্যরাই পান। উজ্জলের কথায় বলব যে হলদিয়ার মণ্টু বলে একটি ছেলে তার বাবাকে খুন করেছে—২ বছর হল সে চলে গেছে, আজও তার কোন পাত্তা নেই। সুতরাং একটু ভেবে এসব লেখা উচিত ছিল। তারপর ১৯ নং প্যারাগ্রা.ফ বলেছেন তফশীলী ও উপজাতিদের জন্য দারুন করা হচ্ছে। উত্তরবংগে এদের কৃষি উন্নয়নের জন্য যেখানে প্রায় ১৬ কোটি টাকা খরচ করার কথা সেখানে ২ কোটি ৫০ লক্ষ টাকা মাত্র খরচ করেছেন। এদের ব্যবসা ইত্যাদি করার জন্য ষষ্ঠ পরিকল্পনায় বরাদ্দ হয়েছিল এক কোটি টাকা সেখানে ৩ বছরে খরচ হয়েছে ২ লক্ষ ৪১ হাজার টাকা। ম্যাচিং গ্রাণ্টও আংশিক দেবার চেষ্টা করা হয়েছে। বাকী সব টাকা হয় ফেরত গেছে, না হয় মার গেছে। এরফলে তপশীলীদের ক্ষতি হয়েছে এবং কাষ্ট হিন্দুদেরও ক্ষতি হয়েছে। ষ্টেট বাস কোলকাতার মানুষদের কাছে একটা দুর্বিসহ ব্যাপার। এ নিয়ে আপনাদের মধ্যেও অনেক বিতর্ক হয়েছে যার জন্য আপনাদের সরকার চালাবার কোন নৈতিক দায়িত্ব নেই। আপনাদের বামফ্রন্ট এ ব্যাপারে শুধু ডিভাইডেড নয়, ইট ইজ ফ্র্যাগমেনটেড। সুতরাং মানুষের কাছে বলা উচিত আমরা টুকরো টুকরো হয়ে গেছি। যতীনবাবু এবং সি. পি. এমের কর্তাদের সংগে এ নিয়ে লড়াই হচ্ছে। সেজন্য বলছি যে আপনারা সব কেলেঙ্কারী করে দিচ্ছেন।

4-40—4-50

আপনারা স্যালো টিউবওয়েল করবেন না, ডিপ টিউবওয়েল করবেন না, মানুষকে চাকরি দেবেন না, আপনাদের প্রকাশিত তথ্য মানুষের কাছে বললে আপনারা চিৎকার করবেন, একটা স্যাণ্ডালাস অবস্থা চলছে।

এবারে আমি স্টেট বাসের কথায় আসি। ওয়াল্ড ব্যাংকের শর্তানুযায়ী ১০ কোটি টাকার বেশী ভর্তুকি দেওয়ার কথা নয়, কিন্তু গতবার ১৮ কোটি টাকা ভর্তুকি দেওয়া হয়েছে। আপনারা যে ৪৫০ বাস কেনার কথা বলেছেন এই ৪৫০ বাস যদি কেনা হয় তাহলে ১১ শো বাস রাস্তায় বেরুবার কথা। কিন্তু রাস্তায় ৪৫০ বেশী বাস চলে না। আপনি যদি এয়ার কণ্ডিসান গাড়ী করে বৌবাজার থেকে তিন তলা বাড়ীতে যান তাহলে যাবার সময় দেখবেন রবীন্দ্র সদনের সামনে ছেলে মেয়ে বুড়ো করে কাতারে কাতারে মানুষ দাঁড়িয়ে আছে বাসের জন্য। আমি সংবাদপত্রে পড়লাম একজন বাস কণ্ডাক্টর নাকি সমস্ত বাস চালাচ্ছ। যেখানে একজন সিনিয়র আই এ এস'র যোগ্যতার প্রশ্ন আসে সেখানে যদি একজন কণ্ডাক্টরের যোগ্যতা থাকে তাহলে সেই যোগ্যতার মধ্য দিয়ে এতবড় একটা কাজ করতে পারা যায় না। আপনারা পার্টিবাজী করতে গিয়ে প্রশাসন এবং দেশের মানুষের সর্বাংগীন সর্বনাশ করেছেন, দেশকে ধ্বংসের পথে ঠেলে দিয়েছেন। সেজন্য আজকে বার বার করে বলছিলাম এই ভাষণ অবৈধ ভাষণ শুধু সংকীর্ণতার দোষে দুষ্ট তা নয় আগামী দিনে একটা ভয়ংকর দিনের ইঙ্গিত আছে এই ভাষণে।

স্যার, আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। জুট ইণ্ডাষ্ট্রি একটা মেজর ইণ্ডাষ্ট্রি। এই ইণ্ডাষ্ট্রিতে ২॥ লক্ষ লোক কাজ করেন। ইজমা বলে দিচ্ছে যে জুট নেই, আমরা লক আউট করব, সেজন্য ১৭/১৮ টা জুট মিলে ষ্ট্রাইক। আমি মুখ্যমন্ত্রীকে বলব এসেনসিয়াল কমোডিটি যে এ্যাক্ট আছে সেই আইন মত সমস্ত র জুট নিয়ে নিন এবং নিয়ে ডিষ্ট্রিবিউট করার ব্যবস্থা করুন। কোন প্রাইভেট র জুট হোর্ডার জুট রাখতে পারবে না সেই ব্যবস্থা করুন। কিন্তু সরকার তাদের অর্থানুকল্যে পার্টির বাড়ী করার জন্য এই সর্বনাশ করেছেন। সেজন্য এই অসত্য ভাষণের শুধু সমালোচনাই করলাম না এর প্রতিটি ছত্রের প্রতিবাদ করলাম। এই ভাষণের প্রতিটি ছত্র অসত্যে ভরা, এই ভাষণ বেআইনী, এই ভাষণ সম্পর্কে ব্যবস্থা নেওয়া উচিত।

শ্রীকমল সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু সুদীর্ঘভাবে কতকগুলি অসত্য কথার মালা গাঁথলেন, সেই মালায় তাঁরা নিজেদের ভূষিত করতে পারবেন কিন্তু পশ্চিমবঙ্গের মানুষকে ঠকাতে পারবেন না। সুব্রতবাবু যে কথা বললেন সেই কথার মূল বিষয় হচ্ছে যেসমস্ত কাজ তাঁরা নিজেরা করেছেন, যে কাজ করে তাঁরা অতীতে রাজ্যচ্যুত হয়েছিলেন সরকারচ্যুত হয়েছিলেন সেই কাজগুলি এখানে বলার দ্বারা তাঁরা লোককে বোঝাতে চাইছেন যে এটা সি পি এম'র লোকেরা করছে। আমি সেই সমস্ত তথ্য পরে জানাব। আমি বলছি পর পর যে সমস্ত মার্ডার হয়ে গেল সেই মার্ডারের তথ্য নিয়ে পুলিশ তাদের কাছ থেকে যেসমস্ত তথ্য বের করেছে, তারা যেসমস্ত বিবৃতি দিয়েছে, আদালতে তারা যেসমস্ত কথা বলেছে এবং এখনও বলছে তাতে প্রকাশ্যে সাধারণ মানুষের চোখের সামনে কংগ্রেসের ভণ্ডামী, কংগ্রেসের নিজেদের আত্মন্তরীতা, কংগ্রেসের নির্লজ্জ কাজকর্ম উদ্ঘাটিত হয়েছে।

আমি বুঝতে পারছিনা কেন সুব্রতবাবু তাদের সংগে নিজেদের বিচ্ছিন্ন করে একথা বলেন না যে, তাদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আপনারা লক্ষ্য করে দেখবেন কোন ঘটনায় হয়ত একজন মানুষ খুন হয়েছে বা কোন নারীর উপর হয়ত বলাতকার করা হয়েছে এবং সেখানে পুলিশ কিছু লোককে গ্রেপ্তার করেছে। এই গ্রেপ্তার হবার পরই কংগ্রেস নেতারা চীৎকার সুরু করলেন, আমাদের লোককে গ্রেপ্তার করা হয়েছে। তারপর যখন প্রমাণিত হল যাদের গ্রেপ্তার করা হয়েছে তারা একজন নাম করা দুষ্কৃতকারী, অসামাজিক লোক তখন তাঁরা চুপ হয়ে যান। এই ঘটনার দ্বারা প্রমাণিত হয় কংগ্রেস আজ কোথায় গিয়ে পৌছেছে। আজকে কংগ্রেস দুর্নীতি-পরায়ণ, দুষ্কৃতকারী এবং অসামাজিক লোকদের আড্ডাখানা তৈরী করেছে। যদি এঁদের প্রশ্রয় না পেত তাহলে ওই উজ্জ্বল হত্যাকাণ্ডের প্রধান আসামী "খোকা" কংগ্রেস দপ্তরে বসে খুন করার পরিকল্পনা করতে সাহস পেতনা এবং খুন করার পর কংগ্রেসের সেই বাড়ী এবং দপ্তর ব্যবহার করতে পারত না। আপনারাই এদের আস্তে আস্তে বাড়িয়ে তুলেছেন এবং সেইজন্য এইসব নিষ্ঠুর কাজ এরা করতে পারছে। আমি বলছি এর সমস্ত দায় দায়িত্ব আপনাদের ঘাড়েই গিয়ে পড়বে। অতীতে আপনারা আমাদের যেসব ছেলেমেয়ে, যুবক যুবতীদের বলিদান দিয়েছেন, কর্মীদের বলিদান দিয়েছেন তার দীর্ঘ তালিকা আমরা একের পর এক ছাপিয়ে দিয়েছি। আমাদের দলের কত মেয়ে ধর্ষিতা হয়েছেন তার তালিকা আমরা দিয়েছি। সেদিন কংগ্রেস যে কাজ করেছে তারজন্য তাঁরা ধীক্কারের পাত্র। আজকে ডাঃ জয়নাল আবেদিন ওখানে বসে কিছু কিছু ফোড়ন কাটছেন। কিন্তু সেদিনে কথা কি তিনি ভুলে গেছেন? আমরা যেদিন প্রথম সরকার গঠন করে এ্যাসেম্বলীতে আসি তখন কমিউনিস্ট পার্টির নেতা প্রমোদ দাশগুপ্ত এবং মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন, এতদিন কংগ্রেস যা করেছে সেই পথ বামফ্রন্ট সরকার এবং আমাদের পার্টির কর্মীরা যেন গ্রহণ করে না, আমাদের কর্মীরা যেন কোন রকম বদলা না নেয় বা কোন কংগ্রেস কর্মীর গায়ে হাত না তোলে। এই কথা শুনে সেদিন জয়নাল আবেদিন সাধুবাদ দিয়েছিলেন এবং বলেছিলেন এই হাউসে দাঁড়িয়ে, এই ঘোষণায় আপনাদের মনের প্রসারতা প্রকাশ পাচ্ছে। আজকে তিনি পুরোপুরি কংগ্রের মধ্যে ঢুকেছেন তাই এসব কথা আর বলতে পারছেন না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ কোথায় এসব কথা লেখা আছে, রেকর্ড কোথায়?

শ্রীকমল সরকার ঃ বিধানসভার রেকর্ডে এই সমস্ত কথা লেখা আছে। পুরান রেকর্ড দেখলে সমস্ত কিছু পাবেন। আপনি এই বিধানসভার একজন পুরোন সদস্য, কাজেই মিথ্যার আশ্রয় নেবেন না। আপনি আপনার চুলের সাদা অংশ কলপ দিয়ে কভার করলেও এটা তো ঠিক যে আপনার বয়স যথেষ্ট হয়েছে। আমি বলছি, আপনি এরকম ছেলেমানুষী করবেন না, এই পথ নেবেন না।

[4-50—5-00 P.M.]

আমি যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই যে আজকে সকলের সামনে এটা উদ্ঘাটিত হয়ে গেছে যে কংগ্রেসের হাতে তাদের যে কর্মী আছে যারা কংগ্রেস অধিবেশনে পাহারা দিয়েছিল তারা রাতারাতি হত্যাকারীতে পরিণত হয়েছে, দুষ্কৃতকারীতে হয়েছে। লোকের কাছে পড়ে তারা আজকে বলছে কংগ্রেস সদস্য। কেন এই অবস্থা হচ্ছে বা হোল সেটা কি আপনারা বিচার বিবেচনা করছেন? শুধু পশ্চিমবাংলায় নয়, পশ্চিমবাংলায় চিরকালই তো আপনারা অবহেলিত, সারা ভারতবর্ষে কি পরিস্থিতি হচ্ছে? একটার পর একটা রাজ্য কংগ্রেস বিরোধী সরকার গঠন করতে চাচ্ছে। কেন করতে চাচ্ছে? কেননা আপনারা যেভাবে দম্ভ প্রকাশ করেছেন এবং যেভাবে দৌরাত্ম করে চলেছেন সেটা আর তারা সহ্য করতে চাচ্ছে না। তারা আজকে বিকল্প পথে চলতে চাইছে। এই কলকাতাতেই বিভিন্ন রাজ্যের নেতাদের মিটিং হয়ে গেল। তারা সবাই আজকে বামপন্থী বিকল্প সরকার গঠন করতে চাইছে আপনারা তো যাতা বললে হবে না। আপনারা কি লক্ষ্য করেছেন যে আমরা দিনের পর দিন সদস্য সংখ্যা বৃদ্ধি করতে পেরেছি। এবং আজকে আমরা এই জায়গায় এসে পৌছেছি। আপনারা তো অনেক বিভেদ সৃষ্টি করতে চেয়েছিলেন—কিন্তু পেরেছেন কি? তারা সবাই মিলে এসেছে ভারতবর্ষে বিকল্প রাস্তা বের করবার জন্য। পাঁচটি রাজ্য একত্রিত হয়ে সম্মেলন করেছে। লক্ষ লক্ষ মানুষ তাদের পাশে আছে। এবং তারা ডাক দিয়েছে কংগ্রেসের বিকল্প পথে যাবার। আমরা আশা করি নিশ্চয় একটা বিকল্প রাস্তা আসবে তাতে কোন সন্দেহ নেই। আজকে ভারতবর্ষের যে অবস্থার সৃষ্টি হয়েছে এবং মানুষের চোখের সামনে যে ঘটনা ঘটছে সেই অবস্থায় মানুষ চুপ করে থাকতে পারে না।

(এ ভয়েস :—বাই ইলেকসনে কি বুঝলেন?)

আপনারা যদি ব্যালট পেপার কারসাজি না করেন এবং সুষ্ঠু নির্বাচন যদি হতে দেন তাহলে পশ্চিমবাংলায় কোন জায়গায় আপনারা জিততে পারবেন না। কারণ পশ্চিমবাংলার মানুষ আজকে আপনাদের হাড়ে হাড়ে চিনেছে।

(এ ভয়েস :—বাই ইলেকসনের কথা এর মধ্যেই ভুলে গেলেন)

আবার বাই ইলেকসন আসবে। সেদিন আর আপনারা হাসবেন না। এবং সেদিনের জন্য আমরা অপেক্ষা করছি। যা হোক আমি একটা কথা এখানে তুলে ধরতে চাইছি। অবশ্য আমাদের অন্যান্য বক্তারা বিশদভাবে বলবেন। পশ্চিমবাংলার রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। সুব্রতবাবুরা রাজ্যপালের বক্তৃতায় তিনি কিছু কিছু যাতে না বলেন তার ব্যবস্থা করেছেন। তারা যে ষড়যন্ত্র করেছেন সেটা তিনি এই বিধানসভায় দম্ভের সংগে বলেছেন। আমি যে কথা বলতে চাইছি সেটা হচ্ছে এই যে দুটি বিষয় যেটা তাঁর ভাষণে ছিল

সেটা ওঁদের পরামর্শ মেনে নিয়ে ভাষণ থেকে বাদ দিয়েছেন। তবুও আমি বলছি তা সত্ত্বেও যে কথা তিনি বলেছেন সে কথা তো অস্বীকার করতে পারেন না, যে এই রাজ্যের যে পরিস্থিতি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এতো ভাল যে তার তুলনা হয় না।

এই কথাটা তিনি বলেছেন। তিনি এর সঙ্গে এই কথা বলেছেন, পশ্চিমবাংলায় একটা সময়েতে নির্বাচনকে উপলক্ষ করে কিছু গোলমাল দেখা দিলেও সমস্ত বিষয়টা শান্তিপূর্ণ আবহাওয়ার মধ্যে রয়েছে এবং চলছে, এই কথাটা তিনি বলেছেন। তিনি আরও বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার কতকগুলো কলকারখানা করতে চেয়েছিলেন, সেই কলকারখানার অনুমতি আজও ভারত সরকার—কেন্দ্রীয় সরকার দেননি। তা যদি দিতো তাহলে অনেক আগেই পশ্চিমবঙ্গের উন্নতি পরিলক্ষিত হতো। আপনাদের যদি পশ্চিমবাংলার প্রতি দরদ থেকে থাকে তাহলে আপনাদের চেষ্টা করা উচিত ছিল, তা না করে, আপনারা নিজেরা নিজেদের মাথায় তালি বাজাচ্ছেন এবং বাহ্যাড়ম্বর করে রাজ্যপালের ভাষণের ঐ যে অংশ বাদ দেবার জন্য ধন্যবাদ জানাচ্ছেন। কি বাদ গেছে, এটা আপনাদের জানার কথা নয়, আমাদেরও জানার কথা নয়, অথচ সুব্রতবাবু তার বক্তৃতার মধ্যে তা বলে গেলেন। খবরের কাগজে বেরোল, তার এক মানে হয়, কংগ্রেসের নেতা রাজ্যপালের সঙ্গে কথা বলেছেন বললে তার মানে অন্য রকম হয়ে যায়। এইটুকু আমার ধারণা, জয়নাল সাহেবের বুড়ো বয়স হলেও তিনি এইটুকু আজকে বুঝতে পেরেছেন। সেই জন্য বলছি, সেখানে যদি আপনারা বাধা না দিতেন, পশ্চিমবাংলার যে দাবী, সেই দাবী সম্পর্কে সোচ্চার হতেন, সেই দাবী নিয়ে যদি আপনারা ইন্দিরা গান্ধী এবং অন্যান্যদের কাছে চাপ দিতেন এবং সেই চাপের ফলে এখানে কিছু কিছু শিল্পকে গড়ে তোলা যেতে পারতো। পশ্চিমবাংলা শুধু সুজলা সুফলা নয়, পশ্চিমবাংলা শিল্পে এবং অন্যান্য ক্ষেত্রে আরও বেশী ধনী হতে পারতো এবং অন্যান্য রাজ্যের সঙ্গে কমপিটিশনে আসতে পারতো। আমি এই কথা বলছি না যে অন্য রাজ্যের সঙ্গে এই রাজ্য আমরা সমান তালে চলবো। আমরা অন্য রাজ্য থেকে এগিয়ে যাবো, এগিয়ে না যাওয়ার কোন কারণ নেই, যেখানে কয়লা আছে এবং অন্যান্য সমস্ত ধাতু আছে, অন্যান্য বিষয় রয়েছে, সেখানে আমাদের এগিয়ে না যাওয়ার কোন কারণ নেই। আমি এই প্রসঙ্গে আরও একটি কথা বলবো, যে কথা সুব্রতবাবু একটু ছুঁয়ে গেলেন। চট শিল্প হচ্ছে আমাদের দেশের একটা প্রাগৈতিহাসিক শিল্প। ভারতবর্ষ এবং বাংলাদেশের পাট এবং পাট জাত দ্রব্য, অতীতের পট্টবস্ত্র যেখানে হয়, সেই চটকল আজকে বহু ভাবে আমাদের রাজ্যকে ধনী করতে পারতো। ৪০ লক্ষ্য কৃষক এর সঙ্গে জড়িত ছিল, এখন অনেক কমে গেছে। ২॥ লক্ষ শ্রমিক ছিল, তার সংখ্যা কমে গেছে। তাসত্ত্বেও আমরা পাট দিয়ে পশ্চিমবাংলাকে সাজাতে পারতাম, নুতন নুতন শিল্প গড়ে তুলতে পারতাম। মাত্র ৬টি পরিবার, তাদের হাতে এই শিল্প রয়ে গেছে এই শিল্প। আমরা এখানে প্রস্তাব করেছিলাম, এই বিধানসভায় বারবার আপনাদের সঙ্গে একমত হয়ে, সহমত হয়ে প্রস্তাব গ্রহণ করেছিলাম যে এই শিল্পকে ভারত সরকারের নিয়ে নেওয়া উচিত, রাজ্য সরকারের নয়, কারণ রাজ্য সরকারের মুরোদ নেই এবং আইনেও পারে না। ইন্দিরা গান্ধীকে আপনারা যদি মানেন,

তাঁকে গিয়ে জিজ্ঞাসা করবেন, আপনাদের সঙ্গে তাঁর দেখা হওয়ার সুযোগ আছে কি না জানি না, আপনাদের সেখানে যাওয়ার মুরোদ আছে কি না জানি না। তা সত্বেও আমি বলছি, তিনি আমাকে বলেছেন যে এই বিষয়টা ভারত সরকারের এবং ভারত সরকার দেখবেন এবং তিনি আমাকে বলেছেন—এখান থেকে এই বিধানসভার যে প্রতিনিধি দল তাঁর কাছে গিয়েছিলাম, আমাদের সমস্ত কথা শোনার পর তিনি বলেছিলেন চটের মালিকরা বড় শক্তিশালী, তারা দেবে না, খালি আমাদের কাছ থেকে টাকা চাইছে, আমরা বললাম আপনারা পাটকে কেন তাদের হাতে দিচ্ছেন? আজকে ভারতবর্ষে চটশিল্প থাকবে কি না, তা আপনার উপর নির্ভর করছে, ভারতবর্ষে যদি চটশিল্পকে হাতে না রাখতে পারি, চীন এটা নিয়ে নেবে, বাংলাদেশ এটা নিয়ে নেবে। ইন্দিরা গান্ধী বললেন, কি ভাবে রাখবো? আমরা বলেছিলাম, ইতিমধ্যে আপনারা জানেন না চীনে বিপুল ভাবে পাট তৈরী হচ্ছে এবং সেখানে সেই পাট দিয়ে অতি উচ্চ জাতের চট হতে পারে। এখনও পর্য্যন্ত তারা বাইরে রপ্তানি করেনি, বিদেশে বানিজ্য করেনি। কিন্তু যখন রপ্তানি করতে শুরু করবে, তখন সারা ভারতবর্ষের মাথায় হাত পড়বে। আমি জানি না তিনি এই বিষয়ে কি ভেবেছেন।

[5-00—5-10 P. M.]

কোন কোন সংবাদপত্রের সাংবাদিক আমাকে বলেছিলেন ইন্দিরা গান্ধী ঠিক ইলেকসানের আগে এটা নিয়ে নেবেন। আমি তাকে বলেছিলাম আপনার মুখে ফুল চন্দন পড়ুক, এই কথা যেন সত্য হয়। কিন্তু এই কথা সত্য হবে কিনা জানি না, ফুল চন্দনের অধিকারী হবেন কিনা জানি না। কিন্তু জুটের উপর আমাদের এই পশ্চিমবাংলার অর্থনীতি বিশেষ করে বিপুল ভাবে নির্ভরশীল। একটি মিথ্যা কথা চটকল মালিকরা বলছেন। ওরা প্রোডাকটিভিটি লিংক ওয়েজ চেয়েছিলেন। তারপর তারা বলেছিলেন চীনে এটা আছে। সম্প্রতি চীনের একটি দল যুব ছাত্র সম্মেলনে এখানে এসেছিলেন। একটি জায়গায় বিদায় সম্বর্দ্ধনায় আমি তাদের সঙ্গে আলোচনা করেছিলাম। তাদের সঙ্গে আলোচনা করে জানতে পেরেছিলাম—তারা বলেছিলেন ওরা যেটা বলছেন সেটা সবই মিথ্যা। আমাদের ওখানে প্রোডাকটিভিটি লিংক ওয়েজ নেই। চীনে যেটা আছে সেটা হচ্ছে ত্রিস্তর শ্রমিক। প্রথম স্তর শ্রমিক হচ্ছে অত্যন্ত সুপিরিয়র কোয়ালিটির শ্রমিক, তারা সব কাজ পারে এবং তারা যে কেবল সুপিরিয়র কোয়ালিটির শ্রমিক তাই নয়—আমরা যাদের হাইলি স্কিল্ড শ্রমিক বলি তারা সেই স্তরের শ্রমিক। দ্বিতীয় স্তর হচ্ছে শুধু স্কিল্ড শ্রমিক। আর তৃতীয় স্তর হচ্ছে অর্ডিনারি শ্রমিক। যারা কিছুই জানে না সেই রকম শ্রমিকদের অর্ডিনারি শ্রমিক বলতে পারেন। কিন্তু তাদের মধ্যে একটা জিনিস আছে, সেটা হচ্ছে বেতনের খুব তারতম্য নেই। চটকল মালিকরা যে প্রোডাকটিভিটি লিংক ওয়েজ করতে চাইছেন সেই রকম কোন জিনিস সেখানে পাবেন না। তাদের প্রোডাকটিভিটি যে খুব বেশী এই বিষয়ে কোন সন্দেহ নেই। আই. জে. এম. এর আর একজন ওখানে গিয়েছিলেন। তিনি আমাকে বলেছেন ওদের মেশিন এমন সুন্দর-

ভাবে রেখে দেওয়া হয় যে বোতাম টিপলেই কথা বলে, অর্থাৎ প্রোডাকসান শুরু হয়ে যায়। এই রকম মেশিনের কথা আমরা চিন্তাতেই আনতে পারি না। যেমন মেশিন ঠিক তেমনি প্রোডাকসান দেয়। আমি আই. জে. এম. এর সেই ভদ্রলোককে বলেছিলাম আপনারা কাজের কনডিসন অনুযায়ী, ভাতা, বেতনহার ইত্যাদি জিনিসগুলি সামগ্রিক ভাবে না দেখে একটি জিনিস খালি দেখলে কখনই তা পাবেন না। ওদের সঙ্গে আলোচনা করে বুঝেছি প্রোডাকটিভিটি লিংক ওয়েজ পাওয়া যেতে পারে অর্থাৎ প্রোডাকসান আরো অনেক বেশী বাড়ানো যেতে পারে শুধু প্রোডাকসান বাড়ালেই প্রোডকটিভিটি লিংক ওয়েজ হয় না। প্রোডাকটিভিটি লিংক ওয়েজ করলেই দেশের পক্ষে উপকার হয় না, স্বার্থের পক্ষে সেটা আসে না। সেই জন্য বলছি আজকে চট শিল্প দেশকে বিপন্ন করে তুলেছে। প্রায় ৪৫ দিন হতে চলল ধর্মঘট শুরু হয়েছে। এই চট শিল্পের সঙ্গে ২॥ লক্ষ শ্রমিক জড়িত। এর সঙ্গে শুধু পশ্চিমবঙ্গের শ্রমিক জড়িত নয়, সারা ভারত-বর্ষের বিভিন্ন রাজ্যের শ্রমিক এর সঙ্গে জড়িত। মধ্যপ্রদেশের রায়গড়, বিহার, উত্তরপ্রদেশের শ্রমিকরা এই ধর্মঘটের সঙ্গে জড়িত রয়েছে। অন্ধ্রের শ্রমিকরা ২ দিন ধর্মঘট করার পরে তারা প্রত্যাহার করে নিয়েছে। অন্যান্য জায়গায় শ্রমিকরা দুদিন ধর্মঘট করার পরে প্রত্যাহার করে নিয়েছে। এমনকি ত্রিপুরাতেও একদিন ধর্মঘট করার পরে প্রত্যাহার করে নিয়েছে। পশ্চিম-বাংলার মানুষকে তারা সমর্থন জানিয়েছিলেন। হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিক এর সঙ্গে জড়িত। আমরা দেখতে পাচ্ছি ছাত্র, যুবক, অন্যান্য স্তরের মানুষ একত্র হয়ে এগিয়ে এসে একে সমর্থন জানাচ্ছে। এই চটকল ধর্মঘট হচ্ছে জাতীয় আন্দোলনের একটা প্রতিক ১৯৩৭ সালে পণ্ডিত জহরলাল নেহেরু এখানে এসে চটকল শ্রমিকদের ধর্মঘটের পূর্ণ সমর্থন জানিয়েছিলেন। দেশবন্ধু পার্কে এর সমাবেশে সেদিন তিনি ভাষণ দিয়েছিলেন। সেখান থেকে ফিরে এসে তিনি বলেছিলেন আমার দেশের মানুষ এত বেশী দুঃখ কষ্টের মধ্যে থাকে, এই কথা আমার জানা ছিল না। এই হচ্ছে জহরলাল নেহেরুর কথা। সেদিন থেকে এত দিন চলে যাবার পরেও চটকল শ্রমিকদের সঙ্গে অন্যান্য শ্রমিকদেরও আজ পর্যন্ত বাসস্থানের ব্যবস্থা নেই, থাকার ব্যবস্থা নেই, খাওয়া পরার মত বেতন নেই।

কংগ্রেসের লোকেরা, বাপুলীর মতন লোকেরা মনে করেন শ্রমিকদের কথা বলার সময় এবং জায়গা এটা নয়। আমি তাঁদের বলছি, এর আগে এই বিধানসভায় যখন মুসলিম লীগ এবং কংগ্রেসের সদস্যরা ছিলেন তখন তাঁরা একযোগে বলেছিলেন, আগে চটকল শ্রমিকদের আন্দোলনের মীমাংসা হবে, তাদের দাবীর মীমাংসা হবে তারপর অধ্যক্ষ মহাশয় অন্যান্য বিষয়ে আলোচনা হবে। কংগ্রেসীরা সেই রাস্তায় আজকে আর যাচ্ছেন না তাই তাদের এই দুরাবস্থা। স্যার, আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের উপর আলোচনায় আমার মূল ভাষণ থেকে সরে এসে চটকল শ্রমিকদের সমর্থনে কয়েকটি কথা বললাম। স্যার, পরিশেষে আমি বলব, কংগ্রেসে যেসমস্ত অপগণ্ডরা আছে তাদের সরাতে না পারলে

কংগ্রেসেরও মুক্তি নেই, জনগণেরও মুক্তি নেই। এই বলে চটকল শ্রমিকদের দাবীর সুমীমাংসা হবে এই আশা নিয়ে রাজ্যপালের ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলার বিশেষ কিছু নেই, আমি এখানে শুনলাম এই সভার একজন প্রবীণ সদস্য শ্রীকমল সরকার মহাশয়, যদিও তিনি আমার অনেক পরে এই সভায় এসেছেন, তিনি হঠাৎ আমার বয়স নিয়ে নাড়াচাড়া করলেন এবং একটি অসংলগ্ন উক্তি করলেন। তিনি বললেন, আমি নাকি চুলে রং করি। আমি আমার চুল এবং চুল জাতীয় বস্তু ওঁকে উপহার দিতে পারি, উনি এ্যানালিসিস করে দেখতে পারেন তাতে রং আবিষ্কার করতে পারেন কিনা। স্যার, তিরুপতির মন্দিরে চুল দেওয়ার রীতি আছে, আপনার এই মন্দিরে চুল দেওয়ার অনুমতি আপনি দেবেন কিনা সেটা বিবেচনা করে দেখবেন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ সম্পর্কে আমাদের দলের চিফ হুইপ আগেই বলে গিয়েছেন যে মন্ত্রীসভার সদস্যদের বক্তব্য জোর করে তাঁকে দিয়ে পড়িয়ে নেওয়া হয়েছে। স্যার, আমরা মনে করি, পশ্চিমবাংলার মানুষের কথা যদি ঠিক ঠিক ভাবে রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে দিয়ে উপস্থাপিত করা হ'ত বা তার যদি সুযোগ থাকতো তাহলে আজ এই ভাষণের বইটির মাধ্যমে আমরা যেসব কথা দেখছি বা পড়ছি তা না হয়ে এমন সব কথা থাকতো যা দেখে ঐ ট্রেজারি বেঞ্চের সদস্যরা এবং এমনকি আপনিও স্যার, আঁতকে উঠতেন, স্যার, আমাদের দলের চিফ হুইপ যেসমস্ত তথ্য উপস্থাপিত করেছেন আমি সেগুলির পুনরাবৃত্তি না করে তাঁর না বলা কিছু দৃষ্টান্ত এই সভায় আপনার মাধ্যমে উপস্থাপিত করে এই অসত্য ভাষণের বিরোধিতা করতে চাই। স্যার, আইনশৃংখলার কথা উনি বিস্তারিতভাবে বলেছেন, আমি আজকে মেনশান কেসে বলার সময় যে কথা বলতে চাইছিলাম, আপনি থামিয়ে দিয়েছিলেন সেই কথাগুলি এখন বলতে চাই। আমরা সংবাদপত্রের মাধ্যমে দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী, যিনি স্বরাষ্ট্রমন্ত্রীও বটে এবং যিনি একজন খুব বড় বিপ্লবী নেতা হিসাবে গত কয়েক বছর ধরে নিজেকে প্রতিষ্ঠিত করতে চাইছেন তিনি বলেছেন এবং তাঁর সংগে তার দলের সরোজবাবু তিনিও গলা মিলিয়ে বলেছেন,—স্যার, আমি ইচ্ছাকৃতভাবে ঐ নামটা মেনশান করছি না, যেহেতু তিনি বলেছেন সেইহেতু বলছি—আমরা যদি বিপ্লব করে আসতাম তাহলে ৮০ ভাগ পুলিশকে তাড়িয়ে দিতাম। তা হয়নি তাই উজ্জ্বল হত্যা হবে, গ্রামে গ্রামে ডাকাতি হবে, লুঠ হবে, রাহাজানি হবে। স্যার, আপনি জানেন, এই বিধানসভার সদস্য মলিন ঘোষ মহাশয়কে এই আকাশবাণী ভবনের সামান্য কিছু দূরে কয়েকজন লোক আক্রমণ করেছিল এবং তার কাছ থেকে ছিনতাই করেছিল এবং এই ঘটনায় তাঁর হাত কেটে গিয়েছিল।

[5-10—5-20 P.M.]

স্যার, সেক্ষেত্রে মুখ্যমন্ত্রী বলবেন যে আমরা তো বিপ্লব করে আসিনি তাই এগুলি হবে। আমি সেই কথা আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চেয়েছিলাম যে সেই বিপ্লব আর কতদূরে যেদিন জ্যোতিবাবু কিম্বা ট্রেজারি বেঞ্চে যারা আছেন, তাদের চেয়ারম্যান সংবাদপত্রের মাধ্যমে হোক, বা মিটিং করে হোক বলবেন যে বিপ্লব সমাধা হয়ে গেছে, এখন আর চুরী নেই, ডাকাতি নেই, রাহাজানি নেই, খুন নেই, ধর্ষণ নেই, কিছু নেই। আমি সেই দিনের কথা শুনতে চেয়েছিলাম। আমরা দেখলাম যে ৩নং ধারায় যা বলা হয়েছে, জোর করে রাজ্যপালকে দিয়ে যা বলান হয়েছে তাতে বলা হয়েছে যে পশ্চিমবাংলায় আইনশৃংখলার পরিস্থিতি খুবই ভাল এবং অন্যান্য রাজ্যের তুলনায় ভাল। পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে একটু বাড়াবাড়ি হয়েছে। সারা পশ্চিমবাংলার কথা ছেড়েদিলাম। মেদিনীপুর জেলায় কি হয়েছে সেটা একটু দেখুন। আপনারা প্রায়ই বলে থাকেন যে কংগ্রেসের নিজেদের মধ্যে দ্বন্দ্বের ফলে খুন হচ্ছে, সব খুন কংগ্রেস করছে। মেদিনীপুর জেলার কেশপুর থানায় আপনাদের দলের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মধ্যে লড়াই হয়েছে। আমি নাম করে বলছি যে তরুণ রায় এবং জামসেদ আলীর লড়াই হয়েছে। জামসেদ আলী স্বর্গে গেছেন। তরুণবাবু জামসেদ আলীকে খুন করেছিলেন পার্টি অফিসের মধ্যে। পুলিশের এস. পি আর. কে. হাণ্ডার প্রায় ১০/১২ জনকে গ্রেপ্তার করেছিলেন। তার মধ্যে সবগুলি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্য। এরপরও কি জ্যোতিবাবু বলবেন যে পশ্চিমবাংলায় যতগুলি খুন হয়েছে সবই কংগ্রেস করেছে, কংগ্রেসের অন্তর্দ্বন্দ্বের ফল এটা? আমি একটা ছোট দৃষ্টান্ত এখানে দিচ্ছি। মেদিনীপুর জেলার পটাশপুর থানার খিদিরপুর গ্রামের ৬নং অঞ্চল এর সি. পি. এম-এর কৃষকসভার সম্পাদক ভাগবত নায়েক গৌর দাসকে মারধর করে। সে পঞ্চায়েত নির্বাচনে সি. পি. এম-এর টিকিটে জয়লাভ করে। সে সি. পি. এম-এর ভ্রষ্টাচার, দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং তেরঙ্গা পতাকা নিয়ে কংগ্রেস দলে যোগ দেয়। উৎক্ষিপ্ত ভাগবৎ নায়েক ৬ নম্বর অঞ্চলের অঞ্চল প্রধান নান্থ রায়কে সঙ্গে নিয়ে গৌরকে মারে এবং তার হাতটা ভেঙে দেয়। এই ঘটনা ঘটে ১৭ই জানুয়ারী। ১৯শে জানুয়ারী সকাল বেলায় খিদিরপুর গ্রামের প্রধান এবং বিষয়দের ১১টি বাড়ী লুঠ হয় এবং বাড়ীতে বোম পড়ে। ৮ মাসের একটি শিশু সন্তান এখনও স্তব্ধ হয়ে আছে, সে কান্নাকাটি করতে পারছে না। কানাই জানা ১৫/২০ বিঘা জমির মালিক। সে সকাল বেলায় দোকানে তেল আনতে গিয়েছিল তার মাথায় টাংগী পড়লো। সে বিষয়দের বাড়ীর যেখানে ছাগল বাধা থাকে সেখানে লুটিয়ে পড়লো এবং মারা গেল। কানাই জানা তো জোতদার ছিল না? জেলা প্রশাসনের এস. পি., আর. কে. হাণ্ডা খবর পেয়ে সি. আই-কে নিয়ে স্পটে এলেন এবং ২০ জন লোককে সেখানে গ্রেপ্তার করা হল। ভাগবত নায়েকও গ্রেপ্তার হলেন চুরীর মাল সমেত, লুঠের মাল সমেত। নান্থ রায়, ইলেকটেড অঞ্চল প্রধান, ৬ নম্বর অঞ্চলের আজও ফেয়ার। ৬ লরী মাল উদ্ধার করা হয়েছে। পটাশপুরের সি. পি. আই-এর

সদস্য এখানে বসে আছেন, তিনি সমস্ত ঘটনা জানেন। তিনি অবশ্য ঐ সমস্ত বাড়ীর মহিলাদের নিয়ে ডেপুটেশানে গিয়েছিলেন পটাশপুর থানায় তাদের রক্ষা করার জন্য। এই সমস্ত দুষ্কৃতকারীরা সি. পি. এম-এর কর্মী। আমরা কি দেখলাম? আমরা দেখলাম যে ২৪ ঘণ্টার মধ্যে হাওার সাহেবকে কলকাতায় ডি. সি. ট্রাফিক করে ট্রান্সফার করে দেওয়া হয়েছে। আবার শুনছি, মেদিনীপুর জেলার ডি. এম, অমিত কিরণ দেবকে একটা চিঠি ধরানোর পর্ব চলছে। এই তো প্রশাসনের অবস্থা। আমি যে কথা বলছি, আপনারা তো চোর, গুণ্ডা মস্তানদের শাস্তি বাহিনীর নাম করে মার্কেটে ছেড়ে দিয়েছেন এবং বলা হচ্ছে ডি. সি., কমিশনার আমাদের সামনে হাট। এই হচ্ছে চোর, এই হচ্ছে গুণ্ডা, এই হচ্ছে আদালত। আমরাই বিচারক, আমরাই পার্টি, আমরাই পুলিশ, আমরা যা বলবো তাই করতে হবে।

এই পরিস্থিতির কবে অবসান হবে? এই প্রশ্নই আমি আমার বক্তব্যের মধ্যে দিয়ে রাখতে চাইছি। স্যার, আমি সমগ্রহ পশ্চিমবঙ্গকে বাদ দিয়েও যদি শুধু মাত্র মেদিনীপুর জেলাকে ধরি এবং সেখানকার চিত্র যদি আমি আপনার সামনে তুলে ধরি তাহলে আপনি তা দেখে চমকে উঠবেন, শিউরে উঠবেন। মেদিনীপুরের দাসপুর, কেশপুর, সবং, গড়বেতা, ভগবানপুর প্রভৃতি থানায় এমন একটাও গ্রাম দেখতে পাবেন না যেখানে আজকে অত্যাচার হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেখানে মানুষের বাড়ি ঘর লুঠ করা হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেখানে কৃষক সভার সংগঠন করার নাম করে নিরীহ গ্রামবাসীদের কাছ থেকে ৫০০/১০০০/২০০০/৩০০০ টাকা লুঠ করা হচ্ছে না। এমন একটাও গ্রাম দেখাতে পাবেন না যেখানে জ্যোতিবাবুর দলের লোকের বিরুদ্ধে পুলিশ কেস হয়েছে এবং সেই কেস চালাবার জন্য সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা পয়সা আদায় করা হচ্ছে না। আজকে এই অবস্থা হচ্ছে গোটা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির। অথচ এই মন্ত্রীসভা সংবিধানের একটা ধারার সুযোগ নিয়ে রাজ্যপালকে দিয়ে জোর করে তাঁদের নিজেদের কথা বলিয়ে নিয়েছেন। তাই তো আজকে রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে আমাদের বক্তব্য। স্যার, এখানে রাজ্যপালের ভাষণের ২৪ নং অনুচ্ছেদে বলা হয়েছে, পশ্চিমবঙ্গের বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য কুটির ও ক্ষুদ্র শিল্প সৃষ্টির জন্য প্রকল্প পিছু ২৫,০০০ টাকা করে সাহায্য দেওয়া হবে। এই সাহায্য দেওয়ার জন্য নাকি রাজ্য সরকার এগিয়ে এসেছেন! এই সমস্ত কথা আজকে রাজ্যপালের মুখ দিয়ে এই মন্ত্রীসভা বলিয়েছেন। অথচ আমরা জানি বেকারদের ২৫,০০০ টাকা করে সাহায্য দেওয়ার প্রকল্পের কথা গত ১৫ই আগষ্ট প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর ভাষণের মধ্যে দিয়ে ঘোষণা করেছেন। স্বাধীনতা দিবসের প্রাক্কালে তিনি যে ভাষণ দিয়েছিলেন তাতে তিনি ঘোষণা করেছিলেন সারা ভারতবর্ষে আড়াই লক্ষ রেজিষ্টার্ড বেকার যুবককে ২৫,০০০ টাকা করে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে তোলার জন্য সাহায্য দেওয়া হবে। আমরা জানি আমাদের এই রাজ্যে গত ২৮শে আগষ্ট দিল্লী থেকে সেই সার্কুলার এসেছে। সার্কুলারটি এসেছিল ফর্ম দি মিনিষ্ট্রি অফ্ ইণ্ডাষ্ট্রিস। শ্রী এস. এন. কৃষ্ণান, তিনি এই দপ্তরটি দেখেন, তিনি সার্কুলারটি পাঠিয়েছিলেন।

আশ্চর্য্যের ব্যাপার দেখুন, দিল্লী থেকে আগষ্ট মাসে সার্কুলারটি এসেছে, অথচ জেলা রেজিষ্ট্রি অফিসের জেনারেল ম্যানেজার সেই সার্কুলার চেপে রেখে গত ১৬ই অক্টোবর তিনি প্রত্যেক ব্লকের উদ্দেশ্যে সার্কুলার পাঠিয়েছেন এবং বিভিন্ন বি. ডি. ও. অফিসে তা গিয়ে পৌছেছে গত ২০শে অক্টোবর এবং ২০শে অক্টোবর ছিল দুর্গা পুজোর ছুটির দিন। আরো আশ্চর্য্যের বিষয় হচ্ছে বামফ্রন্ট সরকার মূল সার্কুলার চেপে রেখে তার সঙ্গে চক্রান্ত করে একটা নতুন জিনিষ জুড়ে দিয়ে বললেন, যারা তিন বছর বেকার ভাতা পেয়েছে তারা এ বিষয়ে অগ্রাধিকার পাবে। আমরা তখন জিজ্ঞাসা করলাম যে, মূল সার্কুলারের কথায় এ-কথা আছে ? আমরা তখন ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে গিয়ে তাঁকে বললাম যে, কোথায় সার্কুলারে ওকথা আছে, তা আমাদের একটু দেখান। কেন্দ্রীয় সরকারের সার্কুলারের মধ্যে ওরকম একটাও লাইন নেই যে, বেকার ভাতা না পেলে এ্যাপলাই করা যাবে না। এঁরা নিজেদের ক্যাডারদের ২৫,০০০ টাকা করে পাইয়ে দেবার জন্য এই লাইনটি গুঁজে দিয়েছিলেন। আমরা দেখলাম এই চক্রান্ত করা হয়েছিল। তারপরে ঐ সময়ে পুজোর ছুটির মধ্যে সার্কুলার প্রচার না করে চেপে রেখে দিয়েছিলেন। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে মূল সত্যকে স্বীকার পর্য্যন্ত করা হয়নি। মাননীয়া প্রধানমন্ত্রী যে এই প্রকল্পটি রচনা করেছেন, একথা বলতেও এঁদের আপত্তি। রাজ্যপালের ভাষণ তো মন্ত্রীসভা রচনা করেছেন, সুতরাং রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এটা স্বীকার করলেন না যে, এটা প্রধান মন্ত্রীর নির্দেশ অনুসারে ন্যাশনাল প্রগ্রাম, এটা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কোন প্রগ্রাম নয়। এখানে এঁদের হীনমন্যতার প্রকার রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে ফুটে উঠেছে। আমরা যখন লক্ষ করলাম যে, প্রকল্পের টাকাটা চক্রান্ত করে এঁরা নিজেদের দলের ক্যাডারদের মধ্যে বিলি করে তার থেকে ৫০% পার্টি ফাণ্ডে নেবার চক্রান্ত করছে, তখন বেকার যুবকরা জেলাস্তরে ডেপুটেশন দিল। ফলে এঁরা ঐ সার্কুলার উইথড্র করতে বাধ্য হলেন। পরবর্তীকালে আমরা দেখলাম যে, কেন্দ্রীয় সরকারের সার্কুলারের কোথাও লেখা নেই যে, যারা এই প্রকল্পে সাহায্য পাবে তাদের সাড়ে তিন বছর বেকার ভাতা পেতে হবে। তার পরে বলা হলো পঞ্চায়েতের সার্টিফিকেট লাগবে। স্যার, আমরা জানি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোক না হলে কোন বেকার যুবক পঞ্চায়েতের কাছ থেকে ইনকাম সার্টিফিকেট পাবে না এবং সত্যিই আজকে হাজার হাজার যুবক সার্টিফিকেট পাচ্ছে না। কারণ আমরা জানি আজকে পশ্চিমবাংলায় বেশীরভাগ যুবকই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি করে না, তারা জাতীয়তাবাদে বিশ্বাসী, তাই তারা ছত্র-পরিষদ এবং যুবকংগ্রেসের সঙ্গে যুক্ত। সরকারী দল আজকে তাদের গ্রাস করতে পারেনি বলেই কলকাতা বিশ্ববিদ্যালয় এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ঐ-সমস্ত জিনিষ ঘটছে।

[5-20—5-30 P.M.]

তাই আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে উদ্বেগ প্রকাশ করছি এই ধরনের যে ডিস্টোরসান হয়েছে তার বিরুদ্ধে। মিনিমাম সৌজন্যমূলক অভিব্যক্তি ফুটে উঠবে বক্তব্যের মাধ্যমে এবং প্রধানমন্ত্রীর

ন্যাশনাল প্রোগ্রামের এই স্বীকারোক্তি ভাষনের মধ্যে আশা করেছিলাম যেটাকে ইচ্ছাকৃতভাবে রাজ্যপালের ভাষণে রাখেন নি। সংবিধানের সুযোগ-সুবিধা হাতের মধ্যে রেখে দিয়েছেন। এবার স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে কিছু বলি। আপনি জানেন, গত বিধানসভা শেষ হবার পর থেকে আজ অবধি পশ্চিমবাংলার সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে এবং উপস্বাস্থ্য কেন্দ্রে কি নৈরাজ্য সেখানে চলছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় পাগলার মতন আবোল-তাবোল বকছেন, বিভিন্ন জায়গায় নানা রকম মন্তব্য করছেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, ৩০০ পোষ্ট গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র খালি পড়ে আছে, ডাক্তারদের অভাবে চিকিৎসা হচ্ছে না সেখানে ৮৬ জন সি. পি. এম. মার্কা ডাক্তারকে যারা ২০ বছর ধরে প্রাকটিশ করছে তাদেরকে বাড়ী থেকে জোর করে তুলে নিয়ে এসে কলকাতার বুকে সুপী ডিউটিতে এ্যাপয়েনমেণ্ট দেওয়া হয়েছে। এদেরকে এ্যাড হক ভিত্তিতে দিন তাতে আমাদের কোন আপত্তি নেই, এমারজেন্সি ভিত্তিতে দিন তাতে আপত্তি নেই। যেখানে কোন ডাক্তারের দরকার নেই, প্রয়োজন নেই সেখানে পার্টিবাজি করার জন্য, দলবাজি করার জন্য, হাসপাতালের প্রশাসনকে কব্জা করার জন্য নিজেদের দলের লোকদের বসিয়ে দেবার চেষ্টা করেছেন। এগুলি সমস্তই বে-আইনী। এই ধরনের কোন কথা বক্তৃতার মধ্যে নেই। একদিকে হাসপাতালের ওষুধ নেই, ব্যাণ্ডেজ নেই অথচ ম্যানেজমেণ্ট কমিটি করে দিয়েছেন। কারা কারা এই ম্যানেজমেণ্ট কমিটিতে আছেন? গুণ্ডা মস্তানদের ধরে নিয়ে এসে হাসপাতালের ম্যানেজমেণ্ট কমিটিতে ঢুকিয়ে দিয়েছেন। আর এদিকে মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করে দিয়েছেন মন্ত্রীরা এবং সদস্যরা হাসপাতালে চিকিৎসা করাবেন না, দরকার হলে বেলভিউ অথবা উডল্যাণ্ডে যাবেন চিকিৎসা করাতে। এর থেকে লজ্জার আর কিছু নেই। সরকারী হাসপাতালে কেন যাবেন না? কারণ সেখানে নিরাপত্তার অভাব বোধ করছেন। সুতরাং স্বাস্থ্যমন্ত্রী কি হিসাবে এই দপ্তর চালাচ্ছেন? পরিশেষে আমি আর একটি কথা বলি। বয়কট বলে একটি শব্দ আজ প্রায় ৭ বছর ধরে শুনে আসছি। গ্রামে গ্রামে প্রতিনিয়ত এই বয়কট চলে আসছে। ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যদের এই বয়কটের রোগ এমনভাবে ধরে গেছে যে আচার্যকে পর্যন্ত বয়কট করছে। সম্প্রতি ২৫ ফেব্রুয়ারী কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তারই নগ্নরূপ প্রকাশ পেল। তাই আমি রাজ্যপালকে দিয়ে পড়ানো এই অসত্য ভাষণের তীব্র প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহিমাংশু কুমার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া মহাশয় যেকথা বললেন, মেদিনীপুর জেলার কেশপুর গ্রামের তরুণ এবং সামসেদ আলি বিরোধ করে নিহত হয়েছে এই অভিযোগ সম্পূর্ণ অসত্য।

(গোলমাল)

শ্রীভক্তি ভূষণ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই হাউসে মাননীয় গভর্ণর যে স্পীচটি দিয়েছেন তারজন্য নিশ্চয়ই তাঁর কাছে আমরা ধন্যবাদ সূচক প্রস্তাব পাঠাচ্ছি এবং সেটাকে

আমি সমর্থন করছি। তবুও কতকগুলি জিনিস আমাদের দেখতে হবে, সেটা বিচার বিবেচনা করে দেখা উচিত। আমার মনে হয় ২০ বছর, ২৫ বছর আগে যেমন এ্যাসেম্বলী চলত এখন সেই ধরনে চালাতে গিয়ে আর খাপ খাইয়ে চলতে পারছে না। আমাদের বক্তব্যগুলি অন্য ধরণের হওয়া উচিত। আগেকার দিনে বক্তৃতার সঙ্গে আজকের বক্তৃতার যথেষ্ট পার্থক্য থাকা উচিত। এইজন্য বলছি যে আরা পৃথিবীটা ছোট হয়ে গেছে এবং লড়াইটা হচ্ছে ডেভালাপিং কান্ট্রি বনাম ডেভালপ্‌ড কান্ট্রি। এটার পরিপ্রেক্ষিতে সমস্ত বিষয়টা যদি না আনি তাহলে আমরা যদি স্টে থিংকিং করি তাহলে কিছু হবে না। অর্থাৎ সারা বিশ্বে লোকেরা শোষিত হচ্ছে ডেভালাপ্‌ড ক্লাসের দ্বারায় এবং আমাদের দেশ সেই জায়গাতে, অর্থাৎ ভারতবর্ষের যে কেন্দ্রীয় সরকার তাঁরা কয়েকটি ক্ষেত্রে শোষিত হচ্ছেন এবং সেই শোষণটা পুরো মাত্রায় আমাদের ঘাড়ে আরও চাপাবার চেষ্টা করেছেন এইজন্য এই অবস্থা হয়েছে। এটা ঘটনা যে আমরা ইচ্ছা করলেও গরীব মানুষদের ভাল করতে পারব না, এবং এটা আমরা স্বীকার করি যে যতটুকু পারি এই চেষ্টা চালাচ্ছি। একথা সত্যই যে, যে স্পীচটি তিনি দিয়েছেন তাতে ফ্যাকচুয়াল ষ্টেটমেণ্টগুলি আছে। কিন্তু এটা ইণ্টারলিংক, ইণ্টারন্যাশান্যাল। তারপর আসুন ন্যাশান্যাল এবং তারপরে আমদের পশ্চিমবঙ্গের যে এ্যাসেম্বলী সেই এ্যাসেম্বলী। এর পরিপ্রেক্ষিতে যদি বিচার না করি তাহলে আমার মনে হয় এখন ঠিক হল না। কারণ প্রবলেমটা এক্সপ্লয়টেড ক্লাসকে নিয়ে এবং সেই সঙ্গে সঙ্গে প্রবলেমস অফ পার্লামেণ্টারিয়াজিম এই জিনিসটা ভালভাবে যদি না বুঝি তাহলে কিছু হবে না। ওপক্ষ আমাদিগকে বলেন এই হয়েছে, এই হয়নি তাতে কিছু হবে না এবং তাঁরা যে বিরোধী ভূমিকা নিয়েছেন সেই বিরোধী ভূমিকাটা নেওয়া হচ্ছে না। দুঃখের বিষয় আজকে আমরা দেখছি লীডার অফ দি অপোজিসন আবার আসতে পারেন নি। সমস্ত বিষয়টা হচ্ছে সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে আজ আমাদের এ্যাড্রেসটা দেওয়া হয়েছে। আমি এইজন্য বলছি প্রায় ৪১টা প্যারাগ্রাফ আছে, এর মধ্যে এক, দুই তিন ধরে মেঠো বক্তৃতা করেছেন তাঁরা, কিন্তু এ্যাসেম্বলীর বক্তৃতা করা হয় নাই।

আমি এজন্য বলছি যে আমাদের দুটো সমস্যা, একটা হচ্ছে ইনফ্লেশন আর একটা হচ্ছে আন এমপ্লয়মেণ্ট, আমরা যদি এ দুটো কানেকটেড না করি, রাজ্য সরকার যদি সেন্ট্রাল গভর্ণমেণ্টের সঙ্গে কানেকটেড না করেন তাহলে এর উত্তর দেওয়া যায় না। ইনফ্লেশনের জন্য দায়ী কারা? ইনফ্লেশন কি হিসাবে আসছে? এখন দেখুন, আমি বলছি আজকে চিন্তা করা হচ্ছে কেন ইণ্টারন্যাশানাল ইনফ্লেশন হচ্ছে? ভারত সরকারকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হচ্ছে, আই. এম. এফ. এর টাকা কণ্ডিসন করে নিতে হচ্ছে। ভারত সরকারের মানি মার্কেটিংয়ের যে এ্যাপারেটাস সেটা নোট ইস্যু করছে। ওপেন মার্কেটিংয়ে যে ব্যাংক অপারেশন আছে সেই ব্যাংক অপারেশনটা তাঁদের হাতে আছে।

[5-30—5-40 P. M.]

এই সমস্ত মনিটারী এ্যাডভানটেজ এবং ডেফিসিট বাজেটই ইনফ্লেশন বাড়াচ্ছে। কাজেই তাঁরা যদি এইভাবে ইনফ্লেশন বাড়িয়েই যান তাহলে বামফ্রন্ট সরকার, যার লিমিটেড পাওয়ার আছে, সে সত্যিকারের কিছু করতে পারেনা। যার হাতে মনিটারী কণ্ট্রোল নেই, সে কি করে ইনফ্লেশন কণ্ট্রোল করবে? এগুলো ভাবতে হবে। কাজেই এটা হোল না, ওটা হোলনা বলে লাভ নেই। আমি বলছিলাম ইনফ্লেশন কার্ব করা যায়। ইনফ্লেশন কখন কার্ব করা যায়? যখন সিষ্টেম চেঞ্জ হয়। অর্থাৎ যখন ধনতান্ত্রিক সরকার, এখানে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট, উচ্ছেদ না হবে ততক্ষণ পর্যন্ত ইনফ্লেকশন কণ্ট্রোল হবে না। তাঁরা যতই উপদেশ আমাদের দেবার চেষ্টা করুন না কেন, আমাদের পক্ষে কিছু করা সম্ভব হবে না। কিন্তু আমার মনে হয় একটা ট্রানজিশন পিরিওডের জন্য আমরা রিলিফ পেতে পারতাম। সেটা হচ্ছে, অন্ততঃ পক্ষে কিছু করুন না করুন, যে ১৪টি বা ২০টি এসেনসিয়াল কমডিটিজ আছে—সেগুলো দেশের মানুষের ক্রয় ক্ষমতার কথা বিবেচনা করে সারা ভারতবর্ষে দেবার চেষ্টা করা। যদি এটা দেওয়া হয়, তারপরই কেবল বামফ্রন্ট সরকারের কথা উঠতে পারে যে তাঁরা ডিষ্ট্রিবিউশান ঠিকভাবে করেছেন কিনা? কিন্তু আদৌ যদি না দেন, তাহলে ইচ্ছা থাকা সত্বেও দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখা ছাড়া মানুষের জন্য কিছুই করতে পারবোনা আমরা। আর একটি জিনিষ হচ্ছে আন-এমপ্লয়মেণ্ট সমস্যা। এই আন-এমপ্লয়মেণ্টে ব্যাপারটাও ঠিক এইভাবেই আসে। ধনতান্ত্রিক ব্যবস্থা যতক্ষণ থাকবে, ততক্ষণ এই সমস্যা দূর করা যাবে না। তার কারণ হচ্ছে, যারা ইণ্টারপ্রিনোয়ার, একচেটিয়া পুঁজিপতি, তারা তাদের টাকা—যেটা ইউটি-লাইজ করা উচিত ফর দি ইণ্টারেষ্ট অফ দি নেশন—সেটা তারা করেন না। তাদের ইনভেষ্ট-মেণ্টটা হয় পুঁজি বাড়াবার স্বার্থেই। কারণটা হচ্ছে, যখন সে দেখে যে চাল, গম, ডালের উপর ইনভেষ্ট করলে এক টাকা লাভ হচ্ছে, কিন্তু যদি কুকুরের বকলেস্ তৈরী করবার জন্য টাকা ইনভেষ্ট করা যায় তাহলে পাঁচ টাকা লাভ হবে—সেক্ষেত্রে সে পাঁচ টাকা লাভের জন্য লাকশারী গুডসের উপরই ইনভেষ্ট করবে, সাধারণ মানুষের প্রয়োজনীয় এসেনশিয়াল কমোডিটিজের উপর ইনভেষ্ট করবেনা। এর ফল হিসাবে সাধারণ মানুষের দুঃখ-কষ্টই বাড়বে। কাজেই পুঁজিবাদকে আগে উচ্ছেদ করতে হবে। আপনারা যাঁরা কংগ্রেসী বেঞ্চে আছেন, আমরা যাঁরা এদিকে আছি—আমাদের রাজনৈতিক মতাদর্শে তফাৎ আছে। কিন্তু যদি সাম্ আপ্ করা যায় তাহলে দেখা যাবে যে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের কথা ওঁরাও বলেন, আমরাও বলি। কিন্তু ওঁদের সত্যিকারের পলেটিক্যাল ক্ষমতা কখনও দেওয়া হয়েছে কি? আমরা—মিডল্ ক্লাস পিপ্‌ল, সমাজের ইনটেলেকচুয়ালস্—ক্ষমতা ব্যবহার করি, অথচ আমরা বলি গরিব মানুষের ভাল করবো, সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের ভাল করবো। কিন্তু এইভাবে কখনই ভাল করা যায় না। রাজনৈতিক ক্ষমতা যে শ্রেণীর হাতে থাকে সেই শ্রেণীই সবচেয়ে বেশী সুবিধা পায়। এইভাবে মানুষকে হয়তো খানিকটা পাইয়ে দিতে পারি কিন্তু প্রকৃত কথা হচ্ছে রাজনৈতিক ক্ষমতা যদি হাতে না আসে তাহলে ভাল করা যায় না। আমার যাতে ভাল হবে সেটা নিশ্চয়ই বলবো।

কারণ আমরা ক্রিটিসিজিম করি। নিজেদের যেমন ক্রিটিসিজম করতে হবে তেমনি আপনাদের যেটা ভুল হচ্ছে তারও ক্রিটিসিজম করতে হবে। আমি এটা আপনাদের বলছি, এটা আপনারা বিচার বিবেচনা করে দেখবেন। আমি বলছি না প্রাইম মিনিষ্টার অফ ইণ্ডিয়া ইন্দিরা গান্ধী হটে গেলেই ইণ্ডিয়া স্বর্গ রাজ্যে পরিণত হবে। আমার বক্তব্য হলো ইন্দিরা গান্ধীর যে সিস্টেম সেই সিস্টেম যদি সম্পূর্ণ ভাবে নষ্ট করতে না পারি তাহলে গরীব মানুষের ভাল করা যাবে না। ইন্দিরা গান্ধী চলে গেলে হয়ত মোরারজী দেশাই বসবেন। কিন্তু তাতে কোন ফল হবে না। আসল কথা হচ্ছে এই ধনতান্ত্রিক সিস্টেমকে পাল্টাতে হবে। যদি আপনারা গরীব দরদী হন তাহলে এই সিস্টেমকে চেঞ্জ করুন। গরীবদের ভালো করবো এটা কেবলমাত্র মুখে বললেই হবে না। আমি চীন দেশের কথা বলছি, আমি নিজের চোখে দেখে এসেছি যে রুরাল এরিয়ায়—আপনারা চিন্তা করতে পারবেন না—সমস্ত মানুষের ইনফ্লেসান বাড়েনি। আপনারা সেখানে গিয়ে দেখে আসুন চীন দেশ লড়াই করে কি করেছে। তারা যে কমিউন সিস্টেম তৈরী করেছে সেই ব্যাপারে আপনারা একটু পড়াশোনা করুন তাহলেই জানতে পারবেন। সেখানে যে সমস্ত আনএমপ্লয়েড ম্যান আছে তাদের নিয়ে প্ল্যান এ্যাণ্ড প্রোগ্রাম তৈরী হয়েছে। সেখানে আজকে শতকরা একভাগ আনএমপ্লয়েড ম্যান আছে। কেন না তারা ১০ ক্লাস পাস করার পর যখন কলেজে যায় তখন সে যদি আনএমপ্লয়েড থাকে তখন স্ক্রিনিং করে টেমপুরারী এমপ্লয়মেণ্ট দেওয়া হয়। আমি যেটা বলছি সেটা প্রত্যেক সোসালিষ্ট কানটিতেই দেখতে পাবেন। আপনারা তো রাশিয়া যাবার জন্য ছোটাছুটি করেন এবং ইন্দিরা গান্ধীও যান, সেখানে গিয়ে দেখে আসুন কি হচ্ছে। আমি যে আনএমপ্লয়মেণ্টের কথা বলছি সেই আনএমপ্লয়মেণ্ট সল্‌ভ প্লানিং ছাড়া হয় না। আর একটা কথা বলছি যেটা শুনলে অবাক হবেন, ১৯৫২-৫৩ সালে যে প্রাইস লেভেল ছিল ১৯৮০ সাল পর্যন্ত সেম প্রাইস লেভেল আছে। এই কথা আমি আপনাদের সামনে বলছি। এটা যদি না হয় তাহলে পরে একদিন এই ব্যাপারে বলবেন। অর্থাৎ ভেবে দেখুন যেখানে প্রাইজ লেভেলের ইনডেক্স নাম্বার ৫০০-৬০০ যদি ১৯৩৮ সালকে বেসিক প্রিয়ড ধরা হয়—সেখানে বেড়ে ৮০০-৯০০ হয়ে গিয়েছে ১৯৮০ সালে। সেখানে যে সিস্টেম আছে, আপনারা চেষ্টা করুন যাতে ভারতবর্ষে এটা হতে পারে। যদি তা না করতে পারেন তাহলে মানুষের ভাল করা যাবে না। কেবলমাত্র এখানে এসে চেঁচামিচি করলেই কাজের কাজ হবে না। আমি বলছি কি অবস্থা দাঁড়িয়েছে। একজন গভর্ণর কন্সটিটিউসনালি করেছেন, আইনের ক্ষেত্রে তাঁকে যা বলানো হয় তাই তিনি বলে যান। This is the irony of a capitalist structure of society.

[5-40 – 5-50 P.M.]

আমাদের বক্তব্যে যেগুলো ভাল আছে, সেগুলো আপনারা শুনুন। একথা আমি এইজন্য বলছি যে, এটা হচ্ছে ডিবেট। তর্ক বিতর্কের মধ্যে দিয়ে যাতে আসল জিনিসটা বেরিয়ে আসে, সেই জন্যই এখানে ডিবেটের ব্যবস্থা। এখানে মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলী মহাশয় বিরোধিতা করছেন। উনি নিজেও হয়ত আমাদের পদ্ধতিকে ভাল বলে মনে করেন, কিন্তু বলার কোন

অধিকার ওঁর নেই। ওঁকে আমি বলছি যে, ব্যক্তিগত ভাবে আক্রমণ করে কখনও কিছু বলি না বা ওঁর বিরুদ্ধে কোন বক্তব্যও আমি রাখছি না। আমি কেবল এখানে যে সিস্টেম চালু আছে, তার উপরেই বলছি। আমাদের মধ্যেও হয়ত খারাপ কিছু থাকতে পারে। কিন্তু একটা কথা এখানে না বলে পারছি না—সেটি হচ্ছে উনি ওকালতি করেন, আমি ওঁর বিরুদ্ধে কিছু বলছি এমন অনুমান করেন কিভাবে তা বুঝতে পারি না। এই বইটিতে যা লেখা আছে, তার উপরেই এক একটি বিষয়ে সম্বন্ধেই আমরা এখানে আলোচনা করি। আপনারা বইটির সমস্ত প্যারাগ্রাফ পড়ে দেখে বলুন, ফ্যাক্টের কোন ভুল এখানে আছে কিনা। গভর্ণরের যা বক্তব্য বইটির মধ্যে লেখা আছে, তা সমস্তই আমি পড়েছি। এই স্টেটমেণ্টকে ক্রিটিসাইজ করা যেতে পারে—ইন দিস সাইড অর দ্যাট সাইড। কিন্তু আমি চ্যালেঞ্জ করে বলছি, ফ্যাক্টের কোন ভুল আছে বলে আপনারা প্রমাণ করতে পারবেন না। যেহেতু এর মধ্যে ফ্যাকচুয়াল স্টেটমেণ্ট আছে, সেইহেতু আমি একে সমর্থন জানাই। আপনাদের রাইট আছে স্টেটমেণ্টের উপরে অনেক কিছু বলার। এখানে যা বলা হয়েছে, তা হয়ত ভাল লাগতে না পারে আপনাদের। কিন্তু মাননীয় বন্ধুদের কাছে জানাই, আপনারা এর মধ্যে ফ্যাক্টের কোন গণ্ডগোল আছে যদি দেখাতে পারেন তাহলে আমি খুশী হব। এই বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় বিধানসভাতে যে বক্তব্য রেখেছেন, তাকে আমাদের দলনেতা প্রতিবাদ করেছেন। আমিও এই বক্তব্যকে প্রতিবাদ জানাচ্ছি। ভারতবর্ষের সংবিধান অনুযায়ী, প্রধানমন্ত্রী এবং তাঁর ক্যাবিনেটের বক্তব্য রাষ্ট্রপতি যেমন লোকসভাতে বলেন, বিভিন্ন বিধানসভায় শাসক দলের সরকারের এবং তার ক্যাবিনেটের বক্তব্য রাজ্যপালকে যথারীতি পাঠ করতে হয়। পশ্চিমবাংলার বামফ্রণ্ট সরকারের বক্তব্য মাননীয় রাজ্যপাল মহাশয় ঠিক তেমনিভাবে আমাদের সামনে রেখেছেন।

যে সমস্যাগুলি রাজ্যপালের বক্তৃতার মধ্যে থাকা উচিত ছিল সেগুলি আমরা দেখতে পাইনি যারজন্য আমরা সংশোধনী প্রস্তাব দিয়েছি, যদিও বিধানসভায় এখনও পর্যন্ত তার সবগুলি পাইনি। সরকারী দলের পক্ষ থেকে যেসব কথা বলেছেন তার মধ্যে চটকল সমস্যার কথা আছে। আমরা কি আশা করতে পারি না চটকল সমস্যার প্রতিকারের কথা তাঁর ভাষণের মধ্যে থাকবে? কোলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে বলব। সেখানে ক্রমাগত যেসব ঘটনা ঘটছে উপাচার্য নিয়োগ নিয়ে এবং সরকারী দলের যিনি উপাচার্য হতে পারেননি তার পরিপ্রেক্ষিতে আজকে শিক্ষা জগতের সংঙ্গে যাঁরা জড়িত তাঁরা আশা করেছিলেন কোলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে কিছু কথা রাজ্যপালের ভাষণে থাকবে এবং ১০০ বছরের পুরাণো এই বিশ্ববিদ্যালয়ের সমস্যগুলি প্রতিফলিত হবে। অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নতি সাধনের কথা এই বক্তব্যের মধ্যে থাকবে। কিন্তু সেসব কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। আমরা বর্তমানে প্রতিনিয়ত যেটা লক্ষ্য করছি সেটা হচ্ছে আইনশৃংখলার প্রশ্ন। আজকে মেনসানের সময় সরকারী দলের প্রতিনিধিরা যেসব

কথা বলেছেন আমরা কি তা থেকে সিদ্ধান্ত করতে পারি না। যে পশ্চিমবাংলায় আইনশৃংখলা একটা দূরবস্থার মধ্যে চলছে, প্রশাসন বলতে কিছু নেই, পুলিশের মধ্যে অস্থিরতা দেখা যাচ্ছে, পুলিশ সুপার ঘেরাও হচ্ছে। অর্থাৎ সেখানে এমনভাবে ভ্যাকুয়াম সৃষ্টি করা হচ্ছে যাতে করে একটা অরাজকতা সৃষ্টি হচ্ছে। বাঁকুড়া জেলায় ৭জন ডি. এম, এস. পি. এর মধ্যে বদলী হলেন যা অনুরূপভাবে পশ্চিমবাংলার সর্বত্র চিত্র। রাজ্যপাল ভাষণে বলেছেন পঞ্চায়েত নির্বাচনের সময়ে পশ্চিমবাংলার আইনশৃংখলা কিছুটা প্রকট হয়েছিল এবং এখন কিছুটা সাবলীল গতিতে চলছে। কিন্তু প্রতিনিয়ত খুন, ডাকাতি, রাহাজানি, ট্রাক ছিনতাই প্রভৃতি চলছে। এবং প্রতিনিয়ত স্বরাষ্ট্র দপ্তরে সে সংবাদ যাচ্ছে। সেখানে আমরা কি আশা করতে পারিনা রাজ্যপালের ভাষণে সেসব চিত্র পরিষ্কার থাকবে? কিন্তু সেসব কিছু নেই। মধুসূদন বাউড়ী ১৫'২ তারিখে প্রকাশ্য দিবালোকে বাঁকুড়ার বিশ্বকর্মা সিনেমার সামনে খুন হল। পুলিশ কি জানেনা কারা সেই খুনী? সেইভাবে বিভিন্ন ঘটনায় যেসব দুষ্কৃতকারী আছে পুলিশ কি তাদের ধরতে পারেনা। উজ্জ্বলের হত্যাকারীকে যদি পুলিশ ধরতে পারে, তার মৃতদেহ যদি উদ্ধার করতে পারে তাহলে পুলিশ সব পারে। কিন্তু তারা তা করেনা।

[5-50—6 00 P.M.]

সেইসব চিত্রগুলি আমাদের চোখের সামনে ভাসছে। ভক্তিবাবু এবং আমাদের সকলের চিন্তাধারা যেখানে এক, আমরা প্রত্যেকেই যেখানে চাচ্ছি যে দেশে শান্তি হোক, দেশে খুন-খারাপি বন্ধ হোক, দেশের প্রগতি হোক, সেখানে দুঃখের বিষয় আইন-শৃংখলার বিস্তারিত বিবরণ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে অনুন্নত জেলাগুলির দূরবস্থার কোন উল্লেখ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন সরকারের দেওয়া অর্থ কিভাবে বেপরোয়াভাবে দলীয় প্রভাবে প্রভাবিত হয়ে সেগুলির বিলি বন্দোবস্ত হচ্ছে। বাঁকুড়া জেলার সদর থানার ৯টি অঞ্চলে আই আর ডি পি লোনের জন্য যাদের প্রান্তিক চাসী হিসাবে সিলেকশান করেছে পঞ্চায়েত থেকে তারা ২০ হাজার টাকা ধান বিক্রি করেছে। তারা ১২ হাজার টাকা আই আর ডি পি লোন পাচ্ছে। মার্ডার কেসে যুক্ত আছে, লোয়ার কোর্টে পানিশমেণ্ট হয়েছে, হাইকোর্টে আপিল হয়েছে তার টাকা যোগান হয়ে আছে আই আর ডি পি লোন থেকে। আর তার পাশে যেহেতু কংগ্রেস করে, যেহেতু সরকারী দলের সাথে যুক্ত নয় সেইহেতু তাদের এই লোন থেকে বঞ্চিত করা হচ্ছে। একবার লোন নিয়ে দেনাগ্রস্ত অবস্থায় আছে, সেই অবস্থায় স্ত্রীর নামে বা অন্য ছেলের নামে আবার লোন নিচ্ছে। এই পদ্ধতিগুলি পরিবর্তন করা দরকার। এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করলে কোন প্রতিকার হয়না যেহেতু কংগ্রেসের ব্যক্তি বা কংগ্রেসের এম এল এ-রা জানাচ্ছে। বামফ্রন্ট সরকার সেগুলি চিন্তা ধারার মধ্যে আনেন না। আজকে সেগুলি যদি চিন্তাধারার মধ্যে নিয়ে আসা হয় সেখানে যদি বৈষম্যমূলক আচরণ না হয় তাহলে যে উদ্দেশ্যে আই আর ডি পি প্রকল্প যেটা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে চালাচ্ছেন সেটা আরো বিস্তার লাভ করবে। আজকে সমবায়ের লোন

আদায়ের জন্য নোটিশ জারি করতে হয়েছে। সমবায়ের লোন আদায় হচ্ছে না। ১৯৭২-১৯৭৭ সালে কত লোন আদায় হয়ে ছিল? আজকে সেখানে কেন লোন আদায় হচ্ছে না? একদিন আপনারাই যাদের বলেছিলেন লোন নিলে লোন শোধ করতে হবে না আজকে সেটা আপনাদের কাছে বুমেরাঙ হয়ে ফিরে এসেছে। আজকে সমবায়ে কোটি কোটি টাকা বাকি আছে, ঋণ পরিশোধ হচ্ছে না। পরিবহন মন্ত্রী বলেছেন ৭·৭০ কোটি টাকা বাকি আছে, পরিশোধ হচ্ছে না। এই অবস্থায় সরকারের এমন একটা চিন্তা-ধারা থাকবে যে চিন্তা-ধারা প্রত্যেকটি ক্ষেত্রে প্রযোজ্য হবে, সেখানে নিরপেক্ষভাবে কাজ করা হবে, তাহলেই তার একটা সুফল পাওয়া যাবে। কিন্তু সেখানে ব্যতিক্রম ঘটছে বলেই আমরা বিভিন্নভাবে সমালোচনা করছি। আমরা দুগ্ধ সরবরাহ ক্ষেত্রে ব্যর্থতা লক্ষ্য করছি। ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে দুগ্ধ সরবরাহ করার জন্য মাননীয় মন্ত্রীকে ব্যবস্থা করতে হচ্ছে। আমাদের দুগ্ধ উৎপাদনের যে ব্যবস্থা ছিল সেটা ব্যর্থ হল কেন? সে সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই। পরিবহনে কোটি কোটি টাকা অনাদায়, রাস্তায় বের করা বাসগুলি কেন চলছে না, কেন পরিবহন ব্যবস্থা একটা অব্যবস্থার মধ্যে চলছে, বিধানসভায় নতুন বিল এনে সি এস টি সি'র চেয়ারম্যান করলেন তবুও কেন সেখানে লোকসান যাচ্ছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

এই যে অব্যবস্থা চলছে তার প্রতিকার আমরা কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি না। স্মল স্কেল ইনডাষ্ট্রিস এবং অন্যান্য ইনডাষ্ট্রির ব্যাপারে যে সমস্ত লগ্নী করার কথা বা যে সমস্ত লেটার অব ইনটেন্ট আপনারা পেয়েছেন তাতে শিল্পমন্ত্রী এবং ক্ষুদ্র শিল্পমন্ত্রী যদি আমাদের জানান তাহলে খুশী হব যে আমাদের এই পশ্চিমবাংলাতে কেন কেন্দ্রের দেয়া ভরতুকী ঠিকমত ব্যয়িত হচ্ছে না বা আসছে না? অন্যান্য স্টেট-এর তুলনায় আমাদের এই অবস্থা কেন দয়া করে জানালে খুশী হব। রাজ্যপালের ভাষণের মধ্যে এ সম্বন্ধে আমরা কিছু দেখছি না। তারপর সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে ওই ২৫ হাজার টাকা দেবার ব্যাপারে যে ব্যবস্থা করা হয়েছে সেখানে দেখছি বৈষম্যমূলক আচরণ। গ্রামীণ শিল্প, কুটির শিল্পের ক্ষেত্রে ওই একই অবস্থা চলছে এবং এর ফলে গ্রামগুলি শ্মশানে পরিণত হয়েছে। আপনারা যদি বাজেট বরাদ্দ বাড়িয়েই থাকেন তাহলে গ্রামে কেন এত হাহাকার এবং গ্রাম থেকে মানুষগুলো শহরে আসছে কেন? আপনারা গ্রামীণ অর্থনীতিকে দুর্বল করছেন কেন? কাজেই রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন আমি তার প্রতিবাদ করছি এবং এই ব্যাপারে যে সমস্ত সংশোধনী আমাদের দলের তরফ থেকে দেওয়া হয়েছে এবং বিশেষ করে আমি যেগুলি দিয়েছি সেগুলি গ্রহণ করবার জন্য আপনার মাধ্যমে আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ একটা ঘোষণা আছে। কাল বেলা ১২টায় আমার চেম্বারে রেজিলিউসনের ব্যাপারে লটারি হবে। যে সমস্ত মাননীয় সদস্য উপস্থিত থাকতে চান তাঁরা আসবেন।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব আনা হয়েছে আমি তার সমর্থনে আমার বক্তব্য পেশ করছি। আমি আশা করেছিলাম বিরোধীদলের চিফ হুইপ তাঁর বক্তৃতার ধরনটা পাল্টাবেন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম তিনি তাঁর বক্তৃতার ধরন পাল্টাননি। আজ পর্যন্ত যতদিন তাঁকে হাউসে বক্তব্য পেশ করতে দেখেছি সেই চিরাচরিত প্রথায় আজও তিনি বক্তব্য পেশ করলেন। মাননীয় রাজ্যপাল তাঁর বক্তৃতায় প্রতিটি প্যারাগ্রাফে নির্দিষ্টভাবে কতগুলি তথ্য দিয়েছেন এবং বলেছেন গত বছরে আমরা কি কাজ করতে পেরেছি এবং আগামী বছরে কি কাজ আমরা করতে চাই। প্রথমেই উচিত ছিল বিরোধীদলের যে কোন বক্তার বিশেষ করে বিরোধীদলের অন্যতম নেতার সেই তথ্যগুলি মিথ্যে প্রতিপন্ন করার চেষ্টা করা। অথবা তাঁরা আর একটা পথ নিতে পারতেন—জানিনা কেন তাঁরা সেই পথ নিলেন না।

[6-00—6-10 P. M.]

তিনি এই কথা বলতে পারতেন যে কি টাকা নিয়ে আমরা কাজ আরম্ভ করেছিলাম। আমাদের হাতে যে টাকা ছিল তার অঙ্ক এখানে বলে দেওয়া আছে। আমাদের হাতে মাত্র ২১০৭৯ কোটি টাকা ছিল এবং সেই টাকা নিয়ে আমরা কাজ আরম্ভ করেছিলাম। এবং সেই টাকাতে আমরা এই টুকু কাজ করতে পেরেছি সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই কাজ যে যথেষ্ট নয় সেটা আমাদের থেকে বেশী আর কেউ জানে না। আমরা এর থেকে আরও বেশী কাজ করতে চাই এবং বেশী কাজ করতে চেয়েছি। কিন্তু কাজ করতে গেলে টাকার প্রশ্ন সব চেয়ে আগে এসে পড়ে। আমাদের হাতে যে টাকা আছে তার থেকে আরও বেশী যদি আমদানি না করা যায় তাহলে কাজও এর থেকে বেশী হতে পারে না, এই কথাটা বলার দরকার হয় না। এর আগে আমি আসি যে আমরা যেভাবে টাকা সংগ্রহ করেছি সেই কথার দিকে। আজকে ভারতবর্ষের অর্থনৈতিক বিলি ব্যবস্থা যাদের হাতে আছে তাদের যেভাবে আমাদের সাহায্যে এগিয়ে আসা উচিত ছিল সেইভাবে তাঁরা এগিয়ে এসেছে কিনা। এবং তার হিসাবগুলি একটু আমরা দেখি তাহলে সব পরিষ্কার হয়ে যাবে যে বাস্তবিকভাবে আমরা কিরকমভাবে টানাটানির মধ্যে কাজ করবার চেষ্টা করেছি। সুব্রতবাবু যে কথা বলেছেন, ভাল কথা, যে দেউলিয়া সরকার তো আমরা কি করতে পারি? তিনি একজন নেতা হিসাবে এখানে এসেছেন। কিন্তু তিনি দয়া করে এটা মনে রাখবেন যে দেউলিয়া সরকার শুধু পশ্চিমবাংলা সরকার নয়, খোদ দিল্লীর সরকার একটা দেউলিয়া সরকার। আর দেউলিয়া সরকার যদি দিল্লীর সরকার হয় তাহলে শুধু পশ্চিমবাংলা সরকার কেন সমস্ত সরকারেরই দেউলিয়া সরকার ছাড়া আর কোন আখ্যা হতে পারে না। সুতরাং মনে রাখতে হবে যে বেসিক লিমিটেসনটা কোথায়। তাদের একটু মগজ ধোলাই দরকার এবং সে সময়ও আসছে। আমরা সীমিত সম্পদের কথা তো বলিই। আর তা শুধু এ রাজ্যেই নয়। কিন্তু আজকে পশ্চিমবাংলাতেই এই কথা উঠেছে। কেন না পশ্চিমবাংলায় আজ

একটা নূতন এক্সপেরিমেণ্ট সুরু হয়েছে। একটা নূতন দল ক্ষমতায় এসেছে। এর আগে কারা রাজত্ব করেছে। সমস্ত স্তাবকের দল এখানে এই রাজ্য চালিয়েছে। তাদের কোন ক্ষমতা ছিল কি যে দিল্লীর মুখের উপর মুখ তুলে কথা বলতে পারে? তাদের সে হিম্মত ছিল? দিল্লী যেভাবে বলেছে সেইভাবে তাদের চলতে হয়েছে। পদলেহীর দল স্তাবকের দল, চাটুকারের দল সেইভাবেই চলেছে। তাই আজকে এই অবস্থা এবং তাই আজকে লিমিটেড পাওয়ারের কথা তুলতে হয়েছে। বিরোধী দলের সদস্যরা এবং নেতারা বুঝতে পারছেন যে আমরা কাজের ভিতর দিয়ে দেখিয়ে দিচ্ছি যে কোথায় সেই লিমিটেসন। লিমিটেসন-এর প্রশ্ন এসেছে এবং সেটা শুধু এখানে নয় দিল্লীতেও এই প্রশ্ন উঠবে যে ইন্দিরা গান্ধীও সেই লিমিটেসনে ভুগছেন। দিস টাইপ অব লিমিটেসন, ক্যাপিটেলিষ্ট সিসটেম আজকে আছে এবং তার যন্ত্রনা কোথায় সেটা তারা বুঝতে পারছেন।

সেই ক্যাপিট্যালিস্ট সিসটেমের বেসিস, রটন টু দি ভেরি কোর, তার ভিত্তিতে আজকে আপনারা চালাচ্ছেন। নূতন দেশ তৈরী করবেন? ঐটাকে কি বলে? ঐ ভাবে পাথরের সোনার বাটি কোন কালে হবে না। বিকজ ইট হজ ইয়োর ওন সিসটেম, আপনারা বলতে সাহস করছেন না, বলবেন না আপনারা, বিকজ ইউ হ্যাভ গট ক্লাস ইনটারেস্ট। এই সিসটেমকে আপনারা টিঁকিয়ে রাখতে চান। এই সিসটেমকে আপনারা ৪০ বছর ধরে চালিয়ে আসছেন। যা করে যাচ্ছেন, সেটা আবাধে করে যেতে পারেন না, আপনারা ডিফিটেড, গত ৪০ বছরের ইতিহাস তা প্রমান করে দিয়েছে। ইয়োর সিসটেম হ্যাজ ডিফিটেড, ইউ হ্যাভ ডিফিটেড, এ্যাবসলিউটলি ডিফিটেড এবং একটা রটন টু দি ভেরি কোর, এই সিসটেমটাকে নিয়ে এক্সপেরিমেণ্ট করছেন বলে আজকে আপনারা এই জায়গায় এসে দাঁড়িয়েছেন। আর আমাদের বলছেন দেউলিয়া। দেউলিয়া যে আপনারা, তা এখনও আপনারা বোঝেন নি। এই হিসাবের মধ্যে না গিয়ে আমি দু একটি কথা বলি, কোন জায়গায় দাঁড়িয়ে, আজকে লিমিটেশনের কথা বলেন, সেল্‌ফ রিলায়েন্সের কথা বলেন, দেশকে গড়ে তুলবেন? কি ভাবে গড়ে তুলবেন? আজকে অন্য কথা বাদ দিই, ৫৮ হাজার কোটি টাকা এক্সটার্নাল এবং ইণ্টার্নাল লোন যা নিয়েছেন, তা কোথায় গেছে? টাকার হিসাবটা দিতে পারেন? এই ৫৮ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার যে লোন নিয়েছেন এক্সটার্নাল এবং ইণ্টার্নাল লোন তার হিসাব দিতে পারবেন? গত ৪০ বছরে ৫৮ হাজার কোটি টাকা কোথায় ইনভেস্টেড হয়েছে, দেখাতে পারেন? ওভার ড্রাফ্‌ট নিয়েছি বলে দেউলিয়া আমরা হয়েছি। আপনারাই দেউলিয়া হয়েছেন, গোটা দেশকে দেউলিয়া করেছেন। গোটা দেশের সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলা স্বর্গ রাজ্য হতে পারে না হয়তো বলবেন, এতই যদি খারাপ অবস্থা তাহলে এসেছি কেন? তার জবাবটাও শুনে রাখুন। এই জন্য এসেছি—স্বার্থে স্বার্থে সংঘাত আজকে সারা ভারতবর্ষকে ছেয়ে ফেলেছে। আপনারা জোতদার, আমরা চাষী। তাই আপনারা মালিক ও মালিকের দল, আমরা চাষী, মজুরের দল। মনে রাখবেন, আপনারা গত ৪০ বছর ধরে ক্ষমতায় থেকে মজুরকে ঠেঙ্গিয়েছেন, চাষীকে ঠেঙ্গিয়েছেন। সেই জন্য আজকে ক্ষমতা যদি

আমাদের হাতে থাকে, তাহলে আমরাও আপনাদের ঠেঙ্গিয়ে একটু হাতের সুখ করে নিতে পারবো, এই সুযোগ আমরা ছাড়বো না। এতদিন খুব সুখ আপনারা করেছেন, যা খুসী করেছেন, এবার সেই জন্য একটু পালা বদল হয়েছে। সেই জন্য আমরা ক্ষমতা পেয়েছি এবং আমরা এই ক্ষমতা হাতে রাখার চেষ্টা করবো। এই ক্ষমতা হাতে নিয়ে যতদূর সম্ভব চাষী, মজুর, মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত—চাষী মজুরের দলকে আমরা যতটা পারি ক্ষমতা দেব, শক্তি দেব, আন্দোলনে রসদ যোগাবো। এই হচ্ছে আমাদের একমাত্র লক্ষ্য। কিন্তু স্বর্গ রাজ্য আমরা বানাতে আসিনি। এই অবস্থা আপনারাই করেছেন, ৫৮ হাজার কোটি টাকা ঋণ করেছেন, টাকাটা গায়েব করেছেন। আজকে ওভার ড্রাফ্‌টের কথা বলছেন। অভার ড্রাফ্‌টের মানে কি? ওভার ড্রাফ্‌ট শোধ করে দিতে হয়। ওভার ড্রাফ্‌টটা এক ধরণের ডেফিসিট ফাইন্যান্সিং। ডেফিসিট ফাইন্যান্স তো বছর বছর করেন আপনাদের দিল্লীর সরকারও, এটা ভুলে গেছেন? ডেফিসিটি ফাইন্যান্স বছরে আপনাদের দুই থেকে তিন হাজার কোটি টাকা হচ্ছে এবং মনে রাখবেন, সেখানেই শেষ হয়ে যাচ্ছে না। শুধু ট্রেজারি বিল করে, নিউ মানি কিয়েট করছেন দু হাজার কোটি টাকা। কি মারাত্মক হচ্ছে অবস্থাটা সেটা এখনও বুঝতে পারছেন না।

[6-10—6-20 P. M.]

শুধু তাই নয়, এছাড়া প্রতি বছর ৫ হাজার কোটি টাকার ব্যাংক ক্রেডিট আছে। এমনি করে ৭ থেকে ৮ হাজার কোটি টাকা ডেফিসিট ফিন্যানসিং হচ্ছে। দেশকে কোথায় দাঁড়াবার জায়গা দিয়েছেন? দেশটা কোথায় দাড়িয়ে আছে, কোন্ জায়গায় দাঁড়িয়ে আছে? ডাঃ মানস ভূইঞা একেবারে কেঁদ ভাসিয়ে দিলেন যে, চিকিৎসার জন্য ওষুধ নেই, হাসপাতাল নেই, ডাক্তার নেই। আপনারা ৪০ বছর রাজত্ব চালিয়ে হাজার হাজার কোটি টাকা খরচ করেছেন। উন্নতি হয়নি কেন? গত ৪ বছরে ৯৭ হাজার কোটি টাকা পাবলিক সেকটর আউটলে হয়েছে, ৯৭ থাউজ্যাণ্ট কোরস অব রুপিজ। আমি ডাঃ আবেদিন এবং বিরোধী দলের চীফ হুইপকে জিজ্ঞাসা করছি—এই ৯৭ হাজার কোটি টাকা যে খরচ হয়েছে, এর ক'পয়সা পশ্চিমবাংলায় এসেছে? এই আউটলের কত টাকা পশ্চিমবাংলার প্রাইভেট সেকটরে এসেছে? এর পরে আসে সিক্স্থ ফাইভ ইয়ার প্ল্যানের কথা। প্রাইভেট সেকটর আউটলে ৭২ হাজার কোটি টাকা হয়েছে। এর ক'পয়সা পশ্চিমবাংলায় এসেছে? এইগুলি কি আপনারা একবারও চিন্তা করেছেন? এগুলো আপনারা একটু চিন্তা করুন। এত হাজার হাজার কোটি টাকা খরচ করে ওরা যে ৫৮ হাজার কোটি টাকা গায়েব করে দিলেন ইণ্টারন্যাশন্যাল এবং ইণ্টারন্যাল, যে জন্য ৫ থেকে ৭ হাজার কোটি টাকা ডেফিসিট ফিন্যানসিং করেও কুল পাচ্ছে না—অথচ আমাদের ১০০ কোটি টাকার এ্যানুয়্যাল প্ল্যান বেশী হবে না কম হবে, সেটা নিয়ে এক দফা নয় ১০ দফা আলোচনা করেও মীমাংসা হচ্ছে না। গত বছর এই ১০০ কোটি টাকার প্ল্যান বাড়ানো নিয়ে অনেক দর কষাকষি হয়েছে এবং এই দর কষাকষি করেও কোন ফল হল না। শেষ পর্যন্ত আমাদের ১০০ কোটি টাকার প্ল্যান কমাতে হয়েছে।

এবারেও সেই একই খেলা চলেছে। সমস্ত কিছুরই অগোচরে হাজার হাজার কোটি টাকার সম্পদ সংগ্রহ করা হচ্ছে এবং খরচ করা হচ্ছে। এই সমস্ত টাকা নিয়ে মিসেস গান্ধী এবং তার অনুচরেরা দিল্লীতে একটা ডিসক্রিসনারী ফাণ্ড খুলেছেন। যারা তাদের পেয়ারের লোক তাদের টাকা দেবেন, আর যারা পেয়ারের লোক নন তাদের টাকা দেবেন না, এই হচ্ছে লজিক—এই জিনিস চলেছে। এই ভাবে দেখা যাচ্ছে সারা দেশ জুড়ে একটা নৈরাজ্য সৃষ্টি করা হয়েছে। কিন্তু এত নৈরাজ্য সৃষ্টি করার চেষ্টা করা সত্বেও তারা হালে পানি পাচ্ছে না। এই বিষয়ে আমি দু একটি দৃষ্টান্ত দিচ্ছি। আমরা ২ হাজার কোটি টাকা নিয়ে এদিক ওদিক করছি। মিনিষ্ট্রি অব প্ল্যানিং থেকে যে বই দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ১৯৮০/৮১ সালে ২২/২৩ হাজার কোটি ইনভেষ্টমেণ্ট হয়েছে। এই এত হাজার কোটি টাকা খরচ করার পরেও কিন্তু ভারতবর্ষ ভাল চলছে না। আপনারা ঐ যে চিকিৎসার কথা বললেন, ওষুধ নেই, ডাক্তার নেই ইত্যাদি ইত্যাদি এই সব জিনিস হয়েছে। স্বাধীন ভারতের ৭২ কোটি লোকের জন্য শয্যা সংখ্যা কত? ৫ লক্ষ ৫২ হাজার। মানুষ প্রতি ক'টা করে শয্যা হয় সেটা আপনারা একটু কষে নেবেন। সারা ভারতবর্ষে নথিভুক্ত ডাক্তারের সংখ্যা কত? ২ লক্ষ ৪১ হাজার। ৪০ বছর ধরে এই রকম ডিসক্রিসনারি ফাণ্ড ক্রিয়েট করে এত হাজার হাজার কোটি টাকা খরচ করে দেশকে এই জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছেন। পশ্চিমবাংলায় একা বামফ্রন্ট সরকার আছে বলে এই অবস্থা হয়েছে? দু একটি রাজ্যের ক্ষমতা আপনাদের হাত থেকে চলে গেছে। কিন্তু সারা দেশের এই শোচনীয় চিত্র আপনারা সৃষ্টি করেছেন। আর নথিভুক্ত নার্সের সংখ্যা কত? ১ লক্ষ ৩৫ হাজার।

চিৎকার করছেন নার্স নেই, ডাক্তার নেই, হাসপাতাল নেই, ঔষধ নেই। কার কাছে মায়াকান্না ভাই? যারা ৪০ বছর ধরে দেশকে এই সিসটেমে চালিয়ে আজকে এই জায়গায় দাঁড় করিয়েছেন মায়াকান্না কাঁদতে হয় তাদের কাছে গিয়ে কাঁদুন, বলতে হয় তাঁদের কাছে গিয়ে বলুন। তাঁদের বিরুদ্ধে কথা বলার মুরোদ কি আপনাদের কারুর আছে? আমার মনে হয় এখানে সে মুরোদ আপনানের কারুর নেই। অপনাদের মুরোদ এই গোলঘরে এসে জ্যোতি বসু এবং বামফ্রন্ট সরকারের শ্রাদ্ধ করা, এরচেয়ে বেশী মুরোদ আপনাদের নেই। তা যদি থাকতো তাহলে এগুলি তাদের বলতেন। আপনারা বিদ্যুতের কথা বলেছেন। ৪০ বছর ধরে আপনারা বিদ্যুতের সর্বনাশ করে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন তা কি আপনারা জানেন না? স্যার, আমরা সকলেই জানি বিদ্যুত হচ্ছে প্রগতির গোডার কথা। বিদ্যুত যার অগ্রগতি হয়নি সে দেশের অগ্রগতি হতে পারে না। ৪০ বছর তো আপনাদের হাতে ক্ষমতা আছে, কি হয়েছে বিদ্যুতের অবস্থার? গ্রামীন বৈদ্যুতিকরণের ক্ষেত্রে একটা হিসাবে দেখেছি ৩১-১-৭৯ তারিখ পর্যন্ত, সেখানে ১৯৭১ সালের সেনসাস অনুযায়ী গ্রামের সংখ্যা হচ্ছে ৫ লক্ষ ৭৬ হাজার ৯৩৬ সেখানে মাত্র ২ লক্ষ ৩২ হাজার ৭৭০টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে। ফিফটি পারসেণ্ট টার্গেটও আজ পর্য্যন্ত পুরণ করতে পারেন নি। This is the system which you represent and this is the system. যা দুর্ভাগ্যক্রমে আমাদের ঘাড়ের উপর আজকে চেপে বসে আছে। এই যে বেসিক

লিমিটেসান এই বেসিক লিমিটেসানের কথা আমাদের মনে রাখতে হবে। বেকার সমস্যার কথা ভক্তিবাবু বলেছেন। আপনারা বলুন, এটাও কি আমাদের এই বামফ্রন্ট সরকার আর ত্রিপুরার নৃপেন চক্রবর্তীর ফ্রন্ট সরকারের জন্য হয়েছে ? শ্রীনবগোপাল দাস, যিনি একজন আই. সি. এস. এবং শুধু আই. সি. এস নন একজন খ্যাতিনামা ইকনমিষ্ট, তাঁর হিসাব হচ্ছে ৮৩ সালে ২ কোটি ২৮ লক্ষ বেকার এই দেশে রয়েছে। এই বেকারদের কে সৃষ্টি করেছেন ? আপনাদের মা লক্ষ্মী, না, আমরা ? এই যে শোচনীয়তম অবস্থার আপনারা সৃষ্টি করেছেন এই অবস্থার মধ্যে আমাদের আজকে সরকার চালাতে হচ্ছে। আমাদের ক্ষমতা সীমাবদ্ধ এবং এই ক্ষমতাকে আরো সীমাবদ্ধ করার জন্য আজকে সব রকমেই চক্রান্ত দিল্লীতে চলছে। এ ক্ষেত্রে সবচেয়ে বড় চক্রান্ত হচ্ছে টাকা পয়সা না দেওয়া। এমন কি ইনকাম ট্যাক্সের টাকা যেটা কোন দয়ার দান নয় আমাদের পাওনার টাকা, একসাইজ ডিউটির টাকা, যেটা আমাদের হকের টাকা, যেটা আমাদের এখান থেকে তুলে নিয়ে যাওয়া হয়েছে সেই টাকার অংশ দিতেও আজকে গড়িমসি করা হচ্ছে। ইনকাম ট্যাক্সের টাকার ভাগ যাতে কমিয়ে দেওয়া যায় তারজন্য সারচার্জের আশ্রয় নেওয়া হচ্ছে। একসাইজ ডিউটির ভাগ যাতে কমে তারজন্য এ্যাডিশন্যাল একসাইজ ডিউটির আশ্রয় নিচ্ছেন। তার উপর আমরা দেখছি প্রত্যেক বছর বাজেটের আগে এ্যাডমিনিষ্টার্ড প্রাইসেস করে কতকগুলি জিনিষের দাম বাড়িয়ে দিয়ে ২/২॥ হাজার কোটি টাকা নিজের ঘরে তুলছেন। এটা যদি বাজেটের মারফত হ'ত বা অন্য কোন টাক্সের মাধ্যমে হ'ত তাহলে আমরাও তার ভাগ পেতাম কিন্তু সেই ভাগ থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে। এই ভাবে টাকা না দিয়ে আমাদের সরকারকে বেকায়দায় ফেলবার চেষ্টা করা হচ্ছে এবং তা করে নিজেদের বাজার গুছিয়ে নেবার চেষ্টা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষনের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি পরিশেষে আর দু/একটি কথা বলতে চাই। এখানে আপনারা মনে রাখবেন দু হাজার একশো কোটি টাকার যে বাজেট এখানে দেখানো হয়েছে সেখানে আগের বছরের খরচ আমাদের তিনশো কোটি টাকা বেশী ছিল, আপনাদের মা লক্ষ্মীর কল্যাণে গত বছর সেটা কমে গিয়েছিল। এই টাকা নিয়ে আজকে আমরা এই জায়গায় এসেছি।

[6-20—6-30 P. M.]

আজকে এই দিকটা আপনাদের তুলে ধরা উচিত ছিল। দিল্লীর কাছে এই রাজ্যের সর্বসাধারণের তরফ থেকে এই দাবী পেশ করা উচিত ছিল। আজকে বিভিন্ন খাতে প্লানের টাকা আমাদের কত দেওয়া হয় ? ১০০ কোটি টাকা মাত্র দেওয়া হয়। এই দিচ্ছি সেই দিচ্ছি ইত্যাদি বলা হয়। কিন্তু কিছুই দেওয়া হয়না। ৪ শত কোটি টাকা যেটা ধরা হয় তার সবটাই লোন এ্যাণ্ড এ্যাডভান্স। আমাদের প্রত্যেক বছরে এক শত কোটি টাকা ইন্টারেষ্ট দিতে হয়। ৩/৪ শত কোটি টাকা লোন এ্যাণ্ড এ্যাডভান্স। আর গ্রাণ্ট-ইন-এড হচ্ছে মাত্র ৫০/১০০ কোটি টাকা। এই ভাবে যা দেওয়া হয় তাতে কোন কাজ হতে পারেনা। আজকে উচিত ছিল এই

বিধানসভায় দাঁড়িয়ে বলা যে অবিচার করা হচ্ছে। এই অবিচারের প্রতিকার যদি না করা হয় তাহলে কোন কাজ করা যাবেনা। আপনারা যে কৌশল করছেন, এই কৌশলে কোন জিনিস হবেনা। আজকে সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন একেবারে আগ্নেয়গিরীর উপরে দাঁড়িয়ে আছেন। একদিন এই আগ্নেয়গিরী যখন ফেটে পড়বে তখন সব শেষ হয়ে যাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, এই প্রস্তাবের বিরোধিতা করছি। কারণ এই ভাষণ বামফ্রন্ট সরকারের দ্বারা লিখিত আকারে এসেছে এবং রাজ্যপাল-এর মাধ্যমে সেটা পাঠ করা হয়েছে। এই ভাষণ সম্পূর্ণ অবাস্তব, উদ্দেশ্য প্রনোদিত, অসংগতিপূর্ণ। আজকে সমস্ত পশ্চিম-বাংলায় সব থেকে গুরুত্বপূর্ণ যে দিক, যার সঙ্গে সাধারণ মানুষের সুখ-সুবিধা জড়িত, যার উপরে বাঁচার অধিকার জড়িত, সেই আইন-শৃঙ্খলা আজকে কোথায় গিয়ে ঠেকেছে তার কিছু উদাহরণ দেওয়া প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে রাজ্যে, যে দেশে পুলিশের উপর ন্যস্ত দায়িত্ব সে স্বাধীন ভাবে পালন করতে পারেনা, যে দেশে পুলিশকে খবরদারী করার জন্য শাসকগোষ্ঠীর কর্তারা হুকুমজারী করে চলেছেন, সেই পুলিশের কাছ থেকে আইন-শৃঙ্খলা সুষ্ঠু ভাবে রক্ষার কোন আশা করা যায় না। পুলিশ যে কত নিরুপায় সেটা কসবার ছেলে উজ্জল-এর মৃত্যু সম্পর্কে বোঝা যায়। সমাজ বিরোধীদের কার্যকলাপ কসবা অঞ্চলে বেড়ে চলেছে। আজ পর্যন্ত সেখানে পুলিশের পক্ষে একটা শান্তিপূর্ণ পরিবেশ গড়ে তোলা সম্ভব হলনা। সেখানে সমাজ বিরোধীদের কার্যকলাপ এমন অবস্থায় পৌছেছে যে জ্যোতিবাবুকে তটস্থ করে তুলেছে। তিনি এই পুলিশকে কণ্ট্রোল করতে পারছেন না। সে জন্য দেখা যাচ্ছে যে পুলিশের দ্বারা তৈরী রিপোর্ট তার মনোপুত হয়না। তাই সি, পি, এমের এক এক কমরেড-এর চাপে পুলিশ এক এক রকমের বিভ্রান্তিকর বিবৃতি দিতে বাধ্য হয়েছে।

আমরা কাগজে দেখলাম যে, সেদিন নকশাল নেতা নাগভূষণ মহাশয় জ্যোতিবাবুর চেম্বারে গিয়ে তাঁকে বললেন নদীয়ায় সি পি এম-এর লোকেরা পুলিশের পোষাক পরে নকশালদের খুন করেছে। একথা শুনে জ্যোতিবাবু বলেছেন, এতো অদ্ভুত কথা, নতুন কথা আমি শুনেছি। মাননীয় সভাপতি মহাশয়, আমরা দীর্ঘকাল ধরে লক্ষ্য করছি জ্যোতি বসু মহাশয়ের যখনই কোন কথা মন মতো না হয় তখনই তিনি সেটাকে অদ্ভুত কথা বা নতুন কথা বলেন। কিন্তু আমরা জানি আজকে তাঁর রাজত্বে এমন সব ঘটনা ঘটছে যা তাঁর কাছে বিশ্বাস করা শক্ত হলেও সেগুলি সত্য এবং তাঁকে তা বিশ্বাস করতেই হবে। পশ্চিম দিনাজপুর জেলায় জ্যোতিবাবুর পুলিশ যে কার্যকলাপ চালাচ্ছে তা আমি স্পেসিফিক উদাহরণসহ এখানে উল্লেখ করছি। পশ্চিম দিনাজপুর জেলার কালীয়াগঞ্জে জ্যোতিববুর পুলিশ পাহারায় কর্তব্যরত চৌকিদারকে গুলি করে মেরেছে।

বোচাডাঙ্গায় জ্যোতিবাবুর পুলিশ কর্তব্যরত চৌকিদারকে খুন করেছে। গত ডিসেম্বর মাসে কুশমুণ্ডি থানায় পুলিশ এক আসামীকে ধরে নিয়ে গিয়ে থানায় পিটিয়ে মেরে ফেলেছে। এটা একটা নজীরবিহীন ঘটনা। তাই আমরা বলছি পশ্চিমবাংলায় আইনশৃংখলা সুষ্ঠুভাবে রক্ষিত হচ্ছে না এবং আইনশৃংখলা বলে কিছু আছে বলে আমার মনে হয় না। প্রতিটি থানায় প্রত্যেক রাতে চুরি ডাকাতির ঘটনা ঘটছে। গ্রামাঞ্চলের খেটে খাওয়া মানুষ সারা দিনের পরিশ্রমের পর ডাকাতের অত্যাচারে ঘুমতে পর্যন্ত পারছে না, তাদের নাবালক শিশুদের পর্যন্ত চুরি করে নিয়ে যাচ্ছে। স্যার, পশ্চিম দিনাজপুর জেলার ধামজা গ্রামের একটি বাড়ি থেকে দুটি মেয়েকে চুরি করে নিয়ে গেছে, আজ পর্যন্ত বামফ্রন্টের পুলিশ প্রশাসন তাদের খুঁজে বের করতে পারেনি। এই হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কার্যকলাপ। এই সরকারের পুলিশ অপদার্থ। পুলিশ অপদার্থ একথা মাননীয় মুখ্যমন্ত্রী নিজেও স্বীকার করেছেন এবং তিনি আরো বলেছেন যে, পুলিশ যদি যোগ্যতায় ফিরে না আসে তাহলে তিনি তাঁর ক্যাডারবাহিনী নামাবেন। এ বিষয়ে আমি তাঁকে চ্যালেঞ্জ জানাচ্ছি যে, কংগ্রেসী আন্দোলন দমন করবার জন্য যদি তিনি ক্যাডারবাহিনী নামান তাহলে তিনি সেক্ষেত্রে পুলিশকে নিরপেক্ষ রেখে নামান, আমরাও আমদের ক্যাডারবাহিনী নামিয়ে তার মোকাবিলা করব।

স্যার, একটু আগে আর. এস. পি-র অমলেন্দ্র রায় মহাশয় অনেক কথা বললেন। কিন্তু আমি তাঁকে আজকে বলছি যে, আর কতদিন মেকী সর্বহারা বামপন্থী মুখোশ পরে থাকবেন। আজকে মুখোশ খুলে পড়েছে। সি পি এম-এর লোকেরা আজকে পুলিশের পোষাক পরে সাধারণ মানুষকে হত্যা করছে এবং হত্যা করার চক্রান্তে লিপ্ত হচ্ছে।

স্যার, এবারে আমি এই সরকারের আমলে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের কি অবস্থা হয়েছে তাই আপনার মাধ্যমে এখানে উল্লেখ করছি। সরকার গ্রামে গ্রামে এই প্রকল্প অনুযায়ী বিদ্যুতের তার এবং খুঁটি পুঁতছে, আর সরকারী দলের ক্যাডারবাহিনী সেসব তার চুরি করে নিয়ে যাচ্ছে। ফলে কোন গ্রামে আজ পর্যন্ত একটুও বিদ্যুৎ গিয়ে পৌছচ্ছে না। জ্যোতিবাবু মুখে বলছেন গ্রামে গ্রামে আমরা বিদ্যুৎ পৌছে দিচ্ছি, অথচ কার্যক্ষেত্রে তার এই অবস্থা। এইভাবে চললে কোন দিনই গ্রামীণ বৈদ্যুতিকরণ পরিকল্পনা এখানে সার্থক হবে না। এই পরিস্থিতিতে প্রয়োজন গ্রামে গ্রামে স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা। কিন্তু এ বিষয়ে সরকারের কোন উদ্যোগ আমরা লক্ষ্য করছি না।

আজকে এই রাজ্যের বেকার যুবকদের অবস্থা তো আমরা সকলেই জানি। বয়স্ক বেকারদের অবস্থা আরো খারাপ। যে সমস্ত বেকারদের ৪০ বছরের ওপর বয়স এবং এদের মধ্যে যারা ইতিমধ্যে বেকার ভাতা পেয়েছে তাঁদের প্রাক্তন বেকার নাম দেওয়া হয়েছে, কিন্তু তাদের কর্ম সংস্থানের কোন রকম সুযোগ নেই। এই রকম ৪০ বছরের উপর বয়স, বয়স্ক হাজার হাজার

বেকার এই রাজ্যে রয়েছে, এরা কাজের সুযোগ না পেলে পরবর্তীকালে অপরাধমূলক কাজে লিপ্ত হতে বাধ্য হবে। এই অবস্থার জন্য দায়ী বামফ্রন্ট সরকার, এ বিষয়ে কোন সন্দেহ নেই।

[6-30—6-40 P.M.]

মাননীয় সভাপতি মহাশয়, আমি জানিয়ে দিতে চাই যে ওদের সেইরকম হিম্মত নেই। কিন্তু বামফ্রন্টেরই মার্কসবাদী ফরোয়ার্ড ব্লকের একজন রাষ্ট্রমন্ত্রী প্রকাশ্যে ওদের বিরুদ্ধে কথা বলেন। গতকাল কাগজে দেখলাম, তারকেশ্বরের রাজবাড়ীতে তিনি তার ভাষণে যুবকদের আহ্বান করেছেন এবং বলেছেন সব ভেঙ্গে চুরমার করে দিতে হবে, মন্ত্রীরা সব আমলা হয়ে গেছেন। যে গ্রামের মানুষ খেতে পায় না সেই গ্রামের মন্ত্রীরা কলকাতায় এসে চিকেন খায়, বিরিয়ানী খায়, ঠাণ্ডা ঘরে বাস করে। আমি ধন্যবাদ দিই তাঁকে। কিন্তু এই হাউসের সরকার পক্ষের কোন সদস্য সাহস করে এই কথা বলতে পারবেন না, কারণ তাদের হিম্মত নেই। এরা খালি ঠাণ্ডা ঘরে বসে দেশকে সর্বনাশের পথে নিয়ে যাবার চক্রান্ত করছেন। তাই আমি বলছি, ভারতবর্ষের যে রাষ্ট্রীয় কাঠামো, ভারতবর্ষের যে ব্যবস্থা তার মধ্য দিয়েই করবার চেষ্টা করতে হবে। পরিশেষে আমি এই বিকৃত, বাস্তববর্জিত এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ ওমর আলি ঃ মাননীয় সভাপতি মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি, সমর্থ করছি বামফ্রন্টে অন্তর্ভুক্ত আছি বলে শুধু নয়, সমর্থন করছি একজন গণতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষ বলে। আমি এই কথা মনে করি আমাদের রাজ্যে যে কোন গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ এই ভাষণকে সমর্থন করবে। এই ভাষণ এমন-ভাবে উপস্থাপিত করা হয়েছে যেখানে দেখা গেছে আমাদের সরকার যা করেছে তার একটা বিবরণ এতে আছে এবং আগামী দিনে যা করতে চায় তারও একটা সংক্ষিপ্ত বিবরণ আছে এবং ইচ্ছা থাকলেও যে কাজগুলি করতে পারছেন না, কেন করতে পারছেন না, তার বাধা কোথায় সেই সম্পর্কে যথেষ্ট গুরুত্ব আরোপ করেছেন এবং তাঁর ভাষণে উল্লেখ করেছেন। সুতরাং এইরকম যে প্রচার হচ্ছে যে বামফ্রন্ট সরকার রাজ্যপালকে দিয়ে অসত্য ভাষণ পড়িয়ে নিয়েছেন তার কোন বাস্তব ভিত্তি নেই। এমনও হতে পারে যে হয়তো অনেকগুলি বিষয় অন্তর্ভুক্ত নেই, থাকলে হয়তো ভাল হতো, বিষয়টি নিয়ে আলোচনা হতে পারে, এই ভাষণের জন্য যত পাতা ব্যবহার করা হয়েছে তার হয়তো ডাবল করা যেতে পারতো কিম্বা মহাভারত করা যেতে পারতো কিন্তু পলিসি ম্যাটার যেখানে আছে সেখানে গোটা ভাষণ রচনা করার প্রয়োজন নেই, সংক্ষিপ্তভাবেই রচিত হওয়া উচিত এবং আলোচনার মধ্য দিয়েই সমৃদ্ধ করা উচিত। স্যার, খুবই সঙ্গতভাবেই রাজ্যপাল কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা উল্লেখ করেছেন এবং আমরা যাই বলি না কেন এটা যে একটা বাস্তব সত্যতা গোটা ভারতবর্ষের সব প্রান্তের লোকেরা উপলব্ধি করেছেন। এমনকি কেন্দ্র রাজ্য প্রসঙ্গ

তুলে ধরার জন্য যারা বিরোধিতা করছেন তাদের নেত্রী তথা ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীও এর গুরুত্ব অস্বীকার করতে পারেন না এবং পারেন না বলেই সারকারিয়া কমিশন তাঁকে গঠন করতে হয়েছে, অবশ্য আমি জানি না সারকারিয়া কমিশন শেষ পর্যন্ত কি সিদ্ধান্ত নেবেন কিন্তু জাতীয় মুক্তি আন্দোলনের মঞ্চ থেকে যে শপথ বাক্য উচ্চারিত হয়েছে যেখানে এই কথা বলা হয়েছে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করলেও তার শাসন কাঠামো হবে যুক্ত রাষ্ট্রীয় এবং রাজ্যগুলির হাতে থাকবে স্বায়ত্ব শাসন ক্ষমতা, এমনকি জাতীয় কংগ্রেসের ইস্তাহারে এই কথা বলা হয়েছে যে ফেডারেশন of India must be willing of its various parts in order to give maximum of freedom to constituent units.

এই সারকারিয়া কমিশন তাহলে হয়ত একটু উল্লেখযোগ্য সুপারিশ করতে পারবেন এবং কেন্দ্র রাজ্য সম্পর্কের গণতান্ত্রিক পুনর্মুল্যায়ণের দিকে অগ্রসর হতে পারেন। কংগ্রেসের মাননীয় সদস্যরা যে বক্তৃতা দিলেন তাঁদের বক্তৃতায় মনে হল যে পশ্চিমবংগের একটা ডিপার্টমেণ্টই আছে এবং সেটা হল পুলিশ ডিপার্টমেণ্ট। সবাই এক বাক্যে আইন শৃঙ্খলার প্রশ্ন উথাপন করেছেন, তার জবাব অনেক সদস্যই দিয়েছেন। কিন্তু রাজ্যপাল যেকথা বলেছেন পশ্চিমবঙ্গ সরকারকে যেখানে তিনি একথা বলেন নি যে আমাদের পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার কোন সমস্যা নেই। আইন শৃঙ্খলার দিক থেকে আমরা অনেক উন্নত হয়ে গেছি, তিনি বলেছেন—যেটা সত্য সেটাই বলেছেন—দেশের অন্যান্য অনেক অংশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে তপশীলি ও আদিবাসী সমাজের দুর্বলতর মানুষের প্রতি অন্যায় আচরণ থেকে পশ্চিমবঙ্গ মুক্ত। তাঁর ভাষণে তিনি এই কথা বলার চেষ্টা করেছেন যে বসবাসের পক্ষে পশ্চিমবঙ্গ একটা শান্তিপূর্ণ রাজ্য হিসাবে গণ্য হয়েছে। এতে বিরোধীরা খুশী নন, বিরোধীরা চাইছেন যে পাঞ্জাব কি হরিয়ানার মত যেখানে সরকারী মদতে সাম্প্রদায়িক দাঙ্গা চলছে, সরকারী মদতে খুন চলছে পশ্চিমবঙ্গে যদি এই রকম হোত তাহলে তাঁরা আশ্বস্ত হতেন। খুন, রাহাজানি, দাঙ্গা এইসব এখানেও হোক এই তাঁরা চান, কিন্তু তাঁরা যা চাইছেন তা হবে না। তাঁদের অভিযোগ অন্য রাজ্যের সঙ্গে তুলনা কোর না, তোমাদের রাজ্যে কি হচ্ছে সেটা বল, তুলনা করে কি লাভ? কিন্তু মুশকিল হচ্ছে ওঁদের নেত্রী জিনিষপত্রের দাম বাড়লে মাঝে মাঝে সমগ্র পৃথিবীর সঙ্গে তুলনা করে বলেন দিস is a world phenomenon. সমগ্র ধনতান্ত্রিক দুনিয়ায় হতে পারে কিন্তু সমাজতান্ত্রিক দুনিয়ায় এটা হয় না। আমাদের রাজ্যের আইন শৃঙ্খলার প্রশ্নে একই সামাজিক অর্থনৈকি, ধনতান্ত্রিক অবস্থার মধ্যে অন্য রাজ্যের সঙ্গে তুলনা করতে পারা যাবে না এটা কেমন কথা? স্যার, এই কথা কি সত্য নয়, কেউ অস্বীকার করতে পারবে যে বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, পাঞ্জাব, হরিয়ানা, এমন কি খোদ দিল্লীতেও খুন, রাহাজানী, দাঙ্গা এই সমস্ত ঘটনা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সুতরাং দেশের অনেকাংশের তুলনায় পশ্চিমবঙ্গের অবস্থা ভাল এ কথা বললে সত্যের কিছু অপলাপ হবে না। আমরা এ দাবী করি না, এবং রাজ্যপাল মহাশয়ও এই দাবী করেন নি যে আইন শৃঙ্খলার দিক থেকে আমাদের উন্নতি হয়েছে। আমরা দেখছি যে অপরাধের প্রবণতা বাড়ছে, এটা আমরা লক্ষ করছি যে কম

বয়েসী ছেলেদের মধ্যে এই প্রবণতা বাড়ছে। এটা খুবই চিন্তার কথা। কিন্তু আমি মনে করি এটা হল আমাদের দেশের যে ধনতান্ত্রিক অর্থনৈতিক অবস্থা এবং তার ফলেই এই সামাজিক ব্যাধি দেখা দিচ্ছে। সুতরাং এই ব্যধি দূর করতে গেলে শুধু পুলিশ এ্যাডমিষ্ট্রেসন দিয়ে হবে না। এই ব্যধি দূর করতে গেলে সামগ্রিকভাবে সামাজিক কাঠামো অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটান দরকার। কারণ সমাজতান্ত্রিক অর্থনৈতিক অবস্থা যেখানে মানুষকে শোষণ করে না, যেখানে বঞ্চনা নেই সেখানে এই রকম অপরাধ প্রবণতা নাই, সেখানে এই ধরণের খুন, দাঙ্গা নাই। স্যার, মাননীয় ভক্তিবাবু ঠিকই বলেছেন, আমাদের জলন্ত সমস্যা হল জিনিষপত্রের মূল্যবৃদ্ধির সমস্যা এবং বেকার সমস্যা। তিনি কতকগুলি তথ্য উপস্থিত করেছেন। জিনিষপত্রের দাম যে বাড়ছে একে নিয়ন্ত্রন করার ক্ষমতা রাজ্য সরকারের নেই।

[6-40—6-50 P. M.]

কৃষক তার উৎপন্ন ফসলের লাভজনক দাম পাচ্ছে না কিন্তু শিল্পজাত পণ্যের দাম হুহু করে বেড়ে যাচ্ছে। এরফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে, মহাজনের ঋণ পরিশোধ করতে পারছে না। তাদের দুর্ভোগ বেড়েই যাচ্ছে। সুতরাং কৃষকদের উৎপাদন যদি দুই এক বছর বাড়েও, তাহলেও কিন্তু তাদের আর্থিক উন্নতি সার্বিকভাবে হচ্ছে না। এর জন্য দায়ী কে? একটি রাজ্য সরকার শিল্পজাত সামগ্রীর দাম বেধে দিতে পারে কি? সেটা তো সম্ভব নয়! হয়ত মূল্যবৃদ্ধির দায় দায়িত্ব রাজ্যসরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে বাহবা নেওয়া যেতে পারে কিন্তু প্রকৃত সত্য তা নয়। আজকে বেকার বাড়ছে। বেকার যে শুধু পশ্চিমবাংলায়ই বাড়ছে তাতো নয়, সারা ভারতেই বাড়ছে। উত্তরপ্রদেশে বাড়ছে, বিহার, কর্ণাটকেও বাড়ছে। রেসিও যদি কষা যায় তাহলে দেখা যাবে যে কোথাও কম নয়। তবে আমাদের ষ্টেটে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কাজ দেবার ব্যবস্থা আছে বলে এবং বেকারদের একটা সীমিত সময়ের জন্য ভাতা দেবার ব্যবস্থা আছে বলে এখানে অনেকেই নাম লেখাচ্ছে। অন্যান্য ষ্টেটে এই ব্যবস্থা নেই বলে, সেখানে অনেক বেকার থাকা সত্বেও অনেকেই বেকারখাতায় নাম লেখায় না। এই কারণে অন্যান্য প্রদেশে নাম লেখানো বেকারের সংখ্যা কম হ'তে পারে, কিন্তু তাতে প্রমান হয় না যে পশ্চিমবাংলায় বেকারের হার বেড়ে যাচ্ছে, সারা ভারতবর্ষে বাড়ছেনা। সারা ভারতে আজ ৭৫ ভাগ লোক বেকার। এই বেকার সমস্যার সমাধান হবে কি করে? আমাদের দেশের মত কৃষিপ্রধান দেশে যদি বেকার সমস্যা সমাধান করতে হয় তাহলে কৃষির বিকাশ ঘটাতে হবে, শিল্পের বিকাশ ঘটাতে হবে। কিন্তু কৃষির বিকাশ ঘটাতে গেলে সেচ-ব্যবস্থার উন্নতি করতে হবে, শিল্প কলকারখানা স্থাপন করতে হবে। শুধু সার্ফেস ওয়াটার নয়, সাব-সয়েল ওয়াটার ব্যবহার করতে হবে। আমাদের এখানে চাষের জমি হচ্ছে ৩ কোটি ৩৮ লক্ষ একর। বিশেষজ্ঞরা বলেছেন কমপক্ষে ৯৫ লক্ষ একর জমিকে প্রত্যক্ষ সেচ-ব্যবস্থার মধ্যে আনা যায়। এখন আছে ৬২ লক্ষ একরেরও অনেক কম—শতকরা ৩০ ভাগ মাত্র। মাটির নীচে যে জল আছে সেই জলে ৬২ লক্ষ একর জমিতে চাষ করা যায়। কিন্তু এখন এর দ্বারা হচ্ছে মাত্র ১২॥ লক্ষ একর। সুতরাং যেটা হচ্ছে সেটা

সম্ভাবনার শতকরা ২০ ভাগ মাত্র। এই সেচ-ব্যবস্থা গড়ে তুলতে গেলে টাকা দরকার। কিন্তু সেই টাকা দেবে কে? টাকা তো কেন্দ্রীয় সরকারের হাতে! তাঁরা যদি সেচ-পরিকল্পনা করতে আমাদের টাকা না দেন, তাহলে কি করে আমাদের পক্ষে সেচব্যবস্থা গড়ে তোলা সম্ভব? টাকা না দিলে শিল্পই বা কি করে আমাদের পক্ষে করা সম্ভব? সরকারী উদ্যোগে হলদিয়া, দুর্গাপুর বা সল্টলেকে শিল্প গড়ে তোলার প্রস্তাব দেওয়া হয়েছে, এ ব্যাপারে তাঁরা নীরব। । আজকে ব্যাঙ্ক ফিনান্স করছে, কিন্তু তাকে নিয়ন্ত্রণ করছে কেন্দ্রীয় সরকার। তাঁরা আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে অবিচার করছেন। তাঁদের অভিযোগ, বামফ্রন্ট সরকার যা খরচ করেছে তার বেশীর-ভাগটাই নাকি পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয় করছে। আমি এ সম্পর্কে একটি পরিসংখ্যান এখানে রাখছি।

আমি এই প্রসঙ্গে কংগ্রেস আমলের শেষ ৬ বছরের একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত এই ৬ বছরে পরিকল্পনা খাতে কংগ্রেস সরকার ব্যয় করেছিল ৯৫৬.৭৬ কোটি টাকা। পরিকল্পনা বর্হির্ভূত ব্যয় ছিল ২৭৪১.১১ কোটি টাকা। মোট ব্যয় ছিল ৩৬৯৮.৮৭ কোটি টাকা। মোট ব্যয় এবং পরিকল্পনা খাতে ব্যয়ের অনুপাত ছিল শতকরা ২৫.৩৭ ভাগ। আর ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত এই ৬ বছরে পরিকল্পনা খাতে বামফ্রন্ট সরকার ব্যয় করেছে ২৭৬৩.৯৪ কোটি টাকা। পরিকল্পনা বর্হিভূত ব্যয় করেছে ৫৮৮২.১০ কোটি টাকা। মোট ব্যয় করেছে ৮৬৪৬.০৪ কোটি টাকা। মোট ব্যয় এবং পরিকল্পনা খাতে ব্যয়ের অনুপাত হলো শতকরা ৩০.৫৮ ভাগ। সুতরাং কংগ্রেস আমলের চাইতে বামফ্রন্ট সরকারের আমলে পরিকল্পনা খাতে শতকরা ৫.২৬ ভাগ বৃদ্ধি পেয়েছে। পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কি কম ব্যয় করেন? এই তো কমনওয়েল্থ শীর্ষ সম্মেলন হয়ে গেল তাতে প্রমোদ ভ্রমনে ৪০ কোটি টাকা ব্যয় করলেন। এই টাকা ব্যয় করে উন্নয়নের কি কাজ হলো? এই ভাবে পরিল্পকনা বহির্ভূত ব্যয় করার জন্য কেন্দ্রীয় সরকারকে জিনিষ পত্রের দাম বাড়াতে হচ্ছে। তাদের নিজেদের কর্মচারীদের মহার্ঘভাতা বাড়িয়ে দিচ্ছেন। তাকে পাল্লা দিয়ে চলতে হচ্ছে আমাদের। সেই জন্য আমাদের অনেক অসুবিধা দেখা দিচ্ছে। এই সমস্ত কথা না বলে শুধু আইন-শৃঙ্খলার কথা বলে প্রকৃত সত্যকে চেপে দেওয়া যায় না।

স্যার আর একটা কথা আমি বলতে চাই সেটা হলো রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করেছেন যে আমাদের সরকারী কর্মচারীদের দক্ষতা বাড়ানোর জন্য। এ কথা সত্য এবং সেই রিপোর্টের ভিত্তিতে ধাপে ধাপে তা কার্যকরী ব্যবস্থা নেওয়া হচ্চে। সরকারী কর্মচারীদের গাফিলতি দিনের পর দিন বেড়ে চলেছে। এই জিনিষ বন্ধ করতে হবে। তাদের যে কর্তব্য সেটা ঠিক ভাবে পালন করা উচিৎ। অনেক সময় শোনা যায় যে পঞ্চায়েতে চুরি হচ্ছে ডাকাতি হচ্ছে। এই কথা যাতে কেউ বলতে না পারে তার জন্য কার্যকরী ব্যবস্থা নিতে হবে। এটাকে কার্যকরী করার জন্য যে যে খাতে যত টাকা বরাদ্দ হচ্ছে এবং কত টাকা খরচ হচ্ছে তার একটা

লিষ্ট অঞ্চলের অফিসে ঝুলিয়ে রাখা হোক। আমি আশা করবো এই দিকে সরকার নজর দেবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তিরাম মাহাতো ঃ মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় রাজ্যপাল এই সভায় যে বক্তব্য রেখেছেন আমি তার বিরোধীতা করে দু-একটি কথা বলতে চাই। আমি লক্ষ করে দেখলাম ভক্তিবাবু অনেক কথা বলেছেন। তিনি মুদ্রাস্ফূতির কথা বলেছেন, বেকার সমস্যার কথা বলেছেন। আবার তিনি এই কথাও বলেছেন যে তাঁর এই সিস্টেমের উপর নাকি আস্থা নেই। ওমর আলি মহাশয়ের কথাও শুনলাম। তিনি বলেছেন গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ হলে নিশ্চয় সে রাজ্যপালের ভাষণকে সমর্থন করবেন।

[6-50—7-00 P. M.]

আমি শুধু একটি কথা বলতে চাই, যে কথা ভক্তিবাবু বলেছেন। আমি ভক্তিবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই যে আপনারাই দলের মন্ত্রী মাননীয় কমল গুহ মহাশয় কুচবিহারে কি কথা বলেছিলেন তা একবার স্মরণ করুন। তিনি বলেছিলেন, এই ক্ষমতা ও সিস্টেমের মধ্যে দিয়েও অনেক কিছু করা যায়। কিন্তু আমাদের সরকার তা পারেন নি, ব্যর্থ হয়েছেন। আমাদের দলের পক্ষ থেকে কালো পতাকা দেখানোর বিষয়ে অনেকে উল্লেখ করেছেন। দমদম বিমান বন্দরে ডঃ ফারুক আবদুল্লাকে আমরা গণতান্ত্রিক পদ্ধতি অনুসারেই কালো পতাকা দেখাতে গিয়েছিলাম। কাজেই বলতে হয়, আপনারা কি এই সিস্টেম, এই পদ্ধতিকে অনুসরণ করে ক্ষমতায় এসেছেন কেবল মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করার জন্য? এই ক্ষমতার মধ্যে থেকেও অনেক কিছু করা যায়। ভারতবর্ষের অন্যান্য অনেক রাজ্যে এই ব্যবস্থার মধ্যে দিয়েই অনেক কিছু অগ্রগতি হয়েছে ও হচ্ছে—একথা আপনারা ভুলে যাবেন না। আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে অনেকে এখানে বলেছেন। এ ব্যাপারে আমি শুধু একটি কথাই এখানে বলতে চাই তা হচ্ছে, কিছুদিন আগে প্রকাশ্য দিবালোকে ১৭ জন আনন্দমার্গীকে যে ভাবে হত্যা করা হয়েছিল, সেই ঘটনার পরেও কি আমাদের বলতে হবে এখানে আইন-শৃঙ্খলার অবনতি হয় নি? আসল কথা হচ্ছে, আপনাদের ৭ বছরের শাসনে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা হচ্ছে, আপনারা গণতন্ত্রের নামাবলী গায়ে দিয়ে বসে আছেন। আপনাদের আসল পরিচয় গণতন্ত্রি বলে নয়। আপনাদের বিরুদ্ধে কেউ কখনও কোন অভিযোগ আনুন, কেউ দুর্নীতির কথা বলুন, তা আপনাদের কখনই সহ্য হয় না।। যারজন্য জ্যোতিবাবুকে বলতে হয়েছে, 'আমার পুলিশ ব্যর্থ'। এর পরেও কি বলতে হবে প্রশাসন চলছে? শান্তি কমিটি প্রশাসন চালাবে না নাগরিক কমিটি প্রশাসন চালাবে? তাহলে কি আমাদের বুঝতে হবে পশ্চিমবাংলাতে কোন শাসন আছে? মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যের ৫নং প্যারাগ্রাফে বলেছেন যে, আমরা রেকর্ড পরিমাণ মিনিকীট্ বিলি করেছি। আমার প্রশ্ন হচ্ছে, সেগুলো

কোথায় গেছে ? মিনিকীট বা সার আদৌ জমিতে গিয়ে পড়ছে কি ? আসলে এ কখনই সম্ভব নয়। দোকান থেকে ওগুলো নিয়ে গিয়ে অন্য কোথাও চলে গেছে। ভক্তিবাবু বেকার সমস্যা নিয়ে বলেছেন। কংগ্রেস যখন ক্ষমতায় ছিল, তখন বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ। সে তুলনায় আপনাদের ৭ বছরের ক্ষমতাকালে রেজিষ্ট্রীভুক্ত বেকারের ঐ সংখ্যা বেড়ে ৩৭ লক্ষতে পৌছেছে। এও কি বিচার করে দেখতে হবে না ? নদীয়া, পুরুলিয়াতে মানুষ খুন হয়েছে, রাজ্যপাল তবুও তাঁর বক্তব্যে আইন-শৃঙ্খলা ভাল বলে উল্লেখ করেছেন। আইন-শৃঙ্খলা ভাল কোন্ জায়গাতে তা একটু বলি। যেদিন জ্যোতিবাবুর ছেলে চন্দন বসুর ব্রীফ্ কেস চুরি হয়, তার ২৪ ঘণ্টার মধ্যে পুলিশ তা উদ্ধার করে। রাজ্যপালের পাঁঠা চুরি হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে পুলিশ তা উদ্ধার করেছিল। আইন-শৃঙ্খলা ভাল বলতে আমাদের এই জিনিষকে কি বুঝতে হবে ? কিন্তু এভাবে তো আমরা আইন-শৃঙ্খলা জনিত অবস্থা ভাল বলে বলতে পারব না। আমরা দেখছি, সরকার সর্ব ক্ষেত্রেই ব্যর্থ। অমলবাবু সর্ব ভারতীয় চিত্র তুলে ধরেছেন। কিন্তু প্রশাসনিক ব্যর্থতার দিকটা নিয়ে বলা হয় নি। এই জিনিষটা কিন্তু সুরাহা হওয়া দরকার। ১৯৭৭ সালে যখন কংগ্রেস দল ক্ষমতায় ছিল তখন প্রত্যেক ব্লকেই সাবসিডিয়ারী হেল্থ সেন্টার ছিল। আপনাদের ৭ বছরের রাজত্বকালে ঐ সমস্ত সাবসিডিয়ারী হেল্থ সেন্টারগুলোর সবকটিকে এখনও পর্যন্ত চালু করতে পারেন নি। তাই আমাদের চিন্তা করে দেখতে হবে কোথায় আমরা বাস করছি। কৃষিক্ষেত্রে উৎপাদন কমেছে। সরকারী অফিসের কাজকর্ম সুষ্ঠু ভাবে সম্পাদনের ব্যাপারে জ্যোতিবাবুকে বলতে শুনেছি—'কাকে বলব, চেয়ারকে বলব' ? সেজন্য বলব, আপনারা আগে আত্মসমালোচনা করুন। এই সমস্ত জিনিষকে তুলে ধরার দরকার আছে। আমরা কিছু বললেই বলেন, চক্রান্ত করছি বা সরকারকে উৎখাত করার চেষ্টা করছি। এই জিনিষ কখনই ঠিক নয়। এখানে আর বেশী কিছু বলার নেই বলে আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরামনারায়ণ গোস্বামী ঃ মাননীয় সভাপাল মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। রাজ্যপাল তাঁর ভাষণে সরকারের সাফল্য এবং অগ্রগতির পথে যে বাঁধাগুলি তা তুলে ধরে পশ্চিমবাংলার একটা সামগ্রিক চিত্র এখানে দিয়েছেন। এখানে দেখতে পাচ্ছি সুব্রতবাবুরা তাতে একটু চটে গেছেন। কেননা তাঁদের কাছে পশ্চিম-বাংলার এই চিত্র ভাল লাগছে না তাঁরা সেই পশ্চিমবাংলার প্রতিনিধিত্ব করছেন যেখানে খোঁড়া হেমেন, খোকা, দীপঙ্কর থাকবে। সুতরাং জনসাধারণের প্রতিনিধি হিসাবে তাঁরা এখানে থাকছেন না এবং যাদের ভোট নিয়ে তাঁরা এসেছেন তাদের তাঁরা প্রতারিত করছেন। সুব্রতবাবু আইন শৃঙ্খলার কথা বললেন। আমি বলবো এখানে হৈমীবাবু নেই, থাকলে তিনি তাঁর হাতটা চেপে ধরতেন। গৌরীবাড়ীর ঘটনা নিয়ে সেখানকার প্রত্যেকটি নাগরিক সচেতন হয়ে নাগরিক কমিটি গঠন করে উদ্যোগ নিয়েছেন সমাজবিরোধীদের বিরুদ্ধে। আজ অজিতবাবু থাকলে বলতেন তিনি হেমেনবাবুর মারের চোটে গৌরীবাড়ী যেতে পারেন নি। কসবার কথায় বলবো আপনারা জানেন উজ্জ্বলকে

যেদিন নিয়ে যাওয়া হয় সেদিন কংগ্রেস পক্ষ থেকে কোন কথা বলা হয়নি। তারপরে যে মুহূর্তে খোকাকে গ্রেপ্তার করা হল এবং সে যখন বললো আমি কংগ্রেস আই-এর কর্মী, কংগ্রেসের বাড়ীতে ছিলাম, এবং বিগত কংগ্রেস অধিবেশনে গিয়েছিলাম তখনই সুব্রতবাবু বললেন কংগ্রেস বটে, তবে আমার কংগ্রেস নয়, প্রিয়রঞ্জনের কংগ্রেস। একটু লজ্জা নেই। ইনডোর ষ্টেডিয়ামে মা এসে-ছিলেন এবং সেখানে কংগ্রেসের অধিবেশন হল। সেই অধিবেশন চলাকালীন পশ্চিমবাংলার বাইরে থেকে আসা ২ জন প্রতিনিধি সল্টলেকে নারী ঘটিত ব্যাপারে ধরা পড়লেন। অথচ এই কংগ্রেসের মুখ থেকে আইন শৃঙ্খলার কথা শুনতে হয়। ১৯৭০ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আপনারা কত ঘর বাড়ী পুড়িয়ে দিয়েছেন, গ্রামের পর গ্রাম পুড়িয়ে দিয়েছেন, হাজার হাজার মানুষকে হত্যা করেছেন। ১৯৭০ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যেসব জীব আপনারা পয়দা করেছিলেন তারাই এই সব কাজ এখন করছে। সুতরাং আপনাদের কাছ থেকে আইন শৃঙ্খলার কথা শুনতে চাই না। রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিমবাংলার একটা সামগ্রিক অর্থনীতির চিত্র দেবার চেষ্টা করেছেন। পশ্চিমবাংলা একটা ভিন্ন অর্থনীতির দ্বারা পরিচালিত হচ্ছে না। সারা ভারতবর্ষের যে অর্থনীতির চিত্র তারই প্রেক্ষাপটে পশ্চিমবাংলা চালিত হচ্ছে। যে দেশের শতকরা ৮০ জন মানুষ কৃষির উপর নির্ভরশীল সে দেশের অর্থনীতি কৃষিকে বাদ দিয়ে নয়। এ কথা আমরা প্ল্যানিং কমিশনে বলেছি, অর্থ কমিশনের কাছে মেমোরাণ্ডামে বলেছি এবং দিল্লীতের বলেছি যে ভূমি সংস্কারের কি হল ভূমি সংস্কার নিয়ে সারা ভারতবর্ষ কিছু করেনি। আমরা সেই ভূমি সংস্কার সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে করেছি। সারা ভারতবর্ষে উদ্বৃত্ত জমি যা দখল করা হয়েছে তার শতকরা ৩০ ভাগ হচ্ছে পশ্চিমবাংলার। অথচ আমাদর যে দ্বিতীয় ভূমি সংস্কার বিল যা আমরা সংখ্যাধিক্যের ভোটে

[7-00—7-10 P. M.]

গ্রহণ করেছিলাম সেই বিলে ৪ বছর হয়ে গেল রাষ্ট্রপতি সই দিচ্ছেন না। মাননীয় মন্ত্রী প্রণববাবু এখানে মাঝে মাঝে অনেক কথা বলেন। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে বিগত দিনে যিনি পাইলট ছিলেন তিনিও এখানে এসে বড় বড় কথা বলে যাচ্ছেন। আজকে বুঝতে হবে যে ভারতবর্ষে কোন অর্থনীতির কথা বলা যাবে না, উন্নতির কথা বলা যাবে না ভূমি সংস্কারকে বাদ দিয়ে। অন্যদিকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা ওভারড্রাফ্‌টের কথা বললেন। আমি জিজ্ঞাসা করি ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকারের বাজেটে কত ঘাটতি দেখান হয়েছিল? ঘাটতি দেখান হয়েছিল ১৫৫৫ কোটি টাকা। আর এ্যাকচুয়্যাল ঘাটতি কত হয়েছে—এ্যাকচুয়্যাল ঘাটতি হয়েছে ২৬ শো কোটি টাকার বেশী ইতিমধ্যে যা হিসাব পাওয়া গেছে তাতে ১৯৮২-৮৩ সালে বাজেটে ঘাটতি রাখা হয়েছিল ১৩৬৫ কোটি টাকা, আর প্রকৃতপক্ষে ঘাটতি হয়েছে ১৯৩৫ কোটি টাকা। টাকাটা কোথা থেকে এসেছিল? সুব্রতবাবু বললেন আমরা নাকি পশ্চিমবঙ্গের আলাদা ব্যাঙ্ক করার দাবি করেছি যেটার রিজার্ভ ব্যাঙ্ক অনুমোদন না দিয়ে ভাল করেছেন। আমরা নাকি টাকাকড়ি তছনছ করে দেব যেহেতু বাজেটে ঘাটতি আছে। কি জবাব দেব এইসব কথার। এই রকম

একটা ঘাটতি বাজেট নিয়ে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া চলছে, এই অর্থনীতি সেখানে চলেছে যারজন্য প্রতিদিন মুদ্রাস্ফীতি চলছে। আপনারা জানেন টাকার মূল্য আজ কোথায় দাঁড়িয়েছে। ১৯৬০ সালে ১ টাকা ধরলে আজকে তার মূল্য দাঁড়িয়েছে ৯ পয়সায়। কি বলবেন জয়নালবাবু? এটা কি আমরা করলাম? আপনারা পশ্চিমবঙ্গের মানুষের কাছে বলুন আপনাদের সরকার যাঁরা দিল্লীতে বসে আছেন তাঁরা চালের দাম কতবার বাড়ালেন—চার বার, গমের দাম তিন বার, কয়লার দাম আট বার, কেরোসিনের দাম ৫ বার, ডিজেলের দাম চার বার, পেট্রোলের দাম চার বার, সিমেণ্টের দাম ১২ বার। আপনারা দাম বাড়াচ্ছেন, আমরা কি করব, আমরা কি পশ্চিমবঙ্গে দাম কমিয়ে দেব? এইসব সত্বেও আমরা পশ্চিমবঙ্গে ভারতবর্ষের যেকোন রাজ্যের তুলনায় অনেকটা প্রাইস ইনডেক্স কমিয়ে রাখতে পেরেছি। আমাদের যে সরবরাহ ব্যবস্থা, বণ্টন ব্যবস্থা আছে সেই বণ্টন ব্যবস্থার কৃপায় কিছুটা কম হয়েছে। যেমন ধরুন গোটা ভারতবর্ষের প্রাইজ ইনডেক্সের গড় হচ্ছে ৫৫৪, বোম্বেতে ৫৬৬, দিল্লীতে ৫৫৯, মাদ্রাজে ৫১১ এবং আমাদের কলাকাতায় ৫১৬। আমরা বণ্টন ব্যবস্থাকে সেইভাবে চালাতে পারছি বলে মানুষকে কিছুটা স্বস্তি দিতে পারছি। অন্যদিকে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার, যেটা আমাদের মাননীয় সদস্য শ্রীঅমল রায় বললেন, আভ্যন্তরীন এবং বৈদেশিক ঋণের পরিমান কত—শুধু আভ্যন্তরীন ক্ষেত্রে সরকারের ক্রেডিট টু দি ব্যাঙ্ক হচ্ছে ১১,৮০৪ কোটি টাকা, ১৪-১-৮৩ তারিখে সেটা গিয়ে দাঁড়াল ৩৫,২৯৪ কোটি টাকায়। গোটা ভারতবর্ষের চিত্র এই জায়গায় এসে দাঁড়িয়েছে। এই রকম অবস্থায় পশ্চিমবঙ্গে আমরা যখন একটা বিকল্প রাস্তা নিয়ে মানুষকে রিলিফ দিতে পারছিলাম তখন তাঁদের এই সমস্ত কাজকর্ম বুর্জোয়া সামন্ততান্ত্রিক উলঙ্গ চেহারা নিয়ে দেখা দিয়েছে।

আমরা আমাদের ক্ষমতার সীমাবদ্ধতার কথা বার বার বলেছি। আমরা সংবিধানের চুলচেরা বিচার বিশ্লেষণ করে বলেছি আর্টিকেল ২৭০, ২৭১, ২৮৬, ২৬৯ আমাদের ক্ষমতা সীমাবদ্ধ করে রেখেছে। সুব্রতবাবু বললেন, আমরা কেবলই টাকা চাচ্ছি, ভিক্ষা করছি। পশ্চিমবাংলায় বাস করে এই সমস্ত কথা বলতে তাঁর লজ্জা করছেনা? এটা কি "হেমেনের" বাংলা? সেদিন রাজীব ভাই-ও বললেন, পশ্চিমবঙ্গের মন্ত্রীরা দিল্লীতে ভিক্ষে করতে যায়। ডাঃ জয়নাল আবেদিন জেনে রাখুন গত সাড়ে ছ'বছরে পশ্চিমবাংলা হতে কেন্দ্রীয় সরকার আয়কর, পণ্য শুল্ক এবং কর্পোরেশন কর বাবদ নিয়েছে ৬৯৩২ কোটি টাকা এবং তার পরিবর্তে পশ্চিমবাংলা পেয়েছে মাত্র ১৫৩৩ কোটি টাকা। তাহলে দেখা যাচ্ছে আমাদের টাকাতেই তো চলছে। সংবিধান তাঁদের হাতে রয়েছে তাই আমরা কিছু করতে পারিনা। আপনাদের একটু বুঝে কথা বলতে হবে। তবে মনে রাখবেন এইসব কথা বলে পশ্চিমবাংলার মানুষকে আপনারা বিভ্রান্ত করতে পারবেন না। আমরা এখানে সরকার পরিচালনা করছি চরম বঞ্চনা এবং অবমাননার মধ্য দিয়ে এবং গোটা পূর্বাঞ্চল এইভাবে প্রতারিত হচ্ছে সেকথা আমরা বার বার বলেছি। কেন্দ্র-রাজ্য সম্পর্কের পরিবর্তনের দাবী শুধু আমাদের একার নয়, এটা গোটা ভারতবর্ষের দাবী। কিছুদিন আগে আমরা যখন বাংলা বন্ধ ডেকেছিলাম তখন বিহারের মুখ্যমন্ত্রী শ্রীচন্দ্রশেখর সিং এখানে এসেছিলেন। সাংবাদিকরা তাঁকে

জিজ্ঞেস করেছিলেন বামফ্রন্ট সরকার যে সমস্ত দাবীর উপর বাংলা বন্ধ করেছে সে সম্বন্ধে আপনার মতামত কি? তখন তিনি বললেন, এই সমস্ত দাবীর কিছু কিছু ন্যায্য এবং এই সমস্ত দাবী নিয়ে আমরাও ভুগছি। শ্রীসিং-এর একথা শুনে আনন্দগোপালবাবু বললেন, আমি হাই কম্যাণ্ড চন্দ্রশেখর সিং সম্বন্ধে বলব। কাজেই দেখা যাচ্ছে, শুধু ফারুক আবদুল্লা নয়, শুধু রামারাও নয়, গোটা ভারতবর্ষের এই অবস্থা চলছে। আমরা বলেছি পূর্বাঞ্চল বেশী করে প্রতারিত হচ্ছে। খাদ্য, সেচ, সার ব্যবস্থা, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রে দেখেছি কিভাবে আমরা কেন্দ্রীয় সরকারের প্রতারণার মুখে পড়েছি। আমরা যখন এই সমস্ত কথা বলছি তখন ওঁরা মনে মনে চিন্তা করেন এঁরা দেখছি আমাদের পার্টির কথাই বলছে। আমি ডাঃ আবেদিনকে বলি, ১৯৭৪ সালের ১৯শে এপ্রিল শ্রীঅহীন্দ্র মিশ্র একটা মোশন মুভ করেছিলেন এই হাউসে হলদিয়ায় জাহাজ নির্মান কারখানার প্রোপোজালটা ফাইনালাইজ করা হচ্ছেনা বলে। তখন আপনাদের আনন্দ গোপাল মুখার্জী বলেছিলেন, "ভারতবর্ষের অর্থনীতির বনিয়াদকে শক্ত করে গড়ে তোলার জন্য আমাদের পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু সেই পরিকল্পনাকে কর্যকরী করার জন্য যদি তার পেছনে রাজনৈতিক উদ্দেশ্য থাকে তাহলে যেমন করে ভারতবর্ষের অগ্রগতি খুঁড়িয়ে খুঁড়িয়ে হচ্ছে, ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদ শক্ত ভিতের উপর গড়ে ওঠেনি, বালির বাঁধের উপর তৈরী হচ্ছে···। স্যার, এসব কথা আমার নয়, ১৯৭৪ সালের ১৯শে এপ্রিল এই হাউসে এই সমস্ত কথা আনন্দবাবু বলেছেন। তারপর, আপনাদের মন্ত্রী তরুণ কান্তি ঘোষ তাঁর বাজেট বক্তৃতায় বলেছিলেন, "ভারতবর্ষে ইলেক-ট্রনিক্স ইণ্ডাষ্ট্রির উৎপাদিত দ্রব্যের শতকরা ৮০ ভাগ পশ্চিমবঙ্গে উৎপন্ন হোত। কিন্তু শেষ সমীক্ষায় দেখতে পাচ্ছি এখন মাত্র ৬ ভাগ তৈরী হয়। এমন একটা সময় ছিল ২০ বছর আগে, যখন ভারতবর্ষের যত ফার্মাসিউটিক্যাল ড্রাগস্ তৈরী হোত তার শতকরা ৫০ ভাগ হোত এই পশ্চিমবঙ্গে। কিন্তু আজকে সেই জিনিসটা চলে গেছে মহারাষ্ট্র এবং গুজরাটে। তার কারণ মোরারজীভাই এবং তৎকালীন মন্ত্রী যিনি ছিলেন তাঁরা ওয়েস্টার্ন সাইড থেকে এসেছিলেন, সেই কারণে ওই দিকে হয়েছে"।

[7-10—7-20 P. M.]

শুধু আনন্দবাবু নয়, শুধু আমাদের তরুণকান্তি ঘোষ না, ঐ জয়নাল সাহেব যিনি এখানে বসে আছেন, তিনি যখন ক্ষুদ্র ও গ্রামীন শিল্প দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি সেদিনের বাজেট বক্তৃতায় বলেছিলেন যে "গত ২৫ বছর ধরে এই বিভাগকে আমরা অবহেলা করে এসেছি। সভার মাননীয় সদস্যদের কাছে আমি স্পষ্ট জানাতে চাই যে এই রাজের ক্ষুদ্র ও গ্রামীন শিল্পের দিকে পরিকল্পনা কমিশন এবং ভারত সরকারকে আরও সহানুভূতির দৃষ্টি দিতে হবে। অনবরতই পরিকল্পনা কমিশন ও ভারত সরকার ৫ম পরিকল্পনায় এই খাতে ব্যয় বরাদ্দ আরও বাড়াবার প্রয়োজনীয়তা মেনে নিতে বলেছি"। তার পর আরও শুনুন ওঁরা বলেছেন এবং আমরাও বলেছি যে সারা দেশের তুলা পরিবহনের খরচ এক করে দিন। এই বিষয়ে আমরা আমাদের বক্তব্য মেনে নেবার জন্য ভারত সরকারকে অনুরোধ জানিয়ে চলেছি। তার পর আপনি কি বলেছেন, মূল সমস্যা হচ্ছে যে,

যে যেখানে আমাদের প্রয়োজন ১০০%, সেখানে আমরা এ্যালকেসন পেলাম ২৫% এবং আবার যে এ্যালকেসন পেলাম, তার ৪০ ভাগ মাত্র এই ষ্টেটে এসে পৌছোচ্ছে এবং বাকীটা আসে না। এটা কিন্তু আপনাদেরই বক্তব্য। আমরা বলছি যে আজকে পূর্বাঞ্চলকে সুযোগ দিতে হবে—এ কথা কোন সি. পি. এম. বলছে না, জয়নাল আবেদিন সাহেব বলছেন। সেইজন্য ৫ম পরিকল্পনা-কালে আমরা আমাদের এখানে সুতা মিল করতে চেয়েছি এবং এ কথাও আপনারা বলেছেন। এবং আপনাদের পাশে যিনি বসে আছে শ্রীকাশীনাথ মিশ্র মাননীয় সদস্য, তিনি বলেছেন যে পশ্চিমবাংলা যে একটা নূতন স্বপ্ন দেখেছিল এবং তার পরিপ্রেক্ষিতে এখানকার যুবকদের মনে একটা নূতন চাঞ্চল্য এসেছিল, কেন্দ্রের বিমাতৃসুলভ ব্যবহারে আমাদের সেই স্বপ্ন আশাকে কিছুটা বঞ্চিত করেছেন। শুধু তাই নয়, আমাদের পশ্চিমবাংলা চা পাট কয়লার মাধ্যমে যে বিদেশী মুদ্রা আনে, যাতে ভারতবর্ষের অন্যান্য ষ্টেটের উন্নতি হচ্ছে, সেখানে পশ্চিমবাংলার যুবক ছাত্র জনসাধারণ চুপ করে বসে থাকবে না। এটা কাশীকান্তবাবুর বক্তৃতা। তাহলে বুঝতে পারছে, আমরা যেটা বলতে চাচ্ছি, যে পূর্বাঞ্চল তথা পশ্চিমবাংলা কিভাবে কেন্দ্রের বঞ্চনার সম্মুখীন হয়েছে এবং এই রকম একটা বঞ্চনার মধ্যে আমাদের পাশ হয়ে যেতে হচ্ছে। সেইজন্য আমাদের আরও অনেক কিছু বলার রয়েছে। প্রফুল্ল কান্তি ঘোষ মহাশয় চলে গেছেন। তিনি বলেছেন যে তাঁর খাদ্য দপ্তরে ঠিকমত সাপ্লাই হচ্ছে না। আমরাও ঠিক সেই কথা বলতে চাচ্ছি। আর এইভাবেই পশ্চিবাংলাকে বঞ্চনা করা হয়েছে এবং হচ্ছে। শুধু আমাদের আমলে নয়—দীর্ঘ দিন ধরে এটা চলছে। এখন যেহেতু পশ্চিমবাংলা কংগ্রেস (ই)-র কবরস্থান, আজকে তাদের এটা চিন্তা করতে হবে বলে তারা এইসব কাজ করে যাচ্ছেন। আমরা বুঝতে পারছি কলকারখানার কি অবস্থা। ওঁরা বলছেন যে দেশের বেকার বাড়লো কেন জ্যোতিবাবু জবাব দাও। জবাব আমরা দেবো তো—কলকারখানা খোলা হবে—তো আপানারা বলুন না কংগ্রেস বেঞ্চ থেকে যে কলকারখানা খোলার জন্য কেন্দ্রের দরকার হবে না, জ্যোতিবাবুই খুলতে পারবেন। আপনারা বলুন না যে মায়ের দিকে তাকিয়ে থাকতে হবে না। আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্স দরকার হবে না—এই পশ্চিমবাংলাই কল-কারখানা খুলতে পারবে—আপনারা জবাব দিন মানুষের কাছে। কি অপরাধ করেছে পশ্চিম-বাংলার মানুষ? রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি থেকে যেখানে চণ্ডীগড় প্রতি ১০০ টাকায় ৩১৮ টাকা লগ্নী করে, সেখানে পশ্চিবাংলায় লগ্নী করে ২৮ টাকা মাত্র। কে কৈফিয়ত দেবে এর? সেইজন্য আমি বলছি যে এই পশ্চিমবাংলায় আমাদের একটা ব্যাঙ্ক করতে দিন—আর আমরা পশ্চিমবাংলার অগনিত মানুষদের বলবো যে এই ব্যাঙ্কের আপনারা টাকা রাখুন এবং সেই টাকায় আমরা আমাদের দেশকে গড়ে তুলবো। তাহলে বুঝতে হবে অবস্থাটা কোথায়। বেকার সমস্যা আছে এবং দূর করতে হবে, শিল্পে অগ্রগতি ঘটাতে হবে। কিন্তু তাঁরা তো জানেন ইলেকট্রনিক্স কারখানা খোলার ব্যাপারে আপনারা তো জানেন কি করেছিলেন, আপনারা তো চেষ্টা করেছিলেন। এখন তে অন্ধকারের যুগ। তাহলে তো বুঝছেন ইলেকট্রনিক্স কারখানা খোলার কি অবস্থা। আমাদের এখানে জাহাজ নির্মানের কি অবস্থা হয়েছে। কিন্তু এইসব বাধা সত্বেও আমাদের সাফল্যের দিকটা হোল এই যে ক্ষুদ্র ও মাঝারী সংস্থাগুলির উপর আমরা জোর দিয়েছি এবং ১৯৭৭-৭৮ সালে যেখানে

মাত্র ৮৯৭৮টি ইউনিট ছিল ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের, যেখানে ১৯৮১-৮২ সালে ১ লক্ষ ৫৮ হাজার ৬৮০টি ইউনিট আমরা এখানে তৈরী করতে পেরেছি। এবং কর্মসংস্থানের হিসাবে দেখা যাচ্ছে যে ১১ লক্ষ ২২ হাজার ৯৯ জনের কর্মসংস্থানের ব্যবস্থা এই ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মধ্যে দিয়ে হয়েছে।

সেখানে ১৯৮১-৮২ সালে ১ লক্ষ ৫৮ হাজার ৬৮০ টা ইউনিট আমরা তৈরী করেছি এবং কর্ম সংস্থানের হিসাব দেখা যাচ্ছে ১১ লক্ষ ৯৯ হাজার জনের কর্ম সংস্থানের ব্যবস্থা এই ক্ষুদ্র এবং মাঝারী শিল্পের মধ্যে দিয়ে হচ্ছে। এছাড়া আপনারা জানেন আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটুকু আমরা পারি তা করে গত খরা এবং তার আগে যে বন্যা হয়েছিল, সেই সমস্ত জায়গায় এই কয় বছরে ২৫ কোটির মত গ্রামে শ্রম দিবস আমরা সৃষ্টি করেছি। অন্য দিকে এই রকম একটা অবস্থার মধ্যে—বর্গাদার বামফ্রন্টের আমলে কত ছিল, ২॥ লক্ষ, আর আজকে বামফ্রন্টের আমলে আমরা ১৩ লক্ষ এর উপর বর্গা রেকর্ড করিয়েছি। গোটা ভারতবর্ষে কোথাও হয়েছে? পশ্চিম-বাংলায় আপনাদের আমলে হয়েছে, কখনও হয়নি। ভাগচাষীদের চাষের নিরাপত্তা আমরা দিচ্ছি, উদ্বৃত্ত জমি বণ্টন—আমি একটু আগে বলেছি ৭ লক্ষ ৫৯ হাজার একর জমি আমরা বিলি করেছি, যেটা সারা ভারতবর্ষে হয়েছে শতকরা ৩০ ভাগ। ভারতবর্ষের এই চিত্র আজকে দাঁড়িয়েছে। অন্যদিকে ৪৫ লক্ষ কৃষকের খাজনা আমরা মকুব করেছি। সেচ ব্যবস্থা বেড়েছে, আর আগে এই সেচ ও বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী ছিলেন আবুল বরকত আতায়ুল গনি খাঁন চৌধুরী, এখন যিনি রেল দপ্তরের মন্ত্রী হয়েছেন, আগে খনি দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি পশ্চিমবাংলায় সেচ দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি তাঁর বাজেট রাখতে গিয়ে বলেছিলেন—মানুষকে কি ভাবে প্রতারিত করে দেখুন একবার—তিনি যখন এখানে মন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন, কি করবো, মাইথনের বাঁধ কুশন বাড়ানো হচ্ছে না বন্যা কি ভাবে নিয়ন্ত্রন হবে? বাঁধ কুশন বাড়াতে হবে পাঁচ ফুট, পাঞ্চেতের বাঁধ কুশন বাড়াতে হবে এবং তার জন্য ২২ বর্গমাইল এলাকা ডি. ভি. সি.-কে এ্যাকয়্যার করতে হবে। আমি বারবার বলা সত্বেও ডি. ভি. সি. সেই জমি এ্যাকয়্যার করছে না এবং তিনি বলেছিলেন খুব তাড়াতাড়ি দুই দেশের অর্থাৎ পশ্চিমবাংলা এবং বিহারের মুখ্যমন্ত্রীর মধ্যে এই ব্যাপারে একটা আলোচনা হবে এবং ইন্টার বিভাগ যে সমস্ত ডিসপিউট আছে, তার উপর আলোচনা হবে। যাই হোক জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হওয়ার পর জগন্নাথ মিশ্র সেখানে তখন মুখ্যমন্ত্রী ছিলেন, তাঁর সঙ্গে আলোচনা হয়েছে ১৯৭৮ সালে—জয়নালবাবুও জানেন একটা প্যাকেজ ডিল হয়েছে, সেখানে মাইথন ড্যামের উচ্চতা পাঁচ ফুট বাড়ানো, পাঞ্চেতের উচ্চতা বাড়ানো, এই সব সিদ্ধান্ত সেখানে হয়েছে। কে বাধা দিলো? বিহার বাধা দেয়নি। আমি দায়িত্ব নিয়ে বলছি, খোদ কয়লা দপ্তরের মন্ত্রী বরকত গনি ঐ দপ্তরের আগে যিনি মন্ত্রী ছিলেন, তিনি বললেন যে মাইথন বাঁধের উচ্চতা বাড়াতে গেলে কয়লা নষ্ট হয়ে যাবে।

আর তিনি যখন সেচমন্ত্রী ছিলেন, বিদ্যুৎ মন্ত্রী ছিলেন, তখন বলেছিলেন যে ডি. ভি. সি. করছেন। তাহলেই বুঝতে পারছেন কি ঘটছে? নর্থ বেংগলে তিস্তা ব্যারেজ হচ্ছে, আমাদের

এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এই বাজেট থেকে কিছু টাকা আমরা দিচ্ছি। একটু বুকে হাত দিয়ে বলছেন না, পশ্চিমবাংলার পাঁচটা জেলা উত্তরবঙ্গে, সেই পাঁচটা জেলায় কি সেচের ব্যবস্থা আছে, কিছু তো নেই? সেই তিস্তা প্রকল্প আমরা করছি, একটা নয়া পয়সাও কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না। আর লম্বা লম্বা ভাষণ দিচ্ছেন ওখানে। তাহলে কৃষির একান্ত প্রয়োজনীয় সেচ, তার বারোটা বাজাচ্ছেন, কৃষির একান্ত প্রয়োজন যেটা সার, সার নিয়ে কি করছেন, তার মধ্যে আমি যাচ্ছি না, আমার সময় হয়ে এসেছে, কিন্তু আপনারা জানেন সারের ক্ষেত্রে কি আপনারা বলেছেন, আমাদের যে সার দরকার, শুধু আমাদের আমলেই নয়, ওঁদের আমলেও সার নিয়ে কি কেলেঙ্কারী হয়েছিল। সার আমাদের যা দরকার, সেই সার আমরা পাচ্ছি না, তাহলেই বুঝতে পারছেন, এতৎসত্বেও আমাদের কৃষির অগ্রগতি ঘটেছে, এটাই আমরা বলতে চাইছি। কিন্তু মুস্কিল হচ্ছে কি জানেন, অপরে শিখিয়ে দিলে, অপরের দ্বারা টিউটর্ড হয়ে বলতে গেলেই মুস্কিল। আপনাদের টিউটর তো পাইলট, যিনি থেকে থেকে খরার বছরের হিসাবটা তুলে ধরলেন। আজকে বলুন ১৯৮৩-৮৪ সালে কি হয়েছে? গতবার একটু ভাল বৃষ্টি হয়েছিল, চাষীরা উঠে পড়ে লেগেছিল এমন কি খরার বছয়েও বিহার ও উড়িষ্যাও কি হয়েছিল? এই সব কথা বললেন না, শুধু পশ্চিম-বাংলার কথা বললেন। কেন? না, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে। এমনি করে বামফ্রন্টকে সরানো যায় না। গোটা ভারতবর্ষে বাঁধটা ভেঙ্গে পড়ছে, ওরা পশ্চিমবাংলায় পলেস্তরা লাগাচ্ছেন, এই সব সত্বেও আমরা পশ্চিমবাংলায় আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতখানি পারি, আমরা এই সব চেষ্টা করছি। আপনারা জানেন যে ওরা তো সব বক্তব্য বললেন না, বাজেটে অনেক বক্তব্য আছে, অমলবাবু ঠিকই বলেছেন, ভক্তিবাবুও ঠিক বললেন যে একটা বাজেট ভাষণে অনেক বক্তব্য বলার আছে, সেইগুলো একটু কনট্রাডিক্ট করুন। সাত্তার সাহেব এলেন না, পরে একটু খোঁজ নেবেন, কেউ আটকায়নি তো? যাইহোক তিনি বোধহয় অসুস্থ। সুব্রতবাবু হাত পা ছুঁড়ে বললেন—১৯৭২ সাল। জানেন তো, কংগ্রেসীদের কোন মাননীয় সদস্যের কাছে যদি ১৯৭২ সালের কথা বলেন, তাহলে জিভ থেকে টস টস করে জল পড়বে। মাইরি, মাইরি, ১৯৭২ সাল—কি দিন ছিল।

[7-20—7-30 P. M.]

১৯৭২ সাল পশ্চিমবাংলায় আর আসবে না। সেই জন্য তারা আইন শৃঙ্খলা, আইন শৃঙ্খলা বলে চীৎকার করে ফেললেন যে গত ৬ বছরে ৭ হাজার মানুষ খুন হয়েছে। আমি চ্যালেঞ্জ করছি, তিনি নামগুলো আমাদের দিন। তিনি তো কেটে পড়লেন, জয়নাল সাহেব আপনি আছেন, তাকে বলবেন। আপনার সঙ্গে তার কথা হয়? তো, আপনি তাকে এই কথা বলবেন। ৭ হাজারের নামটা আমাদের একটু দিন। কয়েকদিন আগে আপনারা তো রাজ্যপালের কাছে স্মারকলিপি জমা দিতে, ডেপুটেসন দিতে গিয়েছিলেন। নাম দিয়েছিলেন। নামটা দিন আমাদের। নাম তো দিলেন না, বক্তৃতা দিয়ে চলে গেলেন। আমি চ্যালেঞ্জ করছি, আপনি নাম দিন। পাট নিলো তো কি হয়েছে? দিল্লী থেকে আপনাদেরই দু জন কংগ্রেসী এম. পি. এসেছিলেন। কোন কংগ্রেস

কর্মী, নেতা পশ্চিমবাংলায় আছেন যে পুলিশের কাছে বিধিবদ্ধ অভিযোগ এনেছেন? একটিও অভিযোগ আনেন নি। নারী নিগ্রহের কথা বলতে আপনাদের লজ্জা করছে না? পশ্চিমবাংলায় নারী নিগ্রহ হয়েছে বলে আপনারা উল্লেখ করেছেন। মিঃ স্পীকার, স্যার, আমি এই বিষয়ে আপনার কাছে একটি তথ্য পেশ করছি। উত্তরপ্রদেশে গত বছর ৪৯৭টি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে, মহারাষ্ট্র (বম্বে) জুলাই, আগষ্টের পরিসংখ্যান ছাড়া ৩৩৬টি ঘটনা ঘটেছে, রাজস্থানে জুলাই পর্যন্ত ২২২টি ঘটেছে, আগষ্ট পর্যন্ত বিহারে ২১২টি ঘটেছে, আর পশ্চিমবাংলায় ৯২টি ঘটেছে। আজকে অবস্থাটা আপনাদের একটু বুঝতে হবে। ওরা বলছেন গ্রেপ্তার করতে পুলিশ নামছে না, অমুক নামছে না, আইন শৃঙ্খলা নেই। আপনাদের গ্রেপ্তার করবে নাকি, সুব্রতবাবু, সোমেনবাবু তাহলে সমাজবিরোধী কোথায় খুঁজে পাব? আমরা পারব না। আমরা মনে করি গণতন্ত্র আছে এবং আপনারা এসেছেন, বসেছেন, কথাবার্তা বলছেন। তাই অবস্থাটা একটু বুঝতে হবে। কাজেই আইন শৃঙ্খলা নিয়ে এই সব কথাবার্তা বলে লাভ নেই। কাশীবাবু আবার একটা বাড়তি কথা বলে ফেললেন, সুব্রতবাবু হয়ত বলেছিলেন যে শিক্ষা জগতে নৈরাজ্য চলছে—এই কথা বলে কলকাতা ইউনিভার্সিটির প্রসঙ্গ এনেছিলেন। কি হয়েছে ওখানে? সংখ্যা গরিষ্ঠ সিনেট সদস্যদের কথা বলবার অধিকার আছে কিনা? তাদের অধিকার দেবেন না? সংখ্যা গরিষ্ঠ সিনেট সদস্যরা যদি মনে করেন উপাচার্যের কোন কাজ আইন সম্মত হয়নি তাহলে তার প্রতিবাদ করবার অধিকার আছে। ঐ দুজন এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে তাদের প্রতিবাদ করার অধিকার আছে। এটা শিক্ষা জগতে নৈরাজ্য? মিঃ স্পীকার, স্যার, কংগ্রেসের বেশীর ভাগ নেতাই আপনার, আমার মত নয়, সব এম. এ. পাশ। কবে'র পাশ? মাইরি মাইরি সেই একটা স্বর্ণযুগ ছিল ১৯৭১ থেকে ১৯৭৭ সাল—সেই সময় সব এম. এ. পাশ করে ফেলেছেন। তাহলে বুঝতেই পারছেন ব্যাপারটা কি হয়েছে। আর ওরা আমাদের শেখাচ্ছেন শিক্ষা জগতে নৈরাজ্যের কথা। এই সব সত্বেও আমরা চেষ্টা করছি উন্নতি করার। আরো কয়েকটা কথা বলে গেলেন, আমরা নাকি তপশিলীদের জমি নিয়ে বিলি করছি। তারপর উনি দু একটি নাম বললেন এবং কয়েকটা নাম যোগাড় করেছিলেন। আমাদের স্মৃতি শক্তি কি এতই দুর্বল? পাটনায় 'মা' বক্তৃতা দিয়ে বলে ফেলেছিলেন এখানের তপসিলীদের জমি কেড়ে নিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার অপরকে বিলি করছে। সঙ্গে সঙ্গে খাতা খুলে নাম বের হয়ে গেল। আর সেই নামগুলিই বলে গেলেন। এই সব কথা বলে লাভ নেই। আপনার কনষ্টিটিউএন্সি, ওর কনষ্টিটিউএন্সি—এই সব বলে লাভ নেই। আমরাই পশ্চিমবঙ্গের সংখ্যাগরিষ্ঠ পার্টি, দল, বামফ্রন্টই গরিষ্ঠ দল। আমরা এতগুলো আসন নিয়ে বসে আছি। রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে আপনার কনষ্টিটিউএন্সিতে কি হয়েছে, রাম, শ্যাম, যদু, মদু, মাধাই—ইত্যাদি তুলে ধরে কি রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করা যায়? এগুলি বলবেন না। এগুলি এনকোয়ারি করে কি করা যায় সেটা আমরা দেখব। এই সমস্ত কথা বলে কিছু হবে না। আমাদের কিছু দুর্বলতা, কিছু ত্রুটি আছে। এই সব সত্বেও আমরা পশ্চিমবাংলার অগনিত মানুষের স্বার্থে ভূমি সংস্কারকে কার্যকরী করবার চেষ্টা করছি। আমরা বর্গা রেকর্ড করছি, উদ্বৃত্ত জমি বিলি করছি। আইনগত

আরো কি ব্যবস্থা নেওয়া যায় সেটা চিন্তা করে আমরা বিল তৈরী করেছি। আপনারা একটু বলুন যাতে সেই বিলটিতে সই দিয়ে দেন। ডাঃ মানস ভুঁইঞা এ্যাড হক এ্যাপয়েন্টমেণ্ট সম্পর্কে কয়েকটি কথা বলে গেলেন। হ্যাঁ, এ্যাড হক এ্যাপয়েন্টমেণ্ট দিয়েছি। সুপি-ডিউটি দিয়েছি। কোথায় দিয়েছি? শুধু কলেজগুলিতে নয়, খোদ রাইটার্স বিল্ডিংসে পর্যন্ত ১০০-র উপর সুপি-ডিউটি দিয়েছি। এটা বামফ্রন্ট—আপানারা কি বুঝতে পারেন না, হাসপাতালে যদি গণ্ডগোল করবার চেষ্টা করা হয় তাহলে সেই প্রচেষ্টাকে বানচাল করবার জন্য এখনো কিছু উপযুক্ত সহৃদয় সম্পন্ন ডাক্তার আছেন? কিছু আছেন, তারা বলছেন আমরা পারব না।

তারা বলছেন, এ জিনিষ আমরা পারবো না, ক্যাজুয়ালটি বন্ধ করে চলে যেতে পারবো না। তারা বলছেন, আপনি বলুন, আমরা কোলকাতায় চালাবো। আপনারা দেখলেন এর পর ওরা কি ভাবে ব্যর্থ হয়ে চলে গেল। কোন অন্যায় আমরা করছি না। আমরা এ্যাড হক এ্যাপয়েন্টমেণ্ট দিয়েছি, সুপারনিউমারারি ডিউটি আমরা দিয়েছি তবে পার্মানেণ্ট পোষ্টিং আমরা করি নি। নিয়ম অনুযায়ী তাদের গ্রামে চলে যেতে হবে। আপনারা একটু বোঝান না যারা কোলকাতায় পার্মানেণ্টলি পোষ্টেড আছেন তারা হাসপাতালগুলি একটু ভালোভাবে চালান। আমরা তাদের সুপারনিউমারারি ডিউটি দিয়েছি, তাদের আবার গ্রামে পাঠিয়ে দেব আর যদি ঐ রকম করেন তাহলে আবার আমাদের এ্যাড হক এ্যাপয়েন্টমেণ্ট দিতে হবে। শীঘ্রই আমরা দিচ্ছি, গ্রামাঞ্চলে তাদের পাঠাবার ব্যবস্থা করবো। তারপর মানসবাবু, কাশীবাবু, সীতারামবাবু এঁরা ঔষধের কথা বললেন। আমি তাঁদের বলব, এসব কথা বামফ্রন্ট সরকারকে বলছেন কেন? ঔষধ তো গোটা ভারতবর্ষের ফেনোমেনান, ঔষধ নেই, ঔষধের অভাব ইত্যাদি। এরজন্য তো ভারতসরকার নিজেই হাতি কমিটি বসিয়েছিলেন যে কি করে ঔষধের সরবরাহ বাড়ানো যায়। জয়নাল সাহেব যখন বক্তৃতা দেবেন তখন আশা করি বলবেন যে ১৩ বছর ধরে সেই হাতি কমিটির যে প্রতিবেদন তা গ্রহণ করা হয়েছে কিনা এবং ভারতসরকার সে সম্পর্কে কোন মতামত দিয়েছিলেন কিনা? না, তা তারা দেন নি। গোটা ভেষজ শিল্প আজকে মালটি ন্যাশানাল কর্পোরেশনের হাতে। এই অবস্থায় ঔষধ বিলি হবে কি করে? ঔষধ কি আমি এখানে পয়দা করবে নাকি? স্বাধীনতার ৩৬/৩৭ বছর পরেও কেন আজও ভারতবর্ষে কোন ইনটিগ্রেটেড হেল্‌থ পলিসি গ্রহণ করা হল না? গত লোকসভার অধিবেশনে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীশংকরানন্দ একটি পলিসি ষ্টেটমেণ্ট দিলেন কিন্তু কোন হেল্‌থ পলিসি গৃহীত হল না। কাজেই আপনাদের বলব, এইসব কথা বামফ্রন্ট সরকারের কিছু করা যাবে না। আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পশ্চিমবাংলার মানুষের পাশে দাঁড়িয়ে লড়াই করছি এবং সেই চিত্রই রাজ্যপালের ভাষনে ফুটে উঠেছে। স্যার, পরিশেষে রাজ্যপাল মহাশয়ের ভাষনের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য শ্রীশচীন সেন এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় এই সভায় যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সে সম্পর্কে আলোচনায় বিভিন্ন বক্তার আলোচনা শুনলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার যখন প্রথম ক্ষমতায় এল তখন বামফ্রন্টের সদস্যরা বলেছিলেন, গত ৩০ বছর ধরে দেশে কিছুই হয়নি, আমরা এবারে ক্ষমতায় এসেছি, আগামীদিনে আমরা বাংলাকে সোনার বাংলায় পরিণত করবো, সব কিছুর পরিবর্তন করে দেব, বাংলাকে নতুন করে সাজাবো। কিন্তু স্যার, গত ৭ বছর গত হয়ে গেলেও আমরা সেই পরিবর্তন দেখতে পেলাম না, কোন পরিবর্তনই ওরা করতে পারেন নি উপরন্তু পশ্চিমবঙ্গের দিন দিন অবনতি হচ্ছে। পশ্চিমবাংলার যে কোন উন্নতিই হচ্ছে না সেকথা মানুষ আজকে বুঝতে পেরেছেন। স্যার, আমরা মনে করি এই সরকার যতদিন থাকবে ততদিন এই পশ্চিমবঙ্গের অধোগতিই হবে, দেশের মানুষের দুরাবস্থার কোন সুরাহা হবে না। স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ আমি পড়ে দেখলাম যে সেখানে তিনি উল্লেখযোগ্য কোন পরিবর্তনের কথা উপস্থিত করতে পারেন নি। স্যার, তিনি বলেছেন, আইনশৃংখলার যথেষ্ট অবনতি ঘটেনি। এ সম্পর্কে আমার বক্তব্য রাখার আগে আমি স্যার, আপনাকে বলব, আপনি জানেন, এই সভায় বিভিন্ন বক্তা আইনশৃংখলার অবনতির বিভিন্ন দৃষ্টান্ত দিয়ে নানান বক্তব্য রেখেছেন। ওরা বলেছেন, কেন্দ্র আমাদের সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করছে, কেন্দ্র আমাদের দেখতে পারে না আমরা বিরোধী দলের সরকার বলে। তারা বলেছেন, কেন্দ্র থেকে আমরা প্রয়োজনীয় আর্থিক সাহায্য ও অনুদান পাই না। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমে একটি কথা বলতে চাই। আপনি জানেন, স্যার, এই সরকার গ্রামে-গঞ্জে পঞ্চায়েতের মাধ্যমে যে কাজ করছেন সেখানে আমরা দেখেছি যে পঞ্চায়েতে বামফ্রন্টের সদস্য ১০ জন এবং কংগ্রেসের সদস্য ৫ জন আছেন সেখানে বামফ্রন্টের সেই ১০ জন মিলে কাজ করেন কংগ্রেসের যে ৫ জন আছেন তাদের কোন কথা জিজ্ঞাসা করেন না, এমন কি মিটিং-এ পর্যন্ত তাদের ডাকা হয়না। কংগ্রেস সদস্যের অঞ্চলে সি. পি. এম-এর ক্যাডার দিয়ে কাজ করানো হয়, কংগ্রেস সদস্যদের দিয়ে কোন কাজ করানো হয়না। এটা কিসের নমুনা? বামফ্রন্টের প্রধান কংগ্রেসী সদস্যদের সঙ্গে যে আচরণ করেন সেটা কি বিমাতৃসুলভ আচরণ নয়? এটা কি বন্ধুসুলভ আচরণ, না, গণতান্ত্রিক আচরণ সেটা বিচার করে দেখুন।

[7-30—7-40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আপনার কাছে বলছি। মুর্শিদাবাদ জেলায় যে জেলা স্কুল বোর্ড আছে সেখানে মাঝে মাঝে প্রাইমারী শিক্ষক নিয়োগ হয়, মাঝে মাঝে মিটিং হয়। সেখানে ৬জন এম. এল. এ. প্রতিনিধি হিসাবে আছেন। মুর্শিদাবাদের একজন এম.এল.এ. অমল রায় মহাশয় এখানে উপস্থিত আছেন। আমি তাঁকে উদ্দেশ্য করে বলছি, তিনি বলুন যে এই ৬ জনের মধ্যে কয়েকজন কংগ্রেসের এম.এল.এ. আছেন? একজনও কংগ্রেস এম.এল.এ নিয়েছেন কি? স্কুল বোর্ডে যে ৬ জন প্রতিনিধি আছেন তার মধ্যে একজনও কংগ্রেস এম.এল.এ

প্রতিনিধি নেওয়া হয়নি। আজকে বামফ্রন্ট সরকারের সদস্যরা বলছেন যে কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করেন। আমি তাদের বলছি যে কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করে না। প্রণব মুখার্জী এবং আমাদের প্রধান মন্ত্রীতো বলেছেন যে বিহার যে অনুপাতে সাহায্য পায়, পশ্চিমবাংলাও সেই অনুপাতে সাহায্য পায়। তাছাড়া আর্থিক লেনদেন করতে হলে তার জন্য একটা কমিশন আছে। সেই অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী এটা দেওয়া হয়। সেই কমিশন নিরপেক্ষভাবে কাজ করেন। আর এই দলের লোকেরা যে কাজ করছে তাতে তারা বিরোধিদের কোণঠাসা করে গলা টিপে মারছে। আর এখানে এসে বলছে যে কেন্দ্র বিমাতৃসুলভ আচরণ করছে। এরা নিজেরাই সেই রকম আচরণ করছে।

এখানে আইন শৃংখলার কথা অনেকে বলেছেন। আমি বললে অনেকে হয়ত রিক্ত হবেন। আমি সাম্প্রতিক একটা ঘটনার কথা এখানে উল্লেখ করবো। ১৯৮৩ সালের ১৪ নভেম্বর তারিখে বীরভূম জেলার নানুর থানার পাটিল গ্রামে কি কাণ্ড ঘটেছে সেটা একটু শুনুন। একজন এম.এল.এ এবং একজন এম.পি-র পুত্রের নেতৃত্বে ৫ থেকে ৮ হাজার লোক একটা গ্রামের উপর ঝাঁপিয়ে পড়ে এবং সেখানে লুঠপাট করে বাড়ীঘর আগুন লাগিয়ে দেয় এবং বাড়ীর মেয়েদের ধর্ষণ করা হয়। স্যার, ৭ বছর মেয়ের উপস্থিতিতে তার মাকে ধর্ষণ করা হয়েছে। এদের লজ্জা নেই। এদের যদি লজ্জা থাকতো তাহলে এখানে এসে এই সব কথা বলতেন না। এরা কংগ্রেস আমলে ধর্ষণের কথা বলেছেন। কিন্তু মেয়ের উপস্থিতিতে মায়ের উপরে ধর্ষণ এই ঘটনা সেখানে ঘটেছে। এটা অনেক পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। আপনি যদি তখনকার দেশ পত্রিকা দেখেন তাহলে দেখবেন যে সেখানে বিস্তারিতভাবে এই ঘটনা দেওয়া আছে। এই হচ্ছে আইন শৃংখলার নমুনা। বীরভূম জেলার নানুর থানার পাটিল গ্রামে বিধানসভার সদস্য এবং এম পি-র পুত্রের নেতৃত্বে যে ঘটনা ঘটেছে, সেই ব্যাপারে সেখানকার প্রশাসন নিরপেক্ষভাবে উল্লেখযোগ্য ভূমিকা নেবার চেষ্টা করলেন, এস.ডি.পি.ও যখন তাকে গ্রেপ্তার করার চেষ্টা করলেন, এম.পি-র পুত্রকে যখন গ্রেপ্তার করা হল, তার কিছুদিন পরে সেই এস ডি পি.ও-কে বদলী করা হল। কিসের জন্য তাকে বদলি করা হল? একজন সরকারী কর্মচারী হয়ে তার এতবড় ধৃষ্টতা যে সে একজন এম.পি-র পুত্রকে গ্রেপ্তার করবে। সেজন্য তাকে বদলি করা হয়। এই হচ্ছে নিরপেক্ষ প্রশাসনের নমুনা। আর একটা ঘটনার কথা বলি। শচীনবাবু রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি কয়েক বছর আগে তার এলাকায় দিনের বেলায় ১৬ জন আনন্দমার্গীকে পুড়িয়ে মারা হল। এটা কি আইন শৃংখলা বজায় থাকার নমুনা? ওদের যদি লজ্জা থাকতো তাহলে ওরা বিহারের আইন শৃংখলার কথা, দিল্লীর আইন শৃংখলার কথা এখানে বলতেন না। কলকাতা শহরের বুকে দিনের বেলায় ১৬ জনকে যেখানে আগুনে পুড়িয়ে মারা হল, সেখানে আইন শৃংখলা কি করে থাকে সেটা একবার ভেবে দেখুন। আর একটি ঘটনার কথা এখানে বলছি মুর্শিদাবাদ জেলার রায়নগর থানার অন্তর্গত সেখানকার সি.পি.এম-এর পঞ্চায়েত সমিতির সভাপতি এবং তার দলবল নিয়ে বি ডি.ও এবং এগ্রিকালচারাল এক্সটেনশান অফিসারকে

আক্রমণ করেন। তারপরে বি.ডি.ও এবং এগ্রিকালচারাল এক্সটেনশান অফিসার থানায় গিয়ে ডাইরী করেন এবং সেই ডাইরী করার পরে ডি.এম-কে খবর পাঠান হয় এবং ডি.এম. সেখানে যান। স্যার, রায়নগর ব্লকের সভাপতি এবং তার দলবল নিয়ে থানায় বসে ও.সি-র সঙ্গে থানাপিনা করছে। বি. ডি. ও সাহেব বলছেন যে এর নামে এফ. আই. আর. আছে, এ একজন জঘন্য অপরাধের আসামী, একে গ্রেপ্তার করা হোক।

থানায় গিয়ে দেখাগেল থানা অফিসাররা তাকে নিয়ে গল্প করছে। অনেকবার বলবার পরে তাকে গ্রেপ্তার করা হলো এবং গ্রেপ্তার করে বহরমপুরে নিয়ে আসা হলো। প্রশাসনকে সুষ্ঠুভাবে পরিচালিত করবার জন্য ডি. এম. তাকে গ্রেপ্তার করার আদেশ দিয়েছিলেন। কিন্তু তার পরে দেখাগেল ঐ ডি. এম-কে বদলি করার জন্য অনবরত চেষ্টা চলছে। রোজ কলকাতার রাইটার্স বিল্ডিংস-এ এসে ডি. এম.-কে বদলি করার জন্য চেষ্টা চালান হচ্ছে। কারণ তার এত বড় সাহস যে, সে সি. পি. এম. নেতাকে গ্রেপ্তার করার আদেশ দেয়। এই তো হচ্ছে আজকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা। সুতরাং এই অবস্থায় আমি এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব এখানে এসেছে তাকে সমর্থন করে আমি দু-একটি কথা আপনার সামনে বলব। '৫২ সাল থেকে আজ পর্যন্ত বহুবার আমার এই বিধানসভা দেখার সুযোগ হয়েছে। যখন অম্বিকা চক্রবর্তী মহাশয় বেঁচেছিলেন তখন তাঁর সময়ে আমি দর্শক হিসাবে এই হাউসে এসেছি। তখন থেকে বহু বার আমি রাজ্যপালের ভাষণ পাঠ করা দেখেছি। কিন্তু এবারে রাজ্যপালের এখানে প্রবেশ করা থেকে ভাষণ পাঠ পর্যন্ত সমস্ত ঘটনাই আমার কাছে খুবই আশ্চর্যের লাগল। এবারে যা দেখলাম এই নজীর অতীতে আছে কিনা আমি জানি না। কংগ্রেসীরা রাজ্যপালকে রাস্তায় আটকে ধরলেন এবং তিনি এখানে যখন ভাষণ দিচ্ছিলেন তখন তাঁর ভাষণ পাঠের পাশাপাশি বিরোধী দলের নেতা একটি লিখিত ভাষণ পড়তে শুরু করলেন। এর ফলে আজকে আমরা দেখছি কংগ্রেস নিজেই সংসদীয় রীতি-নীতি ভাঙছে, পদদলিত করছে। এর ফল আগামী দিনে ভয়াবহ হবে, নিজেদের দড়িতে নিজেদের গলাতেই ফাঁস পড়বে, এটা কংগ্রেসীরা জেনে রাখুন।

স্যার, আমরা যে সীমাবদ্ধ ক্ষমতার কথা বলি, সেই কথাকে কংগ্রেসীরা বারবার ব্যঙ্গ করছেন। যতই ওরা ব্যঙ্গ করুন না কেন, এ কথা সত্যি যে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থাকলেও কেন্দ্র আজকে জমিদারি কায়দায়, সামন্ততান্ত্রিক কায়দায় চলছে। একটু আগে বিরোধী দলের চীফ্ হুইপ্ বক্তৃতা করে গেলেন যে, বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী ভিক্ষা ভাণ্ড নিয়ে দিল্লীতে যান দয়া ভিক্ষা করতে। এই ভাবে তিনি ব্যঙ্গ করলেন। কিন্তু তিনি এটা জেনে রাখুন, আজকে রাজ্য-গুলি থেকে অর্থ যায় বলেই জমিদারি চলছে। আমরা এই বিগত কয়েক বছরের মধ্যে ৬৯৫২'৪০

কোটি টাকা কেন্দ্রকে এই রাজ্য থেকে দিয়েছি, আর কেন্দ্র তার বদলে আমাদের দিয়েছে ১৫৩৩.৭২ কোটি টাকা। অর্থাৎ ২২% চেয়েও কম দিয়েছে। অথচ আজকে রাজ্য সরকারের হাতে অর্থ সংগ্রহ করার কি উপায় আছে! ওঁর যদি কিছু জানা থাকে তা উনি একটু বলুন না, ব্যঙ্গ তো করলেন। আজকে প্রতিটি ক্ষেত্রে কেন্দ্র পশ্চিমবাংলাকে বঞ্চিত করছে। স্যার, আমি এ বিষয়ে কয়েকটি উদাহরণ আপনার সামনে রাখছি। ১৯৭৬-৭৭ সালে, যখন পশ্চিমবাংলায় কংগ্রেসীরা ক্ষমতায় ছিলেন তখন ব্যয় বরাদ্দ ধরা হয়েছিল ৫৭০ কোটি টাকা। আর ১৯৮২-৮৩ সালে সেই ব্যয় বরাদ্দের পরিমান বৃদ্ধি পেয়ে হয়েছে ১৬৮৫ কোটি টাকা। এরই পাশাপাশি কেন্দ্রীয় অবিচারের চিত্রটা একটু দেখুন। কেন্দ্র তিন বছর আগে মাথা পিছু সাহায্য দিতেন ৫২ টাকা, বর্তমানে দিচ্ছেন মাত্র ৩২ টাকা। অথচ অন্যান্য কংগ্রেস শাসিত রাজ্যগুলিকে কত করে দিচ্ছেন দেখুন। হরিয়ানা—৪৬ টাকা, রাজস্থান—৪৮ টাকা, পাঞ্জাব—৪৭ টাকা, উত্তর প্রদেশ—৪৬ টাকা, গুজরাট—৪১ টাকা। সুতরাং ওঁরা ব্যঙ্গ করার আগে এটা একটু বোঝার চেষ্টা করুন যে, কোথায় পশ্চিমবাংলার সঙ্গে অবিচার করা হচ্ছে। কেন আজকে পশ্চিমবাংলার মানুষকে এই ভাবে বঞ্চিত করা হচ্ছে? আজকে সেই কারণেই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ন্যায্যভাবে পশ্চিমবাংলার দাবীকে দিল্লীর কাছে তুলে ধরেছেন এবং আজকে ওঁদের উচিত ছিল এই দাবীকে সমর্থন করা। অথচ আশ্চর্যের বিষয় তা না করে ওঁরা পশ্চিমবঙ্গ সরকারের বিরোধিতা করছেন, পশ্চিমবঙ্গ সরকারকে ব্যঙ্গ করছেন।

[7-40—7-54 P. M.]

আর আইন-শৃঙ্খলার কথা এখানে তোলা হয়েছে, আমি এই প্রসঙ্গে দু-একটি ঘটনার কথা এখানে তুলে ধরছি। আজকে নারী ধর্ষনের জন্য যদি কেউ স্বর্ণ পদক পায় তবে প্রথমেই পাবে উত্তরপ্রদেশ—৪৯৭, মহারাষ্ট্র—৩৩৬, এবং রাজস্থানে—২২২টি নারী ধর্ষন হয়েছে আর এদিকে পশ্চিমবাংলা হিটেও অ্যালাউ হতে পারেনি। এটা আমাদের হিসাব নয়, কেন্দ্রীয় সরকার জুলাই মাসে এই হিসাব দিয়েছেন। এই কংগ্রেসীরাই প্রথম বামফ্রন্ট সরকার আসবার পর রাইটার্স বিল্ডিংস-এ বোতল ছুড়ে প্রথম বিশৃঙ্খলা সৃষ্টি করেছিল। এই তো সেদিন কংগ্রেসের ৭৭ তম অধিবেশন হয়ে গেল, যেদিন থেকে শহীদ জ্যোতি জ্বলেছিল সেদিন থেকে শহীদ জ্যোতি নেভা পর্যন্ত তারা মারামারি, কাটাকাটি এবং পেটোবাজি করেছিল। কংগ্রেসীরা বলছেন যে ৭ হাজার খুন হয়েছে। এদের তো কোন অরগ্যানাইজেসান নেই, তবে একটা অরগ্যানাইজেসান করেছেন যেটা প্রত্যেক শ্মশানে জাতীয়তাবাদী কর্মীদের বসিয়েছেন যারা ফলিডল খেয়ে মরুক কিম্বা রেলে কাটা পড়ুক বা তার কাটতে গিয়ে বিদ্যুৎ পিষ্ঠ হয়ে মরুক—এইসব লোকেদের একটা তালিকার হিসাব তৈরী করেছেন। চাকদার ঘেটু গাছিতে কংগ্রেসীরা প্রকাশ্যে মদ বিক্রি করছিলো। গোপাল বোস নামে একজন তার প্রতিবাদ করেছিল। সে বলেছিল যে প্রকাশ্যে মদ বিক্রি করবেন না। এই অপরাধে তাকে খুন করা হলো। ১৭ ফেব্রুয়ারী জওহরলাল নেহেরু হাসপাতালে লোকটি মারা গেল। করিমপুরে বাঘুশেখ এবং কাইমদ্দিন শেখ নামে ২ জন খেত-মজুর

একটি পুকুর খনন করে মজুরী পেয়ে চাল এবং গম কিনে বাড়ীতে ফিরছিল। তাদেরকে নৃশংসভাবে হত্যা করা হলো। এদিকে আনন্দবাবু ক্ষোভ প্রকাশ করে বলেছেন যে কংগ্রেস কর্মীরা আন্দোলনকে জমাতে পারলো না। এরা কারা? এরা কি সেই কংগ্রেস আছে? ক্ষুদিরাম, মাষ্টারদা, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় সুরেশচন্দ্র প্রভৃতি স্বনামধন্য লোকেদের পরিবর্তে আজ ফাটা-কেষ্ট, হাত কাটা গনা প্রভৃতি এইসব লোকেদের হাতে কংগ্রেসের নেতৃত্ব চলে গেছে। শতশত মাইল পদযাত্রা করা, না খেয়ে থাকা—এইসব জিনিষ আর এই কংগ্রেসের দ্বারা হবে না। এখন এদের হাতে যদি বোমা, পেট্রোলের টিন তুলে দেওয়া যায় তাহলে এরা সেই আন্দোলন চালিয়ে যেতে পারবেন, যেমন চালিয়েছিলেন ১৭ তারিখে। তবে এটা জেনে রাখুন, কয়েকটি বাস পুড়িয়ে, কয়েকটি ট্রাম পুড়িয়ে যদি আইন-শৃঙ্খলার অবনতি করার চেষ্টা করেন তাহলে বামফ্রন্ট সরকার কঠোর হস্তে দমন করবেন। এবারে সংস্কৃতির কথায় আসি। আপনারা কোথায় সংস্কৃতিকে বজায় রেখেছেন? কিন্তু বামফ্রন্ট সরকার রেখেছেন। আজকে বাঘাযতীনের মূর্তি দেখুন, শরৎচন্দ, রামমোহন রায়কে দেখুন। কংগ্রেসীরা সাড়ে ৩৩ বছরেও এদের স্মরণ করার কথা কিম্বা জনসাধারণের সামনে তুলে ধরার কথা ভাবতেও পারেননি এবং ভাবেননি। এরা খালি ইতিহাস বোঝেন, ঔরঙ্গজেবের হাতির কটা দাঁত ছিল সেই হিসাব রাখেন। কিন্তু বামফ্রন্ট সরকার আজ শিশুদের প্রকৃত শিক্ষা দিচ্ছে। কংগ্রেসীদের আমলে শিক্ষাক্ষেত্রে ১১২ কোটি টাকা ব্যয় করতেন আর সেই জায়গায় বামফ্রন্ট সরকার ৪১৮ কোটি টাকা ব্যয় করছেন। ওদের আমলে ৫০ লক্ষ ছাত্র-ছাত্রী ছিল আর আমাদের আমলে ৯২ লক্ষ ছাত্র-ছাত্রী শিক্ষার সুযোগ পাচ্ছে এবং এই ছাত্র-ছাত্রীর সংখ্যা আগামী বছর ১ কোটিরও বেশী হবে। এইজন্য ওনারা আতঙ্কগ্রস্থ আর এদের প্রতিভূ গ্রামের জমিদার-জোতদাররাও অতঙ্কিত। কারণ এরা যদি শিক্ষার সুযোগ পায় তাহলে তো আর শোষন করা কিম্বা বঞ্চনা করা চলবে না। পরিশেষে আমি রাজ্যপালের উপর আনীত ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅবন্তী মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বাজেট অধিবেশনের প্রারম্ভে মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন সেই ভাষণের পরিপ্রেক্ষিতে ধন্যবাদ সূচক যে প্রস্তাব এসেছে আমি সেই ধন্যবাদ সূচক প্রস্তাব সমর্থন করতে পারছি না, আমি তার তীব্র বিরোধিতা করছি। আমার পুর্ববর্ত্তী বক্তাদের মধ্যে শাসক গোষ্ঠীর বক্তারা আইন শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে ভারতবর্ষের বিভিন্ন পরিসংখ্যান তুলেছেন, পাশবিক অত্যাচারের কথা তুলেছেন। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে খুন, জখমের পরিসংখ্যান তুলে, পাশবিক অত্যাচারের পরিসংখ্যান তুলে যদি পশ্চিমবংগে বাহবা কুড়োতে থাকেন—আমি মনে করি—কিছুদিন আগে দুটি উপনির্বাচন হয়ে গেল, সেই উপনির্বাচনের ফলাফল দেখে নিশ্চয়ই তাঁদের চেতনা ফিরবে যে পশ্চিমবংগের মানুষ কি চাইছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকাশ্য দিবালোকে মায়ের সামনে যদি মেয়ের উপর পাশবিক অত্যাচার হয়- মেদিনীপুরের সবং তার দৃষ্টান্ত—প্রকাশ্য দিবালোকে পাঁচ রাস্তার উপরে অত্যাচার

হল পুলিশ শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছে না। তাহলে দেখুন পশ্চিমবঙ্গে কি অবস্থা চলছে? পশ্চিমবংগের আইন শৃঙ্খলা পরিস্থিতি কিভাবে রয়েছে সেটা লক্ষ্য করবার বিষয়। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে সেইসব কথা বলেছেন? এটা খুবই পশ্চিমবংগের জনসাধারণের পক্ষে হতাশা ব্যঞ্জক। তার কারণ হচ্ছে—পশ্চিমবংগে বিগত যে সরকার ছিলেন তাঁদের কাজকর্মের প্রতি—রাজ্যপালের ভাষণে লক্ষ্য রাখা উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ ছিল গত ৩ বছরে পশ্চিমবংগের বামফ্রন্ট সরকার সেই টার্গেট পূরণ করতে পেরেছেন, খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্প এবং এন. আর. ই পি. তে পর্য্যবসিত করে সেই ক্ষেত্রে যে টাকা বরাদ্দ করা ছিল ৬০ কোটি টাকা, তাঁরা তিন বছরে মাত্র ৪১ কোটি টাকা খরচ করতে পেরেছেন। খাদ্যের বিনিময়ে এন. আর. ই. পি.'র কোন নজির প্রমাণ পাওয়া যায় নি। সেই টাকা আত্মসাৎ করা যেতে পারে এবং সেই আত্মসাৎ করা টাকাতে তাঁদের ক্যাডার পোষা যাবে। আলীমুদ্দিন ষ্ট্রীটে প্রাসাদ তৈরী করা যাবে তারজন্য এই টাকা খরচ করা হবে। গ্রামোন্নয়ন প্রকল্পে যে টাকা বরাদ্দ ৩৮ কোটি টাকা ৩ বছরে মাত্র খরচ হয়েছে ৪ কোটি ১ লক্ষ ৮৪ হাজার টাকা। সেইসব কথার কোন উল্লেখ করা নেই।

তারপর ক্ষুদ্র সেচ প্রকল্পে ১২১ কোটি টাকা বরাদ্দ ছিল এবং ৩ বছরে ৩১ কোটি ২৬ লক্ষ টাকা মাত্র খরচ হয়েছে। ২৬ শতাংশ মাত্র খরচ করতে পেরেছেন। তারপর ২০ দফা কর্মসূচীর মধ্যে গ্রামীণ ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে ১১ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ ছিল এবং ৩ বছরে ৪ কোটি ৫০ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন। ছোট ছোট চাষীদের সারের সাহায্য করবার ক্ষেত্রে ষষ্ঠ পরিকল্পনায় ৯ কোটি টাকা বরাদ্দ ছিল, ৩ বছরে ৬৬ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন। অনেক বুলি এর মধ্যে রয়েছে। জিজ্ঞাসা করি, পশ্চিমবংগে প্রাথমিক শিক্ষাকে তাঁরা কোন স্তরে নিয়ে গিয়েছেন?

১৯৭৯।৮০ সালে পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৬৩ লক্ষ ৯৯ হাজার। সেটা ৫ম পরিকল্পনায় হয় ৮১ লক্ষ ৬৯ হাজারেরও কিছু বেশী। সেটা প্রথম তিন বছরে বৃদ্ধি করতে পেরেছেন ৫ লক্ষ ৩৪ হাজার এবং পরের ২ বছরে বৃদ্ধি করতে পেরেছেন ১২ লক্ষ ৩৬ হাজার। বুঝতে পারছেন? কিছুতেই বুঝতে পারছেন না। এই অপদার্থতার কথা কিন্তু রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিনিকিটের কথা এঁরা বলেছেন। আমি বলতে চাই যে এটা দিয়েছেন ঠিকই, কিন্তু পেয়েছে কারা? ক্ষুদ্র, প্রান্তিক চাষী পেয়েছে কি? সেটা ভূমিহীন ক্যাডারদের মধ্যে বিতরণ করা হয়েছে। সেই সমস্ত ধান, গম ইত্যাদি কালোবাজারে বিক্রী হয়েছে। এ ব্যাপারে যথেষ্ট প্রমাণ রয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে কিন্তু এর কোন উল্লেখ নেই। বিগত ৫ বছর যারা পশ্চিমবঙ্গে পঞ্চায়েতে ছিলেন, তাঁরা কাজের বিনিময়ে খাদ্য এবং এম. আর. ই. পির টাকা, গম চাল নিয়ে কি করেছেন? ভুখা মানুষের জন্য যে লক্ষ লক্ষ টাকা

এবং গম চাল দেওয়া হয়েছিল তার পুরো অংশটাই চুরি করেছেন, আত্মসাৎ করেছেন—অস্বীকার করতে পারেন? আমার এলাকায় রামনগর ২ নম্বর ব্লকের বাধিয়া গ্রাম-পঞ্চায়েতে সি. পি. এম-এর নির্বাচিত গ্রাম-প্রধান ছিলেন শ্রীসুবোধ ধাড়া। আমরা এবারকার নির্বাচনে গরিষ্ঠতা লাভ করায় এবার আমাদের দলের প্রধান হয়েছেন। চার্জ হ্যাণ্ড ওভার সময় দেখা গেল যে ষ্টক-বুকে রয়েছে ১০৬ কুইন্টাল গম, আর ডিলার্স ষ্টক-বুকে রেকর্ড রয়েছে ১৮ কুইন্টাল গম। স্বভাবতঃই আমি এবং বি. ডি. ও গিয়ে কাগজপত্র ধরছি। এইভাবে বাধিরা গ্রাম-পঞ্চায়েতে হাজার হাজার টাকা আত্মসাৎ করা হয়েছে। বিভিন্ন গ্রাম-পঞ্চায়েতগুলি দেখলে দেখা যাবে যে অনেক গ্রাম পঞ্চায়েতের কাগজপত্র ১৯৮২।৮৩ সালে অডিট পর্যন্ত করা হয়নি। অডিট করলে ধরা পড়বে যে পঞ্চায়েতের টাকা, গম, চাল কিভাবে আত্মসাৎ করা হয়েছে। সুতরাং আমরা আশা করেছিলাম যে মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার প্রকৃত অবস্থার একটা বাস্তব চিত্র নিশ্চয়ই তুলে ধরা হবে, কিন্তু দেখতে পাচ্ছি এতে পশ্চিমবাংলার কোন প্রকৃত তথ্য তুলে ধরা হয়নি। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না—তার তীব্র বিরোধিতা করছি।

Adjournment

The House was then adjourned at 7.54 P.m. till 1 p.m. on Wednesday, the 29th February, 1984, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled uhder the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 29th February 1984 at 1 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 12 Ministers of State and 164 Members.

STARRED QUESTIONS

(To which oral answers were given)

[1-00—1-10 P.M.]

বেসরকারী মালিকদের নিকট অধিগৃহীত রুগ্ন শিল্প হস্তান্তর

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১।) **শ্রীদেবপ্রসাদ সরকার** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কয়েকটি অধিগৃহীত রুগ্ন শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দেবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্য হলে, এইরূপ কতকগুলি শিল্প প্রতিষ্ঠান রাজ্য সরকার বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন ; এবং

(গ) এইরূপ হস্তান্তর দ্বারা সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীদের স্বার্থ ক্ষুন্ন হবে না—এ সম্পকে সরকার সুনিশ্চিত হতে পারছেন কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ (ক) হ্যাঁ।

(খ) ও (গ) তেরোটি অধিগৃহীত শিল্প প্রতিষ্ঠানের মধ্যে যে চারটি রষ্ট্রায়াত্ব করা হবে বলে স্থির হয়েছে সে কটি বাদ দিয়ে অবশিষ্ট নয়টির ক্ষেত্রে রাজ্য সরকারের শর্তাদি মেনে, সুনির্দিষ্ট প্রস্তাব এলে সরকার এ বিষয়ে বিবেচনা করতে রাজী আছেন।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, I want to draw your attention আমি যে তিনটি প্রশ্ন করেছি তার স্পেসিফিক উত্তর আমরা পাইনি। (খ) এবং (গ)

প্রশ্নের উত্তর এক সঙ্গে দেওয়া হয়েছে। আমি (গ) প্রশ্নের উত্তর ইয়েস অর নো জানতে চেয়েছি। এটা স্পেসিফিক উত্তর হলো না। (খ) এবং (গ) প্রশ্নের উত্তর এক সঙ্গে ব্রাকেটের মধ্যে দেওয়া হয়েছে।

শ্রীনির্মল কুমার বোস ঃ রাজ্য সরকারের শর্ত না মানলে তাকে তো দেওয়াই হবে না। প্রথম শর্ত হলো শ্রমিক কর্মচারীদের স্বার্থ পুরোপুরি রক্ষা করা।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেখানে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি রাখার ক্ষেত্রে বলছেন শিল্প জাতীয়করণ করা হোক, আবার এই রাজ্যের অধিগৃহীত শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন, এই ধরণের স্ববিরোধী নীতির সিদ্ধান্ত কেন ?

শ্রীনির্মল কুমার বোস ঃ এর মধ্যে স্ববিরোধী নীতি কিছু নেই। কারণ ইতিমধ্যে অনেক শিল্প জাতীয়করণের ব্যবস্থা করা হয়েছে। এই বিধানসভায় শিল্প জাতীয়করণের জন্য বিল আনা হচ্ছে। জাতীয়করণ করছি না এটা ঠিক নয়। সব কটা শিল্প জাতীয়করণ করা যাচ্ছে না তার কারণ হলো—এতো অর্থ আমাদের নেই। সেই জন্য সবগুলো জাতীয়করণ করে উঠতে পারছি না। যাতে মালিকরা শর্ত মেনে চলে সেই দিকে আমরা নিশ্চয় নজর দেব।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে মালিকানা হস্তান্তর, এই হস্তান্তরের পেছনে বামফ্রন্ট সরকারের বেসরকারী মালিকদের কাছে আত্মসমর্থনের প্রচ্ছন্ন উদ্দেশ্য কাজ করছে কি না ?

শ্রীনির্মল কুমার বোস ঃ এই প্রশ্ন ওঠে না।

শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ৪টি শিল্প রাষ্ট্রায়ত্ব করা হবে বলেছেন, এই চারটি শিল্পের নাম কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ পুরো নাম আমি বলে দিচ্ছি এবং কি অবস্থায় আছে সেটাও বলে দিচ্ছি। চারটি কোম্পানীর নাম হলো—Eastern Distilleries Private Limited, Britannia Engg. Co. Ltd, National Iron & Steel Co. Ltd, Saraswati Press Ltd., তার মধ্যে ইস্টার্ন ডিসটিলারাইজ-এর ব্যাপারে আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে বিল পাস হয়ে গেছে এবং সেটা কেন্দ্রের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার ব্যাখ্যা চেয়েছেন এবং আমরা সেই ব্যাখ্যা পাঠিয়ে দিয়েছি। আশা করি কেন্দ্রীয় সরকারের সম্মতি পাওয়া যাবে। আর তিনটির ব্যাপারে আমরা সিদ্ধান্ত নিয়েছি এই বিধানসভায় বিল আকারে আনা হবে।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই ৪টি বাদে বাকী যে কটি হস্তান্তর হয়েছে তা ক্রমাগত লোকসানের ফলেই হয়েছে ?

শ্রীনির্মল কুমার বোস ঃ না, তা ঠিক নয়। এর মধ্যে কতকগুলিতে তো বেশ ভাল অবস্থা ছিল এবং কতকগুলি অবশ্য লোকসানের দিকে ছিল। ৯টিকেই আমরা ছেড়ে দেব, এমন কথা কিন্তু নেই। আমরা নীতিগত সিদ্ধান্ত নিয়েছি, তারা যদি আমাদের সমস্ত সর্ত্তাদি মেনে চলে তবেই আমরা নিতে পারি। তবে এ ব্যাপারে চূড়ান্ত কোন সিদ্ধান্ত এখনও হয় নি। যেগুলি ছেড়ে দেবার কথা হয়েছে, সে ব্যাপারে কারণ হচ্ছে, ওয়াকিং ক্যাপিটাল এবং মডার্ণইজেশন ইত্যাদিতে যে পরিমাণ টাকা দরকার তা আমাদের হাতে নেই। ফিনানসিয়াল ইনষ্টিটিউশন যদি আমাদের টাকা দেয়, তাহলেই সবকিছু হতে পারে। শ্রমিক-কর্মচারীদের স্বার্থের দিকে লক্ষ্য রেখেই চলবার চেষ্টা আমরা করি।

শ্রীকামাখ্যাচরণ ঘোষ ঃ হস্তান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীদের স্বার্থ কোন ক্রমেই ক্ষুণ্ণ করা চলবে না, তা আমরা বলে দিয়েছি। যখন এগুলি নেওয়া হয়েছিল, তখন কারখানাগুলি বন্ধ হবার উপক্রম হয়েছিল, এ কথা কি ঠিক ?

শ্রীনির্মল কুমার বোস ঃ হ্যাঁ, কারখানাগুলি যখন বন্ধ হবার উপক্রম হয়েছিল তখন আমরা এগুলিকে নিয়েছিলাম। কারখানাগুলির শ্রমিকরা যাতে ছাঁটাই না হয় ও কারখানাগুলি তাদের প্রডাকসন ক্যাপাসিটি অনুযায়ী কাজ করতে পারে বা পুরোমাত্রায় ব্যবহার করা যায়, তারজন্যই এটা এসেছে।

শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা ঃ আপনাদের দেওয়া কতকগুলি সর্ত্ত মেনে চলবে বলে যদি কেউ দরখাস্ত করে, তাহলে আপনি কনসিডার করবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ এখনও এটা আলোচনা স্তরে আছে, সুতরাং এখুনি এ বিষয় সম্বন্ধে প্রকাশ করা উচিত হবে না।

বক্সা টাইগার প্রজেক্ট

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত দুই বছরে বক্সা টাইগার প্রজেক্টের কাজে কতটা অগ্রগতি হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পে ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফ ফাণ্ড থেকে ১৯৮৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কত টাকা পাওয়া গিয়েছে ?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) ১৯৮২-৮৩ সালে ২॥ কিঃ মিঃ দীর্ঘ জয়ন্তী বক্সাদুয়ার রোড নির্মান বাবদ টাকা ১,৮৮,০০০.০০ (এক লক্ষ অষ্টআশি হাজার টাকা) ব্যয় হয়েছে।

১৯৮৩-৮৪ সালে এই প্রকল্পের জন্য টাকা ২০,০০০,০০.০০ (কুড়ি লক্ষ টাকা) ব্যয়ের প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

(খ) কোন টাকা পাওয়া যায়নি।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এরমধ্যে বাক্সা টাইগার প্রজেক্টে কতগুলি বাঘের বাচ্চা আছে ?

শ্রীপরিমল মিত্র ঃ ১৯৭২ সালের গণনা অনুযায়ী বাক্সাতে ১৭ এবং সমগ্র উত্তরবঙ্গে ৭৬টি বাঘ আছে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ প্লানিং খাতে ওঁরা নিশ্চয়ই কিছু টাকা দিয়েছেন, কিন্তু আমাদের নন-প্লানিং খাতে টাকা দিতে হয়। তাছাড়া এই টাইগার প্রজেক্ট রিজার্ভ করতে গিয়ে রাজ্যের বহু টাকা রেভেনিউ লস হয়, এর কারণ আপনি সবই জানেন। কেন্দ্রীয় সরকার যত টাকা এই প্রজেক্ট রিজার্ভের জন্য দেবেন এবং সে ক্ষেত্রে রাজ্য সরকারকে ক্ষতিগ্রস্থ হতে হবে না—এই রকম কোন ব্যবস্থা আছে কি ?

শ্রীপরিমল মিত্র ঃ ব্যাঘ্র প্রকল্পের জন্য ৭৫৮ বর্গ কিমিঃ জমি নেওয়া হয়েছে। এর মধ্যে কোর এলাকা ৩১৪ বর্গ কিমিঃ, আর বাফার এরিয়া হচ্ছে ৪৪৪ বর্গ কিমিঃ। সাধারণ ভাবে আমাদের কোর এরিয়াতে যে সমস্ত নানা ধরণের প্লান্টস্ আছে, এর মধ্যে সিলেকটেড ফেলিং করা দরকার। তা না হলে যে সমস্ত দামী গাছ আছে, সেগুলি ধ্বংস হয়ে যাবে, তা কখনই উচিত হবে না বলে আমরা মনে করি। এজন্যই এই প্রকল্প তৈরী করা হয়। এর ফলে আমাদের খুব একটা রেভেনিউ লোকসান হবে না। সেই সঙ্গে আমরা সিলেকটেড্ ফেলিং এবং ক্লিয়ার ফেলিং করতেও পারব।

[1-10—1-20 P.M.]

শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ এই কাজের জন্য ওয়ল্ড ওয়াইল্ড লাইফ ফাণ্ড থেকে টাকা পাবার ব্যাপারে আপনি কোন দরখাস্ত বা আবেদন করেছেন কিনা ?

শ্রীপরিমল মিত্র ঃ ষ্টেট গর্ভমেণ্ট এই ফাণ্ডে নিজে কোন টাকা পায় না। ভারত সরকারের কাছে যা আসে তা থেকে তাঁরা অর্ধেক দেবেন। এ ছাড়া যেসব সাহায্য পাওয়া যায় সেটা হচ্ছে সাধারণভাবে যোগাযোগ ব্যবস্থার উপরে। তবে সে সম্বন্ধে এখনও চেষ্টা করা হয়নি।

শ্রীমোনহর টিরকী ঃ কোন কোন এরিয়া পড়ছে ?

শ্রীপরিমল মিত্র ঃ এটা এখন এভাবে দেওয়া যাবেনা কারণ অনেক বড় লিষ্ট। জয়ন্তী এবং যে এরিয়ায় অপারেশান হয়না সে পার্টও আছে।

শ্রীআবদুর রউফ আনসারী ঃ বাঘ এবং বাঘের বাচ্চার যে ফিগার দিলেন সেটা কিভাবে ঠিক করেন ?

শ্রীপরিমল মিত্র ঃ ভারত সরকার এর সেনসাস করেন। ১৯৭২ সালে সেনসাস হয়েছে। আবার এখন সেনসাস হচ্ছে। ১২ বছর পর আবার সেনসাস হবে। গত মাসের ২৫ তারিখ থেকে সেনসাস সুরু হয়েছে। এখনও পর্যন্ত তার রিপোর্ট আমাদের আসেনি। ভারত সরকার যে সেনসাস করেন তার উপর নির্ভর করে বলা হয়েছে।

তিস্তা বাঁধ অঞ্চলে খাল খনন ও সুবর্ণরেখা নদী প্রকল্পের জন্য অর্থ সংগ্রহ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) তিস্তা বাঁধ তীরবর্তী অঞ্চলে খাল খনন ও সুবর্ণরেখা নদী প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোন অর্থ চাওয়া হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে উক্ত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) এ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের দেয় অর্থের পরিমাণ কত ?

Central Assistance for Improvement of Irrigation in North Bengal

*39. (Admitted question No *446.) **Shri RAJESH KHAITAN :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether it is a fact that the State Government has received Central assistance for improvement of the irrigation facilities for agricultural development of North Bengal ; and

(b) if so,—

(i) the amount of Central assistance received by the State Government since 1980-81 ; and

(ii) how this Central assistance has been utilised by the State Government ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ স্যার, ৩৯নংটা একই ধরণের বলে দুটো এক সংগে পড়ে দিচ্ছি।

Reply to *28

(ক) তিস্তা বাঁধ প্রকল্প [Sub-Stage of 1st Stage I of Phase-I] নির্মাণের কাজ ত্বরান্বিত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অর্থ চাওয়া হয়েছে ; সুবর্ণরেখা প্রকল্পের জন্য চাওয়া হয়নি ;

(খ) ১৯৮১-৮২ সালে ১০ (দশ) কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে ৭ (সাত) কোটি টাকা এবং ১৯৮৩-৮৪ সালে ১০ (দশ) কোটি টাকা চাওয়া হয়েছিল ;

(গ) আজ অবধি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও অর্থ পাওয়া যায়নি।

Reply to *39

(a) In so far as the Irrigation & Waterways Department is concerned, no central assistance has been received so far for improvement of irrigation facilities in North Bengal ;

(b) Does not arise.

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই তিস্তা প্রকল্প কার্যকরী করতে গিয়ে জলপাইগুড়ি জেলার বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হবে কিনা ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ এই সমস্ত পরিকল্পনা যখন রচনা করা হয় তখন কিছু ক্ষতি হয়, তারপর আবার কিছু ঠিক করা হয়, এইরকমভাবে পরিকল্পনা তৈরী করা হয়।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন তিস্তা বাঁধের জল দেবার যে ব্যবস্থা এতে বাঁ-হাতী খালের পরিকল্পনার সম্ভাবনা আছে কি ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ এটা দ্বিতীয় সাব-স্টেজ পরিকল্পনায় আছে, আমরা চেষ্টা করছি ফার্স্ট সাব-স্টেজ পরিকল্পনায় আনার এবং সেই মর্মে প্ল্যান, এসটিমেট তৈরী করে কেন্দ্রীয় জল পর্ষদের কা'ছ পাঠান হয়েছে এবং ইউনিয়ন ইরিগেশান মিনিষ্টার থেকে আরম্ভ করে সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রীদের তাগিদ দেওয়া হচ্ছে যাতে এটাকে অনুমোদন করেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ এই তিস্তা প্রকল্প ভাইট্যাল ফর নর্থ বেঙ্গল। মাননীয় সেচ মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই প্রকল্পের প্রকৃত অবস্থা কি, কত পার্সেন্ট কাজ করেছেন, কমপ্লিট করতে কত সময় লাগবে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ সবটা রেকর্ড এখানে নেই, তবুও আমি আমার স্মৃতি থেকে বলছি যে আমাদের তিস্তা ব্যারেজের যে মূল কাজ সেটা শেষ হয়ে গেছে, মহানন্দা ব্যারেজের মূল কাজ শেষ হয়ে গেছে, এখন আমাদের সমস্ত জোর পড়েছে খাল কাটার ব্যাপারে এবং খাল কাটার ব্যাপারে যেসমস্ত সংশ্লিষ্ট স্ট্রাকচারস আছে সেগুলিকে জোরদার করা।

শ্রীঅনন্ত সোরেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সুবর্ণরেখা প্রকল্প কোন সময়ে শেষ হবে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ সুবর্ণরেখা প্রকল্প কবে হবে সেটা বলা মুস্কিল। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কোন এ্যাসিস্ট্যান্স চাইনি, এই প্রকল্পের টাকা যাতে ওয়ার্লড ব্যাংকের কাছ থেকে ব্যাংক এ্যাসিস্ট্যান্স পাওয়া যায় সেই লাইনে প্রস্তাব করেছি কেন্দ্রীয় সরকারের পাবলিক আণ্ডারটেকিং ওয়াটার এণ্ড পাওয়ার কনসালটেন্সি অর্গানাইজেসানের কাছে। তাঁরা সেগুলি তৈরী করেছেন ঐ প্রোজেক্ট রিপোর্ট ইত্যাদি। সেটা হলে আমরা যাতে ওয়ার্লড ব্যাংকের এ্যাসিস্ট্যান্স নিয়ে কাজটা করতে পারি তারজন্য চেষ্টা চলছে। এই মর্মে আমরা কিছুটা তাগিদ দিচ্ছি ইউনিয়ন মিনিষ্ট্রিকে যাতে ওয়াপকোর কাছ থেকে ক্লিয়ারেন্স পাওয়া যায়।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ জানতে পারা গেল যে তিস্তা ব্যারেজের বাঁ-হাতী খালের আপাততঃ সম্ভাবনা দেখা যাচ্ছে না টাকা-পয়সার অভাবে.....

শ্রীননী ভট্টাচার্য্য ঃ আমি বলেছি সেকেণ্ড স্টেজে বাঁ-হাতী খাল কাটার ব্যাপার ছিল সেটা ফার্স্ট সাব-স্টেজে নিয়ে এসে কাজটা যাতে শুরু করা যায় তারজন্য চেষ্টা চলছে। এই সম্বন্ধে প্ল্যান, এসটিমেট কেন্দ্রীয় ওয়াটার কমিশনের কাছে পাঠিয়েছি এবং তার অনুমোদনের অপেক্ষায় আছি।

[1-20—1-30 P.M.]

*29 Held over.

Sunderban Development Programmes

***30.** (Admitted question No. *370.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Development and Planning (Sunderban Areas) Department be pleased to state—

(a) what is the target for achievements under the integrated five-year development programmes of Rs. 32 crores taken up by the

Sunderban Development Board with financial assistance from the International Fund for Agricultural Development (IFAD);

(b) the achievements in quantifying terms under the programme so far ; and

(c) the steps taken and/or contemplated by the Sunderban Development Board to achieve the target within the stipulated period ?

Shri Pravas Chandra Roy :

Shri Satya Ranjan Bapuli : Will the hon'ble Minister be pleased to state as to what are those schemes that have not yet been taken up ?

Shri Pravas Chandra Roy : For want of preparation it was delayed for one year.

Shri Satya Ranjan Bapuli : May I know what are those schemes ?

Shri Pravas Chandra Roy : I require notice.

বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবদ ব্যয়

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩ সালের এপ্রিল মাস হইতে ১৯৮৪ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে (১) দৈনিক সংবাদপত্রে, (২) কলিকাতা থেকে প্রকাশিত দৈনিক বাদে অন্য পত্রিকাগুলিতে, এবং (৩) মফঃস্বল থেকে প্রকাশিত বিভিন্ন রকম পত্র-পত্রিকাতে বিজ্ঞাপন বাবদ কি পরিমাণ অর্থ ব্যয় হইয়াছে ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : ১৯৮৩ সালের এপ্রিল থেকে ১৯৮৪ সালের জানুয়ারি মাস পর্য্যন্ত কলকাতা থেকে প্রকাশিত দৈনিক সংবাদপত্রে (১) ৯৩,৮৭,৫৩৮·৫৩ টাকা, কলকাতা থেকে প্রকাশিত সাময়িক পত্রিকায় (২) ৭,৩০,৮৭৮·৯০ টাকা এবং জেলা স্তরে প্রকাশিত পত্র পত্রিকায় (৩) ১২,৭৪,০০০ টাকা।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মন্ত্রী মহাশয় কি বলতে পারবেন যে কলকাতায় যে সমস্ত দৈনিক সংবাদপত্র প্রকাশিত হয় তার ব্রেক-আপ কত এবং কোন কাগজে কত টাকা বিজ্ঞাপন দেওয়া হয় ?

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ দুই রকমভাবে বিজ্ঞাপন দেওয়া হয়। সরাসরিভাবে এবং এজেন্সি মারফৎ এই দুই রকমে বিভিন্ন কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়। সরাসরি হিসাবটা আমি দিতে পারি—এজেন্সি মারফৎ হিসাব দিতে পারবো না। কিন্তু তার তালিকা এতো বিরাট সময় সাপেক্ষ। আমি তার তালিকা পেশ করে দিতে পারি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ আপনি ডেলি পেপারের হিসাবটা দিন।

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ সেটাও বড় কম নয়, ৩৯টি ডেলি পেপার আছে।

মিঃ স্পীকার ঃ You can lay it on the table.

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ বিজ্ঞাপন বাবদ বামফ্রন্ট সরকারের যে ব্যয় হচ্ছে তাতে এই আর্থিক সংকটের দিনে এই ব্যয় কমানোর কোন পরিকল্পনা আছে কিনা ?

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ বিভিন্ন পত্র পত্রিকায় যে নীতিতে বিজ্ঞাপন দিয়ে আসা হয়েছে, সেখানে তা কমানোর কোন পরিকল্পনা নেই।

শ্রী আবদুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বড় তালিকা তা দিতে পারছেন না, আমি প্রশ্ন করছি আনন্দবাজার এবং গণশক্তি পত্রিকায় এই বাবদ কত টাকা দেওয়া হয় ?

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ আমি আগেই বলেছি কতকগুলি সরাসরি দেওয়া হয় এবং কতকগুলি এজেন্সি মারফৎ দেওয়া হয়। আমি সরাসরি যেটা দেওয়া হয় সেটা বলছি যে আনন্দবাজার পত্রিকাকে ৭ লক্ষ ৭৮ হাজার ৫৮৬ টাকা এবং গণশক্তিকে ৪ লক্ষ ৭৯ হাজার ৫৩০ টাকা দেওয়া হয়।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে গণতান্ত্রিক মর্যাদা রক্ষা করার জন্য বামফ্রন্ট সরকার যে সম্মেলন হয়ে গেল সেখানে কোন বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কিনা ? সেখানে কোন সাহায্য করেছিল কিনা ?

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ গণতন্ত্রের নীতি রক্ষা করার জন্য সম্মেলন বা যে সমস্ত জায়গায় বিজ্ঞাপন দেওয়া উচিত সেইভাবে আমরা দিয়ে চলেছি।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বিভিন্ন রাজনৈতিক দলের যে সম্মেলন হয় যেমন এ আই সি সি-র সম্মেলন হয়ে গেল—সেখানে এই সরকার কিভাবে সাহায্য করেছিলেন।

মিঃ স্পীকার ঃ এ প্রশ্ন আসে না।

শ্রীআবদুর রৌব আনসারী ঃ বামফ্রন্ট সরকারকে সমর্থনকারী পত্রিকার দিকে বিশেষ করে নজর রেখে বিজ্ঞাপন দেওয়া হয় এটা কি ঠিক ?

শ্রীপ্রভাস চন্দ্র ফাদিকার ঃ বিশেষ কোন পত্রিকার জন্য বিশেষ কোন নীতি অবলম্বন করা হয় না।

রাজ্যে টুরিস্ট লজ

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০২।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সমগ্র পশ্চিমবঙ্গে মোট কতগুলি "টুরিস্ট লজ" আছে (সরকার বা পর্যটন কর্পোরেশন পরিচালিত) ;

(খ) ১৯৮২-৮৩ সালে উক্ত টুরিস্ট লজগুলিতে কত লাভ বা লোকসান হয়েছে ; এবং

(গ) যদি লোকসান হয়ে থাকে তবে বন্ধ করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) বর্তমানে (১) পর্য্যটন কর্পোরেশন পরিচালিত পর্যটক আবাসের সংখ্যা ২২ ও (২) পর্যটন বিভাগের দ্বারা পরিচালিত পর্যটনাবাসের সংখ্যা ৮।

(খ) কর্পোরেশন পরিচালিত আবাসগুলির ক্ষেত্রে, বাণিজ্যিক হিসাব অনুযায়ী ১৯৮২-৮৩ সালের লোকসানের পরিমাণ ১৭,৮৪,৬৯৮·৪৬ টাকা।
আর সরকার পরিচালিত পর্যটনাবাসগুলির ক্ষেত্রে, ১৯৮২-৮৩ সালের পরিচালন হিসাব অনুযায়ী আয়-ব্যয়ের উদ্বৃত্তের (operational surplus) পরিমাণ ১,০৫,৪৪৯·১৯ টাকা।

(গ) লজে সুযোগ সুবিধার সম্প্রসারণ, সম্ভাব্য স্থলে ব্যয় সংকোচন, বিশেষ ক্ষেত্রে ভাড়ার হারের পুনর্বিন্যাস বিজ্ঞাপনের ধারা পরিবর্তন ইত্যাদির কথা চিন্তা করা হচ্ছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, টুরিষ্ট লজের সঙ্গে এ্যাটাচড বার করার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

শ্রীপরিমল মিত্র ঃ স্পেসিফিক বলতে পারবো না, পরে যেখানে দরকার হবে, সেখানে করতে হবে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলার দীঘাতে আপনার দপ্তরের তরফ থেকে অতিরিক্ত কোন লজ তৈরী করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রীপরিমল মিত্র ঃ ১৯৮২-৮৩ সালে পরিকল্পনা ছিল কোলাঘাটে করার, কিন্তু জায়গা পাইনি বলে হয়নি। ১৯৮৪-৮৫ সালে মেদিনীপুরের ঝাড়গ্রাম এবং কাঁকড়া ঝোড়, এই দুটি জায়গায় করা হচ্ছে। দীঘার জন্য একটা পরিকল্পনা হয়েছে, জায়গা এখনও পাওয়া যায়নি। এনভায়ারনমেণ্ট ডিপার্টমেণ্ট কতকগুলো প্রশ্ন তুলেছেন। তাদের স্যাটিসফাই করতে পারলে একটা করা হবে।

শ্রীআবদুল কাইয়ুম মোল্লা ঃ সজনেখালিতে একটা করার কথা ছিল, সেটা কি অবস্থায় আছে ?

শ্রীপরিমল মিত্র ঃ সজনেখালিতে করা হচ্ছে। একদিকটা কমপ্লিট হয়েছে। এর দুটো ধার আছে। এক দিকের ৫০টি সিট কমপ্লিট হবে বলে মনে হচ্ছে মার্চ মাসের মধ্যে।

শ্রীশেখ সিরাজ আলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ১৭ লক্ষ টাকা টুরিষ্ট লজের যে ভাড়া দেবার জন্য লোকসান হয়েছে, এটা কোন কোন্ গুলোয় লোকসান হয়েছে, কোন কোন গুলোতে লাভ হয়েছে ?

শ্রীপরিমল মিত্র ঃ এটার একটা বড় লিস্ট আছে, স্পীকার মহাশয় যদি অনুমতি করেন তাহলে পড়ে দিতে পারি।

মিঃ স্পীকার ঃ টেবিলে লে করে দিন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বাঁকুড়া জেলার শুশুনিয়ায় এবং রাণিবাঁধের নিকট ঝিলমিলিতে কোন টুরিষ্ট লজ করার প্রস্তাব আছে কি ?

শ্রীপরিমল মিত্র ঃ বাঁকুড়া জেলার শুশুনিয়ায় এবং রাণিবাঁধের কাছে ঝিলিমিলিতে করার কথা ছিল, কিন্তু কোন জায়গা পেলাম না, আমি নিজে এই সব জায়গায় গিয়েছিলাম। তবে মাননীয় সদস্যকে বলতে পারি, উনি যদি জায়গা দিতে পারেন তাহলে আমরা করে দিতে পারি, কারণ ওটা টুরিষ্ট ম্যাপের মধ্যে আছে।

বীরভুম জেলায় শিল্প স্থাপন

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫।) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৭ সাল হইতে ১৯৮৩ সাল পর্যন্ত সময়ে বীরভূম জেলায় কয়টি শিল্প স্থাপিত হয়েছে ; এবং

(খ) উক্ত শিল্পগুলির মধ্যে (১) সরকারী এবং (২) বেসরকারী সংস্থার সংখ্যা কত ?

শ্রীনির্মল কুমার বোস ঃ (ক) একটি শিল্প স্থাপিত হইয়াছে।

(খ) উপরোক্ত শিল্পটি বেসরকারী সংস্থার।

Steps to prevent felling of trees in hill areas

***34.** (Admitted question No. *365.) **Dr. Ambika Banerjee :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to prevent indiscriminate felling of trees to preserve the beauty of the Hill Areas in Darjeeling district ; and

(b) if so—

(i) what steps have been taken and with what results, and

(ii) what steps have been taken to meet the growing demands of fuel and fodder in the areas ?

Shri Parimal Mitra : (a) There is no indiscriminate felling of trees in areas of Forest Department & West Bengal Forest Development Corporation Limited. There are however some stray cases of illicit felling by miscreants for which necessary protective measures are taken by intensive vigilance by staff, mobile patrol parties etc.

(b) (i) Does not arise.

(ii) Steps are being taken to meet the growing demands of fuel and fodder bv large scale afforestation under Social Forestry. Soil Conservation and other Development Schemes.

[1-30—1-40 P. M.]

ডঃ অম্বিকা ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই রকম কতগুলো কেস আপনারা ডিটেক্ট করেছেন এবং তার ভ্যাল্যু কত ?

শ্রীপরিমল মিত্র ঃ এটা কি হিল এরিয়ার কথা বলছেন ?

ডঃ অম্বিকা ব্যানার্জী ঃ সব এরিয়ার ইল্লিসিট ফেলিং সব ট্রি'র কথাই বলছি।

শ্রীপরিমল মিত্র ঃ এই রকম আর একটা প্রশ্ন আর একজন মাননীয় সদস্য করেছেন, সেটার জন্য আমি সময় চেয়েছি, কারণ সব হিসাব এখনও পর্য্যন্ত আমার কাছে এসে পৌছয়নি। যখন সব হিসাব পাবো, তখন আমি হিসাবটা এই সভায় বলে দেব।

শ্রীমনোহর তিরকী ঃ দার্জিলিং-এর পাহাড়ী এলাকার ধুপি গাছ কাটার ফলে ফডার কমে যাচ্ছে—এটা কি ঠিক ?

শ্রীপরিমল মিত্র ঃ কমছে না, ধুপি গাছের পাতাই হচ্ছে ফডার।

শ্রীআবদুল কাইয়ুম মোল্লা ঃ বন বিভাগ থেকে ষ্টেট ফরেষ্ট এ্যাক্ট করবার কথা চিন্তা করছেন কি ?

শ্রীপরিমল মিত্র ঃ ফরেষ্ট কংকারেণ্ট সাবজেক্ট। ফরেষ্ট এ্যাক্ট এ্যামেণ্ডমেণ্টের জন্য গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া দু বছর আগে আমাদের মতামত চেয়েছিলেন। আমরা মতামত দিয়েছি। গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া পারমিসন দিলে, বিভিন্ন বিষয়ে আমরা আলোচনা করে স্থির নিশ্চিত হয়েছি যে ফরেষ্ট এ্যাক্টের কিছু পরিবর্তন করা দরকার, সেই পরিবর্তন করা হবে।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ আপনি বলেছেন দার্জিলিং এলাকায় দুষ্কৃতকারীরা বন সম্পদ লুঠ করে নিয়ে চলে যাচ্ছে। প্রতিরোধের ব্যাপারে আপনি কি ব্যবস্থা গ্রহন করেছেন ?

শ্রীপরিমল মিত্র ঃ কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে সেটা আমি প্রশ্নের জবাবে বলেছি।

ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যান

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান ও শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর-নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ;

(খ) উক্ত প্ল্যানের পরিকল্পনা কবে সুপারিশ করা হইয়াছিল ;

(গ) উক্ত পরিকল্পনায় ভগবানপুর থানার কোন্ কোন্ (১) খাল খনন, (২) পুল নির্মাণ, (৩) স্লুইস নির্মাণ এবং (৪) ইন্সপেকশন পাথ নির্মাণ অন্তর্ভুক্ত করা হইবে ;

(ঘ) উক্ত পরিকল্পনা রূপায়ণে কোন বাধা আছে কিনা ; এবং

(ঙ) থাকিলে, তাহা দূরীকরণে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ (ক) মেদিনীপুর জেলার ভগবানপুর নন্দীগ্রাম নিকাশী প্রকল্পটি Ganga Flood Control Commission এর নির্দেশমত সংশোধিত হইয়াছে এবং সংশোধিত প্রকল্পটি পুনরার গঙ্গা বন্যা নিয়ন্ত্রন সংস্থার নিকট পাঠানো হইয়াছে।

(খ) ৪৪৪.০০ লক্ষ্য টাকার নিকাশী প্রকল্পটি ১৯৭৬ সালের এপ্রিল মাসে G. F. C. C. এর নিকট পাঠানো হইয়াছিল। G. F. C. C. প্রকল্পটি সংশোধনের নির্দেশ দেন এবং সেই অনুযায়ী ৫.১৮ কোটি টাকার সংশোধিত প্রকল্পটি ১৯৮১ সালের ডিসেম্বর মাসে পুনরায় পাঠানো হয়। কিন্তু G. F. C. C. প্রকল্পটি পুনরায় সংশোধনের নির্দেশ দেন এবং সংশোধিত ২.৩৫ কোটি টাকার প্রকল্পটি পুনরায় ১৯৮৪ সালের জানুয়ারী মাসে অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে।

(গ) ভগবানপুর থানার (১) কলাবেড়িয়া খাল, ছুনিয়া খাল, শশিগঞ্জ খাল, পরঙ্গা খাল, বরুন্দাখাল, নোরুখাল, মগরাজপুর খাল, মুমীরমারি খাল, মুরাদপুর খাল এবং ইহার শাখাসমূহ।

(২) কিছু পুরানো পুলের মেরামতি করা ছাড়াও দেওভাঙ্গা নরঘাট বেসিন পুলের নির্ম্মান।

(৩) ছুনিয়াখালের এবং কুচাই দিঘী খালের মোহানায় (out fall) স্লুইস গেট নির্মান এবং ৬৫টি ailet এই পরিকল্পনার অন্তর্ভূক্ত।

(ঘ) G. F. C. C. এবং Planning Commission এর অনুমোদন পাইলে এবং অর্থের সংস্থান হলে পরিকল্পনা রূপায়ণে আর কোনও বাধা থাকিবে না আশা করা যায়।

(ঙ) এ প্রশ্ন উঠে না।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ এটা ১৯৭৬ সালে পাঠানো হয়েছিল, তারপর আবার ১৯৮৪ সালের জানুয়ারী মাসে সংশোধিত আকারে পাঠিয়েছেন বলছেন। অনুমোদিত না হয়ে আসা পর্যন্ত কি ঐ এলাকার খাল খনন করা হবে না ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ আপাতত সেই ধরণের কোন চিন্তা নেই।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ ওখানে চাষাবাদের দারুণ ক্ষতি হচ্ছে। চাষাবাদের প্রয়োজনে রাজ্যসরকার থেকে কোন কোন খাল খনন করার চেষ্টা হবে কি ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ এই ড্রেনেজ পরিকল্পনা অনুমোদিত হলে কাজ আরম্ভ করার জন্য টাকা পয়সা জোগাড় করার কথা চিন্তা করা হবে। সুতরাং এখন ওখানে অন্তবর্তী কালীন অন্য খাল কাটা সম্ভব হবে না।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা ঃ ঐ এলাকার জলটা বের করে দেবার জন্য কোন ব্যবস্থা নিতে পারেন কিনা, একটু চিন্তা করে দেখবেন ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ জল বের করার জন্যই তো এই ড্রেনেজ স্কীম।

[1-40—1-50 P. M.]

শ্রীকামাখ্যাচরণ ঘোষ ঃ আমরা জানি বিভিন্ন পরিকল্পনা সেই ১৯৭০-৭১ সাল থেকে কেন্দ্রের কাছে পাঠাবার পর তারা একটার পর একটা ফ্যাঁকড়া বার করে সেগুলি আটকে দিচ্ছেন। আমার প্রশ্ন, আমাদের ডিপার্টমেণ্টের ইঞ্জিনিয়াররা দিল্লীতে গিয়ে বসে থেকে এগুলি তাড়াতাড়ি যাতে হয় তার ব্যবস্থা করতে পারেন না কি ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ তাড়াতাড়ি করার চেষ্টা করা হচ্ছে। ১৯৮১ সালের ডিসেম্বর মাসে পাঠানো হ'ল, তারপর ওরা বললেন এটা চেঞ্জ কর, আবার পাঠানো হল। ২৩৫ কোটি টাকার প্রকল্প তৈরী করে পাঠানো হল। এইভাবে চেষ্টা করা হচ্ছে।

শ্রীতারাপদ সাধুখাঁ ঃ মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ৫ কোটি কত লক্ষ টাকার পরিকল্পনা ছিল তারপর ২ কোটি কত লক্ষ টাকার পরিকল্পনা হল। এটা কি আপনারা নির্দেশমত কিছু বাদ দিয়ে করলেন, না, আপনাদের ইচ্ছামত করলেন ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ আমি আগেই বলেছি যে নির্দেশ অনুসারে আমাদের সংশোধন করতে হয়েছে। টেকনিক্যাল এক্সপার্টরা এটা বলতে পারবেন।

*36 HELD OVER

Plans and programmes for management of Haldia Petro-Chemical Complex

*37. (Admitted question No. *318.) **Shri Somendra Nath Mitra :** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has finalised plans and programmes

in regard to project financing and other modalities for management of the proposed Petro-Chemical Complex at Haldia ; and

(b) if so—

(i) What are the salient features of these plans and programmes;

(ii) what is the total original and revised estimate of investment required for this project, and

(iii) to what extent the State Government is willing to bear the responsibility of investing for this project ?

Shri Nirmal Kumar Bose : (a) No.

(b) (i), (ii) and (iii) Does not arise.

শ্রীআবদুল মান্নান : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, ফাইনালাইজ করেন নি। আমার প্রশ্ন, আপনারা কোন প্রোপোজাল কনসিডার করছেন কি ?

শ্রীনির্মল কুমার বোস : প্রশ্নটা ছিল ফাইনালাইজ হয়েছে কিনা ? তার উত্তর হচ্ছে, না। তবে ঘটনাটা হল এই যে ১৯৭৭ সাল থেকে হলদিয়ায় পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স করবার জন্য চেষ্টা চলেছে। ১৯৭৭ সালে আমরা লেটার অব ইনটেণ্ট পাই। তারপর ভারত সরকারের সঙ্গে আলাপ আলোচনার পর ১৯৮০ সালে এটা পরিবর্তন করা হয়। তারপর ভারত সরকার বলেন আবার নতুন করে ফিজিবিলিটি রিপোর্ট করতে, আমরা সেটা করে পাঠিয়েছি কিন্তু এখনও পর্য্যন্ত ভারত সরকারের কাছ থেকে কোনরকম অনুমোদন পাই নি, আমরা অনুমোদনের অপেক্ষায় রয়েছি এবং ভারত সরকারকে অনুরোধ করেছি যাতে এ বিষয়ে তারা সম্মতি জানান।

শ্রীলক্ষণচন্দ্র শেঠ : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, নতুন করে যে প্রডাক্ট মিক্সড রিভাইজ রিপোর্ট পাঠানো হয়েছে তার কারণ কি ?

শ্রীনির্মল কুমার বোস : রিভাইজড এষ্টিমেট পাঠাবার কারণ হচ্ছে ভারত সরকার আমাদের পুরানো রিপোর্ট দেখে কিছু পরিবর্তন করতে বলেন। সেখানে নতুন কিছু কিছু জিনিষ করতে বলেন। প্রডাক্ট মিক্স পরিবর্তন করতে বলেন, জিনিষ পত্রের দাম বেড়ে গিয়েছে সেগুলি হিসাব করতে বলেন। এগুলি করে পাঠিয়ে দিয়েছি।

শ্রীসরল দেব : পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স নিয়ে কেন্দ্রীয় সরকারের টালবাহনা আমরা দীর্ঘদিন ধরেই দেখছি। ইতিমধ্যে আমরা দেখলাম গুজরাটে দুটি পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স

হয়ে গেল। এই অবস্থায় একথা কি প্রমানিত হয়না যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলায় পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স করতে চাইছেন না, তাদের অনীহা বারবার প্রকাশিত হচ্ছে ?

(নো রিপ্লাই)

শ্রীসুমন্ত কুমার হীরা : হলদিয়া পেট্রো কেমিক্যালসের যে পরিকপ্পনা রাজ্য সরকার দীর্ঘদিন ধরে গ্রহণ করে বসে আছেন তাতে কেন্দ্রীয় সরকার অনুমোদন দিচ্ছেন না এটা আমরা দেখছি। আমার প্রশ্ন, এই অবস্থায় শেষ পর্য্যন্ত রাজ্য সরকার কি করবেন—এটা পরিত্যাগ করবেন, না, কেন্দ্রীয় সরকার না দিলেও এটার জন্য আলাদা কোন পরিকল্পনা করবেন তা জানাবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস : হলদিয়া পেট্রো কেমিক্যালস আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। পেট্রো কেমিক্যালস এখন বেসিক এবং মাদার ইনডাষ্ট্রি হয়ে দাঁড়িয়েছে। এটা না করতে পারলে আমাদের পক্ষে এগুলো মুশকিল। যদি এটা কার্যকরী করতে পারি তাহলে প্রত্যক্ষভাবে দু হাজার ৬শো এবং ডাউন ষ্ট্রিমে প্রায় দু লক্ষের উপর লোকের কাজ হবে এবং শিল্পের সম্প্রসারণ হবে। আমরা আশা করছি, কেন্দ্রীয় সরকার এতে সম্মতি দেবেন। আমরা ১৯৭৭ সালে এই প্রজেক্টের জন্য খরচ ধরেছিলাম ৪২৮ কোটি টাকা এই বিলম্বের জন্য বর্তমানে এর খরচ দাঁড়িয়েছে ৮৪৪ কোটি টাকা।

এই ভাবে যদি বিলম্ব হতে থাকে তাহলে শুধু পশ্চিমবাংলার ক্ষতি হবে তাই নয়, খরচও বেড়ে যাবে। সে জন্য আমরা চেষ্টা করছি, সমস্ত কিছু পাঠিয়ে দিয়েছি। উচ্চ পদস্থ অফিসার দিল্লীতে কথা বলছেন, কয়েকদিন পরে আমিও কথা বলবো এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও কথা বলবেন। তারপরেও যদি বোঝা যায় যে ভারত সরকার থেকে কোন সাড়া পাওয়া যাচ্ছে না, তখন রাজ্য সরকারকে নিশ্চয়ই বিকল্প কথা ভাবতে হবে।

Per capita forest area

***38.** (Admitted question No. *384.) **Shri Abdul Karim Chowdhury :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) what is the per capita forest area in West Bengal as compared to the national average ; and

(b) the steps taken by the State Government to prevent denudation of the forest areas and the results thereof ?

Shri Parimal Mitra : (a) *Per capita forest area in West Bengal is* 0·02 hectare. National average—0·12 hectare.

(b) The steps to prevent denudation of the forest areas include intensive patrolling, watch and ward, proposed implementation of a separate forest protection force and mobile patrol units, raising of plantation in different areas mainly outside the forests under Social Forestry and other development schemes. The denudation is also prevented through effective soil conservation measures. An act "The West Bengal Forest (Establishment and Regulation of Saw-Mills and other Wood-Based Industries) Rules, 1982" has been promulgated to prevent and control the undesirable growth of saw mills and ancillary industries throughout the State.

The result is overall encouraging.

শ্রীমনোহর টিরকি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ফরেষ্ট রক্ষা করতে গিয়ে যে সরকারী কর্মচারীরা মারা যাচ্ছে, আহত হচ্ছে, বা নিহত হচ্ছে তাদের জন্য সরকার কি গ্যারাণ্টি দিয়েছেন ?

শ্রীপরিমল মিত্র ঃ এই রকম ভাবে কোন গ্যারাণ্টি দেওয়া হয়না। যারা মারা গেছে সরকারের তরফ থেকে ইনসিওরেন্স ১২ হাজার টাকা, বেনিফিট হিসাবে ১৫ হাজার টাকা দেওয়া হয়। আর যখন অসুস্থ হয় তাদের ট্রিটমেন্টের ব্যবস্থা করা হয়। এই বিষয়ে যে সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে তার পরিপ্রেক্ষিতে কমপ্লিটলি আমাদের স্পেশাল ফরেষ্ট প্রোটেকশান ফোর্স করার কথা এবং সেই হিসাবে প্লান হচ্ছে। আমরা আগামী বছর ১৯৮৪-৮৫ সালে করতে পারবো যদি টাকা পাই।

ডাঃ মানস ভুঁঞা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে তাঁর দলের লোকেরা বিভিন্ন জায়গায় মিটিং করে বলছে, গাছ কাট আর দল বাড়াও'। এই সম্পর্কে আপনার দপ্তরের কি ধরণের ভূমিকা আছে ?

মিঃ স্পীকার ঃ এই প্রশ্ন হয়না।

Target for procurement of sugarcane

*41. (Admitted question No *362.) **Shri Shaikh Imajuddin :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what was the target fixed for procurement of sugarcane for the crushing seasons in 1978-79 and 1982-83 ;

(b) what percentage of this target was actually procured ;

(c) how much sugar was produced in the State in 1978-79 and 1982-83 ; and

(d) what steps have been taken by the present Government to increase production of sugar in the State ?

Shri Nirmal Kumar Bose : (a) Target for procurement of Sugar Cane was fixed by the Two Sugar Mills in the State as below :

	Name of Sugar Mill	1978-'79	1982-'83
i)	Ahmedpur Sugar Mill	65,000 M.T.	60,000 M.T.
ii)	Plassey Sugar Mi l	1,00,000 M.T.	1,10,000 M.T.

(b)		1978-'79	1982-'83
i)	Ahmedpur Sugar Mill	58·59%	75·84%
ii)	Plassey Sugar Mill	81 82%	53·36%

(c)		1978-'79	1982-'83
i)	Ahmedpur Sugar Mill	3,300·8 M T.	3,869·4 M.T.
ii)	Plassey Sugar Mill	6,357 M.T.	5,255 M.T.

(d) (i) In order to increase production of sugar in the State, West Bengal Sugar Industries Development Corporation in Co-ordination with the Agriculture Department has already taken up a massive cane development programme in the district of Birbhum to utilise the existing full capacity of Ahmedpur Sugar Mill.

ii) The State Govt. has also purchased and taken over possession of the assets of the Beldanga Sugar Mill in the district of Murshidabad belonging to M/s. Shri Radhakrishna Sugar Mills (in liquidation) in May, 1981.

[1-50—200 P.M.]

শ্রীঅতীশ চন্দ্র সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের পশ্চিমবাংলায় যে আখ উৎপন্ন হয় সেই সমস্ত আখ কিনে নিয়ে যে ক'টি মিল এখানে আছে তারা চিনি উৎপাদন করতে পারে কি, না আরো চিনি কলের প্রয়োজন আছে ?

শ্রীনির্মল কুমার বোস ঃ বর্তমানে আমাদের এখানে যে দু'টি চিনি-কল আছে সে দুটিও ঠিকমত চলছে না আখের অভাবে। এই আখের অভাব হবার অন্যতম একটা কারণ হচ্ছে এখানে রাস্তার ধারে অবৈধভাবে অনেকগুলি ছোট ছোট গুড় তৈরীর কারখানা হয়েছে, এরা রাজ্য সরকারের কোন নিয়ম-কানুন মানে না, রাজ্য সরকারকে কোন রকম ট্যাক্স দেয় না, কেন্দ্রীয় সরকারকেও কোন রকম ট্যাক্স দেয় না এবং বেশী দাম দিয়ে চাষীদের কাছ থেকে আখ কিনে নেয়। ফলে রামনগর এবং আহমেদপুর চিনি-কল আখ পাচ্ছে না, সংকটে পড়েছে, কারখানা দুটি লোকসানে চলছে। বর্তমানে আমরা এ ব্যাপারে একটা ব্যবস্থা নিতে চলেছি। অন্যান্য রাজ্যেও এই রকম রাস্তার ধারে ছোট ছোট গুড় তৈরীর কারখানা গজিয়ে উঠেছে, এখন তারা সেগুলি আইডেনটিফায়েড এরিয়াতে বন্ধ করে দিচ্ছে। আমরাও সেরকম ব্যবস্থা নিতে চলেছি। বর্তমানে আমাদের রাজ্যে যে পরিমান আখ উৎপন্ন হয় তা দিয়ে রামনগর এবং আহমেদপুর চিনি কল চালাবার পরেও যদি অতিরিক্ত আখ থাকে তাহলে তখন নতুন চিনি কল খোলা হবে কিনা তা ভাবা হবে।

শ্রীমাধবেন্দু মহান্ত ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, রামনগর সুগার মিল নিয়মিতভাবে চাষীদের পাওনা টাকা পরিশোধ করছে না এবং ইচ্ছাকৃতভাবে মিল বন্ধ করার চক্রান্ত করছে, এখানকার ক্যাপিটাল রাজস্থানে নিয়ে গিয়ে ইনভেষ্ট করছে ?

শ্রীনির্মল কুমার বোস ঃ এ রকম অভিযোগ আমার কাছেও এসেছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ যে গুড়ের কলগুলি আছে সেগুলি পারমিট পেয়েছে কিনা জানি না, কিন্তু তারা চাষীদের কাছ থেকে আখ নিয়ে নগদ দাম দেয়। অথচ রামনগর এবং আহমেদপুর সুগার মিল কয়েক বছর ধরে চাষীদের পাওনা টাকা পরিশোধ করছে না। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস ঃ চাষীদের যাতে অসুবিধা না হয় তার জন্য নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করব।

Denudtion of forests in the hill res

***42.** (Admitted question No. *386.) **Shri Humayoun Chowdhury :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to identify the factors responsible for denudation of forests and to study the extent of denudation in the hill areas of North Bengal during the past few decades ; and

(b) if so, what steps have been taken and with what results ?

Shri Pariml Mitr : a) Yes.

(b) Efforts have been made to prevent denudation of forests through large scale afforestation programme under Social Forestry and other development schemes. Several soil conservation measures have also been adopted. Intensive patrolling by forest personnel and creation of forest protection force which is likely to come up next year are also significant steps. The results are satisfactory to a large extent

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, আপনি যে, প্রোটেকসন ফোর্স গঠন করেছেন তারা আর্মড্, না আন—আর্মড্ হবে ?

Shri Parimal Mitra : It is a armed force.

Consolidtion of frgmented holdings of frmers

***43.** (Admitted question No. *450.) **Shri Mahbubul Haque :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) the steps taken by the State Government for consolidation of fragmented holdings of farmers under the provisions of Land Reforms Act ; and

(b) the results of these steps since 1980-81 ?

Shri Sunil Kumar Majumdar : (a) & (b) The State Government has not received any response from the raiyats intending consolidation of their holdings as required under the law.

শ্রীমহবুবুল হক্ঃ মাননীয় মন্ত্রী মহাশয় 'এ' এবং 'বি' প্রশ্নের উত্তরে বললেন যে, রায়তদের কাছ থেকে কোন উত্তর পাওয়া যায়নি। আমি তাঁকে জিজ্ঞাসা করছি এ ব্যাপারে সরকারের তরফ থেকে কোন উদ্যোগ কি নেওয়া হয়েছে ?

শ্রীসুনীল কুমার মজুমদারঃ ১৯৫৯ সালের আইনের ৩৯ ধারায় যা আছে তাতে রায়তদের আসতে হবে এবং এ ব্যাপারে অনেক প্রবলেমস আছে, সে জন্য আমাদের তরফ থেকে কোন ব্যবস্থা নেওয়ায় অসুবিধা আছে। রায়তরা এগিয়ে এলে আমরা সেটা দেখব।

শ্রীমহবুবুল হক্ঃ আমি মনে করি যারা সীমিত জমির মালিক তাদের জমি ছড়িয়ে থাকলে ইরিগেসন ফেসিলিটি পাওয়ায় অসুবিধা হয়, ফলে উৎপাদন ব্যাহত হয়। সুতরাং উৎপাদন বাড়াবার জন্য সরকারের তরফ থেকে এই জমিগুলিকে এক সাথে করে দেবার জন্য কোন আইন করার কথা কি মন্ত্রী মহাশয় চিন্তা করছেন ?

শ্রীসুনীল কুমার মজুমদারঃ ৩৯ ধারায় যে আইন আছে তাতে এ্যাডিকোয়েট প্রোভিসন নেই। সেই জন্য আমরা ১৯৮১ সালে ভূমি সংস্কার আইনের দ্বিতীয় সংশোধনী বিল পাশ করেছি, সেটি এখনো রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় আছে।

Creation of adequate forest

***45.** (Admitted question No. *469.) **Shri Dipendra Barman :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the steps taken towards creation of adequate forest cover for prevention of floods and for soil conservation against erosion of land ; and

(b) the Sixth Five-Year Plan target and the achievements in quantifying terms in the matter since 1980-81 ?

Shri Parimal Mitra : (a) Various Soil Conservation Schemes both in Central and State Sectors are being implemented in West Bengal for prevention of floods and for soil conservation against erosion of land.

(b)

	Physical (in hectares)	Financial (Rs. in lakhs)
Achievement during 1980-81 to 1982-83	6422	291.14
Target for 1983-84 to 1984-85	5871	433.00
Total	12293	724.14

ডাঃ মানস ভুঁইঞা ঃ মননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইরোসান অফ ল্যাণ্ড প্রটেকসান করার জন্য দীঘায় সোস্যাল ফরেষ্ট্রির আনডারে কি কোন রকম পরিকল্পনা এই আর্থিক বছরে নেওয়া হয়েছে ?

শ্রীপরিমল মিত্র ঃ এটা নিশ্চয়ই ফেস্ড প্রোগ্রাম। ফরেষ্ট ডিপার্টমেণ্ট এমবাঙ্কমেণ্ট প্রটেকসান করছে এবং ফেস্ড প্রোগ্রাম হিসাবে আরোও ৫ বছর চলবে এবং দীঘাতে কনটিন্যুয়াসলি চলবে।

শ্রীমনোহর তিরকী ঃ মাননীয় মন্ত্রী কি দয়া করে জানাবেন, উত্তরবঙ্গে সয়েল এরোসান রক্ষা করার জন্য কি ধরণের স্কীম নেওয়া হয়েছে ?

শ্রীপরিমল মিত্র ঃ সয়েল এরোসান রক্ষা করার জন্য যে সমস্ত স্কীম নেওয়া হয়েছে সেটা হচ্ছে তিস্তা প্রটেকসান স্কীম। এর মধ্যে সমস্ত নদী পড়ে, তিস্তা থেকে আরম্ভ করে কুচবিহার পর্যন্ত যে নদীগুলি আছে তার সয়েল এরোসান রক্ষা করার জন্য সয়েল কনসারভেসান করা হচ্ছে এবং এরজন্য সেখানে গাছ পোঁতা, এমনকি অন্যান্য কাজও করা হচ্ছে। এটা হচ্ছে তিস্তার উপরের দিকে, আর নিচের দিকে তিস্তা স্কীম এ্যণ্ড হিমালয়ান স্কীম এই স্কীমগুলি পড়বে। অতএব সবগুলিই ধরা হয়েছে ফেস্ড প্রোগ্রাম হিসাবে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এ্যাচিভমেণ্টের কথা, সেটা হচ্ছে ৬৪২২, হেক্টর এবং ২৯১.১৪ লক্ষ টাকা এই রকম একটা হয়েছে বললেন, কিন্তু ১৯৮২-৮৩ সালে আপনার টারগেট কত ছিল ?

শ্রীপরিমল মিত্র ঃ আপনি টারগেট চাননি। আমি ফিজিক্যাল টারগেটের কথা বলেছি, ফিজিক্যাল টারগেট ইন হেকটরস বলেছি। ১৯৮৩-৮৪ সালে উই হ্যাভ প্রোপস্ড টু ডু ইট—সেটার টারগেট এখনও হয়নি।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ ১৯৮০-৮১ সালে কত ?

শ্রীপরিমল মিত্র ঃ সেটা এখন বলতে পারবো না, নোটিশ দিতে হবে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ কিন্তু টারগেটের কথা তো বলা ছিল ?

মিঃ স্পীকার ঃ টারগেটের ব্যাপারটা আপনি জানিয়ে দেবেন।

শ্রীপরিমল মিত্র ঃ দ্যাট টারগেট ইজ এ্যচিভড্।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—হিমালয়ান হিল এরিয়াতে ল্যাণ্ড ইউজ করার জন্য যে ইরোসন হচ্ছে তার উপর সরকারের কি কোন পরিকল্পনা আছে ?

শ্রীপরিমল মিত্র ঃ না, সেটা বাধা দেওয়ার অসুবিধা আছে। টিরেস কালটিভেসন বন্ধ করতে হলে ম্যাসিভ প্রোপাগ্যাণ্ডার দরকার। এখন সেটা হয় নি।

STARRED QUESTIONS
(To which answers were laid on the table)

Formation of 100 per cent Export Oriented Units Zone

*46. (Admitted question No. *371.) **Shri Deokinandan Poddar :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the steps taken by the State Government towards formation of 100 per cent Export Oriented Units Zone in West Bengal and the results thereof ;

(b) the response till now from the existing industrial units in the State and the number of letters of intent obtained by them for setting up 100 per cent. Export Oriented Units ; and

(c) the constraints causing slow progress, if any, in the matter ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

(a) Soon after receipt of the approval of Government of India to set up an Export Processing Zone at Falta in the district of 24-Parganas a State Level Advisory Committee under the Chairmanship of Chief Secretary was constituted under this Department Resolution No. 913-CI/Ind/LAG dated 5.9.83, The State Government have also appointed an Officer on Special Duty in the rank of Joint Secretary to pursue various matters connected with the setting up of the Zone. Steps have also been taken accordingly to provide necessory infra-structure facilities specially pertaining to road and power supply outside the periphery of the Zone as requested by the Government of India.

The Site Selection and Approval Committee of Falta Export Processing Zone have already visited the site and held discussions with the State Government officials. The Zone will consist of 105 acres of land belonging to Calcutta Port Trust in Bishra-I, Mouza (J. L. No. 1) Uttar Simulberia Mouza (J. L. No. 2) within Diamond Harbaur P. S. in the first phase to be increased by another 180 acres in the second phase.

(b) The response form the industrial units has been quite satisfactory as guaged by the fact that so far around 100 applications have been received for setting up Units in the Falta Export Processing Zone. Letters of Intent will be issued by the Ministry of Commerce, Government of India after their cases are cleared by the Falta Export processing Zone Board.

(c) For the Presents no constraints have been faced in the implementation of the Falta Export processing Zone.

Poaching of rhinoceros

***47.** (Admitted question No. *444.) **Shri Dhirendranath Sarkar :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the State Government has information about organised gangs involved in poaching rhinoceros with sophisticated weaponry in the North Bengal Forests ; and

(b) if so, the steps taken by the State Government in the marter and the results thereof ?

Minister-in-charge of the Forests Deptt.

(a) Yes.

(b) To prevent poaching of rhinoceros following actions are taken :—

(i) "National Volunteer Forces" have been deployed in Jaldapara Wild Life Sanctuary to assist in protection duties.

(ii) The Sanctuary staff have been kept on alert against poaching and they are regularly patrolling in the Sanctuary to prevent rhino poaching.

(iii) Wireless network has been installed inside Jaldapara Wild Life Sanctuary. Wireless Set and Equipments have been procured.

(iv) C. I. D. are kept informed of every poaching case for investigation and arrest of the offenders for taking action in terms of law.

মেজিয়া কয়লাখনি হইতে কয়লা তোলার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৭।) **শ্রীনবনী বাউরী:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মেজিয়া কয়লাখনি হইতে কয়লা তোলার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি পাওয়া গিয়াছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত খনি হইতে কয়লা তোলার কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Commerce and Industries Deptt.

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

লবণ হ্রদে ইলেকট্রনিক্স কারখানা স্থাপন

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮।) **শ্রীসুমন্তকুমার হীরা ঃ** বিগত ২০-৪-১৯৮৩ তারিখের প্রশ্ন নং *৪৯৫ (অনুমোদিত প্রশ্ন নং *২৫০)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লবণ হ্রদে ইলেকট্রনিক্স কমপ্লেক্স স্থাপনের পরিকল্পনা রূপায়ণে কোন বাধা আছে কিনা ;

(খ) থাকিলে, উক্ত বাধাগুলি কি কি ; এবং

(গ) উক্ত বাধাগুলি দূরীকরণে কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া গিয়েছে কিনা ?

Minister-in-charge of Commerce and Industries Deptt.

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না ;

(গ) প্রশ্ন ওঠে না।

বিভিন্ন রাজনৈতিক দলের সম্মেলনে যোগদানের জন্য বিজ্ঞাপন বাবত ব্যয়

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৩-১৫ জানুয়ারি, ১৯৮৪ কলকাতায় অনুষ্ঠিত বিভিন্ন রাজনৈতিক দলের সম্মেলনে যোগদানের জন্য বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবত রাজ্য সরকারের কি পরিমাণ অর্থব্যয় হয়েছে ?

Minister-in-charge of the Information and Cultural Affairs Deptt.

(১) ১৩-১৫ জানুয়ারী, ১৯৮৪ কলকাতায় অনুষ্ঠিত বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও রাজনৈতিক দলের সম্মেলনকে সাফল্যমণ্ডিত করার জন্য আবেদন জানিয়ে বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন বাবদ রাজ্য সরকারের খরচ হয়েছে মোট এক লক্ষ কুড়ি হাজার পাঁচশো তিয়াত্তর টাকা ছিয়ানব্বই পয়সা (১,২০,৫৭৩.৯৬ পঃ)।

"ইনটিগ্রেশন স্কীম" চালু করণ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী** ঃ ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১-৪-১৯৮৪ হইতে ভূমি ও ভূমিসংস্কার বিভাগে "ইনটিগ্রেশন স্কীম" চালু করার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনায় ঐ বিভাগের অধীন কোন্ কোন্ অফিস অন্তর্ভুক্ত হইবে ?

Minister-in-charge of the Land and Land Refarms Deptt.

(ক) "ইনটিগ্রেশন স্কীম" চালু করার জন্য সরকার একটি নীতিগত সিদ্ধান্ত নিয়েছেন। স্থির হয়েছে যে, ১লা এপ্রিল, ১৯৮৪ থেকে এই স্কীম চালু করবার জন্য প্রাথমিক প্রস্তুতির কাজকর্ম আরম্ভ করা হবে।

(খ) ভূমি রাজস্ব এবং জরিপ ও সেটেলমেণ্ট সংক্রান্ত পৃথক দুটি সংস্থাকে একত্রিত করা হবে।

Investments in new industrial projects

***54.** (Admitted question No. *368.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has information regarding total investments in new industrial projects in West Bengal as compared to the total investments in new industrial projects in Maharashtra, Gujarat, Tamil Nadu, Karnataka and Andhra Pradesh during the period between 1978 to 1983 ; and

(b) if so, what was the position in the matter ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

(a) No such information is available with the Government.

(b) Does not arise.

সোভিয়েত সার্কাস দেখার জন্য কমপ্লিমেন্টারি টিকিট বণ্টন

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭।) **শ্রীঅললেন্দ্র রায়ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের অক্টোবর মাসে কলকাতায় অনুষ্ঠিত সোভিয়েত সার্কাস শো দেখার জন্য কত কম্‌প্লিমেন্টারি টিকিট বিলি করা হইয়াছিল ;

(খ) উক্ত ব্যাপারে সরকারের নিকট কোন অভিযোগ আসিয়াছে কিনা ; এবং

(গ) আসিলে, উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

Minister-in-charge of the Information and cultural Affairl Deptt.

(ক) তিন দিনের অনুষ্ঠানের জন্য মোট ২৮৮৬টি আমন্ত্রণ পত্র।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

Alienation of tribal lands

***58.** (Admitted question No. *319.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) whether it is a fact that although the transfer of land from tribals to non-tribals is prohibited by legislation, alienation of tribal lands in the State is continuing ; and

(b) if so,—

(i) the reasons thereof, and

(ii) the steps taken by the State Government to prevent alienation of tribal lands in West Bengal ?

Minister-in-charge of the Land and Land Refarms Deptt.

(a) Even though alienation of tribal lands to nontribals is generaliy prohibiteb by Sec. 14C of the W. B Land Reforms Act sporadic cases of incidence of such alienation have been noticed.

(b) (i) Proverty ane illiteracy of the tribal people coupled with need for hard cash and their general ignorance of the provisions of the law safeguarding their interests are the main reasons.

(ii) Various programmes have been launched by the State Govt. both under the general plan and the Tribal sub-plan to improve the economic condition of the tribal population.

Steps have also been taken to arrange publicity for the relevant provisions of the law in tribal areas. Ficld Officers have also been asked to be very vigilant in the matter so that cases of alienation of tribal lands can be prevented.

Share of State in large sick industrial units

*59. (Admitted question No. *361.) **Shri Sk. Imajuddin :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state what was the share of West Bengal in the number of large sick industrial units at the national level and the investments involved in such sick units at the end of 1978. 1980 and 1983 ?

Minister-in-charge of the Industrial Reconstruction Deptt.

According to the information available, the number of large sick industrial units at the end of December 1980 at the national level was 409 out of which West Bengal had 102. The figures for 1978 and 1983 are not available.

As for investment involved in such sick units, no information is available at the national level. However, the investment made by the State Government in the taken over and otherwise assisted

units at the end of financial year 1977-78 was Rs. 1100 lakhs, at the end of financial year 1979-80. Rs. 1091 lakhs, and at the end of the financial year 1982-83 Rs. 307 lakhs.

ন্যাশনাল ট্যানারী কারখানার পরিচালনভার

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০০।) **শ্রীসুমন্তকুমার হীরা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ন্যাশনাল ট্যানারী কারখানা পরিচালনার দায়িত্বভার কেন্দ্রীয় সরকার গ্রহণ করতে সম্মত হয়েছেন এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ আছে কিনা ; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে, তার কারণ কি ?

Minister-in-charge of the Commerce and Industries Deptt.

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারী হিসাবে গণ্যকরণ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯২।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারী কর্মচারী হিসাবে গণ্য করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of the Panchayats and Community Development Deptt.

(ক) এবিষয়ে এখনও সরকার কোন সিদ্ধান্ত নেন নি এবং বিষয়টি বিচারাধীন আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

শহর সম্পত্তির উর্ধ্ব সীমা নির্ধারণ

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩।) **শ্রীশিবপ্রসাদ মালিক:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহর সম্পত্তির উর্ধ্বসীমা নির্ধারণের পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কতদিনে বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of the Land and Land Reforms Deptt.

(ক) রাজ্য সরকারের এরূপ কোন পরিকল্পনা আপাতত: নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

আপার কংসাবতী প্রকল্প

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬।) **শ্রীনবনী বাউরী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় আপার কংসাবতী প্রকল্পটি প্ল্যানিং কমিশনের অনুমোদন লাভ করিয়াছে কি ; এবং

(খ) অনুমোদন লাভ করিলে, কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের কাজ চালু করা হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of the Irrigation and Waterways Deptt.

(ক) বস্তুতপক্ষে অনুমোদন পাওয়া যায় নি ;

(খ) এখনই এ প্রশ্ন ওঠে না।

[2-00—2-10 P.M.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received six notices of adjournment motions. The first is on the subject of deadlock of Industries in West Bengal from Shri Kashinath Misra. The second is on the subject of turmoil in Calcutta University due to politicisation of the academic issues from Shri Satya Ranjan Bapuli, Shri Suniti Chattaraj, Shri Atish Chandra Sinha. The third is on the subject of setting the houses of some Congressmen on fire on 26-2-84 at Chanpur in Malda from Shri Somendra Nath

Mitra and Shri Abdul Mannan. The fourth is on the subject of attack on public vehicle to whisk away on accused Gram Panchayat Pradhan of Mishapur in 24 Parganas on 26-2-84. The fifth is on the subject of allegations of corruption against the previous Vice-Chancellor of Calcutta University from Shri Ambika Banerjee. And the sixth is on the subject of views of the Chief Minister of West Bengal on explosive situation in Punjab and Haryana from Shri Deoki Nandan Poddar.

As regards the first five motions, the Members will get ample opportunity to raise the matters during the discussion on the Governor's Address which is continuing. The last motion deals with the incidents happening in Punjab and Haryana for which this Government is not responsible.

I, therefore, withhold my consent to all the above motions. One Member of the party may, however, read out the text of the motion as amended.

Now I request Shri Atish Chandra Sinha to read the text of the motion, as amended.

Shri Atish Chandra Sinha : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely :—

The turmoil in Calcutta University due to unwanted politicisation of the academic issues by the supporters of the ruling party who are trying their best to prevent the new Vice-Chancellor from functioning properly and obstructing the new Vice Chancellor at every steps. It is adversely affecting the administrative interest of the University.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

মিঃ স্পীকার ঃ আমি এবারে দেখছি যে একই মেম্বার একের অধিক কলিং এ্যাটেনসন দিয়েছেন, আমি আজকে এ্যালাউ করছি, কাল থেকে আর এ্যালাউ করব না।

I have received 15 notices of Calling Attentions namely :

1. Deteriorating condition of the mine area in Raniganj and Asansol —Shri Bejoy Pal

2. Oppression of the C.I.S.F. on the people of mine-area in Raniganj and Asansol —Shri Bejoy Pal

3. Non-supply of History and Geography text books in the Primary Schools —Shri Dhirendra Nath Sarkar

4. Alleged malpractice in construction work of the bridge on the river Tangon —Shri Dhirendra Nath Sarkar

5. Alleged attack on a junior doctor of S.S.K.M. Hospital on 28.2.84 —Shri Shish Mohammad, Dr. Manas Bhunia, Shri Sk. Anwar Ali and Shri Abdul Mannan

6. Strike in Hosiery industry —Shri Jayanta Kumar Biswas

7. Acute problem of Students' admission in Class V and in Class IX —Shri Jayanta Kumar Biswas

8. Arrest of Gram Pradhan of Nishapur Gram Panchayat on 26.2.84 —Shri Suniti Chattaraj

9. 72 hour's ultimatum served by Junior Doctors in S.S.K.M. Hospital —Shri Satya Ranjan Bapuli

10. Clash between supporters of two Political Groups at Chandpur village, Malda —Shri Mahbubul Haque

11. Issue of coupons by Private bus Operators on certain routes in Calcutta —Shri Somendra Nath Mitra

12. Police station without office-in-charge at Jorasanko —Shri Deoki Nandan Poddar

13. Unhygenic condition prevailing at the Dakshinee Housing Estate in 24 Parganas —Shri Satya Ranjan Bapuli

14. Reported theft of examined answer papers of the Accountancy Paper in the B. Com. Pass examination of Calcutta University —Shri Suniti Chattaraj

15. Brutal Murder of Shri Ujjal Mondal —Shri Gyan Singh Sohan Pal

I have selected the notice of Shri Gyan Singh Sohan Pal on the subject of Brutal Murder of Shri Ujjal Mondal.

The Minister in charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 8th March, 1984.

MENTION CASES

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্প আজকে ধ্বংসের মুখে এসে পৌঁছেছে। এক সময়ে হোসিয়ারী শিল্প নিয়ে পশ্চিমবাংলার মানুষ গর্ব অনুভব করতো। ভারতের হোসিয়ারী বাজারের ৮০।৮৫ ভাগ তখন পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্পের দখলে ছিল। কিন্তু আজকে এই শিল্প এমন অবস্থায় এসে পৌঁছেছে যে ঐ বাজারের মাত্র ২০।২৫ শতাংশ তার দখলে নেমে এসেছে। বর্তমানে শুধুমাত্র আসাম ছাড়া পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্পজাত সামগ্রীর কেউ কদর দিচ্ছে না। এই শিল্পে যে সমস্ত শ্রমিক-কর্মচারী রয়েছেন তাঁরা অতি কম মাইনে পান। আমি জানি রাজ্য সরকারী কর্মচারীদের পিয়ন পদের মাইনে আজ ৫।৬ শত টাকা। কিন্তু এই শিল্পের শ্রমিক-কর্মচারীরা মাত্র ২৫০।৩০০ টাকা মাইনে পান। এই অবস্থায় তাঁরা আন্দোলনের ডাক দিয়েছেন। বর্তমানে জনদরদী মেহনতি মানুষের সরকার বলে যাঁরা নিজেদের জাহির করছেন—এই সমস্যার প্রতি তাঁদের দৃষ্টি দীর্ঘদিন ধরেই আকর্ষণ করে আসছেন। ১৯৭৭ সাল থেকে আরম্ভ করেছেন। ১৯৭৮ সালে তাঁরা ৭৩ দিন ধর্মঘটও করেছেন। তবুও এই সরকারের নজর এদিকে পড়েনি। বাধ্য হয়ে তাঁরা আবার ধর্মঘটের পথে নেমেছেন গত ১৫ দিন ধরে। মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় সুস্থ কি অসুস্থ জানিনা, সভাতেও দেখছিনা। গত ছয় বছর ধরেই তাঁকে অসুস্থ দেখে আসছি। আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি অবিলম্বে হোসিয়ারী শিল্পের দিকে নজর দিয়ে এই শিল্পে যে শ্রমিক অশান্তি দেখা দিয়েছে তার মিমাংসা করে পশ্চিমবাংলাকে বাঁচান।

শ্রীমাধবেন্দু মহান্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

গত খরায় নদীয়া জেলায় পাট এবং আমন ধান খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। এবার তাঁরা সেই ক্ষতিপূরণের জন্য রবিখন্দে বাড়তি গমের চাষ করেছেন, বোরোখন্দের চাষও অনেক বেড়েছে। গত বছরের তুলনায় চাষ দু-গুন হয়েছে, অথচ সমস্যা হচ্ছে সারের দাম হুহু করে বেড়ে যাচ্ছে। বস্তায় ১৫।২০ টাকা বেশি নিচ্ছে। সারের বাজারে চোরা কারবার চলছে সেইজন্য নদীয়ার চাষের ফসল রক্ষা করবার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি যাতে ন্যায্য দরে চাষীরা সার পান তার ব্যবস্থা কববেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন পূর্বে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪র্থ সমাবর্তন উপলক্ষ্যে যে কলঙ্কিত অধ্যায়ের সৃষ্টি হয়েছে, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি এবং সভার বিবেচনার জন্যও রাখছি।

স্যার, ঐ সমাবর্তন উৎসবে শুধুমাত্র আমাদের মাননীয় রাজ্যপালই গেছেন তা নয়, বিহারের রাজ্যপাল মহোদয়ও ছিলেন।

মিঃ স্পীকার ঃ উপাচার্য হিসাবে রাজ্যপাল সেখানে গিয়েছিলেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনি যদি বাইরে যান তাহলেও আপনার পরিচয় হবে স্পীকার। কোন বিচারক যদি কোথায়ও যান, সেখানে তাঁর পরিচয় হবে বিচারক বলেই। কাজেই মাননীয় রাজ্যপাল যেখানেই যান না কেন, তিনি রাজ্যপালই।

ঘটনা যা ঘটেছে, তা শুধুমাত্র দুর্ঘটনা নয়—পরিকল্পনা মাফিক সংসদ নির্বাচনে হেরে যাবার পর এস. এফ. আই. গণ্ডগোল সুরু করে। ঐ দিন তা তীব্র আকার ধারণ করে। উপাচার্য হিসাবে মাননীয় রাজ্যপালই ছিলেন সেখানে তা নয়, বিহারের মাননীয় রাজ্যপালও সেখানে উপস্থিত ছিলেন। তাঁর সামনে পুলিশ এবং এস. এফ. আই. যে কলঙ্কিত অধ্যায়ের সৃষ্টি করেছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর বিবৃতিই যথেষ্ট নয়। সেজন্য বিচার বিভাগীয় তদন্তের দরকার আছে।

[2-10—2-20 P.M.]

দোষী যে সমস্ত পুলিশ আছে এবং দোষী যে সমস্ত এস. এফ. আই কর্মী আছে তাদের শাস্তি দেওয়ার দরকার আছে। স্যার তার চেয়ে যেটা দরকার সেটা হলো প্রতিদিন কলেজে বিভিন্ন সেকসানে যে পরীক্ষা হয় সেই পরীক্ষা তারা বন্ধ করে দেয়। থার্ড ইয়ারের ভেটানারী পরীক্ষা এইভাবে বন্ধ করে দিয়েছে। কলেজ হোস্টেল ছেড়ে দেবার আগে কোন নোটিশ না দিয়ে জল বা অন্যান্য সামগ্রী বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে ছাত্র-ছাত্রীরা একটা অস্বস্তির মধ্যে রয়েছে।

নীরিহ ছাত্র-ছাত্রীদের গ্রেপ্তার করে তাদের মারধোর করা হচ্ছে। তাদের সিভিক এ্যামিনিটিস হরন করা হচ্ছে। এই ব্যাপারে যারা জড়িত—এস. এফ. আই-এর ছাত্র, পুলিশ এবং এম. এল. এ যাঁরা আছেন—তাদের গ্রেপ্তার করা হোক। আমি আরো দাবি করছি অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলা হোক এবং সেখানে যাতে সুষ্ঠভাবে পরীক্ষা হতে পারে সেই পরিবেশ সৃষ্টি করা হোক। এই সব জিনিষ পরিকল্পনা মাফিক করা হচ্ছে। সেখানে শুধু আমাদের রাজ্যের রাজ্যপালই যায় নি, ভিন্ন রাজ্যের রাজ্যপালও গিয়েছিলেন। এই ঘটনার পরে তারা বাংলাদেশের মুখ পুড়িয়ে দিয়েছে। এই অপরাধীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুভাষ বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। করিমপুর থানায় দু-জন জন মজুর বাধু শেখ এবং কৈমুদ্দিন শেখ পুকুর কেটে কিছু গম নিয়ে তারা ফিরছিল। এই সময় রাস্তায় কিছু লোক তাদের আক্রমণ করে এবং তারপর তাদের হত্যা করে। এই সমাজবিরোধীরা হলো ওনাদের দলের লোক অর্থাৎ কংগ্রেস (আই) দলের লোক। সাথে সাথে আমি এই কথাও বলছি ইউনিভারসিটির দুটি সিটই এস. এফ. আই জিতেছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি এই ব্যাপারে চ্যালেঞ্জ করতে পারি। ছাত্র পরিষদ সেখানে জিতেছে এটা আমি উইথ পেপার দেখাতে পারি। আমার কাছে ষ্টুডেন্ট ইউনিয়ানের পেপার আছে।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পুলিশের কার্যকলাপ অত্যন্ত সন্দেহ জনক এবং কলঙ্কজনক অবস্থায় পৌঁচেছে। গ্রামবাংলায় যেভাবে ব্যাপক হারে ডাকাতি হচ্ছে তাতে গ্রামবাংলার মানুষ ভয়ে সন্ত্রস্ত হয়ে আছে। তাছাড়া তারা গ্রামে সন্দেহ জনকভাবে ঘোরাফেরা করছে। ডাকাতি হয়ে যাবার ঠিক ১৫-২০ মিনিট বাদে পুলিশ আসে মানুষকে সাহায্য করার জন্য, অথচ প্রয়োজনের সময় আসে না। এই থেকে মানুষ একটা ধারণা করে নিয়েছে যে নিশ্চয়ই সমাজবিরোধীদের সংগে পুলিশের একটা যোগসাজগ আছে কালিয়াগঞ্জ থানার বোচাডাঙ্গা গ্রামে যখন ডাকাতি হয় সেই সময় ডাকাত ধরার জন্য পুলিশ জিপ নিয়ে যায়। পুলিশ এই ডাকাতি করতে সুযোগ দিয়ে ১০-১৫ মিনিট বাদে সেখানে হাজির হয়। দুঃখের বিষয় একজন কর্তব্যরত চৌকিদার যখন পুলিশকে সাহায্য করতে আসছিল তখন পুলিশ তাকে গুলি করে। চৌকিদার ঐ অঞ্চলের ইষ্টপুর গ্রামে বাস করে এবং তার নাম হলো সকালু বর্মন। যে সময় পুলিশ গুলি করে সেই সময় সে অপ্রকৃতিস্ত অবস্থায় ছিল। আমাদের সরকারে নিয়ম আছে যে কর্তব্যরত অবস্থায় যদি কেউ মারা যায় তাহলে তার পরিবারের একজন চাকুরী পাবে। কিন্তু আজ পর্যন্ত সেই চৌকিদারের পরিবারের কোন লোক চাকুরী পায়নি। আমার দাবি হলো অবিলম্বে ঐ পরিবারের কোন ব্যক্তিকে চাকুরী দেওয়া হয়।

শ্রীননীগোপাল মালাকার ঃ *মাননীয় অধ্যক্ষ মহোদয়. নদীয়া জেলায় চাকদা থানার* অন্তর্গত ঘেটোগাছী গ্রাম পঞ্চায়েতে একটা মর্মান্তিক ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি গত ১৭ই ফেব্রুয়ারী ঘটেছে। উক্ত গ্রাম পঞ্চায়েতের সদস্য কমরেড গোপাল ঘোষকে তাঁর বাড়ী থেকে কংগ্রেসী গুণ্ডারা তুলে নিয়ে যায়। যারা তাঁকে তুলে নিয়ে যায় তারা সকলে হাজারী ঘোষের নেতৃত্বে কংগ্রেসী গুণ্ডা বাহিনী। তারা সকলে মিলে শ্রীঘোষকে হত্যা করে। কমরেড্ গোপাল ঘোষের অপরাধ ছিল তিনি ঐ অঞ্চলে কংগ্রেসীরা একটা চোলাই মদের যে ব্যবসা চালাচ্ছিল তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। কমরেড ঘোষ ঐ চোলাই মদের ব্যবসা বন্ধ করার জন্য যেহেতু চেষ্টা করছিলেন, সেই জন্য তাঁকে ঐ গুণ্ডাবাহিনীর লোকেরা হত্যা করে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী করছি, ঐ অপরাধীদের বিরুদ্ধে তিনি যেন যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন সেই সঙ্গে মৃত কমরেড ঘোষের বৃদ্ধ বাবা-মা যাতে উপযুক্ত ভরণ পোষণের জন্য সরকারী সাহায্য পেতে পারেন, তারজন্য আশু নির্দেশ দেন। মৃত ঘোষের পরিবারে তাঁর বৃদ্ধ বাবা-মাকে দেখাশুনা করার অন্য কোন লোক নাই। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি এই আবেদন রাখছি।

শ্রীমহবুল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মালদহ জেলার কাচোল অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটির কথা শুনলে আপনাদের মাথা লজ্জায় হেঁট হয়ে যাবে। গত ৩০শে ডিসেম্বর খড়বা থানায় ১০টি বেড্ যুক্ত হাসপাতালের সংলগ্ন ডাক্তারবাবুদের কোয়ার্টারে রাত্রিবেলা একটি ডাকাতি হয়। এর ফলে ডাক্তারবাবুর বাসা থেকে সমস্ত মালামাল লুট হয়ে যায়। শুধু তাই নয়, উক্ত বাসাতে ডাক্তার-বাবুর স্ত্রী ও ছেলেমেয়ে যারা ছিল, তাদের উপরে ডাকাতদল মারধোরও করে ও সর্বস্ব কেড়ে নিয়ে চলে যায়। এরই প্রতিবাদে হাসপাতালের অন্যান্য স্টাফ নার্স নিরাপত্তার ব্যবস্থা না করলে তাঁরা কোন কাজ করবেন না বলে ওখান থেকে চলে গেছেন। এলাকার ১০টি বেড্ যুক্ত হাসপাতালটি এর ফলে জানুয়ারী ও ফেব্রুয়ারী মাস অতিক্রান্ত হয়ে গেল অচল অবস্থায় পড়ে আছে। সেখানকার মানুষরা কমবেশী চিকিৎসার যে সুযোগ পাচ্ছিলেন, তা থেকেও বঞ্চিত হচ্ছেন। বামফ্রন্টের কোন মন্ত্রী-মহাশয়ের অসুখ হলে নার্সিং হোমে বা অন্য কোথাও চিকিৎসার সুযোগ পান। উক্ত গ্রামের গ্রামবাসী তাঁদের চিকিৎসার সামান্য সুযোগ যা পাচ্ছিলেন তা থেকে তাঁরা সম্পূর্ণ বঞ্চিত - একথা শুনলে সকলেরই মাথা হেঁট হয়ে যায়। গরীব খেটে খাওয়া মানুষেরা আজ সেখানে চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত। সেজন্য আমি দাবী জানাচ্ছি, অবিলম্বে সেখানে নিরাপত্তার ব্যবস্থা করে ডাক্তার ও নার্স নিয়োগ করা হোক।

গ্রামবাসীরা আমার কাছে একটা মাস্ পিটিশন দিয়েছেন, এটি আমি স্পীকার মহাশয়, আপনার কাছে জমা দিচ্ছি। এরমধ্যে গ্রামবাসীগণ দাবী জানিয়েছেন, অবিলম্বে ওখানে ডাক্তার ও নার্সদের যথোপযুক্ত নিরাপত্তার ব্যবস্থা করে নিযুক্ত করা হোক এবং তাঁদের চিকিৎসার সুযোগ

দেওয়া হোক। আমিও সেই অনুরোধ মাননীয় স্বাস্থ্য ও মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে মাস্ পিটিশনটি দেবার সঙ্গে সঙ্গে জানাই। সেই সঙ্গে দাবী জানাই সেখানে যেন একটি স্থায়ী পুলিশ ফাঁড়ি বসাবার ব্যবস্থা করা হয়।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে জনপ্রিয় বামফ্রন্ট সরকার আসার পর পশ্চিমবঙ্গের বেকার যুবক সম্প্রদায়' এর মুখে বেকার ভাতা চালু করে হাসি ফুটিয়েছেন। তাঁরা মাসান্তে ৫০ টাকা করে ভাতা পাচ্ছেন বা ভবিষ্যতেও পাবেন। কিন্তু ইদানিংকালে দেখা যাচ্ছে, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে এই বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। এত সংখ্যক বেকার যুবকদের ভাতা বাবদ টাকা ব্যাংক দিতে রাজী হচ্ছে না। সমস্ত ব্যাংক যাতে বেকার ভাতা বাবদ টাকা দেয়, সে ব্যাপারে সুনির্দিষ্ট নির্দেশ ব্যাংক কর্তৃপক্ষের কাছে দেওয়ার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫ই ফেব্রুয়ারী আমি একটি মিটিংয়ে গিয়েছিলাম, সেখানে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ অফিসারগণ আমাকে জানিয়েছেন, আমরা নথিভুক্ত বেকারদের নাম যথা সময়ে ব্যাংকে পাঠিয়ে দিচ্ছি। সংখ্যাটা প্রায় ৬০০০ হাজারের মত। এরমধ্যে মাত্র ১৭৬ জনকে ব্যাংক টাকা দিতে সম্মত হয়েছে। সুতরাং এ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সরকারের পক্ষ থেকে তিনি যেন একটি সুনির্দিষ্ট সার্কুলার ব্যাংকগুলিকে পাঠাবার ব্যবস্থা করেন। অথবা ঐ ধরণের কোন নীতি নির্দ্ধারণের ব্যবস্থা করেন, যার ফলে ব্যাংকের কাছে পঠোনো বেকারদের ভাতা বাবদ টাকা তাঁরা দিতে রাজী হন।

[2-20—2-30 P.M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ কথা হাউসের কাছে রাখতে চাই। আপনি লক্ষ্য করেছেন পাঞ্জাবে সংবিধান পোড়ান হয়েছে, ছিড়ে ফেলা হয়েছে। আজকে সংবাদপত্রে দেখলাম মুখ্যমন্ত্রীর একটা ষ্টেটমেণ্টে বলেছেন, আপোজিশান রেডি টু কোয়াপারেট উইথ পি. এম.। হাউস চলাকালীন মুখ্যমন্ত্রী বহুবার বলেছেন বিচ্ছিন্নতাবাদীর বিরুদ্ধে তিনি আছেন এবং এ বিষয়ে তিনি প্রধানমন্ত্রীকে সহযোগিতা করেন। তা যদি হয় তাহলে আপনি মুখ্যমন্ত্রীকে বলুন পাঞ্জাবে সংবিধান পোড়ান, হত্যা, লুঠ ইত্যাদি ঘটনাগুলিকে কনডেম করে একটি অফিসিয়াল রেজোলিউসান এখানে নিয়ে আসুন। অর্থাৎ এখান থেকে একটা প্রতিবাদ যাক এবং সেটা সারা ভারতে একটা এক্সজাম্পল হবে। সংবিধান পোড়ান শুধু অন্যায় নয়, অপরাধ নয় ভারতবাসী হিসেবে অবিবেচনার কাজ হয়েছে। সেজন্য আপনি মুখ্যমন্ত্রীকে বলুন এ বিষয়ে যেন তিনি একটা অফিসিয়াল রেজোলিউসান আনেন এবং আপনার মাধ্যমে সেটা যেন দিল্লী পাঠান হয়। আমরা তাহলে সারা ভারতবর্ষে বলতে পারব যে বাঙালী হিসেবে আমরা এসব পছন্দ করিনা এবং তিনি যেটা বলেছেন সেটা সত্যই বলেছেন, কাজে সেটা প্রমাণ করুন।

শ্রীস্বাস্তিক কুমার রায়ঃ স্যার, বীরভূম জেলায় বক্রেশ্বর নদের উপর যে ১০০ মেগাওয়াট তাপ বিদ্যুৎ হবার কথা সেটা অফিসারদের গড়িমসীর জন্য সপ্তম প্ল্যানে না হয়ে অষ্টম প্ল্যানে চলে যাবে। সেজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো এটা যেন সপ্তম প্ল্যানে হয় সেটা তিনি দেখবেন।

শ্রীদেবপ্রসাদ সরকারঃ স্যার, পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার চূড়ান্ত অবনতি হয়েছে। এর সংগে সঙ্গতি রেখে সুন্দরবন অঞ্চলে সমাজবিরোধীদের দৌরাত্ম মারাত্মক রূপ নিয়েছে। নারী ধর্ষণ, খুন, রাহাজানি, ডাকাতি দিনের পর দিন সেখানে বেড়ে চলেছে। যেসব অপরাধ মূলক কার্য-কলাপ এতদিন শিল্পাঞ্চলে সীমাবদ্ধ ছিল আজ সেগুলি সুন্দরবন অঞ্চলে ব্যাপকভাবে হচ্ছে। শুধু ট্রেনে নয় বাসেও সংগঠিতভাবে লুঠতরাজ হচ্ছে এবং সাধারণ যাত্রীদের নিরাপত্তা ভীষণভাবে বিঘ্নিত হচ্ছে। পুলিশ প্রশাসনের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তারা নির্বাক। তাই আপনার মাধ্যমে এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে ক্লাস ফোর পর্যন্ত পাশ ফেল উঠে যাওয়ার ফলে সমস্ত প্রাথমিক ছাত্র পাশ করে যাচ্ছে এবং তার ফলে রাজ্যে সর্বত্র পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার সমস্যা তীব্র হয়ে উঠেছে কি গ্রামে কি শহরে। সর্বত্র অভিভাবকরা হণ্যে হয়ে ছেলেমেয়েদের ভর্তির জন্য ঘুরে বেড়াচ্ছেন। সরকার থেকে নির্দেশ গেছে যে প্রাথমিক শিক্ষার সংগে পঞ্চম শ্রেণী খোলা হবে, কিন্তু কার্যতঃ তা হয়নি এইজন্য যে সেখানে শিক্ষক নেই, শিক্ষক সমস্যা সেখানে থেকে গেছে। অন্য দিকে ক্লাস ৮ থেকে ক্লাস ৯ এ যারা উঠবে সেখানেও ভর্তি হওয়ার সমস্যা প্রবল হয়ে উঠেছে। জুনিয়ার হাই স্কুলগুলি ক্লাস ৮ পর্যন্ত ছিল, সেগুলি হাইস্কুলে উন্নীত হতে পারেনি, ব্যাপক মাধ্যমিক বিদ্যালয় না থাকায় নবম শ্রেণীতে ছাত্র ভর্তি হওয়ার সমস্যা দেখা দিয়েছে। এই ছাত্র ভর্তির সমস্যাটাকে যদি গুরুত্ব দিয়ে না দেখা যায় তাহলে যাঁরা শিক্ষার সংগে যুক্ত ম্যানেজিং কমিটির সদস্য তাঁরা প্রচণ্ড সমস্যার সম্মুখীন হচ্ছেন। সেজন্য বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখতে হবে, তা না হলে বামফ্রন্ট সরকারের শিক্ষা সম্প্রসারণের যে ঘোষিত নীতি সেই নীতি বাস্তবে কার্যকরী হবে না। পরিশেষে আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব এই সম্পর্কে তিনি যেন হাউসে একটা বিবৃতি দেন এই প্রত্যাশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নানঃ মিঃ স্পীকার, স্যার, গত ১৮ই ফেব্রুয়ারী আমার নির্বাচনী কেন্দ্র আরামবাগের খানাকুল থানার চকভেদিয়া গ্রামে আদিবাসী মহিলাদের উপর সেই গ্রামের কিছু সমাজ বিরোধী লোক রাত্রিবেলায় আক্রমণ করে এবং মহিলাদের রেপ করে। ১৯ তারিখে সকাল বেলায় এই ব্যাপারে পুলিশের দৃষ্টি আকর্ষণ করার পরও পুলিশ তাদের গ্রেপ্তার করতে যায়নি। পরে পুলিশের উচ্চ মহলে যোগাযোগ করার পর যদিও একটা গাড়ী যায় সেটা ভাল করে আওয়াজ

দিয়ে অপরাধীদের সাবধান করে দিয়ে যায়। তখন সেই সমস্ত অপরাধীরা একটু দূরে সরে গিয়ে দাঁড়িয়ে থাকে। তখন সেই আদিবাসী মহিলারা পুলিশকে দেখিয়ে দেয় যে এই সমস্ত অপরাধীরা কিছুক্ষণ আগে তাদের উপর অত্যাচার করেছে। তারপরেও দেখা যায় পুলিশ তাদের গ্রেপ্তার করেনি। শুধু তাই নয় সেই অপরাধীরা আজো রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, এমনকি সেই সমস্ত আদিবাসী মহিলাদের হুমকী দিচ্ছে যে যদি তোমরা ফারদার থানায় যাও তাহলে আবার তোমাদের আক্রমণ করা হবে। স্যার, সেই আদিবাসী মহিলাদের পুরুষরা মেদিনীপুরে কাজ করতে গেছে। সেই সমস্ত পুরুষদের কাছে তারা খবর দিয়েছে। মেদিনীপুর থেকে সেই সমস্ত পুরুষরা আসার পর হয়ত এই গ্রামে একটা অশান্তি হতে পারে। সেই সমস্ত অপরাধীরা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোক, সেজন্য আজকে তাদের বিরুদ্ধে পুলিশ কোন স্টেপ নিচ্ছে না। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অপরাধীদের যাতে শাস্তি হয় তার ব্যবস্থা তিনি যেন করেন এবং সেই গ্রামে যাতে শান্তি ফিরে আসে তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি গুরুত্বপূর্ণ এই কারণে যে সামাজিক জীবন-যাত্রা অচল হয়ে পড়েছে। স্যার, আপনি হয়ত খবর পাননি যে আমার এণ্টালি অঞ্চলে কংগ্রেস (আই) সমাজ বিরোধীদের সংগঠিত করেছে। এটা তাদের দীর্ঘ দিনের প্র্যাক্টিস। তারা বর্তমানে জনগণকে সংগঠিত করার পরিবর্তে সমাজ বিরোধীদের সংগঠিত করছে। সবচেয়ে যেটা লজ্জা জনক এবং ভয়ংকর জনক সেটা হচ্ছে কংগ্রেস (আই) যে সমস্ত সিঁধেল চোর আছে তাদের থানায় গিয়ে ছাড়িয়ে আনবার চেষ্টা করছে। কংগ্রেস (আই) এর যে সমস্ত কলকাতার এম. এল. এ তারা যখন থানার অফিসাররা বলছেন যে সিঁধেল চোরদের ছাড়া হবে না তখন কোর্টে গিয়ে জামিনে সেই সিঁধেল চোরদের ছাড়িয়ে আনছে।

[2-30—2-40 P. M]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে তাদের নামগুলি বলছি। আমাদের এণ্টালি—সি আই টি এলাকায় বোচা নামে একজন সিঁদেল চোর টেরর হয়ে দাঁড়িয়েছে। অথচ তাকে ছাড়িয়ে আনতে গেল বিশু দাস যে আগে সোমেনবাবুর গ্রুপে ছিল, এখন সুব্রতবাবুর গ্রুপে এসেছে। স্যার, কংগ্রেস (আই) যদি এই সমস্ত সিঁদেল চোরদের আশ্রয় দেয়, রাজনৈতিক আশ্রয় দেয় তাহলে আমরা কোথায় যাব একথা স্থানীয় জনসাধারণ আমাকে বলেছেন। আজকে যাঁরা এখানে আইন শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন তাঁদের এই সমস্ত কথার জবাব দিতে হবে। আমার কনষ্টিটিউএনসীতে ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত সোমেনবাবু এবং সুব্রতবাবুর দুই গোষ্ঠী ১৭ জনকে হত্যা করেছে। আমি আপনার কাছে সেই সমস্ত মার্ডারারদের নাম, ঠিকানা উপস্থিত

করতে পারি। দুঃখের সংগে বলছি, এই সমস্ত হত্যাকাণ্ড বন্ধ করবার জন্য কংগ্রেস (আই)-র কোন রাজনৈতিক তৎপরতা নেই।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। চাঁদপাল ঘাট সারা পশ্চিমবাংলার রিভার ট্রান্সপোর্টের একটি কেন্দ্র বিন্দু। হাওড়া এবং বিভিন্ন অঞ্চল থেকে প্রচুর লোক এখানে আসে এবং সেদিক থেকে এটা একটা বড় ল্যাণ্ডিং গ্রাউণ্ড। দুঃখ এবং উদ্বিগ্নের সংগে জানাচ্ছি, এতবড় একটা ল্যাণ্ডিং গ্রাউণ্ডে একটিমাত্র গ্যাংওয়ে রয়েছে। আজকে লোকসংখ্যা প্রচুর বেড়েছে কিন্তু একটিমাত্র গ্যাংওয়ে থাকার ফলে সকাল বিকেল এ্যাক্সিডেণ্ট হচ্ছে। ওখানে পোর্ট কমিশনের অনেক গ্যাংওয়ে আছে, কাজেই পোর্ট কমিশনের সংগে কথা বলে ওখানে যদি আর একটা গ্যাংওয়ে করে দেন তাহলে মানুষ এ্যাক্সিডেণ্টের হাত থেকে বাঁচতে পারবে।

শ্রীঅনন্ত সরেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমার অমূল্য সম্পদ ঝাড়গ্রামের বন জঙ্গল। কিন্তু সেই বনজঙ্গলকে আজ নির্মমভাবে ধ্বংস করা হচ্ছে। শাল, মহুল, কুসুম, কেঁদু প্রভৃতি মূল্যবান গাছগুলিকে এক শ্রেণীর অসাধু জংগল ব্যবসায়ী এবং কিছু অসৎভাবে উপায় করা বন বিভাগের অফিসার ব্যাপকভাবে লুট তরাজ করছে। ফলে মহকুমার আদিবাসী ও অন্যান্য গরীব মানুষের সমস্যার সৃষ্টি হতে চলেছে। এই শালের ফল খাওয়া যায় এবং এর মাধ্যমে তেল হয় এবং শালপাতা বিক্রি করে অনেক মানুষ তাদের জীবনযাত্রা নির্বাহ করে। মহুল, কুসুম গাছের ফুল এবং ফল অনেক কাজে লাগে। সুতরাং এই ব্যাপারে সতর্ক নজর দেবার জন্য এবং অরণ্যকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য আমি সরকার এবং মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভা এবং বিশেষ করে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকারী দলের সদস্য জয়ন্ত বিশ্বাস যে কথা বলেছেন আমি তাঁর সংগে একমত। আজকে দেখা যাচ্ছে ৫ম শ্রেণী এবং নবম/দশম শ্রেণীতে ছাত্রছাত্রীদের ভর্তির সমস্যা পশ্চিমবাংলার প্রতিটি জেলায় অত্যন্ত প্রকট হয়ে দেখা দিয়েছে। আমি বাঁকুড়া জেলা, বাঁকুড়া শহর এবং পুরুলিয়া শহরের কথা জানি এখনও পর্যন্ত প্রায় ২ হাজার ছেলেমেয়ে ৫ম শ্রেণীতে ভর্তি হতে পারেনি। দুর্ভাগ্যের বিষয় সে সব জুনিয়ার হাইস্কুলের অনুমোদন অর্থাৎ তাদের বয়স ১১০ বছর হয়ে গেছে যেমন সেনরা জুনিয়ার হাইস্কুল যেটা বাঁকুড়ায় আছে, তাদের ছাত্রছাত্রীরা কোথায় ভর্তি হবে। এই রকম বহু জুনিয়ার হাইস্কুল আছে। শহরের সংগে যুক্ত বা তার পার্শ্ববর্তী এলাকায় গিয়ে ধরণা দিয়ে ভর্তি হতে পারছে না। অভিভাবকরা ঘুরে বেড়াচ্ছে। প্রকৃত যে অবস্থা সেটা সরকারের অনুধাবন করা উচিত। বিগত দিনের মত ঢোল সহরত করে

প্রকৃত তথ্য ভিত্তিক একটা ব্যবস্থা রাজ্য সরকারের শিক্ষা দপ্তরে করা উচিত। প্রকৃত প্রাইমারী বিদ্যালয় শহর এবং শহরের বাইরে গ্রামাঞ্চলে কত আছে এবং সেখানকার ছাত্রছাত্রীর সংখ্যা কত এবং পঞ্চম শ্রেণীতে ভর্তি হবার মত ছাত্রছাত্রীর সংখ্যা কত ও সেই অনুযায়ী পঞ্চম শ্রেণীতে ভর্তি হবার সুযোগ আছে কিনা সেটা দেখা হোক এবং একটা ব্যবস্থা করা হোক। আপনি স্যার নিজে ইনিসিয়েটিভ নিয়ে এর প্রতিকার করার করুন। যেখানে শিক্ষাকে প্রগতির পথে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে, শিক্ষাকে প্রসার করার ব্যবস্থা করার কথা বলা হচ্ছে সেখানে এই অবস্থা? এই শিক্ষাকে সংকোচন করার হাত থেকে আপনি বাঁচান।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য ক্রমাগত উর্ধমুখী হচ্ছে। মানুষের ক্রয় ক্ষমতা দিয়ে সেই সব জিনিসপত্র কেন যাচ্ছে না। প্রতি সপ্তাহে জিনিসের দাম বাড়ছে, এমন কি প্রতিদিনই। এর একটা মোকাবিলা দরকার। সারা ভারতবর্ষের মানুষ যাতে একটা নির্ধারিত দরে নিত্য প্রয়োজনীয় জিনিস কিনতে পারে তারজন্য এই বিধানসভায় একটা বেসরকারী প্রস্তাব আনা হোক এবং তা আলোচনা করে পাশ করে সেটা ভারত সরকারের কাছে পাঠানো হোক যাতে সারা ভারতের জনগণ এবং পশ্চিমবাংলার সাধারণ মানুষ নিত্য প্রয়োজনীয় দ্রব্যগুলি নির্ধারিত দরে পেতে তার ব্যবস্থা করা হোক।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মেচেদা-দীঘা, নরঘাট-দীঘা অত্যন্ত খারাপ হয়ে গেছে। সেখানে বাস চলা তো দূরের কথা, মানুষের চলার পক্ষে অযোগ্য হয়ে পড়েছে। তাই পূর্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ যে যাতে এই বছর এই রাস্তাগুলি মেরামত হয় সংস্কার হয় সেইজন্য তিনি যেন টাকা রাখেন।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪ পরগণা জেলায় যে সমস্ত পঞ্চায়েত সমিতি আছে এবং যেগুলি সি. পি. এম. দখল করেছে তা বাদে সমস্ত পঞ্চায়েত সমিতিতে কিছুদিন আগে একটা সভা হয়েছে এবং সেই সভায় নির্ধারিত হয়েছে। এবং মনে হয় নির্দেশও দেওয়া হয়েছে যে, যে সমস্ত এলাকায় কংগ্রেস প্রধান নাই সেই সমস্ত এলাকাকে সেন্ট্রাল এ্যাসিসটেন্স বা ইমপুট লোনস থেকে বঞ্চিত করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

[2-40—2-50 P.M.]

বনগাঁ পঞ্চায়েত সমিতিতে ১৬টি অঞ্চল আছে, এই ১৬টি অঞ্চলে যে সমস্ত জায়গায় কংগ্রেস সদস্য নির্বাচিত হয়েছেন অথচ পঞ্চায়েত কংগ্রেস পায়নি, সেই সমস্ত এলাকার কংগ্রেস সমর্থক যারা

আছেন, তাঁরা সেন্ট্রাল গভর্ণমেণ্টের যে সমস্ত লোন অথবা এ্যাসিস্ট্যান্স আছে, যেমন ডি. আর. ডি. পি., স্পেশাল কম্পোনেণ্ট ইনপুট লোন, রিহ্যাবিলিটেশন স্কীমে লোন, এই সমস্ত যা কিছু দেওয়া হয়েছে, তা শুধু রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে দলীয় লোকদেরই দেওয়া হয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যাতে এই গুরুতর বিষয়ে দৃষ্টিক্ষেপ করেন এবং যথাযথ ভাবে, ঠিক ঠিক ভাবে প্রকৃত চাষীদের মধ্যে বিতরণের ব্যবস্থা করার জন্য নির্দেশ পাঠান।

শ্রীসরল দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা নিশ্চয়ই সংবাদপত্রে দেখেছেন এবং আপনাদের অভিজ্ঞতাও আছে, কলকাতা বিমান বন্দর, এই বিমান বন্দরটি কেন্দ্রের চক্রান্তের ফলে আজকে চতুর্থ শ্রেণীর বিমান বন্দরে রূপান্তরিত হয়েছে। যেখানে দিল্লী এবং বোম্বাই বিমান বন্দরে ইণ্টারন্যাশনাল ফ্লাইট দিনের পর দিন বাড়িয়ে দেওয়া হচ্ছে, সেখানে ১৯৬৫ সালে কলকাতা বিমান বন্দরে যেখানে ১৩টি ইণ্টার ন্যাশনাল ফ্লাইট চালু ছিল, দমদম বিমান বন্দর থেকে ছাড়তো, সেটা কমিয়ে দিয়ে সাতটি করা হয়েছে। আর বর্তমানে বোম্বাই বিমান বন্দর থেকে ৯০টি এবং দিল্লী বিমান বন্দর থেকে ৮৭টি ছাড়া হচ্ছে। পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের চক্রান্তের ফলে এই জিনিস হচ্ছে। একের পর এক সমস্ত জিনিস নষ্ট করা হচ্ছে, প্রথমে জলপথ, তারপর স্থল পথ এবং তারপর বিমান পথ এই তিন দিক, কেন্দ্রের চক্রান্তের ফলে নষ্ট হচ্ছে। তাই আপনার মারফত মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে দমদম বিমান বন্দরকে বাঁচাবার জন্য তিনি যথাযথ ব্যবস্থা নিন।

শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নিজস্ব এলাকা কাঁদি মহকুমার হিজল গ্রাম পঞ্চায়েতের প্রধান শেখ আলহামদোর বাড়ির খড় গত ১৫/২/৮৪ তারিখে সি. পি. এম এর দুষ্কৃতকারীরা পুড়িয়ে দেয়। তারপর তাকে মারাত্মক ভাবে মারধোর করা হয়, খুন এবং জখম করার প্রয়াসে। তার আগের দিন, তার মানে ১৪/২/৮৪ তারিখে আমাদের দলেরই আর একজন তার নাম খোদা বক্স, তার বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়—তার গোয়াল ঘরে আগুন লাগিয়ে দেওয়া হয়। ঐ এলাকায় নামকাওয়াস্তে একটা পুলিশ ক্যাম্প বসানো হয়েছে বটে কিন্তু পুলিশ ঐ সমস্ত দুষ্কৃতকারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না। এবং সেই সমস্ত সি. পি. এম. এর দুষ্কৃতকারীরা বুক ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছে এবং হুমকি দিচ্ছে। ফলে যে কোন মুহূর্তে সেখানে একটা অঘটন ঘটতে পারে। সেইজন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তারা যে একটা দরখাস্ত পাঠিয়েছেন, সেটা আপনার কাছে দিচ্ছি।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার

কৃষ্ণনগর—শিকারপুর সড়কটি, একটি গুরুত্বপূর্ণ সড়ক, প্রায় ৬০/৬৫ মাইল লম্বা এবং এই সড়কের মাধ্যমে পাট শিল্প এবং অন্যান্য শিল্পের কাঁচা মাল চলাচল করে, পরিবহনের দিক থেকে, প্রতিরক্ষার দিক থেকে এই সড়কটি গুরুত্বপূর্ণ। কিন্তু দুঃখের বিষয় বিগত ৮/১০ বছর ধরে লক্ষ্য করা যাচ্ছে এই সড়কটি সরু অবস্থায় আছে।

একটা গাড়ী মাত্র চলতে পারে, সাইড দেবার কোন ব্যবস্থা নেই। ৮/১০ বছরের মধ্যে মাত্র অর্ধেকটা চাত্তড়া হয়েছে। বাকি অর্ধেকটা অতি দ্রুত চওড়া করার দরকার আছে বলে আমরা মনে করি। কেন না এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সীমান্ত সড়ক। এই সড়কটির গুরুত্ব দিনের পর দিন বাড়ছে। তাই এই বিষয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহাবিব মুস্তাফা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৭২ সালে প্রায় ৫০ লক্ষ টাকা খরচ করে সামসি রেগুলেটেড্ মার্কেট নির্মিত হয়। ওখানকার ইজারাদার, ফোড়ে, মহাজন, জমিদার ইত্যাদি মিলে মামলা মোকর্দ্দমা করে এই হাটকে মার্কেট চত্বরের ভিতর ঢুকতে দিচ্ছে না, বাধা সৃষ্টি করছে। গত জানুয়ারী মাসে মার্কেট কমিটি সিদ্ধান্ত করে এই হাটকে মার্কেট চত্বরের ভিতর ঢোকাবার চেষ্টা করে। গত ৬ই জানুয়ারী তারিখে মার্কেট কমিটির সভা হয় এবং সেই সভায় মাননীয় সদস্য সমর মুখার্জী মহাশয়ও উপস্থিত ছিলেন। তিনি এবং অন্যান্য সকলে একমত হয়ে এই হাটকে মার্কেট চত্বরের মধ্যে ঢোকাবার সিদ্ধান্ত গ্রহণ করলেন। কিন্তু পরবর্তীকালে তিনি এর বিরোধিতা করলেন এবং গত সপ্তাহের হাটে তিনি বোমাবাজী করলেন। গত ৯ই জানুয়ারীর হাটে তিনি হরতালের ডাক দিয়ে হাট বন্ধ করবার চেষ্টা করলেন। গত বাজেট অধিবেশনে এই সভায় তিনি সি. পি. এম. গুণ্ডা, নেতাদের উপর দোষারোপ করেছেন। অথচ এখন তিনি এই হাটকে ঢোকাবার ব্যাপারে বাধা সৃষ্টি করছেন। আমরা দেখতে পাচ্ছি সমর মুখার্জির নেতৃত্বে মস্তান বাহিনী এই হাটকে ঢোকাবার ব্যাপারে বাধা সৃষ্টি করে চলেছেন। এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

শ্রীউমাপতি চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। চন্দ্রকোনা ব্লক এলাকার চণ্ডী কোল্ড ষ্টোরেজ এই আলু ওঠার সময় হটাৎ ক্লোজার ঘোষণা করেছে। এই ক্লোজার ঘোষণা করার ফলে ঐ এলাকার কয়েক হাজার গরীব কৃষক তাদের বীজ আলু রাখার সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। এই আলু সিজন টাইমে বিক্রী করে এর থেকে তারা কিছু পয়সা পেত। সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হতে যাচ্ছে এবং শ্রমিক কর্মচারীরাও ছাঁটাই হবার ভয়ে আতঙ্কিত। এই কোল্ড ষ্টোরেজ মালিকের সংগে যেভাবেই হোক আলোচনা করে এই ক্লোজার তুলে নিতে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়কে একটু তৎপর হতে অনুরোধ জানাচ্ছি এবং আশু প্রতিকারের দাবী জানাচ্ছি।

শ্রীসুভাষ নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি বিধানসভায় আসার সময় শিয়ালদহ থেকে বাসে ওঠার জন্য আমি নীলরতন সরকার হসপিটাল বাস ষ্টপে দাঁড়িয়ে ছিলাম। কয়েক মিনিট দাঁড়িয়ে থাকার পর দূরপাল্লার একটি ষ্টেট বাস এসে দাঁড়ায়। প্যাসেঞ্জার নামতে দেখে আমি সেই বাসে ওঠার চেষ্টা করি। বাস নং হচ্ছে ডবলিউ. বি. এস. ১৬৩৭। সঙ্গে সঙ্গে কনডাকটর আমাকে জোর করে নামিয়ে দেবার চেষ্টা করেন এবং আমি এর প্রতিবাদ করি। আমি তখন কনডাকটরকে আমার আইডেনটিটি কার্ড দেখিয়ে বলি যে, বিধানসভায় যাব, অনেক্ষণ বাসে উঠতে না পেরে এই বাসে উঠেছি। কিন্তু তাসত্বেও জোর জুলুম করে কনডাকটর আমাকে বলল এটা ষ্টপেজ নয়, এখান থেকে ১.৩৫ পয়সা ভাড়া, কাউকে নেওয়া হয় না। আমি প্রতিবাদ করলাম এবং সাথে সাথে আরো অনেক প্যাসেঞ্জার প্রতিবাদ করে বললেন ষ্টপেজ যদি নাই হবে তো অন্য প্যাসেঞ্জারদের নামতে দিচ্ছেন কেন? সেই বাসে জনৈক সি. এস. টি. সি.-র পোষাক পরা কর্মরত ব্যক্তি, তিনি অবশ্য আজকে কর্মরত ছিলেন না, সেখানে তিনি বসেছিলেন। তিনি সেই সঙ্গে আমাকে নামতে বাধ্য করছিলেন এবং আইডেনটিটি কার্ড দেখিয়ে প্রতিবাদ করা সত্বেও আমাকে নামানোর চেষ্টা করছিলেন। কিন্তু যাত্রীগণের সহায়তায় আমি শেষ পর্যন্ত এখানে এসে নামতে সক্ষম হই। আমাদের যেখানে প্রোটেকসনের অভাব দেখতে পাচ্ছি সেখানে নিত্য যাত্রীদের যে কি অবস্থা হয় সেটা সহজেই অনুমান করা যায়। তাই এই বিষয়ে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করার দাবী জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ আমি এটা এনকোয়ারি করে দেখব। I shall look into it.

[2-50—3-00 P.M.]

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছুদিন ধরেই আমরা লক্ষ্য করছি কোলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে জল ঘোলা করা হচ্ছে। এই নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোলকাতা বিশ্ববিদ্যালয়-এর আইন যখন প্রণয়ন করা হয়েছিল তখন এই বিধানসভার সদস্যদের মধ্যে অনেক সদস্যই তার সিলেক্ট কমিটিতে ছিলেন এবং তাঁরা বলেছিলেন, আচার্য এক্স অফিসিও হওয়া উচিত নয়। সেদিনকার সিলেক্ট কমিটির রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন বিরোধীদলের সদস্যরা সেদিন একমত হয়েছিলেন যে আচার্য এক্স অফিসও হবেন না। সেখানে একজন গুনী, জ্ঞানী ব্যক্তির হাতে এই দায়িত্ব দেওয়া উচিত। কোলকাতা বিশ্ববিদ্যালয়ের মতন ঐতিহ্যপূর্ণ বিশ্ববিদ্যালয়ে এমন একজন গুনী, জ্ঞানী ব্যক্তিকে এই পদের জন্য নির্বাচিত করা উচিত যাঁর পাণ্ডিত্ব গরিমা থাকবে। মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ, তিনি ঐ আইনটি সংশোধন করার কথা পুনর্বিবেচনা করে

দেখুন। সেখানে আচার্য যাতে এক্স অফিসও না হন, তিনি যাতে নির্বাচিত এবং স্বীকৃত পণ্ডিত ব্যক্তি হন তার ব্যবস্থা করুন। একজন টিকিট কালেকটার বা কনডাকটার বা ঐ ধরনের লোক যাতে আচার্য পদে প্রতিষ্ঠিত না হন আইনে এই রকম ব্যবস্থা থাকা উচিত বলেই আমি মনে করি। আমি এ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আসামে বিগত নির্বাচনের সময় সেখান থেকে হাজার হাজার উদ্বাস্তু পশ্চিমবাংলায় চলে এসেছিলেন এবং তারা উত্তরবঙ্গের বিভিন্ন আশ্রয় শিবিরে আশ্রয় নিয়েছিলেন। আসাম এবং পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টায় তাদের মধ্যে অনেকেই ফেরত চলে গিয়েছেন কিন্তু আজকের কাগজে দেখলাম আলিপুর-দুয়ারের একটি ক্যাম্পে এখন এই রকম ১১ হাজার উদ্বাস্তু রয়েছেন। সেখানে কেন্দ্রীয় সরকার এই সমস্ত উদ্বাস্তুদের ফেরত পাঠাবার জন্য কোন সক্রীয় ব্যবস্থায় নিচ্ছেন না। স্যার, উত্তরবঙ্গ একটি স্পর্শকাতর জায়গা, এই জায়গায় এই ১১ হাজার উদ্বাস্তু যাতে বেশিদিন না থাকেন সেটা দেখা দরকার। তাদেরও জেনুইন বক্তব্য আছে। সেই বক্তব্য পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে শুনে অবিলম্বে তাদের ফেরত পাঠাবার ব্যবস্থা করা দরকার। আমি এ দিকে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি অকর্ষণ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এম. আই. জি. অর্থাৎ মধ্যবিত্ত যারা, সরকারী কর্মচারী, শিক্ষক, শ্রমিক কর্মচারী যারা মধ্য আয়ের লোক তাদের গৃহ নির্মানের জন্য ঋণ দেবার ব্যবস্থা করা হয়। এ সম্পর্কে গভর্নমেণ্টের একটি ডিপার্টমেণ্ট আছে।

কিন্তু বর্তমানে এই ডিপার্টমেণ্টের কর্মচারীদের এবং কর্মকর্তাদের উদাসিনতার ফলে যারা ঋণ চাইছেন তাদের ৩, ৪, ৫, বছর পর্যন্ত হয়রানি হতে হচ্ছে। তাদের ৩/৪ হাজার টাকা ব্যয় করতে হচ্ছে এবং সেখানে খোঁজ-খবর করতে গেলে তারা অত্যন্ত খারাপ ব্যবহার করছে। আমরা যারা জনপ্রতিনিধিরাও ডিপার্টমেণ্টে এই ব্যাপারে খোঁজ-খবর করতে যাই। আজকে গরীব, মধ্যবিত্ত যারা ঋণ চাইছে সরকারের কাছে তারা কেন এই ভাবে হয়রানি হবেন। আমি সুনির্দিষ্ট অভিযোগ আপনার কাছে পেশ করছি। কেস নম্বর ২৫৯, ১৯৮১-৮২ সালের কেন আজ পর্যন্ত কিছু হচ্ছে না। তিনি বারে বারে সেখানে গিয়ে বলেছেন কিন্তু কিছুতেই কিছু হচ্ছে না। আমি আশা করি মাননীয় পূর্তমন্ত্রী বিষয়টি দেখবেন যাতে এই সব গরীব এবং মধ্যবিত্ত মানুষেরা সহজে এই ঋণ পায়।

শ্রীঅজিত বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ২৮ তারিখে রাত্রি ১০-টার পর থেকে আজ সকাল ৯টা পর্যন্ত ২৪ পরগনার নৈহাটি থানার অন্তর্গত মামুদপুর গ্রাম পঞ্চায়েতের

অধীন গোগাছিয়া গ্রামে কংগ্রেস পক্ষ থেকে মারাত্মক আগ্নেয়াস্ত্র নিয়ে সি. পি. এম-এর সমর্থক এবং পার্টির সদস্যর উপরে হামলা করা হচ্ছে। কাল রাত্রি যখন ১২টা তখন গোগাছিয়া গ্রাম থেকে বেশ কিছু কৃষক এবং সেখানকার পার্টির নেতা জিতেন ঘোষ এবং আরো লোকজন আমার কাছে আসেন। ওখানে নারায়ণ মুখার্জী বলে একজন তথাকথিত ভদ্রলোক, যিনি ওখানকার স্থানীয় কংগ্রেস নেতা, তার নেতৃত্বে মুনি লাহিড়ী, জনৈক রাম, কার্তিক ঘোষ, নিতাই নিয়োগী এবং আরো কয়েকজন মিলে এই সব কাজ করছে। সব থেকে আশ্চর্য্যের ব্যাপার হচ্ছে, ওরা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নিয়ে বড়ই ব্যাথিত এবং আইন-শৃঙ্খলা নিয়ে ওরা উদ্বেগ প্রকাশ করেছেন। মাননীয় সদস্য সচীন সেন মহাশয় যখন রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে এনেছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে ওরা যখন শুরু করেছিলেন তখন প্রথম বক্তা ছিলেন কংগ্রেসের সুব্রত মুখার্জী। উনি আইন-শৃঙ্খলার কথা তুলেছিলেন। আসলে ওরা চান যে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিপন্ন হোক। আজকে ওদের নেতৃত্বে কংগ্রেস পার্টির পক্ষ থেকে সারা রাজ্যে এই সব ষড়যন্ত্র চলছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করবো এই বিষয়ের প্রতি দৃষ্টি দিতে।

শ্রীশুভেন্দু মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে ২/১টি কথা বলতে চাই। আমাদের রাজ্য সরকারের প্রফেশন্যাল ট্যাক্স বলে যে আইন হয়েছে সেই আইন অনুসারে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত দপ্তর পশ্চিমবাংলায় আছে সেই দপ্তরের প্রফেশন্যাল ট্যাক্স যা দেবার কথা—পুরানো রেটেই হোক, বা নতুন রেটেই হোক—সেটা দেওয়া হচ্ছে কিনা মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে দেখার জন্য অনুরোধ করছি। এই ব্যাপারে কমিশনার অব প্রফেশন্যাল ট্যাক্স বিভিন্ন জায়গায় যে আদেশ নামা পাঠান সেটা যেন উনি দেখেন যে কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের টাকাটা ঠিক মত রাজ্য সরকারের অর্থ ভাণ্ডারে জমা পড়ছে কি না।

[3-00—3-30 P.M. including adjournment]

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মিঃ স্পীকার স্যার, একটু আগে অনিলবাবু দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কিছু কথা বললেন। স্যার, আমি উপলব্ধি করবার চেষ্টা করছিলাম যে, উপাচার্যের পোষ্ট নিয়ে সি পি এম-এর বন্ধুরা এবং বামফ্রন্টের বন্ধুরা এত চিৎকার চেচামেচি করছেন কেন! এটা কি কোন লাভজনক পোষ্ট, না শিক্ষা-গত পোষ্ট! তবে আমি একটা জিনিষ বুঝতে পেরেছি যে, বিগত উপাচার্যের আমলে সি পি এম কিছু মুনাফা লুঠেছে, শিক্ষা ক্ষেত্রে রাজনীতি ছাড়াও কিছু আর্থিক মুনাফা লুঠেছে। সেই লুঠের ঘটনা গুলি আমি এক এক করে এই হাউসে পেশ করব। আজকে প্রথম দফায় আমি একটা মাত্র ঘটনার কথাই পেশ করছি। প্রাক্তন ভাইস-চ্যানসেলর মহাশয়ের মাধ্যমে তাঁর সময়ে এস. এফ. আই'র কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র

ইউনিয়ন ১ লক্ষ ৬৭ হাজার টাকা লোন পায়। সেই লোনের রিজলিউসনে লেখা ছিল যে ইউনিয়ন লোনের টাকা সময়ে সময়ে ফেরত দেবে। কিন্তু পরবর্তীকালে প্রাক্তন উপাচার্য যখন বুঝতে পারলেন যে তিনি চলে যাচ্ছেন তখন তিনি হঠাৎ আর একটা রিজলিউসন নিয়ে সেই লোন মকুব করে দিলেন। অর্থাৎ তিনি ১ লক্ষ ৬৭ হাজার টাকা এস. এফ. আই.'কে লোন দিয়েছিলেন এবং যাবার আগে মুখ্যমন্ত্রীর নির্দেশে বা অন্য কারো নির্দেশে (জানি না কার নির্দেশে) সেই লোন কমপ্লিট মকুব করে দিয়েগেলেন। অর্থাৎ এস. এফ. আই. যে লোন নিয়েছিল প্রাক্তন উপাচার্য পোদ্দার মহাশয় তা সম্পূর্ণ বে-আইনীভাবে, অগণতান্ত্রিকভাবে মকুব করে দিয়ে গেলেন। অবশ্য সেই লোনের কিছু অংশ আলিমুদ্দিন স্ট্রীটে জমা পড়েছে কিনা, তা আমি জানি না। পরে জেনে সেটা বলব। এই হচ্ছে প্রাক্তন উপাচার্যর দুর্নীতির প্রথম ঘটনার কথা আমি আজকে এখানে উল্লেখ করলাম। আগামী দিনে হাউসে আরো অনেক ঘটনার কথা উল্লেখ করব। আমরা জানি প্রাক্তন উপাচার্যের এই দুর্নীতির বিষয়ে রাজ্যপালের কাছে অভিযোগ পেশ করা হয়েছিল, রাজ্যপাল অভিযোগগুলি বামফ্রন্ট সরকারকে তদন্ত করতে দিয়েছিলেন। সেই তদন্ত কতটুকু হয়েছে, তা আমরা জানি না। রাজ্যপাল প্রাক্তন উপাচার্যর বিষয়ে জনগণের কাছ থেকে অভিযোগ পেয়েছেন, শিক্ষা ক্ষেত্রের কর্ণধারদের কাছ থেকে অভিযোগ পেয়েছেন এবং সেই অভিযোগ গুলি তদন্ত করবার জন্য বামফ্রন্ট সরকারকে দিয়েছেন। আমি এই দুর্নীতি-পরায়ন প্রাক্তন ভাইস চ্যানসেলরের বিরুদ্ধে তদন্ত করার জন্য আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারকে অনুরোধ করছি। অবশ্য আজকে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ঐ দুর্নীতি পরায়ণ উপাচার্যকে সরিয়ে দেওয়া হয়েছে। তার মাধ্যমে বামফ্রন্ট তথা সি পি এম আখের গোছাবার চেষ্টা করছিল। এর পরের দিন আমি এখানে ঐ প্রাক্তন উপাচার্য্যের ৫০ লক্ষ টাকা তছরূপের ঘটনা উইথ ডকুমেন্ট উল্লেখ করব। আজকে স্যার, আপনি আমাকে প্রাক্তত দুর্নীতিগ্রস্ত উপাচার্য সম্বন্ধে এখানে উল্লেখ করতে দিয়েছেন বলে আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এবং অন্যান্য সদস্যরা সকলে চুপ করে আমার কথা শুনছেন বলে আমি তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ শ্রীসুনীতি চট্টরাজ বক্তৃতার মধ্যে যেখানে যেখানে রমেন পোদ্দারের নাম উল্লেখ করেছেন সেখানে সেখানে রমেন পোদ্দার নামটি এক্সপাঞ্জ হবে।

এখন বিরতি, আমরা আবার মিলিত হব ঠিক ৩'টে বেজে ৩০ মিনিটে।

(এই সময়ে হাউস ৩-৩০ মিনিট পর্যন্ত বিরতি ঘোষিত হয়)

[Expunged as ordered by the chair]

শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে আমি একটি কাজে রাইটার্স বিল্ডিংসে গিয়েছিলাম। সেখানে দেখলাম, হজ যাত্রীগণ ফর্ম পাচ্ছেন না। হজ যাত্রীগণকে যে এ্যপ্লিকেসান ফর্ম জমা দিতে হয় সেই ফর্ম পাচ্ছেন না। দীর্ঘ লাইন সেখানে পড়েছে, কয়েকদিন

ধরে তাঁরা বসে আছেন। পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্ত থেকে তাঁরা এসেছেন, এঁদের থাকবার কোন জায়গা নেই, খাওয়ার ব্যবস্থা নেই, অত্যন্ত দুর্ভোগের মধ্যে আছে। আমি বলছি, জেলায় জেলায় প্রতি বছর যেভাবে ফর্ম বিলি করা হয় এ বছরও সেইভাবে গ্রামের মানুষ যাতে পায় তার ব্যবস্থা করা হোক। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলছি, ৮ মার্চ ফর্ম জমা দেবার শেষ তারিখ কিন্তু এখনও পর্যন্ত সবাই এই ফর্ম পাননি। সুতরাং কি করে তাঁরা এই টাইমের মধ্যে জমা দেবে? সুতরাং টাইম বর্দ্ধিত করা হোক। আমি আপনার মাধ্যমে হজ কমিটির কাছে অনুরোধ রাখছি ২ সপ্তাহের মতন সময় বাড়িয়ে দেওয়া হোক যাতে নিশ্চিন্তে হজ যাত্রীরা ফর্ম জমা দিতে পারে এবং জেলা থেকে যাতে ফর্ম পাওয়া যায় তার ব্যবস্থা করা হোক।

[3-30—3-40 P.M.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে বিগত ২৪ ফেব্রুয়ারী মাননীয় গভর্ণরকে দিয়ে এই বামফ্রন্ট সরকার যে ভাষণ পাঠ করিয়েছেন সেই ভাষণ factually untrue, economically dectaration of bankruptcy of the State and politically there is an attempt—not a veil one—to gag and eliminate the Opposition whosoever opposes this Government I say it is an unscrupulous Government. আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আজকে সারা বিশ্বে যে উত্তেজনার পরিবেশ রয়েছে, আজকে ভারতবর্ষে যে উত্তেজনার পরিবেশ রয়েছে এই অবস্থায় এই রাজ্যে বামফ্রন্ট সরকারের যে কর্ত্তব্য পালন করতে পারতো তার থেকে বিচ্যুত হয়েছে। স্যার, এরা বারবার বলছে we are victarious and you are defeated সেইজন্য আমরা নাকি এখানে অর্থাৎ এদিকে। আজকে এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নেই, কোন মন্ত্রীই নেই, একজন হাফ মন্ত্রী আছেন two half is equal to one them I can extend my pity.

মিঃ স্পীকার ঃ রবীনবাবু আছেন তো।

ডাঃ জয়নাল আবেদিন ঃ রবীনবাবু তো কাছা নিয়েই ব্যস্ত। যাইহোক, বিটুইন ভিকট্রি এ্যণ্ড ডিফিট—একটা যে পরিবেশ আছে, ডিউটি পালন করার যে কর্ত্তব্য আছে This Government has failed in every sphere in discharging its duties আজকে যাদের ভোট নিয়ে এসেছেন, যাদের ম্যানডেট নিয়ে এসেছেন তাঁদের প্রতি কোন দায়িত্ব পালন করেননি, The entire speech in a hoax ভাঁওতা।

এই ভাঁওতা দিচ্ছে। শোনবার কেউ নেই, শোনবার কারণও নেই। সত্য কথা শুনতে লজ্জা পেতে হয়, লজ্জা নাকি ওঁদের কিছু অবশিষ্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি

দেখেছেন কি অবস্থায় আমরা দাঁড়িয়েছি ? এই ভাষণ রচনা করেছেন বামফ্রন্ট, বামফ্রন্ট মূলতঃ কমিউনিষ্ট ফ্রন্ট। I find communism formats there. I do not find any element of even socialism not to speak of communism. এই ভাষণের মধ্যে নির্ভরযোগ্য কোন উপাদান আছে ? আমরা সমাজতন্ত্রের দিকে এগিয়েছি। আমি যেকথা বলতে চাইছি যে এখানে আমার প্রথম অভিযোগ মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে, যিনি এই ভাষণ রচনা করেছেন। This Government definitely lags in any definite and dependable direction in the state.

এই রাজ্যের নির্ভরযোগ্য কোন দিক নেই, নির্ভরযোগ্য কোন গতি নেই। তাই আজকে We are bankrupt. We are borrowing from the centre to save us ? We are appealing to the centre, with a begging bowl. তাই বলতে হয়, মা ভাত দাও, ফেন দাও, চাল দাও, ধান দাও। আজকে এরা এই কথা বলবার চেষ্টা করেছে। মাননীয় অমল রায় মহাশয়কে দেখছি না, তিনি এখানে এসে আস্ফালন করেছিলেন যে আমরা নাকি ৯৮ হাজার কোটি টাকা ইনভেষ্টমেণ্ট করেছি। পশ্চিমবঙ্গে পাবলিক সেকটরে ইনভেষ্টমেণ্ট কত ? More than 20 thousand crores. আজকে কি অবস্থা দাঁড়িয়েছে ? এঁদের গত বাজেট সেসনে একটা বই দিয়েছিলেন performance of the public sector. We are sustaining losses in all the public sectors under the management of this Left Front Govt. আপনারা দেখেছেন জয়নাল আবেদিন যখন দুর্গাপুর পরিচালনার দায়িত্বে ছিলেন ডি. পি. এলের পরিচালনার দায়িত্বে ছিলেন তখন সাড়ে চার কোটি টাকা লস মেকাপ করে ৫ কোটি টাকা প্রফিট থাকে, আর যখন জ্যোতি বসু দুর্গাপুর, ডি. পি. এলের পরিচালনায় যায় তখন ৫ কোটি টাকা লস করে। আজকে এদের কি কৈফিয়ত আছে ? ডাঃ বিধান রায় মহাশয়ের স্বপ্ন ছিল শিশুদের সুষম খাদ্য বণ্টন করা ফর গ্রেটার ক্যালকাটা এণ্ড মিল্ক সাপ্লাই বোম্বেই যদি দেয়—স্যার, ইণ্টারন্যাশানাল ফোরামে আমরা কোথাও কোথাও যাই, সেখানে আমাদের উপহার করে।

You Bengalee people, you have started the habit of eating fish. But you have no fish. You come to us for funds for supplying fish. You Bengalees, you have started the habit of producing children but you have no milk. You come to us, you come to us with a begging jar for milk. You have reduced the State to a begger State. The Jyoti Basu and his regime are responsible for this transformation of Sonar Bangla into a Begger Bangla. অমলেন্দ্র রায় মহাশয়, স্বনামধন্য বন্ধু কিছু তথ্য দিয়েছেন আমরা নাকি বিকিয়ে দিচ্ছি ইকনমিকে। আপনার কাছে একটি তথ্য পড়ে শোনাচ্ছে ; Strategy of Plan

Development ভারতের প্রধানমন্ত্রী বলেছেন Essentially this country is a country of poor men—I do not deny it. Neither the nation denies that Strategy of Plan Development. "A poor people cannot save much, nor can they be asked to consume less. But proper organisation can enable them to produce more even with what they have and to save a good part of the extra production. This means investment and organisation We are now devoting 65.6 per cent of Government expenditure to development. Of the total investment in development in the last 32 years, only 13 per cent has come from outside The per capita income has gone up from Rs. 246 to Rs. 1750 last year at current prices The saving rate of our people has gone up from 10.0 per cent in 1950-51 to 22.8 per cent now."

Sir, this is the picture of nation but what is the picture here ? Out of every rupee you spend here only 17 paise is being deployed for development. This is the difference in outlook, Sir. At the national level more than 65 per cent is being spent for development but this regime under the management of revolutionary, Shri Jyoti Basu. only 17 paise is being spent for development and that amount too is going to the coffer of the party in power—not to the districts, not to the people, not to the villages and not to ameliorate the conditions of the people. Sir, this is a very dismal picture and as such I crave your indulgence to caution this government—be alert henceforth, otherwise people will not excuse you, people will not allow you any further term. The slogan of 30 years of Congress Rule will not pay this time.

Then, Sir, I have one or two points with regard to law and order situation in the State. It has been amply developed, clarified and started by our Cheif Whip. I shall add one or two points only. If the Left Front is not ashamed of what happened in Patnil, if the Left Front is not ashamed of the very composition of the Council of Ministers here with peoples about whom our Chief Whip mentioned, then we are not least ashamed of having our supporters there in the far peripheries of Bengal or in the Calcutta Metropolis.

[3-40—3-50 P.M.]

এখানে আমরা আতঙ্কিত। আমরা দেখছি ল এ্যাণ্ড অর্ডার রক্ষা করতে পুলিশ আজ ব্যর্থ হচ্ছে। পুলিশকে আজ ধিক্কার দিচ্ছেন স্বয়ং মুখ্যমন্ত্রী এবং বামফ্রন্টের সর্বোচ্চ অথরিটি। আজকে শান্তি কমিটি ফর্ম করে নিজেদের গুণ্ডাদলকে লেলিয়ে দেওয়া হচ্ছে এলাকা দখলের জন্য। লজ্জার কথা এবং রহস্যের ব্যাপার এই যে আজকে ডাইরেকটর জেনারেল অব পুলিশকে দিয়ে এদের রিকগনিশন দেওয়া হচ্ছে।

(গোলমাল)

এদের বিচার হবে না? পুলিশ যদি আজকে গুণ্ডাবাহিনীকে রেজিষ্ট করতে এগিয়ে আসে তাহলে দেশের আইন-শৃঙ্খলা আছে বলে কি কেউ দাবী করতে পারেন?

(গোলমাল)

(এই সময় শ্রীশচীন সেন বলেন : ওরা কারা?)

আপনারা, অসামাজিক ব্যক্তিরা। Sir, here is the man who has blackened his hands with the murder of 17 Ananda Margis.

(গোলমাল)

মিঃ স্পীকার : ডাঃ আবেদিন, আপনি এ্যাজিটেটেড হবেন না।

ডাঃ জয়নাল আবেদিন : আজকে পাটনিল সম্বন্ধে আপনার কাছে আমি কিছু নিবেদন করতে চাই। লজ্জার কথা, এই রকম ঘটনা আজও ঘটে। রাজ্যপালের ভাষণ দেখে কি আপনার মনে হয়েছে যে পশ্চিমবাংলায় এই জাতীয় নারকীয়, বিভৎস, পৈশাচিক ঘটনা ঘটেছে? অথচ রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে এখানকার অবস্থা মডারেটলি পিস্ ফুল। আমাদের সঙ্গে আবার বিহারের তুলনা করতে চান। বিহারের লোক ভোট দিয়ে কি জ্যোতিবাবুকে মুখ্যমন্ত্রী করেছিলেন? হি-সাকাম্ব্স্ টু দি ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্বলী। হি সাকাম্ব্স্ টু দি পিপল্ অল বেঙ্গল। হি মাষ্ট বি আনসার ফর হোয়াট হ্যাপেণ্ড ইন পাটনিল। খবর রয়েছে যে এক এম. পির পুত্র, এখানে এক এম. এল. এ আছেন তাঁর পুত্র, এক মন্ত্রীর জামাতা এই ঘটনার সঙ্গে জড়িত। এই পাটনিল জায়গাটা প্রিডোমিনেণ্টলি মাইনরিটি ডোমিনেটেড এলাকা। এখান লোকমান শেখ নামে একজনকে খুন করা হয়েছে। একজন ঐ তাণ্ডব সহ্য করতে পারেননি, প্রাণ রক্ষার জন্য এগিয়ে এসেছিলেন, সেখানে তাঁকে হত্যা করা হয়েছে। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন সেখানে ১১ জন টিন-এজারর্সকে গণ-ধর্ষণ করা হয়েছে। আজকে আতঙ্কিত হচ্ছি, এই যে গণ-কমিটিকে পুলিশ দিয়ে এ্যাকোর্ড করা হচ্ছে—এঁদের মতলবটা কি? অতীতে গণ আন্দোলনের চেহারা

আমরা দেখেছি। গণ কমিটির মোটিভ আমরা দেখেছি। তৎকালীন যুক্তফ্রন্ট মুখ্যমন্ত্রী বলতে বাধ্য হয়েছিলেন যে এই সরকার অসভ্য বর্বর সরকার। কাজেই এর পরিণতি কোথায় যাবে জানিনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজ সভায় থাকবেন না বলে শুনেছিলাম কিন্তু তিনি যখন এসে গেছেন, তখন তাঁর প্ল্যানের কথা একটু বলি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই রাজ্যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ৭২ কোটি টাকা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ১৫৪ কোটি টাকা। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ২০৫ কোটি টাকা। ৪র্থ পরিকল্পনা হয় ইউনাইটেড ফ্রন্টের সময়—নট যুক্তফ্রন্ট জ্যোতিবাবু তৎকালীন ইউনাইটেড ফ্রন্টের অর্থমন্ত্রী ছিলেন যিনি নাকি সর্ব বিষয়ে মাষ্টার।

চতুর্থ পরিকল্পনা হওয়ার কথা ছিল ৬১০ কোটি টাকা। কিন্তু ওনারা আপস করেছিল বাংলার স্বার্থ জলাঞ্জলি দিয়ে—এখন ওনারা যতই বিপ্লবের কথা বলুন না কেন—চতুর্থ বার্ষিকী পরিকল্পনার আয়তন ছিল ৩১৭ কোটি টাকা। পরে আমরা সেটাকে বাড়িয়ে করেছিলাম ৩২২ কোটি টাকা। পঞ্চম বার্ষিকি পরিকল্পনার আয়তন ছিল ৬ শো কোটি টাকা। আমরা সেটা বাড়িয়ে করেছি ২৪ শো কোটি টাকা। ছাট ওয়াজ ইমপ্লিমেনটেড। আমাদের পণ্ডিত এবং অর্থনীতিবিদ ডঃ অশোক মিত্র মহাশয় ষষ্ঠ পরিকল্পনার আয়তন আমাদের শুনিয়েছেন ৩৫ শো কোটি টাকা। সেই মর্মে একটা কাগজ আমাদের দেওয়া হয়েছে। এই বছর যদি ৫৪৩ কোটি টাকা দেওয়া হয় তাহলে fourth year of the 6th five year প্লান-এ ব্যয় হবে ১৮৯৫ কোটি টাকা। এই রাজ্যপালের ভাষণের মধ্যে আছে সামনের বছরে ৭৪৮ কোটি টাকার প্লান হবে। তাহলে তো ২৭ শো কোটি টাকা ব্যয় হয় না। ষষ্ঠ পরিকল্পনায় এই রাজ্যে যদি একটা পরিকল্পনায় ৮ শো কোটি টাকা মার যায়, ৮ শো কোটি টাকা কাটা যায় তাহলে এই এই সরকারকে ব্যর্থ সরকার বলবো না তো কি বলবো? এই সরকার অযোগ্য সরকার, ব্যর্থ সরকার। কেন ফেল করলেন আপনারা? Why did you give wrong aspirations?

এই কথা বলার প্রয়োজন হতো না, এই রকম সময় গিয়েছে ১৯৭১ সালে। এই হাউসে ডিসকাসান হয়েছে, যা লেখা হয় নি, এই বক্তব্যের মধ্যে যা বলা হয় নি—উহ্য রাখা হয়েছে—সেই গুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এইগুলিই হচ্ছে বাস্তব ঘটনা, আমাদের মত জনগণের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখানে আশ্চর্য হয়ে পড়লাম এই বক্তব্যের এক জায়গায় লেখা আছে তথাকথিত আইন শৃঙ্খলার অবনতির জন্য বামফ্রন্ট সরকারে যাঁরা ছিলেন তাঁরাই দায়ী। এই সব কতকগুলো কথা আছে যার মাধ্যমে নানা বক্তব্য রেখে মানুষকে আশান্বিত করা হয়েছে। আজকে মানুষকে আপনারা আশান্বিত করেছেন। It is a State Problem. More than a crore of people have recently come accross the border along with those who have

already migrated here for their livelihood. The number of unemployed as recorded in the register is 3·70 million.

আর সেখানে যদি ৭ কোটি টাকার প্লান কাটা যায় তাহলে এই সরকারকে ধন্যবাদ দেব, বাহবা দেব ? কবিতা লিখে অনিল মুখার্জী মহাশয় তাঁকে স্বাগত জানাতে পারেন, ভক্তিবাবু স্বপন দেখতে পারেন, কিন্তু আমরা ধিক্কার জানাচ্ছি। এই সরকারের ক্ষমতায় থাকার কোন নৈতিক অধিকার নেই। That is why they are norally bound to say the reasons for the supreme interest of the State.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগরিকালচারের দিকে তাকিয়ে দেখুন। আমাদের ইকনমিক পলিসি দুটি জিনিষের উপর নির্ভর করে। একটা হচ্ছে ইণ্ডাষ্ট্রি, অপরটি হচ্ছে এগরিকালচার। We are predominantly dependent on agricultural sector. আপনি জানেন, এই রাজ্যের ইণ্ডাষ্ট্রিয়াল পলিসির জন্য পশ্চিমবাংলার ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকশন কমে গেছে। ইণ্ডাষ্ট্রিয়াল ইনভেষ্টমেণ্ট কমে গেছে এবং ভ্যালু অফ আইটেম কমে গেছে। Because of their wrong labour policy excess value added to the item of industrial investments. ইণ্ডাষ্ট্রি এখানে কমে গেছে ৫০ পারসেণ্ট। কিন্তু ডঃ মিত্র বলবেন ৪০ পারসেণ্ট। কিন্তু আমি জানি, এখানে ৫০ পারসেণ্ট কমে গেছে। এগ্রিকালচারাল প্রোডাকশন-এর ব্যাপারে আমি বলতে চাই –It was almost self-relient in 1976-77, but we did not beg from Delhi. Food production was to the tune of 88 lakhs tonnes. আর আজকে আপনারা করেছেন কি ?

[3-50 – 4-00 P.M.]

ভক্তিবাবু চীন ঘুরে এসেছেন, তিনি বললেন যে চীনে এ্যাভারেজ ৭৫ লক্ষ মেট্রিক টন খাদ্যে চলে যায়। আমরা জানি, ওখানে পপুলেশন যে পরিমাণ তাতে এ কথনই সম্ভব নয়, সম্পূর্ণ অসত্য কথা। এখানে because of lack of attention to family welfare programme. জনসংখ্যা বেড়েছে এবং খাদ্যের প্রয়োজন অনেক বেড়ে গেছে, ফিডিং মাউথস বেড়েছে, সে তুলনায় এগ্রিকালচারাল প্রডাকশন কমে গেছে। তাই গ্যাপ অনেক বেড়ে গেছে।

শ্রীভক্তিভূষণ মণ্ডল : You do not know the system.

ডাঃ জয়নাল আবেদিন : I know the system. You are interrupting me. You have no right to do this. You have no right to intervene.

মিঃ স্পীকার : Mr. Mondal, let Dr. Abedin finish his speech After he finishes raise your point of order.

ডাঃ জয়নাল আবেদিন ঃ আজকে সারা ভারতবর্ষে মাইনর ইরিগেশন যা আছে, এর শোচনীয় অবস্থাকে দূর করবার জন্য প্রাইম মিনিষ্টার অফ ইণ্ডিয়া সারা ভারতবর্ষে ২০ পয়েন্ট প্রোগ্রাম রেখেছেন। এর মধ্যে ফাষ্ট আইটেম ইজ ইরিগেশন পোটেনশিয়ালিটি। গতকাল আপনি শুনেছেন, প্রশ্নোত্তরের সময়ে মাইনর ইরিগেশন মিনিষ্টার বলেছেন, উই হ্যাভ টু সারেণ্ডার ৫০% অফ এ্যালোকেশন বিকজ উই কুড নট ইউটিলাইজ দি ফাণ্ড অফ ইরিগেশন পোটেনশিয়াল। যদি ইরিগেশন পোটেনশিয়ালিটি না বাড়ে, তাহলে প্রোডাকশন কখনও বাড়তে পারে না।

এক্সকালেশন অফ প্রাইস অফ ফার্টিলাইজারের ব্যাপারে আপনি শুনে আশ্চর্য হবেন। ভারত সরকার যেখানে ফার্টিলাইজারের দাম শতকরা ৭॥ শতাংশ কমিয়েছেন, সেখানে এ রাজ্যে ৫০ শতাংশ বেশী দামে ফার্টিলাইজার ব্লাকে বিক্রি হচ্ছে। তাছাড়া, ফ্রম টাইম টু টাইম ফার্টিলাইজার আবার বাজারে পাওয়াও যাচ্ছে না, বিকজ এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রিস কর্পোরেশন, দি পাবলিক সেকটর আণ্ডারটেকিং হ্যাজ ফেল্ড হরিব্লি। এদের আমলে এই কেচ্ছা কেলেঙ্কারী বেড়ে চলেছে। এগ্রিকালচার আজ আনসার্টেন অবস্থায় এসে দাঁড়িয়েছে—এ্যাবসলিউটলি আনসার্টেন অবস্থায় এসে দাঁড়িয়েছে। ইণ্ডাষ্ট্রিয়াল সিষ্টেম সম্বন্ধে এখানে আমি আগেই বলেছি। ইণ্ডাষ্ট্রিস—স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিস, স্মল স্কেল প্যাটরোনেজ আসবে কোথা থেকে? ক্যান দি পাওয়ার মিনিষ্টার কাম ফরোয়ার্ড এণ্ড সে আউট অফ ৩৬৫ ডেস্ ইন এ ইয়ার হাউ মেনি ডেস্ দি ইণ্ডাষ্ট্রিস ওয়্যার ডিপ্রাইভড্ অফ পাওয়ার ডিউ টু লোড শেডিং? পাওয়ার মিনিষ্টার কি বলতে পারবেন, কবে কবে লোড শেডিং হয় নি? আজকের দিনে পাওয়ার হচ্ছে মেইন ফ্যাক্টর। এর অভাবে আজ ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকশন নীল, এই রাজ্যে সিক ইণ্ডাষ্ট্রিস ইজ হায়েষ্ট। আই. আর. সি. আই.—ইণ্ডাষ্ট্রিয়াল রিফাইন্যানসিং কর্পোরেশন অফ ইণ্ডিয়ার হেড কোয়ার্টার ক্যালকাটায়, কাজ করে বাংলার ইণ্ডাষ্ট্রিজের স্বার্থে। কিন্তু বিকজ অফ দেয়ার ইনডিসিপ্লিন ইন দি লেবার ফোর্স, বিকজ অফ দেয়ার পাওয়ার ফেলিওর, বিকজ অফ ফেলিওর অফ পাওয়ার সেকটর। আজকে সিকনেস অফ ইণ্ডাষ্ট্রিস বেড়ে গেছে এবং ইজ হায়েষ্ট ইন ওয়েষ্ট বেঙ্গল। এর জ্বলন্ত উদাহরণ হচ্ছে হোসিয়ারী শিল্প। ভারতবর্ষের মধ্যে হোসিয়ারী শিল্প একদিন ছিল অগ্রদূত। আজ হোসিয়ারী শিল্প সব ক্লোজ হয়ে গেছে। স্থান নির্ধারণের ক্ষেত্রে এই শিল্প আজ সবার নীচে। বাংলাকে আপনারা আজ সবার নীচে এনে দাঁড় করিয়েছেন। কারণ, বিপ্লব করতে হবে। এই শিল্পের আজ এই অবস্থা হচ্ছে বিকজ অফ নেগলিজেন্স টু দিস সেকটর টু দি একষ্ট্রিম। চটকলের দিকে দেখুন। বাংলার যে ৪ টা পিলার ইণ্ডাষ্ট্রি—বস্ত্র শিল্প, চটকল শিল্প, আয়রণ শিল্প এবং কয়লা শিল্প, এগুলোর আজ কি অবস্থা হয়ে পড়েছে একবার দেখুন। কয়লা শিল্প সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, এটি জাতীয়করণ হয়েছে। এ রাজ্যে আজ সমস্ত ছোট ছোট শিল্পগুলো মার খাচ্ছে। দে আর ইন কলিউশন উইথ ইজমা। এঁরা জুট মিলের মালিকদের সঙ্গে আপোষ করে সেখানে ষ্ট্রাইকে ক্রমাগত বাড়িয়ে চলেছেন। যার ফলে মার খাচ্ছে

কাঁচামাল, প্রোডাকশন সব বন্ধ হয়ে গেছে। আর নেতৃবৃন্দ আনন্দে উল্লাস রচনা করছেন। এই তো হচ্ছে আমাদের অবস্থা।

এবারে অমল রায় মহাশয়কে একটা কথা জানিয়ে রাখি। আমাদের কার্যকালে ৩৮ হাজার গ্রামের মধ্যে পশ্চিমবাংলার ১০ হাজার গ্রামে পাওয়ার দিয়ে এসেছিলাম। আপনার পাওয়ার মিনিষ্টার বুকে হাত দিয়ে বলুন তো ঐ ১০ হাজার গ্রামে পাওয়ার এখন আছে কিনা? এর জন্য দায়ী কে? ইনস্টল্ড ক্যাপাসিটি যেখানে বাড়ছে, সেখানে জেনারেশন ইকুয়্যালি ফল করছে। এর জন্য দায়ী কে? কোলাঘাটে আপনারা কিছু করতে পারলেন না, তার জন্য কেন্দ্র দায়ী? দুর্গাপুরের সিক্সথ ইউনিট করতে পারলেন না, এরজন্য কেন্দ্র দায়ী? বিকজ অফ দেয়ার ফেলিওর বিকজ অফ দেয়ার ইনডিসিশন এ্যাণ্ড বিকজ অফ দেয়ার ইনডিসিপ্লিন আজ গ্রামাঞ্চল ধুঁকছে। পাওয়ারের অভাবে গ্রামাঞ্চলের এগ্রিকালচারাল সেকটর ধুঁকছে। আপনারা সেখানে পাওয়ার দেন নি। মাইনর ইরিগেশন মিনিষ্টারকে জিজ্ঞাসা করি, ৩০০টি ডিপ-টিউবওয়েলকে এনার্জাইজ করতে পেরেছেন কি?

আমি ডাঃ মিত্রকে জিজ্ঞাসা করি টোটালেটেরিয়ন কোন দেশে পঞ্চায়েত ব্যবস্থা আছে যার স্বপ্ন রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী দেখেছিলেন? এটা আমাদের ক্রিয়েসান, আমাদের ড্রিম। এটা মহাত্মা গান্ধীর স্বপ্ন। সেই পঞ্চায়েত আজ কোরাপসানে ভর্তি। আজকে পঞ্চায়েত ইজ দি মেসিনারী অব কোরাপসান। আপনারা ৫ লক্ষ পঞ্চায়েতের মাধ্যমে কাইণ্ড এবং ক্যাসে ব্যয় করেছেন ৯০০ কোটি টাকা। আপনারা কি তার অডিট করেছেন যে কত কোটি টাকার য়্যাসেট তারা তৈরী করেছে? No permanent asset has been built because of misappropriation of fund by the party functionaries in the Gram Panchayat, Panchayat Samity and Zilla Parishad.

ল্যাণ্ড রিফর্মসের কথায় সিডিউল কাষ্টের কিছু তথ্য দেওয়ায় রামনারায়ণবাবু অসন্তুষ্ট হয়েছেন। আমি বলি ল্যাণ্ড রিফর্মস এবং এষ্টেট য়্যাকুইজিশনারের প্রণেতা বামফ্রন্ট বা যুক্তফ্রন্ট নন। আপনারা হচ্ছেন—ইউ আর দি ফষ্টার ফাদার। কাক কোকিলের বাচ্চা লালন পালন করে। আপনারা হচ্ছেন সেই কাক। এষ্টেট য়্যাকুইজিশন য়্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস আমাদের আইন। আমরা ৬ লক্ষ একর জমি বিলি করেছি। আপনাদের কার্যকলাপে বিলি করেছেন ১ লক্ষ ৩৫ হাজার একর। ইনজাংশান আছে ১ লক্ষ ৮০ হাজারে এবং এর জন্য ব্যয় করেছেন বাই দিস টাইম ১ কোটি ৫৯ লক্ষ টাকা ফর ল-ইয়ারস। কিন্তু কত ডেসিম্যাল জমি বিলি করেছেন? আপনাদের পার্টি ক্যাডাররা জোতদারদের কাছ থেকে চাঁদা নিয়ে এসেছেন। শুধু কি তাই? আমরা কি বিগ প্রোডিউসারদের উপর লেভি করেছিলাম। আপনারা ভোটের দিকে তাকিয়ে ওদের লেভি মকুব করে দিলেন এবং আজকে গম এবং চালের জন্য দিল্লীর দিকে তাকিয়ে থাকতে হচ্ছে।

আবার উলটোদিকে ইন দি ইনটারেষ্ট অফ দি রাইস মিলার্সকর্ডন প্রথা তুলে দিয়েছেন। মোরারজী আসার পর থেকে এটা তুলে দিয়েছেন। আজকে পশ্চিম দিনাজপুরের ধান মালদহে আসতে পারবে না। কারণ রাইস মিল ওনার্সরা পঞ্চায়েত ইলেকসানে সি. পি. এমকে মোটা টাকা দিয়েছিল। তাই আজকে কর্ডনিং প্রথা তুলে দিয়ে রাইস মিলারদের সুবিধা করে দিয়েছেন এট দি কষ্ট অফ স্মল ফার্মার। আমি যে এমেণ্ডমেণ্ট দিয়েছি সেই এমেণ্ডমেণ্ট আসেনি। মালদহ এবং পশ্চিম দিনাজপুর উইথিন দি ষ্টেট কর্ডনিং থাকার কথা নয়। যেখানে ডেফিসিট থাকে সেখানে সারপ্লাস এরিয়া থেকে আসে। মিলের কাছে ১ লক্ষ ২০ হাজার টন লেভি চেয়েছিলেন, সেখানে প্রফুল্ল সেন করেছিলেন ৬ লক্ষ মেট্রিক টন ইন টার্মস অফ রাইস। আজ আপনারা কাদের দালালী করছেন? স্যার, ওরা দালালের দল। স্বাস্থ্য সম্বন্ধে মানস ভুঁইয়া অনেক কথা বলেছেন। আমি সরাসরি জিজ্ঞাসা করছি আপনারা কিসের ভিত্তিতে য়্যাড-হক নিয়েছেন। মেরিট কি সেখানে নেগলেক্ট করা হয়েছে? আই. এম. এ. এবং আর যেসব মেডিকেল অরগ্যানাইজেশন আছে, ওয়েষ্ট বেঙ্গল হেলথ সার্ভিসেস য়্যাসোসিয়েসান, তাদের পরামর্শ উপেক্ষা করে আপনারা ডিপার্টমেণ্ট চালাতে চাইছেন। তৃতীয় প্রশ্ন হচ্ছে মিনিমাম বেসিক নীড কি আপনারা জনসাধারণকে দিতে পেরেছেন? করাল ড্রিঙ্কিং ওয়াটার সাপ্লাই সম্বন্ধে জিজ্ঞাসা করছি এ সম্বন্ধে আপনারা কি করেছেন? আপনারা যে ইকনমিক রিভিউ দিয়েছেন তাতে বলেছেন ৩৮ হাজার গ্রামের মধ্যে ৫ হাজার গ্রাম প্রবলেম ভিলেজ। Drinking water resou·ce নেই।

[4-00—4-10 P.M.]

রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না এই ৫ হাজার গ্রামে আপনি টোটাল ড্রিংকিং ওয়াটার সোর্স দিতে পেরেছেন। আপনি দিতে পারেননি। এটার একটা বড় দায়িত্ব স্বাস্থ্য দপ্তরের। বেসিক এ্যামেনিটিজের ব্যাপারে আমি কালকে প্রশ্ন করেছিলাম কেন ন্যাশান্যাল হেল্‌থ পলিসি ডিক্লেয়ার্ড হল না। আপনি মুদালিয়ার কমিশন এবং ভোর কমিশনের রিপোর্ট কি ভুলে গেলেন? সেনট্রাল গভর্ণমেণ্ট ডিক্লেয়ার করেছেন ২০০০ সালের মধ্যে হেলথ ফর অল এই প্রোগ্রাম, আপনারা এটা ইমপ্লিমেণ্টেশানে কতদূর এগিয়েছেন? আপনারা থ্রি ইয়ারস কোর্স, হাফ ডক্টর্স কোর্স যা করেছেন আজকে তার বুমেরাঙ পরিণাম বুঝতে পারছেন। আমি একটা কথা বলে দিচ্ছি আপনাদের দায়িত্ব আছে, সেণ্ট্রাল গভর্ণমেণ্টের হাণ্ডেড পার্সেণ্ট দান, সেণ্ট্রালি স্পনসোর্ড স্কীম, সেলফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম, আমরা পাবলিক এ্যাকাউণ্টস কমিটিতে ডিসকাস করছি, ফিফটি পার্সেণ্ট অব দি মানি ক্যান নট বি ইউটিলাইজড এবং যে টাকা ইউটিলাইজ করেছেন তার সার্টিফিকেট পর্যন্ত নেই। আমরা জিজ্ঞাসা করতে পারি কি এই টাকা কোথায় গেছে? আজকে ফ্যামিলি প্ল্যানিং যদি এখানে এনফোর্সড না হয় যেটা সোসালিষ্ট কান্ট্রিজ চীন ইমপ্লিমেণ্ট করেছে—ওয়ান কাপল, ওয়ান চাইল্ড, তাহলে সেই ব্যর্থতা কার? আপনি এখানে ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং ইমপ্লিমেণ্ট করতে ব্যর্থ হয়েছেন কেন? সেণ্ট্রালের টাকা ফেরত গেছে কেন সেই কথা

জিজ্ঞাসা করতে চাই। স্যার, এই উত্তর কিছুতেই পাচ্ছি না যে এখানে ৩৮ হাজার গ্রামের কত গ্রাম স্কুল কত গ্রাম আনস্কুল রয়েছে। আপনারা ৭ বছর ক্ষমতায় আছেন, প্রাইমারী এডুকেশান এ্যাক্ট পাশ হয়েছে, প্রাইমারী স্কুলগুলির ম্যানেজমেণ্টে আছে প্রাইমারী স্কুল বোর্ড, তার নির্বাচন করেননি কেন? ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ডের নির্বাচন করেননি কেন? নির্বাচনে ভয় আপনাদের কেন? আপনারা তো বীর পুরুষ, জনপ্রিয় সরকার, তাহলে নির্বাচনে এত ভয় কেন? কারণ, আপনাদের নাক ঘষে দিয়েছে কিষাণগঞ্জ, কালিয়াচক এবং বালি। পতিতবাবু আবার উল্টো কথা বলেন। পতিতবাবুর এলাকা ফুটো হয়ে গেছে। তাই আজকে নির্বাচনে ভয় পাচ্ছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেক্সট চ্যাপ্টার ইজ কো-অপারেশান। এখানে কো-অপারেটিভ মন্ত্রী নতুন হয়েছেন, আমি কি জিজ্ঞাসা করতে পারি আপনার টাক্কাভি লোনস ১০০ কোটি টাকা বাকি কেন? কণ্ট্রাডিক্টারী সব ষ্টেটমেণ্ট দিচ্ছেন। রিকয়ারমেণ্ট কত এ্যাট দি প্রাইস লেভেল অব দি ১৯৭১-৭২, না ৩ শো কোটি টাকা। আজকে প্রয়োজন কত, না, মিনিমাম ২ হাজার কোটি টাকা সর্ট টার্ম লোন দরকার বাংলার কৃষকদের। আর সেই বাংলার কৃষকদের আপনি ৪০ কোটি টাকা দিতে পারেননি। হোয়াট ইজ ইওর এক্সপ্ল্যানেশান? একটা ইলেকটেড বডি সেখানে সুপারসেসান, সব জায়গায় সুপারসেসান, হোয়াই ইউ হ্যাভ সুপারসিডেড দিস? এখানে প্রাক্তন কো-অপারেটিভ মিনিষ্টার আছেন, জবাব দেবেন এত লিটিগেশান কেন? ষ্টেট নিয়ন্ত্রিত অর্গানাইজেশানকে যেভাবে ধ্বংস করে দিয়েছে তাতে ভারতের ম্যাপে আজকে কো-অপারেশান পিছিয়ে চলে গেছে। সেণ্টারষ্টেট রিলেশান আজকে একাধিকবার বলে গেছেন—ষ্টেট যদি স্ট্রং না হয় তাহলে সেণ্টার স্ট্রং হতে পারে না। আমি অমলবাবুকে জিজ্ঞাসা করতে পারি কি ইন্দিরা গান্ধীকে যারা ভোট দিয়েছিল তারা কি জ্যোতি বাবুকে ভোট দেয়নি? আপনাকে যারা ভোট দিয়েছে তারা কি ত্রিদিববাবুকে ভোট দেয়নি? সেণ্ট্রাল গভর্নমেণ্টকে কি বাইরের ভোটাররা ভোট দিয়ে তৈরী করেছে? সেম সর্ট অব পিপল হ্যাভ ইলেকটেড দি সেণ্ট্রাল গভর্নমেণ্ট এ্যাণ্ড সেম সর্ট অফ পিপল হ্যাভ ইলেকটেড দি ষ্টেট গভর্নমেণ্ট। আজকে যদি আপনারা মনে করেন পিপল ম্যানডেট আপনাদের পিছনে আছে তাহলে হোয়াই ক্যাননট ইউ রেকন্সাইল উইথ দি আইডিয়া ত্যাট দি সেম পিপল হ্যাভ ইলেকটেড দি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট? আজকে যে দ্বন্দ্ব বাঁধাবার চেষ্টা করছেন সারকারিয়া কমিশনে আপনাদের বক্তব্য পেশ করার কোন উদ্যোগ বাংলার স্বার্থে আপনারা করেছেন? আপনাদের কোন উদ্যোগ নেই। আজকে আপনারা বাংলাকে বিকিয়ে দেবার চেষ্টা করছেন। এখানে কনক্লেভ হয় এ্যাট দি কষ্ট অব দি পিপল।

এটা জ্যোতিবাবু, লেফট ফ্রণ্ট বা আলিমুদ্দন ষ্ট্রীটের টাকা নয়, এটা আমাদের ট্যাক্স পেয়ারদের টাকা। একটা কথা ওঁরা বার বার বলেন চোর, খুনীদের সংগে নিয়ে পার্টির শ্রীবৃদ্ধি করা যায়না। আমরা জানি ১৯৪০ সালে জ্যোতিবাবু একা সরাসরি এখানে এসেছিলেন। Now

what is the percentage of Communist supporters in the whole of India ? Out of about total 70 crores population of India, approximately, Communist supporters at the national level constitute only.

কাজেই এই যখন অবস্থা তখন আমি অনুরোধ করছি, দম্ভ নয়—এই রাজ্যের স্বার্থে বাজেট, প্ল্যান রিকাষ্ট করুন, রিঅ্যাডজাষ্টমেণ্ট করুন। বহরমপুরে ফরওয়ার্ড ব্লকের কি অবস্থা হয়েছে তা আমরা জানি। আমরা জানি পশ্চিমবাংলা দুর্বল হলে ভারতবর্ষ শক্তিশালী হবে না। আপনাদের কাছে অনুরোধ রাখছি ত্রুটিগুলো সংশোধন করুন, আইনের শাসন ফিরিয়ে আনুন, দলবাজী বন্ধ করুন, সোনার বাংলা গড়ে তুলুন। আসুন, আমরা সবাই মিলে এগিয়ে যাই সোনার বাংলা গড়ে তোলার জন্য। যে অত্যাচার, অবিচার চলছে তা বন্ধ করুন। একথা বলে আমি যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ মিঃ মণ্ডল, আপনি যা বলতে চেয়েছিলেন বলুন।

শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চেয়েছিলাম উনি বক্তৃতা করছেন গভর্ণর্স স্পীচের উপর। আমি যেকথা বলেছি সেটা উনি ঠিকভাবে রিপ্রেজেণ্ট করতে পারেন নি। একজাক্ট ল্যাংগোয়েজ ঠিকভাবে রিপ্রেজেণ্ট করতে না পারলে ডেষ্টর্ন অব ফ্যাক্ট হয়ে যায়, তার সেন্স—ও অন্য রকম হয়ে যায়। এই কারণেই আমি বলছিলাম এইভাবে উনি রিপ্রেজেণ্ট করতে পারেন না।

মিঃ স্পীকার ঃ আপনি যেকথা বলেছেন তার উত্তর উনি দিতে পারবেন না ?

শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ স্যার, আপনি আমাকে ভুল বুঝেছেন। আমি বলেছি যে আমার কথা উনি ডেষ্টর্ট করে বলতে পারেন না।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ স্যার, এটা সিরিয়াসলী নেওয়া উচিত নয়। ডাঃ জয়নাল আবেদিন তাঁর বক্তৃতার শেষের দিকে এই সভার একজন সদস্যকে দেখিয়ে বলেছেন, "আমার বোতলের বন্ধু"। একে এত গুরুত্ব দেবার দরকার নেই, এটা কোন পয়েণ্টই নয় কারণ উনি মত্ত অবস্থায় বক্তৃতা দিয়েছেন।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় স্পীকার মহাশয়, মোগল সাম্রাজ্যের পতনের অন্তিম লগ্নে হতাশাগ্রস্ত উন্মাদিনী রাক্ষসীর গর্ভে কতগুলি কুসন্তান জন্ম গ্রহণ করেছিল যাদের জন্য ক্ষমা আর করুণা ছাড়া অবশিষ্ট কিছু নেই। স্যার, ওঁদের গতকাল এবং আজকের বক্তৃতা শুনে আমার মনে হয়েছিল সেই চিরন্তন ধারা আজও চলে আসছে। আমি প্রথমেই রাজ্যপালের ভাষণকে স্বাগত

জানাচ্ছি। স্বাগত জানাবার কারণ হল এই ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের কার্যাবলীর সঠিক চিত্র প্রকাশিত হয়েছে।

[4-10 - 4-20 P. M.]

আমি এর সঙ্গে একটি বিষয়ের প্রতি বিরোধী বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। অনেক দিন ধরে আপনারা এই রাজ্যের রাজত্বে ছিলেন। আপনাদের আমলের রাজ্যপালের ভাষণগুলো একটু অনুধাবন করবেন। তাতে দেখতে পাবেন বিভিন্ন রকম ভুলে ভরা। আমাদের রাজ্যপালের বক্তব্যের মধ্যে যেখানে অসুবিধা যেখানে সুবিধা সেগুলি বলিষ্ঠভাবে তুলে ধরা হয়েছে। এটা শুধু মাত্র বামফ্রন্ট সরকারের পক্ষেই সম্ভব। কারণ আমাদের প্রকৃত তথ্য তুলে ধরবার সৎ সাহস আছে। এবং সেইজন্য আমি এই ভাষণকে স্বাগত জানাচ্ছি। ওঁদের যেটা প্রধান আক্রমণ সেটা হচ্ছে আইন শৃঙ্খলা। এ সম্বন্ধে দু একটা কথা সাধারণভাবে না বললে ঠিক হবে না। কংগ্রেসের কাজের একটা ধারাবাহিকতা আছে। রিপিটেসন করলেও শুনতে রিপিটেসন লাগে না। মার্ডার করলো খুন করলো সেই পুরানো কথা। ওদেরই এম. এল. এ. চণ্ডী মিত্রকে ওদের দলের লোক খুন করলো সে কথা তো বললেন না। বিহারে একজন এম. এল. এ.-কে খুন করা হোল। আপনাদেরই বিহারের পার্টি সচিবালয়ে বিক্ষোভ জানালো কংগ্রেসের মন্ত্রী সভার সভ্য যিনি এর সঙ্গে জড়িত তাকে এ্যারেষ্ট করতে হবে। কিন্তু কাউকে কি এ্যারেষ্ট করা হোল? কেন্দ্রীয় মন্ত্রী গনী খান চৌধুরী বলে গেলেন ধানবাদে মাফিয়া রাজত্ব চলছে, একটা জঙ্গলের রাজত্বের সৃষ্টি হয়েছে গুণ্ডার রাজত্বের সৃষ্টি হয়েছে। এই সমস্ত ব্যাপারগুলি আপনারা নিজেরা একটু বিচার করেছেন কি? ইউ পি-তে কি হচ্ছে সে খবর আপনারা রাখেন কি? হেমেন মণ্ডল জগদীশ টাইনাল এরা হোল প্রধানমন্ত্রীর রাইট হ্যাণ্ড।

মিঃ স্পীকার ঃ এখানে নাম টাম বলবেন না।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ এটাই হোল কংগ্রেস চিরাচরিত প্রথা যে এই ধরণের গুনাবলী না থাকলে কংগ্রেস মন্ত্রী সভার সদস্য হওয়া যায় না। হরিয়ানা পাঞ্জাবে কি অবস্থা চলছে। হরিয়ানায় তো আপনাদের রাজত্ব—সেখানে কি ল-এণ্ড-অর্ডার আছে। সেখানে আগুন জলছে, আপনারা নেভাতে পারেন নি। আসামে গত পাঁচ বছর ধরে কি অবস্থা চলছে—আপনারা কি তার সমাধান করতে পেরেছেন? সেখানে কি ল এণ্ড অর্ডার আছে। এগুলি কি আপনারা বিচার করেন। তার সাথে সাথে কেন্দ্রে কি রকম রাজত্ব চলছে? খবরের কাগজ খুললেই দেখবেন দিল্লীতে এমন একটা দিন যায় না যে দিন খুন হয় নি, রাহাজানি হয় নি, নারী ধর্ষণ হয় নি। খোদ দিল্লীর আসল জায়গায় ১৪৪ ধারা জারী করে রেখে দিয়েছেন। যেখানে প্রধান মন্ত্রী নিজে বসে আছেন সেখানে ১৪৪ ধারা। আর আজকে আপনারা পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার কথা বলছেন। কংগ্রেস দলের মধ্যে কি আইন শৃঙ্খলা আছে? এই যে গত ডিসেম্বর মাসে পশ্চিম-

বাংলায় কংগ্রেস অধিবেশন হোল। সেখানে পার্টি অফিসে কংগ্রেসের সাধারণ সম্পাদক গোপাল দাস নাগকে পেটানো হোল। সুব্রতবাবু সোমেন মিত্র তারা সব কি কাজ করছে সেটা কি আপনারা জানেন না? তারা জানে যে পশ্চিমবাংলা ছাড়া আর কোন রাজ্যে কংগ্রেসের অধিবেশন করা চলতে পারে না। তাই তারা এখানে কংগ্রেসের অধিবেশন করেছিল। ১৪ হাজার কর্মী নিয়ে অধিবেশন করা হোল। একজনেরও উপর আঘাত হোল না একটি ইঁটও পড়লো না একজনও খুন হোল না রাহাজানি হোল না।

একথা ইন্দিরা গান্ধী জানতেন এই রকম সুশৃঙ্খলভাবে অধিবেশন করা এখানেই সম্ভব। আপনারা আইন শৃঙ্খলার কথা বলেন। কয়েকদিন আগে তিন জনকে এ্যারেষ্ট করা হোল খুন করার জন্য। জামিনের জন্য বলা হোল—কিন্তু তারা জামিন নিলেন না।

তারা জা-মিন নিলেন না, জামিন না নিয়ে বাস, ট্রাম, পোড়ালেন। ওদের কাছ থেকে আইন শৃঙ্খলার কথা শুনতে হবে? এটা আজকে সমস্ত মানুষের কাছে পরিষ্কার হয়ে গেছে,—আপনি দেখেছেন, এই যে অধিবেশন হয়ে গেল, ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী, গনি খান চৌধুরী. তাঁরা সকলে মিলে এসেছিলেন, এখানে তাঁদের মূল কাজ ছিল বামফ্রন্টের বিরোধিতা করা। ওঁরা একটা বুকলেট বার করেছিলেন, তার নাম হলো ক্রন্দসী বাংলা। আই ডু চ্যালেঞ্জ ইউ, সুব্রত মুখার্জী আপনাকে আমি চ্যালেঞ্জ করছি—আপনি কাল বলেছেন ৭ হাজার ৪২ জন খুন হয়েছে, ঐ ক্রন্দসী বাংলাতে লিখেছেন, কিন্তু কেন একটা নাম, একটা ঠিকানা দিয়ে বার করতে পারেননি? আমি চ্যালেঞ্জ করছি, আপনি যদি দিতে পারেন নাম, ধাম, কে খুন হয়েছে, তাহলে আমি পদত্যাগ করবো তা নাহলে বলুন, আপনাদের এন্টায়ার ব্লককে পদত্যাগ করতে হবে। আমি এই চ্যালেঞ্জ আপনাদের সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মিথ্যার একটা লিমিটেশন থাকে, মাত্রা থাকে, কিন্তু ওঁদের তা নেই। কেন থাকবে? কারণ ওঁদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি শেখাচ্ছেন সদা মিথ্যা কথা বলবে, এরা তো নাবালক, এদের ক্ষমা করা ছাড়া কি করার আছে? আমার দ্বিতীয় বিষয় হচ্ছে শিক্ষা। ডঃ কিরণ চৌধুরী মহাশয়, তিনি এখানে বসে আছেন, তিনি শিক্ষিত মানুষ, শিক্ষার সঙ্গে জড়িত আছেন। শিক্ষার ব্যাপারে কংগ্রেস অধিবেশনে রাজীব গান্ধী বলেছিলেন, এরা সব ইতিহাস বদলে দিচ্ছে। সুব্রতবাবু কাল বললেন, এরা সব ইতিহাস বদলে দিচ্ছে, নানা ধরণের পড়াশুনা হচ্ছে। আমার কথা হলো, এরা তো নর্দমার কীট, এদের কাছ থেকে কি স্বচ্ছ জলের কোন সন্ধান পেতে পারবেন? নর্দমা ছাড়া ওদের আলোচ্য বিষয় কি হতে পারে? আমরা ওদের কাছ থেকে এর চেয়ে বেশী কিছু আশা করি না। ওরা বিভিন্ন ভাবে বললেন, আমরা নাকি ইউনির্ভাসিটিতে বিভিন্ন ভাবে রেনিয়মে নিয়োগ করছি। আপনারা তো এখানে কয়েকজন শিক্ষিত মানুষ আছেন, আপনারা জানেন না? এর আগে শিক্ষক নিয়োগ হতো কি ভাবে? এক একটা গভর্নিং বডি ছিল, সেই গভর্নিং বডির মধ্যে নিজের কাকা, পিসেমশাই, জামাইবাবু, ভগ্নীপতি, সকলকে স্থান দেওয়া হোত। আজকে বামফ্রন্ট সরকার হওয়ার

পর সেই গভর্নিং বডি ভেঙ্গে দেওয়া হয়েছে, এবং এই এ্যাসেম্বলি এ্যাক্ট অনুযায়ী, কলেজ সার্ভিস কমিশন এ্যাক্ট অনুযায়ী গভর্নিং বডি তৈরী হয়েছে, রাজ্যপালের প্রতিনিধিও সেখানে আছেন। সেখান থেকে টিচার, প্রিন্সিপ্যাল, সকলকে এ্যাপয়েন্ট করা হয়। অল ওভার ওয়েস্ট বেঙ্গলে আজকে এই জিনিস চালু আছে। এই জিনিস আপনারা জানেন না? অন্য দিকে আপনারা বলেন কি ইতিহাস বদলাচ্ছে? মার্কস, লেলিন শেখানো হচ্ছে? এখানে একজন ঐতিহাসিক আছেন, তিনি প্রিন্সিপ্যাল ছিলেন, তিনি একজন শিক্ষাবিদ, তাঁকে আমি বলি এই বইটা একটু দেখুন। বইটার নাম হলো, 'আধুনিক সভ্যতার ইতিহাস কথা', লেখক ডঃ কিরণ চৌধুরী। অষ্টম শ্রেণীর পাঠ্য পুস্তক। এই বইটার মধ্যে ছবিগুলো একটু দয়া করে দেখুন, হিটলারের ছবি আছে, গান্ধীর ছবি আছে, রবীন্দ্রনাথের ছবি আছে, এই দেখুন কার্ল মার্কস এর ছবি আছে। আপনারা বলেন যে মার্কস, লেলিন শেখানো হচ্ছে, আমি একটা কথা ডঃ কিরণ চৌধুরী মহাশয়কে বলতে চাই, আপনার তো বিবেক, বুদ্ধি আছে, শিক্ষিত মানুষ, যখন রাজীব গান্ধী, ইন্দিরা গান্ধী কলকাতায় বললেন যে এরা মার্কস, লেলিন শেখাচ্ছে, ওরা যে ইতিহাসকে বিকৃত করছে, এরা ভারতবর্ষের জাতীয় নেতাকে বিকৃত করছে, তখন অন্ততঃ ন্যূনতম যদি আপনার মর্য্যদা বোধ থাকতো, তাহলে আপনি বলতে পারতেন যে, না, এ মিথ্যা কথা, এটা সত্য নয়, কেন্দ্রীয় সরকারের শিক্ষা কমিশনের সুপারিশ অনুযায়ী এখানকার পাঠ্য পুস্তকের সিলেবাস তৈরী হয়েছে। আপনার কাছ থেকে অন্ততঃ একজন শুভ বুদ্ধি সম্পন্ন মানুষের মত ব্যবহার আশা করেছিলাম। ডাঃ শিশির বোসের মত মানুষের কাছ থেকে—যাঁর অন্ততঃ পক্ষে নেতাজী পরিবারের সন্তান হওয়াতে তাঁর কি জনপ্রিয়তার সুযোগ আছে, নিজেদের অন্ততঃ রুচি বোধ তো একটা আছে, তাঁরা কি ভাবে এই কাজ করছেন, অন্ততঃ যদি ন্যূনতম সভ্যতা, ন্যূনতম মর্য্যাদা বোধ থাকে, ওঁদের সঙ্গে কি করে বসে থাকেন? আমার অন্ততঃ জানা নেই।

[4-20—4-30 P. M.]

আমার তৃতীয় বিষয় হচ্ছে এই, ওরা বিভিন্ন প্রশ্নে বলছেন সাম্প্রদায়িক, বিচ্ছিন্নতাবাদ ইত্যাদি ইত্যাদি। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি সাম্প্রদায়িক সম্প্রীতি, জাতীয় ঐক্য এবং সংহতির প্রতীক হচ্ছে পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার। বিচ্ছিন্নতাবাদের জন্ম দিচ্ছে কারা? ভারতবর্ষ স্বাধীনোত্তর যুগে, সাম্রাজ্যবাদী যুগে জাতীয় কংগ্রেস নেতৃত্ব কি বলেছিল? তারা বলেছিল আমাদের জাতীয় ঐক্য চাই। তারও গভীরে যেতে চান? তার মধ্যে কি ছিল? তার মধ্যে ছিল গণতন্ত্র। তার আরো গভীরে ছিল দেশের জনগণ দ্বারা নির্বাচিত প্রতিনিধি কর্তৃক রাজ্য চালনা। কিন্তু তার পরবর্তীকালে ৩৭ বছর হয়ে গেছে। আপনারা দেশকে কোন্ জায়গায়, কোথায় নিয়ে গেছেন? আপনারা দেশকে টুকরো টুকরো করছেন, আসাম, পাঞ্জাবে আগুন জ্বালাচ্ছেন, বিভিন্ন জায়গায় আগুন জ্বালাচ্ছেন, বিচ্ছিন্নতাবাদের মদত দিচ্ছেন। আসামে দুমুখো নীতি গ্রহণ করছেন। ১৯৭৩ সালে আপার আসাম যেখানে অসমীয়া অধ্যুষিত অঞ্চল সেখানে

অসমীয়া কংগ্রেস, আর যেখানে বাঙালী অধ্যুষিত অঞ্চল সেখানে বাঙালী কংগ্রেস আপনারাই সৃষ্টি করেছিলেন। কোথাও বলছেন জাগো বাঙালী, আবার কোথাও বলছেন ভাগো বাঙালী—এই হচ্ছে কংগ্রেস দল। একটি সর্বভারতীয় দলের দায়িত্ববোধ থাকা উচিত। এরা এতই নির্লজ্জ যে এদের সেই দায়িত্ববোধ পর্যন্ত নেই। দায়িত্বজ্ঞানহীন দলের এছাড়া আর কি হতে পারে? তানাহলে এদের এই রকম দুরবস্থা হয়? আজকে আমরা বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে এবং জাতীয় ঐক্যের পক্ষে সমগ্র পশ্চিমবাংলার একই মঞ্চে তামিল, তেলেগু, বিহারী, ওড়িয়াদের হাজির করেছি। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আমরা সকলে মত পোষণ করেছি যে দেশকে টুকরো টুকরো করা যাবে না, জাতীয় ঐক্য বজায় রাখতে হবে। তাই এই জাতীয় ঐক্য এবং সংহতির প্রতীক হচ্ছে পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার। আপনারা হলেন ডেকাডেন্ট ফোর্স অশুভ, অনৈক্য শক্তি। এই অভিযোগে আপনাদের আমরা অভিযুক্ত করতে চাই। নির্বাচনকালে আপনারা কমিউন্যাল শ্লোগান দেন নি? দিস ইজ সুব্রত মুখার্জী, যিনি ওয়াটগঞ্জে কমিউন্যাল কালার দেবার জন্য তৈরী হচ্ছিলেন এবং কমিউন্যাল কালার দেবার চেষ্টাও করেছিলেন এবং সেখানে ছুটেও গিয়েছিলেন। আপনাদের কথা বিশেষ বলতে চাই না, সামান্য একটু আধটু বলতে চাই। কংগ্রেস সম্পর্কে আজকে একটি কথা কঠোর ভাষায় বলতে গেলে বলতে হয় দেশদ্রোহী। কংগ্রেস জাতীয় কলঙ্ক, দেশদ্রোহী, দেশের উন্নতি ওরা চায় না। কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের কথা বলে আমরা সমগ্র ভারতবর্ষের উন্নতির কথা বলি, আপামর সমস্ত জনগণের উন্নতির কথা বলি। কাজেই এর বিরোধিতা করা মানেই দেশদ্রোহিতার সামিল। জাতীয় বিষয়ের বিরোধিতা বারে বারে ওরা করে চলেছেন। পরিকল্পনা বাবদ পার ক্যাপিটা আমাদের রাজ্যের যে রিসোর্সেস আছে তাকে আপনারা যেভাবে সাহায্য করেন সেটা অত্যন্ত লজ্জার কথা। সেটা আপনারা বলতে পারলেন না। এর একটা ছোট্ট পরিসংখ্যান আমি আপনাদের সামনে তুলে ধরছি। ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবাংলাকে সেখানে ৯৩ দিচ্ছেন, অন্যান্য রাজ্যকে সেখানে ১০৮, ১০৬, ১১৩ দিচ্ছেন। এই রকম বিভিন্ন ভাবে পশ্চিমবাংলাকে হেনস্থা করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আনটাচেবিলিটির কথায় আসছি। অস্পৃশ্যতা সম্পর্কে ওরা গর্ব করে গান্ধীজীর কথা বলে থাকেন। ওরা তপসিলী জাতি এবং উপজাতিদের কথা বলে থাকেন। আমরা বক্তব্যের মধ্যে তপসিলী জাতি, উপজাতীদের ধর্মীয় প্রশ্নের ধার দিয়ে যেতে চাই না, আলোচনাও করতে চাই না। কিন্তু আজও ভারতবর্ষের ২ হাজার আদিবাসী অধ্যুষিত জাতির জীবনে সূর্য্যের ক্ষীন রশ্মিটুকু প্রবেশ করে না। সুদূর কর্ণাটকের পাহাড়ের চূড়ায় আজও যারা দিনের পর দিন বুক ফাটা আর্তনাদ করে বেড়াচ্ছে আমি তাদের কথা আলোচনা করতে চাই না। কিন্তু গোটা ভারতবর্ষে অস্পৃশ্যতা আজকে কোন্ জায়গায় নিয়ে এসেছেন সেটাই আমি শুধু এখানে একটু উল্লেখ করতে চাই। গান্ধীজীর দেশ হচ্ছে গুজরাট। সেখান আজও বাড়ীর পর বাড়ী জালিয়ে দেওয়া হচ্ছে, মাস কিলিং হচ্ছে। কিন্তু আপনারা এটা ভাল করেই জানেন যে পশ্চিমবাংলায় সেই সবের বালাই নেই। এই অস্পৃশ্যতা সম্পর্কে আমি সামান্য একটি পরিসংখ্যান উদ্ধৃত করছি। নিখিল বঙ্গ হরিজন সেবক সংঘ ১১৫৫টি গ্রাম সমীক্ষা করে বলেছেন তপসিলি জাতি ও উপজাতিরা কুয়ো

ব্যবহার করতে পারবে না এই রকম ৬১৩টি গ্রাম আছে, মন্দির প্রতিষ্ঠা করতে পারবে না ৮২১টি গ্রাম আছে, হোটেলে ঢুকতে পারবে না, ৪৯৬টি গ্রাম আছে, সেলুনে ঢুকতে পারবে না এমন ৪৭৩টি গ্রাম আছে, ধোপার ঘরে জামা কাপড় কাচাতে পারবে না এমন ৬০৩টি গ্রাম আছে। এগুলি সবই কংগ্রেসী রাজ্য, পশ্চিমবাংলায় একটিও নেই।

আমরা এতে গর্ববোধ করি, আপনাদের হিংসা হতে পারে, বিদ্বেষ হতে পারে। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জী মহাশয় গতকাল বক্তৃতা প্রসঙ্গে জ্যোতিবাবুকে থ্রেট করেছেন। বামফ্রন্টের বিরুদ্ধে আন্দোলন করবেন ঠিক আছে কিন্তু তিনি জ্যোতিবাবুকে থ্রেট করে বলেছেন যে তিনি যেখানে যাবেন সেখানে তারা বাধা দেবেন। আমি সুব্রতবাবুকে বলতে চাই যে পশ্চিমবাংলা এমন একটা জায়গা যেখানে অনেক রক্তের বিনিময়ে, অনেক লড়াই-এর মধ্যে দিয়ে ক্ষেতে খামারে, কলে কারখানায়, মাঠে ময়দানে বহু সংগ্রামের মধ্যে দিয়ে, ১১শো শহীদের রক্তাক্ত পথ দিয়ে পশ্চিমবঙ্গের জনগণের সমর্থন পুষ্ট হয়ে আমরা সরকারে এসেছি। অনেক দায়িত্ব আমাদের কাছে সেকথা আমরা জানি। যদি হিংসার পথ, গুণ্ডামির পথ আপনারা নিতে যান তাহলে শুনে রাখুন, পশ্চিমবাংলার ৫ কোটি মানুষ থুতু দিয়ে আপনাদের ডুবিয়ে দেবে, শেষ করে দেবে, নিশ্চিহ্ন করে দেবে। স্যার, আমরা জানি, ওরা ক্রন্দন করছে, আর্তনাদ করছে কিন্তু কোন উপায় নেই। পশ্চিমবাংলার পূর্ব দিগন্তে যে রক্তিম সূর্যের অভ্যুদয় হয়েছে তার ফলে এখানে বামফ্রন্ট হয়েছে, ত্রিপুরাতেও হয়েছে এবং বিভিন্ন রাজ্যের মানুষ এটাকে একটা বিকল্প হিসাবে গ্রহণ করেছে। কংসের কারাগারে বাসুকিনন্দন দিনের পর দিন বেড়ে চলেছে যার জন্ম লাভ হয়েছে পশ্চিমবাংলায়, ত্রিপুরায়, কেরালায়। আগামীদিনে সারা ভারতবর্ষের ঐক্যবদ্ধ গণ আন্দোলনের তরঙ্গের স্রোতে কংগ্রেসরূপী কংসের কারাগার ধ্বংস বিধ্বংস হয়ে যাবে এবং জনগণের রাজত্ব কায়েম হবে। এই জনরোষকে বাধা দেবার ক্ষমতা আপনাদের নেই, জনতার জয় অনিবার্য। এই কথা বলে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করলাম।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরবীন মণ্ডল মহাশয় আমার নাম করে এবং আমার সহকর্মী বন্ধু সোমেনবাবুর অনুপস্থিতিতে তাঁর নাম করে কয়েকটি মন্তব্য করেছেন। আমি ঐ সব মন্তব্যের ব্যাপারে প্রতিবাদ জানাচ্ছি। আমি বিস্তারিতভাবে বলছি না, শুধু বলছি, আগে জানতাম রবীনবাবু সি. পি. এম.-এর মস্তান, এখন জানলাম তিনি পাগল।

Dr. Sisir Kumar Bose : Mr. Speaker Sir, in rising to oppose the Motion of Thanks on the Governor's Address I move the amendments to the motion that have been tabled from this side of the House and I support them. The first point that I wish to make in regard to the Governor's

Address is a constitutional one, the fact that the Left Front Government has been able to get the Governor to whom it does not approve. It has been able to get the Governor against whom a campaign to boycott is in progress. To read a document of this complexion and this nature has been a nail to the tune. It is a nail to the tune that the institution of the office of the Governor is against the interest of the State. This fact has established that the institution of the Governor—a constitutional provision is no hindrance to the constitutional process of a State Legislature,

[4-30—4-40 P. M.]

Well this Address—I wish to examine it from two points of view. First is its appearance, that is, the manner of its presentation, and the second is its contents. You have notice—the members must have noticed—that in contrast with the previous address during the present regime, the Present Address is apparently a weak, a halting apologia of a government which appears to have lost its way, lost its direction. It also indicates in various parts of the Address a sense of accommodation towards the Central Government—of course in an indirect manner—a sense of accommodation which, I submit, has an expectation of some accommodation also from the other side. This a Government does where it feels that the ground has hit under its feet, this a Government does where it is not sure of his position among the people which it seeks to represent. Well, I come to the contents of this Address details of which I cannot deal with owing to lack of time and which have been dealt with in its various aspects by my previous speakers from the other side of the House and also from the members opposite. If we analyse paragraph by paragraph the Address that has been placed in our hands I am constrained to say that every paragraph is characterised by four elements. I am summerising it. The elements are, untruth, half-truth, subterfuge and concealment. I repeat—'untruth straightaway, half truth subterfuge, meaning evasion of argument, evasion of truth and of concealment. While going through this Address I was reminded of a book that many of us, may be you also, must have read nearly three decades ago, a book which, I must admit, I dismiss as a mere

fanstasy, as a figment of the imagination of a free imaginative author. This has relevance because of the date only and of this Address represented before you,

Sir, to-day is 1984 and this book is entitled in 1984. In that book the author—you have seen he has recently passed away—talks of a political system which is based on thought control. This thought—control is operated through the thought—police and this thought—control and thought—police are manifested in the people and the people running the State as double—think and double—talk. So, there is a serious confusion taking place in thought control and thought police, and in double—think and double talk. Now, my young friend, Shri Subrata Mukherjee, my young friend Dr. Manas Bhunia who are clamouring about peace, about lack of law and order, my learned friend Dr. Zainal Abedin who was eloquently talking about the loss of initiative on the part of Bengal in various fields, about loss of peace and progress in various fields and so on —it is not possible to happen. It is not possible for Subrata Mukherjee or Manas Bhunia or for that matter Dr. Zainal Abedin to appreciate because these men have not passed through this thought filtration process. You have to have a different sense of values to understand this. It is said in the Address that West Bengal continue to be a peaceful State to live in.

(A Voice -'in general')

Yes, in general, but generalisation is very danagerous and there are, I think, justifiable writers in regard to readers' protest against this generalisation. But according to new thinking the connotation of peace is different. We have to accept that violence is peace, It is not appreciated by my friend Mr, Suniti Chattaraj. We have to appreciate that violence is peace. You have not appreciated it because you have not been followed through this process. You have to believe that hate is love. Dr. Zainal Abedin cannot appreciate that hate is love. You have to accept that terrorism is peace. At least the author of this book if he

had lived would have satisfaction to none. It is no where in the world There is one small part of the world. This place is the land of West Bengal where the stagnation, procastination are taking place. Irrigation, industry, rural development, education, health service, land reforms, unemployment—all these things have been the subject of detailed discussion and I must say that there have been positive contributions on each of these subjects from both sides of the House. I cannot but admit this. But those who are not of the double—think category of double—talk category they must learn now that there is stagnation, there is unemployment, there is disunity among the rural population and so on. You have to learn that stagnation is progress (ওলট পুরাণ)

[4-40—4-50 P.M.]

You have to believe that unemployment is the index of the industrial growth. you have to believe that to unite is to devide the people—that is what is happening now in West Bengal. I have mentioned one aspect of a thesis. This is after all one kind of thesis. This is a dangerous thing, that is, 'consult'. It has two things but I will refer only to the structure because time is limited. It has been said, it has not been said I should have said, about the disgraceful conduct of the Government of West Bengal and particularly about the Education Department regarding the appointment of the new Vice-chancellor of the Calcutta University which is the Alma Mater of many of us present here. We have now come to learn what is democracy. I did not so long mention about democracy because I wanted to present before the House this one wonderful example of democracy in action, The definition of democracy is this—Mr. Suniti Chattaraj wants to know—that according to the new definition democracy is the opinion of the party Oligarchy. democracy is the opinion of the party from which emanates double-think. This is the definition of democracy in present day of West Bengal. Towards the end of this address, Sir, there is reference to our limited powers, reference to Centre-State relations, but no mention of the Conclave, so

called Conclave which, I regret to find, many members of the Treasury Bench are championing with such fervour—no mention of that is there. When I first heard the word 'Conclave' I had to go back to my student days and borrow Milton's Paradise Lost' from my children to learn the meaning of the word 'Conclave', for, as you all know, you all learn the word 'Conclave' from the Milch Book I of Milton's 'Paradise Lost' and the word 'Conclave', if I may with the permission of the Speaker just quote a few words to mention what the Conclave means. In the words of Parson, the great man who actually used the word for the first time, it means : "A thousand demi-gods on golden seats" sat "in close recess and secret Conclave"—this is the original—and have begun "the great consult". "The great consult" is in progress. This Conclave is presided over by Satan. This is an important part of Satanic days.

What is the subject of this "consult" ? The subject of this "consult" is to regain heaven from where they have been over-thrown—স্বর্গোদ্ধার করতে হবে। My last words, as my time is up now are that let us all gave up for good and for all time, the satanic ways.

Thank you.

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় কবিতার ছড়াছড়ি হচ্ছে, প্যারাডাইস লষ্ট দিয়ে শেষ হয়েছে। কনক্লেভ নিয়ে ডিকসনারীর কিছু কিছু কথা হয়েছে। আমি যেটুকু বুঝেছি—অল্পই বুঝি—এখন যেটুকু বুঝেছি যে কনক্লেডটা উনি সো ক্লড বলে ব্যবহার করেছেন। সো ক্লড অর্থাৎ যা তথাকথিত, কেউ কেউ বলেছেন সেটা নিয়ে এতটা পাণ্ডিত্যের সুযোগ এই বিধানসভাতে আছে কি'না জানিনা। হারাণো স্বর্ণ ফিরে পাওয়ার প্রশ্ন, যাঁরা বিরোধীদলে সমবেত হয়েছিলেন তাঁরা স্বার্থের স্বাদ পাননি, কাজেই ফিরে পাওয়ার প্রশ্ন আসে না। যাঁরা একত্রিত হয়েছিলেন, সেই সমস্ত মানুষের অধিকার নিয়ে কথা বললেন। আজকে বিধান-সভায় যাঁরা রাজ্যপাল মহাশয়ের ভাষণের বিরোধিতা করতে উঠেছিলেন তার মধ্যে ডাঃ জয়নাল আবেদিন, একটা কথা বললেন, এই রাজ্যপালের ভাষণের মধ্যে কোন লক্ষ্য, উদ্দেশ্য, গতি নাই। আমি এটা নিয়ে আলোচনা করব। আর একটি প্রশ্ন এসেছে যে রাজ্যপালের ভাষণটা পুরোপুরি কনষ্টিটিউসন্যাল কিনা—যেটা ডাঃ শিশির বোস মহাশয়ও বলেছেন। আমার আক্রমণটা ডাঃ শিশির বোসের বিরুদ্ধে। তিনি একটু বেশী ভাবেন, কারণ তিনি নেতাজীর ভ্রাতুষ্পুত্র, আর

আমাদের সামনে নেতাজীর আদর্শ রয়েছে, এই দুটোর মধ্যে একটা সংঘাত রয়েছে। কাজেই আক্রমণটা একটু বেশী হবে। উনি বলেছেন যে উপাচার্য্য নিয়োগ, এটা নাকি মাননীয় রাজ্যপাল ঠিকই করেছেন। তা, আইনটাতে কি বলা হয়েছে? তিনটে নাম আসবে, সরকারের সঙ্গে পরামর্শ করে রাজ্যপাল তার থেকে একটি নামকে ঠিক করবেন। সরকার নাম পাঠিয়েছেন, বলা হচ্ছে—কাগজ পত্রের মধ্যে দিয়ে বলা হচ্ছে—যে বেশী সংখ্যক ভোট পেয়ে যিনি জিতেছেন তাকেই মনোনীত করা হবে। সেটা ছিল সিঙ্গল ট্রান্সফারেবল ভোট। এই বিধানসভায় যখন রাজ্যসভার সদস্য নির্বাচিত হন—গত যে ভোট হয়েছিল তাতে শঙ্কর প্রসাদ মিত্র মহাশয় ফাষ্ট প্রোফারেন্স বেশী ভোট পেয়েছিলেন। তার অর্থ কি এই দাঁড়ায়, যে এই সিঙ্গল ট্রান্সফারেবল ভোটে সম্পূর্ণ বেশী ভোট পেয়ে তিনি জিতেছেন? এটা সম্পূর্ণ হিসাবের ভোট। হিসাবের বাইরে বাড়তি ভোট পেলে তার কোন মূল্য নেই। সরকারের সঙ্গে পরামর্শ করে আচার্য্য, উপাচার্য্য নিয়োগ করতে পারবেন। এটা ঠিক কাজ উনি করেছেন বলে বলছেন গণতান্ত্রিক। আমি উল্টো প্রশ্ন করতে চাই, গণতন্ত্রের নিয়ম এবং বিশেষ করে যাঁরা ওয়েষ্ট মিনিষ্টার ধাঁচের গণতন্ত্রের কথা বলেন তারা নিশ্চয়ই কনভেনষণকে উড়িয়ে দিতে পারেন না। আর কনভেনসন কি বলে? এটাই তো হচ্ছে কনভেনসন যে একটি রাজ্যের রাজ্যপাল নিয়োগ করা হবে, সেই রাজ্যের সরকারের সঙ্গে, তার মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে, কিন্তু কি করা হল? কংগ্রেসের একজন সক্রিয় কর্মী উনি এসেছেন—যে আনন্দবাজার পত্রিকা কংগ্রেস দলের ফ্রেণ্ড, ফিলজফার এ্যাণ্ড গাইড—তাঁরা গতকাল সম্পাদকীয়তে বলেছেন, হ্যাঁ রাজ্যপাল এইভাবে নিয়োগ হওয়াটা ঠিক নয়। অর্থাৎ যিনি সক্রিয় রাজনীতির সঙ্গে অংশ গ্রহণ করবেন তাঁর এইভাবে নিয়োগ হওয়াটা ঠিক নয়।

[4-50—5-00 P.M.]

আজকে গণতন্ত্রের কথা বলছেন, কনভেনশন এবং কনষ্টিটিউশনের কথা বলছেন। আমাদের ইচ্ছার বিরুদ্ধে একজন রাজ্যপালকে বসিয়ে দেওয়া হোল শুধুমাত্র পশ্চিমবঙ্গে সঙ্কর সৃষ্টি করবার জন্য। ১৯৮৪ সালের জোক্ অব দি ইয়ার কি হবে তা যে ঠিক হয়ে গেছে তা গত কয়েকদিনের বিধানসভার অধিবেশন দেখে বোঝা হয়ে গেছে। একদিকে আমরা রাজ্যপাল সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন হবার জন্য বলছি। অন্যদিকে প্রতিনিয়ত ওঁরা আমাদের বিরুদ্ধে নানা তথ্য রাজ্যপালের কাছে সরবরাহ করে চলেছেন। পাশাপাশি দেখা যাচ্ছে যে বিধানসভার ভেতরে সেই রাজ্যপালের দেওয়া ভাষণের সবটারই তাঁরা বিরোধিতা করছেন। এখানে বলছেন যে আমাদের সরকারের নাকি কোন লক্ষ্য নেই, গতি নেই। নিশ্চয়ই গতি আছে। এটা বুঝতে গেলে উপযুক্ত দৃষ্টি থাকা দরকার। আমাদের লক্ষ্যটা কি? লক্ষ্যটা হচ্ছে—এক জায়গায় বলা হয়েছে যে পশ্চিমবাংলায় গত ৫ বছরের তুলনায় শতকরা ২০ ভাগ ফসলের উৎপাদন বেশী হয়েছে এবং এই বেশী উৎপাদন হয়েছে কি হয়নি এ নিয়ে কোন প্রশ্নও আপনারা করেন নি, স্বীকার করে নিয়েছেন। এই উৎপাদন যে বাড়ালো—এরজন্য আমরা কি করেছি? আমরা ক্ষুদ্র ও প্রান্তিক

কৃষকদের মধ্যে ১৪ লক্ষ মিনিকিট বিতরন করেছি। একথা আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে। এ-সম্বন্ধে বলতে গিয়ে ও-পক্ষের কেউ কেউ বলেছেন যে মিনিকিট গ্রামে বিতরণ করা হয়েছে ঠিকই, তবে তা ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। অর্থাৎ জমিতে লাগান হয় নাই। আমি জানিনা, নতুন কোন বিজ্ঞানী সৃষ্টি হয়েছেন কিনা যাঁর তথ্য অনুসারে ধান খেয়ে ফেললে পেটে ধান গজায়। আজকে এই সরকারের লক্ষ্য ঠিক আছে বলেই এই ২০ ভাগ উৎপাদন বৃদ্ধি সম্ভব হয়েছে। আমরা অল্প জমির কৃষকদের উৎপাদন বাড়াতে সর্বোতভাবে সাহায্য করেছি। ওঁরা গতকাল প্রশ্নোত্তরের সময় বলছিলেন যে তপশিলী জাতির উন্নয়নের ক্ষেত্রে বরাদ্দকৃত ১৬ কোটি টাকার মধ্যে মাত্র ২.৫০ কোটি টাকা এই সরকার খরচ করতে পেরেছেন। আমি বলবো, সত্যি আপনারাই বলুন যে এই কাজের জন্য আমাদের সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত কিনা? কারণ আপনারা বার বার বলছেন, যে টাকা আমরা খরচ করছি তার সবটাই নাকি দলের ক্যাডার পুষতে চলে যাচ্ছে! আমাদের এই জন্য ধন্যবাদ দেওয়া দরকার যে ১৬ কোটি টাকা যা আমরা এইভাবে খরচ করতে পারতাম, তার সবটা খরচ না করে মাত্র ২.৫০ কোটি টাকা ক্যাডারদের পেছনে খরচ করেছি, ১৩.৫০ কোটি টাকা বেঁচে গেছে। আমি মনে করি, এইজন্য আমাদের সার্টিফিকেট দেওয়া দরকার!

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন মহাশয় বলেছেন রাজ্যপালের ভাষণে নাকি কম্যুনিজমের কথা বলা হয়নি। আমি বলি, বলাটাই শেষ কথা নয়। আমাদের দেশে সমাজতন্ত্রের চাষ তো বহুদিন ধরেই হচ্ছে। আপনাদের দলের সমাজতন্ত্রের কথা কি আর বলবো? কংগ্রেস দল প্রাই সমাজতন্ত্রের কথা বলে থাকেন। আর কংগ্রেসের ইতিহাস যাঁরা অবগত আছেন তাঁরা সবাই এটা জানেন। জয়প্রকাশ নারায়ণ, যিনি আগে কংগ্রেস দলে ছিলেন, পরে অবশ্য সোস্যালিষ্ট পার্টি গড়েন—তিনিও সমাজতন্ত্রের কথা চিন্তা করতেন। জওহরলাল নেহেরু সমাজতন্ত্রের কথা ভাবতেন। কংগ্রেস সভাপতি হয়ে সুভাষচন্দ্রও সমাজতন্ত্রের কথা বলেছিলেন। কংগ্রেস সমাজতন্ত্র সম্বন্ধে তিনি কি বলেছিলেন? তিনি জওহরলাল নেহেরু সম্বন্ধে বলেছিলেন যে ওঁর মাথায় সমাজতন্ত্র আছে, কিন্তু তা হৃদয় বাধা পড়ে আছে গান্ধীজীর কাছে।

তাই আমাদের দিয়ে নাকি সমাজতন্ত্র হবে না। সমাজতন্ত্রের জন্য ওঁরা নাকি এখানে আছে! সমস্যাটা কোথায় শিশিরবাবু হয়ত জানেন না। পাগলের ডাক্তার যাঁরা আছেন তাঁরা দীর্ঘদিন পাগলের চিকিৎসা করতে করতে অর্ধপাগল হয়ে যান! সেই রকম শিশিরবাবু দীর্ঘদিন শিশুর চিকিৎসা করতে করতে শিশুই রয়ে গেছেন। তিনি এখনও পর্যন্ত সাবালোক হতে পারেন নি। তিনি আজকে কংগ্রেসে গেছেন কেন? ৩৬ বছর আগের সেই লেখা একটা বই থেকে তিনি একটু পাণ্ডিত্য ফলালেন। টক্স অন পলেটিক্যাল সিস্টেম ইজ বেসড অন থট কণ্ট্রোল এই তথ্য ৩৬ বছর আগের লেখা বই। সেই বইটা তিনি ডিসওন করছেন। ঠিক ৩৬ বছর আগে ১৯৪৮ সালে একটি উপ নির্বাচনে ভলেনটিয়ারী করবার আমার সুযোগ হয়েছিল। দক্ষিণ কলিকাতার

একটি উপনির্বাচন হয়েছিল সেই সময়। সেই উপনির্বাচনে প্রার্থী ছিলেন সুরেশ দাস এবং তাঁর বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন শরৎ চন্দ্র বোস। সেই দিন শরৎ বসু জিতেছিলেন হাত চিহ্ন নিয়ে। সেই দিন যেহেতু বাবা হাত চিহ্ন নিয়ে জিতেছিলেন তাই তিনিও হাত চিহ্নের হয়ে দাঁড়িয়েছেন। নেতাজী গণতান্ত্রিকভাবে নির্বাচনে জয়ী হয়ে কংগ্রেসের সভাপতি হন। কিন্তু এই ব্যাপারে গান্ধী এবং নেহেরু তাঁর সভাপতিত্বকে মেনে নেন নি। যে দিন তাঁকে সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়া হলো সেই দিনই কংগ্রেস গণতন্ত্রের মৃত্যু ঘটিয়েছে। ওনারা আবার গণতন্ত্র সমাজতন্ত্রের কথা বলেন। এই ভাবে ইতিহাসের বিকৃতি ঘটানো হয়েছে। আজকে বলা হচ্ছে ভারতবর্ষ স্বাধীন হবার পর সব চেয়ে যে পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে তা হলো নেহেরু পরিবার। অন্য দিকে কি দেখি? জওহরলাল নেহেরু যখন মারা গেলেন তখন বলা হলো—তাঁর কোন সম্পত্তি নেই, দেশকে ছাই ছাড়া কিছু দিয়ে যেতে পারেন নি। পরে যখন সঞ্জয়ের স্ত্রী মামলা করলেন—সেই মামলায় তাঁর শাশুড়িও আছেন—তাঁর সেয়ার শুধু ৪ লক্ষ ৭৩ হাজার টাকা। এই সম্পদ আসছে কোথা থেকে? বললে বলবেন কেন্দ্রের উপর দোষ চাপানো হচ্ছে। এটা দোষ দেবার প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে এই সব জিনিষ খতিয়ে দেখতে হবে। সামান্য একটা ট্যাক্স বসাতে আমরা পারবো না। কেন্দ্রীয় সরকারের নীতির কাছে টি. ভি.-র দাম আজকে কমেছে, রেফ্রিজারেটরের দাম আজকে কমেছে। টি. ভি.-র উপর ট্যাক্স বসাতে গিয়ে দেখা গেল সুব্রতবাবুরা মামলা করলেন, আদালতে গেলেন। সেই জন্য আমরা ট্যাক্স বসাতে পারলাম না। অথচ কেন্দ্রীয় সরকার বাজেটের সময় এবং বাজেটের বাইরে বিভিন্ন সময় হুমকি দিয়ে ট্যাক্স বসান। গত চার বছরের হিসাব আমি দিচ্ছি কি ভাবে ট্যাক্স বসানো হয়েছে। এই চার বছরে ৯ হাজার কোটি টাকা বাড়তি ট্যাক্স বসিয়েছে। ১৯৮০-৮১ সালে অর্থ দপ্তর বসিয়েছে ২৫৭ কোটি টাকা আর রেল দপ্তর বসিয়েছে ২০৮ কোটি টাকা। ১৯৮১-৮২ সালে অর্থ দপ্তর থেকে ট্যাক্স বসানো হয়েছে ১৯৬ কোটি টাকা এবং রেল দপ্তর থেকে বসানো হয়েছে ৩৫৩ কোটি টাকা। ১৯৮২-৮৩ সালে বসিয়েছে ৫১৮ কোটি টাকা অর্থ দপ্তর, আর রেল দপ্তর বসিয়েছে ২৫৭ কোটি টাকা। ১৯৮৩-৮৪ সালে অর্থ দপ্তর বসিয়েছে ৭১৬ কোটি টাকা—এটা বাজেটের বাইরে—এবং রেল দপ্তর বসালো ৪৮৯ কোটি টাকা।

[5-00—5-10 P. M.]

ওঁরা আমাদের কাছে ক্ষমতার যে চেহারা ওঁদের মধ্যে রয়েছে, তাকে এখানে তুলে ধরেছেন। আমরা তো এই জন্যই বারবার করে বলে এসেছি, আমাদের ন্যায্য পাওনা ফিরিয়ে দাও। এবং রাজ্যগুলোর হাতে ন্যায্য ক্ষমতা ফিরিয়ে দাও রাজ্যগুলেকে বাঁচিয়ে রাখার তাগিদে। আজ ওঁরা বলছেন ঐক্যের কথা, জাতীয় ঐক্যের কথা। আজকে নাকি ভারতবর্ষ বিপন্ন হয়ে পড়েছে। পাঞ্জাবে আপনারা কি করেছেন? পাঞ্জাবে কিছু দিন আগে গণতান্ত্রিক পদ্ধতিতে আকালী দল ক্ষমতায় এসেছিল। মানুষের ভোটে কংগ্রেস দল সেখানে বাতিল হয়ে গিয়েছিল। আজকের

এই অবস্থা সেখানে কে সৃষ্টি করেছিল ? জৈল সিংকে দিয়ে, সঞ্জয় গান্ধী সেখানে ভিন্দ্রেনওয়ালাকে সৃষ্টি করেছিলেন। বারে বারে এখন আপনারা কনষ্টিটিউশনের কথা তুলছেন। আমি জৈল সিং-এর নাম অবশ্যই করব—আপনারা তাঁকে প্রেসিডেন্ট তৈরী করতে পারেন—আমি আবার তাঁর নাম করছি। কারণ পাঞ্জাবে বর্তমান পরিস্থিতির জন্য জৈল সিং এর ভূমিকা আছে। সেজন্য আমি অজস্রবার তাঁর নাম করব। সঞ্জয় গান্ধীকে দিয়ে আপনারা সেখানে ভিন্দ্রেনয়ালাকে ক্ষমতায় ফিরিয়ে আনার চেষ্টা করেছিলেন। আপনারা সেখানে উগ্রপন্থীদের সৃষ্টি করেছিলেন এবং সাম্প্রদায়িকতার সৃষ্টি করেছিলেন। সমস্ত জায়গাতে, রাজ্যে রাজ্যে আপনারা এই একই কায়দা অনুসরণ করে চলেছেন। ইতিহাস কথা বলে। বেশী দূরে যাবার দরকার নেই, স্বাধীনতার বেশ কিছু আগে সাম্প্রদায়িকতার কথা একবার ভাবুন। যখন ভারতবর্ষের স্বাধীনতার জন্য সমস্ত মানুষ পাগল হয়ে উঠেছিল, যখন স্বাধীনতা আন্দোলন ক্রমশঃ তীব্রতর হয়ে উঠছিল, তখন এই এঁরাই ততবেশী করে সাম্প্রদায়িকতার বীজ বপন করে চলছিলেন দেশের সমস্ত স্থানে। যারফলে আমরা দেখেছিলাম 'মুসলিম লীগ', 'হিন্দু মহাসভা' এই সমস্ত সাম্প্রদায়িক শক্তির জন্ম হয়েছিল। এই সাম্প্রদায়িক শক্তির কাছে কংগ্রেস সেদিন মাথানত করেছিল। আজও সেই চিত্র। আজও চলছে বিভেদ নীতি ও লড়াই। যে পুঁজিবাদী চিন্তার ফলে বৃটিশ তথা সাম্রাজ্যবাদী শক্তি দেশের মধ্যে সাম্প্রদায়িকতার ঘাঁটি গড়েছিল ও টিঁকিয়ে রেখেছিল, ঠিক একই ভাবে এই কংগ্রেস দল দেশের মধ্যে সাম্প্রদায়িক শক্তি, বিচ্ছিন্নতাবাদের সৃষ্টি করে চলেছে। এর ফল আজ আমরা লক্ষ্য করছি। আজ তপশীল জাতি ও তপশীল উপজাতি, ইত্যাদি নানা কথা বলা হয়। ভারতবর্ষ স্বাধীনতা লাভের ৩৬ বছর পরেও দেশের মানুষের একাংশ আজও অনুন্নত কেন ? আজও কেন সারা ভারতবর্ষে তথা রাজ্যের বিধানসভাতে ৮০ লক্ষ্য শিশুর প্রাথমিক শিক্ষা নিয়ে বিচার করতে হবে ? আপনারা বলেন, আমরা ধর্ম নিরপেক্ষ ও সমাজতন্ত্রের আদর্শ নিয়ে চলি। তাহলে প্রশ্ন রাখি, স্বাধীনতার এত পরেও কেন একটা সমাজ অনুন্নত রয়ে গেল ? সারা ভারতবর্ষে আপনারা এই কথা বলছেন। পশ্চিমবাংলার বিধানসভাতে এই কথা বলতে অসুবিধা হচ্ছে। তাই আইন শৃঙ্খলাকে টেনে এনেছেন। সৌমেন মিত্র মহাশয় সংশোধনী দিয়েছেন—সরকার নাকি শান্তি কমিটি ও নাগরিক কমিটির মধ্যে দিয়ে কাজ করছেন, প্রশাসন চালাচ্ছেন।

আমাদের সৌভাগ্য, অজিত পাঁজা মহাশয় এখানে এসেছেন। তিনি বলেছেন, হেমেন মণ্ডল নাকি তাঁকে এলাকায় ঢুকতে দেয় নি। রাজ্য কংগ্রেস (ই) সভাপতি আনন্দবাবু বলছেন, হেমেন মণ্ডল কংগ্রেসের লোক। আবার সুব্রতবাবু বলছেন, হেমেন মণ্ডল কংগ্রেসের কেউ নয়। এখানেও ওদের মধ্যে গণ্ডগোল দেখা দিয়েছে। ওরা যখন লাঠি, বোমা ইত্যাদি নিয়ে পথে নামে তখন স্বাভাবিক কারণে এক এক সময় হতচকিত হয়ে পড়ে। একথা ভাবতে আজকে সত্যিই লজ্জা লাগে যখন ওঁরা বলেন শান্তি কমিটি বা নাগরিক কমিটির মধ্যে দিয়ে পুলিশ তথা প্রশাসনকে শক্তিশালী করা হচ্ছে। স্বাধীনতার পরে একই চিন্তা ওঁদের রয়ে গেছে। স্বাধীনতা

আন্দোলনে কার্যতঃ যারা বিরোধিতা করেছিল, তাদের ছাড়া ভারতবর্ষ চলতে পারে না—একথা ভাবতেও অবাক লাগে।

আপনারা মানুষকে সে ক্ষমতা দেননি। আমরা পঞ্চায়েতের মাধ্যমে মানুষকে কিছু ক্ষমতা দিয়েছি। ওরা বলেছেন পঞ্চায়েতের মধ্য দিয়ে দুর্নীতি এসেছে। হাজার হাজার পঞ্চায়েত যেখানে তৈরী হয়েছে তার মধ্যে ২/৪ জন খারাপ লোক থাকবেই। কিন্তু যদি সচেতন হয়ে দেখেন তাহলে দেখবেন সি. পি. এমের পক্ষ থেকে, আমাদের এবং আর. এস. পির পক্ষ থেকে বেশ কিছু লোককে এরজন্য দল থেকে বিতাড়িত করা হয়েছে। অথচ আপনারা যারা খারাপ কাজ করে তাদের আপনারা কোলে টেনে নেন। তাদের দিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি খারাপ হোক সে চেষ্টা আপনার করেন। খিদিরপুরের ঘটনাকে কেন্দ্র করে আপনারা রাজনৈতিক ফয়দা লুঠতে চাইছেন। ধর্মঘটের সময়ে দেখলাম সুব্রতবাবু এবং ডাঃ শিশির বসু যাবেন সেই মিছিল পরিচালনা করতে। আমরা মানুষকে সচেতন করতে চাই। আমরা যা করিনি তা বলিনি। বলা হচ্ছে এটা নেই, ওটা নেই। রাজ্যপাল সরকারের যা সাফল্য তাই বলেছেন। ব্যর্থতা সকলের থাকে। কিন্তু আপনারা ভাল দিকগুলি দেখতে পাননি। বললেন আমরা সব খারাপ করে দিয়েছি, সোনার বাংলা করতে পারিনি। পেটের ভাত যোগাড় করার জন্য আপনাদের আমলে গরিব মানুষগুলো বাড়ীর মেয়েদের বাজারে বিক্রি করতো। ৩০ বছরে আপনাদের সময়ে এ জিনিষ হয়েছে। কিন্তু আমাদের সময়ে এ জিনিষ একটাও হয়নি। একটি লোকও না খেয়ে মারা যায়নি, অভাবের তাড়নায় শিশু বা পরিবারের কাউকে বিক্রি করেনি। এক আধজন দজ্জাল শাশুড়ী থাকে যারা বৌয়ের রান্না কোনদিন পছন্দ করেনা এবং একটা না একটা দোষ ধরেই। যেদিন কিছু ধরতে পারেনা সেদিন বলে একটু বেলা করে রান্না করলে গরম থাকতো। যাহোক পঞ্চায়েত ব্যবস্থার মধ্যদিয়ে আমরা প্রশাসণকে গ্রামের মধ্যে পৌছে দিয়েছি। বি. ডি. ও. বা হাকিম সাহেবরা কোথাও কোথাও অসন্তুষ্ট হলেও কাজ দ্রুত হয়েছে। জয়নাল সাহেব বললেন কোন য়্যাসেট তৈরী হয়নি। ওরা য়্যাসেট বলতে কন্ট্রাকটারকে দিয়ে ঘর বাড়ী তৈরী করার কথা ভাবেন, কারণ সেখান থেকে তাঁদের কিছু বখরা হোত। ভোটের সময়ে রাস্তাগুলি তৈরী বা মেরামত হোত। কিন্তু এখন সারা বছর গ্রামের মধ্যে কাজ হচ্ছে যাতে মানুষ সারা বছর কাজ পাচ্ছে। আপনারা আসলে চান পুঁজিবাদী ব্যবস্থা থাক। কর্জনের কথা, চটকলের কথা বললেন। কেন্দ্রের কাছ থেকে চটকলের মালিকানা ৭৫ কোটি টাকা নিয়ে এলেন চটকলের উন্নতি করার জন্য। তার কি হল? ধানের কথা বললেন, আমরা এফ. সি. আইকে দিয়ে সমস্ত জায়গা থেকে ধান কেনাতে পারছি না। তাঁরা চেষ্টা করছেন কি করে অভাব অনটন থাকে এবং গরিব মানুষের অভাব অনটন থাকলে অপেক্ষাকৃত ধনী লোকগুলোর লাভ হবে। সুতরাং এখানেই আপনাদের সঙ্গে আমাদের লক্ষ্য এবং দৃষ্টির ফারাক। সেজন্য গরিব মানুষদের ক্ষমতা আমরা দিয়েছি। ২/১টি জায়গার ভোটের কথা বললেন। এটা ঠিক ২/১টা জায়গায় আমরা হেরেছি।

[5-10—5-20 P.M.]

পতিতবাবুর বালি একটা মিজনিসিপ্যালিটি, সেখানে আমরা হেরেছি। কিন্তু আমরা আপনাদের নেত্রী ইন্দিরা গান্ধীর মত কাশ্মীরে নির্বাচনের পরে চিৎকার করে বলিনি যে রিগিং হয়েছে রিগিং হয়েছে। আমরা বলেছি প্রতিহত কর, আমরা বলেছি কোথাও ভোটের ক্ষেত্রে মার্জিন্যাল লোক আছে, কিন্তু ভোটে হেরে গেলে কাশ্মীরে বলেছেন রিগিং হয়েছে, ডাঃ ফারুক আবদুল্লাকে সরাতে হবে এ জিনিস আমরা বলিনি। আপনারা ফারুক আবদুল্লাকে দেশদ্রোহী বলেছেন যাঁরা সঙ্গে সেদিন পর্যন্ত আঁতাত করে নির্বাচন করেছেন। তারিক আবদুল্লা যিনি ১৯৬৫ সালের যুদ্ধের পরে পাকিস্তানের হয়ে রাষ্ট্রসংঘে গিয়ে ওকালতি করেছেন তাঁকে দলে নিয়ে গিয়ে আজকে ফারুক আবদুল্লার উপর দোষারোপ করছেন। এইভাবে জাতীয়তা বিরোধী যে শক্তি, রাষ্ট্র বিরোধী যে শক্তি, সাম্প্রদায়িকতাবাদী যে শক্তি তার সঙ্গে আপনারা হাত মেলাচ্ছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আপনাদের এই প্রচেষ্টার বিরুদ্ধে অত্যন্ত কঠিনভাবে দাঁড়িয়ে আছে বলেই আপনারা আমাদের উপর ক্ষিপ্ত এবং ক্ষুব্ধ। সেই কারণেই আপনাদের এই সমালোচনা। সেজন্য আপনাদের যে সংশোধনী তার বিরোধীতা করছি এবং মাননীয় রাজ্যপাল এই সরকারের হয়ে যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপাল বামফ্রন্ট সরকার বা মুখ্যমন্ত্রী রচিত ভাষণ যেটা সংসদীয় প্রথা অনুসারে রাজ্যপালের ভাষণ হিসাবে পর্যবসিত হয়ে আমাদের সামনে উপস্থাপিত করেছেন এই ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের প্রকৃত চিত্র বামফ্রন্টের রাজত্বে যা ঘটছে সেটা বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের জনসাধারণের সামনে তুলে ধরতে সাহস পাননি। একথা খুব পরিষ্কার যে বাস্তব চিত্র তুলে ধরলে পশ্চিমবঙ্গের জনসাধারণের সামনে তাঁদের মুখ থাকবে না। এই ভাষণে প্রথমতঃ যে আইনশৃংখলার বিষয়টা বলা হয়েছে তাতে তাঁরা বলেছেন অত্যন্ত নির্লজ্জভাবে যে, পশ্চিমবঙ্গ শান্তিপূর্ণভাবে বসবাস করবার রাজ্য হিসাবে পরিগণিত হতে পারে। আমার বক্তব্য জ্যোতিবাবুরা এই ভাষণ রচনা করবার সময় একবারও কি ভেবেছিলেন তাঁদের এই ভাষণ শোনবার পর উজ্জ্বলের বাবা মার মনে, ঐ তীর্থঙ্করের বাবা মার মনে, সঞ্জীবের বাবা মার মনে, সোহনের বাবার মনে, গৌরীবাড়ীর মানুষের মনে, কসবার মানুষের মনে, তিলজলার মানুষের মনে, হাওড়ার মানুষের মনে তথা পশ্চিমবঙ্গের মানুষের মনে কেমনভাবে বাজবে ? আজকে উজ্জ্বলের হত্যার মত এইরকম নিষ্ঠুর মর্মান্তিক নজীর যা পশ্চিমবঙ্গের বুকে সৃষ্টি হল তারপরেও আইনশৃংখলার কথা আপনারা বলেন ? প্র্যাক্‌টিক্যালি পুলিশপ্র শাসনকে চ্যালেঞ্জ করে সমাজ বিরোধীরা একটা নিষ্পাপ শিশুকে হত্যা করেছে। কয়েকদিন সময় পাওয়া সত্বেও তাকে জীবিত অবস্থায় মায়ের কোলে ফিরিয়ে দেওয়ার যে সরকারের ক্ষমতা নেই তারা আবার আইনশৃংখলার কথা বলে। এটা শুধু পুলিশ প্রশাসনের দিক থেকে ডিসগ্রেস নয়, ইট ইজ এ ডিসগ্রেস অন দি পার্ট অব দি গভর্নমেণ্ট, যে কোন সভ্য দেশের পুলিশ মন্ত্রী এই কারণে

ডেফিনিটলি পদত্যাগ করত। আজকে কেন সমাজ বিরোধীদের দৌরাত্ম দিনের পর দিন বাড়ছে? এর কারণ কি, হু ইজ রেসপনসিবল? সমাজ বিরোধীদের দৌরাত্ম বাড়বে এতে আশ্চর্য হবার কি আছে?

সরকার নিজে যেখানে ক্রিমিন্যালদের সিল্ড করছেন সেখানে সমাজবিরোধীদের দৌরাত্ম তো বাড়বেই। ব্যারাকপুরে কিশোর হত্যার রহস্য উদ্ঘাটনে তাঁরা ব্যর্থ হয়েছেন। এটাকে কি ক্রিমিন্যাল—দে সিল্ড করা বলেনা? কি বলবেন এটাকে? আজকে সমাজবিরোধীদের ঠ্যাঙ্গাড়ে বাহিনী হিসেবে কারা ব্যবহার করছেন? বিপ্লব নাহলে কিছু হবেনা, পুজিবাদী সমাজ ব্যবস্থায় বেকার সমস্যা, অভাবের তাড়নায় এই সমস্ত জিনিস বাড়বেই এসব কথা বলে জ্যোতিবাবুরা রেহাই পাবেননা। এই অবস্থার সুযোগ নিয়ে আপনারা মানুষকে দুর্নীতিপূর্ণ অসামাজিক জীবনযাত্রা নির্বাহ করতে উৎসাহিত করছেন। আজকে আপনারা লক্ষ্য করে দেখবেন পশ্চিমবাংলায় সিনেমা টিকিট প্রকাশ্যে ব্ল্যাকমার্কেটে বিক্রি হচ্ছে। গৌরীবাড়ীর ম্যাসাকার সরকার কি জানেননা, পুলিশ জানেনা? ওয়াগান বেকারদের ইতিহাস পুলিশ প্রশাসন জানেনা? ইজ ইট আননোন টু দি গভর্ণমেণ্ট? আজকে সর্বত্র চোরাই মালের ব্যবসা চলছে। প্রতিটি সীমান্ত এলাকায় সমাজবিরোধীরা ব্যাপকভাবে ডাকাতি করছে, চোরা চালান করছে। যাকে বলে আনেথিক্যাল মিনস্ অব লাইবলীহুড সেই দিকে আপনারা দেশের যুব সমাজকে ঠেলে দিচ্ছেন। এরা দলের নেতাদের জন্য অর্থ সংগ্রহ করে এবং এরা হচ্ছে এক একটি চেইন। এই আণ্ডারওয়াল্ড বাহিনীর সঙ্গে শাসক দল এবং পুলিশ প্রশাসনের যোগসাজস রয়েছে। ক্যান ইউ ডিনাই ইট? এর হচ্ছে দলের নেতাদের জন্য অর্থ সংগ্রহের একটা সোর্স এবং সরকার বিরোধী গণ আন্দোলনকে দমন করবার জন্য এই ঠেঙ্গাড়ে বাহিনী তৈরী করা হয়েছে। দুঃখের বিষয় এই সমস্ত সমাজবিরোধীদের দমন করতে পুলিশ প্রশাসন ব্যর্থ হয়েছে। গণ আন্দোলন দমন করার ক্ষেত্রে পুলিশের তাণ্ডব পশ্চিমবাংলার মানুষ জানে। বাসভাড়া বৃদ্ধি প্রতিরোধ আন্দালনে পুলিশের গুলিতে ৩ জন মারা গেছে, প্রেস ফটোগ্রাফাররা নিগৃহীত হয়েছেন, সাংবাদিকরা নিগৃহীত হয়েছেন। কিছুদিন আগে দেখলাম জুনিয়র ডাক্তারদের আন্দোলনকে দমন করার জন্য পুলিশ প্রশাসমের ভূমিকা বিরাট। হাসপাতালে ঢুকে পুলিশ ডাক্তারদের পিটিয়েছে। ডাক্তারদের সঙ্গে পুলিশ এবারে যে ব্যবহার করেছে তা আনপ্যারালাল। এ জিনিষ কল্পনাও করা যায়না। আজকে নকশাল হত্যার নামে নদীয়া এবং জলপাইগুড়িতে ১৩ জন নকশাল বলে পরিচিত যুবককে নৃশংসভাবে যে হত্যা করা হল তার কোন তদন্ত হলনা, দোষীদের শাস্তি দেওয়া হলনা। এই জিনিস যখন পশ্চিমবাংলায় চলছে তখন আপনারা শান্তি শৃংখলার উন্নতি হয়েছে বলে তৃপ্তি লাভ করেন।

[5-20—5-30 P.M.]

একজন দায়িত্বশীল মন্ত্রী চ্যালেঞ্জ করেছেন এই ৭ হাজার খুন হয়েছে তাদের নাম দিতে পারেন? হ্যাঁ নাম দিতে পারে on behalf of the opposition, I face the challenge.

আমি বলতে চাই মোর ছান ৮০০০ খুন হয়েছে। আপনাদের স্বরাষ্ট্র মন্ত্রী কি জবাব দেবেন ? Here is the record, আনষ্টার্ড কোয়েশ্চেন রিটন কোয়েশ্চেন আছে। আমি বলছি let teh Home Minister deny, লেফ্‌ট ফ্রন্ট গভর্ণমেণ্ট ইনসটলেসন ৮ হাজার খুন হয়েছে। Let them deny, উনি আবার চ্যালেঞ্জ করলেন এ্যাজ ইফ এই রকম যেন খুন হয়নি। এই হোল এখানকার আইন শৃংখলার চিত্র। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে শিক্ষার প্রশ্নে এই বার আসি। ৩১ নং এবং ৩৫ নং অনুচ্ছেদে এই ভাষণে বলা হয়েছে শিক্ষা ও সংস্কৃতির জন্য এই বামফ্রন্ট সরকার কত কি করেছেন কত রকম শিক্ষা প্রসারের কর্মসূচী নিয়েছেন, কতখানি শিক্ষা অনুরাগী এই সরকার। কিন্তু কার্যক্ষেত্রে আমরা দেখছি কি ? শিক্ষা সংস্কৃতি মনুষ্যত্বকে এঁরা নিধন করবার চেষ্টা করছেন। প্রথমিক স্তর থেকে ইংরাজী তুলে দেবার ব্যাপারে অনেক আলোচনা হয়েছে। এবারে একটি সর্বনাশা পদক্ষেপ ওঁরা নিচ্ছেন—প্রাথমিক স্তরে অর্থাৎ চতুর্থ শ্রেণী পর্যন্ত সমস্ত ছেলে-মেয়েদের অটোমেটিক প্রমোসন চালু করছেন। অর্থাৎ ভর্তি হবার পর থেকে—ভর্তি হতে পারলে ছেলে-মেয়েরা চতুর্থ শ্রেণী পর্যন্ত উঠে যেতে পারবেন। কিন্তু তার পঞ্চম শ্রেণীতে যেতে গেলে এ্যাডমিসন টেষ্ট অতিক্রম করতে হবে। সেখানে অসংখ্য ছাত্র ছাত্রীকে প্রাথমিক স্তরে ইতি হয়ে যেতে হবে। এইভাবে তারা শিক্ষাকে সংকোচন করছেন। তাদের লেখাপড়া বন্ধ করে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এ বছরেই দেখুন অনেক ছেলে-মেয়ে পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে পারছে না। অনেক গার্জেন হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারা তাদের ছেলে-মেয়েদের জন্য কিছুই ব্যবস্থা করতে পারছে না। এই কি শিক্ষার নিরবচ্ছিন্ন মূল্যায়ণ। অন্যান্য দেশের সঙ্গে তুলনা করলে কি মনে হবে ? আজকে শিক্ষার কি উপকরণ। অনেক স্কুল গাছের তলায় বসে, ঘরের চালা পর্যন্ত নেই। একটা ব্ল্যাক বোর্ড নেই বছর পার হয়ে গেলেও পাঠ্য পুস্তক গিয়ে পৌছায় না। ক্লাসের উপযোগী শিক্ষক নাই। এইসব সর্বনাশা কাজ ওঁরা করছেন। আজকে প্রাথমিক স্তর থেকে ইংরাজীকে তুলে দিয়েছেন। এর প্রতিবাদে দেশ বরেণ্য শিক্ষাব্রতী সকল স্তরের মানুষ প্রতিবাদে মুখর হয়ে উঠেছিল। তাতে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু বলেছিলেন যে ইংরাজী তো একেবারে তুলে দেওয়া হচ্ছে না। ইংরাজীকে বিসর্জন দেওয়া যায় না—ইংরাজী রিপ্লেস করা চলে না। প্রসাসনিকের সর্বক্ষে ইংরাজীর প্রয়োজন আছে। এতোই যদি প্রয়োজন বুঝলেন তাহলে ইংরাজীকে প্রাথমিক স্তর থেকে তুলে দিলেন কেন ? আপনাদের নাতনির তো ব্যবস্থা রেখে দিয়েছেন। মন্ত্রীদের ছেলেমেয়েদের ইংরাজী শিক্ষাকে অব্যাহত করে রেখে দিয়েছেন।

কিন্তু সাধারণ ঘরের ছেলেদের এই সর্বনাশ করে যাচ্ছেন। ফলে আজকে সর্বনাশা একটা জায়গায় আপনারা ঠেলে দিচ্ছেন। এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, আজকে ল এ্যাণ্ড অর্ডারের কোশ্চেন উঠেছে, ল এ্যাণ্ড অর্ডার নিয়ে সকলে চিৎকার করছেন, সবাইকে ভাবিয়ে তুলেছে, সবাই উদ্বিগ্ন। কিন্তু এই ল এ্যাণ্ড অর্ডার আরও বেশী ডেটরিয়েট করবে, যদি এই সর্বনাশা এডুকেশন্যাল পলিশি চলে, যা মনুষ্যত্বকে সংহার করছে, এই মনুষ্যত্ব সংহারকারী বিবেক, মনুষ্যত্ব সংহারকারী শিক্ষা পশ্চিমবাংলায় আগামী দিনে ল এ্যাণ্ড অর্ডারের কোশ্চেনকে আরও নিম্নমুখী করবে, আরও সর্বনাশা

দিন আসবে। আমি সময় পেলে এই জায়গায় আসবো। আর একটা কথা এখানে বলা হচ্ছে, জেনে-শুনে বলা হচ্ছে কিনা আমি জানি না, জ্যোতিবাবু বলছেন এবং সম্প্রতি জ্যোতিবাবু তাঁর একজন স্তাবক পেয়েছেন সুব্রত বাবুকে, গতবার সুব্রতবাবু বলেছিলেন যে আমরা ঐ এস. ইউ. সি'র মত প্রাথমিক স্তরে ইংরাজী শিক্ষা তুলে দিয়ে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষার আমরা পক্ষপাতি। অদ্ভুত কথা, এই কথা জ্যোতিবাবু বলেন, কে বলছে, শিক্ষা সংকোচন বিরোধী স্বাধিকার রক্ষা কমিটি, তারা যে কথা বলছেন, অন্যান্য শিক্ষাবিদরা যে কথা বলছেন, আমরা যে কথা বলছি, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা, এই প্রশ্ন নিয়ে কে জিদ তুলেছে ? আজকে নয়, ১৯৩৬ সাল থেকে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা —ইতিহাস যদি জানেন, একটু পাতা উল্টে দেখবেন, ১৯৩৬ সাল থেকে, আশুতোষ মুখার্জীর আমল থেকে ডিগ্রী স্তর পর্য্যন্ত মাতৃভাষার মাধ্যমে শিক্ষা চালু হয়েছে, সেখানে বামফ্রন্ট সরকারের কোন ক্রেডিট নেই। কোশ্চেন হচ্ছে, আপনারা দেশের ব্যাপক সাধারণ মানুষের অংশকে ইংরাজী শিক্ষার প্রাথমিক স্তর থেকে তুলে দিচ্ছেন, এটা কেন ? ফেস করার যদি সাহস থাকে, সরাসরি ফেস করুন। অবশ্য সুব্রতবাবুর উপায় নেই, বিরোধিতার ছলে জ্যোতিবাবুর শিক্ষা নীতিকে সমর্থন করতেই হবে, কারণ এই ভাষা নীতি, এই শিক্ষানীতি ইন্দিরা কংগ্রেস সরকারের, দীর্ঘদিনের তাদের পরিকল্পিত শিক্ষা নীতি, যেটা তাঁরা এখানে জনরোষের সামনে কার্য্যকরী করতে পারেন নি, বামফ্রন্টের বাম পন্থা মুখোস নিয়ে, জনবিরোধী এই নীতিকে কার্য্যকরী করতে চলেছেন। ফলে প্রাথমিক স্তরে শুধু ইংরাজী শিক্ষার প্রশ্নই নয়, এখানে কংগ্রেসের সংগে তাঁরা যেমন ঐক্যমত এবং ঐ নো ডিটেনশন স্কীম বামফ্রন্ট সরকার এখানে চালু করেছেন। কেন্দ্রীয় সরকার ৮ম শ্রেণী পর্য্যন্ত নো ডিটেনশন স্কীম চালু করছেন। ফলে আজকে ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণী এবং বাম পন্থার মুখোসধারী দল, এরা সকলে আজকে পুঁজিপতিদের স্বার্থে ভারতবর্ষে ফ্যাসিবাদের স্বার্থে এই জনবিরোধী শিক্ষা নীতি, ভাষা নীতি দেশের মানুষের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মূল্য বৃদ্ধির ব্যাপারে যদি আলোচনা করা যায়, যেটা পশ্চিমবাংলার জনজীবনে মারাত্মক ভাবে বিপর্য্যস্ত করে ফেলেছে এবং সেই সম্পর্কে বামফ্রন্ট সরকারের আদৌ কোন উদ্বেগ আছে কিনা জানি না, তাঁরা ভাষা ভাসা দু চারটি কথা বলেছেন। কিন্তু এই ক্ষেত্রে তাঁরা যেটা বলছেন যে মূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। কেন্দ্রীয় সরকারের উপর দায় দায়িত্ব চাপিয়ে তাঁরা তাঁদের দায়িত্ব স্খালন করেছেন। অথচ গোটা দেশের মানুষ জানে, পশ্চিমবাংলার মানুষ জানে যে আজকে পুঁজিবাদের স্বার্থে, ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর বিশ্বস্ত সেবাদাস হিসাবে নিজেদের প্রমাণ করার প্রতিযোগিতায় লিপ্ত কেন্দ্রের কংগ্রেসী সরকার এবং পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার উভয়ের দর এবং দর নীতি আজকে মূল্য বৃদ্ধির একমাত্র কারণ। উভয়েই আজকে বাজেট এবং বাজেট বহির্ভূতভাবে যেভাবে কর বাড়াচ্ছেন, দর বাড়াচ্ছেন, তার ফলে জিনিস পত্রের দাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ফলে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করলে এক দোষে দুষ্টিত হবে। ফলে আমি আজকে তাদের প্রশ্ন করতে চাই, কারণ এঁরা যেমন প্রশাসনিক উপায়ে দর বাড়াচ্ছেন, আপনারাও দর বাড়াচ্ছেন, বিদ্যুতের দর বাড়িয়েছেন, দুধের দর বাড়িয়েছেন, রেশনে চাল গমের

উপর ট্যাক্স করেছেন, বিভিন্ন ক্ষেত্রে ট্যাক্স বসিয়েছেন বিভিন্ন ভাবে, কিছু বাজেট বহির্ভূতভাবে। গতবার ৪০ কোটি টাকা আপনারা ট্যাক্স বসিয়েছেন, কেন্দ্রীয় সরকারের পদাংক অনুসরণ করেছেন, আজকে এই জিনিস করেছেন। আজকে পশ্চিমবাংলার জনসাধারণ আপনাদের কাছে প্রশ্ন করতে পারে মূল্য বৃদ্ধির জন্য। আপনারা তো প্রায় কম করে ৭ বছর ক্ষমতায় এসে গেছেন।

[5-30 –5-40 P.M.]

কিন্তু এই ৭ বছরের মধ্যে আপনারা মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিস সহজলভ্য করার জন্য কোন গণমুখী কার্যকরী প্রকল্প গ্রহণ করতে পারেন নি। কোন গণমুখী কার্যকরী প্রকল্প গ্রহণ করতে পেরেছেন? চোরাকারবারীদের হাত থেকে মানুষকে মুক্তি দেবার জন্য খাদ্য শস্য সহ সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করেননি কেন? কংগ্রেস আমলে রাষ্ট্রীয় বাণিজ্য পাইকারী ব্যবসার ক্ষেত্রে যা ছিল সেটাকেও আপনারা প্রত্যাহার করে নিলেন কেন? আপনারা জোতদারদের উপর লেভি ধার্য্য করেননি কেন? তাদের লেভির আওতা থেকে মুক্ত করলেন কেন? চালকল মালিকদের লেভি মুক্ত করেছেন কেন? এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট প্রয়োগ করে চোরাকারবারী, মজুতদার, কালোবাজারী, মুনাফা-খোরদের বিরুদ্ধে উপযুক্ত কার্যকরী ব্যবস্থা নেন নি কেন? এই সমস্ত ব্যবস্থা না নেবার ফলে পশ্চিমবাংলায় মূল্যবৃদ্ধি ঘটেছে। এই মূল্য বৃদ্ধিতে বামফ্রন্ট সরকারের অবদান যে কম নেই, এই কথা অস্বীকার করবার উপায় নেই। এই কথা ভাষণের মধ্যে এতটুকু স্বীকার করে নেবার মত সৎ সাহস এদের নেই। আপনারা বলছেন এবার নাকি বাম্পার ক্রপ হয়েছে, অথচ সেখানে আপনাদের আভ্যন্তরীণ খাদ্য সংগ্রহের লক্ষ্য মাত্রা ১ লক্ষ ২৫ হাজার টন ধার্য্য করা হয়েছে। এর মধ্যে কতটুকু আবার সংগৃহীত হয়েছে সেটা আমরা জানি না। বাম্পার ক্রপ হওয়া সত্বেও আজকে যেটুকু সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য করেছেন সেটা প্রয়োজনের তুলনায় খুবই কম। অর্থাৎ এইভাবে আপনারা জোতদার, কালোবাজারী, মজুতদার, চোরাকারবারী, চালকল মালিকদের লেভি মুক্ত করে অবাধ চোরাকারবার করার সুযোগ করে দিচ্ছেন। ফলে পশ্চিমবাংলার মানুষের দুরবস্থা বাড়ছে। কাজেই এই মূল্যবৃদ্ধিতে আপনাদের দায়িত্বও কম নেই। আই. এম. এফ. এর কথা বলেছেন। আই. এম. এফ. এর লোন যেমন মূল্য বৃদ্ধিতে সাহায্য করেছে, তেমনি ওয়ারল্ড ব্যাংকের ঋণও পশ্চিমবাংলাকে জর্জরিত করে তুলেছে। ওয়ারল্ড ব্যাংকের ঋণ গোটা পশ্চিমবাংলাকে জর্জরিত করে তুলেছে। এর কনডিসনগুলি খুবই ষ্ট্রিনজেন্ট। এর ফলে মূল্যবৃদ্ধি ঘটেছে। আমার আর সময় নেই, লাল আলো জ্বলে গেছে। আপনি বসার জন্য অনুরোধ করে চলেছেন। কাজেই আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাব সমর্থন করছি। এই প্রস্তাবের উপর বিতর্ক চলাকালে বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ বিশেষ

করে ডাঃ জয়নাল আবেদিন এবং ডাঃ শিশির বসু মহাশয় যে বিশেষণগুলি দিয়ে তাদের আলোচনার সূত্রপাত ঘটালেন সেগুলি খবরের কাগজের ভাল ক্যাপসান হতে পারে, কিন্তু তার প্রতিপাদ্য বিষয় তারা সাবস্ট্যানসিয়েট করতে পারেন নি। মূলতঃ তারা আমাদের রাজ্যের যে উপসর্গগুলি দেখা দিয়েছে সেগুলি নিয়েই আলোচনা করলেন, মূল রোগ নির্ণয়ের দিকে গেলেন না এবং যাবার চেষ্টাও করলেন না। আজকে সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক অবস্থা যে জায়গায় গিয়ে দাঁড়িয়েছে—বিশেষ করে কেন্দ্রীয় সরকার এই অর্থনৈতিক সমস্যার ভারে যেভাবে জর্জরিত হয়েছে, যেভাবে হোঁচট খাচ্ছে তাতে তারা কেবল তাদের নিজেদেরই পিট বাঁচাতেই সচেষ্ট এবং রাজ্যগুলির স্বার্থকে উপেক্ষা করে তারা কেবল নিজেদের কৃতিত্বই জাহির করার জন্য ব্যস্ত। সেই জন্য রাজ্যপাল মহোদয় তার ভাষণে যথার্থই বলেছেন যে ক্রমাগত রাজ্যের দাবীগুলিকে উপেক্ষা করা হচ্ছে এবং এই রাজ্যের প্রতি যে অবিচার হচ্ছে কেন্দ্রীয় সরকার মনোযোগসহকারে সেদিকে দৃষ্টি দিচ্ছেন না। তাদের অভাব অভিযোগ, চাহিদার দিকে নজর দিচ্ছেন না। রাজ্যপাল তাঁর ভাষণে আরো বলেছেন সরকারী ক্ষেত্রে যে সম্পদ সংগৃহীত হয় এবং রাজ্যগুলির মধ্যে তা যেভাবে বণ্টন করা হয় তাতে তাদের অংশ কেবল দিনের পর দিন কমেই যাচ্ছে।

পঞ্চাশের দশকে যেখানে রাজ্যসরকারগুলিকে পঞ্চান্ন শতাংশ সাহায্য দেওয়া হ'ত এখন সেটা ৩০ শতাংশে এসে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে একদিকে মানুষের অভাব অভিযোগ, দুর্দশা দিনের পর দিন বাড়ছে, তাদের প্রত্যাশা বাড়ছে আবার অন্যদিকে যেটুকু সুযোগ সুবিধা রাজ্যসরকারগুলির হাতে ছিল, যেটুকু সম্পদ সংগ্রহের সূত্র এবং সম্ভাবনা রাজগুলির হাতে ছিল তাও দিনের পর দিন সংকুচিত করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার এক একটি ফতেয়া জারি করে এই সমস্ত কাজ করছেন। বেকার সমস্যার কথা আজ সারা ভারতবর্ষেই আলোচিত হচ্ছে। পশ্চিমবঙ্গে রেজিষ্ট্রিকৃত বেকারের সংখ্যার ক্ষেত্রেও পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। বামফ্রন্ট সরকার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দেবার নীতি ঘোষণা করার পর এবং বেকারভাতা প্রবর্তন করার পর যেসব বেকার আগে নাম লেখান নি তারাও আজকে নাম লেখাচ্ছেন ফলে রেজিষ্ট্রিকৃত বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এরা আগেও বেকার ছিল, হঠাৎ বেকার হয়নি কিন্তু আগে নাম লেখায়নি, এখন নাম লেখাচ্ছেন। এই বেকার সমস্যার সমাধানের জন্য এ পর্য্যন্ত কতটুকু কি করা হয়েছে? স্মরণাতীতকালে আমরা জানি দুর্গাপুরে একটি ভারি শিল্প গড়ে উঠেছিল, তারপর আর এরাজ্যে ভারি শিল্প গড়ে ওঠে নি। এই বিধানসভা থেকে বারবার এ সম্পর্কে প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে কতকগুলি শিল্প এখানে চালু করা হোক, রাজ্যের মন্ত্রীরা বার বার দিল্লী গিয়েছেন, এ সম্পর্কে তদ্বির করেছেন, ধর্ণা দিয়েছেন, তাদের বোঝাবার চেষ্টা করেছেন, মুখ্যমন্ত্রী মহাশয়ও বারবার চিঠি লিখেছেন কিন্তু সেই সমস্ত শিল্প বা কলকারখানা এখানে গড়ে ওঠে নি, সে সম্পর্কে সবুজ সংকেতও পাওয়া যায়নি। এই যদি অবস্থা হয় তাহলে কি করে বেকার সমস্যার সমাধান হতে পারে? তারপর দামোদর নদীর অববাহিকা অঞ্চলে বাঁকুড়ার মেজিয়া থেকে পুরুলিয়া পর্য্যন্ত যে বিশাল উন্নত মানের কয়লার ভাণ্ডার রয়েছে সেই কয়লা উত্তোলনের কাজ আজ পর্য্যন্ত আরম্ভ

হয়নি। এই কয়লা উত্তোলনের কাজ যদি আরম্ভ করা যেত তাহলে বিরাট একটা কোল ডিভিসান এখানে সৃষ্টি হতে পারতো এবং লক্ষাধিক লোকের চাকরির সম্ভাবনা দেখা দিত কিন্তু কেন্দ্রীয় সরকার এখনও পর্য্যন্ত এক্ষেত্রে সেই ভাবে সাড়া দিচ্ছেন না বা এগিয়ে আসছেন না। এই কয়লা উত্তোলনের কাজ এটা কি বামফ্রন্ট সরকার করবে? বামফ্রন্ট সরকারের কি সে ক্ষমতা আছে? আমরা দেখছি কেন্দ্রীয় সরকার নিজের দায়িত্ব পালন করছেন না আর এখানে তাদের যারা প্রতিনিধি আছেন তারা সব কিছুর জন্য দোষ চাপাচ্ছেন বামফ্রন্ট সরকারের উপর। কৃষির উন্নতির কথা বলা হয়েছে। স্বাধীনতার পর থেকে আমরা জানি কৃষির উন্নতির জন্য, সেচের উন্নতির জন্য মানুষ বারবার আবেদন জানিয়ে এসেছেন কিন্তু বিশেষ কিছুই করা হয়নি।

আমরা জানি বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বীরভূম থেকে আরম্ভ করে উত্তরবঙ্গের বিস্তির্ণ এলাকায় কোন সেচব্যবস্থা নেই। বিংশ শতাব্দীর প্রান্ত সীমায় এসে আজকেও চাষীকে আকাশের দিকে তাকিয়ে থেকে বৃষ্টির জন্য অপেক্ষা করতে হয়। যে বছর ভালো বৃষ্টি হয় সে বছর চাষীর মনে উৎসাহ জাগে, তারা চাষ করে, ফসল উৎপাদন করে আর যে বছর বৃষ্টিতে কার্পণ্য দেখা যায় সে বছর তারা হাহুতাশ করে। হাজার হাজার, লক্ষ লক্ষ চাষীকে আজও অদৃষ্টের উপর নির্ভরশীল হয়ে থাকতে হয়। কোন নির্দিষ্ট পরিকল্পনা নিয়ে সেচের উন্নতির জন্য কৃষির উন্নতির জন্য আজও চেষ্টা হল না। এই যখন অবস্থা তখন আমরা দেখলাম ওরা কৃষি নিয়ে বড় বড় সব কথা বলে যাচ্ছেন।

[5-40—5-50 P.M.]

শিক্ষা নিয়ে এখানে অনেক কথা উঠেছে এবং মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারও অনেক কথা বলেছেন। আমি সেগুলির উত্তর দেবার প্রয়োজন মনে করি না। কারণ এই বিষয়ে বহুবার উত্তর দেওয়া হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়ে এখানে কথা উঠেছে। বিরোধী দলের সদস্যরা রাজ্যপালের ভাষণে কনসিলমেণ্টের অভিযোগ করেছেন। আবার অনেকে বলেছেন যে রাজ্যের শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। আমি তাদের এই কথা বলতে চাই যে আজকে হাজার হাজার, লক্ষ লক্ষ শিশুরা প্রাথমিক বিদ্যালয় থেকে মাধ্যমিক বিদ্যালয়ে লেখাপড়া করার জন্য এগিয়ে এসেছে। এই জিনিস আগে কখনও দেখা যায়নি। আজকে বামফ্রন্ট সরকারে আসায় শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে এবং এর ফলে যারা শিক্ষার আলো থেকে বঞ্চিত ছিল তারা সেই সুযোগ নিতে এগিয়ে এসেছে। আমাদের নানা সমস্যা দেখা দেবে ঠিক, কারণ এত বিরাট সংখ্যক ছেলেমেয়ের বসার জায়গা আমরা দিতে পারছি না। অতিরিক্ত শিক্ষক দেওয়া প্রয়োজন কিন্তু সেটাও দিতে পারছি না। তা সত্ত্বেও আজকে এই শিক্ষা নীতির জন্য যে বিশাল সংখ্যক ছাত্রছাত্রী শিক্ষার সুযোগ গ্রহণ করতে এগিয়ে এসেছে এবং সে জন্য আমরা গর্বিত।

আজকে এই সরকার গ্রামোন্নয়নের ক্ষেত্রে যে পদক্ষেপ গ্রহণ করেছে, আই. আর. ডি. পি. পরিকল্পনার মাধ্যমে, এন. আর. ই. পি. পরিকল্পনার মাধ্যমে সেটা গ্রামে গেলে যে কোন মানুষের

চোখে পড়বে। আমি সেটা এখানে বক্তৃতা দিয়ে বোঝাতে চাই না এবং সেটা এখানে বোঝাবার প্রয়োজন নেই। স্যার, এরা চোখ থাকতে অন্ধ এবং কান থাকতে বধির। এরা কোন কিছু বুঝতে চায়না। এরা শুধু সমালোচনা করতে হয়, নিন্দা করতে হয় তাই করবেন এবং এই হাউসকে সেইভাবে ব্যবহার করে যাবেন। একজন মাননীয় সদস্য বললেন যে সরকার লক্ষ্য হারিয়ে ফেলেছেন। আমি তাঁকে বলি যে সরকার লক্ষ্য হারিয়ে ফেলেন নি। সরকার তার স্থির লক্ষ্য সামনে রেখে এগিয়ে চলেছে এবং এগিয়ে যাবার যে গতি সেটা অব্যাহত আছে। বিরোধী পক্ষের বন্ধুরা সেই গতিকে অবরুদ্ধ করার জন্য নানাভাবে চেষ্টা করে চলেছেন। কারণ বিরোধী বন্ধুরা ঘোলা জলে মাছ ধরতে ভালবাসেন এবং ঘোলা জলেই তারা মাছ ধরতে অভ্যস্ত। রাজ্যে ডামাডোল হলে লুঠপাট করে খেতে তাদের সুবিধা হয়। কিন্তু পশ্চিমবাংলার মানুষ তাদের আর সেই সুযোগ দেবেন না। তারা যতই চিৎকার করুন না কেন সাধারণ মানুষ তাদের সেই চিৎকারে কোন কান দেবেন না। আজকে সাধারণ মানুষ তাদের যে স্থান করে দিয়েছে, সেই স্থানটাকে তারা আগামী দিনে বজায় রাখুন তাহলেই তাদের কৃতিত্ব বুঝবো। এই বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের আশীর্বাদে ক্ষমতায় এসেছে এবং তাদের আশীর্বাদ নিয়েই এগিয়ে যাবে এবং আমাদের সীমিত ক্ষমতার মধ্যে সাধারণ মানুষের জন্য যতটুকু করা যায় সেটা আমরা করে যাব। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে বাধা আসছে সেই সম্পর্কে মানুষকে সজাগ করে দেবার যে কাজ সেটা বামফ্রন্ট সরকার করে যাবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব এখানে এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহব্বুল হক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন এবং সে ভাষণের সমর্থনে যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করব কিনা তা একটু চিন্তা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, যে একটা প্রবাদ বাক্য আছে, 'পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়।' সরকার পক্ষ পাগলের মত রাজ্যপালের মুখ দিয়ে সার্টিফিকেট নেবার জন্য পশ্চিমবাংলার প্রকৃত চিত্রকে, প্রকৃত অবস্থাকে লুকিয়ে রাখবার চেষ্টা করেছেন, তাতে আমার ঐ প্রবাদ বাক্যের কথা মনে পড়ে যাচ্ছে। রাজ্যপালের মুখ দিয়ে সরকার যা বলিয়েছেন তাকে আমার মনে হচ্ছে পাগলের প্রলাপ। অতএব আমি আপনাকে দয়া করে অনুরোধ করব, আপনি পাগলের দলে যাবেন না, স্বাভাবিক সুস্থ মানুষদের দিকে থাকবেন। স্যার, গতকাল থেকে এই বিতর্ক শুরু হয়েছে, বেশ কয়েক জন মাননীয় সদস্য ইতিমধ্যেই তাঁদের বক্তব্য রেখেছেন। কালকে কমলবাবু বক্তব্য রাখবার সময়ে আমাদের দিকে হাত দেখিয়ে বললেন যে, 'কি হচ্ছে তা ওঁরা বুঝতে পারছেন না।' স্যার, আমি ওঁকে বলি, আমরাও ১৯৭২ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত ঐদিকে ছিলাম এবং ওঁদের মধ্যে থেকে মাত্র কয়েক-জন তখন এ-দিকে ছিলেন (মুষ্টিমেয় কয়েক-জন)। তখন আমরা যে কথা বলতাম, আজকে ওঁরা সে কথা বলছেন। কারণ শাসক দলে থাকলে ঐরকম কথাই বলতে হয়। আজকে হয়ত ওঁদের সেসব দিনের কথা মনে নেই। একটু আগে মিঃ সেনগুপ্ত বললেন, কাশ্মীরে কংগ্রেস হেরে গিয়ে রিগিং হয়েছে বলে চিৎকার করছে।

এই প্রসঙ্গে আমি ওঁদের স্মরণ করিয়ে দিতে চাই—গণতন্ত্রে ওঁরা নাকি বিশ্বাস করেন, গণতান্ত্রিক পদ্ধতিতে এখানে শাসনে এসেছেন—'৭২ সালে যখন নির্বাচন হয়েছিল এবং সেই নির্বাচনে যখন জনগণ গণতান্ত্রিক পদ্ধতিতে ওঁদের ছাঁটাই করেছিল তখন ওঁরা যে কয়টি মাত্র আসনে নির্বাচিত হয়েছিলেন সেই কয়েকটি আসনের প্রার্থীদের সৎ-সাহস হয়নি এই বিধানসভায় আসার, তখন ওঁরা রিগিং হয়েছে, রিগিং হয়েছে বলে চিৎকার করেছিলেন। ওঁদের মধ্যের কয়েকজন যে সমস্ত এলাকা থেকে নির্বাচিত হয়েছিলেন সেই সমস্ত এলাকার ওঁরা সে সময়ে এখানে প্রতিনিধিত্ব পর্যন্ত করেননি। সুতরাং আজকে ওঁদের মুখে আর ঐ সমস্ত কথা শোভা পায় না। স্যার, কালকে মাননীয় ভক্তিভূষণ মণ্ডল মহাশয় হঠাৎ মুখ ফসকে বেফাঁস কথা বলে ফেলেছেন যে, সিস্টেম চেঞ্জ করতে হবে। এর ফলে আজকে ওঁদের স্বরূপ আমাদের কাছে পরিষ্কার হয়েগেছে। অবশ্য আমরা জানি ওঁরা বর্ণচোরা, গণতন্ত্রের নামাবলি গায় দিয়ে নির্বাচনে জিতে ক্ষমতায় এসেছেন, কিন্তু প্রকৃত পক্ষে ওঁরা গণতন্ত্র বিশ্বাস করেন না এবং ওঁদের কার্যকলাপ বিশ্লেষণ করলেই তা প্রমানিত হয়। স্যার, আপনি একটু চিন্তা করে দেখুন গোটা রাজ্যের কি অবস্থা হয়েছে। আজকে বিভিন্ন জায়গায়, বিভিন্ন অফিসে ওঁরা দলীয় স্বার্থে কাজ-কর্ম পরিচালিত করছেন। স্যার, একটু আগে মাননীয় শিশিরবাবু গণতন্ত্রের যে সংজ্ঞা দিয়েগেলেন তার সঙ্গে ওঁদের কার্যকলাপ মিলিয়ে দেখলেই আপনি দেখতে পাবেন যে, ওঁরা জনগণের দ্বারা নির্বাচিত হয়ে জনগণের মঙ্গল করার পথে না গিয়ে দলীয় স্বার্থ রক্ষা করে চলেছেন। জনগণের স্বার্থে কাজ করলে আমাদের কিছুই বলার ছিল না। কিন্তু আমরা দেখছি কোথাও তা হচ্ছে না। বিভিন্ন সরকারী দপ্তরের কো-অর্ডিনেসন তার প্রমাণ। এ বিষয়ে আরো অনেক উদাহরণ দেওয়া যেত, কিন্তু আমার সময় কম তাই আমি আর সে সবের মধ্যে যাচ্ছি না। এখানে বামফ্রন্ট সরকার রাজ্যপালের মুখ দিয়ে বলালেন যে, এই রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থা অন্য রাজ্যের তুলনায় অনেক ভাল। কিন্তু গোটা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির যে কি অবস্থা তা যদি আমরা এই সভায় উল্লেখ পর্বে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্যগুলি শুনি তাহলেই বুঝতে পারব। উভয় পক্ষের সদস্যরা একই সুরে এখানে প্রতি দিন বলছেন যে, অমুক জায়গায় অন্যায় হচ্ছে, অমুক জায়গায় অত্যাচার হচ্ছে, পুলিশের কাছে মানুষ যাচ্ছে, থানায় ডাইরি করতে যাচ্ছে, কিন্তু পুলিশ ডাইরি পর্যন্ত নিচ্ছে না, কোথাও কোন প্রতিকার হচ্ছে না। এর থেকেই বোঝা যাচ্ছে যে, যদি রাজ্যে আইন-শৃঙ্খলা থাকত, শান্তি বিরাজ করত তাহলে নিশ্চয়ই সমস্ত অন্যায় অত্যাচারের প্রতিকার হ'ত, তাহলে এই সভার উভয় পক্ষের সদস্যদের মুখ থেকে আর ঐসব কথা বের হ'ত না। স্যার, আমি গোটা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কথা এখানে না বলে, আমি শুধু আমার নির্বাচন কেন্দ্রের কথা আপনার সামনে তুলে ধরছি।

[5-50 –6-00 P. M.]

ডাকাতি কিরকম হচ্ছে সেটা একবার শুনুন, খরবা হাসপাতালে গত ৩০-১২-৮৩ তারিখে ডাকাতি হয়ে গেল এবং এরফলে ১০ বেডের হাসপাতাল বন্ধ হয়ে গেল। ৫-২-৮৪ তারিখে তশিরুদ্দিনের

বাড়ীতে ডাকাতি হয়ে গেল, ৬-২-৮৪ তারিখে পিমেদআলির বাড়ীতে ডাকাতি হলো, ৭-২-৮৪ তারিখে মতিহারপুরের লালুমুদির বাড়ীতে ডাকাতি হলো—এই রকম পর পর দিনের পর দিন ডাকাতি হচ্ছে। আমার কাছে ২২টি ডাকাতির লিষ্ট আছে। অল্প সময়ের জন্য পড়তে পারছি না। আপনারা এখানে বলেন আইন-শৃঙ্খলা সর্বত্র বিরাজ করছে এবং কংগ্রেস অধিবেশনই তার সার্টিফিকেট। পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বজায় আছে বলেই কংগ্রেস অধিবেশন হয়ে গেল—এই দাবী আপনারা করছেন। কিন্তু ঘটনাটি তা নয়। আমাদের ব্যাখ্যা হচ্ছে, পশ্চিমবাংলার মানুষ নিষ্পেষিত, সন্ত্রস্ত, অত্যাচারিত। তাই আমরা এখানে কংগ্রেস অধিবেশন করে মানুষের মনে সাহস ফিরিয়ে আনার চেষ্টা করেছি। যেমন সরকারী তরফ থেকে আইন-শৃঙ্খলা ফিরিয়ে আনবার জন্য নাগরিক কমিটি করে মানুষের মনে সাহস ফিরিয়ে আনবার চেষ্টা করছে ঠিক তেমনি পশ্চিম-বাংলার মানুষকে সাহস দেবার জন্য কংগ্রেস অধিবেশন করা হয়েছিল। তাই বলছি, যারা শাসক তারা চাবুক যাদের মারে তাদের কথা ভুলে যায় কিন্তু যারা মার খায় তারা কিন্তু ভোলে না। বিগত যে দুটি উপ-নির্বাচন হয়ে গেল যেমন, মালদা জেলার কালিয়াচক এবং নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ তারই প্রমাণ। আজ পশ্চিমবাংলার গ্রামের মানুষ কিভাবে অত্যাচারিত হচ্ছে, নিষ্পেষিত হচ্ছে, কিভাবে আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে তারই প্রমান ঐ দুটি উপনির্বাচনে জনসাধারণ দিয়ে দিলো। আমার অনেক কথা বলার ছিল কিন্তু সময় অল্পের জন্য আর বেশি কিছু বলতে পারলাম না। পরিশেষে আমি এই কথা বলতে চাই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহঃ নিজামুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে উপস্থাপিত করলেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। ওনার ভাষণের মধ্যে কি ছিল? আমাদের বামফ্রন্ট সরকার কি কি কাজ করতে পেরেছেন, কতটা অগ্রগতি হয়েছে, কোথায় বাধা—এইসব বিষয় তিনি তাঁর ভাষণের মধ্যে রেখেছেন এবং এই সীমিত ক্ষমতার মধ্যে যতটুকু করা হয়েছে তা বলা হয়েছে। আমি কিন্তু বিশেষ করে রাজ্যপাল মহাশয় যে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলেছেন—রাজ্যের সীমিত ক্ষমতার কথা—সেই সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। আজকে এটা শুধু পশ্চিমবাংলার মানুষের কথাই নয় যেকথা পশ্চিমবাংলার বামপন্থীরা তুলেছিল সেইকথা কিন্তু আজ সারা দেশ জুড়ে সমস্ত রাজ্যে রাজ্যের মানুষ—এমনকি প্রো-কংগ্রেস এবং কংগ্রেসী রাজ্যে গোপনে অথবা প্রকাশ্যে এটাকে সমর্থন করতে বাধ্য হচ্ছে। তাই আজকে আমরা দেখতে পাচ্ছি সেই কারণে সারা দেশ জুড়ে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠেছে। আমি এই প্রসঙ্গে পরে আসছি। ১৯৩৫ সালে যখন গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া এ্যাক্ট বৃটিশ সাম্রাজ্য-বাদের সময় তৈরী করা হয়, যখন রাজ্যগুলিকে ক্ষমতা দেওয়া হয়নি, সমস্ত ক্ষমতা যখন কেন্দ্রীভূত করে কেন্দ্রের কাছে রাখা হয়েছিল তখন তার বিরুদ্ধে সারা দেশ জুড়ে সংগ্রাম হয়েছিল।

তাদের মধ্যে কংগ্রেস ছিলেন। তাঁরা প্রতিবাদ করেছিলেন। সংগ্রাম করেছিলেন। কিন্তু দেশ স্বাধীন হবার পর দুর্ভাগ্যবশতঃ যখন ১৯৫০ সালে আইন তৈরী হল তখন আমরা দেখতে

পেলাম সেই আইন হচ্ছে ১৯৩৫ সালের আইনেরই ধাঁচে তৈরী করা। তাতে রাজ্য সরকারকে কিছু কিছু ক্ষমতা দিলেও পরবর্তী কালে এই ৩৬ বছরের মধ্যে আমরা দেখতে পেলাম বার বার সেই আইনকে সংশোধন করে এবং একজিকিউটিভ অর্ডারের মাধ্যমে যে ক্ষমতাটা দেওয়া হয়েছিল সেটা কেড়ে নেওয়া হচ্ছে এবং এই জন্যই এইভাবে তাঁরা রাজ্যগুলিকে বার বার বিধ্বস্ত করছেন যাতে তাদের কেন্দ্রের উপর নির্ভরশীল হতে হয়। রাজ্যের দায়িত্ব অনেক বেশী, রাজ্যের মানুষ তাদের রাজ্যসরকারকেই চেনে, কিন্তু রাজ্যসরকার এই সমস্ত কাজ করতে পারছে না বলে বেকার সমস্যা বাড়ছে, দেশে কোন কলকারখানা খুলছে না। কিন্তু রাজ্যের হাতে ক্ষমতা থাকলে এইগুলো হতে পারবে, তাই তাদের হাত থেকে এগুলো সরিয়ে রাখা হয়েছে। আজকে আমাদের দেশের ৭৫ ভাগ মানুষ নিরক্ষর, তারা বুঝতে পারে না যে এর জন্য কারা দায়ী। কিন্তু সেই রাজ্য সরকারকে কোন ক্ষমতা দেওয়া হয় না। তাদের হাত থেকে সমস্ত রকম রিসোর্সেস কেন্দ্র কেড়ে নিচ্ছে। রাজ্যপাল তা সামগ্রিকভাবে এখানে উল্লেখ করেছেন। ১৯৫০ সালে দেশের সমস্ত সম্পদের ৫৫ ভাগ রাজ্যগুলিকে বণ্টন করা হোতো, আজকে দেখা যাচ্ছে সেটা মাত্র ৩০ ভাগে এসে দাঁড়িয়েছে। আমি সেজন্য আর্টিকেল ২৮০ ক্লজ ৩, সাব ক্লজ (এ) এই আইনটিকে বদল করার কথা বলছি এবং এ্যামেণ্ডমেণ্ট করে সেখানে এই কথা লেখা হোক যে দেশের সমস্ত সম্পদের ৭৫ ভাগ এই রাজ্যগুলি পাবে। এটা যদি না করা হয়, রাজ্য যদি শক্তিশালী না হয় তাহলে কেন্দ্রেও শক্তিশালী হতে পারে না। এই অন্যায়টা হচ্ছে এবং এটা হতেই থাকবে। আবার তার মধ্যেও দেখতে পাচ্ছি কেন্দ্রের নীতি সমস্ত রাজ্যের ক্ষেত্রে সমানভাবে নাই। বিশেষ করে পূর্বভারতের পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা ইত্যাদি, এদের প্রতি বিমাতৃসুলভ মনোভাব দেখানো হচ্ছে। তাদের যা প্রয়োজন তা দেওয়া হচ্ছে না। আমি দু-একটা উদাহরণ দিচ্ছি, যা থেকে বুঝতে পারা যাবে। গত ১৯৮২ সালের ৩১শে মার্চ ইনডাসট্রিয়াল ডেভালাপ ব্যাংক অফ ইণ্ডিয়া মহারাষ্ট্রকে দিয়েছিলেন ৮৫১ কোটি টাকা, গুজরাটকে দিয়েছিলেন ৭৬৯ কোটি টাকা, এই দুটি রাজ্যকে মিলিয়ে দিয়েছিলেন ১৬২০ কোটি টাকা, আর পূর্বভারতে পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা এই তিনটি মিলিয়ে দিয়েছিলেন মাত্র ৫৩৮ কোটি টাকা। তার মধ্যে পশ্চিমবঙ্গ হচ্ছে ৩০০ কোটি টাকা। আর একটা উদাহরণ দিচ্ছি, ঐ ৩১শে মার্চ ১৯৮১-৮২ যার হিসাব আমি পেয়েছি মহারাষ্ট্রকে দেওয়া হয়েছে ৮৩ কোটি টাকা, মহারাষ্ট্র এবং গুজরাট দুটি মিলিয়ে দেওয়া হয়েছে ২৭৩ কোটি টাকা, আর এদিকে পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা এই তিনটি মিলিয়ে ১৩৩ কোটি টাকা, পশ্চিমবঙ্গ তার মধ্যে পেয়েছে ৭২ কোটি টাকা।

[6-00 – 6-10 P.M.]

আজকে ক'লকাতা বন্দরের দিকে তাকালে দেখা যাবে যে এই বন্দর দিনের পর দিন মার খাচ্ছে। আগে যে সমস্ত জাহাজ এই বন্দর হয়ে যাতায়াত করতো, তার অনেকগুলোই আজ দক্ষিণের বন্দর হয়ে যাতায়াত করছে। এই বন্দরের উন্নতি করবার জন্য যে ২ কোটি ১৭ লক্ষ

টাকা মঞ্জুর করা হয়েছিল, তার মাত্র এক তৃতীয়াংশ খরচ করতে পারলেন। আজকে ওঁরা এখানে অনেক বড় বড় কথা বলছেন। বলছেন যে অনেক খাতেই নাকি বরাদ্দকৃত অর্থ আমরা খরচ করতে পারিনি। আমি জিজ্ঞাসা করতে চাই—কলকাতা বন্দরের উন্নতির জন্য বরাকৃত ঐ ২ কোটি ১৭ লক্ষ টাকার মধ্যে মাত্র এক তৃতীয়াংশ কেন খরচ করা হয়, এর জবাব কি তাঁরা দিতে পারেন? আমি মনে করি এই বন্দরকে মার খাওয়াবার জন্য উদ্দেশ্যমূলকভাবেই এটা করা হচ্ছে। হলদিয়া বন্দরের জন্য ১৯৮১-৮২ সালে ২ কোটি টাকা মঞ্জুর করা হোল, খরচ করা হোল ১ কোটি ৩২ লক্ষ টাকা। কে দায়ী এর জন্য? এরজন্য কি কেন্দ্রীয় সরকার দায়ী নয়? এরজন্য কি বামফ্রন্ট সরকার দায়ী? আজকে উল্লেখ পর্বে মাননীয় সদস্য সরল দেব মহাশয় দমদম এয়ারপোর্ট-এর কথা বলছিলেন। আমরা দেখতে পাচ্ছি—যখন দমদম ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ছিল, তখন বেশীরভাগ ফ্লাইট এই বন্দর হয়ে যাতায়াত করত। আজকে সেটা বন্ধ করে দিয়ে বোম্বাই, দিল্লী এয়ারপোর্টের উন্নতি করে অনেক ফ্লাইট এখান থেকে ডাইভার্ট করা হয়েছে। কে করেছেন এটা? রাজ্য সরকার না কেন্দ্রীয় সরকার? কেন এই রকম আচরণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে? এটা আজকেই হয়েছে তা নয়, বামফ্রন্ট সরকার ক্ষমতা রয়েছে বলে হয়তো বেশী করে করা হচ্ছে। তবে এই মনোভাব বহু আগে থেকেই চলে আসছে একথা বলতে পারি। চটশিল্পের কথাই ধরুন। আজকে দেশজুড়ে চটকল শ্রমিকরা ধর্মঘট করেছেন। ওঁদের দাবী হচ্ছে সমস্ত চটকল শিল্পের জাতীয়করণ করতে হবে। কেন্দ্রীয় সরকার এদিকে কর্ণপাতও করছেন না। বিগত ৩৬ বছর ধরে কেন্দ্রীয় সরকার কোটি কোটি বিদেশী মুদ্রা এই শিল্প থেকে অর্জন করেছেন। সাথে সাথে একচেটিয়া ৬/৭টি পরিবার এই শিল্প থেকে কোটি কোটি টাকা বিগত ৩৬ বছর ধরে আয় করেছে। কিন্তু এই ৩৬ বছরের মধ্যে এই শিল্পে অর্থ লগ্নী করে উন্নতি করার ক্ষেত্রে তাঁরা কিন্তু কিছুই করেন নি। তাঁরা এই শিল্পর মুনাফার টাকা নিয়ে অন্য প্রদেশে গিয়ে অন্য রকম শিল্প গড়ে তুলেছেন। এই কেন্দ্রীয় সরকার সেই সমস্ত একচেটিয়া পুঁজিপতিদের ঐ সমস্ত কারখানা করবার জন্য লাইসেন্স দিয়েছেন। আমাদের শ্রমিকরা খেটে যে সম্পদ সৃষ্টি করবে, সেই সম্পদ এখননে লগ্নী হবেনা, কেন্দ্রীয় সরকারের লাইসেন্সের ভিত্তিতে তা অন্য রাজ্যে করা হবে! আজকে যদি এই চটকল জাতীয়করণ করা না হয় তাহলে এই শিল্পকে বাঁচান সম্ভব নয়।

কেন্দ্রীয় সরকার নানাভাবে এই সমস্ত একচেটিয়া পুঁজিপতি মালিকদের টাকা দেয়। এই ভাবে চট শিল্প বাঁচতে পারে না। এই শিল্পকে বাঁচাবার একমাত্র উপায় হলো এই সমস্ত চট কলকে জাতীয়করণ করা। এছাড়া অন্য কোন উপায় নেই। আমাদের রাজ্যে চা বাগিচাগুলি দিনের পর দিন বন্ধ হয়ে যাচ্ছে, রুগ্ন হয়ে যাচ্ছে। চা বাগিচার মালিকরা এমন আচরণ করছে যাতে করে চা শিল্প ক্রমশঃ রুগ্ন হতে চলেছে। কেন্দ্রীয় সরকার এই চা শিল্প থেকে অনেক বিদেশী মুদ্রা আয় করেন। কিন্তু এই চা বাগিচার যে উন্নতি করা দরকার সেই দিকে তাঁরা দৃষ্টি দেন না। চা বাগিচাগুলি বন্ধ হয়ে যে চা শিল্প রুগ্ন হয়ে যাচ্ছে, এই শিল্পকে যে জাতীয়করণ করার জন্য কেন্দ্রীয়

সরকারের এগিয়ে আসা দরকার—এই ব্যাপারে তাঁরা এগিয়ে আসছেন না। এই শিল্প কি পশ্চিমবাংলায় আছে বলেই জাতীয়করণ করা হচ্ছে না? এই রাজ্য সরকারের তো এই শিল্প থেকে কোন আয় হয় না, সমস্ত আয় তো কেন্দ্রীয় সরকার করে থাকেন। কেন শ্রমিকদের উপর অবহেলা করা হচ্ছে? আমাদের বুক চিরে কয়লা তোলা হচ্ছে। সেই কয়লা সারা ভারতবর্ষে বণ্টন করা হচ্ছে। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই সেই কয়লা বণ্টন করার সময় সব চেয়ে কম কয়লা কেন পশ্চিমবাংলাকে দেওয়া হয়? এই জন্য কি যে এখানে কোন শিল্প যাতে গোড়ে উঠতে না পারে? এখানকার মানুষ না খেতে পেয়ে মরুক? এখানকার মানুষ দারিদ্রের মধ্যে পড়ুক? এই রকম আচরণ আপনারা করছেন। এখানে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দিয়ে উঠুক, প্রতিক্রিয়াশীল শক্তি মাথা চাড়া দিয়ে উঠুক এটা আপনারা চান। পশ্চিমবাংলায় এই বামফ্রন্ট সরকার আছে বলে এই সব শক্তি মাথা চাড়া দিয়ে উঠতে পারছে না। আমাদের যে সময় সূতা দরকার ঠিক সেই সময় আমরা সূতা পাবো না। এইভাবে চললে সূতা কল বাঁচতে পারে না। তাছাড়া আমাদের যখন অন্য প্রদেশ থেকে সূতা আনতে হয় তখন আমাদের ক্ষেত্রে রেলওয়ে ফ্রেট বেশী পড়ে। কয়লা যেমন সারা ভারতবর্ষে সরবরাহ করা হয় সেই রকমভাবে সূতা সারা ভারতবর্ষে সরবরাহ হয় না। আমাদের নিজেদের ভাড়া দিয়ে সূতা আনতে হয়। এইভাবে সূতা কল বাঁচানো যায় না। ৩৬ বছর ধরে এইভাবে আস্তে আস্তে পশ্চিমবাংলার সূতাকল বন্ধ হয়ে যাচ্ছে। দেশ স্বাধীন হবার আগে বাংলার রেশম শিল্পের একটা নাম ছিল। মুর্শিদাবাদের রেশম শিল্প সারা পৃথিবী বিখ্যাত ছিল। কিন্তু এখন আমাদের গায়ের কাপড়ের জন্য নির্ভরশীল হতে হচ্ছে অন্য রাজ্যের উপর। এই অবস্থার সৃষ্টি করেছেন কেন্দ্রীয় সরকার, এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? ওনারা বেকার সমস্যার কথা বলেছেন। বলেছেন কেন্দ্রীয় সরকার নাকি চারদিক দিয়ে বেকারদের সাহায্য করছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই আমাদের এই পশ্চিমবাংলায় যে লক্ষ লক্ষ ছেলে বেকার, তাদের জন্য যে পরিকল্পনা হলো হলদিয়ায় পেট্রো কেমিক্যাল এবং জাহাজ মেরামতের কারখানা তৈরী করা হবে, সেটা কেন্দ্রীয় সরকার কেন করলো না? কেন ইন্দিরা গান্ধী দু'বার ক্ষমতায় আসার পরেই এই ব্যাপারে ঢিলেমি করে যাচ্ছে? আমি আপনাদের জিজ্ঞাস করি আপনারা কি চান না হলদিয়ায় পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স এবং জাহাজ মেরামতের কারখানা তৈরী হোক? আমি জিজ্ঞাস করতে চাই দুর্গাপুরে ট্রাক তৈরী করার কারখানা করার ব্যাপারে এখনও কেন টালবাহনা চলছে?

[6-10—6-20 P. M.]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, সল্ট লেক সম্বন্ধে আমি একটা বিষয় বলতে চাই। ওখানে ১০১ একর জমি ইলেকট্রনিক কারখানা তৈরী করার জন্য আমরা রেখেছি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমতি প্রয়োজন। সেখান থেকে অনুমতি পাওয়া গেল না, নাকচ করে দিলেন তাঁরা। কি বলে তাঁরা নাকচ করে দিলেন জানেন? তাঁরা বললেন, এটা হচ্ছে বর্ডার রাজ্য। আধুনিক যুগ হচ্ছে এটা। বর্ডার রাজ্য বলে সল্টলেকে কোন ইলেকট্রনিক্স কারখানা হবে না, এই রাজ্যে ঐ

রকম কারখানা করতে ভয় আছে। ভয় হচ্ছে পাশের রাজ্য বাংলাদেশকে। যে রাষ্ট্র যাত্রী পরিবহণের জন্য বিমানের ব্যবস্থা করতে পারে না, যাদের কোন বিমান নেই, ঠিকমত সৈন্যবাহিনী নেই, তাদেরকে আমাদের কেন্দ্রীয় সরকার ভয় পাচ্ছেন! ভয়ে তাঁরা কাঁপছেন। ভয়ে কাঁপছেন না কিন্তু পাকিস্তানকে, যাদের আছে এফ-১৬, এবং অন্যান্য অত্যাধুনিক মারাত্মক অস্ত্র এবং বিমান ইত্যাদি সংগ্রহ করে যারা নিজেদের সুসজ্জিত করে রেখেছে। হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ—ঐ সমস্ত পশ্চিম ভারতের রাজ্যগুলোতে ঐ কারখানা করতে কোন ভয় নেই। সুতরাং সেখানে ইলেকট্রনিক কারখানা হতে পারে। এফ-১৬, বিমান দিয়ে পাকিস্তান হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ বা পাঞ্জাবের কোন ক্ষতি করতে পারবে না, সুতরাং ওখানে হতে পারে। আসলে পশ্চিমবঙ্গকে ওঁদের ভয় আছে। কারণ ওঁরা আমেরিকার মিসাইল বা এফ-১৬ কে ততটা ভয় করেন না, যতটা করেন সেই পাবলিককে যাঁরা বামফ্রন্ট সরকারকে নির্বাচিত করেন। সেই জন্যই এখানে পানিসমেন্ট স্বরূপ ঐ ধরণের কারখানার অনুমতি মিলবে না। আজকের দিনে একটা বোতাম টিপে ওয়াশিংটন থেকে ১০ মিনিটের মধ্যে মস্কোকে ধ্বংস করে দেওয়া যায়। আবার মস্কো থেকে বোতাম টিপে একই সময়ের মধ্যে ওয়াশিংটনকে ধ্বংস করে ফেলা যায়। পশ্চিমবঙ্গে কেন ঐ কারখানা করার অনুমতি পাবে না, তা বুঝতে কারোরই অসুবিধা হয় না। আমাদের জনগণ ভোট দিয়ে এখানে পাঠিয়েছেন এই আশা নিয়ে যে, আমরা ঠিক ভাবে কাজ করব বলে। আইন আমরা এখানে জনগণের কল্যাণের জন্য পাশ করি এবং তা অনুমোদনের জন্য কেন্দ্রে পাঠাই। কিন্তু তাতে কেন্দ্র অনুমোদন না দিয়ে ফেলে রাখেন। ল্যাণ্ড রিফরমস্ এ্যামেণ্ডমেণ্ট বিল, ১৯৮১ আমরা পাঠিয়েছি ৩ বছর আগে। এখনও তা ওখানে পড়ে আছে। এরাই আবার বলেন, আমরা কৃষকের বন্ধু। এরা আসলে জোতদারের দালাল, সেইজন্যই এই বিলকে পাশ করছে না। জোতদারের দালাল বলে এরা ভূমিহীন কৃষকের যাতে কোন রকম উন্নতি না হয়, সেজন্যই আমাদের এখানে পাশ করা বিলকে অনুমোদন দিচ্ছে না। সেজন্য আমি দাবী করি, ২০১ নং ধারাকে বাতিল করা হোক। আমাদের রাজ্যের জন্য যে আইন তৈরী করা হবে, তার অনুমোদনের জন্য প্রেসিডেণ্টের স্বাক্ষরের কোন প্রয়োজন যেন না হয়, তার দাবী আমি জানাই। এই দাবী আমি এখান থেকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণববাবুকে জানিয়ে দিতে চাই। প্রণববাবু এবং কংগ্রেসের অনেক বন্ধুরা বারে বারে বলেছেন যে রাজ্য সরকার এখানে যে টাকা লগ্নী করছে, তাতে কোন সম্পদ তৈরী হচ্ছে না।

আমার হাতে সময় অল্প, সেইজন্য আমি বেশী উদাহরণ দিতে চাই না। তবে একটি কথা বলব যে, শিক্ষা খাতে আমরা যে টাকা খরচ করছি, তা ওঁদের চাইতে ৪।৫ ভাগ বেশী। এই বেশী পরিমাণ টাকা খরচ করছি ছেলেমেয়েদের শিক্ষার জন্য। আমাদের ছেলেমেয়েদের শিক্ষার সুযোগ দিয়ে যে সম্পদ আমরা তৈরী করছি—আমার তো মনে হয়—পৃথিবীতে এর চাইতে বড় সম্পদ আর কিছু হতে পারে না। কংগ্রেসী বন্ধুরা এবং তাঁদের নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী বলে থাকেন, আমরা দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম করছি। দেশের সকল মানুষ আসুন তাঁদের সাথে হাত মেলাতে। আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই, ১৯৮০ সালে বিহারে ঝাড়খণ্ড দলের

সাথে নির্বাচনের ব্যাপারে যে সংগ্রাম করেছেন, তা কি বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম? ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে নির্বাচনের সময় গোর্খা লীগ, মুসলীম লীগ' এর সঙ্গে নির্বাচনকালে হাত মেলানো কি সঠিক নীতি? দেশ গড়ার স্বার্থে আপনারা কি সত্যিই বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম করতে পারবেন? পারবেন না। সেইভাবে এগিয়ে আসা আপনাদের পক্ষে নম্ভব নয়। আপনাদের যে নীতি তা হচ্ছে, রাজ্যগুলোকে বেশ করে বুঝিয়ে দেওয়ার, তথা শিক্ষা দেওয়ার নীতি। এই নীতি থেকে আপনারা কোনদিন সরে আসতে পারবেন না। রাজ্যগুলোকে আরও বেশী পরিমাণে অর্থ, ক্ষমতা দেওয়ার নীতি যদি আপনারা অনুসরণ না করেন, তাহলে আজকে আসামে যে অবস্থা দেখা দিয়েছে বা পাঞ্জাবে খালিস্থান, বিহারের ঝাড়খণ্ড ইত্যাদি অশুভ শক্তির জন্ম নিয়েছে, তা আরও বেশী করে দেখা দেবে রাজ্যে রাজ্যে।

দেশকে যদি বাঁচাতে চান, অক্ষত রাখতে চান, আমরা ভারতবাসী যে কোন জায়গায় থাকবো এ যদি চান তাহলে রাজ্যের হাতে বেশি বেশি ক্ষমতা দিতে হবে এবং বৈষম্যমূলক আচরণ বন্ধ করতে হবে। এটা যদি না করা হয় তাহলে অশুভ শক্তি মাথা চাড়া দিয়ে উঠবে। এর বিরুদ্ধে সংগ্রামে আমরা বামফ্রন্ট অন্যান্য মানুষকে নিয়ে এগিয়ে যাব। একটা সময় আসবে যখন আমরা সমস্ত ক্ষমতা দখল করবো তখন দেশে বেকার থাকবে না, কেউ বিনা চিকিৎসায় মারা যাবে না, কেউ বিনা শিক্ষায় থাকবে না। আজকে এই সংবিধানের মাধ্যমে সমস্ত কাজ করা যায় না। এই কয়েকটি কথা বলে রাজ্যপালের ভাষণকে স্বাগত জানিয়ে আমি শেষ করছি।

শ্রীতারাপদ সাধুখাঁঃ স্যার, রাজ্যপালের যে ভাষণ এখানে পাঠ করা হয়েছে সেটা বাস্তবে বামফ্রন্ট সরকারের লিখিত ভাষণ। এই ভাষণ পক্ষপাত দুষ্ট এবং রাজনৈতিক উদ্দেশ্যমূলক বলে আমি তাকে সমর্থন করতে পারছি না। পূর্ববর্তী বক্তারা যে ধরণের বক্তব্য সরকারের তরফ থেকে উপস্থিত করেছেন তার মধ্যে মূলগতভাবে এসেছে কেন্দ্রের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেবার প্রস্তাব। আমার কথা হচ্ছে ক্ষমতা কাদের দেয়া হবে। আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের রেলমন্ত্রী তাঁর সীমিত ক্ষমতা ও অর্থের মধ্যে থেকে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছেন ঠিক সময় মত বিভিন্ন কাজ করার এবং ভাল কাজ করার। কিন্তু আমরা এই সরকারের আমলে কি দেখতে পাচ্ছি? ওরা বলেছেন ১৪ লক্ষ ধান মিনিকিট বিতরণ করেছেন এবং তারজন্য ৭০ লক্ষ টন ফসল উৎপাদিত হয়েছে। কিন্তু এটা কি সত্য কথা? মিনিকিটের ধান যে সময় দেবার কথা ঠিক সে সময় দেওয়া হচ্ছে কিনা। যে জাতীয় বীজ ধান দিয়ে উপযুক্ত ফসল হবে সেই জাতীয় বীজ ধান দেওয়া হচ্ছে কিনা? বামফ্রন্টের সদস্যরা খবর নিয়ে দেখবেন যে সেই বীজ ধান সেদ্ধ করে তারা চাল করে নিয়েছে এবং বাজার থেকে ধান কিনে তারা রোয়া করেছে। আপনাদের পরিচালন ব্যবস্থার মধ্যে যে ত্রুটি তা থেকে যদি মুক্ত হতে না পারেন এবং যে ক্ষমতা আপনাদের দেওয়া হয়েছে সেই ক্ষমতা যদি যথাযথভাবে রূপায়িত করার চেষ্টা না থাকে তাহলে আপনাদের হাতে ক্ষমতা দেওয়া অর্থ হয় না। ১৪ লক্ষ ধানের মিনিকিটে ফসল বাড়ছে না। চাষীরা নিজেরা

চেষ্টা করে পাম্পসেট, শ্যালো টিউবওয়েল তৈরী করে ধান চাষ করছে এবং তার ফলেই ফসল হচ্ছে। তারপর দেখুন আপনাদের সেচ ব্যবস্থা কত দুর্বল। বর্ধমানের উপর দিয়ে, ধনেখালি, হরিপাল, সিংগুরের উপর দিয়ে জল যাচ্ছে—সেখানে আমরা দেখছি ওপরের জায়গায় জল বেঁধে দিয়ে উপর দিকে জল নিয়ে জলের অপচয় করছে।

[6-20—6-30 P. M.]

আমরা প্রতিবাদ করেছি, আর নিচের দিকে জল দেওয়া হবে না, ধান শুকিয়ে মারা যাচ্ছে। বামফ্রন্টের অনেক এম এল এ আছেন যাঁরা এই অবস্থার ভুক্তভোগী। একদিকে জলের অপচয় ঘটছে, আর একদিকে জলের অভাবে ধান শুকিয়ে মারা যাচ্ছে। এই বিষয়ে কোন সমন্বয় নেই। আপনারা বলেছেন আমাদের সৌমেন এবং সুব্রত মারামারি করছে, ওখানে আমাদের সভাপতির গলা টিপছে, গোপাল নাগের গলা টিপছে। এখানে দেখছি জেলা পরিষদের সভাধিপতি দরজায় চাবি দিয়ে বলছে যে আমি খুলব না, তোমার কতবড় ক্ষমতা আছে দেখাও। পরিকল্পনার বাস্তব রূপায়েনের উপর আমাদের দেশের উন্নতি নির্ভর করছে, যদি কোটি কোটি টাকা আপনারা সদ্ব্যয় করতে পারতেন তাহলে আমরা ইন্দিরাকে গিয়ে বলতে পারতাম যে ওদের হাতে আরো টাকা দিন, ওরা ভাল ভাল কাজ করছে। সেখানে আমরা রাজনৈতিক অজুহাত দেখিয়ে বাধা দিতাম না। কিন্তু আমরা দেখছি হুগলীতে জেলা পরিষদের মিটিংএ জলের জন্য আবদার করা হচ্ছে, বলা হচ্ছে যান না মায়ের কাছে গিয়ে একটু জলের জন্য ভিক্ষা করে আসুন না। আমরা ইন্দিরা গান্ধীকে বলাতে ইন্দিরা গান্ধী ওখান থেকে অর্জুন সেনগুপ্তকে পাঠিয়ে জলাধার থেকে জল ছেড়ে দেবার ব্যবস্থা করলেন। তিনি পশ্চিমবংগের ধানের কথা চিন্তা করে জল ছেড়ে ছিলেন। কিন্তু আমাদের দুঃখ আমরা সেই জলের সদ্ব্যবহার করতে পারিনি। সেজন্য বলব যতক্ষণ না তোমরা আত্মনির্ভরশীল হচ্ছ, যতক্ষণ না পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করবার ক্ষমতা তোমাদের হচ্ছে ততক্ষণ পর্যন্ত তোমাদের বেশী ক্ষমতা দেওয়া উচিত নয়। যতটুকু ক্ষমতা দেওয়া হয়েছে ততটুকু রূপায়িত করবার আগে চেষ্টা কর। গত বাজেট সেসানে আমরা মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর কাছে গিয়ে বলেছিলাম যে সামনে একটা খরা আসছে, আপনি ১০০ কোটি টাকা ইয়ার মার্ক করে রেখে দিন শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল করবার জন্য। আপনি যদি এক হাজার গ্রাম পঞ্চায়েতকে বেছে ৫টা করে ডিপ টিউবওয়েল করতেন তাহলে ফসলের জন্য ভাবতে হত না। কিন্তু আপনারা ডাইরেক্টলি লোককে ৬ টাকা করে দিয়ে কাজের সংস্থান করেছিলেন খরার টাকা থেকে। ঐ টাকাতে যদি শ্যালো টিউবওয়েল ডিপ টিউবওয়েল করতেন তাহলে খরার হাত থেকে মানুষ বাঁচত। যে সরকার কাজ রূপায়িত করতে না জানে তাকে ক্ষমতা দেওয়া উচিত নয়। দুস্থদের ঘর তৈরী করার পরিকল্পনায় প্রতি বছর পঞ্চায়েতকে ৬ হাজার করে টাকা দেওয়া হত। ৩ বছর দেওয়া হয়েছিল, তাতে ৬টা করে ঘর হয়েছিল। কিন্তু আজ ৩ বছর সেই টাকার কোন ব্যবস্থা নেই, সেই টাকা কোথায় ফেরত যাচ্ছে কেউ জানে না। আপনারা পঞ্চায়েতের প্রত্যেকটির কাজ লক্ষ্য করুন, দেখবেন সেখানে স্কুল বাড়ী তৈরী করার জন্য ২৫ হাজার করে টাকা দেওয়া হয়েছে,

তারমধ্যে ১০ হাজার টাকা খরচ হয়েছে, বাকি টাকা গায়েব হয়ে গেছে। ডিপ টিউবওয়েলের টাকা, ক্ষুদ্র সেচের টাকার ৫০ পার্সেণ্ট ব্যয় করতে পারেননি। যারা শুধু মাটি ফেলার টাকা দিলে মাটি ফেলতে পারে, টেকনিক্যাল প্ল্যান যাদের নেই, কাজ করার ক্ষমতা যাদের নেই তাদের অতিরিক্ত ক্ষমতা দেওয়ার সার্থকতা কোথায়? এদের টাকা দেওয়ায় সার্থকতা কোথায়? যদি ১০০ টাকা দিলে একটা পরিবারকে সঠিকভাবে পরিচালনা করতে পারেন তবেই তো বলা যাবে ১৫০ টাকা দিন। আপনাদের যদি সেই ক্ষমতা থাকত তাহলে কেন্দ্র আপনাদের টাকা দিতেন। আমাদের ট্রান্সপোর্ট প্রবলেমের কথা চিন্তা করুন না, স্টেট ট্রান্সপোর্টে অবাধ চুরি, সেখানে ৩০ কোটি টাকা লস। আজকে জেলায় জেলায় প্রাইভেট সেক্টরে যে গাড়ী চলছে—আগে যেখানে ২৪ খানা গাড়ী চলত আজকে সেখানে ৬ খানা গাড়ী চলছে। কেন এই অবস্থা? সেখানে কি আপনাদের টাকার অভাব ছিল? আপনারা লোককে লাইসেন্স দিচ্ছেন, লোককে বোঝান গাড়ী বের করার জন্য। রাস্তায় গাড়ী যদি বের করতে পারেন তাহলে লোকে আপনাদের ধন্য ধন্য করবে। সেখানে টাকার অভাব ছিল না, সেখানে অভাব রয়েছে আপনাদের মানসিকতার, সেখানে অভাব রয়েছে বোঝানর কোনদিন কি আপনারা বলেছেন শ্রমিককে কাজ কর, উৎপাদন বাড়াও, তোমাদের পক্ষে আমরা আছি? এটা যদি বলতে পারতেন তাহলে ইন্দিরাকে বলতে পারতাম যে ওদের আরো টাকা দিন, ওরা সত্যিকারে মনোবল তৈরী করছে, শিল্প তৈরী করছে। একদিকে আপনারা শিল্পের জন্য টাকা চাইছেন, আর একদিকে শ্রমিককে বলছেন কাজ করতে হবে না, চমৎকার বিচার।

আপনারা তাহলে শিল্প কিভাবে করবেন? আপনাদের হাতে যে সমস্ত শিল্প রয়েছে তাতে যে লোকসান দিচ্ছেন তার কারণ কি, কেন আপনারা সুপরিকল্পিতভাবে চালাতে পারছেননা? একটু আগে এখানে যে আলোচনা হচ্ছিল তাতে জানা গেল আমাদের যে সমস্ত পর্যটন সেন্টার রয়েছে সেখানে প্রচুর টাকা লোকসান হচ্ছে। আমরা দেখছি শুধু ওখানেই নয়, সরকার পরিচালনাধীন যতগুলি সংস্থা রয়েছে প্রতিটি ক্ষেত্রে লোকসান হচ্ছে। এর কারণ হচ্ছে, কারুর কোন চেতনা নেই, সদিচ্ছা নেই, কিভাবে লোকের উপকার করব সেই চিন্তাধারা নেই। এই ভাষণের মধ্যে অর্ধ সত্য এবং অসত্য তথ্য পরিবেশন করা হয়েছে এবং সেটা করে আপনারা নিজেদের নিকৃষ্ট করেছেন। আপনারা শুধু কতগুলি গালভরা কথা বলে রাজ্যপালের এই ভাষণ উপস্থিত করেছেন কাজেই এই ভাষণ আমি সমর্থন করতে পারছিনা।

শ্রীদেবীপ্রসাদ বসু ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আজকে বলবার জন্য প্রস্তুত ছিলাম না, তাহলেও বলছি। ভাষণটা পাঠ করবার সময় রাজ্যপালের বার বার আটকে গিয়েছিল বলে ওঁরা বোধহয় ভাষণটা ভালভাবে বুঝতে পারেননি। দুদিনের যে আলোচনা আমি শুনলাম তাতে দেখছি বিরোধীপক্ষ যে দুটি বিষয়ের উপর গুরুত্ব দিয়েছেন তার একটি হচ্ছে আইন-শৃঙ্খলা—এটি প্রধান এবং দ্বিতীয়টি হচ্ছে উন্নয়নের কাজ এমন কিছু হয়নি—বরং ব্যর্থ হয়েছে।

আজ একথা অস্বীকার করে লাভ নেই যে, আমাদের সমস্ত সমাজের ভেতরে উশৃংখলতা এবং অপরাধ প্রবণতা বাড়ছে। তবে এটা শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষেই বিপুলভাবে উশৃংখলতা এবং অপরাধ প্রবণতা বাড়ছে। পশ্চিমবাংলাকে ভারতবর্ষ থেকে আলাদা করে দেখা যায়না কাজেই বলা যায় এখানেও ওই মনোভাব বাড়ছে। বাড়ীর ছেলেদের সম্বন্ধে যদি গার্জিয়ানদের জিজ্ঞেস করেন তাঁদের কথা শোনে কিনা তাহলেই বুঝতে পারবেন অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে এই হচ্ছে সমাজের ভেতরের অবস্থা। কিন্তু প্রশ্ন হচ্ছে, কেন এই অবস্থা, এর প্রতিকার কি, রোগটা কি, কে এরজন্য ঔষধ ঠিক করবে? দেশবাসী সকলেই এই সমস্যায় ভুগছে। সমাজ-বিরোধী শ্রেণীর জন্ম হয় দুটো কারণে ক্ষয়িষ্ণু ধনতন্ত্রবাদী সমাজে তার অপজাত সন্তান হয় সমাজ-বিরোধী শ্রেণী এবং দ্বিতীয় কারণ হচ্ছে, গভীর নৈরাশ্য এবং হতাশায় ভুগে ভুগে সমাজবিরোধী শ্রেণীর সৃষ্টি হয়। ধনতান্ত্রিক রাষ্ট্র এই যুবক শ্রেণীকে যাতে বিদ্রোহ সৃষ্টি করতে না পারে এবং ধনতান্ত্রিক কাঠামো যাতে ভেঙে দিতে না পারে তারজন্য তদন্ত সুকৌশলে তাদের ওই উশৃংখলতার দিকে ঠেলে দেয়, অত্যন্ত নিকৃষ্ট শ্রেণীর সংস্কৃতির মধ্যে নিয়ে যায়। আজকাল দেখবেন অত্যন্ত কুতসিৎ যৌন চিত্রের ক্যাসেট পাওয়া যায় এবং সেগুলি টেলিভিসনের মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে। প্রচুর কুতসিৎ হিন্দী ছবি আজকাল বেরুচ্ছে এবং বিভিন্ন পত্র পত্রিকায়, ম্যাগাজিনে বিভিন্ন রকম যৌন ছবি ছাপিয়ে সেগুলি স্টলে স্টলে ছড়িয়ে দেওয়া হচ্ছে। এটাই হচ্ছে ধনতন্ত্রবাদের চরিত্র এবং যারজন্যই এগুলি হচ্ছে, হবে। আমাদের এখানেও এগুলি হচ্ছে ঠিক কথা, তবে এক্ষেত্রে তুলনা করতে হবে অন্যান্য জায়গার সঙ্গে।

[6-30—6-40 P. M.]

এটা পুলিশের ব্যাপার নয়, আমাদের ঘরের ব্যাপার। আমার মেয়ে বন্ধুর সঙ্গে বেরিয়ে চলে গেল—এসে বললো বন্ধুর বাড়ী গিয়েছিলাম। অনেক রাত করে ফিরলো, কিন্তু বলবার কোন উপায় নেই। এগুলি কিন্তু পুলিশের ব্যাপার নয়। এটাই বর্তমানে আমাদের সমাজের সামগ্রিক চরিত্র। এ ব্যাপারে আমাদের ভাববার অবশ্যই আছে এবং এটা ভাববার ব্যাপার। তাই বলে কি সরকার সবাইকে জেলে ভরে দেবে? কাজেই এর প্রতিকার হচ্ছে এই ক্ষয়িষ্ণু ধনতন্ত্রবাদ সমাজ যাতে ভেঙে পড়ে যায় তার চেষ্টা করা, যেটা ভক্তিবাবু, অমলেন্দ্রবাবু বললেন। অবশ্য তাতে জিজ্ঞাসা এসেছে যে তাহলে আপনারা এর মধ্যে ঢুকলেন কেন। উত্তর আছে। আমরা এসেছি এই সামগ্রিক নগ্ন চিত্রটা জনসাধারণের সামনে তুলে ধরবার জন্য। না হলে লোকের ধারণা অন্য রকম থেকে যাবে। এ সম্বন্ধে লেলিন একটা কথা বলেছিলেন। যখন রাশিয়া বিপ্লব হয়ে গেছে—ক্ষমতা দখল হয়ে গেছে, তখন দুটো ডিগ্রী ঘোষণা করতে হবে। একটা হচ্ছে সিজ ফায়ার, আর একটা হচ্ছে ল্যাণ্ড টু দি টিলার। কিন্তু লেলিন বললেন এটা ডুমোর ভেতর দিয়ে ব্যবস্থা করতে হবে। তখন পার্টির অন্য লোকরা বললো আমাদের ক্ষমতা তো দখল হয়ে গেছে, তবে আর ডুমোর ভেতরে যাবার দরকার কি আছে। লেলিন বললেন যে এর পরে প্রচণ্ড গৃহ যুদ্ধ বাধবে এবং ধনিক শ্রেণী যে হিংস্র আক্রমণ করবে তখন নিপীড়িত মানুষরা ভাববে যে লেলিন যদি এটা ডুমার

থেকে পাশ করিয়ে নিতো তাহলে এই হিংস্রতা হোত না। সুতরাং ডুমো সম্পর্কে সাধারণ মানুষের মোহ ভেঙে দেবার প্রয়োজনীয়তা আছে। সেইজন্য তিনি ডুমোর সৃষ্টি করেছিলেন। এবং সেই ডুমোয় পার্টির প্রতিনিধিদের পাঠিয়ে দিলেন। আলোচনা সুরু হোল ২৪ ঘণ্টা আলোচনা চললো এবং সেই আলোচনার সংবাদ গ্রাম থেকে গ্রামান্তরে পৌছে দেবার ব্যবস্থা ছিল—তার মাধ্যমে দেশের সমস্ত লোক সেই আলোচনা শুনছে। ২৪ ঘণ্টা আলোচনাতেও কিছু হোল না ৩৬ ঘণ্টা চলে গেল কিছু হোল। তার পর যখন ৩৮ ঘণ্টা এলো তখনও সিদ্ধান্তে এলো না, এদিকে ডুমোর খবর প্রতি মুহূর্তে গ্রাম থেকে গ্রামান্তরে পৌছে দেওয়া হচ্ছে। তখন লোকে অধৈর্য্য হয়ে বললো আর ডুমোকে সহ্য করা যায় না। তখন লেলিন হুকুক দিলেন ডুমো ভেঙে দাও, মেন-সেবিকদের গ্রেপ্তার কর। এই পথ নিয়েই আমরা সংসদীয় রাজনীতিতে এসেছি। আমরা লোককে দেখাতে চাই যে এ দিয়ে কিছু করা যাবে না, করা সম্ভবও নয়। আমাদের এখানে পুলিশ যা নেমেছে, আরও নেমে যাবে। তবুও এখনও অন্য প্রদেশের চেয়ে ভাল। আমি জানি পাটনায় আমার এক আত্মীয়ের বাড়ী আছে। সেই বাড়ীর পাশে একজন বাস করেন। ঘটনাটি পাটালিপুত্র থানার। দরগাপ্রসাদ আগরওয়াল ভদ্রলোকের নাম, আমাদেরই প্রতিবেশী। তার ছেলে মোটরবাইকে একটা মোষের বাচ্ছাকে ধাক্কা দেয়। আগারওয়ালার ছেলে তার জন্য তাকে টাকা দেয়। কিন্তু ঐ থানার সেকেণ্ড অফিসার সেই গোয়ালাকে বললে যে তুমি একটা কেস করে দাও তোমাকে অনেক টাকা পাইয়ে দেবো। এই বলে তাকে দিয়ে কেস করিয়ে দিল। তাতে আগারওয়ালার ছেলেকে এবং মোটর বাইকটিকে থানা আটক করলো। দরগাবাবু ছেলেকে জামিন করিয়ে নিয়ে এলো। কিন্তু মোটর বাইকটিকে কিছুতেই পাওয়া গেল না। বিহারের আই. জি. পি-বাবু পাটালিপুত্র থানার ও. সিকে চিঠি পাঠালেন যে জামিনে মোটর বাইকটিকে ছেড়ে দাও।

সেখানে ঐ দারোগা কি বলছে জানেন? বলছে, আমি ভুঁইহার, আমি রাজপুত আই. জি.'র অর্ডার মানবো না, আমি ছাড়বো না। এখন ওর বাড়ির পাশে সঞ্জয় গান্ধী যে বাড়িতে আসতো, সেই বাড়ির মালিক ভুঁইহার, তিনি একজন এম. এল. সি., তিনি বাড়ি ছিলেন না, গ্রামের বাড়ি থেকে পাটনার বাড়িতে গিয়েছিলেন। তিনি যখন এলেন, তাঁকে নিয়ে যাওয়া হলো সেই দারোগার কাছে, তিনি দারোগার নাম ধরে ডেকে বললেন, ছেড়ে দাও। তখন ভুঁইহার কর্ত্তা বলেছেন বলে গাড়ি ছেড়ে দেওয়া হলো। এটা কিন্তু আমাদের পশ্চিমবাংলায় কখনও হয়নি। একজন সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ ওয়েস্ট বেঙ্গল কেডারের, কিন্তু তাঁর বাড়ি উত্তরপ্রদেশে—আমি নাম বলব না, পাছে তার চাকরির ক্ষতি হয়, আমি যখন তাকে বললাম যে এইভাবে গোলমাল হচ্ছে, সমাজবিরোধীরা এইসব করছে, আপনি ইনএ্যাকটিভ হয়ে বসে আছেন কেন? উনি আমাকে বললেন দেবীবাবু, আপনি জানেন না পশ্চিমবাংলা অনেক ভাল আছে। বেশীদিন আগে নয় মাত্র দেড় বছর আগের ঘটনা জানেন? আমাদের দেশে কি হচ্ছে জানেন, বড় বড় নাম করা ডাকাতরা এম. পি., এম. এল. এ. হচ্ছে। আমি বললাম, বলেন কি? উনি বললেন হ্যাঁ। আমি তখন তাঁকে জিজ্ঞাসা করলাম কংগ্রেসের নমিনেসন পাচ্ছে? উনি বললেন হ্যাঁ, ভয়ে

নমিনেসন দিচ্ছে, তার পিছনে ব্যাকিং আছে। ভোট দিচ্ছেন লোকে? বলল, না। ওরা সার্ভে করছে—একটা লোকসভা কেন্দ্র সাতটা বিধানসভা কেন্দ্র নিয়ে, ওরা সার্ভে করে নেয় ক'টা কেন্দ্রে ভোট পাবে। ৬/৮টা কেন্দ্রে হয়ত ভোট পাবে, তার বেশী পাবে না, ভোটের দিন সেইসব কেন্দ্রে নাম করা ডাকাতরা পাগড়ী মাথায় দিয়ে, লাঠি নিয়ে গ্রামে গ্রামে দু'দিন আগে থেকে বসে আছে। গ্রামবাসীরা ভয় পেয়ে গেছে, তারা বলছে যে তুমি কেন এখানে আছ? তখন ঐ সব ডাকাতরা উত্তর দিচ্ছে ভোটের সময় পাছে গোলমাল হয়, তোমাদের অসুবিধা হয়, কাজেই তোমাদের যাতে ভোট দিতে যেতে না হয় তার জন্য বসে আছি। তারা ভোট দিতে যায় না। এইরকমভাবে ৫/৬টা ৮টা গ্রামের ভোটে তারা এম. এল. এ. হয়ে যাচ্ছে। আমি সেদিন সিং সাহেবের কথা বিশ্বাস করিনি। কিন্তু কালকে ট্রেনে আসতে আসতে এবারের সানডে সংখ্যায় দেখলাম এই কথা প্রতিধ্বনিত হয়েছে। এই জায়গায় আমরা এসে পৌছইনি। আর উন্নয়নের কথা বলছেন? উন্নয়নের কথা বলে লাভ আছে কিছু? পুরনো প্রসিডিংসগুলো খুলে পড়ুন, তখন যে অভিযোগ-গুলো বিরোধীপক্ষ আমাদের বিরুদ্ধে করেছেন ঠিক এই অভিযোগগুলোই ওঁরা যখন সরকার পক্ষে ছিলেন, পুরনো লোক কেউ নেই, একমাত্র ডাঃ জয়নাল আবেদিন আছেন—ঠিক এই অভিযোগ-গুলোই আমরা করেছি ওখান থেকে, আরও শান্ত, আরও অনুত্তেজিত এবং নিস্তব্ধ কক্ষে এবং তখন এত কোলাহল হোতোনা, কিন্তু আরও তীব্র এবং আরও শান্ত ভাষায় একই অভিযোগ আমরা করেছি। সবই এক। তাহলে ব্যাপারটা কি, এই রকম হচ্ছে কেন? সেই টাকা খরচা করতে পারিনি, টাকা ফেরত গেছে, আমরা বার বার বলেছি এই কথা, এখন ওঁরা আমাদের বলছেন। দুটোই সত্যি কথা। আমরা ওঁদের বিরুদ্ধে যখন বলেছিলাম, সেটাও সত্যি আর ওঁরা আমাদের বিরুদ্ধে বর্তমানে যেটা বলছেন সেটাও সত্যি। কেন সত্যি? সত্যি এইজন্য যে—নবদ্বীপের বিষ্টু কুমোরের কথা এই প্রসঙ্গে মনে পড়ে। নবদ্বীপে রাস পূর্ণিমা হয়, এবং সেখানে হাজার রকম ঠাকুর হয়। সব কুমোরই বায়না নিয়ে নিয়েছে ৩/৪ খানা করে ঠাকুরের। হঠাৎ একটা ক্লাব বলল তারা ভারতমাতার ঠাকুর করবে। কিন্তু কুমোর খুঁজে পাওয়া গেল না। একমাত্র শুধু বিষ্টু কুমোরের হাতই কিছুটা খালি ছিল। যেখানে সব ঠাকুরের মুণ্ড তৈরী হয় সেগুলো সাধারণতঃ ছাঁচেই তৈরী হয়। বিষ্টু কুমোর ঐ মুণ্ড ভারতমাতা ঠাকুরের ঐ মুণ্ড ছাঁচে তৈরী করে চোখ, মুখ লাগিয়ে, রং, টং করে দিয়েছে, লোকে তা দেখে বলছে এটা তো হনুমানের মুখ। তখন তারা বিষ্টু কুমোরের কাছে গেল, আমার কাছেও এল, আমিও গেলাম বিষ্টু কুমোরের কাছে, গিয়ে জিজ্ঞাসা করলাম এই রকম হল কেন? আমি মাঠে গিয়ে দেখলাম ভাল করে, হ্যাঁ হনুমানের মুখ, তখন বিষ্টু কুমোর বললে আমার একটাই ছাঁচ আছে যাতে শুধু হনুমানেরই মুখ হয় আর কিছু হয় না।

[6-40—6-50 P.M.]

এই ধনতান্ত্রিক রাষ্ট্র কাঠামো যারা তৈরী করে এসেছিলেন সেই বৃটিশের কাছ থেকে এরা উত্তরাধিকারসূত্রে তা পেয়েছেন। তারা হনুমানের মুখের কাঠামো তৈরী করে এসেছেন।

তারাও মুখ তৈরী করছেন, আমারাও করছি, কিন্তু সেই হনুমান হচ্ছে। আমরা মানুষের মুখ করার চেষ্টা করছি, তফাৎ এইটুকু। সুতরাং এই কথা বলে কোন লাভ নেই। বিদ্যুৎ উৎপাদন ঐ সময় বেশী হয়েছিল, এখন আরো বেশী হচ্ছে, কিন্তু চাহিদা এখন আরো অনেক বেশী বেড়ে গেছে। বিদ্যুতের ব্যবহার আরো বেশী হচ্ছে। খাদ্য উৎপাদনের কথা বলছেন—তখনও বৃষ্টির উপর নির্ভরশীল ছিল, এখনো বৃষ্টির উপর নির্ভরশীল আছে। সিন্ধু নদের বরফ গলা জল পেয়ে ভাকরা নাঙ্গাল সব চেয়ে বেশী সেচ সেবিত এলাকা বলে চিহ্নিত। সেখানে বলা হয়েছিল আমরা সবুজ বিপ্লব করে ফেলেছি এবার শ্বেত বিপ্লব করব, দুধ করব। গত বছর সেই সবুজ বিপ্লব মুখ থুবড়ে পড়ে গেল। তখন যা এখনো তাই—মাইনর ইরিগেসন করবেন? আপনারা কেউ খবর রাখেন? গঙ্গা আমাদের একমাত্র বরফ গলা জলের নদী। তার বেশীর ভাগ জলই উত্তরপ্রদেশ, বিহার টেনে নিচ্ছে, এখন জল আসে না। ফারাক্কার প্রথম দিকে যখন জল আসছিল তখন খাল বিল দিয়ে জল চলে যাচ্ছিল, রিভার লিফ্‌টের সুবিধা হয়েছিল। ওয়াটার লেভেল নেমে গেলে কোথায় করবেন? মাইনর ইরিগেসনেয় ব্যাপারে ওয়াটার বোর্ডের খবর কেউ রাখেন কি? গ্রামের কুয়ো, টিউবওয়েলগুলির কেউ খবর রাখেন কি? ওয়াটার বোর্ডের খবর হচ্ছে ওয়াটার লেভেল নেমে যাচ্ছে। কোথায় মাইনর ইরিগেসন করব? ফসল ফলাবেন কি করে? এটা তো সম্ভবপর নয়। সুতরাং তারা আজকে যে কথা বলছেন সেটা দেখে আমরা ভাবছি। আয়নায় দাঁড়িয়ে ক্যারিকেচার করবার আগে যেমন মানুষ মুখ-ভঙ্গী করে—তাই দেখে মানুষ বলে বাহবা বাহবা ঠিক হচ্ছে। আর ওদের বক্তব্যও সেই আয়নায় দাঁড়িয়ে নিজেরাই নিজেদের দেখে বাহবা বাহবা করে ক্যারিকেচার করছেন, তার বেশী কিছু হচ্ছে না। এখানে আর কেউ নেই, ও পক্ষের জয়নাল আবেদিনই এই কথা একমাত্র বুঝতে পারছেন। আর কেউ এটা জানেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৮৪ সালে রাজ্যপাল যেভাবে তার ভাষণ পেশ করেছেন এবং তার উপর ধন্যবাদ সূচক প্রশ্ন যেভাবে উত্থাপিত হয়েছে আমি তাকে ধিক্কার জানাচ্ছি। কারণ বাস্তবের সাথে এর কোন মিল নেই। রাজ্যপালের ভাষণ বামফ্রন্ট সরকার যেভাবে তৈরী করেছেন এবং যেভাবে তা রাজ্যপালকে দিয়ে পাঠ করানো হয়েছে তা সম্পূর্ণ উদ্দেশ্যপ্রণোদিত এবং মহামান্য রাজ্যপাল এই ভাষণের কিছু অংশ নিজে থেকেই সংশোধন করার জন্য অনুরোধ রেখেছিলেন—আমাদের কাছে খবর আছে, সংবাদপত্রের মাধ্যমে তা বলা হয়েছে। এই রকম অসত্য কথা তিনি কিন্তু পাঠ করতে চান নি, তাঁর ইচ্ছার বিরুদ্ধে তাঁকে দিয়ে এটা পাঠ করানো হয়েছে।

আইন শৃংখলা পশ্চিমবঙ্গে ভালো একথা আপনারা বলেছেন এবং আপনাদের তরফ থেকে যারা বক্তৃতা করেছেন তারা সে কথার সমর্থন করে বলেছেন যে পশ্চিমবাংলার বুকে আইনশৃঙ্খলা বিরাজ করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি প্রথমেই এই সভার

মাননীয় সদস্যদের বনগাঁতে আসবার জন্য আমন্ত্রন জানাচ্ছি। রাত্রি ৯॥ টার ট্রেনে আপনারা বনগাঁতে আসুন, দেখি আপনাদের কত সাহস। আমি জানি স্যার, আমি যদি ওদের আহ্বান করি বনগাঁতে আসবার জন্য তাহলে ওরা বলবেন, "না, না, ভাই, বনগাঁতে যাব না, এখানে খুন, ডাকাতি, ছিনতাই, রাহাজানি হয়।" সেখানকার খুনের পরিসংখ্যান যদি দেখেন তাহলে দেখবেন খুন কি হারে সেখানে বাড়ছে। মাননীয় মন্ত্রী রামনারায়ণবাবু বলেছেন, খুনীদের নাম দিন। আমি সে লিষ্ট দিতে পারি। ৪-১০-৮৩ তারিখ থেকে এখন পর্য্যন্ত ৩৯ টা খুনের বিস্তারিত খবর আমি দিতে পারি। সেখানে কে, কোথায়, কোন্ ডেটে খুন হয়েছে তার বিস্তারিত তথ্য আমি দিতে পারি। খুন হয়ে রাস্তায় মানুষ পড়ে আছে, কারুর পায়ে মাথা ঠেকছে কারুর পায়ে হাত ঠেকছে এই হচ্ছে অবস্থা। আনন্দবাজার, ষ্টেটসম্যান প্রতিটি সংবাদপত্রে এইসব খুনের পরিসংখ্যান বেরিয়েছে এবং প্রতিদিনের খুনের খবর বেরিয়েছে। এই অবস্থায় আপনারা বলছেন দেশে আইন-শৃংখলা রয়েছে। তাই যদি হয় তাহলে আসুন বনগাঁতে, দেখবেন সেখানে কি জঙ্গলের রাজত্ব চলছে। দত্তফুলিয়ার রঞ্জন ভট্টাচার্য্যকে মারা হ'ল, তার চোখ উপড়ে নেওয়া হ'ল। চাকদায় একজন পঞ্চায়েত নির্বাচনে হাত চিহ্নে ভোট দিয়েছিল বলে তার হাত কেটে নেওয়া হল। এইভাবে পশ্চিমবাংলায় ৭ হাজারের উপর মানুষ খুন হয়েছেন, সে পরিসংখ্যান আমাদের কাছে আছে। তারপর চারিদিকে ডাকাতি বাড়ছে। প্রতিদিন ডাকাতি বাড়ছে। গ্রামের মানুষ ভয়ে শহরে চলে আসছে। সবাইপুর গ্রামে এক রাত্রে ১১টি বাড়ীতে ডাকাতি হয়ে গেল। শুধু গ্রামে, গঞ্জে ডাকাতিই বাড়ছে না শহরেরও ছিনতাই বাড়ছে। আপনাদেরই সদস্য মলিন ঘোষের মলিদা যে ছিনতাই হয়ে গেল সেকথা কি অস্বীকার করতে পারেন? কাজেই আপনাদের বলব, বাস্তব অবস্থা যেটা সেটাকে স্বীকার করুন এবং তা যদি করেন তাহলে আমরাও সেটা সমর্থন করতে পারি। এ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্য পুলিশের কাছে যান সেখানে দেখবেন পুলিশ চুপ করে থাকবে। খুন হয়ে যাবার পর পুলিশ যাচ্ছে এবং সেখানে তারা অসহায় বোধ করছে। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র বনগাঁতে ৩ লক্ষ ৭৬ হাজার লোকের বাস অথচ সেখানে থানাতে মাত্র ৭ জন দারোগা, ৪ জন এ. এস. আই. এবং ১১ জন কনস্টেবল আছেন। ৫৬ কিলোমিটার সীমান্ত এলাকা এই বনগাঁতে রয়েছে এবং সেখান দিয়ে অনুপ্রবেশকারীরা এ দেশে আসছে এবং ডাকাতি করে চলে যাচ্ছে। সকাল ৮॥/৯ টার সময় একজনকে ২/৩ হাজার লোকের সামনে গুলি করে মেরে দিল এ ঘটনাও আমাদের জানা আছে।

(ভয়েস :—বি. এস. এফ. কি করছে ?)

বি. এস. এফ. তো সীমান্তে আছে। সেই সব অনুপ্রবেশকারীদের আপনারা রেশনকার্ড দিচ্ছেন, সিটিজেনশিপ দিচ্ছেন এবং তাদের এখানে বসাচ্ছেন।

[6-50—7-00 P. M.]

সেখানে আপনারা প্রশ্রয় দিয়ে চলেছেন। বাসুদেব বাগ বলে একজন পুলিশ অফিসার. তিনি সমাজ বিরোধীদের বিরুদ্ধে কিছু করতে চেয়েছিলেন তাকে শাস্তি দেওয়া হল। একজন ভাল

অফিসার তাকে ট্রান্সফার করা হল বাঁকুড়ায়। এটা ডিউ টাইমের ট্রান্সফার নয়, শাস্তি হিসাবে তাকে ট্রান্সফার করা হল। সেখানে যখন সি. পি. এম পার্টির মস্তান, এ্যান্টিসোসাল ধরা পড়ছে, বামফ্রন্টের অন্য সরিক দলের কেউ ধরা পড়ছে তখন পার্টি অফিস থেকে টেলিফোন যাচ্ছে যে ছেড়ে দিন। পুলিশ কি করবে? পুলিশের কিছু করার নেই। পুলিশ সেখানে অসহায় অবস্থা বোধ করছে। তাদের পক্ষে কোন এ্যাকসান নেওয়া সম্ভব হচ্ছে না। তারা যদি এ্যাকসান নেই তাহলে সংগে সংগে পার্টি অফিস থেকে টেলিফোন করা হচ্ছে। ভয় দেখান হচ্ছে। এর কোন প্রকৃত প্রতিকার নেই। সেই সব কথার কোন উল্লেখ নেই। রঞ্জন ভট্টাচার্য্যের চোখ তুলে নেওয়া হল। সেখানে আসামীকে গ্রেপ্তার করা হয়নি। তার কোন উল্লেখ এখানে নেই। তারপরে এই বিষয়ে প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। সেই সময়ে সংবাদপত্রে এই সব ঘটনা বের হয়েছিল। আজকে পশ্চিমবাংলার যেখানেই যান না কেন এই ধরণের জিনিস দেখতে পাবেন। আজকে যারা গ্রাম থেকে নির্বাচিত হয়ে এসেছেন, তাদের বলবো যে আপনারা গ্রামের কথা একটু চিন্তা করুন এবং গ্রামের সব ঘটনা ঘটছে সেগুলি হাউসে তুলে ধরুন। মেনশনের সময়ে, প্রশ্নের সময়ে দেখা যাচ্ছে বিভিন্ন সদস্য বলছেন যে এখানে খুন হচ্ছে, ওখানে রাহাজানি হচ্ছে, পুলিশ কিছু করতে পারছে না। তা সত্বেও রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোন স্বীকৃতি নেই, তাকে ধন্যবাদ দেওয়া হচ্ছে। আজকে রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য আপনারা দেশকে কোথায় নিয়ে যাচ্ছেন তা জানেন না।

আপনারা ভূমি বণ্টনের কথা বলেছেন। আমার কাছে ভূমি বণ্টনের ফিরিস্তি আছে। ১৯৭৬ সালে যে সমস্ত লোককে পাট্টা দেওয়া হয়েছে, তাদের মধ্যে যারা কংগ্রেস সমর্থন বলে পরিচিত তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে। আমি নাম করে বলতে পারি। বনগাঁ থানার অন্তর্গত অরবিন্দ চৌবেড়িয়া, জগন্দু ম্রিধা, ফরতপুর, দুলাল মণ্ডল, স্থটিয়া, অধির বিশ্বাস, স্থটিয়া ইত্যাদি লোকের কাছে থেকে পাট্টা কেড়ে নিয়ে সি. পি. এম-এর যারা সমর্থক তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। এইভাবে আপনারা ভূমি বণ্টন করেছেন। রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে যে ক্ষুদ্র সেচ প্রকল্পে দেশের ফসল উৎপাদনের পক্ষে সহায়ক হয়েছে। আপনি খবর নিয়ে দেখবেন যে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কোন কোন এলাকাকে ওয়াটার বোর্ড থেকে ব্লাক বলে ঘোষণা করা হয়েছে। সেখানে এগ্রিকালচারাল প্রোডাকশান-এর জন্য কিছু করা হয়নি।

সেখানে কোন প্রকল্প নেওয়া হয়নি। ১৯৮১/৮২ সালে প্রোডাকশান বাড়াবার জন্য কোন চেষ্টা করা হয়নি। এই সব স্কীমে কেন্দ্রীয় সরকার থেকে কোটি কোটি টাকা আসছে কিন্তু প্রকৃত চাষীরা কোন সাহায্য পাচ্ছে না। তারা মহাজনের কাছ থেকে টাকা নিয়ে এগ্রিকালচারাল প্রডাকশান বাড়াবার চেষ্টা করেছে। সেখানে যে সমস্ত এক ফসলী জমি আছে সেই জমিতে বেকার ছেলেরা যারা কর্মসংস্থান করতে পারেনি, তারা আজকে চাষ করছে। কাজেই এতে আপনাদের কোন কৃতিত্ব নেই।

বেকার ছেলেরা সব বোরো চাষে এনগেজড্ হয়ে গেছে, তারা ধারে ছোট ছোট পাম্প মেশিনে নিয়ে গিয়ে গ্রামাঞ্চলে জমি চাষ করছে। অথচ আজকে আপনারা বলেছেন, আপনাদের চেষ্টায় ফসলের উৎপাদন বেড়েছে, কিন্তু এ কথা সম্পূর্ণ অসত্য। প্রচণ্ড খরার পরে গ্রামাঞ্চলের মানুষ ভীষণ সংকটের মধ্যে পড়ে বাঁচার তাগিদে ফসলের উৎপাদন বাড়াবার জন্য প্রচেষ্টা চালাচ্ছে। আজকে আপনারা পরিসংখ্যান নিয়ে দেখুন, আপনারা ফিনানসিয়াল এ্যাসিসটেন্স দিয়ে, ডি. আর. ডি. স্কীম চালু করে, চাষীদের অনুদান দিয়ে, ভরতুকি দিয়ে যে সমস্ত স্কীমগুলি ফসল উৎপাদন বাড়াবার জন্য চালু করেছেন সেই স্কীমগুলি কতটুকু কার্যকরী হয়েছে। কোন এলাকায় কতটুকু কার্যকরী হয়েছে! বিশেষ কিছুই হয়নি। অবশ্য আপনারা এখানে পরিসংখ্যান দেবেন, এত হয়েছে, অত হয়েছে। আমি এখানে শুধু ২৪ পরগণা জেলার বনগাঁ মহকুমার কথা বলছি। সেখানে মাটির নীচে জল নেই, অতএব সেখানে ডি. আর. ডি স্কীমে কাজ হবে না। আমরা যখন ডিষ্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটির মিটিং'এ এবং বিভিন্ন মিটিং'এ প্রকাশ্যে বলি যে, আমরা দেখছি এখানে প্রাইভেট স্যালো কিনে একটা পাইপ আর দুটো ফিল্টার দিয়ে অনেকে জল ওটাচ্ছে, তখন সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে এখানে মাটির নীচে জল নেই, এটা ব্ল্যাক এরিয়া সুতরাং এখানে ডি. আর. ডি স্কীম চলবে না। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রায়ই বলা হয়, এখানে ব্যাঙ্কগুলি কৃষিক্ষেত্রে ঋণ দিচ্ছে না, তাদের ঋণ দিতে প্রচণ্ড অনীহা। অথচ আমরা আনন্দবাজার পত্রিকায় ষ্টেট ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়ার ম্যানেজারের স্টেটমেণ্ট দেখলাম, তাতে তিনি বলেছেন, আমাদের ঋণ দেওয়ার মত ক্ষমতা নেই, কারণ পঞ্চায়েত ইতিপূর্বে যে সমস্ত মানুষদের ঋণ দেবার জন্য রেকমেণ্ড করেছিল সে সমস্ত মানুষদের আমরা খুঁজে পাচ্ছি না। ফলে ইতিপূর্বে আমরা ঐ যে সমস্ত মানুষদের লোন দিয়েছি—ইতিমধ্যে যে টাকা ইনভেষ্ট হয়েছে—সে সমস্ত রিকভারি করা সম্ভব হচ্ছে না বা আমাদের কোন ক্ষমতা নেই। ২৪ পরগণা জেলার বনগাঁ, গাইঘাটা প্রভৃতি অঞ্চলের পঞ্চায়েত সমিতি ইতি-পূর্বে যাদের নাম ব্যাঙ্ক ঋণের জন্য সুপারিশ করেছিলেন তাদের শতকরা ৮০ ভাগই ভুয়ো চাষী। এটা আমাদের কথা নয়, ষ্টেট ব্যাংকের ম্যানেজারের কথা। ১৯৮২-৮৩ সালে ষ্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া ২৫০ কেস করেছিল, তারমধ্যে ২০০ ভুয়া। এই যদি অবস্থা হয়, তাহলে ব্যাংক কি করবে? আই. আর. ডি. পি.'র যে সমস্ত কমিটি আছে সেই কমিটি গুলি যে রেকমেণ্ডেসন দিয়েছে তাতে দেখছি দলীয় ক্যাডার, দলীয় লোকেদের মধ্যেই সমস্ত সুযোগ সুবিধা বিতরণ করা হয়েছে। ফলে ব্যাঙ্কগুলি অসহায় অবস্থায় পড়েছে। সরকার দাবী করেছেন, তাঁরা ঢালাওভাবে মিনি-কীট বিলি করেছেন, কিন্তু আমরা জানি মার্জিনাল ফার্মার এবং পাট্টা হোল্ডারদের মধ্যে যে পরিমাণ মিনিকীট দেওয়া হয়েছে তা পর্যাপ্ত নয়। সামান্য কিছু মিনিকীট, ৭০০/৮০০ বস্তা বিতরণ করা হয়েছে। তাতে কতজন মার্জিনাল ফার্মার, কতজন প্রকৃত চাষী উপকৃত হয়েছে? অধিকাংশ চাষীই মিনিকীট পায়নি। একটু আগে মাননীয় সদস্য তারাপদবাবু বলেছেন, এমন সব মানুষ মিনিকীট পেয়েছে যারা চাষী নয়, তারা তা বেচে-বুচে খেয়েছে, তা দিয়ে কোন উচ্চ ফলনশীল বীজ ধান হয়নি। উচ্চ ফলনশীল বীজ ধান এবং সার উচ্চ ফলনশীল ফসল ফলাতে প্রয়োজন,

তা মানুষকে বাজার থেকে অধিক মূল্য দিয়ে কিনতে হয়েছে, ফলে আজকে চাষের উৎপাদন খরচ বাড়ছে। চাষীরা যদি ঠিক ঠিক ভাবে ব্যাঙ্ক এবং সরকারের কাছ থেকে সাহায্য পেত তাহলে এই ভাবে ফসলের মূল্য বৃদ্ধি হত না। আজকে এই অবস্থায় আমি রাজ্যপালের ভাষণে প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-00 – 7-12 P.M.]

শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ মাননীয় উপাধক্ষ্য মহাশয়, রাজপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আজকে তারই দ্বিতীয় দিন। মাননীয় রাজ্যপাল বরাবরই বাজেট অধিবেশনের আগে তাঁর ভাষণ দিয়ে বিধানসভার কাজ আরম্ভ করেন। ১৭৬ ধারা অনুযায়ী রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণকে মাননীয় সদস্য সুব্রতবাবু কালকে বলেছিলেন যে এটা অবৈধ। মিঃ স্পীকার তাঁর রুলিং দিয়ে নাকচ করে দিলেন। তারপর থেকে আলোচনা চলছে। আমি এই প্রসঙ্গে ওনাদের একটু স্মরণ করতে বলি—। ১৯৬৯ সালে যখন ওঁরা বিরোধী পক্ষে ছিলেন তখন মাননীয় রাজ্যপাল ধরমবীরার ভাষণ নিয়ে কি অবস্থার সৃষ্টি করেছিলেন, কোর্ট-কাছারি পর্যন্ত যেতে হয়েছিল। একথা জয়নাল সাহেব জানেন। সেদিনও ধরমবীরাকে তাঁরা চেষ্টা করেছিলেন আর এখন যিনি রাজ্যপাল আছেন তাঁকেও চেষ্টা করলেন যদি কিছু অচল অবস্থা সৃষ্টি করা যায়। সেইজন্য সাত্তার সাহেব রাজ্যপাল যখন তার ভাষণ পাঠ করছিলেন তখন তিনিও পাল্টা ভাষণ পাঠ করতে লাগলেন। সুতরাং এই ইতিহাস ওদের প্রথম নয়, এই রকম নজীর বহু আছে। আইন-শৃঙ্খলা সম্পর্কে যা বলেছেন সেই সম্পর্কে দু-একটি কথা বলি। আইন-শৃঙ্খলা আছে কি নেই সেটা একটু চিন্তা করে দেখুন। আমি আপনাদের পুরানো দিনের কথা বলছি। ১৯৬৯ সালে পুলিশকে নিয়ে এসে এই বিধানসভায় কি তাণ্ডব করেছিলেন সেটা একবার স্মরণ করুন। সেইদিন সমস্ত ভাঙচুর করেছিলেন। তখন যুক্তফ্রন্ট সরকারের রাজত্ব ছিল। ভাঙচুর করার পর সেদিন জয়নাল সাহেব তাঁর বক্তব্যে বলেছিলেন "মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে গণতন্ত্রের পবিত্র মন্দিরে যখন দানবের আবির্ভাব, তখন আমি আমার কর্তব্য স্থির করেছি, এই মন্দিরের পুরোহিতের মর্য্যাদা রক্ষা করার জন্য আপনার চেয়ারের পাশে ছুটে গিয়েছিলাম, পরে আপনার ঘর পর্য্যন্ত গিয়েছিলাম"। সিদ্ধার্থবাবু কি বলেছিলেন— "কালকে বিধানসভা ভবনে যে ঘটনা ঘটেছে তাতে সারা বিশ্বের কাছে বাংলাদেশের মুখে কালিমা লেপন করা হয়েছে। পৃথিবীর প্রত্যেকটি কাগজে এই ঘটনার বিবরণ দেওয়া হয়েছে। বাংলা-দেশের রাজনৈতিক চেতনা সম্পন্ন মানুষের মুখে কালিমা লেপন করা হয়েছে"। সিদ্ধার্থবাবু আরোও বলেছেন "কালকে যে ঘটনা ঘটে গিয়েছে তার তীব্র নিন্দা আমরা গতকাল করেছি"। সুতরাং এরজন্য সিদ্ধার্থবাবুসহ আপনাদের নেতাদের ক্ষমা চাইতে হয়েছিল ও নিন্দা করতে হয়েছিল। সুতরাং আইন-শৃঙ্খলা অবনতির কথা আপনাদের মুখে মানায় না। ১৯৬৬ সালে আপনারা ছিলেন। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার হলো এবং এই ১৯৬৭ সালের মাঝামাঝি

ধরমবীরা ডঃ ঘোষকে নিয়ে মাইনোরিটি মন্ত্রীসভা গঠন করলেন। তারপর আপনার ধরমবীরাকে নিয়ে অচল অবস্থা সৃষ্টি করেছিলেন। সেইজন্য আমি একটু পূর্বের কথা স্মরণ করিয়ে দিলাম।

আইন-শৃঙ্খলা নিয়ে ওনারা আবার কথা বলেন। ১৯৭৪ সালে পুলিশমন্ত্রী ছিলেন সুব্রতবাবু। সেই দিন তিনি দুঃখ করে বলেছিলেন আমলাতন্ত্র আমাদের কিছু শুনছে না। আমাকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ যদি সহযোগিতা করেন তাহলে আইন-শৃঙ্খলা রক্ষিত হবে। তা না হলে হবে না। সুব্রতবাবুকে সেই দিন পুলিশমন্ত্রী থেকে সরে যেতে হয়েছিল। ওনারা আবার আইন-শৃঙ্খলার কথা বলেন। সেই দিনকার সেই তথ্যের মধ্যে আছে শয়ে শয়ে লোক খুন হয়েছিল। আপনারা ভুলে যাবেন না ১৯৭০ সালে যখন রাষ্ট্রপতি শাষণ জারি হয়েছিল সেই দিন শয়ে শয়ে যুবক ছেলেকে আপনারা নির্মম ভাবে হত্যা করেছিলেন। ১৯৭২-৭৪ সালে আপনারা কি করেছেন সেই কথা জনগণ ভুলে যায়নি। সেই জন্য জনগণ আপনাদের স্মৃতি থেকে মুছে ফেলেছে। ১৯৭৭ সাল যে পেট্রো-কেমিক্যাল হলদিয়ায় হবার কথা ছিল, ১৯৮৪ সালেও কেন্দ্র তার অনুমোদন দেন নি। এখানে জাহাজ মেরামতের কারখানা হবার কথা ছিল তাও করতে দেন নি। আপনাদের কংগ্রেস অধিবেশনে শ্রীমতী ইন্দিরা গান্ধী এসেছিলেন। এই কলিকাতায় আপনাদের একটা বিরাট সম্মেলন হয়ে গেল, আপনারা সেখানে কি কোন সিদ্ধান্ত নিতে পেরেছেন? আপনারা এই বিধানসভায় যাই বলুন না কেন পশ্চিমবাংলার শ্রীবৃদ্ধি করার ব্যাপারে আপনারা কোন সিদ্ধান্ত নিয়েছেন? দেশের শ্রীবৃদ্ধির ব্যাপারে অনেক সিদ্ধান্তই হয়েছে। এখানে যাতে কিছু করা যায় তার জন্য আপনারা ইন্দিরা গান্ধীকে চাপ দেবেন না? ১৯৭৭ সালে কেন্দ্রীয় সরকার যেটার অনুমোদন দিয়েছিলেন উনি ক্ষমতায় আসার পর সেটা আটকে রেখেছেন। এই জিনিষ চলতে পারে না, এই সিদ্ধান্তের কথা বলা উচিত ছিল। আপনারা কৃষির কথা বলেছেন। এর আগে আমাদের মাননীয় সদস্য সাঁধুখাঁ মহাশয় বলে গেলেন যে সবুজ বিপ্লব এখানে নাকি হয় নি। দেশ স্বাধীন হবার পর ১৯৬৬ সালে আপনারা সবুজ বিপ্লবের কথা চিন্তা করেছেন? জয়নাল সাহেব তো তখন মন্ত্রী ছিলেন? বামফ্রন্ট সরকার আসার পর ২ ফসলী জমি, ৩ ফসলী জমির কথা চিন্তা করলেন। সেই দিন আপনার সবুজ বিপ্লবের কথা ভাবেন নি, এই বামফ্রন্ট সরকার সবুজ বিপ্লবের কথা ভেবেছেন। এই ব্যাপারে আপনারা কি করেছেন? এই ব্যাপারে আপনারা কোন চেষ্টাই করেন নি। দেশের অগ্রগতির পথে বাধা দিচ্ছেন আপনারা। আপনারা আবার অগ্রগতির কথা বলছেন! আপনারা শিক্ষার কথা বলছেন। অমরা জানি ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত একটা প্রাইমারী স্কুল আপনারা করেন নি। সেই সময় একটা ছেলেকেও চাকুরী দেন নি। একবার আপনারা প্যানেল করেছেন, আবার সেইটাকে নিয়ে হাইকোর্টে গেছেন। এই ভাবে কোন প্রাইমারী স্কুল করতে দেন এবং কোন ছেলেকেও চাকুরী দেন নি। হলদিয়ার সুতাহাটা এবং সল্টলেকে দুটি কলেজ সুব্রতবাবু করতে দিতে চান না। এই কথা যে কি করে ওনারা বলতে পারে বুঝতে পারছি না। এই ব্যাপারে ওনাদের দুরদর্শিতা থাকা উচিত ছিল। সল্টলেক একটা টাউন গড়ে উঠছে, হলদিয়া একটা শিল্পনগরী গড়ে উঠছে। এখানে কলেজ হওয়া উচিত। এই

ব্যাপারে আপনাদের ধিক্কার দেওয়া উচিত। এই চিন্তাধারা নিয়ে আপনারা নেতৃত্ব দিচ্ছেন ওনাদের নেতারা কলেজ করতে বারন করছেন।

(এই সময় লাল বাতি জলিয়া উঠিল)

আমার আর সময় নেই, আমার অনেক কিছু বলার ছিল। আমি একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমাদের এখানে স্বাস্থ বিভাগের অনেক উন্নতি হয়েছে। একটা কথা ওনাদের স্মরণ করিয়ে দিতে চাই ১৯৭৪ সালে ২২-২-৭৪ তারিখে কালশশী দেবী নামে এক ভদ্র-মহিলা অগ্নিদগ্ধ অবস্থায় হাসপাতালে গিয়েছিলেন। তাঁর চিকিৎসা পর্যন্ত করেননি আপনারা।

আজকে এঁরা স্বাস্থ্যের কথা বলেন কি করে? অজিতবাবু ছিলেন তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী। সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছিলেন তাঁরা। এই ব্যর্থতা শুধু এখানেই নয়, পশ্চিমবাংলার গ্রাম-গঞ্জেও সমস্ত স্বাস্থ্য-পরিকল্পনা ব্যর্থ হয়েছিল। আর এইভাবেই তখন তাঁরা দেশ চালিয়েছেন! আজকে আমাদের বিরুদ্ধে তাঁরা বক্তৃতা করছেন! সরকারের ব্যর্থতার সমালোচনা নিশ্চয়ই করবেন। সঙ্গে সঙ্গে আমাদের সরকারের উন্নয়নমূলক কাজের প্রসংশাও আশা করতে পারি। তাই আমি মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(এখানে সন্ধ্যা ৭-১২ মিনিটে সভার কাজ পরদিন ১-৩-৮৪ দুপুর ১-০০ পর্যন্ত মুলতুবি হয়ে যায়।)

Adjournment

The House was then adjourned at 7-12 P. M. till 1 P. M. on Thursday, the 1st March, 1984, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative assembled Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly Legislative Chamber of the House Calcutta, on Thursday, the 1st March 1984 at 1 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 16 Ministers, 11 Ministers of State and 149 Members.

[1-00—1-10 P. M.]

STARRED QUESTIONS

(To which oral answars were given)

পশ্চিমবঙ্গে খুনের ঘটনা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮১, ১৯৮২ এবং ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গে কতগুলি খুনের ঘটনা ঘটেছে (বছর-ওয়ারী হিসাবে) ; এবং

(খ) উক্ত খুনের সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এপর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) পশ্চিমবঙ্গে খুনের ঘটনার খতিয়ান—

১৯৮১	—	১৫৩৫
১৯৮২	—	১৪৯৬
১৯৮৩	—	১৫২০

(খ) উক্ত খুনের সঙ্গে জড়িত নিম্নলিখিত সংখ্যক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে—

১৯৮১	—	৩৩২৫
১৯৮২	—	২৭১২
১৯৮৩	—	৩৫৮৩

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই খুনের জন্য যাদের গ্রেপ্তার করা হয়েছে তার মধ্যে কত জন শাস্তি পেয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ আপনি তো এই ব্যাপারে জিজ্ঞাস করেন নি, এই ব্যাপারে নোটিশ দেবেন বলে দেব।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ আপনার প্রদত্ত হিসাবে দেখা গেছে গত ৩ বছরে ৪ হাজার পশ্চিমবাংলার মানুষ খুন হয়েছে। এই ব্যাপক হারে খুনের কারণ কি? এই খুন বন্ধ করার জন্য এই সরকার কি পদক্ষেপ গ্রহণ করছে।

শ্রীজ্যোতি বসু ঃ এই সমস্ত আলোচনা বাজেটের সময়ই হবে। এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় খুন হবেই। পৃথিবী সব জায়গায় খুন হয়। আমাদের এই সমাজ ব্যবস্থায় খুন তো হবেই। কেবল সমাজতান্ত্রিক ব্যবস্থায় খুন একটু কম হয়। তাহলেও সেখানে খুন হয়। এই খুন যাতে আরো কম হয় তার জন্য ব্যবস্থা করছি।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে খুনের ফিগার আপনি দিয়েছেন এবং তার জন্য যারা গ্রেপ্তার হয়েছে তাদের মধ্যে কত জন কংগ্রেস (আই)-এর লোক আছে ?

শ্রীজ্যোতি বসু ঃ কোন দলের কত জনকে গ্রেপ্তার করা হয়েছে সেটা তো এই প্রশ্নের মধ্যে নেই, আপনি নোটিশ দেবেন আমি জানিয়ে দেব।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রিমহাশয় আপনি বললেন এই ক্যাপিটেলিষ্ট ব্যবস্থায় খুন হয়। এখন তো আর ক্যাপিটেলিষ্ট ব্যবস্থা নেই, এখন তো আপনারা আছেন, ইউ প্রোফেস টু বি কমিউনিষ্ট, তাহলে খুনের হার এতো বেড়ে যাচ্ছে কেন? এর প্রকৃত উত্তর আপনি জানাবেন কি ?

মিঃ স্পীকার ঃ এই প্রশ্ন ওঠে না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনাকে প্রশ্ন করলেই বলবেন নোটিশ দিতে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে খুন হয়েছে এই খুন কোথায় কত হয়েছে ? না কি তাও জানা নেই ? এর মধ্যে কত জন মহিলা খুন হয়েছে, কত জন পুরুষ খুন হয়েছে জানাবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় সদস্যের এতই যখন জানার ইচ্ছা তখন প্রশ্ন করবেন তাহলে সমস্ত উত্তর দেব।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কৃতিত্বের সঙ্গে বললেন খুন দেশে হয়ে থাকে এবং মোট ৪॥ হাজারের মত খুন হয়েছে। এই খুনের মধ্যে ৪ হাজার হচ্ছে কংগ্রেস কর্মী এবং তাবা সকলেই সি. পি. এম. পন্থীদের দ্বারা খুন হয়েছে। একথা কি সত্য ?

মিঃ স্পীকার ঃ প্রশ্ন হল না, আপনি নোটিশ দেবেন। প্লিজ টেক ইওর সিট।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ কেন এটা প্রশ্ন হবে না? এটা তো প্রশ্নের মধ্যেই আছে।

মিঃ স্পীকার ঃ নোটিশ দেবেন। অমলবাবু প্রশ্ন করুন। (অমলেন্দ্র রায় এই সময় প্রশ্ন করতে উঠে দাঁড়ান)।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ কেন এটা হবে না স্যার, আপনি বলুন। আই ওয়াণ্ট টু লার্ন ফ্রম ইউ।

মিঃ স্পীকার ঃ প্লিজ গিভ নোটিশ। আই অ্যাম নট হিয়ার টু টিচ্ ইউ। প্লিজ টেক ইওর সিট।

শ্রীসুনাতি চট্টরাজ ঃ আপনি মুখ্যমন্ত্রীকে প্রটেকশন দিচ্ছেন। খুন হবে, অথচ তা কেন আমি জানতে পারব না?

(চারিদিকে গোলমাল হতে থাকে)

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, একই পিরিয়ডের মধ্যে সর্বভারতীয় ক্ষেত্রে কত খুন হয়েছে, এই তথ্য কি আপনার কাছে আছে?

শ্রীজ্যোতি বসু ঃ সর্বভারতীয় তথ্য নিশ্চয় আছে। বাজেট নিয়ে আলোচনাকালে তা নিশ্চয়ই জানাতে হবে। তখন এসব কথা বলব।

(এই সময় সুনীতি চট্টরাজ আবার দাঁড়ান)

মিঃ স্পীকার ঃ মিঃ চট্টরাজ, আই উড্ রিকোয়েষ্ট ফর দি লাস্ট টাইম টু টেক ইওর সিট।

(এই সময় সুনীতি চট্টরাজ বলতে থাকেন এক সঙ্গে অনেক সদস্য উঠে দাঁড়ান। প্রচণ্ড গোলমাল হতে থাকে)।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানাবেন কি—ইদানিংকালে সংবাদপত্রেও এগুলি ফলাও করে প্রচার করা হয়, গতকাল এখানে বলা হয়েছে ৮ হাজারের মত মানুষ খুন হয়েছে—আপনার দেওয়া তথ্যের উপরে ভিত্তি করে আপনার মনে হয় যে আগামী ৪ বছরে এই খুনের সংখ্যা ৭/৮ হাজারের মত হবে?

শ্রীজ্যোতি বসু ঃ কোন পরিসংখ্যানের ব্যাপারে জানতে হলে নোটিশ দেবেন।

(এই সময় সুনীতি চট্টরাজ আবার কিছু বলতে ওঠেন,)

মিঃ স্পীকার ঃ মিঃ চট্টরাজ, মেনটেন দি ডেকোরাম আদারওয়াইস্ আই উইল বি কনস্ট্রেণ্ড টু প্রসিড এগেনষ্ট ইউ।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ কি করবেন আপনি ? কচুপোড়া হবে।

(এই সময় সভায় প্রচণ্ড গোলমাল হতে থাকে)

মিঃ স্পীকার ঃ নাও আই কল আপন্ শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস।

[1-10—1-20 P.M.]

শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ খুন জখম ইত্যাদির বৃদ্ধির ব্যাপারে কেন্দ্রের পক্ষ থেকে বিভিন্ন সময়ে যে তথ্য দেয়া হচ্ছে তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় অপরাধ প্রবনতা বৃদ্ধি পাচ্ছে—এ সম্পর্কে আপনার কি বক্তব্য আছে ?

শ্রীজ্যোতি বসু ঃ আমি বহুবার বলেছি, আবার বলছি যে কোন ক্ষেত্রে হয়ত সংখ্যা কমেছে, কোন ক্ষেত্রে হয়ত বেড়েছে। এগুলি লুকোবার ব্যাপার নয় এগুলি ষ্ট্যাটিসটিকস। আজকের কাগজে দিল্লী, আমেদাবাদ, বোম্বেতে কত হয়েছে সে সংখ্যা নেই। সুতরাং এভাবে জিজ্ঞাসা না করে বাজেট যখন আলোচনা হবে তখন বলবেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি খুনের যে খতিয়ান দিলেন তাতে পুলিশের ফায়ারিং করায় যারা নিহত হয়েছে তারা কি যুক্ত আছে ?

শ্রীজ্যোতি বসু ঃ নোটিশ দেবেন, উত্তর দেবো।

Mr. Speaker : Starred questions (*74 & *75) are held over.

Dr. Zainal Abedin : Why Sir ?

Mr. Speaker : Only 9 questions are held over to-day out of 39 questions. The position is much better.

Dr. Zainal Abedin : There is no question of mercy, Sir. The Ministers are compelled to answer.

Mr. Speaker : All the questions cannot be answered within the specified time. Sometimes extensions for time have to be prayed for.

Unfortunately, there is communication gap ; the letters do not reach in time, this and that. Today the questions were printed but the answers were not prepared. Out of 39 questions on the list to-day, only 9 questions have been held over. The position is very much better.

মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮০।) **শ্রীশ্যামল চক্রবর্তী ঃ** ১৭ই মার্চ, ১৯৮৩ তারিখের তারকিত প্রশ্ন নং *২৭৯ (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৮)-এর উত্তরের প্রাসঙ্গিকতায় বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রটি বিহারে নিয়ে যাওয়ার কোনও প্রচেষ্টা সম্পর্কে সরকারের নিকট কোন তথ্য / সংবাদ আছে কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ ১৯৮২ সালের এপ্রিল মাসে প্রকল্পটি রূপায়ণের ব্যাপারে কারিগরী অর্থনৈতিক অনুমোদন দান করিয়াছেন। কিন্তু ডি. ভি. সি. থেকে জানা গেছে যে কয়লাখনির সহিত যোগসূত্র স্থাপন, কয়লার পরিবহন এবং আর্থিক সংস্থানের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত এখনও চূড়ান্ত হয় নাই। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এই প্রকল্পটি ষষ্ঠ যোজনাকালে বিবেচিত হওয়ার সম্ভাবনা খুবই কম।

(খ) এই সম্পর্কে কোন তথ্য / সংবাদ সরকারের কাছে নেই।

শ্রীসুনীতিকুমার চট্টরাজ ঃ তাপ-বিদ্যুৎ কেন্দ্রে কত মেগাওয়াট পাওয়ার উৎপাদন হবে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ ১২০ মেগা ওয়াট করে তিনটায় হবে।

শ্রীশান্তশ্রী চ্যাটার্জি ঃ ষষ্ঠ পরিকল্পনার অন্তর্ভুক্ত হবার নাকি সম্ভাবনা কম, সুতরাং এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেছেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ দিল্লীতে যে আলোচনা হয়েছিল তার ভিত্তিতে মনে হচ্ছে এটা ষষ্ঠ পরিকল্পনায় যোগ হচ্ছে না।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ১২০ মেগা ওয়াট করে ৩টি, কিন্তু ২১০ মেগা ওয়াট করে ৩টি হওয়ার কথা ছিল কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ না ২১০ মেগা ওয়াট করে ছিল না, ১২০ মেগাওয়াট করেই ছিল।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি বাঁকুড়া জেলায় এই তাপ বিদ্যুৎ প্রকল্প ষষ্ঠ পরিকল্পনায় হবার সম্ভাবনা নেই, তাহলে এটা সপ্তম কি অষ্টম বা কোন পরিকল্পনাতে গ্রহণ করা হবে কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ এটা ডি ভি সি'র করবার কথা, তারা আলোচনা চালাচ্ছে, এটা হবে কিনা আমি জানি না। কারণ, এখানে নানা রকম কথা বলে দেরী করার চেষ্টা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে হচ্ছে বলে মনে হচ্ছে। সেজন্য নির্দিষ্টভাবে বলা যাচ্ছে না।

পরিবেশ দূষণ

* ৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৩।) **শ্রীশৈলেন চ্যাটার্জী ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলী জেলার শ্রীরামপুরের অন্তর্গত স্ট্যাণ্ডার্ড ফারমাসিউটিকাল ঔষধ কারখানার পরিত্যক্ত দূষিত দ্রব্য পূর্ব রেলের পশ্চিমে জমা হওয়ার ফলে পরিবেশ দূষণ হইতেছে ; এবং

(খ) থাকিলে, উহা রোধ করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে/হইতেছে ?

শ্রীভবানী মুখার্জী ঃ (ক) হ্যাঁ।

(খ) উক্ত ঔষধ কারখানা হইতে নির্গত দূষিত জল পরিশোধন না করায় পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রন পর্ষদ ওই কারখানার কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছেন। বর্ত্তমানে বিষয়টি আদালতের বিচারাধীন আছে ।

শ্রীশৈলেন চ্যাটার্জী ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে আইনানুগ ব্যবস্থা যেটা বলছেন সেটা কত সালে করা হয়েছে ?

শ্রীভবানী মুখার্জী ঃ এটা হয়েছে ১৯৮২ সালের মে মাসে।

শ্রীশৈলেন চ্যাটার্জী ঃ ১৯৮২ সালের মে মাস যদি হয়ে থাকে তাহলে তো ২ বছর হতে চলল, এই ব্যাপারে আর কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি ?

শ্রীভবানী মুখার্জী ঃ আদালতে যখন কোন মামলা থাকে তখন আদালতে বিভিন্ন তারিখ পড়ে, উভয় পক্ষেরই বক্তব্য থাকে, সেজন্য দেরী হবেই। তবে আমি যেটা খবর পেয়েছি আদালতে মামলা হওয়ার পর ওরা একটা ট্রিটমেন্ট প্ল্যান্ট করছে।

শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পরিবেশ সংক্রান্ত বিষয়ে এখন পর্যন্ত যে আইন আছে সেই আইনের জোরে পরিবেশ দূষিত হলে কোন কিছু করা যাচ্ছে না। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয় নতুন কোন আইন আনবার কথা ভাবছেন কিনা ?

শ্রীভবানী মুখার্জী ঃ আমাদের আইনের মধ্যে একটা আছে জল আর একটা আছে বায়ু। জলের আইন চালু হয়েছে ১৯৭৪ সাল থেকে, সে সম্বন্ধে কিছুটা ব্যবস্থা করার মত সংগঠন আছে এবং সেই আইন-এর পরিবর্তন কি করা হবে সেটা এখনই কিছু ভাবিনি। আর বায়ু সম্বন্ধে সর্ব-ভারতীয়ভাবে ১৯৮১ সালে হয়েছে, সে সম্বন্ধে যন্ত্রপাতি, নিয়ম-কানুন করতে সাধারণভাবে কিছু এক্সপার্ট লোক তৈরী হওয়া দরকার, এইসব অসুবিধা আছে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি পশ্চিমবাংলায় সি পি এম কর্মী কর্তৃক লুঠ, খুন, ধর্ষণ এর ফলে যে পরিবেশ দূষিত হচ্ছে সেই পরিবেশ মুক্ত করার কোন কথা চিন্তা করছেন কি ?

(নো রিপ্লাই)

[1-20—1-30 P. M.]

শ্রীজয়নাল আবেদিন ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বর্তমানে পরিবেশ দূষণ-মুক্ত আইন যা আছে সেটা পশ্চিমবাংলার অবজেকটিভ কনডিসনে তা যথেষ্ট ?

শ্রীভবানী মুখার্জী ঃ পরিবেশ সম্পর্কে ব্যাপকতম অর্থে যদি ধরেন তাহলে সবটা এই দপ্তরের অধীনে নয়। এই দপ্তরের অধীনে যেটা আছে সেটা শুধু জল ও বায়ু দূষনের ব্যাপারে আইন আছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পরিবেশ পরিত্যক্ত দূষিত দ্রব্য গঙ্গার জলকে দূষিত করছে কিনা ?

শ্রীভবানী মুখার্জী ঃ সে তো করছেই—বিভিন্ন কারখানা থেকে বেরিয়ে আসা জল গঙ্গায় পড়ছে। আমরা সেই জল টেষ্ট করছি। সে রকম দেখলে আমরা প্রথমে তাদের অনুরোধ করছি, বোঝাবার চেষ্টা করছি। তাতে না হলে আমাদের কোর্টের আশ্রয় নিতে হয়।

Revision of the P.W.D. Code, Rules and Regulations

Mr. Speaker : Starred questions Nos. *78 & *79 are held over.

***80.** (Admitted question. *475.) **Shri Rajesh Khaitan :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the steps taken by the State Government for revision of the P.W.D. Code and the Rules and Regulations ; and

(b) what were the recommendations of the Code and Reorganisation of P.W.D. Committee set up by the State Government in May, 1978.

Shri Jatin Chakrabarty : (a) For revision of the P.W.D. Code and rules and regulations the government set up in May, 1978 a 'Code and Reorganisation Committee' for the purpose of examining all anomalies, discrepancies, deficiencies, in-congruities and superfluities in the organisational set up of the P.W.D. Directorate and its regional and attached offices under the P.W. Department, P.W. (Roads) Department and P.W. Construction Board.

(b) The Committee has already submitted four interim reports containing recommendations for changes in the different organisational set up of various offices and amendments of rules, procedures and powers, etc. connected with general administration and establishment matters with a view to ensuring speedy disposal of cases. The committee has also reviewed the existing P.W.D. code and rules and regulations and have suggested amendment with due regard to contemporary circumstances. The committee is now engaged in finalising the recommendations regarding terms and conditions to be incorporated in the standard contract forms.

Shri Gyan Singh Sonanpal : Will the Hon'ble Minister in charge be pleased to state how long it will take for the government to come to a decision on the subject ?

Shri Jatin Chakrabarty : The final report will contain recommendations on the revision of conditions of contract and various standard agreement forms and some other rules and forms operating for the P.W.D. code. Then the code is expected to be submitted by the end of this year.

Activities of anti-socials at the Shalimar Railway Yard

***81.** (Admitted question No. *462.) **Dr. Ambica Banerjee :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state that—

(a) whether the State Government has any information about the activities of anti-socials, including wagon-breakers, smugglers and receivers of stolen properties, at the Shalimar Railway Yard and in the foundry areas of Bellileous Road in Howrah, and

(b) if so, the steps taken by the Policc to curb such crimes and the results thereof ?

Shri Jyoti Basu : (a) Yes.

(b) Camps have been set up. Besides, intensive patrolling by the Police continues keeping such activities under control.

Shri Ambika Banerjee : Will the Hon'ble Chief Minister be pleased to state what is the modus operandi of the criminals in this area ? When you say 'yes' I hope that every thing would be done to arrest the anti. socials by all possible means.

Shri Joyti Basu : The question was that they break wagons, they do some anti-social activities then they contact the businessmen and sell them the goods collected from the wagons. Murder also took place. But I can say for the information of the honourable members that there are two police stations here—Bantra P.S. and Howrah P.S. I find from the report that one case of murder was reported in 1983 in which 5 persons were

arrested. No case of dacoity and robbery reported there during the aforesaid period. There receivers of stolen properties were arrested. Besides, arrests were made for 16 anti-socials in 1984. No case of murder, dacoity or robbery was reported in 1984 in Howrah P.S. In one case of murder four persons were arrested and 75 anti-socials were arrested in 1983. No case of muder has been reported uptill now during this year. During 1984, 24 anti-socials were arrested. No case of murder, robbery and dacoity was reported during the aforesaid period.

Shri Ambika Banerjee : Will the Hon'ble Chief Minister be pleased to state how many properties have been recovered and what is the value of the property recovered during these 6 years ?

Shri Jyoti Basu : I cannot tell you offhand. Without notice I cannot give you the figures.

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ শ্রদ্ধেয় মুখ্য মন্ত্রী মহাশয় দয়া করে আমার একটা অতিরিক্ত প্রশ্নের উত্তর দিন। এন্টি সোস্যাল এ্যাকটিভিটিজ সম্পর্কে আপনি যেসব কথা বললেন তার মধ্যে টিকিট ব্লাক মার্কেটিং করাও পড়ে। শ্রীরামপুরে টিকিট ব্লাক মার্কেটিং করতেন এই রকম লোক বর্তমানে এম. এল. এ. হয়ে এখানে এসেছেন এটা কি জানেন ?

মিঃ স্পীকার ঃ এ প্রশ্ন ওঠে না।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Chief Minister be pleased to state as and when this step has been initiated and what is the result ?

Shri Jyoti Basu : Just now I have read a long report in which what steps have been taken and how many people have been arrested, have been mentioned.

Dr. Zainal Abedin : How many murders have been committed during these years ?

Shri Jyoti Basu : You might be unhappy because only one murder has taken place in 1983.

Shri Gyan Singh Sohanpal : Will the Hon'ble Chief Minister be pleased to state whether it has been possible for the Government to identify the receivers ? If so, what steps Government have taken to bring the receivers to book ?

Shri Jyoti Basu : I have read out from the report that some receivers have already been arrested. Investigations are going on.

শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই রকম অভিযোগ সরকারের কাছে আছে কিনা যে রেলওয়ে ষ্টোলেন প্রপার্টি কিছু ফাউণ্ডি ইনডাষ্ট্রি আছে যেখানে সেগুলি ব্যবহৃত হচ্ছে এবং কিছু লোক তারা এনগেজ করে এ্যান্টি সোস্যাল এলিমেন্টসদের যারা এই সব কাজ করে ?

শ্রীজ্যোতি বসু ঃ খবর অবশ্য এ রকম আছে, তবে সব সময় সেইসব খবর ঠিক হয় না। ষ্টোলেন প্রপার্টির ব্যাপারে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। এই ব্যাপারে কোন স্পেসিফিক কেস এই রকম আছে বলে আমার জানা নেই।

Shri Abdur Rauf Ansari : Will the Hon'ble Chief Minister be pleased to enlighten us about the property stolen by the wagon breakers and out of these what amount of property the Government of West Bengal belong to ?

মিঃ স্পীকার ঃ এটার জন্য নোটিশ দিতে হবে।

কংসাবতী নদীর উপর সেতু

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী নদীর উপর মেদিনীপুর জেলার শ্রীরামপুরের নিকট সেতু নির্মাণ প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত সেতুর জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ (ক) সেতুটি সপ্তম পরিকল্পনাকালে সড়ক দপ্তরের কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা সম্পর্কে বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-30—1-40 P. M.]

শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ওখানকার লোকেদের পারাপারের অসুবিধা দূর করবার জন্য অস্থায়ী ভাবে সেখানে কাঠের সেতু নির্মাণের কোন পরিকল্পনা নিচ্ছেন কিনা ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ না, এখনও পর্য্যন্ত কোন পরিকল্পনা নেই। কারণ কাঠের সেতু করে দিলেই তারপর বলবেন যে কংক্রিটের সেতু করে দাও। ওখানে যদি ব্রীজ করতে হয় তাহলে সব সমেত ৭০ লাখ টাকা লাগবে। আমাদের বর্ত্তমানে যা আর্থিক সংগতি তাতে বর্ত্তমানে কিছু করা সম্ভব নয়। সপ্তম পরিকল্পনার মধ্যে যদি এটা গ্রহণ করতে পারি তাহলে আস্তে আস্তে কাজ করবার ইচ্ছা আছে।

Assault upon Junior Doctors' Federation in National Medical College

***84.** (Admitted question No. *465,) **Shri Sk Imajuddin :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state that—

(a) whether it is a fact that some members of All Bengal Junior Doctors' Federation were assaulted by some outsiders in presence of the police at the National Medical College Hospital, Calcutta, on the 4th October, 1983 ; and

(b) if so,—

(i) the number of police officials present at the time of the occurrence of the above incident ;

(ii) the number of Junior Doctors injured in the incident and

(iii) the steps taken by the police in the matter ?

Shri Jyoti Basu : (a) There was no assault by outsiders in the presence of the police on members of the All Bengal Junior Doctors' Federation on 4-10-83 in the National Medical College and Hospital.

(b) (i), (ii) & (iii) Does not arise.

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে কোনও রকম এ্যাসল্টের ঘটনা ঘটেনি, কিন্তু এটা তো সূর্য্যের আলোকের মত প্রতিষ্ঠিত সত্য যে পুলিশের প্রেজেন্সে এবং পুলিশ নিজে দাঁড়িয়ে থেকে ওখানে ডাক্তারদের এ্যাসল্ট করেছে। এই ব্যাপারে উনি যে ভুল তথ্য এখানে পরিবেশন করছেন, আমি অনুরোধ করবো, উনি কি এটা ঠিক করে নেবেন ?

মিঃ স্পীকার ঃ এটা প্রশ্ন হলো না।

Dr. Zainal Abedin : Will the hon'ble Minister-in-charge of Home (Police) Department be pleased to state whether any FIR was lodged with any of the police stations in Calcutta on the number of Junior Doctors injured in the incident that occurred within the jurisdiction of the hospital and is there any record of assaults on doctors by the Police ?

Shri Jyoti Basu : I have referred the incident which took place on 4-10-83, The Principal of the National Medical College and Hospital had been gheraoed for 11 hours under the leadership of another Professor. He was rescued from that place and he was not permitted to leave that place. Then with the help of some employees belonging to the same college alongwith the doctors he was rescued and sent to his house. There is no FIR on any member or individual.

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, বিগত বছরের শেষে জুনিয়ার ডাক্তারদের যে আন্দোলন হয়েছিল, তারা যে ওষুধের দাবীতে, পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে যে আন্দোলন করেছিলেন, সেই আন্দোলনকে দমন করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ সেই আন্দোলনের উপর লাঠি চালিয়েছিল, এটা কি সত্য ?

মিঃ স্পীকার ঃ এটা কোন প্রশ্ন হয় না।

Shri Satya Ranjan Bapuli : Will the honourable Minister be pleased to let us know whether any specific case has been started for the particular incident or not ?

Shri Jyoti Basu : No specific case has been started.

'দীঘা হইতে নন্দকুমার' রাস্তাটিকে জাতীয় সড়ক হিসাবে স্বীকৃতিদান

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫১২।)। **শ্রীপ্রশান্ত প্রধান ঃ** পূর্ত বিভাগের ভার-প্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) 'দীঘা হইতে নন্দকুমার' পাকা রাস্তাটিকে জাতীয় সড়ক (ন্যাশানাল হাইওয়ে) হিসাবে স্বীকৃতিদানের কোন প্রস্তাব সরকারের নিকট আছে কি ;

(খ) থাকিলে, উহা কবে নাগাত বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত পরিকল্পনায় রাজ্য / কেন্দ্রীয় সরকারের কত টাকা খরচ হইবে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ মাতঙ্গিনী সেতু হয়ে যাবার পর দীঘা হইতে নন্দকুমার রাস্তাটির গুরুত্ব অনেক বেড়ে গেছে এবং এই রাস্তার যা ক্যাপাসিটি তার চেয়ে অনেক বেশী বাস যাতায়াত করছে। বর্তমানে এই রাস্তাটির অবস্থা যা দাঁড়িয়েছে তাতে এটাকে অবিলম্বে জাতীয় সড়ক হিসাবে সুপারিশ না করলে কিছুদিন পরে পুরো পরিবহনই বন্ধ হয়ে যাবে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার কথা আপনি চিন্তা করছেন কিনা, জানাবেন ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ এই রাস্তাটি পাকা করে দিয়েছি এবং মাতঙ্গিনী সেতু হবার পর ওখান দিয়ে অনেক বেশী যানবাহন চলাচল করছে সেটা আমরা জানি। কিন্তু আরো কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তা সম্পর্কে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ রেখেছি যাতে সেগুলিকে তারা জাতীয় সড়ক হিসাবে গ্রহণ করেন। কারণ জাতীয় সড়ক হলে তার জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থ সরবরাহ করতে হয়। কাজেই সেইগুলি সম্পর্কে যখন কোন ইতিবাচক, সম্মতিসূচক উত্তর পাইনি তখন সেইগুলি শেষ না হওয়া পর্যন্ত আবার নতুন কোন প্রস্তাব রাখাটা ভাল হবে না বলে আমরা মনে করি।

শ্রীভূপাল পাণ্ডা ঃ দীঘা থেকে নন্দকুমার পর্যন্ত রাস্তাটি বর্তমানে দারুণ ভাবে খারাপ হয়ে গেছে। কাজেই রাস্তাটিতে যান বাহন চলাচলের জন্য জরুরী ভিত্তিতে রিপেয়ারের ব্যবস্থা করবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ এর থেকে আরো অনেক খারাপ রাস্তা আছে যেগুলিকে জরুরী ভিত্তিতে অনতিবিলম্বে আমাদের গ্রহণ করা উচিত। আমি তো আগেই বলেছি কেন্দ্রীয় সরকার আমাদের কি সাহায্য দেবেন না দেবেন সেটা এখন পর্যন্ত আমরা জানতে পারিনি, যার জন্য হয়ত পূর্ণ বাজেটই পেশ করতে পারা যাবে না। কাজেই এই রকম একটা আর্থিক অনিশ্চয়তার মধ্যে আমি হাউসের কাছে কিছু বলতে পারব না যে, এটা গ্রহণ করব।

সমাজবিরোধী দমনে ন্যাসা, এসমা প্রয়োগ

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৩।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (বিশেষ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে (১) চোরাকারবারী, (২) অসৎ ব্যবসায়ী ও (৩) সমাজবিরোধী দমনের উদ্দেশ্যে ন্যাসা, এসমা প্রয়োগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রীজ্যোতি বসু ঃ না। চোরাকারবারী, অসৎ ব্যবসায়ী ও সমাজবিরোধী দমনে ন্যাসা প্রযোজ্য ; এস্‌মা নয়। নীতিগতভাবে রাজ্য সরকার ন্যাসা, এস্‌মা, প্রভৃতি সর্বপ্রকার নিবর্তনমূলক আইনের বিরোধী ; সেই কারণে এই আইন প্রয়োগ করার কোনও পরিকল্পনা নাই। চোরাকারবারী, অসৎ ব্যবসায়ী বা সমাজ বিরোধীদের বিরুদ্ধে সাধারণ আইনের ধারা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ আমরা নিবর্তন মূলক আটক আইনের বিরোধী। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যাচ্ছে সমাজবিরোধীরা খুন করে ধরা পড়ার ৫/৭ দিনের মধ্যেই জামিন পেয়ে যাচ্ছে। তারপর আবার তারা এসেই সাধারণ মানুষের উপর প্রতিহিংসা চরিতার্থ করছে। সমাজবিরোধী, চোরাকারবারী বা অসৎ ব্যবসায়ীদের আটক রাখার জন্য দেখা যাচ্ছে সাধারণ আইনে কোন ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। কাজেই নিবর্তন মূলক আটক আইনের মত নাহলেও অন্য কোন আইনের কথা চিন্তা ভাবনা করছেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ আমরা বলেছি বিনা বিচারে কাউকে আটক করতে পারব না এবং অন্য যে আইন আছে সেই আইনকে আরো কিছু কঠোর করা যায়। আপাতত আমরা খুশী হয়েছি যে কেন্দ্রীয় সরকার এসেনসিয়্যাল কমোডিটিজ এ্যাক্টকে আরো জোরদার করেছেন এবং তার জন্য ব্যবস্থা হয়েছে এবং তার ফলে আমরা কিছু ভাল ফল পাচ্ছি। যেমন এদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করছি। এসেনসিয়্যাল কমোডিটিজ এ্যাক্টের কিছু ধারাকে এখন বদলানো হয়েছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ অসৎ ব্যবসায়ীদের আটক করার জন্য কেন্দ্রীয় সরকারের যে কফেফোসা আইন আছে আমাদের রাজ্যে কি সেটা প্রযোজ্য হবে ?

শ্রীজ্যোতি বসু ঃ কফেফোসায় বিনা বিচারে আটক করবার ধারা আছে। সেই জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে লিখেছি যে এটা আমরা প্রয়োগ করতে চাই না। হয়ত কংগ্রেসে চাঁদা দিলে ধরা পড়ে না, কংগ্রেসে চাঁদা না দিলে ধরা পড়ে—আমরা বিনা বিচারে সেই জন্য আটক করছি না। কিন্তু কেন্দ্রীয় সরকারকে আমরা বলেছি যদি আপনাদের কাছে কোন রিপোর্ট থাকে যে এখানে এই রকম হচ্ছে, তাদের আপনারা গ্রেপ্তার করাতে চান তাহলে আমরা আপনাদের সাহায্য করব।

[1-40—1-50 P. M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় বললেন যে নীতিগতভাবে তাঁরা নাসা, এসমা প্রয়োগ করবেন না অসৎ ব্যবসায়ী, চোরাকারবারী, সমাজবিরোধীদের বিরুদ্ধে। এর কারণ কি এই যে বর্তমানে কমিউনিষ্ট প্রভাবিত, সি. পি. এম. প্রভাবিত সরকারের সঙ্গে এক সমাজ-বিরোধী, দুই অসাধু ব্যবসায়ী এবং তিন চোরাকারবারীদের একটা নিবিড় আঁতাত সংগঠিত হয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী চোরাকার-বারীদের বিরুদ্ধে মামলা হয়েছে পশ্চিমবাংলায়, অন্য কোথাও নয়, কোন কংগ্রেসী রাজ্যে নয়।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আইনের পরিবর্তে সাধারণ যে আইন আছে তা দিয়ে এদের গ্রেপ্তার বা শাস্তি দেওয়া যায় কিনা ?

শ্রীজ্যোতি বসু ঃ দেওয়া হচ্ছে। সেই অনুযায়ীই তো আমি বললাম যে দিল্লীতে এক বছর আগে একটা মিটিং হয়েছিল এবং সেখানে যে পরিসংখ্যান দেওয়া হয়েছিল তাতে দেখা গিয়েছে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশী এদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। তবে আমি একথাও বলব যে আজও চোরাকারবারীদের একটা আধিপত্য আছে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে কোলকাতার বুকে যে চোরাকারবারীকে কংগ্রেস গ্রেপ্তার করেছিল সেই চোরা-কারবারীকে আপনাদের আমলে শেরিফ করা হয়েছিল কিনা ?

মিঃ স্পীকার ঃ এ প্রশ্ন ওঠে না।

শ্রীজ্যোতি বসু ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি কথা বলতে চাই। একজন যার, বিরুদ্ধে দুর্নীতি প্রমাণিত হয়েছে সেও অনেক সময় নির্বাচিত হয়ে যান। এই যদি হয় তাহলে আমি কি করতে পারি ?

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে চোরাকারবারীদের বিরুদ্ধে অনেক কেস করেছেন। পশ্চিমবাংলার যারা বড় বড় চোরাকারবারী তাদের সঙ্গে পুলিশের এক শ্রেণীর যোগাযোগ আছে ফলে আসল যে সমস্ত চোরাকারবারী তাদের ধরা হচ্ছে না—এ সংবাদ আপনি রাখেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ এটা তো একটা মতের কথা আপনি বললেন। তবে এটা ঠিকই যে কিছু কিছু চোরাকারবারীর সঙ্গে কিছু কিছু পুলিশের সংযোগ আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই।

আবার উল্টোটাও আছে, অনেক চোরাকারবারী, তাদের কি সম্পর্ক আছে জানি না কিন্তু তাদের ধরা হচ্ছে, প্রসিকিউসান হয়েছে, সাজা হয়েছে, ফাইন হয়েছে, তাদের জিনিষপত্র ক্রোক করা হয়েছে। পরবর্তীকালে এইসব হয়েছে।

আরামবাগ—তারকেশ্বর বাসরুটের ভগ্ন কাঠের সেতু সংস্কার

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৭।) **শ্রীশিবপ্রসাদ মালিক** ঃ ২২এ সেপ্টেম্বর, ১৯৮৩ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ১৭৯ (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৮)-এর উত্তর উল্লেখপূর্বক পূর্ত বিভাগের মন্ত্রিমাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান বা আগামী আর্থিক বৎসরে আরামবাগ-তারকেশ্বর ১৬ নং বাসরুটের উপর তিনটি ভগ্ন কাঠের সেতু পাকা করিবার বিষয়টি কতদূর অগ্রসর হইয়াছে ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ আর্থিক সংগতির অভাবে প্রকল্পটির বাস্তবায়ন সম্ভবপর হয় না।

মাননীয় সদস্যরা জানেন যে এর আগের অধিবেশনে কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য শ্রীআব্দুল মান্নান তিনি এই প্রশ্নটা করেছিলেন এবং তিনি জানেন, আপনিও জানেন যে ১৮টি কাঠের সেতু ছিল, আমাদের আর্থিক সংগতির মধ্যে ১৫টি কংক্রিট করেছি, বাকি তিনটি যদি কংক্রিট করতে হয় তাহলে এক কোটি ৪০ লক্ষ টাকার প্রয়োজন, সেটা বর্তমানে করা সম্ভব হচ্ছে না।

শ্রীশিবপ্রসাদ মালিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হরিণখোলা মুণ্ডেশ্বরী নদীর মধ্যে এই খাল এবং তার উপরে কাঠের যে ব্রীজ আছে, সেখানে প্রায়ই এ্যাক্সিডেণ্ট ঘটে। এটাকে যাতে ভালভাবে তৈরী করা যায় সেই ব্যবস্থা করবেন কিনা ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ কোন এ্যাক্সিডেণ্ট এ পর্যন্ত ঘটেনি। সেই সেতুর যখন একটু-আধটু মেরামত করার প্রয়োজন হয় তখন আমরা ভাল কাঠ দিয়ে সেটা মেরামত করে দেই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল এই রেলিংয়ে ভাল কাঠ দেবার কিছুদিন পরে সেগুলি চুরী করে নেওয়া হয়। এটা শুধু ঐ এলাকায় নয়, সব জায়গায় কিছু অসৎ লোক থাকে তারা এটা নিয়ে থাকে। তা সত্বেও সেতু যাতে ট্রাক, বাস চলাচলের উপযোগী থাকে সে জন্য সব সময়ে নজর রাখা হয়।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন সেটা ঠিক। আপনি চেষ্টা করেন। আমি ব্যক্তিগত ভাবেও আপনাকে বলেছি। শিবপ্রসাদবাবু যে কাঠের পুলের কথা বলেছেন, এটা সত্যিই চলাচলের পক্ষে আযোগ্য। সেখান দিয়ে রিক্সা যেতে পারেনা, ট্রলিতে মাল নিয়ে যেতে পারেনা। কাজেই এটার একটা ব্যবস্থা করলে ভাল হয়।

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ এই ব্রীজটা কনক্রিটের করার ইচ্ছা আমাদের আছে। আমি বলেছি যে বাজেটে কি রকম টাকা পাওয়া যাবে তার উপরে নির্ভর করছে। আমাদের সবচেয়ে বড় বাধা হচ্ছে। আমাদের আর্থিক সংগতি। এই আর্থিক সংগতির উপরে সব কিছু নির্ভর করছে। আমার ইচ্ছা আছে কিন্তু সাধ্য যদি না থাকে তাহলে কি করে করতে পারবো।

শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে এখানে কোন দুর্ঘটনা ঘটেনি। অথচ ২ জন মাননীয় সদস্য বলছেন যে দুর্ঘটনা ঘটেছে। তাহলে কার রিপোর্টটা হাউসে সত্য বলে ধরে নেব।

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ আপনি তারিখ বলুন কবে দুর্ঘটনা ঘটেছে।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এলাকা থেকে নির্বাচিত প্রতিনিধি বলছেন যে দুর্ঘটনা হচ্ছে। আর পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয় বলেছেন যে কোন দুর্ঘটনা হয়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি যে ব্রীজে দুর্ঘটনা হলে সমস্ত খবর কি পূর্ত দপ্তরে পৌছায়, না স্বরাষ্ট্র দপ্তরে পৌছায় ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ মাননীয় সদস্য তারিখ বলতে পারছেন না। আমি তাদের এই কথা বলছি, বহু সংবাদ পত্র আছে যারা আমার অত্যন্ত বন্ধু। তারা এইসব দুর্ঘটনার কথা ছাপেন।

(গোলমাল)

মিঃ স্পীকার ঃ আপনারা শুনুন। শিবপ্রসাদ মালিক, আপনার কাছে যদি কোন নির্দিষ্ট দুর্ঘটনার খবর থাকে তাহলে সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেবেন, বা আমার কাছে দেবেন, আমি বিষয়টি দেখব।

[1-50—2-00 P.M.]

Demonstration of Calcutta Armed Police

***88.** (Admitted Question No. *485.) **Shri Abdul Karim Chowdhury :** Will the Minister-in charge of the Home (Police) Department be pleased to State—

(a) if is it a fact that some personnel of the Calcutta Armed Police had demonstrated on Friday, the 20th January, 1984, at the Alipore Body Guard lines ;

(b) if so, whether the State Government has enquired into the incident ; and

(c) if the reply to clauses (a) and (b) be in the affirmative,—

(i) what were the causes of grievances of the Armed Police Personnel ; and

(ii) what steps have been taken by the State Government in the matter ?

Shri Jyoti Basu : a) No such demonstration was staged on 20.1.84

(Noise)

(several members rose to speak)

Shri Subrata Mukherjee : Chief Minister is suppressing the fact.

(Noise)

Mr. Speaker : Mr. Mukherjee if you feel that the Minister is suppressing any fact then there is a separate procedure for raising the issue. This is not the method. You cannot go on in this way.

(b) & (c) Does not arise.

শ্রীজ্যোতি বসু : এই উত্তরটি এইজন্য দিয়েছি, মাননীয় সদস্য যিনি এই প্রশ্নটি করছেন—তিনি বোধ হয় এখন এখানে নেই—তিনি দিনটি ভুল করেছেন। সেজন্য উত্তরটি যেভাবে দেওয়া প্রয়োজন সেভাবে দিয়েছি। ১৮ তারিখে এই ঘটনাটি ঘটে। জয়েন্ট পুলিশ কমিশনার ওখানে গিয়েছিলেন, প্রেসিডেন্সী জেলে, তিনি ওখানে গিয়ে দেখলেন কিছু পুলিশ ঠিক মত ডিউটি করছে না এবং তাদের পোষাক-পরিচ্ছদও ঠিকমত নেই। তখন সেখানে তাদের একটা সাজা-মত দেওয়া হয়েছিল, ড্রিল করান হয়েছিল। তাতে ওরা খুব অপমানিত বোধ করে এবং ঐ কনস্টেবলরা বডি গার্ড লাইনে গিয়ে তা নিয়ে অভিযোগ করে অন্যান্য কর্মীদের কাছে। পরে এই খবর পুলিশ কমিশনারের কাছে আসে এবং তখন তিনি সেখানে নিজে ছুটে যান, গিয়ে সকলের সংগে আলোচনা করেন এবং এটাও বলেন যে, ঐ কনস্টেবলরা যদি অন্যায় করে থাকে তাহলে ডিসিপ্লিনের জন্য ওদের সাজা দেওয়া যায়, কিন্তু জনগণের সামনে ঐভাবে বোধ হয় ঐ জিনিষ করাটা ঠিক হয়নি। আমি এ বিষয়ে পুলিশ কমিশনার এবং জয়েন্ট পুলিশ কমিশনারকে বলেছি। ওটা এখন মিটে গেছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, উনি বললেন ১৮ তারিখ ঘটনাটি ঘটেছিল, ২০ তারিখে কোন ঘটনা ঘটেনি। এই টেক্‌নিক্যাল পয়েণ্ট দেখিয়ে উনি এড়িয়ে যাচ্ছিলেন। আমরা জানি ১৮ তারিখ ঘটনাটি ঘটে, অনেকে ১৯ তারিখ এটি জানতে পারে এবং ২০ তারিখ সংবাদ-পত্রে ঐ ঘটনা প্রকাশিত হয়েছিল। অর্থাৎ ২০ তারিখ ঘটনাটি মানুষের সামনে আসে এবং তারই ভিত্তিতে আমাদের সদস্য মাননীয় করিম সাহেব প্রশ্নটি রেখেছিলেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, চীফ্ মিনিষ্টার যা বললেন তার পরে আর কিছু বলার নেই। আমি শুধু আপনার কাছে আবেদন করছি *১০৭ নং প্রশ্নটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, ঐটি চীফ্ মিনিষ্টারের অনুমতি নিয়ে আপনি এগিয়ে দিন, তা নাহলে সময় শেষ হয়ে যাবে ঐ প্রশ্নটি আজকে আর উঠবে না।

মিঃ স্পীকার ঃ আমি হাউসের অনুমতি নিয়ে ওটি এগিয়ে দিচ্ছি।

Kidnapping and murder of Ujjal Mondal

***107.** (Admitted Question No. *550.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has enquired into the recent incident of kidnapping and subsequent murder of a 10-year old boy, Ujjal Mondal, of Kasba area ; and

(b) if so,—

(i) what are the findings,

(ii) why did the Police fail to prevent the murder, and

(iii) what steps have been taken by the State Government in the matter ?

Shri Jyoti Basu : (a) Yes.

(b) (i) Investigation is proceeding.

(ii) This will be known after investigation is completed.

(iii) Does not arise.

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় জানাবেন কি, আপনার বক্তব্য বলে খবরের কাগজে বেরিয়েছে যে পুলিশ এই তদন্ত করার সময় যে সমস্ত বক্তব্য বিভিন্ন সময়ে রেখেছে, এগুলি যদি না রাখতো তাহলে হয়তো ১০ বছরের এই বাচ্চা ছেলেটির জীবন রক্ষা করা সম্ভব হতো। The enquiry and investigation for the rescue of the boy has been allowed to proceed in a most irresponsible manner by the police. এটা আপনার অবজারভেসান বলে কাগজে বেরিয়েছে। এই সম্বন্ধে কিছু বলবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ আপনি কোন্ কাগজ পড়েন সেটা আমি জানি না। আপনি আমার মতের বিরোধী, আমিও আপনার মতের বিরোধী। তাই বলে আমাকে একেবারে মূর্খ ভাবা বোধ হয় ঠিক নয়। এইসব কথা আমি বলিনি।

শ্রীশচীন সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, উজ্জ্বল মণ্ডলের যারা হত্যাকারী যাদেরকে গ্রেপ্তার করা হয়েছে তারমধ্যে খোকা ওরফে স্বপন ভাণ্ডারী উজ্জ্বলকে হত্যা করার পর কলকাতায় এসে একজন কংগ্রেস নেতার বাড়ীতে কি আশ্রয় নিয়েছিল ?

শ্রীজ্যোতি বসু ঃ আশ্রয় নিয়েছিল বলে রিপোর্ট নেই তবে তাঁর সঙ্গে যোগাযোগ করেছিল বলে রিপোর্ট পেয়েছিলাম।

Shri Gyan Singh Sohanpal : Will the Hon'ble Chief Minister be pleased to state that in view of the conflicting reports about the murder and the circumstances leading to it what prevented the Government from instituting a judicial enquiry into the matter ?

Shri Jyoti Basu : Judicial Enquiry is not necessary at all. We have got hold of the property, we have seized those. The Police have arrested five persons. One person is still absconding. Charge sheet will be issued very soon, I think

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আজ এ পর্যন্ত এই উজ্জ্বল হত্যার অপরাধে যাদেরকে গ্রেপ্তার করা হয়েছে তাদের কয়েকজন কিছুদিন আগে কংগ্রেসের যে অধিবেশন হয়ে গেল সেই অধিবেশন উপলক্ষে তারা শহীদ জ্যোতি বহন করেছিল—এই রকম কোন খবর জানা আছে কি ?

শ্রীজ্যোতি বসু ঃ আপনারা কেন এইরকম প্রশ্ন করেন ? এটা একটা গুরুতর ঘটনা, এই রকম ঘটনা সচরাচর হয় না, ১০ বছরের ছেলেটাকে নৃশংসভাবে হত্যা করা হলো। এইসব নানা রকম কথা বলা ঠিক নয়। কোর্টে যখন হবে সেখানে গিয়ে শুনবেন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কি, এই খুনের মামলার আসামীদের সাথে যুক্ত দীপঙ্কর কি এস. এফ. আই দলের সঙ্গে যুক্ত এবং সেইজন্যই কি তাকে পাওয়া যাচ্ছে না ?

শ্রীজ্যোতি বসু ঃ উনি যখন জিজ্ঞাসা করলেন আমি এটা বলতে পারি আমাকে বলতে বাধ্য করছেন—যাদের ধরা হয়েছে তারা অনেকেই কংগ্রেসের সঙ্গে যুক্ত, আপনি নিজেও হয়তো যুক্ত সেখানে আছেন।

অনিল মুখার্জী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, যে কেস সাবজুডিস—এটা একটা পেণ্ডিং কেস—সেই সাবজুডিস কেস নিয়ে আলোচনা করা কি উচিত হবে ?

শ্রীজ্যোতি বসু ঃ এখানে কখন কখন উত্তর দিই। এই ধরনের এমন একটা ঘটনা ঘটে গেছে—আমি অনুরোধ করছি এটা নিয়ে আলোচনা আর করবেন না।

[2-00—2-35 P. M. including adjournment]

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পার্সোনাল এক্সপ্ল্যানেসন আছে। নান বাট দি চীফ মিনিষ্টার আমাকে এ্যাকিউজ করেছেন যে আমি এ ব্যাপারে যুক্ত। যতক্ষণ না এটা প্রমাণ করে উনি আমাকে গ্রেপ্তার করবেন, ততক্ষণ পর্যন্ত আমি আজ থেকে চীফ মিনিষ্টারের সামনে আমরণ অনশন করতে বাধ্য হব।

শ্রীজ্যোতি বসু ঃ স্পীকার মহাশয়, ওনারা মনে করেন, সুব্রতবাবু সহ যে, যেহেতু ওনারা বিরোধী দলে আছেন সেজন্য যে কোন সময়ে যে কোন কথা এখানে বলে যাবেন। প্রথম দিন উনি বলেছিলেন যে যাকে খুঁজে পাওয়া যাচ্ছে না সি পি. আই. এম. তাকে লুকিয়ে রেখেছে। আপনি আগে প্রত্যাহার করুন, তারপর আমি প্রত্যাহার করব।

(ভীষণ গোলমাল)

(At this stage several members rose in their seats)

Mr. Speaker : Mr. Mukherjee, please take your seat—please take your seat. Please take your seat Mr. Mukherjee.

(Noise and interruption)

Mr. Speaker : Question hour is over.

STARRED QUESTIONS

(To which answers were laid on the table)

Taking over the administration of the Kapil Muni Temple at Sagar Island

***90.** (Admitted Question No. 488.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Chief Minister be pleased to State—

(a) whether the State Government has any proposal to take over the administration of the Kapil Muni Temple at Sagar Island ; and

(b) if so,—

(i) the reasons thereof, and

ii) whether the Mahants who manage the temple have been informed about the proposal ?

Chief Minister.

(a) There is no suce proposal at preasent.

(b) (i) & (ii) Does not arise.

ময়না-মাধবপুর পর্যন্ত রাস্তা সংস্কার

***৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৭।) **শ্রীসরল দেব :** পূত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বারাসাত থানার অধীনে 'ময়না হইতে মাধবপুর' পর্যন্ত রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে ?

Minister-in-charge of Public Works Deptt.

(ক) হ্যাঁ।

(খ) অর্থ-দপ্তরের অনুমোদন ও বাৎসরিক বাজেটে অর্থ সংকুলান করার উপর প্রকল্পটির রূপায়ণ নির্ভর করছে।

Installation of statue of Mahatma Gandhi on No. 6 Highway

***93.** (Admitted question No. *549.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether it is a fact that the State Government had a proqosal to instal a life statue of Mahatma Gandhi on the National Highway No. 6 in Midnapore district ; and

(b) if so,—

(i) what is its present position,

(ii) what steps have been taken by the present Government in the matter, and

(iii) when is the statue likely to be installed in Midnapore district ?

Minister-in-charge of Public Works Deptt.

(a) & (b) Yes, it is ready. It would however be installed in the campus of National Momento to Mahatma Gandhi which is coming up at 150 B, Beliaghata Main Road, Calcutta and not at Kharagpur.

গ্রানাডায় প্রদর্শিত নেতাজীর ছবি সম্পর্কে মুখ্যমন্ত্রীর সহিত প্রধানমন্ত্রীর পত্রালাপ

***৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৬।) **শ্রীঅনিল মুখার্জী :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) গ্রানাডায় নেতাজীর ছবি সম্পর্কে মুখ্যমন্ত্রীর সহিত প্রধানমন্ত্রীর কোন পত্রালাপ হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, তাহার বিবরণ কি ?

Minister-in-charge of Home (Political) Deptt.

(ক) হ্যাঁ।

(খ) কেবলমাত্র বৃটিশ দূরদর্শন নয়, পৃথিবীর অন্য কোন স্থানেও যাতে নেতাজীর সম্পর্কিত ছবিটি প্রদর্শিত না হয়, তার জন্য বৃটিশ সরকারের উপর চাপ সৃষ্টি করার জন্য প্রধান-

মন্ত্রীকে অনুরোধ জানান হয়েছে। চিঠির উত্তরে প্রধান মন্ত্রী এ ব্যাপারে সম্ভাব্য সব কিছু ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

Setting up of Police Computer for crime records

***95.** (Admitted question No. 530.) **Shri Dhirendranath Sarkar :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has received any recommendation from the Government of India for setting up of a Police Computer Centre for computerisation of crime records ; and

(b) if so,—

(i) the financial assistance made available to the State Government by the Centre for this purpose, and

(ii) the steps taken by the State Government in the matter and with what results ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(a) Yes.

(b) (i) For the Computer Project, the State has so far received a total grant of Rs. 65,33,708/- (Rupees sixty-five lakh, thirty-three thousand seven hundred and eight) only from the Central Government.

(ii) Construction of a building at Bidhannagar for the Computer Centre is nearing completion. Training of personnel and collection of data have been progressing. The Computer is likely to be installed soon.

Improvement of functioning of the Police Forces

***96.** (Admitted question No. *537.) **Shri Ashok Ghosh :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has taken and/or is contemplaing to take any steps to improve the functioning of the Calcutta and West Bengal Police Forces ; and

(b) if so, what steps have been taken and/or is being contemplated by the State Government ?

Minister-in-charge-of the Home (polic) Deptt.

(a) & (b) The functioning of the Calcutta and West Bengal Police forces is continuously reviewed by the Government. Additional force has been raised from time to time and vehicles including wireless equipment provided. Big Police Stations have deen split up there are proposals to create some more police stations. For helping investigations, a Computer Center is being set up which is likely to be operational soon. Tele-communication system has been improved also,

Activities of Mafia Gang

***97.** (Admitted question Mo. *541.) **Dr. Sukumar Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has any information about the activities of the Mafia Gang operating in the Durgapur-Asansol Belt and creating a reign of terror in the region ; and

(b) if so,—

(i) what is the pattern of activities of this Gang, and

(ii) the steps taken and/or is proposed to be taken by the State Government to curb the activities of this Gang ?

Minister-in-charge-of the Home (Police) Deptt.

(a) The State Government has no such information.

(b) (i) & (ii) Dnes not arise.

বোলপুরে মহকুমা গঠন

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বোলপুরে পরোদস্তর মহকুমা গড়ার সমস্ত কাজ সম্পূর্ণ হয়েছে কি ?

Minister-in-charge-of the Home (Personnel and Administrative Reforms) Deptt.

না। প্রস্তাবটি এখনও সরকারের বিবেচনাধীন।

Construction of Flats for State Government Employees

***99.** (Admitted question No *466.) **Shri Sk Imajuddin :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) what is the physical target for construction of flats for residential accommodation of the State Government Employees during the Sixth Five-Year Plan Period (1980-85) ; and

(b) to what extent the above target has been achieved so far ?

Minister-in-charge of the Housing Deptt.

(a) 2849 nos. of flats

(b) 1726 nos. of flats are expected to be completed by this year.

বহরমপুর পৌর এলাকা বৈদ্যুতিকরণ

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাসঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৮৪ তারিখে বহরমপুর পৌর এলাকায় কতজন নাগরিকের বাড়িতে বিদ্যুৎ নেওয়ার জন্য আবেদন বিবেচনাধীন আছে ; এবং

(খ) ইহাদিগকে বিদ্যুৎ যোগান দিতে কত সময় লাগিবে ?

Minister-in-charge of Power Deptt.

(ক) ২৬২৯টি।

(খ) ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বরের আগে যাহারা দরখাস্ত করেছেন এবং ১০ই মার্চের আগে টাকা জমা দেবেন তাদের ৩১শে মার্চের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেওয়ার চেষ্টা করা হচ্ছে। পরবর্ত্তী ২/৩ মাসের মধ্যে বাকী দরখাস্তকারীদের বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে বলে আশা করা যায়।

প্রশাসনিক সংস্কার কমিটির রিপোর্ট

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (প্রশাসনিক ও কর্মিবৃন্দ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডক্টর অশোক মিত্রের নেতৃত্বে গঠিত প্রশাসনিক সংস্কার কমিটির রিপোর্টের সুপারিশগুলি সম্পর্কে কোনো সিদ্ধান্ত সরকার নিয়েছেন কিনা ; এবং

(খ) নিয়ে থাকলে, এ সম্পর্কে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ?

Minister-in-charge of Home (Personnel and Administrative Reforms) Deptt .

(ক) সরকার এ পর্যন্ত ২৩টি সুপারিশ বিবেচনা করে দেখেছেন ও তন্মধ্যে ১৭টি সুপারিশের উপর সিদ্ধান্ত নিয়েছেন। অপর সুপারিশগুলি এখনও বিবেচনাধীন।

(খ) গৃহীত সিদ্ধান্তগুলি সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক কার্যকর করার জন্য যথোপযুক্ত নির্দ্দেশ দেওয়া হয়েছে ও হচ্ছে।

New units of Calcutta Electric Supply Corporation

***103.** (Admitted question No. *531.) **Shri Dhirendranath Sarkar :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that the Central Electric Authority has cleared the Calcutta Electric Supply Corporation's project for setting up two 60/67.5 M. W. Units at its existing Southern Generating Station ; and

(b) if so,—

(i) what is the present position in the matter, and

(ii) whether the State Government has any proposal to extend financial assistance to C. E. S. C. for this project ?

Minister-in-charge of power Deptt.

(ক) হ্যাঁ।

(খ) (১) এই বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যাপারে আলাপ-আলোচনা চলিতেছে।

(২) রাজ্য সরকার এই প্রকল্পের মোট ব্যয়ের প্রায় এক-চতুর্থাংশ ঋণ হিসাবে কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে দিতে রাজী হইয়াছেন।

Blinding of an undertrial at Barrackpore

***104.** (Admitted question No. *489.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the State Government has enquired into the case of alleged blinding of one Mulchand Khatik, an undertrial in a case under Naihati police-station in Barrackpore sud-division of 24-Parganas district and the alleged murder of the said undertrial Mulchand Khatik on October 6, 1983, after his release from Dum Dum Central Jail ; and

(b) if so,—

(i) what are the findings, and

(ii) what steps have been taken/and/or contemplated in the matter ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(a) Yes ;

(b) (i) As the cases started over the incidents are under investigation, the question of any finding at this stage does not arise.

(ii) Specific cases have been started over the incidents and two persons have so far been arrested.

সোদপুর রাস্তা সংস্কার

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮।) **শ্রীসরল দেব ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মধ্যমগ্রাম চৌমাথা হইতে সাঁজিরহাট পর্যন্ত সোদপুর রাস্তা সংস্কারের কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা করা যায় ?

Minister-in-charge of public works Deptt.

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান আর্থিক বৎসরে আরম্ভ হইবে।

সারকারিয়া কমিশনের কাছে রাজ্য সরকারের মতামত

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪।) **শ্রীঅনিল মুখার্জী ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) দেশের সংবিধানের কাঠামোর পরিবর্তন সহ কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের ব্যাপারে সারকারিয়া কমিশন কি পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মতামত চেয়েছেন ; এবং

(খ) যদি উত্তর 'হ্যাঁ' হয়, তবে রাজ্য সরকার ঐ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

Minister-in-charge of Home (Political) Deptt.

(ক) কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের ব্যাপারে নিয়োজিত সারকারিয়া কমিশন একগুচ্ছ বিস্তারিত প্রশ্নমালা (Questionnaire) রচনা করেছেন। ঐ প্রশ্নাবলী সম্বলিত পুস্তিকা পাঠিয়ে সারকারিয়া কমিশন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মতামত চেয়েছেন।

(খ) যথাযথ উত্তর প্রনয়ণের জন্য সরকার প্রশ্নগুলি পরীক্ষা করে দেখছেন।

জলবিদ্যুৎ প্রকল্প

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জলবিদ্যুৎ প্রকল্পের জন্য কয়টি স্থান নির্বাচিত হইয়াছে ; এবং

(খ) তন্মধ্যে বর্তমানে কয়টি স্থানে কাজ চলিতেছে ও বাকিগুলিতে কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Power Deptt.

(ক) ১১টি (এগারটি)।

(খ) তন্মধ্যে তিনটি স্থানে প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে। বাকী আটটি স্থানে প্রকল্পের কাজ সুরু করা কেন্দ্রীয় সরকারের অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ সংস্থানের উপর নির্ভর করছে।

কালীপুর-বালী দেওয়ানগঞ্জ রাস্তা

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক** ঃ পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী আর্থিক বৎসরে হুগলী জেলার গোঘাটের কালীপুর-বালী দেওয়ানগঞ্জ রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত কাজগুলি আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Public Works Deptt.

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

বারাসাত থানা এলাকায় খুন ও ডাকাতি

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৯।) **শ্রীসরল দেব** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮৪ সালের জানুয়ারী মাস পর্যন্ত সময়ে বারাসাত থানার অধীনে কতগুলি (১) খুন, (২) ডাকাতির ঘটনা ঘটেছে ;

(খ) উক্ত ঘটনাগুলির সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে (পৃথক পৃথক হিসাবে);

(গ) কোন কোন ক্ষেত্রে হত্যাকারীদের গাড়ীতে করিয়া পি পি, ২৪-পরগনা, নিয়মিত কল্যাণী থেকে যাতায়াত করতেন এই মর্মে কোন অভিযোগ / রিপোর্ট সরকার অ্যাডিশনাল এস পি, বারাসাত-এর কাছ থেকে পেয়েছেন কি ; এবং

(ঘ) পেয়ে থাকলে এ বিষয়ে কি ব্যবস্থা লওয়া হয়েছে ?

Minister-in-charge of Home (Police) Deptt.

(ক) (১)+(২) উক্ত সময়ের মধ্যে ১২টি খুন এবং ২টি ডাকাতির ঘটনা থানায় লিপিবদ্ধ করা হয়েছে।

(খ) খুনের অভিযোগে ২৪ জন এবং ডাকাতির অভিযোগে ৯ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

(গ) সরকারের কাছে এ রকম কোনো সংবাদ নাই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : I have received 3 notices of Adjournment Motions, namely.....

(Noise and interruption)

[At this stage Shri Subrata Mukherjee was seen rushing towards Mr Speaker's dais and snatched away Mr. Speaker's mike and table lamp.]

(Noise and interruption)

Mr. Speaker : The House stands adjourned for half an hour.

(At this stage the House was adjourned for half an hour.)

[2-35—3-35 P. M. including adjournment]

(After adjournment)

Mr. Speaker : Today I have received three notices of adjournment motion. The first one is from Shri Sk. Anwar Ali which deals with the subject of strike in jute mills. The second one is from Shri Kashinath Mishra whice deals with the subject of serious problem regarding admission of students in primary and secondary schools and the last one is from Dr.

Manas Bhunia which deals with the subject of alleged physical assault on some leader of the Federation of State Government Employees at Lalbazar on 29-2-84.

The subject matters of all the motions are such which do not merit treatment of adjournment motion. Moreover, the Members will have the opportunity of raising the matters during discussion on the Governor's Address.

I, therefore, withhold my consent to all of them. One Member of the party may, however, read out the text of the motion as amended.

(Noise)

CALLING ATTENTION

To Matters of Urgent Public Importance

Mr. Speaker. I have received nine notices of Calling Attentions namely :—

1. Problem of admission of students in class V & IX —Shri Jayanta Biswas.
2. 50% Priority of Lawyers in Higher Judicial Service —Shri Dipendra Barman.
3. Reported clash between two groups of Policemen in Lalbazar —Shri Asok Ghosh and Shri Anil Mukherjee.
4. Murder of one person in Bally on 21-2-84 —Shri Asok Ghosh.
5. Deplorable condition of Law and Order in Bankura —Shri Kashinath Misra.
6. Reported death of 4 youths in Bulbul Chandi —Shri Shamsuddin Ahmed and Shri Jokhilal Mondal.
7. Reported assault of one Doctor in S.S.K.M. Hospital on 28-2-84 — Dr. Manas Bhunia.

8. Continuous strike in Jute Mills —Shri Sk. Anwar Ali

9. Non-availability of Forms for Haz passengers —Shri Sk. Imazuddin

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of Reported assault of one Doctor in S.S.K.M. Hospital on 28-2-84.

(Noise)

(Several members went to the dais)

(At this stage the House was adjourned for one hour)

(After odjournment)

[3-35—4-30 P. M. including adjournment]

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I rise on a point of order.

(Noise)

May I draw your attention ? Will you allow me to proceed on ?

(Noise)

Mr. Speaker : I have not allowed you uptill now. Under the rules unless the Chair allows you how can you address the House ?

(Noise)

I have not given you my permission to address the House.

(Noise)

(Shri Satya Ranjan Bapuli rose to speak)

Mr. Bapuli, I am on my legs. When I am on my legs you should take your seat and you cannot proceed on. When the Speaker is on his legs the Member should sit down.

(Noise)

Shri Satya Ranjan Bapuli : Sir, there were number of occasions when the Speaker was on his legs and the members also were on their legs.

(Noise)

Mr. Speaker : Mr. Bapuli, this House has got past experience. This is not new. This is not the first time.

(Noise)

The other day Mr. Subrata Mukherjee made an allegation against Shri Sachin Sen. Was there any noise ? They did not make any noise. They did not ask you why you made an allegation ? They why are you making noise to-day ?

(Noise)

Dr. Zainal Abedin : Sir, you are defending the members of the ruling party.

(Noise)

Mr. Speaker : I am not defending anybody. In this House this thing has taken place. I an not defending anybody. I did not defend Mr. Mukherjee for making allegations against Shri Sachin Sen. So, I adjourn the House till 4.30 P.M. We will meet at 4.30 P.M.

(At this stage the House was adjourned till 4.30 P.M.)

[4-30—4-40 P. M.]

(After adjournment)

Mr. Speaker : Honourable Members, today during the answer to question hour the Hon'ble Chief Miniter made certain statements affecting Mr. Subrata Mukherjee. Yesterday Shri Subrata Mukherjee made some allegations during discussion on the Governor's Address with regard to honourable member, Shri Sachin Sen. As such I expunge both the statements and, I hope, in future all honourable members all keep in mind that no personal allegation is made against any member in the House. This should not be done. Decorum of the House should be maintained and I expect all members will give due respect to the Chair and to other members while making their speeches because this involves the prestige of the House. Hon'ble Chief Minister will now make a statement on this point.

শ্রীজ্যোতি বসু : স্পীকার মহাশয়, আপনাকে ধন্যবাদ যে উজ্জ্বল খুন সম্বন্ধে যেসব আলোচনা এখানে হয়েছে সেসব আপনি এক্সপাঞ্জ করে দিয়েছেন। এবং সংবাদপত্রে যাতে বের না

হয় সে কথাও বলেছেন। আমি ব্যক্তিগতভাবে দুঃখিত যে আমি সুব্রত মুখার্জীর নাম করেছিলাম। তিনিও বলেছিলেন সি. পি. এমের লোকেরা লুকিয়ে রেখেছে। এসব কথা অন্ততঃ এই মামলায় করবেন না, যে কোন সময়ে যা খুশী করুন—এটা বরাবরই বলছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, প্রথমে আমি আপনাকে ধন্যবাদ জানাই। আমাদের দলের পক্ষ থেকে যেসব সিনিয়র মেম্বাররা আজকের এই ঘটনা নিয়ে পরবর্তী পর্যায়ে আপনার সংগে আলোচনা করে ঠিক করেছেন যে আমাদের এই ঐতিহ্যমূলক হাউসকে আরও ভালোভাবে পরিচালনা করার জন্য, তার ইতিহাসকে রক্ষা করার জন্য সচেষ্ট হওয়া উচিত। মুখ্যমন্ত্রী তাঁর মন্তব্য করেছিলেন তার পরবর্তী পর্যায়ে আপনার টেবিলের সামনে যে ঘটনা হয়েছিল তাঁর জন্য আমি দুঃখিত। আমি আশা করবো সকলের উদ্যোগে, আপনার নেতৃত্বে হাউস সুন্দর এবং সুশৃঙ্খলভাবে চলবে।

মিঃ স্পীকার ঃ আমি শুধু মেম্বারদের মনে করিয়ে দিতে চাই যাতে হাউসের মান সম্মান বজায় থাকে তার চেষ্টা আপনারা করবেন। হাউসে আমরা কেউ চিরকাল থাকব না, কিন্তু হাউস চিরকাল থাকবে। সুতরাং আমরা চেষ্টা করবো যাতে হাউসের ডিগনিটি, ডেকোরাম মেনটেণ্ড হয়। এখন ডাঃ মানস ভুঁইয়ার যে কলিং 'Reported assault of one doctor in S S. K. M. Hospital on 28 2.84.—Attention called by Dr. Manas Bhunia'. The Minister-in-Charge will please make a statement today, if possible or give a date তার উত্তর কবে দেয়া হবে পরিষদীয় মন্ত্রী বলুন।

শ্রীপতিত পাবন পাঠক ঃ ৮ তারিখে।

মিঃ স্পীকার ঃ আজ কোন মেনসান হবে না, এখন ডিসকাসান অন গভর্ণর য়্যাড্রেস হবে।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিধানসভায় বহু জিনিস ঘটল এবং তার সমাপ্তি হল। আপনি বিধানসভার প্রারম্ভে কিছু দামী এবং নামী লোকেদের মৃত্যুর জন্য শোক প্রস্তাব নিয়েছেন। কিন্তু যে সমস্ত লোক গত বিধানসভার নির্বাচনের পর এবং গত হাউস হবার পর থেকে আজ পর্যন্ত মারা গেছে তাদের জন্য কোন শোক প্রস্তাব আপনি নেননি। যেমন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন লোকসভায় এবারে পাঞ্জাবের ঘটনা নিয়ে যাঁরা মারা গেছেন তাঁদের সকলের জন্য শোক প্রস্তাব নেওয়া হয়েছে এবং লোকসভার অনেক দৃষ্টান্ত আপনি অনুকরণ করছেন, সুতরাং আমি আশা করেছিলাম উজ্জ্বল, তীর্থংকর, সঞ্জীব যারা মারা গেছে তাদের জন্য শোক প্রস্তাব নেবেন। সেই রকম আর এস পি, ফরওয়ার্ড ব্লক, কংগ্রেস, সি পি এম'র বহু

সমর্থক মারা গেছে, কিন্তু যেহেতু তারা নামী দামী লোক নয় তাই তাদের জন্য কোন শোক প্রস্তাব নেওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিবেকের তাড়নায় আমি অন্ততঃ আমার বক্তৃতা দেবার আগে সকল সদস্যকে অনুরোধ করব তাঁরা যেন যে যাঁর আসনে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সকলকে অনুরোধ করছি, কিন্তু সকলে যদি না দাঁড়ান তাহলে আমাদের দলের লোকেরা দাঁড়াবে।

Mr. Speaker : Mr. Bapuli, this is not according to the rules of the House. So, I will request you to act according to the rules.

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানিয়ে দিলাম নীরবে একটা প্রতিবাদ যে হাউস চলছে কিন্তু তাদের জন্য যাদের জন্য আপনারা বড় বড় কথা বলেন কোন শোক প্রস্তাব করার মানসিকতা বামফ্রন্ট সরকারের নেই। এটা খুব দুঃখের বিষয়। আপনারা মাঠে ময়দানে গিয়ে ক্ষেতে খামারে খেটে খাওয়া মজুরদের কথা বলেন, কিন্তু তারা মারা গেছে তাদের জন্য শোক প্রস্তাব নেবার ক্ষমতা আপনাদের নেই। আমরা সেই প্রস্তাব নিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়; এই সরকারের বাজেট ভাষণ যেটা রাজ্যপাল করেছেন এটা চরম দুর্নীতি-গ্রস্ত একটা সরকারের প্রশাসনহীন অবস্থায় তাদের দুর্নীতিকে চাপা দেবার জন্য ব্যর্থতাকে ঢাকা দেবার জন্য রাজ্যপালের মুখ দিয়ে একটা প্রশংসার বাণী এখানে পাঠ করান হয়েছে। এই বিধান সভায় রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন তার প্যারাগ্রাফ ওয়াইজ যদি আলোচনা করতে চাই তাহলে অনেক সময় লাগবে। সেজন্য অল্প কথায় আমার বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন কিছুদিন আগে কলকাতার ময়দানে আমাদের মুখ্য মন্ত্রীর আমন্ত্রণে কিছু অকংগ্রেসী মুখ্যমন্ত্রী এবং কিছু বিরোধী দলের নেতাদের একটা সম্মেলন হয়ে গেছে যার কথা রাজ্যপালের ভাষণে নেই, কিন্তু থাকা উচিত ছিল যে এখানকার মুখ্যমন্ত্রী অকংগ্রেসী মুখ্যমন্ত্রীদের এবং বিরোধী দলের নেতাদের আহ্বান করে নিয়ে এসে কেন্দ্রের বিরুদ্ধে একটা চক্রান্ত করেছেন, একটা ষড়যন্ত্র করেছেন এবং কেন্দ্রের বিরুদ্ধে একটা চক্রান্ত করে তাঁদের গ্রেট ইষ্টার্ণ, গ্রাণ্ড হোটেলে থাকতে দিয়েছেন। একদিন জয়প্রকাশ নারায়ণ যেমন করেছিলেন তেমনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে সম্মেলন হল তার কথা রাজ্যপালের ভাষণে নেই এবং তারজন্য যে খরচ হয়েছে তার কথাও রাজ্যপালের ভাষণে নেই। তাঁদের রাখার জন্য সমস্ত পাঁচতলা হোটেল পর্যন্ত বুক করা হয়েছিল, লক্ষ লক্ষ টাকা তারজন্য খরচ করা হয়েছে ব্রিগেড প্যারেড গ্রাউণ্ডের ময়দানে কেন্দ্রের বিরুদ্ধে একটা অশুভ আঁতাত তৈরী করার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যিনি হাউসে একটু আগে ছিলেন, এখন চলে গেছেন, এই রকম একটা অপদার্থ মুখ্যমন্ত্রীর খপ্পরে পড়ে অন্যান্য মুখ্যমন্ত্রীবা যে এগিয়ে আসতে পারেন এটা আমার ধারণা ছিল না।

[4-40—4-50 P.M.]

বিরোধী নেতৃবৃন্দ যাঁরা এখানে এসেছিলেন তাঁদের কারুর কারুর হয়ত প্রচ্ছন্নভাবে একটা বাসনা থাকতে পারে নিজেদের নেতৃত্ব ঠিক রাখার জন্য। তবে সুখের বিষয় ওই বিরোধী নেতৃবৃন্দ যাঁরা এখানে চক্রান্ত করতে এসেছিলেন তাঁরা এখন বুঝতে পেরেছেন, ভারতবর্ষের মানুষ বুঝতে পেরেছেন ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে চক্রান্ত করে কিছু করা যাবে না। ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে ইতিপূর্বে চক্রান্ত হয়েছিল, জয়প্রকাশ নারায়ণ ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে চক্রান্ত করেছিলেন এবং সেই সময় ইন্দিরা গান্ধীকে হটিয়ে তাঁরা ভারতবর্ষকে ১০ বছর পিছিয়ে দিয়েছেন। মুখ্যমন্ত্রী যদি ভাবেন কেন্দ্রীয় সরকারকে দুর্বল করলে তাঁর উদ্দেশ্য সিদ্ধ হবে তাহলে বলব তিনি মুর্খের স্বর্গে বাস করছেন। এইভাবে কেন্দ্রীয় সরকারকে দুর্বল করা যাবে না। ব্রিগেড প্যারেড গ্রাউণ্ড-এ লক্ষ লক্ষ টাকা খরচ করে তাঁরা মিটিং করলেন, কিন্তু দেশের মানুষ তাঁদের প্রত্যাখ্যান করেছে। জনসাধারণ প্রত্যাখ্যান করেছে জ্যোতি বসুর নেতৃত্ব। এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। তারপর, রাজ্যপালের ভাষণে বিদ্যুৎ সম্পর্কে কোন কথা নেই। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল ইত্যাদি হবে। গতবার আলোচনার সময় এই হাউসে বলা হয়েছিল যতগুলি ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌টিং ছিল তার ফিফ্‌টি পারসেন্ট অকেজো হয়ে গেছে বিদ্যুতের অভাবে। দুঃখের বিষয় এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে নেই। স্যার, আমরা লক্ষ্য করেছি এঁরা প্রথম থেকেই আর্থিক স্বচ্ছলতার জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলতে সুরু করেছেন। সি পি এম সদস্য কমল বাবু এখানে থাকলে তাঁকে জিজ্ঞেস করতাম বামফ্রন্ট সরকার দেশের অর্থনীতিকে কোথায় নিয়ে গেছে সেটা একবার দেখুন। এই প্রশাসনের বিরুদ্ধে, অনেক মন্ত্রীর বিরুদ্ধে আমাদের নানা রকম অভিযোগ রয়েছে। আপনারা গ্রামে দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েত সৃষ্টি করে কতগুলি চোর সৃষ্টি করেছেন। ৯০০ কোটি টাকা পঞ্চায়েতের জন্য গ্রামে গিয়েছে এবং বামফ্রন্ট সরকার পঞ্চায়েতকে নানারকম সুযোগ দেবার ফলে গ্রামের সাধারণ মানুষ আজ চোর হয়ে গেছে। আগেকার পঞ্চায়েত মন্ত্রী (আর এস পি-র সদস্য) বলেছেন, দুর্নীতির জন্য ৫৬ জন সি পি এম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা বেরিয়েছে। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলাকে দুর্নীতিগ্রস্ত করেছেন। মুখ্যমন্ত্রী চীৎকার করছেন পুলিশ প্রশাসন যন্ত্র ঠিকভাবে ব্যবহার করা যাচ্ছে না। পুলিশ প্রশাসনকে যদি পার্টির কাজে লাগান হয় তাহলে পুলিশের যোগ্যতা থাকে না। পুলিশকে যদি বারবার গণতান্ত্রিক আন্দোলন দমন করার কাজে লাগান তাহলে পুলিশ নিষ্ক্রিয় হতে বাধ্য পুলিশ যখন সি পি এম-এর কথামত কাজ করে না তখনই আমাদের বিরুদ্ধে অভিযোগ আসে। তবে এই অভিযোগ শুধু আমাদের বিরুদ্ধেই নয়, ফরওয়ার্ড ব্লক, আর এস পি এবং এস্ ইউ সি-র লোকেরাও এর হাত থেকে রেহাই পান না। জ্যোতিবাবুর দল আন্দোলন করলে পুলিশ সেখানে যায় না কারণ পুলিশ প্রশাসন তাঁর নিজের হাতে। আজকে তিনি পুলিশের বিরুদ্ধে অভিযোগ এনে পার্টি ক্যাডারদের রক্ষা করবার ব্যবস্থা করছেন। ভারতবর্ষের ইতিহাসে এমন

কোন রাজ্য অছে যেখানে পুলিশ মন্ত্রী প্রশাসনকে বিশ্বাস না করে নিজের দলের লোক দিয়ে প্রশাসন চালায়? ভারতবর্ষের কোথাও এই জিনিস নেই। কোটি কোটি টাকা খরচ করে পুলিশ প্রশাসন রাখা সত্বেও পার্টি ক্যাডারদের দিয়ে যদি প্রশাসন চালান হয় তাহলে দেশের দুরবস্থা হবে না কেন? আজকে এখানে যদি মুখ্যমন্ত্রী এবং অশোক মিত্র উপস্থিত থাকতেন তাহলে তাঁদের দুজনকেই বলতাম, আপনারা আজকে পশ্চিমবাংলাকে দেউলিয়ার খাতায় নাম লিখিয়েছেন।

কারণ সমস্ত পরিকল্পনাহীন খাতে কোটি কোটি টাকা খরচ করে দেশের কি উন্নতি হয়? সম্পদ না বাড়িয়ে, দেশে বেকারত্ব দূর করার ব্যবস্থা না করে শুধু ভাতা দিয়ে ভোট কেনার ব্যবস্থা করে দেশের উন্নতি হয় না। এতে আপনাদের পার্টির উন্নতি হতে পারে। আমি মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জ্ঞাতার্থে একটি কথা বলতে চাই। এই পশ্চিমবাংলার উন্নতি হবে কি করে? যদি এই রকম ব্যবস্থা চলে। ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রের উন্নতি হয় আর এখানকার উন্নতি হয় না কেন? আপনারা তো অন্যান্য রাজ্যের কথা বলেন এবং এ কথাও বলেন যে আমাদের রাজ্যের চেয়ে আমাদের রাজ্যের অবস্থা খারাপ। আপনি দেখুন উন্নয়ন খাতে মহারাষ্ট্রে ব্যয় হয় ১০০ টাকার মধ্যে ২২ টাকা, ইউ পি তে ব্যয় হয় ২৭ টাকা আর আমাদের এই পশ্চিম-বাংলার উন্নয়ন খাতে ব্যয় হয় ১০০ টাকার মধ্যে ১৭ টাকা। তাহলে পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা খারাপ হবে না তো কি ভাল হবে? তার সবচেয়ে বড় কারণ হচ্ছে পশ্চিমবাংলার অর্থ দপ্তরে বসে রয়েছেন একজন অপদার্থ অর্থমন্ত্রী ডাঃ অশোক মিত্র। তিনি পরিকল্পনাহীন খাতে বেশী অর্থ ব্যয় করছেন। এটা কি হওয়া উচিত? আর একটা কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণে বলেছেন যে হাসপাতালের উন্নতি হয়েছে। এটা একটা সম্পূর্ণ অসত্য কথা। গ্রামে গিয়ে দেখুন অধিকাংশ হাসপাতালে ঔষধ নাই, ডাক্তার নাই—সেখানে চিকিৎসা ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। আর যদি মাননীয় মুখ্যমন্ত্রীর বা কোন মন্ত্রীর অসুখ করে তিনি মস্কোয় চলে যান, রাশিয়ায় চলে যান। আবার মন্ত্রী এখানে হুঙ্কার দিয়ে ডাক্তারদের বলেন বেয়নেট দিয়ে এদের জব্দ করে দিতে হবে। একথাটা রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। রাজ্যপালের ভাষণে একটা জিনিস খুব বড় করে বলা হয়েছে যে কেন্দ্র দিচ্ছে না। এই কথাটা জ্যোতিবাবু যে দিন থেকে মুখ্যমন্ত্রী হয়ে এলেন সেই দিন থেকে শুনছি যে কেন্দ্র দিচ্ছে না কেন্দ্র দিচ্ছে না। কিন্তু কেন্দ্রেরই অন্যান্য রাষ্ট্র হরিয়ানা, পাঞ্জাব, বিহার, উড়িষ্যা ইউ.পি. উন্নতি করে আর পশ্চিমবাংলা উন্নতি করতে পারে না। এরা কেবলই বলে যাচ্ছে যে রাজ্যের হাতে অধিক ক্ষমতা দাও যাতে এরা দল বাড়াতে পারে এবং অন্যান্য মুখ্যমন্ত্রীদের সঙ্গে আতাত করে কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে পারে। এই অপদার্থ মুখ্যমন্ত্রীর হাতে অধিক ক্ষমতা দেওয়া কি উচিত হবে? এই বিধান সভায় কি অবস্থা হচ্ছে—তাহলে বাইরের কি অবস্থা? মাননীয় পরিবহন মন্ত্রী তো জানেন। কৈ রাজ্যপালের ভাষণে বললেন না তো এস. টি. সি. সংস্থার কি অবস্থা। ৫০০ বেশী বাস গ্যারেজে পড়ে আছে। আর তারজন্য যে সমস্ত কর্মী নিযুক্ত আছে তাদের বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন। আর এই কলকাতার মানুষ এবং অন্যান্য জায়গার মানুষ দুর্ভোগ ভোগ করছে। শিবেনবাবু যা

বলেছেন তা প্রমাণ করতে পারবেন কি ? রাস্তায় কি ঐ সংখ্যক গাড়ী বেরোয়। রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এই সব কথা বলিয়ে পশ্চিমবাংলার মানুষকে বোকা বানানো যাবে না।

[4-50—5-00 P. M.]

পশ্চিমবাংলার মানুষ তারা বুঝতে পেরেছে। তাই দু দুটো নির্বাচন হয়ে গেল এখানে, আপনারা বড় বড় কথা বলছিলেন, নদীয়ায় ভোট হয়ে গেছে, আপনারা জিতেছেন ? কালিয়াচকে নির্বাচন হলো, আপনারা জিতেছেন ? পশ্চিমবাংলার মানুষ আপনাদের অবস্থা চিনতে পেরেছে। পশ্চিমবাংলার মানুষ বুঝেছে, ১৯৭৭ সালে যখন যাঁরা এখানে এসেছিলেন, তখন এক রকম কথা বলেছেন, আজকে আর এক রকম কথা বলছেন। তার একটি কারণ পশ্চিমবাংলার মানুষ বুদ্ধিমান, বিবেচক এবং পশ্চিমবাংলার মানুষ আগামী দিনেও—এই মুখ্যমন্ত্রীর যা দম্ভ, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যেভাবে আচরণ করেন. তার উপযুক্ত জবাব দেবার জন্য তারাও প্রস্তুত হচ্ছে এবং একটা কথা জেনে রেখে দিন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে কতকগুলো অসত্য কথা বলে, কতকগুলো অর্ধ সত্য কথা বলে পশ্চিমবাংলার মানুষকে বোঝানো যাবে না। গ্রামে আজকে কাজ নেই, হাহাকার, বেকারত্ব দিনের পর দিন বেড়ে গেলেও বেকারদের চাকরি নেই। এদিকে বলা হচ্ছে, জুটকে ন্যাশান্যালাইজ করতে পারলে ভাল হয় দুর্ভাগ্যের বিষয়, আজকেই মুখ্যমন্ত্রী একটি প্রশ্নের জবাব দিচ্ছিলেন, মুনাফাখোর, মজুতদারের বিরুদ্ধে তাঁরা নাকি ব্যবস্থা নিচ্ছেন। 'এসমা' ব্যবহার করবেন না, অন্য কিছু ব্যবহার করবেন না, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সরষের তেলের দাম ২০ টাকা থেকে ২৬ টাকা হয়ে গেল দু দিনের মধ্যে। দুজন মুনাফাখোর, দুজন মজুতদারকে কি গ্রেপ্তার করা যেত না? আমি গ্রেপ্তার করবো না, দিনের পর দিন জিনিসপত্রের দাম বাড়বে আর ১৪/১৮ টা জিনিসের দাম বেঁধে দিতে হবে, সেই ব্যবস্থা কে করবে ? না, কেন্দ্র করবে। আলু কি কেন্দ্র রাজভবন থেকে বিক্রি করবে ? সরষের তেল কি গ্রামে গ্রামে গিয়ে কেন্দ্র থেকে বিক্রি করে আসবে ? আপনাদের রাজ্য সরকারের কোন দায়িত্ব নেই ? আপনাদের দায়িত্ব আছে কেরোসিন তেল বণ্টনের, কিন্তু এই রাজ্য সরকার কি বণ্টন করতে পেরেছেন ? বাংলাদেশে আপনাদের নাকের ডগা দিয়ে চলে যায় মৌড়ীগ্রাম থেকে। ব্যবস্থা নিতে পেরেছেন ? পশ্চিমবাংলায় আজকে মুনাফাখোর, মজুতদারদের স্বর্গ রাজ্য তৈরী হয়ে গেছে এই বামফ্রন্টের কৃপায়। তারা জানে মুনাফাখোর, মজুতদার হলে, তার বিরুদ্ধে কিছু করা হবে না। বিনা বিচারে আটক করতে আমরা বলি না। কিন্তু তাদের বিরুদ্ধে ব্যবস্থা যদি না নেওয়া হয়, তারা যদি জানে, ওদের স্বর্গ রাজ্য তৈরী হয়ে গেছে, কারণ বামফ্রন্ট আছে, এই দেশের লোকের ওদের বিরুদ্ধে কিছু করবার কোন ক্ষমতা নেই, তাহলে নিশ্চয়ই দাম বাড়বে। লাফিয়ে লাফিয়ে দাম বেড়ে গেল সরষের তেলের, তারপর আবার নেবে গেল, কেন্দ্র দায়ী ? কেন্দ্র যে টাকা দিচ্ছে, গত বছরের ১৫ কোটি টাকা আপনারা খরচ করতে পারেন নি।

বিভিন্ন প্রকল্পে, তা ফিরে গেছে, অস্বীকার করতে পারেন ? এখানে বড় বড় করে বলেছেন, আমরা খরার সময় বহু সাহায্য করেছি। খরার সময় আমরা দু হাতে দিয়েছি। অর্থ কে দিয়েছিল ? আজ পর্য্যন্ত ১৫৬ কোটি টাকার হিসাব কেন্দ্রকে দিতে পারছেন না। প্রত্যেক পঞ্চায়েতের টাকা অডিট করে দিতে পেরেছেন ? কেন্দ্রের টাকা এসেছে, দুহাতে লুটে পুটে খেয়েছেন। কিছু কিছু বিধানসভার সদস্য মোটা হয়েছে, কিছু কিছু পঞ্চায়েতের সদস্য মোটা হয়েছে, আর পার্টি অফিসে প্রচুর টাকা গেছে। তাই তো আলিমুদ্দিন ষ্ট্রীটে এত বড় বাড়ি, তাইতো দিল্লীতে ৮০ লক্ষ টাকা খরচ করে আরও বড় বাড়ি তৈরী হবে, তারজন্য পরিকল্পনা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলাকে অর্থনীতিতে একেবারে শেষ করে দিয়েছে। কারণ পশ্চিমবাংলায় যে উন্নয়নমূলক কাজ হওয়া উচিত ছিল, তা হয়নি। সম্পদ সৃষ্টি করবার যে কথা ছিল, তা সৃষ্টি হয়নি এবং পরিকল্পনামাফিক কাজ হলে, বেকারত্ব দূর হতো, তা আজ হয়নি। আজকে সব জায়গায় পরিকল্পনাহীন কাজ করা হয়েছে, অর্থকে নয় ছয় করে দিয়ে পশ্চিমবাংলার অর্থনীতিকে আজকে দুরবস্থায় দাঁড় করিয়ে দিয়েছেন। আজকে বাজেট কিভাবে পেশ করা হবে ভাবতে পারছেন না। অশোক মিত্র মহাশয় ভাবছেন— আমি জানি অশোক মিত্র মহাশয়ের ঘুম চলে গেছে। এর পরে সি. পি. এম. এর লোক তার গায়ে থুথু দেবে, বলবে যে পশ্চিমবাংলায় রাহু ঢুকেছে, পশ্চিমবাংলায় ধুমকেতুর আবির্ভাব ঘটেছে, পশ্চিমবাংলা আজকে শশ্মান হতে বসেছে। কেন্দ্র টাকা দিয়েছে, ভোট নেবার জন্য আপনার জালিয়াতি করেছেন, বিধবা ভাতা, বেকার ভাতা, এম. এল. এ দের মিথ্যা সার্টিফিকেট নিয়ে যে বিধবা নয়, সেও বিধবা হয়ে গেছে, এইভাবে তারা টাকা পাচ্ছেন। এই বিধবা ভাতা, বেকার ভাতা দিয়ে সমস্যার সমাধান করতে পারলেন কি ? আমরা হয়তো জানতে পারবো, এবারই যে বেকার ভাতা তুলে দেওয়া হলো, কারণ আর তারা চালাতে পারছেন না।

এই হয়ত দেখব একটা চলছে—পরিকল্পনামাফিক কাজ চলছে কি ? না। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরকে নিয়ে একটা খেলা চলেছে। তারজন্য আবার হয়ত শিক্ষামন্ত্রী মহাশয় একটা বিল আনবেন। কি আনবেন ? না, রাজ্যপাল আচার্য হবেন না। আমরা আচার্য হব না। কেন না গণতান্ত্রিক পদ্ধতিতে কেউ বেশী ভোট পেয়ে জিতেছে এটা বলা যাবে না, এই শিক্ষাই আমরা বামফ্রন্ট আমলে মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে শিখলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা চাই না, মুখ্যমন্ত্রীকে পছন্দ করি না, কিন্তু মেনে নিতে হয়েছে— এই অপদার্থকে মানতে হয়েছে একটি কারণে যে, উনি বেশী ভোট পেয়ে জিতেছেন। আমরা পছন্দ করি আর না করি, এতগুলি সি. পি. এম. সদস্য আছেন তিনি চালিয়ে যাবেন, মুখ্যমন্ত্রীর কিছুই এসে যায় না। উনি যে ক্ষমতা-বলে বসে আছেন, সেখানেও সেই একই ক্ষমতা বলে বসে আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বক্তৃতার শেষ সময়ে আমি বলি, "বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে"। এখানে বিচার নেই, আইন নেই, পুলিশ নেই, প্রশাসন নেই, আছে শুধু একটা দুর্নীতি-গ্রস্ত বামফ্রন্ট সরকার এবং এই সরকার পশ্চিমবাংলার বুকে জগদ্দল পাথরের মত বসে আছে। এই

বামফ্রন্ট সরকারের জয়গান সোচ্চারে গাওয়ার জন্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্, বন্দেমাতরম্।

শ্রীবিমলানন্দ মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষ সমালোচনা করার জন্যই কতকগুলি সমালোচনা করেছেন। একটা জায়গায় বোধ হয় তাদের এই প্রথম কিছুই বলার থাকছে না। বিদ্যুৎ সম্পর্কে তারা প্রতিবারই খুব সোরগোল করে থাকেন, অন্ধকার ইত্যাদি সব বলে থাকেন। বিদ্যুতের সুরাহা করার প্রশ্নটা খুব জটিল। দীর্ঘদিন ধরে কংগ্রেস আমলে যে অব্যবস্থা রাখা হয়েছিল, প্ল্যান্টগুলিতে ওভার ওয়ার্কড্ হবার ফলে নতুন প্রকল্প স্থাপন করার দিকে তাড়াতাড়ি নজর দেননি। কাজেই এটাতে একটু সময় লাগবে, সেটা আমরা প্রথমেই বলেছিলাম। এখন অবস্থা খানিকটা সহজ হয়ে আসছে। স্বভাবতঃই এটা আমরা লক্ষ্য করছি যে এখন তারা আর খুব বেশী বাড়াবাড়ি করতে পারছেন না। কোলাঘাট সম্পূর্ণ হলে সমস্যা সম্পূর্ণ দূর হবার আশা আমরা করছি। আজকে আইন শৃঙ্খলা নিয়ে খুব জোর কথা বলছেন। আইন শৃঙ্খলার কথা যারা বলেন তাদের নিজেদেরও আইন শৃঙ্খলা মাফিক সর্বক্ষেত্রে চলা উচিত। বিধানসভার বাইরে এবং বিধানসভার ভিতরে উভয়ক্ষেত্রেই তাদের আইন শৃঙ্খলা মেনে চলা উচিত। 'আপনি আচরি ধর্ম অপরে শিক্ষাও' এটা তাদের মানা উচিত। কার্যক্ষেত্রে সেটা আমরা দেখছি না, বাইরেও দেখছি না, বিধানসভার ভিতরেও দেখছি না। এটা খুবই দুঃখজনক ব্যাপার। আমরা জানি আইন শৃঙ্খলার সঙ্গে একটা সামাজিক, অর্থ-নৈতিক ব্যবস্থা অঙ্গাঙ্গিভাবে জড়িত। বেকার সমস্যা বাড়ছে। কিন্তু কেন বাড়ছে ? মনোপলি ক্যাপিটাল, পুঁজিবাদী ব্যবস্থায় একচেটিয়া পুঁজিপতিদের অতিরিক্ত মুনাফা লাভের জন্যই প্রোডাকসান কমছে, জিনিস ব্যবহার করার সম্ভাবনা কমছে, সঙ্কুচিত হচ্ছে। মানুষের ক্রয় ক্ষমতা কমে যাওয়ার ফলে অতি বেশী মুনাফা করতে গিয়ে শোষণ বাড়ছে। স্বভাবতঃই প্রোডাকসান কমছে। সারা ভারতবর্ষে একই পুঁজিবাদী কাঠামোর জন্য প্রোডাকসান কমছে এবং শ্রমিকের সংখ্যা কমে গিয়ে বেকারের সংখ্যা বাড়াচ্ছে। এই বিরাট বেকার বাহিনীকে কিভাবে ব্যবহার করা হচ্ছে এই অর্থনৈতিক ব্যবস্থায় ? যাদের হাতে টাকা পয়সা আছে, পুঁজি আছে তারা বেকারদের বেকারত্বের সুযোগ নিয়ে তাদেরকে মস্তান আকারে ব্যবহার করছে।

[5-00—5-10 P. M.]

অসৎ কাজে তাদের লিপ্ত করছে। যাদের হাতে টাকা আছে তারা যদি এইসব করেন তাহলে মুশকিল। তারপর প্রশাসন ব্যবস্থার মধ্যে যে পুলিশ রয়েছে সেই পুলিশের এক অংশকেও তারা টাকা দিয়ে প্রলুব্ধ করছে। অল্প টাকায় না হলে বেশী টাকার ফাঁদে পুলিশকে ফেলে তাদের অসৎ কাজগুলি সম্পন্ন করছে। এই দারিদ্র এবং বেকারীর সুযোগ নিয়ে যে সমস্ত অসৎ কাজ করা হয় এবং সেখানে যখন সেটাকে কোন রাজনৈতিক দল সমর্থন করে, প্রশ্রয় দেয় তখনই মুশকিল হয়। দুদল সমাজবিরোধী হয়ত পরস্পর মারামারি করে কেউ মরলো তখন দেখি সেই সমাজবিরোধীকে

কংগ্রেস (ই) দলের কর্মী বলে প্রচার করা হল। তাকে নিয়ে শোক মিছিল করা হল, শোকসভা হল ইত্যাদি। তাহলে বুঝুন মূল্যবোধটা কোথায় গিয়েছে। বুঝুন, কতখানি নীতিভ্রষ্ট হলে তবেই সমাজবিরোধীদের এইভাবে প্রশ্রয় দেওয়া যায়। কতখানি লজ্জাহীন হলে একজন সমাজবিরোধী মরলে তাকে নিয়ে মিছিল করা যায়, তারজন্য শোকসভা করা হয়। এইভাবে তাদের প্রশ্রয় দেওয়া হচ্ছে। হাতে যাদের টাকা আছে তারা সমাজবিরোধীদের সাহায্য নিয়ে অসৎ কাজগুলি করে যাচ্ছে। এই অবস্থাতেই গণতন্ত্র বিপর্য্যস্ত হয়ে যায়, ভাঙ্গচুর হয়ে যায় যখন বিরোধীদল গণতন্ত্রের রীতিনীতি ভুলে গিয়ে শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করে যায়। বিশেষ একটি শ্রেণী যারা যে কোনভাবেই হোক চোরাকারবারী করে বা ভেজালই দিয়েই হোক বা ওয়াগন ব্রেকারদের সাহায্য নিয়েই হোক অতি মুনাফা অর্জন করে সেই শ্রেণীকে যখন কোন রাজনৈতিক দল আশ্রয় দেয়, প্রশ্রয় দেয় তাদের লাভের কিছুটা অংশ পাবার জন্য, তাদের দালালের মতন কাজ করে তখনই সমাজের আইন শৃঙ্খলার প্রশ্না আরো কঠিন হয়ে দাঁড়ায়। এই জায়গার উপর দাঁড়িয়েই বামফ্রন্ট সরকার যতটা সম্ভব আইন শৃঙ্খলাকে একটা আয়ত্বের মধ্যে নিয়ে আসার চেষ্টা করছেন এবং সেই কাজে অনেকাংশে সফল হয়েছেন। মনে করে দেখুন সেই ১৯৭১/৭২ সালের কথা—সেই সময় রাস্তাঘাটে চলা যেত না, দু পাশে বোমা পড়ছে সেই অবস্থার মধ্যে দিয়ে গিয়ে আমাদের কাজ করতে হয়েছে। অপেনারা জানেন, সেই সময় অফিস টফিস ঠিকমত করা যেত না, ট্রেড ইউনিয়ান আন্দোলন করা যেত না, বামপন্থীরা কোন আন্দোলন করতে পারতেন না, আজকে কিন্তু অবস্থাটা অন্য রকম। মানুষ আজকে স্বচ্ছন্দে রাস্তাঘাটে চলতে পারে, কাজকর্ম করতে পারে। আজকে কংগ্রেস সহ সমস্ত বিরোধীদল তারা আন্দোলন করতে পারেন, বিক্ষোভ করতে পারেন, অনশন করতে পারেন, সব কিছু করতে পারেন। গনতন্ত্রের উপর আমাদের শ্রদ্ধা আছে বলেই গনতান্ত্রিক যে সমস্ত কাজকর্ম তা আমরা করতে দিই সে যে দলই করুক না কেন।

সমাজ বিরোধীদের যে কাজ তাকে কি সহ্য করতে হবে? একজন সমাজ বিরোধী রাজনৈতিক কর্মী বলে, নেতা বলে তাকে যদি প্রশ্রয় দেওয়া হয় তাহলে সেটা কি সহ্য করতে হবে? সেটা সহ্য করা যায় না। কিন্তু দেখা যাচ্ছে যে আইন-শৃঙ্খলাকে রক্ষা করতে গিয়ে সমাজ বিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে তখন চিৎকার হচ্ছে। এই চিৎকার বাইরেও হচ্ছে এবং ভিতরেও হচ্ছে। আমি আশা করবো বিরোধী দলের যারা প্রধান দল তাদের বিন্দুমাত্র যদি গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা থাকে তাহলে তারা এই জিনিসকে প্রশ্রয় দেবেন না। অনেক জায়গায় দেখা যায় যে কংগ্রেস দলের অনেক সদস্য এদের নিয়ে রাস্তাঘাটে ঘোরেন, তাদের সঙ্গে নিয়ে গাড়ী করে ঘোরেন। এই জিনিস যদি মানুষ দেখে তাহলে তারা কি ভাববে? যে দেশের সব চেয়ে বড় দল, যারা সারা ভারতের শাসন ক্ষমতায় আছে, তারা যদি সমাজ বিরোধীদের নিয়ে ঘোরেন, গাড়ী চড়িয়ে নিয়ে বেড়ান তাহলে সাধারণ মানুষের সেই রাজনৈতিক দলের প্রতি বিন্দুমাত্র আস্থা থাকে না এবং এর ফল কিছুটা আমাদের ঘাড়ে এসে পড়ে। কারণ এরা সমাজবিরোধীদের নিয়ে আইন-শৃঙ্খলা ভঙ্গ করেন, আর এখানে এসে আইন-শৃঙ্খলা নিয়ে চিৎকার করবেন। তারা যেখানে নিজেরা

আইন শৃঙ্খলা রক্ষা করবেন, সেটা না করে যদি আইন-শৃঙ্খলা ভঙ্গ করেন, আইন-শৃঙ্খলা ভঙ্গ করার জন্য মস্তানদের ব্যবহার করেন তাহলে স্বভাবতঃই গণতন্ত্র থাকে না, গণতন্ত্রকে নস্যাৎ করার জন্য, আইন শৃংখলাকে বিপন্ন করার জন্য হাতিয়ার হয়ে ওঠেন। কাজেই তাদের যখন সমর্থন করবেন তখন নিজেদের দিকে একটু তাকিয়ে দেখবেন যে কি বলছেন আর কি করছেন। তারা বিধান-সভায় ভাল ভাল কথা বলেন আর বাইরে গিয়ে উল্টো কথা যেন না বলেন। আমরা বারে বারে বলেছি যে বিশাল কিছু করতে পারবো না। আমাদের সীমাবদ্ধতার কথা বারে বারে উল্লেখ করতে হয়। কারণ কেন্দ্রের বাজেটের ফলে আমাদের বাজেটের যে চেহারা দাঁড়াবে তাতে সেটা আরো সঙ্কুচিত করতে হবে এবং সেই ভাবে ব্যবস্থা নিতে হবে। আমরা যা চেয়েছিলাম সেটা আমরা পাচ্ছি না। কাজেই আমাদের বাজেটে আরো ছাঁটাই করতে হবে। আজকে কয়লার দাম গত ১০ বছরে ৪॥ শতাংশ কেন্দ্রীয় সরকার বাড়িয়েছেন। এতে অবস্থাটা কি দাঁড়াচ্ছে? সাধারণ মানুষ এসব বোঝে না। তারা বলেন বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় রয়েছে এখানে কয়লার দাম বাড়বে কেন? ঘরের হাড়ি চড়াতে গেলে কয়লার প্রয়োজন হয়। কারখানা চালাতে গেলে কয়লার দরকার। আজকে কয়লার দাম বাড়ার সংগে সংগে উৎপাদনের খরচ বেড়ে যাচ্ছে। এর ফলে সাধারণ মানুষ বলবে যে আমাদের সীমাবদ্ধ আয়ে কয়লার দাম বাড়লে মুসকিল হয়। এগুলি কি আমরা বাড়াচ্ছি? এটা কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছেন। শুধু কি তাই—সরকার যা বাড়াচ্ছেন তার সংগে আরো কিছু বেড়ে গিয়ে সাধারণ মানুষের কাছে হাজির হয়।

গত বছর এবং তার আগের বছরে দেখা গেছে এক বছরে ৫ বার পেট্রোলের দাম বাড়ান হয়েছে। সাধারণ মানুষ বোঝেনা। তারা ভাবে পেট্রোল দিয়ে বড় লোকেরা গাড়ী চলে। পেট্রোল দিয়ে আমাদের কি হয়। পেট্রোল দিয়ে ট্রাক চলে, ডিজেল দিয়ে ট্রাক চলে। সেই ট্রাকে করে যে মাল আসে তাতে জিনিসের দাম বেড়ে যায়। এমনিতে যা বাড়ে তারপরে ব্যবসায়ীরা আরো কিছুটা বাড়িয়ে দেয়। এই ভাবে সব জিনিসের দাম বাড়ে। বামফ্রন্ট সরকার মানুষের কাছে সত্যি কথা বলেছেন। এই দিক থেকে বাজেটকে সমর্থন করুন বা না করুন, রাজ্যপালের ভাষণকে সমর্থন করুন বা না করুন, এটা জেনে রাখুন যে এই ভাবে আপনারা সমস্ত জিনিসটাকে জাহান্নামে দিচ্ছেন।

[5-10—5-20 P.M.]

তাঁরা কেন্দ্রীয় সরকারে আছেন, তাঁরাই আজকে দেশটাকে জাহান্নামে পাঠাচ্ছেন এবং মানুষের যে ভ্যালুস, মূল্যবোধগুলি, সেগুলিকে শেষ করে দিচ্ছেন। তাঁরা নিজেদের আচরণ দিয়ে মানুষের সামনে কোন আদর্শ স্থাপন করতে পারছেন না। বরং উল্টো জিনিষ দেখছি, কুৎসিত জিনিষ দেখছি। গোটা দেশে আমরা এই জিনিষ দেখছি এবং এর বিরুদ্ধে আমরা লড়াই চালাচ্ছি, যতটুকু সম্ভব ততটুকু আমরা করছি। আমাদের যেটুকু আর্থিক সামর্থ আছে সেটুকু দিয়ে আমরা

গ্রামের মানুষের জন্য, গরীব মানুষের জন্য পরিকল্পনা গ্রহণ করে তাদের সাহায্য করার চেষ্টা করছি। আমরা বিদ্যুতের জন্য টাকা খরচ করছি, কৃষির জন্য টাকা খরচ করছি, সেচের জন্য টাকা খরচ করছি, বৃহৎ এবং ক্ষুদ্র সেচের দিকে আমরা জোর দিয়েছি। তিস্তা প্রকল্পের জন্য ১০০ কোটি টাকা বামফ্রন্ট সরকার খরচ করেছে, বাকি পার্টের জন্য কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়ার কথা, কিন্তু কোথায় কেন্দ্রীয় সরকার? তাঁরা আমাদের বঞ্চিত করছেন। আমরা দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করব, কেন্দ্রীয় সরকার সেই কাজের পথে অন্তরায় হচ্ছেন। সে কারণেই আমরা বলি সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আমাদের গরীব মানুষের কল্যাণে কাজ করতে হচ্ছে। এত-কাল কংগ্রেসীরা অতি-বড়লোকদের স্বার্থেই শুধু কাজ কর্ম করেছেন, তাদের মুনাফা করতে সাহায্য করেছেন। আমরা অন্তত গরীব মানুষদের জাগ্রত করার চেষ্টা করছি। তাই-তো ওঁদের আজকে এত রাগ। সে রাগের প্রতিফলন বাইরে হচ্ছে এবং এখানেও হচ্ছে এবং এখানে উল্টো-পাল্টা সমালোচনা করে নিজেদের দুর্বলতা প্রকাশ করছেন। আজকে ওঁরা কোথায় দাঁড়িয়ে আছেন! ওঁরা আজকে পশ্চিমবাংলায় এমন একটা জায়গায় এসে হাজির হয়েছেন যে, ওঁদের নিজেদের দলের নেতারাও পশ্চিমবাংলার কংগ্রেসের ওপর আদৌ সন্তুষ্ট নয়। তাই তো আজকে ওঁদের এই চেহারা, ওঁরা ভাঙছেন, আরো ভাঙবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে আর এক বার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ওপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি। আমি আমার প্রধান বক্তব্য শুরু করার আগে মাননীয় সদস্য বিমলানন্দবাবু যে দু' একটি কথা বললেন তার জবাব দিতে চাই। উনি বললেন যে, '৭২ সালের পর থেকে পশ্চিমবাংলায় কেউ রাস্তায় বেরতে পারত না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি কলকাতার মানুষ, আপনি নিশ্চয়ই জানেন যে, নকশাল আন্দোলন এখানে শুরু হয়েছিল '৬৭ সালের পর থেকে এবং '৭১ সাল পর্যন্ত নকশাল আন্দোলনে তখনকার জনজীবন বিপর্যস্ত হয়েছিল। কিন্তু তারপরে '৭২ সালে কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পরে খুব কঠোর হস্তে সেই আন্দোলনকে দমন করে জনসাধারণের জীবনে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা হয়েছিল। তখন গোটা পশ্চিমবাংলায় স্বাভাবিক জীবন যাত্রা বিরাজ করছিল। কাজেই বিমলানন্দবাবু যে কথা বললেন, সে কথা ঠিক নয়, তা অসত্য কথা। দ্বিতীয় কথা আমি যেটা বলতে চাই, সেটা আমাকে খুবই দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, সেই সময়ে বিধানসভায় – যত দূর আমার স্মরণ আছে—১৩ জন সি. পি. এম. এবং ৩ জন আর. এস. পি. সদস্য নির্বাচিত হয়েছিলেন। তিন জন আর. এস. পি. সদস্য বিধানসভায় যোগ দিয়েছিলেন, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সাজান বিধানসভা বলে একটা অপবাদ দিয়ে সি পি. এম. সদস্যরা বিধানসভায় যোগ দেননি। যেহেতু তাঁরা ১৩ জন নির্বাচিত হয়েছিলেন অতএব গণতন্ত্রে বিশ্বাস হারিয়ে, বিধানসভায় যোগ দেওয়ার মত সভ্য আচরণ-টুকুও পালন করেননি। আমরা বার বার তাঁদের অনুরোধ

করেছিলাম, ততকালীন মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় বার বার তাঁদের ডাক দিয়েছিলেন, আমরা অনুরোধ করেছিলাম যে, আপনারা আসুন হাউসে, বিধানসভায় যোগ দিন, আপনাদের বক্তব্য রাখুন। তাঁরা তখন সেই ডাকে সাড়া দেননি। আমরা বলেছিলাম, তাঁদের বিধানসভায় যোগ দিতে, তাঁদের বক্তব্য রাখতে। অতএব উনি বললেন, ওঁরা মিটিং মিছিল সে সময়ে করতে পারেননি, তা সম্পূর্ণ অসত্য কথা। আমরা ওঁদের আহ্বান জানিয়েছিলাম, আপনারা আসুন, বিধানসভায় যোগ দিন, আপনারা আন্দোলন করুন, আপনাদের বক্তব্য জনসাধারণের সামনে তুলে ধরুন। ওঁরা নিজেরা ভয়ে ইঁদুরের গর্তে ঢুকেছিলেন, আমরা মোটেই দায়ী নই। এ কথা আমি পরিষ্কার-ভাবে ওঁকে বলতে চাই। তৃতীয় কথা হচ্ছে, উনি বললেন কেন্দ্রীয় সরকার পেট্রোলের দাম বাড়িয়েছে। উনি মন্ত্রী এক্সাইজ দপ্তরের চার্জে আছেন, ওঁকে নিশ্চয়ই স্মরণ করিয়ে দিতে হবে না যে, কি কারণে কেন্দ্রীয় সরকার পেট্রোলের দাম বাড়াতে বাধ্য হয়েছেন। আমাদের দেশ পেট্রোলে স্বয়ংসম্পূর্ণ নয়, একথা নিশ্চয়ই মন্ত্রী মহাশয়ের জানা আছে। "ওপেক্" কান্ট্রিগুলি থেকে পেট্রোল এবং পেট্রোল জাতীয় দ্রব্য আমাদের আমদানি করতে হয়। তারা হুহু করে দাম বাড়িয়ে দেওয়ার ফলে আমাদের কেন্দ্রীয় সরকারের এত ক্ষমতা নেই যে, দাম এক জায়গায় রেখে—ওখানে ওরা যতই দাম বাড়াক না কেন—যত খুশী ভরতুকী দিয়ে চালাবেন।

কাজেই স্মরণ করা দরকার কেন্দ্রীয় সরকার ইচ্ছা করে দাম বাড়ায়নি। আপনাদের মনে করিয়ে দিতে চাই এই সরকার ডিজেলের দাম বাড়িয়েছে, সেল্‌স ট্যাকস বাড়িয়েছে। সুতরাং একমাত্র কেন্দ্রীয় সরকার দায়ী নয়, আপনারাও দায়ী ডিজেলের দাম বাড়ানোর জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমার বক্তব্যে আসতে চাই, সেটা অত্যন্ত লজ্জাকর ঘটনা, ১৯৭৭ সালে এই বামফ্রন্ট সরকারের রাজত্বে দার্জিলিং-এর সামবিয়াং চা-বাগানে কি মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছিল—সেখানে চায়ের জাঁতাকলে অর্থাৎ যেখানে পাতা কাটা হয় সেখানে কংগ্রেসী শ্রমিকদের পুরে কুটি-কুটি করে কাটা হয়েছিল—আজ সে কথা ভুলে যাবেননা। বিজন সেতুর উপর ১৭ জন আনন্দমার্গীকে পুড়িয়ে মারার ঘটনা থেকে আরম্ভ করে···

(নয়েজ এ্যণ্ড ইনটারাপসান)

তারপর উজ্জ্বল হত্যার ব্যাপার নিয়ে দুঃখজনক ঘটনা সারাদিনই তো ঘটে গেল। এইরকম একটির পর একটি ঘটনা ঘটছে। ১৯৭৭ সালের পর থেকে আজ অবধি পশ্চিমবাংলার ইতিহাস এক কলঙ্কময় অধ্যায় হয়ে পরিচিত হয়ে থাকবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পাশে এক মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র বসে আছেন। তাঁকে পিটিয়ে কিভাবে হাত ভেঙে দেওয়া হয়েছিল সেকথা ভুলে যাইনি। তারপর সুভাষ মাহাতোকে কিভাবে পিটানোর চেষ্টা হয়েছিল, তার সিকিউরিটি গার্ডকে খুন করে দেওয়া হয়েছে, কারণ এরা নাকি ডাকাত এই সন্দেহে। সেই জীপ গাড়ীতে সুব্রত মুখার্জীর যাওয়ার কথা ছিল কিন্তু তার প্রোগ্রাম পাল্টে যাওয়ায় ভাগ্যিস সেই জীপেতে যাননি, গেলে সুব্রত মুখার্জীকে আর চেঁচামেচি করতে হোত না,

তাঁর প্রাণ নাশ হয়ে যেত। মানস ভুঁঞা আর একজন সদস্য, তাঁর বাড়িতেও লুঠ করা হয়েছে এবং তার উপর অত্যাচার করা হয়েছে। জয়নাল আবেদিন সাহেব যিনি আমাদের একজন শ্রদ্ধেয় নেতা—বিধানসভার একজন পুরানো সদস্য—তাঁর বাড়ী ঘেরাও করে অহরহ ভীতি প্রদর্শন করা হয়েছে—সে কথা আপনারা সকলেই জানেন। সুতরাং বিধানসভার সদস্যদের আজকে যদি এই অবস্থা হয় তাহলে কি করে পশ্চিমবাংলার জনসাধারণ আশা করতে পারেন যে দেশে শান্তি আছে। অথচ আমরা দেখছি এই স্পীচে রাজ্যপাল মহাশয় বলেছেন পশ্চিমবাংলায় শান্তি আছে। আর দেখছি, এখানে কোন কিছু ঘটনার কথা বললেই এনারা বিহারে কি হয়েছে, ইউ পি-তে কি হয়েছে দেখান। আশ্চর্য্যের ব্যাপার, আমরা বিহারে কি হয়েছে, ইউ. পি-তে কি হয়েছে সেই নিয়ে ব্যস্ত থাকবো না পশ্চিমবাংলার বিষয় নিয়ে ব্যস্ত থাকবো? আশ্চর্য্য লেফ্‌ট ফ্রন্ট গভর্ণমেণ্ট কি আরগুমেণ্ট? আরোও শুনলে আপনি আশ্চর্য্য হয়ে যাবেন, পাটনীলে কি দুঃভার্গ্যজনক ঘটনা ঘটে গেছে, লজ্জাস্কর কাহিনী। ওখানে স্থানীয় একজন মাননীয় সদস্য এবং কিছু সি. পি. এম লোকের উস্কানিতে সেখানে গণ-ধর্ষণ হয়েছে। সেখানে কংগ্রেসের একজন নেতা শ্রীনুরুল হুদার ভাইকে মর্মান্তিকভাবে খুন করা হয়েছে। বোলপুরের এস. ডি. পি. ও সাহসের সাথে সি. পি. এমের লোককে এই ব্যাপারে গ্রেপ্তার করেছিলেন, ফলে তাঁকে ট্রান্সফার করে দেওয়া হলো। সুতরাং নিদেদের অন্তরকে জিজ্ঞাসা করে দেখুন, এরফলে কি পুলিশ প্রশাসন নিরপেক্ষ থাকতে পারবে? প্রশাসন সৎ থাকতে পারবে? আপনাদের দলের কেউ যদি কোন দূর্নীতি করে, অন্যায় করে তার বিরুদ্ধে কি কোন এ্যাকসান নিতে পারবে? শুধু তাই নয়, আমি আরোও একটি ঘটনার কথা বলবো, মাননীয় সদস্য শ্রীঅবন্তী মিশ্র মহাশয়ের এলাকায়—মেদিনীপুরের পটাশপুর গ্রামে কি মর্মান্তিক ঘটনা ঘটে গেছে। কানাই জানা নামে একজন কংগ্রেসী কর্মীকে খুন করেছিল এবং ১১টি বাড়ী সি. পি. এমের লোকেরা লুঠ করেছিল।

[5-20—5-30 P. M.]

সেখানে গ্রামপঞ্চায়েতের প্রধান নানু রায়, কৃষক সভার সম্পাদক ভগবত রায়। সেখানে এস. ডি. পি. ও'র সাহস ছিল, ২০ জনকে গ্রেপ্তার করলেন এবং সেই দুষ্কৃতকারীদের বাড়ী থেকে ৬টি চোরাই, লুঠ করা মাল উদ্ধার করলেন। এস. পি.-র ও সাহস ছিল, সেজন্য এস. পি'কেও বিতাড়িত করে তাড়িয়ে দেওয়া হল। আজকে প্রশাসন যদি এইভাবে কাজ করে আপনারা চিন্তা করুন কিভাবে পশ্চিমবঙ্গের মানুষ এই সরকারের কাছ থেকে নিরপেক্ষ বিচার আশা করতে পারবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নিজের জেলা মুর্শিদাবাদের একটা ঘটনার কথা বলব, পুলিশের ঘটনা নয়। রাণীনগর ২নং ব্লক, সেখানকার পঞ্চায়েত সমিতি সি. পি. এমের দখলে। আবু বরকত সিদ্দিকি সেখানকার পঞ্চায়েত সমিতির সভাপতি। তারা বি. ডি. ও.-কে যা বলবে চোখ বুজে তাই মেনে নিয়ে কাজ করতে হবে। সেখানকার বি. ডি. ও'র সাহস ছিল তারা যা বলেছে তা মানতে রাজী না হওয়ার জন্য বি. ডি. ও.-কে ঘেরাও করে মারধর করা হয়েছে। সেই মার-

ধরের প্রতিবাদে অফিসার্স এ্যাসোসিয়েশন থেকে ডি. এমের কাছে প্রতিবাদ করা হয়, ডি. এমের সাহস ছিল, তিনি সঙ্গে সঙ্গে এ্যাকসন নিয়ে কয়েকজনকে গ্রেপ্তার করার হুকুম জারী করেন। তারপর একটা বিরাট গুজব শোনা যাচ্ছে যে ডি.এম. কে ট্রান্সফার করে দেওয়া হবে। দুষ্কৃতকারীদের বিরুদ্ধে এ্যাকসন গ্রহণ করার জন্য ডি. এম.-কে ট্রান্সফার করা হবে? আজকে প্রশাসন কত নীচু স্তরে নেমে গেছে। সেখান থেকে কোন কিছু ভাল জিনিষ আশা করতে পারা যায় না। অথচ এই বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে একটা নিরপেক্ষ প্রশাসন পশ্চিমবঙ্গে করা হবে। নিরপেক্ষর 'ন' ও নেই। শুধু দলবাজী। আপনারা জানেন পুলিশ থেকে আরম্ভ করে সকল সরকারী কর্মচারীদের আপনারা যা বলবেন তাই তাদের মেনে নিতে হবে। নাহলে ট্রান্সফার করা হবে, তাদের মাইনে রুখে দেবেন, সাস্‌পেণ্ড করা হবে, নানাভাবে তাদের উপর অত্যাচার করা হবে। আজকে প্রশাসন পঙ্গু হয়ে গেছে। পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় হয়ে গেছে। তারা বলছে কি করব বাবা যা খুশী কর। আমার নিজের এলাকার একজন, তার নাম সেখ আনন্দ, ডাক নাম সায়েদ, আমাদের সমর্থক, গত ১৪-২-৮৪ তারিখে তার বাড়ীতে আগুন দেওয়া হয়েছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গের শান্তি শৃঙ্খলা ফিরে আসবে না, ফিরে আসতে পারে না সেজন্য যখন রাজ্যপাল মহাশয় এই হাউসে আসছিলেন তখন আমরা তাঁর কাছে অনুরোধ করেছিলাম যে আপনি পশ্চিমবঙ্গে যেসব ঘটনা দেখছেন তার কথা বলুন। আমরা জানি এগুলো রাজ্যপালের নিজের কথা নয়, আপনাদের সরকার যা লিখে তাঁর হাতে তুলে দিয়েছেন, সংবিধানের নিয়ম অনুসারে উনি তা পাঠ করতে বাধ্য তবুও উনি কিছু কিছু জায়গায় ইন দি ওপিনিয়ন অফ মাই গভর্ণমেণ্ট বলে উল্লেখ করেছেন। তারপর আপনারা আই. এম. এফ. এর কথা বলেছেন। আই. এম. এফের লোনের কথা বলে চীৎকার করেছিলেন। দু-তিন বছরের মধ্যে আমরা এমন স্বয়ং সম্পূর্ণ হয়ে গেছি যে আই. এম. এফের শেষ কিস্তির টাকার আর প্রয়োজন বোধ করিনি। আপানারা শুনলে আশ্চর্য্য হবেন, প্রায় এক হাজার দশ কোটি টাকার ইয়ারলি পরিকল্পনার মধ্যে বাইরের সাহায্য যেটা, সেটা মাত্র শতকরা সাত পারসেণ্ট।

সুতরাং আই. এম. এফ. বা আই. ডি. পি. অর্থাৎ বাইবের যা সাহায্য এসেছে, তার সমস্তগুলো ধরলে হবে ৭ পারসেণ্ট। সুতরাং এই ৭ পারসেণ্ট সাহায্যের জন্য আপনারা মনে করেছেন ভারতবর্ষ বিদেশের কাছে মাথা নুইয়ে দেবে? আজকে সারা পৃথিবীর কাছে ভারত মাথা উঁচু করে চলছে। আজকে রাশিয়া, আমেরিকার প্রতিনিধিরা ভারতে ছুটে আসছেন, বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ভারতে হচ্ছে। আপনারা যদি মনে করে থাকেন যে আই. এম. এফ.-এর ঋণ নিয়ে ভারত বিদেশের কাছে তার সব নীতি বিসর্জন দিয়েছে তাহলে ভুল করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের এই ভাষণে আসল ঘটনার কোন প্রতিফলন ঘটেনি। দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে এতে কেন্দ্রীয় সরকারের প্রতি কটুক্তি এবং দোষারোপ করেছেন মাত্র। কিন্তু এখানে কেন্দ্রীয় সরকারের কন্ট্রিবিউশনের দিকটা আপনারা সম্পূর্ণ চেপে গেছেন। আমি একটি উদাহরণ দিচ্ছি। প্যারাগ্রাফ ৮-এ আপনারা বলেছেন, "A record

quantity of 29.30 lac matric tonnes of food grains was distributed through the public distribution system during the year." এই রেকর্ড কোয়ানটিটি কোথা থেকে এলো তার উল্লেখ নেই। আপনাদের এক পয়সাও কন্ট্রিবিউশন নেই এতে। এই যে রেকর্ড কোয়ানটিটি কথা গর্ব করে বলছেন, সমস্তটাই কেন্দ্রের কাছ থেকে এসেছে। আজকে আপনারা এখানে বলছেন যে খাদ্যশস্যের উৎপাদন অনেক বেড়ে গেছে। কিন্তু মাননীয় প্রফুল্ল সেন মহাশয়ের আমলে—এখন থেকে দশ পনেরো বছর আগে—পাঁচ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য প্রকিওর-মেণ্ট হয়েছিল। আজকে আপনারা প্রকিওরমেণ্টের টার্গেট ঠিক করেছেন ১ লক্ষ ২৬ হাজার মেট্রিক টন এবং সেক্ষেত্রে প্রকিওর করতে পেরেছেন মাত্র ৪০ হাজার মেট্রিক টন। ওঁরা নিজেরা কিছুই করবেন না, সবটাই কেন্দ্রকে দিতে হবে! এখন আবার ১৪টি পণ্য এর সঙ্গে জুড়েছেন। এগুলোও নাকি কেন্দ্রকেই যোগাতে হবে বলে বলছেন! দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রকে দায়ী করছেন। কিন্তু আমি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি যে এখানে আলুর দাম কেন বাড়ছে? আলুতো কেন্দ্রীয় সরকার সাপ্লাই করেনা! এই আলু নিয়ে মাননীয় কৃষিমন্ত্রী অনেক কথা বললেন। কিন্তু মাছের দাম কেন বাড়ছে? এর সঙ্গে তো কেন্দ্রীয় সরকার জড়িত নয়। এই যে এখানে দাম বাড়ছে এবং মাঝে মাঝে জিনিষপত্র বাজার থেকে উধাও হয়ে যাচ্ছে—এক্ষেত্রে কি আপনাদের সরকারের কোন দায়িত্ব নেই? সর্ব ক্ষেত্রে ধোয়া তুলসীপাতা হয়ে বসে থেকে সব দায়িত্ব কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করছেন আপনারা। আপনাদের এই আচরণ অত্যন্ত অন্যায় বলে মনে করি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা-ক্ষেত্রে আজকে কি চলছে? ওঁরা গণতন্ত্র গণতন্ত্র বলে চিৎকার করেন। কিন্তু সেনেট-এর ভোটে যে রমেন পোদ্দার মহাশয় হেরে গেছেন তাঁকেই আবার উপাচার্য করতে হবে বলে বামফ্রন্ট চিৎকার করেন। অবশ্য আমরা জানি যে আপনাদের ফ্রন্টের কিছু লোক চাননি যে তিনি আবার উপাচার্য হোন। একমাত্র সি. পি. আই. (এম) চেয়েছিল যে আবার রমেনবাবুকে উপাচার্য করে তাঁকে দিয়ে ইউনিভার্সিটিতে যা ইচ্ছা তা করাবেন। আমি বিষদভাবে বলতে চাইনা, কারণ কেসটা সাব-জুডিস। তবে রমেন পোদ্দার মহাশয় ৮ জন স্পেশাল অফিসার নিয়োগ করেছিলেন তাঁর আমলে। কিন্তু নতুন উপাচার্য মাত্র দু'জন স্পেশাল অফিসার নিয়োগ করেছেন। এই নিয়োগকে কেন্দ্র করে আজকে তাঁরা কোর্টে গেছেন। কিন্তু আজকে হেরে যাওয়া একজনকে কি ভি. সি. করতে হবে? যেহেতু সেনেট এবং সিণ্ডিকেটে তাঁদের সংখ্যাগরিষ্ঠতা রয়েছে, সেই শক্তিতে বলিয়ান হয়ে আজকে তাঁরা চেষ্টা করছেন যাতে নতুন ভি. সি. কোন কাজ করতে না পারেন এবং পদত্যাগ করতে বাধ্য হন। একেই কি আপনারা গণতন্ত্র বলেন? আপনারা নিজেদের অন্তরকেই জিজ্ঞাসা করুন যে আপনারা সত্যিই গণতন্ত্রকে বিশ্বাস করেন কিনা! পাইকপাড়ায় আমার নিজস্ব পৈত্রিক আমলের একটি স্কুল আছে যেখানে আপনাদের লক্ষ্মী সেন মহাশয় প্রার্থী হয়েছিলেন। আপনারা আসার ১৯৭৮ সালে ইলেকশান না করে এ্যাডমিনিষ্ট্রেটর বসালেন। কিন্তু তার পর ৬ বছর কেটে গেছে, আজও তাঁকেই বসিয়ে রেখেছেন।

[5-30 – 5-40 P.M.]

সেখানে কিন্তু নির্বাচনের কোন ব্যাপার নেই। আমরা শেষ পর্যন্ত হাই-কোর্টে গিয়েছি। হাই-কোর্টের অর্ডার নিয়ে আমরা সেখানে নির্বাচনের ব্যবস্থা করি। জানিনা এই খবরে আপনারা আনন্দিত হবেন না দুঃখ পাবেন—এই নির্বাচনে আমরা জয়লাভ করেছি। ৬ তারিখে সম্ভবত আমি সেখানে সম্পাদক নির্বাচিত হতে চলেছি। আপনারা সেখানে ৬ বছর নির্বাচন করেন নি। আপনারা আবার বলেন আমরা গণতন্ত্র বিশ্বাস বিশ্বাস করি। যেখানে আপনাদের জেতার সম্ভবনা নেই সেখানে আপনারা নির্বাচন করতে চান না। আর যেখানে আপনারা জানেন যে জিতবেন সেখানে নির্বাচনের সময় ২/১ বছর বেশী হয়ে গেলেই বলেন গণতন্ত্র ধ্বংস হয়ে গেল। যেখানে আপনাদের জেতবার সম্ভবনা নেই সেখানে ৬ বছর এ্যাডমিনিসট্রেটর বহাল তবিয়তে বসে থাকবে, তাতে গণতন্ত্র কিছু মাত্র বিঘ্নিত হয় না।

(এই সময় লাল আলো জলিয়া উঠিল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বলার অনেক কিছু ছিল, আমাকে ২ মিনিট সময় দেবেন। সময় অল্প বলে আমি বক্তব্য সংক্ষেপ করে দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আপনারা বার বার একটা কথা বলেন যে কেন্দ্রীয় সরকার বর্ত্তমানে বাজেট এমন ভাবে তৈরী করেন যাতে রাজ্যগুলি বঞ্চিত হয়। এই ব্যাপারে আমি একটা তথ্য আপনার সামনে তুলে ধরছি। ১৯৬০-৬১ সালে টোটাল সেণ্ট্রাল রেভিনিউ রিসিপ্ট হচ্ছে ১৮৯৭ কোটি টাকা। আর ট্রান্সফার টু দি স্টেট হচ্ছে ৪৭১ কোটি টাকা। অর্থাৎ পারসেণ্টের হিসাব করলে ২৫ পারসেণ্ট হয়। সেখানে ১৯৮২-৮৩ সালে সেটা বেড়ে ৩৫০০০ কোটি টাকা, আর ট্রান্সফার টু দি স্টেটস হচ্ছে ১২৮২২ কোটি টাকা। পারসেণ্টেজ ওয়াজ হিসাব করলে দাঁড়ায় ৩৬'৬ পারসেণ্ট। ১৯৬০-৬১ সালে যেখানে ছিল ২৫ পারসেণ্ট সেখানে ১৯৮১-৮২ সেটা গিয়ে দাঁড়লো ৩৭ পারসেণ্টের মতো। এর পরেও কি আপনারা বলবেন কেন্দ্র সব কিছু কুক্ষিগত করে রেখেছে? রাজ্য গুলোকে কি কিছুই দিচ্ছে না? চিন্তা করে দেখুন এই ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৫০০ কোটি টাকা দেওয়া হয়েছিল। আর আপনারা ৪ চছরে খরচ করতে পেরেছেন মাত্র ১৩০০ কোটি টাকা। আর এই বছরে ৭৪৮ কোটি টাকা না কত ব্যয় করবেন সেটা ৯ই মার্চ জানতে পারবো। ৩৫০০ কোটিতে আপনারা পৌছোতে পারবেন না। এই অবস্থায় এসে পৌচেছেন আপনারা। ষষ্ঠ পঞ্চ বার্ষিকি পরিকল্পনায় যেটা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছেন তার মধ্যে যে টাকা এর মধ্যে খরচ হয়েছে সিংহ ভাগ কেন্দ্রীয় সরকার দিয়েছেন। তাতে এই সরকারের কনট্রিবিউসান অতি নগন্য। আজকে এই সরকার দেউলিয়ার সরকারে পরিণত হয়েছে। সরকারী কর্মচারীদের প্রোভিডেণ্ট ফাণ্ডের উপর হাত দিয়েছেন। সুতরাং এই সরকারকে কি করে সফল সরকার বলবো? আজকে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে কি করে সমর্থন জানাই? রাজ্যপালের ভাষনের যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তার বিরোধীতা করছি এবং সেই সঙ্গে সংশোধনীগুলি মুভ করছি।

শ্রীসরল দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বহুক্ষণ ধরে বিরোধী দলের নেতাদের বক্তব্য শুনলাম। বিরোধী দলের ওপেনিং ব্যাটসম্যান সুব্রতবাবু যা বলেছেন সেটা আমি শুনেছি। এই ভাষণ শুনে আমার এক মনীষির নাম মনে পড়ে যাচ্ছে। তিনি হলেন স্বামী বিবেকানন্দ। তিনি যা বলতেন সেটা আমি উল্লেখ করছি।

"সাহস নাই, মনে বল নাই,
অপমান ঘৃনা নাই দাসত্বে
অরুচি নাই আর একান্ত
ইচ্ছা আর বলবানে কুক্কুরবৎ
পদলেহনে অভ্যস্ত"

আমাদের এখানেও অনেককে পদলেহন অবস্থায় দেখেছি। তাঁরা বলেছেন "রাজীব, আমাদের এখানে এসো বাপ, পশ্চিমবাংলার কংগ্রেসকে বাঁচাও"। এই হচ্ছে ওঁদের চেহারা। আত্মমর্যাদা জ্ঞান নেই। ভারতবর্ষ একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামো। এখানে স্বাভাবতই বার বার বলেছি আমরা বিপ্লব করে আসিনি। স্বাভাবিক ভাবেই সমাজ ব্যবস্থার প্রতিফলন এখানেও পড়বে। আমাদের প্রতিবেশী রাজ্য বিহারের ৩ মাসের চিত্র আমি এখানে তুলে ধরছি। তাহলে দেখতে পাবেন খুন, রাহাজানি এখানে কি ভাবে চলছে। ৩ মাসে বিহারে ডাকাতি হয়েছে ১৮৫২টি, লুট হয়েছে ১৬৭২টি, রাহাজানি হয়েছে ১৬০০০ এবং চুরি হয়েছে ২৫২টি। এই হলো ৩ মাসের হিসাব।

চন্দ্রশেখর বিহারে এক সময়ে মুখ্যমন্ত্রী ছিলেন। ওদের কেউ সেখানে ৫ বছরের টার্ম শেষ করতে পারে না। কংগ্রেসী শাসনে ওদের দলের কেউই রাজ্যগুলোতে পুরো সময় মন্ত্রীত্বে থাকতে পারে না। যাইহোক, বিহারে ওদের একজন সদস্য বলছেন যে, সেখানে প্রতি ৫ ঘণ্টায় একজন খুন হয়, উত্তর প্রদেশে প্রতি ৩ ঘণ্টায় একজন খুন হয়। ওঁরা এখানে আইন-শৃঙ্খলা নিয়ে কথা বলেন, এখানে সরকার নাকি আইন-শৃঙ্খলার ব্যাপারে কিছু করতে পারছেন না। কিছু কিছু বিচ্ছিন্ন ঘটনা পশ্চিমবাংলাতে ঘটেছে। পশ্চিমবাংলার রাজ্যপাল যে বয়ান এখানে পড়েছেন, স্বীকার করতে বাধা নেই, তা রাজ্য সরকারেরই বক্তব্য। রাজ্যপালের ভাষণের বয়ানে যে সমস্ত বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে তা রাজ্যসরকার প্রতিহত করবার চেষ্টা করছে বলা আছে। কিছুক্ষণ আগে মাননীয় অতীশবাবু বলেছেন যে কেন্দ্র অনেক বেশী বেশী টাকা রাজ্যকে দেয়। এই বক্তব্য শুনে মনে হয়, টাকা যেন পুরোপুরি কেন্দ্রের। কিছু টাকা তাঁরা আমাদের দেন সত্য। কিন্তু এই হার কেমন দাঁড়িয়েছে তা বলছি। স্যার, পঞ্চাশের দশকে এই দেয় টাকার পরিমাণ যেখানে ছিল ৫০ ভাগ, সেখানে আজ তা কমে দাঁড়িয়েছে ৩০ ভাগে। কেন্দ্র আজ মুদ্রাস্ফীতির কথা বলছেন। প্রথম ৪ বছরে ঘাটতির পরিমাণ ৫ হাজার কোটি টাকা হবে বলে ওঁরা বলেছিলেন। অথচ আমরা দেখলাম তা বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৭,৪৯০ কোটি টাকায়। মুদ্রাস্ফীতি হয়েই চলেছে। ১৯৮০ সালে

ইন্দিরা গান্ধী যখন ক্ষমতায় এসেছিলেন, তখন তিনি বলেছিলেন, আমাদের যে মুদ্রাস্ফীতি হচ্ছে, তা রোধ করতে হবে। কিন্তু আমরা দেখলাম, ইন্দিরা গান্ধীর ৪ বছরের শাসনকালে ভারতবর্ষে ১০.৭ শতাংশ মূল্য বৃদ্ধি ঘটেছে। রাজ্যগুলির দিকে একবার তাকিয়ে দেখুন। স্যার, গ্রামদেশে একটা প্রবাদ আছে—আপনি হয়ত তা শুনে থাকবেন—'পাঁচীর ছেলে ম্যাজিষ্ট্রেট হয়েছে, সে বেতন পায় না'। আমরা ২০ কোটি টাকা ব্যয় করে সল্টলেকে এশিয়ার বৃহত্তম স্টেডিয়াম তৈরী করেছি, এরজন্য ওঁরা সাধুবাদ দিতে পারল না। ওঁরা ভাল কথা বলতে জানেন না। আমাদের এখানে পেট্রো কেমিকেল কমপ্লেক্স করতে চাই—ওঁরা তার অনুমোদন দিতে চান না। একে আমরা মাদার ইণ্ডাষ্ট্রি বলে থাকি, অথচ এর অনুমতি ওঁরা দিতে চান না। ওঁরা যতই বলুন না কেন, দেশ প্রেমিক ওঁরা নন। ওঁরা কেবল পদলেহনই করতে জানেন। তাই ১৯৭৮ সালে এই পেট্রো কেমিকেল কমপ্লেক্স যখন আমরা করতে চেয়েছিলাম, তখন ব্যয় হিসাবে ৪২৮ কোটি টাকা ধার্য করেছিলাম। কিন্তু ওঁদের ডিলি-ড্যালিয়িং প্রাকটিসের জন্য তা আজ ৮৪০ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। আমি শুনেছি, সুনীতিবাবু নাকি এম. এ. পাশ করেছেন এবং এ্যাড-ভোকেটও হয়েছেন—জানিনা, কোথায় উনি প্রাকটিস্ করেন? আমি সুনীতিবাবুকে জিজ্ঞাসা করতে চাই, গুজরাট সীমান্তে কি পাকিস্থান আছে? বাংলাদেশ আমাদের ভারত রাষ্ট্রের বন্ধু রাষ্ট্র। অথচ এখানে কোন পেট্রো কেমিকেল কমপ্লেক্স কারখানা করা যাবে না। সুনীতিবাবুর দেশপ্রেম বলে যদি কিছু থাকে তিনি কেন্দ্রকে কিছু বলুন। যখন কেন্দ্রের মন্ত্রী ছিলেন স্বর্গত শ্যামাপ্রসাদ মুখার্জী এবং কে.সি. নিয়োগী, তখন সাম্রজ্যবাদী বৃটিশ সরকার এখান থেকে স্থল ও রেল পথের সমস্ত হেড্ কোয়ার্টারকে তুলে নিয়ে প্রথম আক্রমণ শুরু করলে তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। এই আক্রমণ স্বাধীনতার পরেও চলছে। ১৯৬০ সালে দমদম বিমান বন্দরে যেখানে ১৫টা ইন্টার ন্যাশানাল ফ্লাইট চলাচল করত, আজ তা কমে দাঁড়িয়েছে মাত্র ৭টিতে। সে তুলনায় ঐ সময়ে বোম্বাইতে যেখানে ছিল ৭টি, আজ তা বেড়ে দাঁড়িয়েছে ১৭-তে। দিল্লীতে চলে ৯০টি। এর কারণ কি দিল্লী কনজেস্টেড্ বা ওভার ক্রাউডেড্ রাজ্য? সেই জন্য ওঁদের কাছে আবার দাবী জানাই, কেন্দ্র রাজ্যগুলির মধ্যে সম্পর্কের পুনর্বিন্যাস করুন। জানি, একথা বললে গায়ে বড় জ্বালা ধরে ওঁদের এবাবের বাজেটে নাকি ওঁরা ব্যাপক টাকা দিয়েছেন রাজ্য-গুলিকে। গতকাল প্রণববাবু লোকসভায় নির্বাচনী বাজেট পেশ করেছেন। তাতে তিনি ১৭৬২ কোটি টাকার ঘাটতি দেখিয়েছেন। এই ঘাটতি দেখিয়ে তিনি কনসেশন দিয়েছেন জনগণকে, ঠিক নির্বাচনের আগে। বাজেট আমরা দেখেছি, তাতে তিনি বড় লোককে অনেক কনসেশনের ব্যবস্থা রেখেছেন। সার চার্জের টাকা রাজ্যগুলির পাওয়ার কথা। রাজ্যগুলির ক্ষমতা কেড়ে নিয়ে গিয়ে সেগুলি দেবার ব্যবস্থা করেছেন বড় লোকেদের। কোম্পানীগুলির উপরে সারচার্জ ধার্য করে নিয়ে যাচ্ছেন। অথচ, এগুলি রাজ্যগুলিরই পাওয়ার কথা বা পাওয়া উচিত। ওঁরা তা হতে দিচ্ছেন না। আমাদের ন্যায্য পাওনা বা ন্যায় সঙ্গত দাবী করলে ওঁদের গাত্রদাহ হয়।

[5-40—5-50 P. M.]

অতীশবাবু পশ্চিম বাংলার বেকারের কথা বলেছেন। ৩৭ লক্ষ বেকার ওভার নাইট হয়নি। জয়নাল সাহেব যিনি মন্ত্রী ছিলেন তাঁকে জিজ্ঞাসা করি ডাঃ রায় মারা যাবার পর পশ্চিমবাংলায় কেন্দ্রের কোন কোন প্রকল্প হয়েছে। চটকলের শ্রমিকরা ১ মাস ১৩ দিন ধরে ধর্মঘট করে আছে। সেখানে চটকলের মালিকরা কিছু করছে না। কারণ তারা আপনাদের নির্বাচনে তহবিলে টাকা দেন। রিজার্ভ ব্যাঙ্ক থেকে তাঁরা যে টাকা নিয়েছিল সেই টাকা অন্য খাতে ডাইভারসান করেছে, আধুনীকিকরণ করেনি। আপনারা সে টাকা আদায় করার চেষ্টা করছেন না কেন? তারা প্রভিডেন্টের কোটি কোটি টাকা আত্মসাৎ করেছে। চটকলের যে ৫।৬ টা পরিবার মালিক তারা এখান থেকে টাকা নিয়ে পশ্চিম উপকূলে যেখানে ৪০০% লাভ হয় সেখানে তারা টাকা ইনভেষ্টমেণ্ট করেছে। ঠিক যে সময়ে পশ্চিমবাংলার পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স এর জন্য এষ্টিমেট প্ল্যান তৈরী করে দিল সে সময়ে গুজরাটে ২টা কমিশনড হল। ইলেকট্রনিক্সেরও অনুমতি দেয়া যাবেনা। জল বিদ্যুত কেন্দ্র এখানে স্থাপন করলে পরিবেশ দূষিত হবে, অথচ থারমাল প্ল্যাণ্ট করলে দূষিত হবে না। পশ্চিমবাংলার প্রতি তৎকালীন বৃটিশ সাম্রাজ্যবাদ যে দৃষ্টিভংগী নিয়েছিলেন ঠিক একইভাবের বিমাতৃসুলভ আচরণ কেন্দ্রীয় সরকার করে চলেছেন। এরই ফলপ্রসূ হিসেবে আজকের এই পশ্চিমবাংলা। উত্তরপ্রদেশে বাগপতে মায়া ত্যাগী পুলিশের দ্বারা ধর্ষিতা হয়েছিল। তা নিয়ে কানপুর, এলাহাবাদের রাস্তায়, রাস্তায় বই বিক্রি হচ্ছে "ম্যায় ইজ্জত গিয়া"। এখানে হেমেন মণ্ডলের মত মানুষ রাজনৈতিক আশ্রয় নিচ্ছে, পুলিশের আশ্রয়ে আছে। কোন কোন সমাজ বিরোধী এই রকমভাবে আছে সেটা আমারা জানতে চাই। আমরা তাদের বিরুদ্ধে, জনসাধারণের সমর্থনে মিছিল করছি। আপনারা কটা এই রকম মিছিল করেছেন? এয়ারপোর্টের দেয়ালে দেয়ালে দেখা আছে শ্রমিক নেতা হেমেন মণ্ডল যুগ যুগ জিও। আমরা বলি দলের চেয়ে দেশ অনেক বড়। একটা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় খুন সন্ত্রাস হবে। কিন্তু আমি আপনাদের বলি যারা সমাজ বিরোধী, যারা অপরাধ করে তাদের আপনারা আশ্রয় দেবেন না। তারপর কৃষিতে ইতিমধ্যে উৎপাদন বেড়েছে ২০%। তবুও আপনারা বলেছেন কৃষি উৎপাদন বাড়েনি। একটা রাজ্যে যদি শিল্প তৈরী করতে হয় তাহলে কেন্দ্রের অনুমোদন ছাড়া হবে না। ডাঃ রায় মারা যাবার পর কটা শিল্পে কেন্দ্রীয় সরকার টাকা ইনভেষ্ট করেছেন? নেহেরু বলেছিলেন বাংলা থেকে যেসব ছিন্নমূল উদ্বাস্তু আসবে তাদের দায়িত্ব আমাদের। কিন্তু তুলনামূলকভাবে পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছে তাদের প্রতি কেন্দ্র কি ব্যবহার করেছে এবং ওপার বাংলা থেকে যারা এসেছে তাদের প্রতি কিরূপ ব্যবহার করেছে?

হলদিয়ায় জাহাজ নির্মাণের কারখানা করবার জন্য যে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিলেন সেই বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিলেন কেন্দ্রীয় সরকার। তাঁরা রিপোর্টে বলেছিলেন হলদিয়া জাহাজ নির্মাণের কারখানা হিসাবে গড়ে ওঠার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে একটা উৎকৃষ্ট জায়গা। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কেন্দ্রীয় সরকার হলদিয়াতে জাহাজ নির্মানের কারখানা তৈরী করার

অনুমোদন দিলেন না। তাই পশ্চিমবংগের লক্ষ লক্ষ বেকার যুবক কোন কাজ পায়নি। আপনারা বলেছেন বেকারদের ভাতা দিয়ে আপনারা বেকার সৃষ্টি করেছেন, সেজন্য বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু পদত্যাগ করুন। সুব্রতবাবু বলেছেন কলকাতায় ২৩ টি খুন হয়েছে। এরমধ্যে ১৭টি তো কংগ্রেসের আন্তর পার্টি দলীয় খুন হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী তো এই কথা পরিষ্কার বলেছেন। আপনারা সেদিন নকসাল নেতা নাগ ভূষণের কথা উদ্ধৃত করে বলেলেন, আমাদের মুখ্যমন্ত্রী তো বলেছেন আমাদের কমরেড ছদ্মবেশে যদি কাউকে খুন করে থাকে এবং সেটা যদি প্রমাণ করে দিতে পারেন তাহলে আমরা পদত্যাগ করব। কাশীপুরে একদিনে কত খুন হয়েছিল, কত মৃত দেহ সেদিন বরানগরে গঙ্গার ঘাটে ফেলে দিয়েছিলেন? আপনারা তো সেদিন ক্ষমতায় ছিলেন। আপনাদের আমলে আপনাদের এম এল এ চণ্ডী মিত্রকে আপনাদের দলের লোক খুন করল, সেই রঘুপতি সাহাকে আপনারা মহাজাতি সদনে আশ্রয় দিলেন, পুলিশ তার কেশাগ্র স্পর্শ করতে পারল না। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের ঘরে কি ঘটনা ঘটেছিল? আজকে আপনাদের এই কথা ভাবতে হবে। স্যার, ওদের আমলে আপনি দেখেছেন ওরা বাজেটে একটা কথা বলেন আর যখন অধিবেশন না চলে সেই সময় একটার পর একটা অর্ডিন্যান্স জারি করেন। ওদের রেলমন্ত্রী গণি খান চৌধুরী চার চারবার রেলের ভাড়া বাড়ালেন। প্ল্যাটফরম টিকিট ৮ আনা ছিল খুচরার অভাব এই অজুহাতে সেটাকে বাড়িয়ে এক টাকা করলেন। এইভাবে একটার পর একটা করভারে দেশবাসীকে জর্জরিত করছেন, জিনিসপত্রের দাম আকাশচুম্বী হয়ে যাচ্ছে। অতীশ বাবু পড়াশুনা করা লোক, আমি তাঁকে জিজ্ঞাসা করি মূল্যবৃদ্ধি কি একটা রাজ্য সরকারের এক্তিয়ারে পড়ে। যুক্ত রাষ্ট্রীয় কাঠামোয় একটা রাজ্য সরকার কি মূল্যবৃদ্ধি রুখতে পারে? আইন শৃঙ্খলা সম্বন্ধে বিরোধী দলের নেতা বলেন আইন শৃংখলা রোখা সম্ভব, আপনারা সহযোগিতা করুন, সমাজ বিরোধীদের নিয়ে মিছিল করবেন না। কিন্তু আমি দেখেছি আমার এলাকায় যারা নামকরা কুখ্যাত সমাজ বিরোধী তারা ১৫ জন নেতা, আমি কয়েকজনের নাম বলতে পারি, যেমন একজনের নাম রতন মল্লিক ইত্যাদি, তারা এক বছরে ৯টা খুন করেছে। ওরা তাদের টাকা দিয়ে রেখেছে। তাদের বিরুদ্ধে কখনও কি চার্জসিট হয়েছে? দিস ইজ এ ল্যাপস অন দি পার্ট অব দি পুলিশ। এক বছরে তারা ৯টা খুন করল তথচ তাদের চার্জসিট দেওয়া হয়নি। তারা কংগ্রেস (আই) এর লোক। আমরা তাদের বিরুদ্ধে ডিমন্সট্রেসান দিয়েছি। কিন্তু পুলিশের বড় বড় অফিসার, আমলারা তো আমাদের আমলে নিয়োজিত হয়নি, আপনাদের আমলে নিয়োজিত হয়েছে, তাঁরা পুরান লোকদের ফিরিয়ে আনতে চাইছে, আপনাদের পক্ষপুটে আশ্রয় নেবার চেষ্টা করছে। সেজন্য মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই সভায় পেশ করেছেন আমি সেই ভাষণকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধী দল যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাঁদের সমস্ত প্রস্তাবগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 P. M.]

শ্রীগণেশচন্দ্র মণ্ডল ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখানে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপর বিরোধী পক্ষের বক্তব্য আজ কয়েকদিন ধরে শুনছি। তাঁদের এই বক্তব্য আমার কাছে নুতন কিছু মনে হয়নি। সেই পুরান কথা ঘুরিয়ে ফিরিয়ে বারবার এখানে বলার চেষ্টা করেছেন এবং একটা নির্বাচিত সরকারকে কেন্দ্র করে এই সমস্ত কথা বলে জনমত বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর গ্রাম বাংলায় যে ২টি বিষয় নিয়ে বিরোধ সৃষ্টি হয় তার মধ্যে একটি হচ্ছে ভূমি বণ্টন ব্যবস্থা এবং আর হচ্ছে পঞ্চায়েত। এই ২টির সংগেই গ্রামের সাধারণ মানুষ ওতপ্রেতভাবে জড়িত। ভূমি সম্পর্কে মানুষের ক্ষুধা দীর্ঘদিন ধরেই চলে আসছে। ভূমি আন্দোলন বৃটিশ আমল থেকেই সুরু হয়েছে এবং সেই আন্দোলনের ফলে সাধারণ মানুষ যে সমস্ত অধিকার পেয়েছিল সেই অধিকার এবং জমির উপর অধিকার সেই দুটিকেই প্রতিষ্ঠিত করবার জন্য মানুষ আপ্রাণ চেষ্টা করছে। কিন্তু সেক্ষেত্রে দেখা যাচ্ছে গ্রামের জোতদার শ্রেণী, যাদের সমর্থক হল কংগ্রেস (আই), তারা আইনের বিভিন্ন বন্ধন দিয়ে গ্রাম-বাংলার সাধারণ মানুষের উপর বিভিন্ন রকম চাপ সৃষ্টি করছে। গ্রামের বড়লোকেরা সাধারণ মানুষকে তাদের স্বার্থের থেকে বঞ্চিত করবার জন্য বিভিন্ন কোর্টে এবং হাইকোর্টের দারস্থ হচ্ছে—এবং ২২৬ ধারা অনুযায়ী হাইকোর্টের ইনজাংশন নিয়ে গ্রামের মানুষ যে সমস্ত জমির উপর দখল নিতে চায় বা দখল পেয়েছে তাদের সেখান থেকে উৎখাত করবার চেষ্টা করছে। গ্রামের সাধারণ মানুষ শহরে এসে হাইকোর্টে মামলা লড়তে পারেনা এবং তার ফলে তারা একদিকে মার খাচ্ছে এবং অন্যদিকে এই সমস্ত ইনজাংসনের বলে তাদের হাত থেকে জমিগুলো চলে যাচ্ছে। এই সমস্ত মামলা যত তাড়াতাড়ি নিষ্পত্তি হওয়ার কথা তত তাড়াতাড়ি নিষ্পত্তি হয় না এবং তার ফলে সাধারণ মানুষকে তাদের অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। যে সমস্ত জায়গায় এই ভূমি নিয়ে আন্দোলন হয়েছে সেখানেই দেখেছি বিভিন্ন কোর্ট এবং হাইকোর্টের ইনজাংসান দিয়ে জমিগুলি আটকে রাখা হয়েছে। রাজ্যপালের ভাষণে দেখেছি রাজ্য সরকার স্বীকার করেছেন ১ লক্ষ ৮০ হাজার একর জমি বিভিন্ন মামলায় আটকে রয়েছে। কিন্তু আমার মনে হয় এর চেয়েও বেশী জমি বিভিন্ন রকম আইনের জন্য এবং হাইকোর্টের ইনজাংসনের জন্য আটকে রয়েছে। আমরা লক্ষ্য করেছি অনেক আগে থেকে যারা বর্গাদার হিসেবে, পাট্টাদার হিসেবে এবং দখলকার হিসেবে রয়েছে তাদের ক্ষেত্রে এই অবস্থা চলছে। কংগ্রেস (আই)-এর সদস্য ভূপেনবাবু বললো তাদের ৩।৪ জন পাট্টা-দারকে উৎখাত করা হয়েছে। এটা হতে পারে। এই প্রসঙ্গটি আমি একটু ব্যাখ্যা করে বলতে চাই, ১৯৬৪ সালে একটা ল্যাণ্ড এ্যাডভাইসরি কমিটি হয়েছিল এবং সেখানে মেম্বার হিসেবে ছিলেন অঞ্চল পঞ্চায়েতের প্রধানরা এবং কিছু সরকারী অফিসার ছিলেন সেই কমিটির সদস্য। ইমারজেন্সীর সময় দেখেছি যাদের জমির উপর অধিকার রয়েছে এবং যারা পাট্টাদার তাদের ঐ কংগ্রেস সমর্থকদের স্বার্থে এক তরফাভাবে ইমারজেনসীর দোহাই দিয়ে জমি থেকে উৎখাত করা হয়েছে। একদিন যারা জমিতে প্রতিষ্ঠিত ছিল তাদের দেখেছি কংগ্রেস (আই)-এর লোক এবং তৎকালীন সরকার

তাদের উৎখাত করে দিয়েছে। আজকে অবস্থার পরিবর্তন হয়েছে, তাই বর্তমান আমলে এই সমস্ত ক্ষেত্রে কিছু কিছু উৎখাতের ঘটনা ঘটতে পারে। অতীতে এই সব ব্যাপারে কোন প্রতিকারের ব্যবস্থা ছিল না, কিন্তু আজকে যাদের উপর এক সময় অন্যায় অত্যাচার হয়েছিল সেই অন্যায়কে দূর করার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু অপর দিকে কংগ্রেস (আই)-এর ভূমিকা কি ? যারা গরীব মানুষ, যারা জমির উপর টিকে রয়েছে তাদের বন্দুকের সাহায্যে জমি থেকে উৎখাত করবার চেষ্টা করছে।

এই রকম হাজার ঘটনা বিভিন্ন গ্রামে ঘটছে। আমার কাছে একটা উদাহরণ আছে। আমার এলাকায় গোসাবা কেন্দ্রে গত ২৬শে নভেম্বর, ১৯৮৩ সালে দেখলাম একজন রেকর্ডেড বর্গাদার তার জমিতে ধান কাটতে যাচ্ছিল সেই সময় তাকে বন্দুক দিয়ে তাকে হত্যা করা হোল—আর সেই জোতদারকে ওরা প্রশ্রয় দিল। এই হচ্ছে বাস্তব ঘটনা। এইভাবে কংগ্রেস-আই দলের লোকেরা গ্রামে বিঘ্ন ঘটাবার চেষ্টা করছে। আইন শৃঙ্খলার প্রশ্ন ওঁরা বারবার তোলেন। আইন শৃংখলার প্রশ্নের সংগে জমির ব্যাপার কিছুটা জড়িত আছে। সাধারণ মানুষ জমিতে ন্যায়সংগতভাবে তার অধিকার প্রতিষ্ঠিত করতে যাচ্ছে জোতদাররা সেখানে সংঘর্ষ বাধাচ্ছে যারা হচ্ছে ঐ কংগ্রেস আই দলের সমর্থক এবং তার সংগে সমাজবিরোধীরাও জড়িত আছে। কি সহরে কি গ্রামে বিভিন্নভাবে ওঁরা সমাজবিরোধীদের নিয়ে সংঘর্ষ চালিয়ে যাচ্ছে এবং তাতে সাধারণ মানুষই বিপর্যস্ত হচ্ছে। ওঁরা কি বলতে পারেন যে কংগ্রেস দলের মধ্যে সমাজবিরোধী নাই। একথা কলকাতার মানুষের কাছে প্রকটভাবে প্রমাণিত হয়ে গেছে। এবং আমরা গ্রামের মানুষ আমাদের কাছেও প্রমাণ আছে যে গ্রামে যে সব ডাকাতি হচ্ছে তার সঙ্গে কংগ্রেস আই দলের বিশিষ্ট লোকও জড়িত আছে তারাই এই সব গ্রামের ডাকাতি রাহাজানি কাজে অনুপ্রেরণা যোগাচ্ছে। আজকে পুলিশ কিছুটা শক্ত হাতে তাদের ধরতে আরম্ভ করেছে। আজকে একথা পরিষ্কার হয়ে গেছে যে ঐ সব সমাজবিরোধী লোকেদের একটা বিশিষ্ট রাজনৈতিক দলের প্রশ্রয় আছে। তা না হলে এই রকম ভাবে ঐ সমাজবিরোধীদের সাহস বাড়তো না। এই রকমভাবে তারা যদি তাদের মদত যোগায় তাহলে আইনশৃংখলার অবনতি হবে না ? আমরা দেখছি যখনই তাদের স্বার্থে যখন কোন আঘাত পড়ে তখনই ঐ সমস্ত গরীব মানুষদের উপর অস্ত্র ধারণ করে জেহাদ ঘোষণা করে। এরা কোন দিন সমাজের বন্ধু হতে পারে না। একবার উত্তর ভারতের দিকে তাকিয়ে দেখুন সেখানে ওঁদের রাজত্ব। পাঞ্জাব হরিয়ানা সেখানে পরস্পর পরস্পরের সংগে সংঘর্ষ বাধিয়ে দিয়েছে। তারাই সেখানে সাম্প্রদায়িকতার বীজ বপন করেছে। তারা সমাজবিরোধীদের উস্কানি দিয়ে এই সব কুকর্ম করে চলেছে। পশ্চিমবাংলায় এই ধরণের সাম্প্রদায়িকতা নাই। এখানে যা কিছু আইন শৃংখলা ভঙ্গ হচ্ছে তা ওদেরই উস্কানিতে, এ কথা আজ সবাই জানে। ওদেরই গোষ্ঠীর লোক গুণ্ডা সমাজ-বিরোধী এখানে খুন জখম রাহাজানি করে চলেছে। তাই এখানে এই জিনিস বেড়ে যাচ্ছে। অবশ্য পুলিশবাহিনী সক্রিয় হচ্ছে এবং এর মোকাবিলা করছে। ওঁরা বলছেন যে কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে আমরা তা খরচ করতে পারছি না, কেন্দ্রে সেই টাকা ফিরে যাচ্ছে।

কিন্তু কেন্দ্রীয় সরকার সেই টাকা পাবার ব্যাপারে যেসব শর্ত আরোপ করে তা মেনে শেষ পর্যন্ত সেই টাকা ব্যয় করা যায় না। এই আজকেই আমি রাইটার্স বিল্ডিংস গিয়েছিলাম একটা স্কীমের জন্য টাকার ব্যাপারে। সেখানে শুনলাম এখনও টাকা আসেনি। যখন দেখবো সেই টাকা আসবে তখন আর সময় থাকবে না, তাদের যে সর্ত সেগুলি পূরণ করে সেই টাকা গ্রহণ করার। অতএব সেই টাকা আর ব্যয় করা সম্ভব হবে না। আই আর ডি পির যে লোন স্যাংসন করার ব্যবস্থা আছে—যা আমি এর আগে বলেছিলাম—তপশীলী আদিবাসী সুযোগ যে আছে ব্যাঙ্ক থেকে টাকা পাবার ব্যবস্থা আছে তাতে তারা কিভাবে বঞ্চিত হচ্ছে। রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি নানারকম কারণ দেখিয়ে সেই সব স্কীম স্যাংসন করে না। এবং তাদের উপর অটোনমাস পাওয়ার দেওয়া আছে। আমরা যে সমস্ত স্কীম তৈরী করছি বা যেগুলি অথরিটি স্যাংসন করছে ঐ সমস্ত ব্যাঙ্কগুলি সেগুলি কার্যকরী করতে দিচ্ছে না এবং আই ডি পির স্কীকগুলি সম্পূর্ণভাবে তারা রিফিউজ করছে।

[6-00 -6 10 P.M.]

তাদের যুক্তি হচ্ছে কি, তারা ঠিক ঠিক ভাবে সেই সমস্ত স্কীমগুলো সাবমিট করতে পারেন নি। গ্রামের মানুষ, গ্রামের পঞ্চায়েতের লোকেরা এই স্কীমগুলো তৈরী করে। টেকনিক্যালি তাদের হয়তো ভুল ত্রুটি থাকতে পারে, কারণ তারা টেকনিক্যাল লোক নয়। সাধারণতঃ যে ভাবে তাদের বুঝিয়ে দেওয়া হয়, যে ভাবে স্কীমগুলো তৈরী করতে বলা হয়, সেই ভাবে তারা স্কীমগুলো তৈরী করেন। তারপর ব্যাঙ্কের যখন স্কীকগুলো যায়, যারা ম্যানেজার আছেন, তারা নিশ্চয়ই বুদ্ধিমান, তারা নানা কায়দায় এই সমস্ত আবেদনকারীর কাছে প্রশ্ন রাখেন, বিভিন্ন প্রশ্ন এমন ভাবে করেন, যার ফলে গ্রামের সাধারণ মানুষ, তারা ঠিক ভাবে উত্তর দিয়ে পারে না। এই ভাবে দরখাস্তগুলো বাতিল করা হচ্ছে। আমরা দেখেছি, গোসাবার স্টেট ব্যাংক অব ইণ্ডিয়া, সন্দেশখালির ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়া, বাসন্তীর ইউ. বি. আই, এই সব ব্যাংকে নানা রকম ভাবে স্কীমগুলো নানা অজুহাতে কার্য্যকরী হতে দিচ্ছেন না। যত স্কীম দেওয়া হচ্ছে, তারা নানা ভাবে স্কীমগুলোকে বিলম্বিত করছে এবং এই বাবদে টাকা ব্যাংককে অগ্রীম দেওয়া হয়েছে, তা সত্বেও স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া, ইউ. বি. আই. কিন্তু যথাযথ ভাবে ঋণ দেবার চেষ্টা করছে না। এর ফলে সাধারণর মানুষের ভাল করার যে মহৎ উদ্দেশ্য ছিল সেটা ব্যাহত করছে ব্যাংক। সুতরাং সাধারণ ভাবে ব্যাংকের যে ভূমিকা সেটা নিশ্চয়ই খুব ভাল নয়, সেটা সাধারণ মানুষের পক্ষে কার্য্যকরী হচ্ছে না বলে আমরা মনে করি। সেই জন্য আমরা এই সভায় আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ন্যাশন্যালাইজ্‌ড ব্যাঙ্কগুলো ঠিক ঠিক ভাবে আই. আর. ডি. পি.-র এই দরখাস্তগুলো দেন এবং সাধারণ মানুষের বরাদ্দকৃত ঋণ দিতে পারেন তার দিকে সদা জাগ্রত দৃষ্টি রাখবেন। অপর দিকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রশাসনিক সংস্কার কমিটির যে রিপোর্ট আছে, সেই রিপোর্টের ভিত্তিতে ধীরে ধীরে বিভিন্ন পর্য্যায়ে আমাদের জেলা, মহকুমা বা প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে তারা নুতন করে ঢেলে সাজানোর চেষ্টা করছেন। যার ফলে মাথাভারী প্রশাসন শুধু শহর কেন্দ্রীক না থাকে, সেটা গ্রামবাংলায় ছড়িয়ে পড়ুক—এই

জন্য আমরা লক্ষ করলাম, যেটা প্রত্যেকটি গ্রামের ক্ষেত্রে প্রযোজ্য, সেই ল্যাণ্ড রেকর্ড এবং ল্যাণ্ড রিফর্মস অফিসগুলি বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রতিষ্ঠা করার চেষ্টা করছেন, এটা একটা শুভ প্রচেষ্টা এবং গ্রামের মানুষ, তারা অতি সহজে, তাদের যে সমস্ত দৈনন্দিন সমস্যা রয়েছে, ভূমি রেকর্ড করার ব্যাপারে এবং অন্যান্য যে সমস্ত সমস্যা রয়েছে, তারা গ্রামে বসেই সেই সমস্ত সমস্যার সমাধান করতে পারবেন।

এত স্বল্প সময়ে এবং স্থানীয় ভাবে বিবাদ এবং প্রকৃত তথ্য তারা উদ্ঘাটন করতে পারবে, এই প্রচেষ্টাকে আমরা সাধুবাদ জানাই। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমাদের একটা প্রতিবাদ আছে, ২৪ পরগনা জেলাকে প্রকৃত ভাবে দু ভাগে ভাগ করে উত্তর এবং দক্ষিণ, প্রশাসনিক ভাবে সম্পূর্ণ ভাবে দুটো জেলাকে ভাগ করার একটা দাবী অনেকদিন ধরে আছে এবং সেই দাবী বা সেই চেষ্টা এখন বাস্তবে রূপায়িত হতে যাচ্ছে, সেটা শুনেছি। এই ক্ষেত্রে আমরা জানতে পেরেছি, দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরকে নুতন ভাবে একটা মহকুমা তৈরী করে, দক্ষিণ দিকের কিছু কিছু থানাকে যুক্ত করা হচ্ছে। কিন্তু এই সঙ্গে সঙ্গে জানতে পেরেছি, বর্ত্তমানে বসিরহাট মহকুমার অধীনে গোসাবা থানা এবং সদর মহকুমা আলিপুরে অবস্থিত বাসন্তী থানা। এই দুটো থানাকে বারুইপুরের সঙ্গে যুক্ত করার ব্যবস্থা হয়েছে। আমরা এই ব্যাপারে আমাদের প্রতিবাদ দৃঢ়ভাবে রাখতে চাই, কারণ বারুইপুরের সঙ্গে এই থানাকে জুড়লে কোনও সুরাহা হবে না, বরং যে তিমিরে তারা ছিল, তার চাইতে আরও বেশী দুর্গতি হবে। সাধারণ ভাবে যারা প্রশাসনে আছেন এবং সাধারণ প্রশাসনের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এই ব্যাপারে আকর্ষণ করছি। ইতিপূর্বে এই ব্যাপারে আমাদের লিখিত প্রতিবাদও জ্ঞাপন করেছি। তাই বিষয়টা মন্ত্রীসভা বিশেষ ভাবে চিন্তা করুন, এই ব্যাপরটা নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে প্রকৃত ভাবে অবস্থাটা অনুধাবন করে তারপর চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। এখানে প্রশ্ন উঠেছে যে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, হাসপাতালগুলোর কোথাও কিছু নেই। বিরোধী পক্ষের বক্তব্য শুনে মনে হয়, পশ্চিমবঙ্গে আর কিছু নেই, যা কিছু ছিল সব শেষ হয়ে গেছে। খালি আমরা কিছু লোকজন, প্রশাসন, এম. এল. এ. এবং মন্ত্রীরা হাওয়ার উপর দাঁড়িয়ে আছি। কিন্তু বাস্তব অবস্থাটা কি? হয়তো ত্রুটি আছে, যত সমস্যা আছে তার সব সমাধান হয়নি, সমাধান করাও যাবে না, এটা সকলেই জানেন। আমরা সকলেই জানি এবং ওরাও জানেন।

সুতরাং সমালোচনা করার জন্যই তারা সমালোচনা করছেন। আমি সর্ব ভারতীয় কিছু কিছু তথ্য আপনাদের সামনে তুলে ধরছি, এর আগেও এই সভায় সর্ব ভারতীয় বিভিন্ন তথ্য দিয়ে ভারতবর্ষের অবস্থাটা বোঝানোর চেষ্টা করা হয়েছে। কাজেই পশ্চিমবঙ্গ তার ব্যতিক্রম নয়। স্বাস্থ্য সম্পর্কে এখানে অনেক প্রশ্ন উঠেছে। কিন্তু সারা ভারতবর্ষের স্বাস্থ্যের চেহারাটা কি? সারা ভারতবর্ষে এ পর্যন্ত এ্যালোপ্যাথি, কবিরাজী, হোমিওপ্যাথি, হেকিমী, ঝাড়ফুক ইত্যাদি সব মিলিয়ে ৬০ জন লোক চিকিৎসার সুযোগ পায়, আর শতকরা ৪০ জন লোক চিকিৎসা নামক যে কোন জিনিস আছে তাই তারা জানে না। তাদের কাছে চিকিৎসার সুযোগ পৌছায় না।

এই হচ্ছে গোটা ভারতবর্ষে গড় স্বাস্থ্যের অবস্থা। গোটা ভারতবর্ষের গড় ডাক্তারের হিসাব হচ্ছে প্রতি হাজারে ২.৩ এবং কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য খাতের বাজেট বরাদ্দের হার হচ্ছে ১.২—এই হচ্ছে অবস্থা। এই অবস্থা দিয়ে তারা গোটা ভারতবর্ষ শাসন করছেন। সুতরাং তারা বলতে চাচ্ছেন যে আমরা রাজ্যগুলির জন্য অনেক কিছুই করে দিচ্ছি, কিন্তু রাজ্য সরকার কিছুই করতে পারছেন না। সেখানে অনেকগুলি কমিটি করা হয়েছিল। ভোর কমিটি, মুদালিয়র কমিটি গঠন করা হয়েছিল। এই সমস্ত কমিটি সুপারিশ করেছিলেন কিভাবে গোটা ভারতবর্ষের স্বাস্থ্য নীতি পরিচালনা করতে হবে। কিন্তু সামগ্রিকভাবে বিগত ৩৭ বছরের মধ্যে কেন্দ্রীয় সরকার একটা সুষ্ঠু স্বাস্থ্য নীতি ঘোষণা করেন নি। নমো নমো করে গোটা ভারতবর্ষের স্বাস্থ্য দপ্তর চলছে এবং এই ভাবেই তারা স্বাস্থ্য দপ্তর পরিচালনা করছেন। যার ফলে প্রকৃত পক্ষে ভারতের জনস্বাস্থের উন্নতি হচ্ছে না। আবার এই যে ১.২ ভাগ টাকা বরাদ্দ করা হচ্ছে এর একটা মোটা অংশ পরিবার পরিকল্পনার জন্য চলে যাচ্ছে। কাজেই বাস্তব ক্ষেত্রে চিকিৎসার জন্য কোথাও অর্থ ব্যয়িত হচ্ছে? পশ্চিমবঙ্গে ৫ কোটি লোকের বাস। কাজেই ৫ কোটি লোকের সমস্যা, আর গোটা ভারতবর্ষের সমস্যাটা একটু খতিয়ে দেখুন। এই হচ্ছে আমাদের ভারতবর্ষের প্রকৃত রাজনৈতিক, অর্থনৈতিক ও স্বাস্থ্যের চেহারা সুতরাং যে ধন্যবাদ সূচক প্রস্তাব এখানে এসেছে আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ অম্বিকা ব্যানর্জি ঃ মিঃ স্পীকার, স্যার, রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই আমি এই কথা বলতে চাই যে, রাজ্যপালের এই ভাষণ ভাষার জাগলারি ছাড়া আর কিছুই নয়। এই ভাষার জাগলারি দিয়ে তিনি সারা পশ্চিমবাংলার মানুষের কাছে একটি ভিন্ন রূপ তুলে ধরতে চেয়েছেন, তার সঙ্গে এক মত না হয়ে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। আজকে প্রথমেই আইন শৃঙ্খলার প্রশ্ন উঠছে—এই আইন শৃঙ্খলার প্রশ্নে সামগ্রিক ভাবে তিনি বলেছেন, 'পশ্চিমবঙ্গের পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল'—কিন্তু বাস্তবে আমরা ডিফারেন্ট চিত্র দেখতে পাচ্ছি। প্রতিদিনই আমরা বিভিন্ন পত্র পত্রিকা, সংবাদপত্রে দেখতে পাচ্ছি চারিদিকে খুন, ডাকাতি, রাহাজানি, ছিনতাই, মাস রেপ, মাস মার্ডার হচ্ছে, একটা সেন্স অব সিকিউরিটির অভাব পরিলক্ষিত হচ্ছে। মাসের পর মাস, বছরের পর বছর আমরা এই চিত্র দেখে যাচ্ছি। পশ্চিমবঙ্গের মানুষের মনে একটা করুণ চিত্র ফুটে উঠছে। আজকে আমরা বিরোধী পক্ষে বসে কনসট্যান্ট এই নিয়ে বলছি এবং অপর পক্ষ থেকেও প্রতিদিন অন্যান্য মেম্বাররা এই একই কথা, একই কমপ্লেন আপনার সামনে তুলে ধরছেন। শুধু আমরা কেন, স্বয়ং মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে লেফ্‌ট ফ্রন্টের চেয়ারম্যান সরোজবাবু, যাকে আপনারা মাওসেতুং-এর আসনে বসিয়েছেন, তিনি পর্যন্ত আর্তস্বরে চীৎকার করে সামগ্রিক পুলিশের অপদার্থতার কথা বলছেন।

[6-10—6-20 P.M]

তিনি পুলিশের এক অংশের ব্যর্থতার কথা বলেছেন। তিনি বলেছেন, পুলিশের সঙ্গে যোগসাজসে বহু জায়গায় এই ধরণের অঘটন ঘটানো হচ্ছে। তিনি তাদের অপদার্থতার কথাও

বলেছেন। দুর্নীতি এবং অপরাধমূলক ঘটনার সঙ্গে পুলিশ সক্রিয়ভাবে যুক্ত থেকে সমাজবিরোধী-দের যে সাহায্য করছে সেকথাও তিনি বলেছেন। এটা শুধু স্যার, কোলকাতায় নয়, এই ঘটনা গ্রামে গঞ্জেও ঘটে চলেছে। পঞ্চায়েতে দুর্নীতির মধ্যে দিয়ে গ্রামে যে ফ্যাসিষ্ট মনোভাব ওদের গড়ে উঠেছে তার ফলে আমারা দেখেছি সেখানে নানান অত্যাচার চলছে, বাড়ীঘর ধ্বংস করা হচ্ছে, এমন কি নারী ও শিশুরাও ওদের ফ্যাসিষ্ট সুলভ অত্যাচারের হাত থেকে রেহাই পাচ্ছে না। তারা সেখানে নিরাপত্তার অভাব বোধ করছে। গ্রামবাংলায় ফ্যাসিষ্ট সুলভ যে অত্যাচার চলছে তা বন্ধ করতে হবে এবং সেখানে নিরাপত্তা ফিরিয়ে আনতে হবে, তা না হলে গ্রামবাংলার উন্নতি হতে পারে না। সেন্স অব সিকিউরিটির অত্যন্ত দরকার, এটা না থাকলে উন্নতির কোন সম্ভবনাই নেই। স্যার, আমার নিজের কনসটিটিউয়েন্সী, হাওড়া সেন্ট্রাল, সেখানে দেখলাম ৬ মাসের ভেতরে তিনটি খুন হয়ে গেল। এর মধ্যে একটি খুন নিয়ে অনেক আলোড়ন হয়েছিল, সেটা হচ্ছে, একজন সমাজসেবী শ্রীসত্যেন কর তাকে নৃসংশভাবে হত্যা করা হয়েছিল। আজও সেখানে খুনীরা ঘুরে বেড়াচ্ছে অথচ পুলিশ সেখানে কোন ষ্টেপস্ নিতে পারছে না। কিছু কিছু সমাজবিরোধী যারা স্বদিচ্ছায় ধরা দিয়েছে পুলিশ তাদের দেখিয়ে কৃতিত্ব নেবার চেষ্টা করছে। স্যার, আমরা দেখেছি পুলিশ খাতে প্রতি বছর খরচ বেড়েই চলেছে। অন্যান্য খাতে যত পারসেন্ট খরচ বেড়েছে পুলিশ খাতে তার চেয়ে বেশী পারসেন্ট খরচ বেড়েছে, সেই অনুযায়ী কিন্তু কাজ হচ্ছে না। আমরা জানি, লোকসংখ্যা বাড়ছে, ক্রাইম বাড়ছে সেজন্য আরো পুলিশের দরকার, তাদের আরো সুযোগসুবিধা দেওয়া দরকার কিন্তু তবুও আমি বলব, শুধু টাকা দিয়ে এদের এফিসিয়েন্সী বাড়বে না, এরজন্য তাদের প্রপারলি শিক্ষা দিতে হবে এবং তাদের মধ্যে মানবিকতা বোধ ফিরিয়ে আনতে হবে। ইনভেষ্টিগেসানের ব্যাপারে আমরা জানি পুলিশ আসামীদের ধরে তাদের উপর নানান রকমের অত্যাচার করে এবং এইভাবে তাদের কাছ থেকে কথা বার করার চেষ্টা করে। এটা কিন্তু বেআইনী। উদাহরণস্বরূপ আমি বলতে পারি হাওড়ার লক আপে কমল ঠাকুর নামে একজনের উপর অত্যাচার করা হয়েছিল, তার গায়ে ছাঁকা দিয়ে এবং নানান অত্যাচার করে তাকে মারা হয়েছিল। এ সম্পর্কে সরকার কোন ব্যবস্থা নেন নি, পরে তার পিতা আইনের আশ্রয় নেন এবং তখন জজ দোষী পুলিশ অফিসারকে নন বেলেবেল সেকসানে গ্রেপ্তার করে করে জেলে পাঠাবার নির্দেশ দেন। পুলিশ কিন্তু তাকে অন্য কোর্ট থেকে বের করে নিয়ে যায় এবং সেই অফিসারকে প্রশেসান করে বাজনা বাজিয়ে ফিরিয়ে নিয়ে যায়। এই যেখানে অবস্থা সেখানে মানুষের মধ্যে নিরাপত্তাবোধ ফিরে আসতে পারে কি? তারপর স্যার, বামফ্রন্ট সরকার বর্গা অপারেশনে বিরাট সাফল্য লাভ করেছেন বলে দাবী করেছেন। এ সম্পর্কে আমার বক্তব্য হ'ল, বর্গা অপারেশানের নাম করে আমরা জানি জোর করে সাধারণ মানুষকে জমি থেকে উচ্ছেদ করে তারা নিজেদের পার্টির লোকেদের সেখানে বসাচ্ছেন।

হাওড়ায় তো হচ্ছেই, সারা পশ্চিমবাংলাতেও নিশ্চয়ই হচ্ছে। বর্গা অপারেশানে কোন সাফল্য লাভ করতে পারেনি। কারণ মানুষ সেখানে নিরাপত্তা বোধ করতে পারছে না, মানুষের কোন

নিরাপত্তা নেই। বর্গা অপারেশানের নামে দেখা গেছে যাদের পাট্টা দেওয়া হয়েছে আইদার মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সঙ্গে নাম লেখাতে হয়েছে তা নইলে তারা জমি পাচ্ছে না। আজকে সরকার লেভি নিতে পারছে না। লেভি মুক্ত চাল বাজারে বিক্রয় হচ্ছে। রেশনিং সিসটেম ফেইলর হয়ে গেছে বণ্টন ব্যবস্থার জন্য। লক্ষ লক্ষ ভূয়া রেশন কার্ডে ভর্ত্তি হয়ে গেছে। সেই রেশন কার্ড ধরবার কোন ব্যবস্থা হচ্ছে না। সেই রেশনের চাল বাইরে বেরিয়ে যাচ্ছে এবং মানুষকে অনেক বেশী দামে কিনতে হচ্ছে। গ্রামীন উন্নয়ন সম্পর্কে প্রলয়বাবু টেলিভিশনের মাধ্যমে, বেতারের মাধ্যমে অনেক কথা বলেছেন। তিনি বলেছেন যে ৮৬ জন লোককে এই সম্পর্কে অর্থ-নৈতিক সুযোগ-সুবিধা দেবার জন্য কতকগুলি ইউনিট করেছেন। তিনি এর জন্য খুব গর্ববোধ করছেন। কিন্তু তারা সাধারণ শিষ্টার হলনা, তিনি একবার প্রধানমন্ত্রী নামও করলেন, যিনি বেকার সমস্যা সমাধানের জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন। এর প্রতিটি টাকা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট দিয়েছেন। এর ৬০ ভাগ সেণ্টাল গভর্ণমেণ্ট দিয়েছে এবং ৪০ ভাগ ব্যাঙ্ক দিয়েছে এবং সেই টাকাও সেণ্ট্রাল গভর্ণমেণ্টের গ্যারানটেড। এখানে বামফ্রণ্ট সরকার তার সার্বিক ব্যর্থতা ঢাকবার জন্য দিল্লীর এবং রাজ্যপালের বিরুদ্ধে অভিযান করছেন। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের টাকায় এগুলি হয়েছে অথচ তারা কৃতিত্বের দাবী করছেন। আজকে স্পোর্টস-এর নামে একটা বিরাট ষ্টেডিয়াম এখানে করা হয়েছে। এই ষ্টেডিয়ামের ব্যাপারে যে সোসাইটি করা হয়েছে, সেই সোসাইটির যারা মেম্বার তাদের সঙ্গে খেলাধুলার কোন সম্পর্ক নেই। এরা জীবনে কখনও খেলাধুলা করেনি। একটা রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত হয়ে এই ষ্টেডিয়াম করা হয়েছে। একটা ইনকমপ্লিট ষ্টেডিয়ামে তাদের জিদ রাখার জন্য সেখানে খেলানো হল। বহু টাকা খরচ করে এক্সট্রা চেয়ার এনে খেলাতে হল এবং এর জন্য বহু টাকা খরচ করতে হয়েছে। আমরা দেখেছি যে বিভিন্ন জায়গা থেকে চেয়ার এসে কোন রকমে খেলাটা শেষ করা হল এবং তার সাফল্য সম্পর্কে এখানে বড়াই করছেন। আজকে ফুটবলের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে কিন্তু গ্রামাঞ্চলে একটা খেলার ব্যবস্থা আজ পর্যন্ত তারা করে দিতে পারেন নি। এই কথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। আজকে তিন দিন ধরে রাজ্য-পালের ভাষণের উপরে যে আলোচনা হয়েছে সেটা আমি শুনেছি এবং বিরোধী দলের সদস্যদের আলোচনাও আমি মন দিয়ে শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আলোচনা শুনে বারবার আমার যে মনে হল সেটা আমি এখানে ব্যক্ত করতে চাই। আজকে মাননীয় সদস্য শিশিরবাবু এখানে নেই, তিনি থাকলে ভাল হত। কারণ তার বক্তৃতা শুনতে শুনতে আমারও ইতিহাসের পাতা একটু খুলতে ইচ্ছা হচ্ছিল, অতীতের দিকে যেতে ইচ্ছা হচ্ছিল। কারণ অতীতের দিকে না গেলে আজকে বর্তমানকে, বর্তমান পরিস্থিতিকে বোঝা যাবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের

ভাষণের উপরে যে বক্তব্যগুলি আছে, আমি দেখলাম বিরোধী দলের সদস্যরা সেই সমস্ত বক্তব্য সম্পর্কে বিশেষ কোন আলোচনা করেন নি।

[6-20—6-30 P.M.]

ওঁদের আলোচনা কেন্দ্রীভূত ছিল আইন-শৃঙ্খলাজনিত বিষয়ের মধ্যেই। মাননীয় স্পীকার মহাশয়, ওঁদের বক্তব্য শুনতে শুনতে আমার গোটা ভারতবর্ষের দিকে তাকাতে ইচ্ছে করছিল এবং আমার বার বার মনে হচ্ছিল, রোম যখন পোড়ে নীরো তখন বীণা বাজায়। কেন বলছি জানেন, আমরা রাজনীতি করি, আমরা একটা আদর্শে বিশ্বাস করি, খণ্ডিত ভারতবর্ষের বুকের ওপর দাঁড়িয়ে আমরা আগামী দিনের সমাজতন্ত্রের কথা বলি। আজকে শিশিরবাবু আসেননি, এলে ভাল হ'ত, উনি কালকে হাউসে একটা বই নিয়ে এসেছিলেন, উনি পণ্ডিত ব্যক্তি তাতে কোন সন্দেহ নেই এবং ওঁর মত পণ্ডিত ব্যক্তিরা দীর্ঘ ৩৬ বছর ধরে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে ভারতবর্ষে সরকার পরিচালনা করছেন। ওঁদের সঙ্গে সাধারণ মানুষের কোন যোগ নেই, তাই পাণ্ডিত্য নিয়ে এখনো ওঁরা এখানে বক্তৃতা রাখেন। কিন্তু আমাদের দুঃখ শিশিরবাবু সুভাষ চন্দ্র বসুর ঘর থেকে এসেছেন, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে সুভাষ চন্দ্র বসু যে আত্মত্যাগ করেছিলেন তাতে শিশিরবাবু তাঁকে সহযোগিতা করেছিলেন। সুভাষ চন্দ্র বসু যখন নিজ আদর্শে গৃহ ত্যাগ করেছিলেন তখন শিশিরবাবু সে কাজে তাঁকে সহযোগিতা করেছিলেন। আর সেই শিশিরবাবু কালকে এখানে একটা বই এনে 'প্যারাডাইস লষ্ট' উল্লেখ করে বক্তব্য রাখলেন। আজকে ওঁর কাছে আমার জিজ্ঞাসা, উনি তো নেতাজী রিসার্চ ব্যুরোর ডিরেক্টর, নেতাজী সুভাষ চন্দ্র বসু যখন কংগ্রেস সভাপতি ছিলেন তখন 'ন্যাসনাল প্ল্যানিং' বলে যে বইটি বেরিয়েছিল সেই বইটি কি উনি পড়ছেন? আমার মনে হয় সেই বইটি ওঁর পড়ার সময় হয়নি। যদি উনি পড়তেন তাহলে কালকে ঐ সারগর্ভ রক্তৃতা দিতে পারতেন না। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে আমি একটু অতীত ইতিহাস বলব। আমরা দেখেছিলাম নেতাজী সুভাষ চন্দ্র বসু কংগ্রেসের সভাপতি পদে থাকাকালীন ন্যাসনাল প্ল্যানিং করে আগামী দিনের ভারতবর্ষের ছক করেছিলেন, তিনি আশা করেছিলেন সেই ছকের ওপর স্বাধীনোত্তর ভারতবর্ষ প্রতিষ্ঠিত হবে। তার প্রতিটি ছক ঐ বইটির মধ্যে আছে। ঐ বইটি না পড়ে, উনি অন্য একটা বই নিয়ে এসে এখানে পাণ্ডিত্য প্রকাশ করে গেলেন। অথচ ঐ বইটি পড়বার ওঁর বোধ হয় সময় নেই। উনি যে বইটি এনেছিলেন সেই বইটি পড়ে, আইন-শৃঙ্খলার কথা, বেকার সমস্যার কথা বার বার বলে গেলেন। মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি নেতাজী সুভাষ চন্দ্র বসু কংগ্রেস সভাপতি থাকাকালীন বার বার বলেছিলেন, আজকে দেশের সামনে দুটো প্রধান সমস্যা দাসত্ব এবং দারিদ্র। তাই তিনি পরিকল্পনা দিয়েছিলেন, স্বাধীনোত্তর ভারতবর্ষ সমাজতান্ত্রিক রাষ্ট্রের দিকে এগিয়ে যাবে এবং তার প্রধান কাজ হবে বেকারত্ব, নিরক্ষতা এবং দারিদ্র দূর করা। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি বলি যে, ভারতবর্ষ ৩৬ বছর স্বাধীন হয়েছে, কিন্তু আজও ঐ সমস্যা গুলির সমাধান হয়নি। ভারতবর্ষের শাসন ক্ষমতায় যাঁরা আছেন তাঁরা তা করতে পারতেন, কিন্তু করেননি। তাই আজকে আমরা

তাকিয়ে দেখছি গোটা ভারতবর্ষে আগুন জ্বলছে, বিচ্ছিন্নতাবাদের আগুন জ্বলছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, সাম্প্রদায়িকতার ভিত্তিতেই ভারতবর্ষ খণ্ডিত হয়েছে এবং সেই ভারতবর্ষের বুকের ওপর দাঁড়িয়ে আমরা সমাজতন্ত্রের কথা বলি, আমরা পুঁজিবাদকে ধ্বংস করতে চাই, ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার বিরুদ্ধে কথা বলি, অথচ যাঁরা ইংরেজের সঙ্গে চক্রান্ত করে ভারতবর্ষকে সাম্প্রদায়িক ভিত্তিতে ভাগ করেছিলেন, যাঁরা নেতাজী সুভাষ চন্দ্র বসুকে কংগ্রেস থেকে চক্রান্ত করে বিতাড়িত করেছিলেন, বৃটিশের সঙ্গে চক্রান্ত করে ভারতবর্ষকে খণ্ডিত করে পুঁজিপতিদের হাতে ভারতবর্ষকে তুলে দিয়েছিলেন এবং গোটা ভারতবর্ষের কেন্দ্রীয় ক্ষমতার দ্বারা গোটা দেশে পুঁজিবাদ প্রতিষ্ঠা করেছেন, আজকে তাঁরা এখানে আইন-শৃঙ্খলার কথা বলছেন! আজকে পাঞ্জাব থেকে আরম্ভ করে বিভিন্ন রাজ্যে বিচ্ছিন্নতাবাদ মাথা তুলে দাঁড়াচ্ছে। কেন? কেন ৩৬ বছর দেশ স্বাধীন হবার পরেও বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হচ্ছে? কারণ অসম উন্নয়ন, অসম বণ্টন। আজকে মানুষ ক্ষুব্ধ। শতকরা ৭০ ভাগ মানুষ স্বাধীনতার ৩৬ বছর পরেও দারিদ্র সীমায় দাঁড়িয়ে আছে, তাদের কোন সমস্যার সমাধান হয়নি। তাদের আজকে বেঁচে থাকবার জন্য লড়াই করতে হচ্ছে। এই কি স্বাধীন ভারতবর্ষ? এই ভারতবর্ষের স্বপ্ন কি আমাদের সামনে ছিল? এই ভারতবর্ষের স্বপ্ন কি নেতাজী সুভাষ চন্দ্র বসু দেখেছিলেন? ন্যাসনাল প্ল্যানিং কমিশনের মধ্যে এই স্বপ্নের কথা নেতাজী সুভাষ চন্দ্র বসু বলেননি। তিনি তখন জাতীয় কংগ্রেসের প্রেসিডেণ্ট ছিলেন, তিনি স্বাধীনোত্তর ভারতবর্ষের পরিকল্পনা দিয়েছিলেন, তিনি বলেছিলেন ভারতবর্ষ সুন্দর হবে, সেখানে শোষণ থাকবে না, বেকারত্ব থাকবে না, দারিদ্র থাকবে না, শিক্ষার মাধ্যমে গোটা ভারতবর্ষ স্বনির্ভর হয়ে উঠবে এবং তাঁর নিজস্ব সত্ত্বা প্রকাশ করবে। তাঁর ন্যাসনাল প্ল্যানিং বইটির ছত্রে ছত্রে সে কথা রয়েছে।

কোথায় গেল সে কথা? আর আইন-শৃঙ্খলার কথা বলেন—আজকে পশ্চিমবাংলা ছাড়া ভারতবর্ষের অন্য জায়গায় আইন-শৃঙ্খলার কথা যখন আপনাদের কাছে বলি তখন আপনাদের শুনতে খারাপ লাগে। কিন্তু পশ্চিমবাংলা তো ভারতবর্ষের মধ্যে, বাইরের রাজ্য নয়, যে জন্য আমি বলেছিলাম রোম পোড়ে নিরো বীণা বাজায়, কেন বলেছি? গোটা ভারতবর্ষের কথা চিন্তা করেছেন? সাম্প্রদায়িক আন্দোলন, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন গোটা ভারতবর্ষে আজকে চলছে, আগুনের স্তূপের উপর বসে আছে। আমি বুঝতে পারছি না ভারতবর্ষ কোন্ দিকে যাবে? আজকে বিচ্ছিন্নতাবাদ আন্দোলন, সাম্প্রদায়িক আন্দোলন-এর বিরুদ্ধে কেন্দ্রীয় নেতৃত্ব যদি সঠিক-ভাবে পরিচালনা না করতে পারেন তাহলে ভারতবর্ষ কোথায় যাবে সে কথা চিন্তা করেছেন কি? একথা আজকে চিন্তা করতে হবে। চিন্তা যদি না করেন তাহলে আপনারা আপনাদের দায়িত্ব পালন করছেন না, অবশ্য আপনারা যে সেই দায়িত্ব পালন করেন না সেটা আমরা জানি, ইতিহাস একথা বলছে। ঐদিকের সদস্য যারা রয়েছেন তারা কি সেদিন দায়িত্ব পালন করেছেন? আমার মনে হয় না, যদি করতেন তাহলে এই দ্বি-খণ্ডিত ভারতবর্ষে এমনভাবে দারিদ্রের সঙ্গে লড়াই করতে হতো না, দুর্নীতির সাথে লড়াই করতে হতো না। সুতরাং এই পুঁজিবাদী সমাজ

ব্যবস্থার আইন-শৃঙ্খলা কোথায় যেতে পারে তা আমরা উপলব্ধি করতে পারছি। অনেকে অনেক তথ্য দিয়েছেন আমি সেই তথ্যের মধ্যে যাবো না। আপনারা যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবনতির কথা বলছেন সেই প্রসঙ্গে বলতে পারি নিশ্চয়ই বামপন্থী দলের সদস্যদের আত্মপ্রসাদ লাভ করার কোন কারণ নেই, কিছু কিছু ক্ষেত্রে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, তারজন্য আমরা আত্মপ্রসাদ লাভ করি না। কিন্তু আমরা জানি মূল বাধা কোথায়? সেই মূল বাধা অর্থনৈতিক সমস্যা, সেই মূল বাধা পুঁজিবাদী সমাজ ব্যবস্থা। এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থা বারবার সেই পথে নিয়ে যাচ্ছে। তাকিয়ে দেখুন দিল্লীর দিকে—এখানে আমার কাছে দিল্লীর আইন-শৃঙ্খলার পরিস্থিতি কি রকম সেই সম্পর্কে একটা বই আছে। তার থেকে আমি একটু পড়ে শোনাই, ভারতের প্রধান বিচারপতি শ্রীচন্দ্রচুড় ২৩শে ফেব্রুয়ারী, ১৯৮০ সালে পাটনার এক সভায় বলেন "সাম্প্রতিককালে দিল্লীতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির এতই অবনতি হয়েছে যে, কোন লোকের পক্ষে বিশেষ করে মহিলাদের পক্ষে প্রভাতী ভ্রমণে বের হওয়া অসম্ভব হয়ে পড়েছে"। এটা আমার বক্তব্য নয়, বিচারপতি চন্দ্রচুড়ের বক্তব্য। সুতরাং আইন-শৃঙ্খলার কথা বললেই স্বভাবতই এইকথা এসে যায় যখন পশ্চিমবাংলায় প্রণ-প্রথার জন্য মহিলাদের আত্মহত্যা করতে হয়, মহিলাদের পুড়িয়ে মারা হয় তখন কোথায় আপনাদের সমাজব্যবস্থা, এইসব প্রতিরোধ করার ব্যবস্থা কোথায়? যখন শিশুকে হত্যা করা হয় কেন তার প্রতিবাদ করেন না? আমরা জানি কেন এই ঘটনা ঘটছে। যেখানে স্বাধীন ভারতবর্ষের মাটিতে বেকার সমস্যায় জীবন জর্জরিত, যে দেশে নারী সমাজকে দেহ বিক্রি করে খেতে হয় তার প্রতিবাদ আপনারা করেন না। কেন আজ নারীদের দেহ বিক্রি করতে যেতে হয়? তাই আজ বিভিন্ন রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা, বিচ্ছিন্নতাবাদ আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠেছে। সব শেষে আমি আমার কবিতার শেষ লাইন দিয়ে শেষ করতে চাই। আমি বারবার এই কথা বলি যদি এই সমাজ ব্যবস্থার পরিবর্তন করতে হয়, তাহলে পুঁজিবাদি ধনতন্ত্রকে শেষ করে উজ্জ্বল ভারতবর্ষের দিকে এগিয়ে চলুন, যারজন্য আমার বারবার মনে পড়ে,—

"কোলকাতা—কত রাত্রি অন্ধকারে
প্রতিদিন কত নারীর যৌবন নিয়ে
বেসাতির প্রতিযোগীতায়—
বিজ্ঞাপনে উলঙ্গ চিত্র
নিয়ন লাইটের তলে
স্ট্রীল হয়ে জেগে ওঠে।"

আজকে যদি কিছু করতে হয় তাহলে আইন-শৃঙ্খলার সমালোচনা আপনাদের বক্তব্যে সীমাবদ্ধ রেখে পরিবর্তন করা সম্ভব নয়। তাই আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 P.M.]

শ্রীসামসুদ্দিন আমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১০ মিনিট সময় বলব, অনেক আলোচনা হয়ে গেছে। আমি একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়

গভর্ণরের মুখ দিয়ে বলান হল Because of constant vigil exercised during the year, the overall law and order situation in the state continued to be by and large peaceful. ওভার অল পিসফুল কথাটা যে বলা হয়েছে, মাননীয় গভর্ণর বললেন। মাননীয়া সদস্যাও অনেক কথা এখানে বললেন, আমি তাঁকে সমীহ করে বলছি যে এই কথাটা বলার কোন দরকার ছিল না। আমি মাননীয়া সদস্যাকে প্রশ্ন করছি যে তিনি একলা একবার রেড রোড দিয়ে হাঁটুন তো। আপনি যেসব জায়গার কথা বললেন আমাদের, সেইসব জায়গায়—উত্তর প্রদেশ, দিল্লী,—প্রভৃতি জায়গায় আপনাদের যদি সংগঠন থাকে এখানে যে আবেদন আপনি রাখলেন সেগুলো সেখানে জানাবেন আপনার বক্তব্যকে। আর একটি কথা, বীরেনবাবু তো হেঁটে যান, আপনি আপনাদের সিকিউরিটি ছাড়া যদি হাঁটতে পারেন তখন গর্ব করে বলবেন কাজেই এই পিসফুল কথাটা একেবারে হাস্যাস্পদ হয়েছে। আর এক জায়গায় উনি বলেছেন Sporadic acts of crime and violence were dealt with and necessary preventive measures taken. In general, West Bengal continued to be a peaceful State to live in. এইসব অসত্য কথাগুলি বলান হয়েছে। মাননীয় রাজ্যপাল কি করবেন, কনষ্টিটিউয়েনসির নিয়ম অনুসারে তিনি পড়তে বাধ্য হয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি নিয়ে এখানে বিশেষ আলোচনা হয়নি। সেদিক দিয়ে আমি যাচ্ছি না, আমি যাচ্ছি প্রাথমিক শিক্ষার দিকে। এই পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার কতগুলি ষ্ট্যাটিসটিক দেওয়া হল। কিন্তু প্রাথমিক আপনারা জানেন যে ক্লাশ ফোর পর্য্যন্ত পড়ানোর পরে একটা ফাইনাল পরীক্ষা হোতো কংগ্রেস শাসনের সময়ে সেই পরীক্ষাটা তুলে দিয়ে তার ফলাফল খারাপ হচ্ছে দেখে আবার প্রবর্ত্তন করা হয় এবং এ. বি. সি. ডি. করে ফোর থেকে একটা পাশ সার্টিফিকেট দেওয়া হয়। ক্লাশ ফোরে পাশ করে স্কুলে ভর্ত্তি হবার সময় ফর্মে নিজের নাম দরখাস্ত করতে পারে না। তাহলেই বুঝুন শিক্ষার মান কোথায় যাচ্ছে। সুতরাং আজকে ছোট ছোট কচি কচি শিশুকে খালি ক্লাশের তকমা চাপিয়ে দিয়ে তার বুদ্ধিমত্তার যে বিকাশ সেই সুযোগ থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। শিশুকে ভুল সংশোধন না করে তারা ভুলই শিখে রাখে। সুতরাং আপনি শুনলে আশ্চর্য্য হবেন আজকে গ্রামের অশিক্ষিত গার্জেন অভিভাবকরা ভাবল আমার ছেলে হাই স্কুলে গেল, কিন্তু হাইস্কুলে দেখা গেল যে তারা গিয়ে কিছুই করতে পারছে না।

আজকে এই শিক্ষায় শিক্ষিত হয়ে যখন তারা উচ্চশিক্ষা ক্ষেত্রে যাবে—আপনারা নকল করা নিয়ে যাই বলুন না কেন—তারা নকল করবেই। কারণ এই শিক্ষার মাধ্যমে তাদের ধারণ করবার শক্তি আসছে না, কিন্তু উচ্চ শিক্ষাক্ষেত্রে বড় বড় বই পড়তে হবে। যার গোড়াই শক্ত হ'ল না সে কি করে এটা পারবে? আমি বুঝতে পারছি না, বামফ্রন্ট সরকার এই ধরণের শিক্ষানীতি কেন এনেছেন! আজকে আপনাদের ছেলেমেয়েরা কোথায় পড়ছে? ইংলিশ মিডিয়াম স্কুলে তারা পড়ছে, তাদের ষ্ট্যাণ্ডার্ড বাড়ছে। কিন্তু ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াতে গেলে পয়সা এত বেশী লাগে যে গাঁয়ের সাধারণ মানুষের পক্ষে তাঁদের ছেলেমেয়েকে সেখানে পাঠান অসম্ভব। আজকে

আপনারা ইউনিভার্সাল এডুকেশনের কথা বলছেন। ১৯৯০ সালে নাকি আপনারা ইউনিভার্সাল এডুকেশন চালু করবেন। কিন্তু আপনারা যে শিক্ষা-ব্যবস্থা চালু করলেন তাতে গরীব ঘরের ছেলেরা, যারা ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াশুনা করলো না, তাঁরা উচ্চশিক্ষাক্ষেত্রে গিয়ে ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, এ্যাডমিনিষ্ট্রেটিভ বা অন্যান্য হাই একজামিনেশন যা আছে তার কোথায়ও দাঁড়াতেই পারবে না। পারবে কারা? আপনারা যাদের বলছেন পুঁজিপতি, ধনীক শ্রেণী তারাই এডমিনিষ্ট্রেশনে বসবে, ডাক্তার হবে, ইঞ্জিনিয়ার হবে, সাধারণ ঘরের ছেলেরা ডাক্তার ইঞ্জিনিয়ার হতে পারবে না। আর একটা জিনিষ দেখতে পাচ্ছি। সেটা হচ্ছে, শিক্ষা পরিচালনার ব্যাপারে জেলা স্কুল বোর্ডগুলি আজ কি অবস্থায় এসে পৌছেছে? সবগুলোই এড়-হক্। এড্-হক-এর অর্থ হোল সাময়িক একটি ব্যবস্থা। আজকে এই স্কুল বোর্ডের এড্-হক্ কমিটিতে এত বেশী দুর্নীতি রয়েছে যে তার সীমা পাওয়া মুশকিল। যদি নিরপেক্ষ তদন্ত করা যায় তাহলে দেখবেন এড্-হক্ বোর্ড থাকবার ফলে আজকে সেখানে যা খুশি তাই হচ্ছে। আমি বলতে চাই যে "প্রাইমারী এডুকেশন বিল" পাশ হয়ে পড়ে আছে। কিন্তু গনতান্ত্রিক পদ্ধতিতে জেলা স্কুল বোর্ড গঠন করছেন না। আজকে এই প্রশ্ন শুধু আমার মনেই নয়, পশ্চিমবাংলার সমস্ত মানুষের মনে এসেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এঁদের প্রবর্তিত শিক্ষা-ব্যবস্থায় ক্লাশ ফাইভ পর্যন্ত ইংরেজি তুলে দেওয়া হয়েছে। কিন্তু ক্লাশ সিক্স থেকে ক্লাশ টেন পর্যন্ত সিলেবাসের চিন্তা-ভাবনা এখনও করা হোলনা। আমি জানি সিলেবাস কি হবে তা ঠিক করা হয়নি। সুতরাং আজকে তার কি ব্যবস্থা হবে? শিক্ষা-জগতে একটা নৈরাজ্য সৃষ্টি করে আজকে লক্ষ লক্ষ ছাত্র শিশুকে আপনারা বোকা বানিয়ে রাখতে চান! যদি তারা উচ্চ-শিক্ষা, নিতে পারে, পড়াশুনা করে, তাহলে তো তারা আপনাদের দলের হয়ে ইনক্লাব জিন্দাবাদ করবে না—ফলে আপনাদের দলও চলবে না এবং সেই কারণেই তাদেরকে অজ্ঞানতার অন্ধকারে রাখবার জন্যই আপনারা এই ধরণের শিক্ষা-ব্যবস্থা চালু করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কোন কলকারখানা পশ্চিমবঙ্গে হচ্ছে না। ইরিগেশনের দিকে লক্ষ করলে দেখা যাবে যে সেচ-ব্যবস্থা বিপর্যস্ত। ডিপ্ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল যা পূর্বে তৈরী করা হয়েছিল সেগুলো ধ্বংস হয়ে গেছে। এগুলো রিপেয়ারের কোন ব্যবস্থাই এঁরা নেয়নি। অথচ বলছেন নতুন ডিপ্ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল করছি! তবে আমার জিজ্ঞাসা এগুলো কি দিয়ে চালাবেন? বিদ্যুৎ কোথায়? এখানে বলেছেন যে সব কিছুই আপনারা পঞ্চায়েতের মাধ্যমে করবেন। কিন্তু পঞ্চায়েত তো আজ দুর্নীতির আখড়া করে তুলেছেন। এই দুর্নীতি রোধে কোন এডমিনিষ্ট্রেটিভ একশন নেওয়া হচ্ছে না। তাই মাননীয় রাজ্যপাল মহোদয়ের অসত্য ভাষণ যা তিনি কন্‌ষ্টিটিউশন অনুযায়ী এখানে দিতে বাধ্য হয়েছেন তার নিন্দা করছি এবং এর উপর আমাদের যে এ্যামেণ্ডমেণ্টগুলো আছে তা সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[6-40—6-50 P. M.]

শ্রীবনমালী দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমি যে কথা বলতে চাই সেটা হলো আপনারা জানেন যে আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায়—বিহার, উত্তর প্রদেশ—সেখানকার হরিজনদের পুড়িয়ে মারা হচ্ছে। সেখানে সংখ্যা লঘু সম্প্রদায়ের মানুষকে হত্যা করা হচ্ছে। আজকে পাঞ্জাবে, আসামে বিচ্ছিন্নতাবাদ সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিয়েছে। আমাদের এই পশ্চিমবাংলার বিধানসভায় যে জিনিষটা বেশী করে লক্ষ্য করছি সেটা হলো আইন-শৃংখলা নিয়ে বিরোধী সদস্যরা সোচ্চার হয়ে উঠেছেন। একটা বিষয়কে কেন্দ্র করে ওনারা বেশী করে বলছেন, সেটা হলো আমাদের এলাকার পাটনীল গ্রামের ঘটনার ব্যাপারে। এই ঘটনাকে কেন্দ্র করে ওনারা বেশী সোচ্চার হয়ে উঠেছেন। গত ১৪ই নভেম্বর তারিখে এই গ্রামের দুজন বর্গাদার ফসল কাটতে গিয়েছিল। সেই সময় কংগ্রেস (আই)-এর গুণ্ডা বাহিনী তাদের ভয় দেখায় এবং ধান কাটতে বাধা দেয়। সেই গুণ্ডা বাহিনী কিছু বো নিয়ে যায় এবং কৃষকদের উপর আক্রমণ করে। এর ফলে সেখানে অনেক কৃষক জমে যায় এবং গুণ্ডা বাহিনীকে বাধা দেয়। এর ফলে একটা সংঘর্ষ বাঁধে। এই সংঘর্ষে কিছু মানুষ আহত হয় এবং দুজন কৃষককে তারা মাঠ থেকে তুলে নিয়ে চলে যায়। সেখানে তাদের মেরে ফেলবে বলে আটকে রাখে। গ্রামের বর্গাদার যখন এক হয়ে তাদের বাধা দিয়েছিল এবং যখন তাদের বোমা ফুরিয়ে গিয়েছিল তখন তারা পিছু হটে যেতে বাধ্য হয় এবং তারপর সেই দুই ব্যাক্তিকে তারা উদ্ধার করে আনে। এই হচ্ছে আসল চিত্র। যখন এই অবস্থার সৃষ্টি হয়েছে তখন এই ঘটনার বিকৃতি ঘটানো হয়েছে। খবরের কাগজে দেখা যায় সেখানে গ্রামের লোক এফ. আই. আর করে। তারপর সেখানে আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যানের রিপোর্টাররা যান রিপোর্ট নিতে। তারা সেই রিপোর্ট কাগজে লেখেন। পরবর্তীকালে দেখা যায় তেসরা ডিসেম্বর থেকে কাগজে লেখা পাল্টে গেল। তেসরা ডিসেম্বর তারিখে আনন্দ গোপাল মুখার্জী, ফিনান্স মিনিষ্টার প্রণব মুখার্জী মহাশয় সেখানে গিয়েছিলেন। তারপর থেকে এই ঘটনার একটা গল্প বানানো হলো। কংগ্রেস গুণ্ডারা এই ব্যাপার নিয়ে একটা গল্প বানাতে বলে। এই ঘটনা সেখানে ঘটানো হয়েছে। এই ঘটনা ঘটবার পর যে রিপোর্ট সংগ্রহ করা হয়েছিল সেই রিপোর্টের মধ্যে নারী ধর্ষণের কথা ছিল না। এখন দেখা গেল সব পাল্টে গেছে। এরা সব আনন্দ গোপাল বাবুর কথা বলছে। পশ্চিমবাংলার সচেতন মানুষ এই সব লক্ষ্য করেছেন।

আমি এই বিধানসভায় এই কথা বলতে চাই যে, ফলটা হয়েছে অন্য রকম। মাননীয় জয়নাল সাহেব একথা জেনে রাখুন, ওখানকার সমাজকে আপনারা অপমান করেছেন। আপনি মাইনরিটির কথা বলেন। সেখানকার মানুষ কি বলছে জানেন? সেখানকার মানুষ বলছে, তাদের সমাজকে, সমস্ত গ্রামের মানুষকে আপনারা অপমান করেছেন গণ ধর্ষণের কথা বলে।

আপনাদের আনন্দগোপাল বাবু এবং সেই সাথে অন্যরা এক সুরে সুর মিলিয়ে গ্রামের সমস্ত মানুষকে তথা তাদের সমাজকে আপনারা অপমান করেছেন। ওখানে গ্রামের মানুষ তাই আজ কংগ্রেসীদের জায়গা দেবে না। আপনাদের সঙ্গে তারা মিশতে চায় না। এ কথা শুনলে আপনাদের মাথা হেঁট হয়ে যাবে। সেজন্য আমি বলব, গ্রামবাসীদের সঙ্গে একই সাথে বলব, আপনারা সেখানে তাদের অপমান করবার জন্য, তাদের সমাজকে অপমান করবার জন্য গিয়েছিলেন। তাই মানুষ আজ আমাদের সঙ্গে। তারা বলছে, বহু ঘটনা এখানে ঘটেছে, এর বিরুদ্ধে তারা প্রতিরোধ গড়ে তুলবে। তারা তাদের ন্যায্য অধিকার রক্ষার জন্য লড়াই করবে। তারা তাদের জমিতে চাষ করতে চায়। সেই জমিতে নানা ধরণের মামলা—মোকর্দ্দমা থাকতে পারে, কিন্তু সেটা হচ্ছে সম্পূর্ণ আলাদা ব্যাপার। ঘটনা আসলে তা নয়। ওখানে আপনারা এক বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করেছেন, তাদের সমাজকে আপনারা অপমান করেছেন। যে রাজনৈতিক উদ্দেশ্য প্রণতা নিয়ে এই ঘটনাকে বিকৃত করতে চেয়েছিলেন, তা করতে পারেন নি। এটা কখনই হয় না। কখনও করা যায়ও না। কথায় কথায় মানুষকে উস্কানি দিয়ে যে ঘটনা আপনারা সেখানে সৃষ্টি করতে চেয়েছিলেন—নিজেদের মধ্যে যে ভাবে মারামারি করে চলেছেন—মানুষকে যে ভাবে বিভ্রান্ত করবার চেষ্টা করেছিলেন, তা পারেন নি। এই কথাগুলো আপনাদের জেনে রাখা প্রয়োজন। আজ সেখানে মানুষ যে কথা বলছে, সেই পরিপ্রেক্ষিতে আপনারা সেখানে প্রবেশ করতে চাইলেও যেতে পারবেন না। সেখানে যাবার কোন ক্ষমতা আপনাদের নেই। সমাজকে অপমান করেছেন সেখানে। নূরপুর গ্রামে একটা জমিকে কেন্দ্র করে বিরোধী দলের ষড়যন্ত্রে সেখানে ঝগড়া বেধেছিল। এটাকে থামাতে আমরা আপনাদের সাহায্য চেয়েছিলাম, কিন্তু তা না করে সেখানে একটা সাম্প্রদায়িক দাঙ্গা যাতে বাধে তার জন্য চেষ্টা করেছিলেন।

শ্রীমোসলেউদ্দিন আমেদ ঃ ২৪ তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ দিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি দু-একটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি, এ ভাষণ রাজ্যপালের নয়, এই ভাষণ হচ্ছে জ্যোতিবাবুর ভাষণ। এর মধ্যে বাস্তবের কোন যোগসূত্র নেই। বহু তথ্যের উল্লেখ করে আসল ত্রুটিগুলোকে চেপে দেবার চেষ্টা করেছেন। এক্সাইস্ নিনিষ্টারকে বলি—'আপনি আচরি ধর্ম অপরে শেখাও।' এখানে "আপনি" বলতে তিনি কাকে বলতে চেয়েছেন ?

[6-50—7-00 P. M.]

Where there is a will, there is a way. আপনি বলতে কংগ্রেসকে বুঝিয়েছেন। কিন্তু আপনি বলতে আমরা বলবো এই সরকার। একটা সংসারে বাপের চরিত্র, সংস্কৃতি এবং কৃষ্টি যা হবে ছেলেরাও সেইভাবে তৈরী হবে। এই রাজ্যে এই সরকার এই পরিবারের একজন কর্তা যাদের প্রশাসন দুর্বল তারা দুষ্কৃতকারীদের সাহায্য করে। আপনাদের ঠিক এক অবস্থা এবং তার ফলে আইন শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। আমাদের এক্সাইজ মন্ত্রী যে কথা বললেন

এর মধ্যে দিয়ে সেটা প্রমাণিত হচ্ছে। গ্রামের যে কি অবস্থা সেটা আপনারা জানেন না। সেখানে সমাজবিরোধীরা দিনের বেলায় ঘুরে বেড়ায় আর রাত্রিবেলায় চুরি, ডাকাতি, রাহাজানি করে। যারা সমাজবিরোধী কাজ করে তারা সব সি. পি. এমের লোক। তাদের বিরুদ্ধে থানায় ইজাহার করলে পুলিশ কোন এ্যাকসান নেয় না। এইরকম বহু ঘটনা আমি জানি। বিগত পঞ্চায়েত ইলেকসানের সময় জয়নাল সাহেবের উপর আক্রমণ হয়েছিল। কিন্তু সৌভাগ্য যে গ্রামবাসীরা ছিল বলে তাকে রক্ষা করতে পারা গেছে। যেদিন ইলেকসান হয় সেদিন দীপক নামে একটি ছেলেকে হত্যাকরা হয়েছিল—এটা সি. পি. এম করে। কিন্তু তার এখনও পর্যন্ত কিছু হল না। সেই ইলেকসানে বহু সংখ্যক লোক আসতে পারেনি, তবুও আমরা জিতেছি। হাটের উপর আক্রমণ হল, দোকান লুঠ হল। কিন্তু কোন পুলিশ এ্যাকসান হল না। নওয়াপাড়া গ্রামে একটি লোককে রাত্রিবেলা খুন করলো তা নিয়ে থানায় ইজাহার করা হল, এস. পিকে বলা হল কিন্তু তার কোন প্রতিকার হল না। এর পরেও কি আপনারা বলবেন যে দেশের আইন-শৃঙ্খলা বিঘ্নিত হয়নি? সিদ্ধার্থ রায়ের আমলে চুরি, ডাকাতি, খুন কত হয়েছিল এবং এই ৭ বছরে আপনাদের আমলে কত হয়েছে তার ফিগার দেখলেই বুঝতে পারবেন সে সময় খুব কম হোত। এর দ্বারা কি প্রমাণিত হয়না যে আপনারা দুষ্কৃতকারীদের সাহায্য করছেন। দেশে অশান্তি আপনারা চাইছেন এবং তাহলেই দেশের লোক ক্ষেপে যাবে এবং আপনাদের সুবিধা হবে। আপনারা চাইছেন এবং তাহলেই দেশের লোক ক্ষেপে যাবে এবং আপনাদের সুবিধা হবে। আপনারা জনসাধারণের মঙ্গল চান না। আপনারা বলছেন আমাদের ইচ্ছা থাকলে আমরা গরিবের উপকার করতে পারিনা। কিন্তু আমি বলবো হোয়্যার দেয়ার ইজ এ উইল দেয়ার ইজ এ ওয়ে। আপনারা গরিবের উপকার না করে তাদের ভাওতা দিয়ে ভোট নেবার চেষ্টা করছেন। আপনারা নিজেদের প্রগতিশীল সরকার বলে মনে করেন। কিন্তু প্রকৃতপক্ষে উল্টো দিক দিয়ে চিন্তা করলে দেখতে পাই আপনারা গরিবের উপকার চান না।

অপরপক্ষে আপনারা উপকার করেন বড়লোকদের। এটা কি আপনারা ভুলে যাচ্ছেন আমাদের সময়ে ঐ জোতদারদের উপর আমরা ধানের লেভি করেছিলাম? আমরা কর্ডন করেছিলাম যাতে জোতদাররা ধান পাচার করতে না পারে। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো লেভি আপনারা করেছেন কিনা? আপনারা লেভি করেননি, কারণ বড়লোকদের ভোট নিতে হবে। আপনারা বলেছেন ১, ১॥ লক্ষ একরের বেশী জমি আপনারা বিলি করতে পারেননি। কোর্টে ইনজাংকসান হচ্ছে যারজন্য জমি বিলি করতে পারেননি। আমি আমার কনষ্টিটিউয়েন্সির কথা বলতে পারি, নাম উল্লেখ করব না, যারা কংগ্রেসের লোক ছিল আজ তারা সি পি এম হয়ে গেছে। কিসের জন্য হয়েছে, না, জমি রক্ষা করার জন্য হয়েছে। আমি প্রমাণ দিয়ে দেব যারা জমি রক্ষা করছে তাদের গায়ে হাত দিচ্ছেন না যেহেতু তারা সি পি এম হয়ে গেছে। তাদের জমি বিলি হচ্ছে না। আমাদের ওখানে কতকগুলি জোতদার আছে তারা হাইকোর্টে ইনজাংকসান

করেছে। আপনারা কিন্তু সেই ইসজাংকসান মানেননি। তারা কংগ্রেস করে বলে আপনারা হাইকোর্টকে পর্যন্ত অবমাননা করলেন।

(এই সময় নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা বাধ্য হইয়া আসন গ্রহণ করিলেন।)

শ্রীসুখেন্দু খাঁ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে লিখিত ভাষণ এই সভায় পাঠ করেছেন এবং সেই ভাষণের উপর সরকার পক্ষ থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। আজ তিন দিন হল এই সভায় রাজ্যপালের ভাষণ রাখা হয়েছে, তার সমর্থনে সরকার পক্ষ থেকে বক্তব্য রেখেছেন এবং বিরোধী পক্ষ থেকে তার বিরোধিতা করে বক্তব্য রাখা হয়েছে। আমার অভিজ্ঞতা রাজ্যপালের ভাষণে যদি লেখা থাকত সূর্য্য পূর্ব-দিকে উঠে তাহলে বিরোধী পক্ষের সদস্যরা বলতেন যে কোন দেশ থেকে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে যাবে, সূর্য্য পূর্বদিকে উঠে না পশ্চিম দিক থেকে উঠে। আমরা জানি ১৯৪৭ সালে নেহেরু-লিয়াকত চুক্তি অনুসারে বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে ৭০/৭৫ লক্ষ উদ্বাস্তু এসেছে, তাদের পুনর্বাসন করার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। কিন্তু তাঁরা সেই দায়িত্ব পালন না করে পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্তু এসেছে তাদের সমস্যা সমাধানের জন্য কোটি কোটি টাকা দিয়েছেন। পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না, তাই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতা দিয়ে উদ্বাস্তু সমস্যার মোকাবেলা করছেন। বামফ্রন্ট সরকার উদ্বাস্তু পুন-র্বাসনের জন্য ৭৫০ কোটি টাকা চেয়েছেন, কেন্দ্রীয় সরকার সেই টাকা দিচ্ছেন না। সেই টাকা যদি পাওয়া যেত তাহলে পশ্চিমবাংলার অর্থনীতি যে সমস্যার সম্মুখীন হয়েছে সেটাকে কিছুটা চাঙ্গা করা যেত।

[7-00—7-06 P.M.]

স্যার, আপনি জানেন বিদ্যুৎ নিয়ে এখানে কথা উঠেছে, ইলেকট্রিক লাইন যা গেছে সেগুলো কে চুরি করে সেটা আমি জানাচ্ছি। বিদ্যুৎ বিভাগের একজন অফিসার, যার নাম হচ্ছে সঞ্জয় ব্যানার্জী, যিনি কংগ্রেসের সঙ্গে যুক্ত তিনি এই কাজ করছেন। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে সি. পি. এম.-এর লোকেরা কংগ্রেসের লোকদের খুন করছে। এই প্রসঙ্গে আমি একটা ঘটনা এখানে উল্লেখ করছি। কুখ্যাত ডাকাত এবং কংগ্রেসের আশ্রয় পুষ্ট মনসা রাম কুণ্ডু শান্তি রাম মাঝি বড়লোছিপুর গ্রামের মটর গরাই এবং মোহন গরাইকে খুন করে ২১ নভেম্বর, ১৯৮৩ সাল এবং পরে উড়িষ্যার পুলিশ তাদের অ্যারেষ্ট করে।

মিঃ স্পীকার: আপনি নামগুলি বাদ দিয়ে বলবেন।

শ্রীসুখেন্দু খান: স্যার, বিরোধী মুখ্যমন্ত্রীদের সম্মেলন করার জন্য যে টাকা খরচ হয়েছে সেই প্রসঙ্গে কংগ্রেস (আই)-এর পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এখানে কথা বলা হয়েছে,

আমি তাঁদের কাছে জিজ্ঞেস করছি, ইন্দিরা গান্ধি ৪০ কোটি টাকা খরচ করে কিছুদিন পূর্বে যে কমনওয়েলথ্ সম্মেলন করলেন তাতে কত লোকের চাকুরী হত সেটা একবার বলবেন কি? আমাদের পশ্চিমবাংলায় জনসংখ্যা ৫॥ কোটি এবং এখানে ভূমির আয়তন হচ্ছে ১০ লক্ষ একর। গুজরাটের জনসংখ্যা ৩॥ কোটি এবং সেখানে ১ লক্ষ ৮৮ হাজার একর জমি রয়েছে এবং তাছাড়া ওখানে একটি বন্দর রয়েছে। আমি গুজরাটে গিয়ে দেখলাম সেখানকার মানুষের জীবনযাত্রার মান আমাদের চেয়ে অনেক খারাপ, সেখানে একটি হোটেল মিল চার্জ ১০ টাকা, অথচ আমাদের এখানে ৩ টাকায় মিল পাওয়া যায়। সবরমতী নদীর উপর ৩টি ব্রীজ হয়েছে অথচ আমরা এখানে একটি ব্রীজও করতে পারছি না। স্যার, কিছুদিন আগে একজন কংগ্রেস নেতা একজন গরীব লোককে জিজ্ঞেস করছেন গত ৫ বছরে বামফ্রন্ট সরকরার জিনিসপত্রের দাম কমিয়েছে কি? তখন আমাদের একজন কমরেড তাঁকে বললেন হাওড়া ব্রীজ বহু বছর আগে তৈরী হয়েছে কাজেই তার নাট বোল্টগুলি এখন আলগা হয়ে গেছে। জ্যোতিবাবু এখন সেগুলি আটকাবার চেষ্টা করছেন, কাজেই একটু সময় লাগবে, স্যার, তাঁদের নেতা হচ্ছে হেমেন মণ্ডল, উজ্জল হত্যার নায়ক, ফাটা কেষ্ট ইত্যাদি বড় বড় গুণ্ডারা।

আর একটা কথা বলছি যে প্রাথমিক শিক্ষার সঙ্গে সঙ্গে জনশিক্ষার মান উন্নত করার জন্য এই বামফ্রন্ত সরকার গ্রামীন পাঠাগার ও সহরের বিভিন্ন জায়গায় পাঠাগার নির্মাণ করেছেন। এবং এর ফলে আজকে মানুষের মধ্যে রাজনৈতিক চেতনার মান দিনের পর দিন উন্নত হচ্ছে। এর ফলাফল হচ্ছে আমাদের সোনামুখী টাউন লাইব্রেরীর যে সম্প্রতি নির্বাচন হয়ে গেল তার পরিচালন কমিটিতে কংগ্রেস ছয়টি আসনে প্রতিদ্বন্দিতা করে একটি আসনও দখল করতে পারে নি। আর আমার সময় নেই। আমি পুনরায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The House was then adjourned at 7.06 P.M. till 1 P.M. on Friday the 2nd March, 1984, at the "Assembly House", Calcutta.

করেছে। আপনারা কিন্তু সেই ইসজাংকসান মানেননি। তারা কংগ্রেস করে বলে আপনারা হাইকোর্টকে পর্যন্ত অবমাননা করলেন।

(এই সময় নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ায় বক্তা বাধ্য হইয়া আসন গ্রহণ করিলেন।)

শ্রীসুখেন্দু খাঁ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে লিখিত ভাষণ এই সভায় পাঠ করেছেন এবং সেই ভাষণের উপর সরকার পক্ষ থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। আজ তিন দিন হল এই সভায় রাজ্যপালের ভাষণ রাখা হয়েছে, তার সমর্থনে সরকার পক্ষ থেকে বক্তব্য রেখেছেন এবং বিরোধী পক্ষ থেকে তার বিরোধিতা করে বক্তব্য রাখা হয়েছে। আমার অভিজ্ঞতা রাজ্যপালের ভাষণে যদি লেখা থাকত সূর্য্য পূর্ব-দিকে উঠে তাহলে বিরোধী পক্ষের সদস্যরা বলতেন যে কোন দেশ থেকে পশ্চিমবঙ্গের সর্বনাশ হয়ে যাবে, সূর্য্য পূর্বদিকে উঠে না পশ্চিম দিক থেকে উঠে। আমরা জানি ১৯৪৭ সালে নেহেরু-লিয়াকত চুক্তি অনুসারে বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে ৭০/৭৫ লক্ষ উদ্বাস্তু এসেছে, তাদের পুনর্বাসন করার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। কিন্তু তাঁরা সেই দায়িত্ব পালন না করে পশ্চিম পাকিস্তান থেকে যে উদ্বাস্তু এসেছে তাদের সমস্যা সমাধানের জন্য কোটি কোটি টাকা দিয়েছেন। পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না, তাই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতা দিয়ে উদ্বাস্তু সমস্যার মোকাবেলা করছেন। বামফ্রন্ট সরকার উদ্বাস্তু পুন-র্বাসনের জন্য ৭৫০ কোটি টাকা চেয়েছেন, কেন্দ্রীয় সরকার সেই টাকা দিচ্ছেন না। সেই টাকা যদি পাওয়া যেত তাহলে পশ্চিমবাংলার অর্থনীতি যে সমস্যার সম্মুখীন হয়েছে সেটাকে কিছুটা চাঙ্গা করা যেত।

[7-00—7-06 P.M.]

স্যার, আপনি জানেন বিদ্যুৎ নিয়ে এখানে কথা উঠেছে, ইলেকট্রিক লাইন যা গেছে সেগুলো কে চুরি করে সেটা আমি জানাচ্ছি। বিদ্যুৎ বিভাগের একজন অফিসার, যার নাম হচ্ছে সঞ্জয় ব্যানার্জী, যিনি কংগ্রেসের সঙ্গে যুক্ত তিনি এই কাজ করছেন। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে সি. পি. এম.-এর লোকেরা কংগ্রেসের লোকদের খুন করছে। এই প্রসঙ্গে আমি একটা ঘটনা এখানে উল্লেখ করছি। কুখ্যাত ডাকাত এবং কংগ্রেসের আশ্রয় পুষ্ট মনসা রাম কুণ্ডু শান্তি রাম মাঝি বড়লোছিপুর গ্রামের মটর গরাই এবং মোহন গরাইকে খুন করে ২১ নভেম্বর, ১৯৮৩ সাল এবং পরে উড়িষ্যার পুলিশ তাদের অ্যারেষ্ট করে।

মিঃ স্পীকার: আপনি নামগুলি বাদ দিয়ে বলবেন।

শ্রীসুখেন্দু খান: স্যার, বিরোধী মুখ্যমন্ত্রীদের সম্মেলন করার জন্য যে টাকা খরচ হয়েছে সেই প্রসঙ্গে কংগ্রেস (আই)-এর পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এখানে কথা বলা হয়েছে,

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Friday the 2nd March 1984 at 1 P.M.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 15 Ministers, 12 Ministers of State and 165 Members.

[1-00—1-10 p.m.]

Mr. Speaker : Theoe will be no question and answers to-day.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received three notices of adjournment motion. The first one is from Shri Sekh Anwar Ali which deals with the subject of strike in jute industry in West Bengal. The second one is from Shri Kashinath Misra which deals with the subject of deterioration of law and order situation at Mejia in Bankura District last one is from Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan which deals with the subject of strike in jute industry in West Bengal.

Regarding the first motion, the same Member Shri Sekh Anwar Ali tabled a notice of adjiurnment motion on the same subject on 1-3-1984 which I disallowed. So, in the instant case also, I withhold my consent. Regarding the second motion, the Member will have the opportunity of raising the matter during the discussion on the Governor's Address. I, therefore, withhold my consent to this motion also. The third motion is also the same as the first one. Therefore, I also withhold my consent to this motion.

One Member of the party may, however, read out the text of his motion, as amended.

Shri Abdul Mannan : Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence viz. the situation arising out of the persistent refusal of the Jute Millowners to fulfil their commitments regarding the revision of the minimum guaranteed wages, grades and scales of pay for the jute workers and/or their refusal to consider the other legitimate demands of over 2.40 lakhs of jute workers to resort to continuous strike commencing from tne 16th January, 1984.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

Mr. Speaker : I find that honourable members are giving two notices of Calling Attention—One in his individual name and the other along with another honourable member. I inform the honourable members that one member will have to table only one notice of Calling Attention for a single day. I do not want to reject any of the motions toeay but, I think, the honourable members will make a note of it that they should table only one motion for Calling Attention for any day. Today, I have received 13 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Lock-out in Basanti Cotton Mills from 29-2-1984 by Shri Gopal Krishna Bhattacharyya.
2. Apprehensive dead lock in the Hospitals of West Bengal by Shri Kashinath Misra and Shri Asok Ghosh.
3. Tension id Karimpur area due to oppression by the B.S.F. by Shri Chitta Ranjan Biswas.
4. Incident of dacoity in Bulbulchandi on 31-1-1984 by Shri Shamsuddin Ahmed and Shri Jokhilal Mondal.
5. Chash between the supporters of two oposite Police Associations at Lalbazar on 29-2-1984 by Dr. Manas Bhunia.
6. Acute problem of students' admission in Class V and Class IX by Shri Jayanta Kumar Biswas.

7. Non-availability of mathematics text books for class IX by Shri Abdul Mannan.
8. Continuous Jute strike in West Bengal by Shri Sekh Anawar Ali.
9. Controversy over apointment of two special officers by the new Vice-Chancellor of Calcutta University by Shri Abdul Mannan and Shri Deoki Nandan Poddar.
10. Remission of water areas by Shri Somendra Nath Mitra.
11. Hunger strike by Primary Teachers at Esplanade East on 1-3-1984 by Shri Satya Ranjan Bapuli.
12. Poor performance of Panchayat Samities in respect of Integrated Rural Development Programmes by Shri Suniti Chattaraj.
13. Setting of Police Camp on fire at Bally, Howrah on 2-3-1984 by Shri Ambica Banerjee.

I have selected the notice of Shri Abdul Mannan on the Subject of non-availability of mathematics text book for Class IX.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 13th, Sir.

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি এই সভায় একটি গুরুত্বপূর্ণ এবং চমকপদ ঘটনার উল্লেখ করছি। সম্প্রতি কয়েকদিন আগে মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার পণ্ডিতপুরে এক ভয়াবহ বাস ডাকাতি হয়ে গেছে। পুলিশ খোঁজ করে এক দুদ্ধর্ষ ডাকাত দলকে ধরে। এই দলের নেতা হচ্ছে ফারুক। চুরি, ডাকাতি, নারী ধর্ষণ, সীমান্তে চোরাকারবার ইত্যাদি বিভিন্ন কেসে পুলিশ একে খুঁজছিল। সে এ্যাবসকণ্ড করেছিল। এই ফারুক হচ্ছে বিরোধী কংগ্রেস দলের নেতা আবদুস সাত্তারের আপন ভাইপো। এ এতই সমাজ-বিরোধী যে সাত্তার সাহেব ও তাঁর দলবলেরা এই কথা বলতে পারছেন না যে কংগ্রেস কর্মীর বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেওয়া হচ্ছে। সেই কথা বলার ওদের আর মুখও নেই।

শ্রীঅম্বিকা ব্যানার্জীঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। র‍্যাগিং এমন একটা সোসাল ইভিল যে শুধু পশ্চিমবঙ্গেই নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ক্রমাগত এটা বেড়েই চলেছে। বিভিন্ন কাগজের মাধ্যমে রোজই আমরা কোথাও না কোথাও কোন না কোন র‍্যাগিং-এর ঘটনা ঘটতে দেখতে পাচ্ছি। কিছুদিন আগে বিভিন্ন পত্র পত্রিকায় একটি খবর বেরিয়েছিল যে গঙ্গায় ডুবে বি. ই. কলেজের

ছাত্রের মৃত্যু ঘটেছে। এই মৃত্যু সম্বন্ধে নানা প্রশ্ন উঠেছিল। আমাদের প্রত্যেকেরই ছেলে মেয়ে কোন না কোন কলেজ হষ্টেল, স্কুল হষ্টেলে থাকে এবং এই বিধানসার সদস্যদের ভিতর অনেকেরই ছেলে মেয়ে এই রকম হষ্টেলে থেকে পড়াশুনা করছে। কাজেই প্রত্যেকেই এই ব্যাপারে কিছু না কিছু ঘটনা জানেন। গত ২৪-৯-৮৩ তারিখে শিবপুর বি. ই. কলেজের ভিতর খড়্গপুরের এক প্রাক্তন হেড মাষ্টারের পুত্র প্রথম বর্ষের ছাত্র কৌস্তব ভট্টাচার্য্যের মৃতদেহ সকাল বেলায় পাওয়া যায়। বি. ই. কলেজের এই ছাত্র র‍্যাগিং-এর জন্য এমন উত্যক্ত হয়ে পড়েছিল যে, এই বিষয়ে সে প্রিন্সিপ্যালকে বহুবার বলেছে এবং এই সমস্ত কথা তার বাবা, মাকেও বলেছে। মারা যাবার কিছুদিন আগে সে তার একটা শেষ চিঠি লিখে রেখে দিয়ে যায় এবং সে কিভাবে এই র‍্যাগিং-এ ভুগছে সেটা তার বাবাকে লিখে জানায়। ঘটনার দিন রাত্রিবেলায় ভারত পাকিস্তানের ক্রিকেট খেলা চলাকালীন সকলে বসে খেলা দেখছিল। সারা রাত্রি খেলা দেখেছে। দু একটি উচ্ছৃঙ্খল ছেলে মাঝ রাতে প্রায় ২ টার সময় প্রিন্সিপ্যালকে তুলে ছুটি দেবার কথা বলে। এই ভাবে চারিদিকে গণ্ডগোল চলছিল। তখন দেখা গেল কৌস্তব তার ঘরে নেই। পরে হৈচৈ পড়ে যায়। কিছু স্নানার্থী সকালবেলায় স্নান করছিল তারা কৌস্তবকে জলে ডুবে যেতে দেখে বাঁচাবার জন্য ঝাঁপিয়ে পড়ে। কিন্তু বহু চেষ্টা করেও তাকে বাঁচাতে পারল না, সকলের চোখের সামনে সে জলে ডুবে গেল। আমার বক্তব্য হচ্ছে কৌস্তবের উপর দিনের পর দিন র‍্যাগিং করা হচ্ছিল। ফলে সে ক্রমশঃ উত্তপ্ত হয়ে উঠছিল। আমি শিবপুর এলাকার বাসিন্দা, এই বিষয়ে খোঁজ খবর রাখি। কিছু ছেলে কৌস্তবকে গঙ্গার জল কতটা ঠাণ্ডা সেটা বোঝাবার জন্য গঙ্গার ধারে নিয়ে যায় এবং তাকে জলে ঠেলে ফেলে দেয়। কৌস্তব সাঁতার জানত না। সে আত্মহত্যা করেছে, না তাকে ডুবিয়ে মারা হয়েছে—সেটাই হচ্ছে বড় প্রশ্ন। এই প্রশ্নটা ওখানকার পুলিশ প্রাকটিক্যালি এনকোয়ারি না করেই রায় দিয়ে দিল, যেমন সব সময় রায় দিয়ে যাচ্ছে আত্মহত্যা করেছে। সরকারের কাছে আমার রিকোয়েষ্ট এই সোসাল ইভিল বন্ধ করার জন্য আপনারা এমন একটা নিদর্শন রাখুন যাতে অন্ততঃ পশ্চিমবাংলায় এই র‍্যাগিং বন্ধ হয়।

[1-10—1-20 P. M.]

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার স্কুল বোর্ড পোষ্ট অফিসের মাধ্যমে দু হাজারের বেশী প্রাথমিক শিক্ষককে নদীয়া জেলা স্কুল বোর্ড প্রতি মাসে বেতন দেন। সেখানকার স্কুল বোর্ডের সভাপতি, মহাশয়ও প্রাথমিকের বিদ্যালয় পরিদর্শক মহাশয় বারবার সেখানকার পোষ্টাল সুপারিনটেনডেণ্টকে বলা সত্বেও সেখানে পোষ্ট অফিসে প্রয়োজনীয় অতিরিক্ত কর্মী দেওয়া হচ্ছে না, ফলে দু হাজারেরও বেশী প্রাথমিক শিক্ষক পরিবার সময়ে বেতন না পাওয়ায় প্রতি মাসে বিশেষ একটি অসুবিধার মুখে পড়ছেন। তাই আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রীকে অনুরোধ করছি, ডাক ও তার বিভাগের তথা উচ্চতর কর্তৃপক্ষের

সঙ্গে এই বিষয়টি নিয়ে আলাপ আলোচনা করে পি, এম, জি যাতে দ্রুত সুষ্ঠু সমাধান হয় তার ব্যবস্থা করুন।

শ্রীঅশোক ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে সকালে 'যুগান্তর' পত্রিকাতে প্রথম পাতায় দেখেছেন যে হাওড়ায় পুলিশের সঙ্গে জনতার খণ্ডযুদ্ধ হয়েছে। বজরংবলি গার্ডেন, যেটা পতিতবাবুর এলাকার মধ্যে পড়ে, আমার এলাকার পাশেই সেখানে অনেক অসাধু ব্যবসায়ী আছে এবং পুলিশের সঙ্গে যোগসাজসে সেই অসাধু ব্যবসায়ীরা দীর্ঘদিন ধরে সেখানে তাদের কাজকারবার চালিয়ে যাচ্ছে। পতিতবাবুর চেষ্টায় সেখানে তাদের কাজকারবার চালিয়ে যাচ্ছে। পতিতবাবুর চেষ্টায় সেখানে ৬ মাস আগে একটি পুলিশ ক্যাম্প হয়েছিল কিন্তু তা সত্বেও সেই সমস্ত চোরাকারবারী এবং অসাধু ব্যবসায়ীরা তাদের কাজ চালিয়ে যাচ্ছে। সেখানে ঠেলা পিছু দু টাকা এবং লরি পিছু ৫ টাকা করে তারা নিচ্ছে পুলিশকে দিতে হবে বলে। কালকে বেলা একটার সময় মাত্রা ছাড়িয়ে যায় এবং সেখানে জোর করে ঠেলাওয়ালাদের কাছ থেকে টাকা নেবার চেষ্টা করা হয়, এতে স্থানীয় জনসাধারণ উত্তেজিত হয়ে যান এবং তারা পুলিশের কাছে এর প্রতিবাদ করেন। প্রতিবাদ করা সত্বেও সেখানে হাওড়ার পুলিশ সুপার সুলতান সিং-এর নেতৃত্বে এক পুলিশ বাহিনী গিয়ে যথেচ্ছভাবে লাঠিচার্জ করে এবং ৬ রাউণ্ডের উপর গুলি চালায়। এতে বহু লোক ইনজিওর্ড হয়। রাত্রিবেলায় বালি থানাতে ৮৫ জনকে এ্যারেষ্ট করে নিয়ে যাওয়া হয়। স্যার, যাদের ধরা হয়েছে তাদের মধ্যে সমাজবিরোধীরা নেই, আছে গরিব মানুষ--বিড়িওয়ালা, ঠেলাওয়ালা ইত্যাদি। পুলিশ তাদের খাতায় দেখাবার জন্য ৮৫ জনকে আসামী করে ধরে নিয়ে যায়। স্যার, বজরংবলিতে ঘটনা ঘটলো আর গুলি চললো দু মাইল দূরে গিরিশ ঘোষ লেনে। আমি স্যার, এই ঘটনার ব্যাপারে বিচার বিভাগীয় তদন্ত দাবী করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, বিভিন্ন বিদ্যালয়ে কর্মরত আড়াই শতাধিক এ্যাডিশন্যাল প্রাথমিক শিক্ষক কলকাতায় তারা তাদের চাকরির অনুমোদনের দাবীতে গত ১লা মার্চ থেকে এসপ্লানেড ইষ্টে অনশন করছেন। সবকারী নির্ধারিত সময় ৩০-৬-৭৭, তার মধ্যেই এরা সকলে ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়মিত এ্যাপয়েণ্টমেণ্ট পেয়েছিলেন। এদের মধ্যে অনেকের কার্যকাল ৭ বছর, ১০ বছর, এমন কি ১৫ বছরের উর্দ্ধে। এরা বিনা পারিশ্রমিকে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছেন। কংগ্রেস সরকারের আমলে প্রতি বছর এদের অনুমোদনের একটা কোটা থাকতো এবং সেইভাবে অনুমোদন দেওয়া হ'ত কিন্তু কোটার অপ্রতুলতার জন্য সেই সময় সকলে অনুমোদন পায়নি। বিগত ৭ বছর ধরে বামফ্রণ্ট সরকারের আমলে কিন্তু এদের আর অনুমোদন দেওয়া হচ্ছে না যদিও কোলকাতা জেলার যে এ্যাডভাইসারি কমিটি আছে তারা

বারবার সর্বসম্মত ভাবে এদের অনুমোদনের জন্য প্রস্তাব নিয়ে সুপারিশ করেছেন ডি. আই-এর মাধ্যমে সরকারের কাছে। দুজন মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীকান্তি বিশ্বাস এবং আবদুল বারি মহাশয় তাঁরাও একাধিকবার এ ব্যাপারে আশ্বাস দিয়েছেন, এদের অনুমোদনের ব্যাপারে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় তাদের অনুমোদনের কোন ব্যবস্থা আজ পর্য্যন্ত হয়নি। মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে বিষয়টি বিবেচনা করার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি অবিলম্বে তিনি তাদের অনুমোদনের ব্যবস্থা করবেন এবং সে সম্পর্কে এই হাউসে একটি বিবৃতি দিয়ে আমাদের আশ্বস্ত করবেন।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর থানা এলাকায় ইদানিং বর্গাদার উচ্ছেদ ব্যাপকভাবে দেখা দিয়েছে। এই ব্যাপারে একটা বৈশিষ্ট দেখা যাচ্ছে যে আগে কায়েমী স্বার্থের জোতদাররা প্রত্যক্ষভাবে বর্গাদারদের উচ্ছেদ করতো। কিন্তু এখন দেখছি কংগ্রেসের নেতৃত্বে ঐ এলাকার কায়েমী স্বার্থের লোকেরা সমাজ বিরোধীদের সাহায্যে এই বর্গাদারদের উচ্ছেদ করছে। এই ব্যাপারে আমার মনে হয় পুলিশের এক অংশের মদত আছে এবং প্রশাসনের এক অংশের মদত আছে। এটা যদি চলতে থাকে তাহলে বর্গাদাররা হয়ত প্রতিরোধ আন্দোলনে যেতে বাধ্য হবে এবং এর মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে অশান্তির পরিবেশ সৃষ্টি হবে। তাই, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়।

শ্রীনীরদ রায়চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের উপরে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ দিন ধরে হাবড়া থানার গোবরডাঙ্গা শহর গুণ্ডাদের অধিকারে চলে গেছে। সেখানে গুণ্ডারা তাণ্ডব চালাচ্ছে, শত শত বোমা মারছে। সমস্ত বাজার-ঘাট বন্ধ হয়ে গেছে। ষ্টেশানে দুই দিন ধরে লোক নামতে পারছে না। পরশু দিন বিকাল ৫টা থেকে রাত্রি ১২টা পর্যন্ত গাড়ী ষ্টেশানে দাঁড়াতে পারেনি গুণ্ডাদের অত্যাচারে। গুণ্ডারা ষ্টেশান এলাকা বেছে নিয়েছে। রেল বাজার, ষ্টেশান এলাকা, গোবরডাঙ্গা-হাবড়া এলাকায় তাণ্ডব চালাচ্ছে। ঘটনায় প্রকাশ যে বাসুদেব ভট্টাচার্য ওরফে হেতু, তিনি হচ্ছেন সুব্রতবাবুর সাগরেদ। ওখানকার যুব কংগ্রেসের সভাপতি তাকে সোমেন বাবুর লোকেরা ষ্টেশান এলাকায় ধরে মারে এবং তার জামা-কাপড় ছিঁড়ে দেয়। এই ঘটনাকে কেন্দ্র করে ওখানকার জনজীবন ২ দিন ধরে বিপর্যস্ত হয়েছে। সাধারণ মানুষের দাবী হচ্ছে, আগেও গোবরডাঙ্গায় কতকগুলি খুন হয়েছে, আবার কতকগুলি খুন হবে, তারা চলাফেরা করতে পারবে না। যারা নিত্য যাত্রী তারা অফিস যেতে আসতে পারছে না। তাদের সারা রাত্রি অন্য জায়গায় থাকতে হচ্ছে। কাজেই এই গুণ্ডাদের বিরুদ্ধে যাতে সরকার ব্যবস্থা গ্রহণ করেন এবং গোবরডাঙ্গায় যাতে শান্তি ফিরে আসে তার জন্য স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Chief Minister through you about the political epidemics that have developed in Calcutta and in West Bengal. In the city of Calcutta peace committee and citizens' committee are creating havoc on the one hand and on the other, the police administration has been paralysed. Congress workers are tortured. Police are being dictated by these committees. In most of the places power of this committee goes to the hands of criminals against whom many criminal cases are pending. They are the members of this so called peace committee and citizens' committee. If such committees are allowed in the name of peace commitee and citizens' committee of the city that will definitely destroy the actual peace of the citizens, because in the garb of these committees—I find the C. P. M. supporters and the anti-socials and they are moving in the city—they are creating havoc. So, I would request the Hon'ble Chief Minister to stop this for the cause of peace and tranquility of the city.

[1 20—1-30 P.M.]

শ্রীআবদুল মান্নান ঃ মিঃ স্পীকার স্যার, আমি যে বিষয়টি মেনশন করতে চেয়েছিলাম সেটা হচ্ছে ক্লাশ নাইনের ছাত্র-ছাত্রীরা অঙ্কের বই পাচ্ছে না এবং সে জন্য তারা খুবই সমস্যায় পড়েছে। আমি এ ব্যাপারে একটা কলিং এ্যাটেনসন মোশান তুলেছিলাম, আপনি অনুগ্রহ করে সেটা এ্যালাও করেছেন, সেইজন্য এ ব্যাপারে আমি এখন আর কিছু বলছি না, ১৩ তারিখ উত্তর পাওয়ার পর আমি আবার বলব।

শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ মাননীয় স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে এখন আলু উঠেছে, কিন্তু কৃষকরা আলু বাজারে বিক্রি করতে পারছে না। কারণ তারা অতিরিক্ত বেশী দামে সার কেনার ফলে তাদের চাষের খরচ বেশী হয়েছে। এই অবস্থায় যাতে পঞ্চায়েতের মাধ্যমে তাদের কাছ থেকে আলু কেনা যায় তারজন্য সংশ্লিষ্ট বিভাগকে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে আমি অনুরোধ করছি।

শ্রীযোখীলাল মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২৯ তারিখ মালদহ জেলার বুলবুল-চণ্ডী গ্রামের এক বাড়িতে ডাকাতি হয়েছে। যথা সময়ে পুলিশকে খবর

দেওয়া হয়েছিল, কিন্তু পুলিশ সেখানে গিয়ে পৌছয়নি। এর ফলে ডাকাতদের গুলিতে বাড়ির মালিক নিহত হয়েছেন। পরের দিন পুলিশ সেখানে গিয়ে পৌছলে সেখানকার জনতা উত্তেজিত হয়ে পড়ে এবং পুলিশ সেখানে জনতার ওপর গুলি চালায়। ফলে পুলিশের গুলিতে সেখানে চারজন যুবক প্রাণ হারিয়েছেন। আমি বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি তদন্ত করার জন্য যে, পুলিশ কেন সেখানে গুলি চালায় এবং ঠিক সময়ে খবর দেওয়া সত্বেও কেন তারা সময়-মত সেখানে যায়নি।

শ্রীআতাহার রহমান ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ভগবানগোলা থানার কোলান গ্রামের ওপর কিছু দুর্বৃত্ত মারাত্মক অস্ত্র-শস্ত্র নিয়ে আক্রমণ করে, ঘর বাড়ি লুঠপাট করে এবং একজন মহিলাকে তীরবিদ্ধ করে। এই রকম অবস্থায় বৈদ্যনাথ পাল এস. পি.'কে খবর দেন যে, ওখানে তাদের দলের মানে কংগ্রেস (ই) দলের আবদুল হালিমকে সি. পি. এম-এর লোকেরা খুন করেছে এবং লাস গায়েব করেছে। পুলিশ সেখানে সরেজমিনে তদন্ত করতে এসে দেখে হালিম সাহেব যথারীতি গুণ্ডা দলকে সংগঠিত করে ঐ গ্রামে লুঠ-পাট করছে। এই অবস্থায় পুলিশ তাকে তাড়া করলে, সে দল-বল নিয়ে পালিয়ে যায় এবং এখন সে বহাল তবিয়তে ঘুরে ফিরে বেড়াচ্ছে, গুণ্ডা দলকে সংগঠিত করার চেষ্টা করছে। মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত আশ্চর্যের বিষয় যে গুণ্ডা বাহিনী গ্রাম লুঠপাট করল, একজন মহিলাকে জখম করল সেই গুণ্ডা বাহিনীর একজনকেও আজ পর্যন্ত পুলিশ গ্রেপ্তার করেননি। তাই আমি আপমার মাধ্যমে বিষয়টির প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গুণ্ডাদের গ্রেপ্তারের দাবী করছি এবং অবিলম্বে এলাকায় শান্তি যাতে ফিরে আসে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় স্পীকার মহোদয়, আপনি নিশ্চয়ই গত পরশু দিনের খবরের কাগজে দেখেছেন যে, লালবাজারে দু'দল পুলিশ কর্মচারীর মধ্যে (দু'টি ইউনিয়নের মধ্যে) সংঘর্ষ হয়েছে। ঘটনাটি রাজ্য পুলিশ প্রশাসনের পক্ষে অত্যন্ত মারাত্মক এবং রাজ্য পুলিশ প্রশাসন যেভাবে চলছে তাতে আমাদের মনে হয় ভবিষ্যতে আরো বড় রকমের ঘটনা ঘটার ক্ষেত্রে এই ঘটনা একটা সূত্র মাত্র। কারণ আজকে বিভিন্ন জেলায় যেভাবে পুলিশ প্রশাসন চলছে— পুলিশ এ্যাসোসিয়েসন এবং নন্-গেজেটেড কর্মচারী এ্যাসোসিয়েসন তাদের দুটি পক্ষের মধ্যে যে রেষারেষি এবং প্রতিযোগিতা চলছে তাতে প্রতিটি জেলায় এস. পি রা এবং অন্যান্য কর্তারা সার্কাসের দড়ির খেলার মত রোপ্ ডান্স করে পুলিশ প্রশাসন চালাচ্ছেন।

কনষ্টেবল থেকে শুরু করে সমস্ত বদলির ক্ষমতা এ্যাসোসিয়েসনগুলির এবং তাদেরই নির্দেশ অনুযায়ী এস. পিকে নির্দ্ধারণ করতে হয়। স্বভাবতই এক মারাত্মক পরিস্থিতির দিকে অগ্রসর হচ্ছে। এ বিয়য়ে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আজকে তাদের রেষারেষি

এমন একটা পর্যায়ে চলে গেছে যে এর ফল ভবিষ্যতে মারাত্মক হতে পারে। লালবাজারের ঘটনটা বিক্ষিপ্ত ঘটনা নয়, প্রত্যেক জেলায় সদরে এই ঘটনা ঘটছে। শুধু তাই নয়, পুলিশ এ্যাসোসিয়েসানকে গাড়ী দিতে হয়, সরকারী ভিহিকিল তারা দাবী করে এবং এই দাবী এস. পি. কে মঞ্জুর করতে হয়। তারা যেসব সভা-সমিতি করবে তারজন্য তারা ছুটি দাবি করে এবং তা মেনে নিতে হয়। এই ধরনের ব্যবস্থা পুলিশ প্রশাসনের অভ্যন্তরে চলছে। এটা একটা মারাত্মক ঘটনা। এই কারণে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যদি সতর্কতামূলক ব্যবস্থা না নেওয়া হয় তাহলে ভবিষ্যতে মারাত্মক ঘটনা ঘটতে পারে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্ববর্তী বক্তা শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস মহাশয় যে পরিস্থিতির উল্লেখ করলেন সেটাকে যদি গ্রামের দিকে টেনে নিয়ে যাই তাহলে দেখবো মেদিনীপুর জেলার প্রত্যেকটি মহকুমায় বিশেষ করে সদর সাউথ এবং ঘাটাল মহকুমার প্রতিটি থানায় পুলিশ ইউনিয়ানের এই দলবাজি প্রচণ্ডভাবে চলছে। এর ফলে প্রশাসন পঙ্গু হয়ে পড়ছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, মেদিনীপুর সদর সাউথ সাব-ডিভিসানে ৫১ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে থানাগুলিতে, তারমধ্যে আমার বিধানসভার নির্বাচন কেন্দ্রে সবং থানায় সাড়ে ৯ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে। ৬ নং অঞ্চলে একজন নির্বাচিত পঞ্চায়েত সদস্য তিনি একজন প্রাথমিক শিক্ষক তিনি যখন সবং বাজারে বাজার করতে যাচ্ছিলেন তখন তাকে ৫ কেজি মাছ চুরি করেছে এই অপরাধে জড়িয়ে দিয়ে গ্রেপ্তার করা হলো অথচ থানায় সাড়ে ৯ হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে আছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মেদিনীপুর কৃষি প্রধান জেলা, এখানকার শান্তি শৃংখলা গ্রামীন উন্নয়নের কাজ বজায় রাখতে গেলে এই ধরনের সমস্ত সমাজবিরোধী এবং দুস্কৃতিকারীদের যাদের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা আছে বিশেষ করে যারা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সঙ্গে যুক্ত তাদেরকে অবিলম্বে গ্রেপ্তার করার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রীলক্ষণচন্দ্র শেঠ ঃ মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে দেখছি বাজারে খুচরো পয়সার সংকট দেখা দিয়েছে এবং এতে করে ক্রেতা সাধারণের খুব অসুবিধা হচ্ছে। মাননীয় রেলমন্ত্রী খুচরো পয়সার সংকট হয়েছে এই অজুহাতে রেলের ভাড়া ৫০ পয়সা থেকে ১ টাকা করলেন। আমাদের এইভাবে চাপ সৃষ্টি করে বেশী দামে জিনিষপত্র কিনতে বাধ্য করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার ব্যবসায়ীদের কাছে আত্মসমর্পন করছে। আমি অবিলম্বে এর প্রতিকারের জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপ্রশান্তকুমার প্রধান ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮২ সালে ৯ আগষ্ট নরঘাটে মাতঙ্গিনী সেতু উদ্বোধন করা হয়েছে এবং এতে করে দীঘা থেকে কলকাতার দুরত্ব ৮৫ টু ৯০ কিঃ মিঃ কমে গেছে। কিন্তু সঠিক-

ভাবে বাস চলাচল-এর জন্য রুট পারমিট দেওয়া হচ্ছে না। এক শ্রেণীর মালিক মিটিং করে এইসব করেছেন। কংগ্রেস নেতারা যাচ্ছেন, তাদের সঙ্গে মিটিং করছেন যাতে বাস না চলে। এমন অবস্থা হয়েছে যেগুলির টেম্পোরারী পারমিট আছে সেই বাসগুলির সঠিক শাস্তি বিধান না থাকায় সেই বাসগুলি সময় মত চলাচল করছে না। এমনকি মেছেদা থেকে দীঘা এবং দীঘা থেকে মেছেদার বাস সন্ধ্যা ৭টার পর বন্ধ হয়ে যাচ্ছে।

[1-30—1-40 P. M.]

সেখানে একটা জটিলতা সৃষ্টির চেষ্টা চলছে। স্থানীয় কংগ্রেস নেতারা এই সব করছেন। সেখানে যাতে সুষ্ঠুভাবে বাস চলাচল হয় সেইজন্য আমি পরিবহন মন্ত্রীমহাশয়ের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করছি।

শ্রীনটবর বাগদী ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি সোনার ব্যাপারে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়ার কুমারী নদীতে দৈনিক প্রায় ২/৩ হাজার লোক সোনা সংগ্রহের কাজে ব্যস্ত থাকে। আমি শুধু এইটুকু বলতে চাই যে সরকারের তরফ থেকে যথাযথ অনুসন্ধান চালিয়ে দেখা হোক কি পরিমাণ সোনা নদীর জলে আছে। এটা অনুসন্ধান যদি করা হয় তাহলে আমার মনে হয় জাতীয় অর্থনীতির ক্ষেত্রেও সেটা একটা প্রচণ্ড লাভজনক ব্যাপার হবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করতে চাই। সেটা হল, এই বামফ্রন্ট সরকার ৭ বছর হল, এবং বাঁকুড়া জেলায় এই ৭ বছরে যে উন্নয়নমূলক কাজগুলি অব্যাহত নাই। সেখানে প্রশাসনিক গাফিলতীর ফলে সরকারী ঘোষিত যে কাজগুলি সেগুলি আজ পর্য্যন্ত কার্য্যকরী হচ্ছে না। এক নম্বর হচ্ছে খাতরাকে মহকুমা করার কথা ছিল, সেই বিষয়টি আজ পর্য্যন্ত কার্যকরী করা হল না। ২ নম্বর হচ্ছে ছাতনা, ছাতনায় একটা ইয়ুথ হোষ্টেল করার কথা ১৯৭৮ সাল থেকে ঘোষণা করা হয়েছিল, কিন্তু সেটা কোন অদৃশ্য চাপে বন্ধ আছে। এটা এখন পর্য্যন্ত উপলব্ধি করতে পারছি না যে কেন সেটা হচ্ছে না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, দ্বারকেশ্বর নদীতে রাজগ্রাম সেতু যেটা কেন্দ্রীয় সরকার পৌর এলাকাগুলিতে যে টাকা দিচ্ছেন সেই টাকা এবং রাজ্য সরকারের ৫২ লক্ষ টাকা পাওয়া সত্ত্বেও এখন সেই কাজ আরম্ভ করা হলনা। আরও অবাক হবেন—এখানে মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর ভাষণে বলেছেন—নবানা জয়কৃষ্ণপুর এবং ছাতনা কেজাকুড়ার ১৫ কিলোমিটার রাস্তাটি মাত্র ৫ কিলোমিটার পীচ হয়েছে যেটা সব রাস্তাটা পীচ হবার কথা ছিল। রাস্তাটির জন্য ইতিমধ্যে ৪ লক্ষ ৬ হাজার টাকা খরচা হয়েছে, সেটি অর্ধসমাপ্ত হয়ে পড়ে আছে। আমি দেখছি সরকার যেসব উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছিলেন বাস্তবে প্রশাসনিক গাফিলতীর জন্য টাকা খরচ করেও কার্য্যকরী হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাই বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলায় প্রায় লক্ষাধিক ক্ষেতমজুর কাজের অভাবে উপবাসে দিন যাপন করছে। হুগলীতে অন্যান্য বছর এই সময়ে বোরো চাষ হয়ে থাকে ডি. ভি. সি.-র জল নিয়ে। এবারে ডি. ভি. সি. মাত্র ২৫ হাজার একরে জল দিতে পেরেছে। কাজেই এখন চাষ বাসের কোন কাজ নেই। তারা উপবাসে দিন যাপন করছে। সরকারকে অনতিবিলম্বে উদ্যোগ গ্রহণ করতে হবে কোন না কোন প্রকল্পের মাধ্যমে। এখন পঞ্চায়েতের হাতে কোন টাকা নেই। ওভার ড্রাফটের যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন তাতে পঞ্চায়েতের হাতেও বিশেষ টাকা পয়সা না থাকায় তারা তাদের টাকা দিতে পারছে না।

এই রকম কঠিন অবস্থার মধ্যে পড়ে গ্রামাঞ্চলের ঐ সমস্ত ক্ষেতমজুররা অশেষ দুঃখ ভোগ করছে। সেইজন্য আমি সরকারকে বলবো যাতে প্রতিটি পরিবারকে এক কেজি খাদ্যশস্য বিনামূল্যে দেওয়া যায় তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানান হোক। তা নাহলে ঐ সমস্ত ক্ষেত-মজুররা মারা যাবে। আজকে একটা ভয়াবহ অবস্থা চলছে সেখানে। আশা করি রাজ্য সরকার এ বিষয়ে দৃষ্টি দেবেন।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রেলের নীতির ফলে মালদহ এবং পশ্চিম দিনাজপুর জেলায় খাদ্য-সংকট ভয়াবহ আকার ধারণ করেছে। এর কারণ হোল, ঐ এলাকায় রেলওয়ের রেক্ পৌছোচ্ছে না। ওখানে একটা এফ. সি. আই-এ গোডাউন আছে। সেখানে মালদহ রেলওয়ে ষ্টেশন থেকে রেক্ যেতো। কিন্তু কিছুদিন পূর্বে রেলওয়ে কর্তৃপক্ষ সেখানে রেক্ যাওয়া নিষিদ্ধ করেছে রেল লাইন রিপোয়ার করবার অজুহাতে। কিন্তু তারপর ২ মাস অতিক্রান্ত, আজও সেই লাইন রিপেয়ার হোলনা। ফলে রেলের রেক্ও যাচ্ছে না। এর ফলে সেখানে খাদ্য সরবরাহের ক্ষেত্রে একটা বিরাট সঙ্কট দেখা দিয়েছে এবং যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে যেসব কর্মচারী রয়েছেন তাঁদের কর্মচ্যুত হবার একটা সম্ভাবনা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পেছনে রাজনীতি আছে। সেই রাজনীতি হোল—আগে ওখানে আই. এন. টি. ইউ. সির ইউনিয়ন ছিল। বর্তমানে ওখানকার কর্মচারী যাঁরা কংগ্রেসের রাজনীতি গ্রহণ করেনি তাঁদের একটু সমঝে দেবার জন্য ওখানকার কংগ্রেসী নেতা, বর্তমানে কেন্দ্রে মন্ত্রী হিসাবে যিনি আছেন, তিনি রেল লাইন সাড়াবার অজুহাতে রেক বন্ধ করে এই খাদ্য সঙ্কট সৃষ্টি করেছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি বিষয়টির প্রতি গুরুত্ব দিতে।

মিঃ স্পীকার ঃ অচিন্ত্যবাবু, এই বিষয়ের উপর কোন ষ্টেটমেণ্ট কি আজকে রাখবেন ?

শ্রীঅচিন্ত্যকৃষ্ণ রায় ঃ আজ আমি এর উপর কোন ষ্টেটমেণ্ট রাখছিনা, আগামী ৮.৩.৮৩ তারিখে আমি উত্তর দেবো।

শ্রীউপেন্দ্র কিস্কু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

বিষয়টি হচ্ছে—গতকাল থেকে কংসাবতী জলাধার থেকে জল দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে, যার ফলে রায়পুর, শিমলাপাল, রাণীবাঁধ, গোয়ালতোড় প্রভৃতি এলাকার ৬ হাজার একর বোরো ধানের ফসল নষ্ট হবার আশঙ্কা দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে দাবী করছি যে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা হোক। সেচ বিভাগ থেকে বলা হয়েছে যে ক্যানেল রিপেয়ারের কারণে জল দেওয়া যাচ্ছে না। কিন্তু গত বছরও আমরা দেখেছি যে মার্চ-এপ্রিল পর্যন্ত জল দেওয়া হয়েছে এবং তারপর রিপেয়ার করা হয়েছে। কাজেই এ-বছরের এই সিদ্ধান্ত ঠিক হয়নি। এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য দাবী জানাচ্ছি।

শ্রীসুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষাদপ্তরের মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। কারণ এ বছর প্রাথমিক স্তরে যে সমস্ত পাঠ্য পুস্তক স্কুলে সরবরাহ করার কথা তা বেশিরভাগ জায়গায়ই পৌছে গেছে, ঘাটতির পরিমাণ খুবই নগন্য। এই সঙ্গে একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে—ষষ্ঠ শ্রেণীর ইংরেজী বই এবং নবম শ্রেণীর গণিত বই যা এ বছর মধ্যশিক্ষা পর্ষদ প্রকাশ করেছে—সেগুলো পাওয়া যাচ্ছে না। সেগুলো কলেজ ষ্ট্রীট মার্কেটে অনেক বেশী দামে ছেলেদের কিনতে হচ্ছে। ষষ্ঠ শ্রেণীর বইটি যার নির্ধারিত দাম ৪ টাকা, সেটা ৭.৫০ পয়সায় বিক্রী হচ্ছে।

[1-40—1-50 P.M.]

আর নবম শ্রেণীর গণিত বই যেটার মূল্য ৭.৮০ টাকা, সেটা কিনতে হচ্ছে ১১ টাকা দাম দিয়ে। সবচেয়ে মজার কথা হলো এই বই প্রকাশ হতে দেরী হওয়ায় নবম শ্রেণীর গণিত বই এর বিকল্প বই "গণিত সমাধান" নামে বাজারে বেরিয়ে গেছে এবং কিছু কিছু স্কুলে সেই বই পড়ানো হচ্ছে। সেই সম্বন্ধে কোন ব্যবস্থা করা হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি যাতে সত্তর হোলসেল কনজিউমারের মাধ্যমে জেলায় জেলায় এই বইগুলি সরবরাহের ব্যবস্থা করা হয়।

শ্রীদীনবন্ধু মণ্ডল ঃ নাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে কিছু বক্তব্য রাখতে চাই। আপনি জানেন যে হলদিয়া একটা গুরুত্বপূর্ণ জায়গা, এখানে নানা কল-কারখানা আছে। সেইজন্য হলদিয়ায় জল সরবরাহ করার প্রয়োজন আছে। হলদিয়ায় জল সরবরাহ না করলে সমস্ত শিল্পগুলি সংকটের মুখে পড়বে। পশ্চিমবাংলার এই সরকার জল

সরবরাহের একটা বিরাট প্রকল্প গ্রহণ করেছেন। এই প্রকল্পের কাজ রূপনারায়ণ এবং গেঁয়খালি থেকে সরবরাহ করা হবে। এরজন্য ৪টি মৌজা সরকার অধিগ্রহণ করেছেন কাজ শুরু করার জন্য। কিন্তু অত্যন্ত দুঃখের সংগে বলতে হচ্ছে এই প্রকল্পের কাজ যাতে তাড়াতাড়ি না হয় সেইজন্য কংগ্রেস বন্ধুরা সেখানে সন্ত্রাস সৃষ্টি করছে। আমি উল্লেখ করে বলতে পারি এইখানকার গ্রাম পঞ্চায়েতের যিনি সদস্য কমরেড অমিয় প্রামাণিক তার বাড়ি তছনছ করে এবং আমাদের পার্টি অফিস ভাঙ্গচুর করে। যাতে সেখানে সন্ত্রাল বন্ধ হয় সেইজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আমি জানি অনেক কং (ই) এম. এল. এ. এই কাজ করার জন্য ওখানে গিয়েছিলেন এই কাজের উৎসাহ দেবার জন্য।

শ্রীফজলে আজিম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সাউথ ক্যালকাটায় সাধারণত নেদাস ডিসট্রিবিউটার্স এবং অমর এনটারপ্রাইজ কুকিং গ্যাস সরবরাহ করে থাকে। পার্কসার্কাস থেকে সুরু করে দেশপ্রিয় পার্ক পর্যন্ত হাজার হাজার কনজিউমার এই কুকিং গ্যাস ব্যবহার করে। কিন্তু দুঃখের বিষয় ইউ. টি. ইউ. সি ১৪ই ফেব্রুয়ারী থেকে ঘেরাও করে রেখেছে। ফলে সেখানকার কনজিউমাররা কুকিং গ্যাস পাচ্ছে না। যে কুকিং গ্যাসের সিলেনডার ৫২.৬৩ টাকায় পাওয়া যেত তার দাম এখন ৭০ টাকায় পৌছে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করবো যেন সরকার এই বিষয়ে পদক্ষেপ নেন।

শ্রীযামিনী ভুষণ সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বেলা আড়াইটার সময় প্রায় কয়েক হাজার সুতাকল শ্রমিক এসপ্ল্যানেড ইষ্টে জমায়েত হচ্ছে। এটা কেন্দ্রীয় সমস্ত ট্রেড ইউনিয়ানের ডাকে তারা আসছে। ২ বছর ধরে তাদের দাবি মালিক পক্ষ মানছে না। ভট্টাচার্য কমিসানের রিপোর্ট সরকার পক্ষ থেকে শ্রমমন্ত্রী সুপারিশ করা সত্ত্বেও সেই দাবি তারা মানছে না। সুতরাং সরকারের কাছে অনুরোধ করবো এবং শ্রমমন্ত্রীকে কাছে অনুরোধ করছি যাতে মালিক পক্ষ তাদের দাবি মেনে নেয় তারজন্য ব্যবস্থা অবলম্বন করা হোক।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় সদস্য যামিনী সাহা মহাশয় যা বললেন সেই ব্যাপারে আমি একমত। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এখন ক্যাবিনেটের কোন মন্ত্রী নেই, সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। এটা সর্ব দলের সেন্ট্রাল ট্রেড ইউনিয়ানের মিটিং। এই ব্যাপারে আপনি শ্রমমন্ত্রীকে খবর দিন তিনি যেন ট্রাইপাটাইড মিটিং করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীসরল দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য উল্লেখ পর্বে যে কথা আপনার সামনে রেখেছেন সেই ব্যাপারে আমি বলতে চাই। হাজার হাজার সুতাকল শ্রমিক আজকে

এসপ্ল্যানেড ইষ্টে জমায়েত হচ্ছে। ২ বছর ক্রমাগত চেষ্টা করা সত্ত্বেও মালিক পক্ষ তাদের সিদ্ধান্তে অনড় বলে তাদের দাবি মিমাংসিত হচ্ছে না। সেইজন্য আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ষ্টেট মিনিষ্টার যিনি আছেন তাঁর কাছে আবেদন জানাচ্ছি যেন অবিলম্বে তৃপাক্ষীয় মিটিং ডাকা হয়। এর যদি ফয়সালা না হয় তাহলে সর্বদলীয় কর্মচারী অনির্দ্দিষ্ট কালের জন্য ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবে। সেটা যাতে না হয় তারজন্য আশা করছি আমাদের সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হবে। বিশেষ করে সরকার পরিচালিত যে শিল্পগুলি আছে, কেন্দ্রীয় সরকার পরিচালিত এবং এন. টি. সি মিল পরিচালিত যে সব সুতাকল আছে সেইগুলি যাতে করে ভট্টাচার্য কমিশনের রিপোর্ট কার্যকারী হয় সেই ব্যাপারে চেষ্টা করবেন।

শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ মাননীয় সদস্য যামিনী সাহা সুতাকল শ্রমিকরা তাদের বিভিন্ন দাবী-দাওয়ার মীমাংসার জন্য জমায়েত হচ্ছেন বললেন। এই প্রসঙ্গে আমিও দাবী করছি, ইউনিয়নের সঙ্গে ত্রিপক্ষীয় কমিটির একটা বৈঠকে বসে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যেন যথাযথ মীমাংসার ব্যবস্থা করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তি রঞ্জন ঘটক ঃ এ ব্যাপারে আমরা আগেই গুরুত্ব দিয়েছি। গত ২৯শে ফেব্রুয়ারী তারিখে একটা মিটিং ডাকা হয়েছিল। কিন্তু যেহেতু ঐ তারিখে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের বাজেট প্লেসের দিন ছিল, সেজন্য ওঁরা আগেই জানিয়ে দিয়েছিলেন আসতে পারবেন না। আগামী ৫ই মার্চ তারিখে এই ব্যাপারে আবার একটা মিটিং'এর ব্যবস্থা হয়েছে। সুতরাং বৈঠক বসবে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনাদের পক্ষ থেকে চাপ সৃষ্টি করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের চেষ্টা করুন। টেক ইট ভেরী সিরিয়াসলি।

মিঃ স্পীকার ঃ হ্যাঁ, ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীসতীশ চন্দ্র বিশ্বাস ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে, বিশেষ করে রেলওয়ে মন্ত্রকের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, প্রাক স্বাধীনতাকালে শিয়ালদহ—গেদে লাইন ছিল পূর্ব ভারতের সঙ্গে যোগাযোগের একমাত্র লাইন। দুঃখের বিষয়, আজ পর্যন্ত শিয়ালদহ—গেদে লাইনে বৈদ্যুতি-করণের ব্যাপারে রাণাঘাট পর্যন্ত বৈদ্যুতিকরণ হয়ে পড়ে আছে। শিয়ালদহ ডিভিশনে বৈদ্যুতি-করণের কাজ আজ সমাপ্ত প্রায়। কিন্তু দুঃখের বিষয় স্যার, রাণাঘাট থেকে গেদে পর্যন্ত অঞ্চল একাধারে যেমন সীমান্তবর্ত্তী ও উদ্বাস্তু অধ্যুষিত, ঠিক তেমনি একটি গুরুত্বপূর্ণ অঞ্চল হিসাবে চিহ্নিত। এখানে সীমান্তের ওপার হতে বহু লক্ষ মানুষ আশ্রয় নিয়ে বসবাস করছেন। রাণা-ঘাটের পর হাঁসখালি, কেষ্টগঞ্জ প্রভৃতি অঞ্চলের সরাসরি গেদে লাইনের উপর দিয়েই যোগসূত্র রয়েছে বিভিন্ন অঞ্চলের সঙ্গে। আমাদের মনে স্বভাবতই দুঃখ রয়েছে কেন্দ্রীয় সরকারের উপর। শ্রীমতী

ইন্দিরা গান্ধী নির্বাচন কালে তপশীল জাতি ও উপজাতিদের জন্য অশ্রু বিসর্জন করেন। উল্লিখিত তিনটি অঞ্চল তপশীলী জাতি ও উপজাতি অধ্যুষিত বলে চিহ্নিত। অথচ এই অঞ্চল উপেক্ষিত রয়েছে। সেজন্য বলতে হয়, শ্রীমতী ইন্দিরা গান্ধীর ঐ অশ্রু কুম্ভীরাশ্রু ছাড়া আর কিছু নয়। রেলওয়ে দপ্তরের তরফে অন্যান্য বহু অঞ্চলে উন্নয়নমূলক কাজ হয়েছে। কিন্তু রাণাঘাটের পর হাঁসখালি, কেষ্টগঞ্জ প্রভৃতি অঞ্চল আজও উপেক্ষিত। শ্রীমান আনন্দবাবু এখানে বসে আছেন। তিনিও ভাল ভাবে জানেন অঞ্চলটি তপশীল জাতি ও উপজাতি অধ্যুষিত। সুতাকল শ্রমিকদের প্রতি যেমন ভাবে গুরুত্ব দেওয়ার কথা এখানে উঠেছে, ঠিক তেমনি ভাবে যেন এই অঞ্চলে রেলওয়ে লাইনকে বৈদ্যুতিকরণের ব্যাপারে গুরুত্ব দেওয়া হয়। আমি আনন্দবাবুকে অনুরোধ জানাবো, তিনি যেন আমার মত কেন্দ্রীয় সরকারকে এ বিষয়ে অবহিত করেন। স্বাধীনতার এত বছর পরেও কেন আজ পর্যন্ত এই অঞ্চল অবহেলিত রয়েছে, এর উত্তর কি ওঁরা দিতে পারবেন? আমি কাগজের লোকেদের কাছে আবেদন করব, অন্যান্য বিষয় সম্পর্কে তাঁরা যেমন ভাবে সামান্য সংবাদকে কাগজে ছাপিয়ে দেন, ঠিক তেমনি ভাবে এই বিষয় সম্পর্কেও যেন তাঁরা কাগজে ছাপাবার ব্যবস্থা করেন। বিরোধী পক্ষের কেউ চীৎকার করলে কাগজে ছাপা হয়, অথচ এই রকম একটি গুরুত্বপূর্ণ বিষয় খবরের কাগজে ছাপা হয় না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এখানে খবরের কাগজে কোন সংবাদ ছাপাবার বিষয় নিয়ে বলা যায় কি?

মিঃ স্পীকার ঃ না, তা বলা যায় না। এবারে মোসলেদ্দিন আমেদ বলুন।

[1-50—2-00 P.M.]

শ্রীমসলেদ্দিন আমেদ ঃ স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারী থানার সংলগ্ন শিবপুর মহীপার রোডটি খুব গুরুত্বপূর্ণ এজন্য যে এই রাস্তা দিয়ে রায়গঞ্জ এবং বালুঘাটে লোক সরকারী ও অন্যান্য কাজে যাতায়াত করে। এই রাস্তাটি দৈর্ঘে ২২ কিলোমিটার। এই রাস্তাটি অর্ধ সমাপ্ত অবস্থায় পড়ে আছে। দুঃখের বিষয় আজ ১০ বছর হল এই রাস্তা শেষ হল না। এই রাস্তার মাঝখানে একটা ব্রীজ ছিল সেটা বন্যায় ভেঙে যায়। এর ফলে যানবাহন এবং সাধারণ মানুষের দুর্গতির সীমা নেই। সরকারের গাফিলতির জন্য এই রাস্তাটি আজ পর্যন্ত শেষ হল না। তাই আপনার মাধ্যমে পূর্ত-মন্ত্রীকে অনুরোধ করবো জনসাধারণের সুবিধার জন্য অবিলম্বে এই রাস্তাটির দিকে দৃষ্টি দিন।

শ্রীশিবপ্রসাদ মালিক ঃ স্যার, গোঘাটের ভিকদাস জগদ্ধাত্রী স্বরুপনগর উন্নয়ন হিমঘরটি আলু মরশুমে বন্ধ করে দেয়া হয়েছে। যাতে অবিলম্বে খোলা হয় এবং আগামী মরশুমে যাতে

এসপ্ল্যানেড ইষ্টে জমায়েত হচ্ছে। ২ বছর ক্রমাগত চেষ্টা করা সত্ত্বেও মালিক পক্ষ তাদের সিদ্ধান্তে অনড় বলে তাদের দাবি মিমাংসিত হচ্ছে না। সেইজন্য আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ষ্টেট মিনিষ্টার যিনি আছেন তাঁর কাছে আবেদন জানাচ্ছি যেন অবিলম্বে তৃপাক্ষীয় মিটিং ডাকা হয়। এর যদি ফয়সালা না হয় তাহলে সর্বদলীয় কর্মচারী অনির্দ্দিষ্ট কালের জন্য ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবে। সেটা যাতে না হয় তারজন্য আশা করছি আমাদের সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হবে। বিশেষ করে সরকার পরিচালিত যে শিল্পগুলি আছে, কেন্দ্রীয় সরকার পরিচালিত এবং এন. টি. সি মিল পরিচালিত যে সব সুতাকল আছে সেইগুলি যাতে করে ভট্টাচার্য কমিশনের রিপোর্ট কার্যকারী হয় সেই ব্যাপারে চেষ্টা করবেন।

শ্রীকামাখ্যা চরণ ঘোষ ঃ মাননীয় সদস্য যামিনী সাহা সুতাকল শ্রমিকরা তাদের বিভিন্ন দাবী-দাওয়ার মীমাংসার জন্য জমায়েত হচ্ছেন বললেন। এই প্রসঙ্গে আমিও দাবী করছি, ইউনিয়নের সঙ্গে ত্রিপক্ষীয় কমিটির একটা বৈঠকে বসে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যেন যথাযথ মীমাংসার ব্যবস্থা করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশান্তি রঞ্জন ঘটক ঃ এ ব্যাপারে আমরা আগেই গুরুত্ব দিয়েছি। গত ২৯শে ফেব্রুয়ারী তারিখে একটা মিটিং ডাকা হয়েছিল। কিন্তু যেহেতু ঐ তারিখে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের বাজেট প্লেসের দিন ছিল, সেজন্য ওঁরা আগেই জানিয়ে দিয়েছিলেন আসতে পারবেন না। আগামী ৫ই মার্চ তারিখে এই ব্যাপারে আবার একটা মিটিং'এর ব্যবস্থা হয়েছে। সুতরাং বৈঠক বসবে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আপনাদের পক্ষ থেকে চাপ সৃষ্টি করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের চেষ্টা করুন। টেক ইট ভেরী সিরিয়াসলি।

মিঃ স্পীকার ঃ হ্যাঁ, ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীসতীশ চন্দ্র বিশ্বাস ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে, বিশেষ করে রেলওয়ে মন্ত্রকের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, প্রাক স্বাধীনতাকালে শিয়ালদহ—গেদে লাইন ছিল পূর্ব ভারতের সঙ্গে যোগাযোগের একমাত্র লাইন। দুঃখের বিষয়, আজ পর্যন্ত শিয়ালদহ—গেদে লাইনে বৈদ্যুতি-করণের ব্যাপারে রাণাঘাট পর্যন্ত বৈদ্যুতিকরণ হয়ে পড়ে আছে। শিয়ালদহ ডিভিশনে বৈদ্যুতি-করণের কাজ আজ সমাপ্ত প্রায়। কিন্তু দুঃখের বিষয় স্যার, রাণাঘাট থেকে গেদে পর্যন্ত অঞ্চল একাধারে যেমন সীমান্তবর্ত্তী ও উদ্বাস্তু অধ্যুষিত, ঠিক তেমনি একটি গুরুত্বপূর্ণ অঞ্চল হিসাবে চিহ্নিত। এখানে সীমান্তের ওপার হতে বহু লক্ষ মানুষ আশ্রয় নিয়ে বসবাস করছেন। রাণা-ঘাটের পর হাঁসখালি, কেষ্টগঞ্জ প্রভৃতি অঞ্চলের সরাসরি গেদে লাইনের উপর দিয়েই যোগসূত্র রয়েছে বিভিন্ন অঞ্চলের সঙ্গে। আমাদের মনে স্বভাবতই দুঃখ রয়েছে কেন্দ্রীয় সরকারের উপর। শ্রীমতী

তাঁরা এই ষড়যন্ত্রের নায়ক, তাঁরা আজকে ভারতবর্ষকে টুকরো টুকরো করার পরিকল্পনা করেছেন, তাঁরা বিচ্ছিন্নতাবাদের মন্ত্রে ভারতবর্ষের মহামন্ত্রকে ভেঙ্গে খান খান করে দেবার পরিকল্পনা করেছেন। সেই মহান নায়ক মুখ্যমন্ত্রীর যে ভাষণ গভর্ণর এনেছেন সংবিধানের ধারা অনুসারে সেই সংবিধানের অবমাননার কোন প্রতিবাদ তাঁরা করেননি। আমি সারকামসট্যানসিয়াল এভিডেন্স দেবার চেষ্টা করছি আমাদের অম্বিকা ব্যানার্জী এই হাউসে এ্যাডজোর্নমেণ্ট মোশান এনেছিলেন, আমরা আশা করেছিলাম যে জ্যোতিবাবু সংবিধান পড়ানর প্রতিবাদ করবেন। কিন্তু তিনি তা করেননি। কিন্তু যখন কিছু এস এফ আই-এর উপর পুলিশ লাঠি চার্জ করে তখন মুখ্যমন্ত্রীর গায়ে জ্বালা ধরে, তিনি পুলিশের কাজের প্রতিবাদ করেন। তিনি প্রতিবাদ করতে জানেন, তবে নিজের দলের লোক যদি হয় তাহলে তিনি প্রতিবাদ করেন, কিন্তু অন্যদের বেলায় তা করেন না। এই সারকাম্স্ট্যানসিয়াল এভিডেন্সে আমার মনে হচ্ছে এই নায়করা আজকে ভারতবর্ষকে ভেঙ্গে খান খান করে দেবার চেষ্টা করছেন। তাই মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই সভায় বামফ্রন্ট মরকারের ভাষণ রূপে উপস্থিত করেছেন সেই ভাষণকে আমি সমর্থন করতে পারি না। কারণ, এই ভাষণ অসত্যে পরিপূর্ণ, রামফ্রণ্টের পক্ষে একটা ডিফেন্স উইটনেস ছাড়া আর কিছু নয়, সেজন্য এই ভাষণকে সমর্থন করা যায় না। সেই ভাষণ সম্বন্ধে কিছু বলার আগে মুখ্যমন্ত্রীকে একটা কথা জানিয়ে দিতে চাই যে সমাজ বিরোধী সমাজ বিরোধী বলে আপনারা অনেক দিন ধরে চিৎকার করছেন। আপনারা হেমেন মণ্ডলকে সমাজ বিরোধী বলছেন। তর্কের খাতিরে আমি এটা মেনে নিচ্ছি। কি কারণে বলছেন—হেমেন অর্থ করেছে এবং মানুষের উপর অত্যাচার করছে। এই যদি আপনাদের যুক্তি হয় তাহলে সি পি এম যে পার্টি ফাণ্ড ৩ শো কোটি টাকা করেছে, পশ্চিমবঙ্গের মানুষের উপর যে অত্যাচার চালাচ্ছে সেই মাননীয় জ্যোতি বোস তো পশ্চিমবঙ্গে সব চেয়ে বড় সমাজ বিরোধী। এতবড় সমাজ বিরোধী মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে আর কোনদিন আসেনি।

(নয়েজ এণ্ড ইণ্টারাপসান)

শ্রীননী কর ঃ মিঃ স্পীকার, স্যার, উনি এখানে কি বলছেন ? সুনীতিবাবু যা বললেন এইভাবে কি বলা চলবে ?

শ্রীসুনীতি চট্টরাজ ঃ I know what is parliamentary word and what is unparliamentary—I know better than you. মিঃ স্পীকার, স্যার, এতক্ষণ আমি যা বললাম আমি প্রমাণ করে দেবার চেষ্টা করব যে বর্তমানে জ্যোতি বসুর সরকার সি পি এম সরকার আজকে মানুষের উপর কতটা সঠিক বিচার করছে। স্যার, আমাব কথা বললে ওদের গায়ে অত্যন্ত জ্বালা ধরছে, সেজন্য আমার কথায় আসছি না, আমি ওদেরই শরিক ফরওয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক অশোক ঘোষের কথায় আসছি।

[2-00—2-10 P.M.]

আমার কথা বলবো না—আমি হয়তো অন্যায়, অসত্য কথা বলতে পারি। অশোক ঘোষ মহাশয় পরিষ্কার বলেছেন যে অন্য প্রদেশে……

(এ ভয়েসঃ আনপার্লামেণ্টারী কথা বলছে স্যার)

আনপার্লামেণ্টারী কথা আমি বলি নি। আমি জানি কোন কথা পার্লামেণ্টারী, কোন কথা আনপার্লামেণ্টারী এবং সেটা আপনার চেয়ে বেশী জানি।

(শ্রীদীপক সেনগুপ্ত বলিতে উঠেন)

মিঃ স্পীকার ঃ যদি কোন আনপার্লামেণ্টারী কথা কেউ বলেন সেটা I will expunge this.

শ্রীদীপক সেনগুপ্ত ঃ স্যার, আপনি রুলিং দিয়েছেন যে হাউসের মেম্বার নন এমন কোন লোকের সম্পর্কে এখানে রেফারেন্স করা হবে না। He will have no defence. He should not be referred here.

মিঃ স্পীকার ঃ এটা তো রুলসেই আছে যে যিনি হাউসের মেম্বার নন, তার বিষয়ে আলোচনা করা উচিত নয় because he is not in a position to defend himself. এটা আমি এই হাউসে বার বার বলে দিয়েছি।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ স্যার, আমি খুব বিনয়ের সঙ্গে বলছি যে ফরোয়ার্ড ব্লকের জনৈক বিশিষ্ট নেতা বহরমপুরে পরিষ্কারভাবে বলেছেন যে শুধু পশ্চিমবাংলা নয় সমস্ত ভারতবর্ষে যখন দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে তখন লেফটিষ্টরা আন্দোলন করছে শুধু পশ্চিমবাংলায় তারা তাদের তহবিল বৃদ্ধি করার ব্যবস্থা করছে—তারা চুপ করে বসে আছে। এই কথা বহরমপুরে ফরোয়ার্ড ব্লকের যে সম্মেলন হয়ে গেল তাতে তিনি বলেছেন। সেখনে বলা হয়েছে যে এই পশ্চিমবাংলায় লেফটিষ্ট গভর্ণমেণ্ট যেরকম কুশাসন, অপশাসন চালাচ্ছে, তা বরদাস্ত করা যায় না। আর. এস. পি.-র টিচারস সেল পরিষ্কারভাবে বলেছেন যেটা আমি কাগজে পড়েছি—আমি সেটা আর এখানে পড়ছি না রেফারেন্সস্বরূপ বলছি যে বর্তমানে পশ্চিমবাংলায় ভাইস-চ্যান্সেলার নিয়োগ সম্পর্কে শিক্ষা মন্ত্রী যেসব কথা-বার্তা বলছেন তা আমরা সমর্থন করি না। আমি আপনাদের বোঝাবার চেষ্টা করছি যে সি. পি. এম.-এর কাজ ফরোয়ার্ড ব্লক সমর্থন করে না, আর. এস. পি. ফরোয়ার্ড ব্লকের কাজ সমর্থন করে না। এতো গেল ওদের কথা, আমি সি. পি. এম.-এর কথায় আসছি। আজকে হাউসের মধ্যে দেখলাম যে রুলিং পার্টির এম. এল. এ. বলছেন এই বিধানসভায় যে

পুলিশ নিষ্ক্রিয়। ওরা বলছে কংগ্রেস খুন করছে, আমরা বলছি সি.পি.এম. খুন করছে। আর খোদ মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলছেন পুলিশ অপদার্থ। অপদার্থ মুখ্যমন্ত্রী--তিনি নিজে কিনা বলছেন পুলিশ অপদার্থ—তিনিই মাষ্টার ইন অপদার্থতা। এটা এক দিনের ঘটনা নয়। স্যার, আপনি জানেন বৃটিশ যখন ভারতবর্ষের শাসন ক্ষমতায় ছিল—তাদের নীতিই ছিল ডিভাইড এণ্ড রুল। কিন্তু তৎকালীয় কংগ্রেস বলিষ্ট হাতে এখানে শায়ত্বশাসন প্রতিষ্ঠা করেছে এবং সেটা করেছিল বৃটিশ সরকারকে উৎখাত করার জন্য। সি. পি. এম. আজকে কি আরম্ভ করেছে? ব্রেকিং ফ্রম উইদিন, আজকে সি. পি. এম. এ্যাডমিনিষ্ট্রেশনটাকে ভেতরে ঢুকে সর্বনাশ করে দাও, ভেঙ্গে খান খান করে দাও, পঙ্গু করে দাও, খুন করার চেষ্টা হচ্ছে, এর একটা উদ্দেশ্য আছে। ওদের সম্পাদক বলছেন, বিপ্লব চাই। কোন্ বিপ্লব? যে বিপ্লবে ৭ বছরে ৩০০ কোটি টাকা নিচ্ছেন—সাত বছরে আমারা কোটি কোটি টাকার যে পার্টি ফাণ্ড করতে পারি। কোন্ বিপ্লব চাই, যে বিপ্লবে গ্রামের গরীব মানুষ, আসল বর্গাদার উচ্ছেদ হবে, বিচার হবে না। কোন্ বিপ্লব চাই, যে বিপ্লবে গ্রামের মধ্যবিত্ত চাষী, খেটে খাওয়া চাষী, যার জমির ধান যে বাড়িতে তুলতে পারবে না, যার ফসলের উৎপাদনের অংশ সে পাবে না, এই বিপ্লব ওরা চাইছেন। আমি যে কথাটা বলছিলাম, এই বিপ্লব কার্য্যকরী করতে গেলে—কি করে করতে হবে? যে প্রশাসন এই ভারতবর্ষের বুকে ব্রীটিশ শাসন ব্যবস্থার পর আস্তে আস্তে তৈরী হচ্ছিল, সেটাকে ভেঙ্গে দিতে হবে। তার জন্য কি দরকার? প্রশাসনটাকে ভেঙ্গে দেবার জন্য কি দরকার? এ্যাজিটেশন। পাবলিককে এ্যাজিটেটেড করতে হবে। পাবলিককে এ্যাজিটেটেড করতে হলে, কি করতে হবে? আমরা দেখতে পাচ্ছি পরিষ্কার চিত্র, সময় অল্প, সেই জন্য শুধু আমি পয়েণ্টগুলো টাচ করে যাচ্ছি। কি এ্যাজিটেশন এরা করছেন? জনগণের মধ্যে সুড়সুড়ি দিচ্ছেন। যে মিঃ এক্স সমাজবিরোধী, মিঃ এক্স এই, মিঃ ওয়াই এই, - কিন্তু ডিরেক্টলি বলছেন না, বলছেন না, সি. পি. এম. এর বিরোধী এরা। ইনডিরেক্টলি পিপলকে এ্যাজিটেট করার চেষ্টা করছেন এরা। পিপলকে এ্যাজিটেট করে পেনিট্রেট করছে। এ্যাডমিনিষ্ট্রেশনে, পুলিশ যখন সি. পি. এম. এর কথা মত কাজ করছে না, সি. পি. এম. এর কথা মত যখন নিরপেক্ষ প্রশাসন ব্যবস্থাকে ভাঙবার জন্য চেষ্টা হচ্ছে না, তখন কি করছে, জ্যোতিবাবু বলছেন অপদার্থ। জ্যোতিবাবু কি বলছেন। তিনি বলছেন যে পুলিশ রিপোর্ট—Every police report from evry corner should come after proper scrutiny by the local leader এই কথা তিনি বলেছেন। পুলিশ রিপোর্ট আজকে পশ্চিমবাংলার যে কোন কর্ণার থেকে হোক না কেন, আগে জ্যোতিবাবুর কাছে আসবে। সেটা কি ভাবে আসছে, কোথায় আসছে স্ক্রুটিনাইজ হয়ে আসছে কি না, জ্যোতিবাবুর এটা অলিখিত নির্দেশ নয়, এটা তাঁর ডাইরেক্ট নির্দেশ আছে, তিনি বলছেন যে কোনও পুলিশ রিপোর্ট আসবে যে কোন কর্ণার থেকে, যে কোন ঘটনার পরিপ্রেক্ষিতে, সেখানে আমাদের কমরেডরা তার মধ্যে ইনভল্ভ হচ্ছে কি না, আমাদের কমরেডরা এই রিপোর্ট সম্বন্ধে ওয়াকিবহার হয়েছে কি না, সেটা জ্যোতিবাবুকে জানতে হবে। Otherwise that report with not be accepted,

ভুরি ভুরি এই রকম রিপোর্ট আমার কাছে আছে স্যার। হাউসের মধ্যে আমরা কলিং এ্যাটেনশন করেছি, পশ্চিমবাংলার পুলিশ আমাদের কলিং এ্যাটেনশনের পরিপ্রেক্ষিতে যে রিপোর্ট পাঠিয়েছে, জ্যোতিবাবু সেই রিপোর্ট নাকচ করে দিয়ে ফেরৎ পাঠিয়েছে। এই ঘটনা এই হাউসের মধ্যে আমরা ভুরি ভুরি দিয়েছি এবং দৃষ্টান্ত রাখবার চেষ্টা করেছি। রেজাল্টটা কি হবে? আজকে রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে এরা এই রকম ভাবে চিৎকার করার চেষ্টা করছেন। কিন্তু আল্‌টিমেটলি রেজাল্টটা কি হবে? পশ্চিমবাংলা শ্মশান হয়ে যাবে। সেই শ্মশানের মধ্যে এরা বিপ্লব আনার চেষ্টা করবেন। পশ্চিমবাংলার আসল কোনও কাজ হবে না। এবার আমি কাজের কথায় আসি। পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশন সম্পর্কে বেশী কথা বলে কোন লাভ নেই। অনেক কথা বলার আছে। এবার আমি কাজের কথায় আসি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্য্যন্ত আপনি নিশ্চয়ই লক্ষ্য করে দেখেছেন, আপনি একজন পণ্ডিত লোক, আপনি নিশ্চয়ই অনুধাবন করেছেন, কিন্তু আপনি প্রতিবাদ করতে পারেন নি, যেহেতু সরকার পক্ষে আপনি আছেন। আপনি লক্ষ্য করেছেন, এদের টেণ্ডেন্সিটা কি। কোনও প্রডাক্‌টিভ, উৎপাদন মুখী যে ডিপার্টমেণ্ট, সেখানে এদের কিন্তু কোন খরচ করার পরিকল্পনা নেই। উপযুক্ত খরচ করার পরিকল্পনা নেই। এগিয়ে যাওয়ার কোন পরিকল্পনা নেই। আমি এই কথা কেন বলছি স্যার? আপনি ১৯৭৭ সালে দেখবেন, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট, স্টেট ইলেক্‌ট্রিসিটি ডিপার্টমেণ্ট, যে সমস্ত উৎপাদন মুখী ডিপার্টমেণ্ট আছে, সেইগুলোতে যে টাকা খরচ হয়েছে বাজেটে, ১৯৭৭/৭৮ সালে, ১৯৭৮/৭৯ সালে যে টাকা ধরা হয়েছিল, তার চেয়ে কম টাকা খরচ করা হয়েছে। এরা খরচ করতে পারছেন না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, যেটা আগে অটোনমাস বডি ছিল, যেটা বর্ত্তমানে ডিরেক্টলি কনট্রোল্ড বাই দি লেফ্‌ট ফ্রণ্ট, তার আগে অটোনমাস ছিল, এখন অটোনমি সিজ্‌ড হয়ে গেছে, সেই ডিপার্টমেণ্টেও যেহেতু এই বামফ্রণ্ট সরকারের হাত পড়েছে, সেণ্ট্রাল ইলেক্‌ট্রিসিটি বোর্ড অথরিটি গ্রামীণ বৈদ্যুতিকীকরণের জন্য যে কোটি কোটি টাকা দিয়েছিলেন, তার এরা ওয়ান ফোর্থ খরচ করতে পারেন নি। বাকি টাকা ফেরৎ চলে গেছে। টাকা যদি খরচ করতেন তাহলে গ্রামে বৈদ্যুতিকীকরণ হতো, লিফ্‌ট ইরিগেশন হয়ে যেত, ডিপ টিউবওয়েল হয়ে যেত, গ্রামের চাষীর সুবিধা হতো। গ্রামে তাহলে গণ্ডগোল হতো না। এই জন্য স্যার, এরা তো চায় না গ্রামের উন্নতি হোক। চেয়ারম্যান মহাশয়, আপনি লক্ষ্য করুন, আমি বোঝাবার চেষ্টা করছি।

[2-10—2-20 P.M.]

এই সরকার গণমুখী নয়, উৎপাদনমুখী নয়। এই সরকার কি মুখী? এই সরকার ধ্বংস সৃষ্টি কারী সরকার, এই সরকার মানুষের ক্ষতিকারী সরকার, এই সরকার মানুষের সর্বনাশ সৃষ্টিকারী সরকার। এই সরকার জনগণের নিরাপত্তা বজায় রাখতে পারে না, সমাজের শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পারে না, স্বাধীনতার পর কংগ্রেস আমলে গরীবের সংগে মধ্যবিত্তের যে সদ্‌ভাব বজায় ছিল এই সরকার সেই সদ্ভাব বজায় রাখতে পারেনি। এই সরকার গ্রামের খেটে খাওয়া মানুষের সুখ-

নিদ্রাটুকু বজায় রাখতে পারেনি, গ্রামের চাষী, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত চাষীদের উৎপাদিত ফসল ঘরে তোলার নিরাপত্তা দিতে পারেনি এই সরকার। যে সরকার মানুষের নিরাপত্তা দিতে পারে না. সেই সরকার কি করছেন ? যে সমস্ত আনপ্রোডাকটিভ ডিপার্টমেন্ট আছে, যেখানে খরচ করলে ভাস্ট ওয়েষ্টেজ হবে, সেখানে খরচ করছেন। এই খরচের মধ্যে এদের একটা উদ্দেশ্য আছে। বিগিনিং থেকেই এদের উদ্দেশ্য হল কি করে পার্টি ফাণ্ড বাড়ানো যায়—সেইজন্যই আনপ্রোডাকটিভ ডিপার্টমেন্টে খরচ বাড়িয়ে যাচ্ছেন, যে ডিপার্টমেন্টগুলি উৎপাদনমুখী নয়, সেখানে ক্রমাগত খরচ বাড়িয়ে যাচ্ছেন। স্যার, আপনি পণ্ডিত লোক, এটা আপনি একটু লক্ষ্য করে দেখবেন। স্যার, আমি ১৯৬৭/৬৮ সালের কথা বলছি না। ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত এই কয়েক বছর আপনি একটু লক্ষ্য করে দেখলে দেখবেন, যেখানে বাজেটে ৬৭ কোটি টাকা ধরা হয়েছিল সেখানে তার চেয়ে অনেক বেশী টাকা খরচ হয়েছে। এর রিজন্ কি ? রিজন্ খুব পরিষ্কার, ৩০০ কোটি টাকার পার্টি ফাণ্ড সৃষ্টি করা —আলিমুদ্দিন ষ্ট্রীটের বিল্ডিং শহরে শহরে সি. পি. এম. বিল্ডিং, গ্রামে গঞ্জে এল. সি. বিল্ডিং যে তৈরী হচ্ছে, এই টাকা আসবে কোথা থেকে ? তাই ঐ আনপ্রোডাকটিভ ডিপার্টমেন্ট, ওভারড্রাফট, পাবলিক প্রভিডেন্ট ফাণ্ড নয়, স্কুল মাষ্টারদের প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদি নিয়ে পার্টি ফাণ্ড বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে কি বলেছেন সেটা আমি বোঝাবার চেষ্টা করছি, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন, 'আমি বলতে পারছি না আমার সরকার, ইন দি ওপিনিয়ান অব মাই গভর্ণমেন্ট'—এই রকম আমি আগে দেখিনি। রাজ্যপাল এখানে ভাষণ দিতে এসে বলেছেন, আমার সরকার এই করেছে, ঐ করেছে। কিন্তু এবার বলছেন ইন দি ওপিনিয়ন অব মাই গভর্ণমেন্ট।—আই. এম. এফ. লোন সম্বন্ধে যে কথা বলছেন—আমি একটু পরিষ্কার করে বলি—পলিটিক্যাল কনক্লেভ হয়েছিল, ভারতবর্ষকে ভাঙ্গবার ষড়যন্ত্র হয়েছিল এবং আই. এম. এফ লোন নিয়ে একটা ষড়যন্ত্র করার পরিকল্পনা ওঠে। কিন্তু বর্তমান ভারতবর্ষের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে আই. এম. এফ লোনের কোন ইমপ্যাক্ট নেই। দেয়ার ইজ নো কনডিসন ইমপার্টেড ইন দি আই. এম. এফ লোন। এটা আরো একটু পরিষ্কার বলি—রাজ্যপাল এটা জানতে পেরেছিলেন বলেই উনি নিজের ওপিনিয়ন না বলে ইন দি ওপিনিয়ন অব মাই গভর্ণমেন্ট বলেছেন।

অর্থাৎ রাজ্যপাল নিজের মত ব্যক্ত করতে পারছেন না, সরকারের মত ব্যক্ত করছেন আমরা যারা বিরোধী পক্ষে আছি, আমাদের যে মত ব্যক্ত করছি সেটা কি সরকার পক্ষ গ্রহণ করবেন ? এটা বাঞ্ছনীয় হবে ? বাঞ্ছনীয় নয়, গ্রহণ করবেন না। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল আমরা বোঝবার চেষ্টা করিনি। আমরা ভেবেছিলাম কনটিনিউ করে যাব। আমাদের মধ্যে সেদিন কিছু মানুষ আমরা ভুল করেছিলাম। সেদিন আমরা এটা চিন্তা করিনি। কিন্তু এদের মধ্যেও কিছু মূর্খের দল আছেন যারা ভাবছেন আজ মন্ত্রী আছি, চিরকাল মন্ত্রী থাকব, সরকারে থাকব। ঐ মূর্খের দল হয়ত আরো ভাবছেন মন্ত্রী হয়ে জন্মেছি, মন্ত্রী হয়েই প্রত্যেকবার সরকার পক্ষে থাকব। তাই আমরা সরকারের যেসব ক্রিটিসিজম করছি, পুলিশ ব্যবস্থার যে ক্রিটিসিজম করছি রুলিং পার্টির

সেই সমস্ত এম. এল. এ. রা চুপচাপ বসে শুনছেন, ক্রিটিসিজম করছেন না, আর আনন্দমার্গী পুড়িয়ে যারা চুপচাপ বসে আছেন তারা কিন্তু চীৎকার করছেন, যারা সমাজবিরোধীদের প্রশ্রয় দিচ্ছেন তারা কিন্তু চুপচাপ বসে আছেন। আসল বন্ধু যারা তাঁরা জানেন সরকারের উপকার করতে হলে সমালোচনা করা দরকার। তারা কিন্তু সরকারের সমালোচনা করছেন। কেন না সমালোচনার মধ্য দিয়েই ভাল মানুষ তৈরী হয় এবং সমালোচনার মধ্য দিয়েই ভুলগুলি সংশোধন করে নিতে হয়—এই হচ্ছে নিয়ম। কিন্তু এরা সংশোধন করবেন না। স্যার, আমি একবার একটু অন্য কথায় আসছি। স্যার, নৌকা বিলাসের কথা আপনি নিশ্চয় জানেন। কৃষ্ণ রাধিকা সহ গোপিনীদের পার করছেন।

কৃষ্ণ যখন রাধিকা সহ সখীদের পার করছিলেন তখন বললেন, আমার খিদে পেয়েছে। সে কথা শুনে এ বলছে আমার হাতে খেতে হবে, ও বলছে আমার হাতে খেতে হবে, সে বলছে আমার হাতে খেতে হবে, সব শুনে কৃষ্ণ একটি কথাই বলেছিলেন, 'আমি যার তার হাতে খাই না সই।' আজকে কলির কেষ্ট জ্যোতিবাবুও পশ্চিমবাংলায় সেই একই কথা বলছেন, 'আমি যার তার হাতে খাই না সই। আমি শুধু সি. পি. এম-এর হাতে খাই। ফরোয়ার্ড ব্লকের হাতে খাই না, আর. এস. পি. র হাতেও খাই না। স্যার, এই কথাটা আজকে পরিষ্কারভাবে পশ্চিমবাংলার মানুষের কাছে ফুটে উঠেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের এই ভাষণ তাঁর ভাষণ নয়, এটা বামফ্রন্ট সরকারের ভাষণ, এই ভাষণে যে কথাটার উল্লেখ নেই সেটা হচ্ছে নিরপেক্ষ পুলিশ অফিসার ও প্রশাসনের অফিসারদের কথা। যারা আজকে মাথা উঁচু করে দাঁড়াবার চেষ্টা করছেন এবং তা করে জনগণের পক্ষে কাজ করবার চেষ্টা করছেন—ডিপ টিউবওয়েল, হেল্‌থ সেণ্টার করবার চেষ্টা করছেন—ডিপ টিউবওয়েল, হেলথ্‌ সেণ্টার করবার চেষ্টা করছেন, হেখানে ডাক্তার নেই সেখানে ডাক্তার পাঠাবার চেষ্টা করছেন, সি. পি. এম-এর এম. এল. এ যদি খুনের আসামী হন তাহলে তাকে গ্রেপ্তার করার চেষ্টা করছেন তাদের কথা নেই। সেখানে কি রেজাল্ট হচ্ছে?

যে অফিসার নিরপেক্ষ হবার চেষ্টা করছেন, জনগণের পক্ষে হবার চেষ্টা করছেন তাকে ট্রান্সফার করে দেবার চেষ্টা করা হচ্ছে। পাটনীলের ঘটনার পর আমরা দেখলাম বোলপুরের ঘটনার পর দেখলাম বোলপুরের এস. ডি. ও কে তিন মাসের মধ্যে ট্রান্সফার করে দেওয়া হল। বহরমপুরের ঘটনার পর ডি. এমকে ট্রান্সফার করার পরিকল্পনা করা হল, আর মেদিনীপুরের এস. পি. র ঘটনা তো আপনি জানেন স্যার। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে এইসব কথার উল্লেখ নেই। আমরা দেখছি, এখানে নিরপেক্ষ কোন প্রশাসন ব্যবস্থা বা পুলিশ ব্যবস্থা থাকতে পারবে না। তারপর বিদ্যুত ব্যবস্থা যে ভেঙ্গে পড়েছে, স্বাস্থ্য ব্যধস্থা যে ভেঙ্গে পড়েছে, শিক্ষা ব্যবস্থা যে ভেঙ্গে পড়েছে সে কথার ও উল্লেখ নেই। শিক্ষার ব্যাপারে আমি বেশী কথা বলব না, আমার বন্ধুরা বলেছেন, আমি শুধু অল্প কয়েকটি কথা বলব। আমি ডিসপ্যারিটির কথা বলব। ওদিকে আমাদের বন্ধু, প্রিন্সিপ্যাল মহাশয়, পণ্ডিত লোক, তিনি বসে আছেন, তিনি জানেন, একটা কলেজে প্রিন্সিপ্যাল এ্যাপয়েণ্ট করতে গেলে তারজন্য কত পারসেণ্ট মার্কস লাগে। সেখানে কলেজ

সার্ভিস কমিশন ঠিক করে দিয়েছেন কত পারসেণ্ট মার্কস এম. এ. তে কত পারসেণ্ট মার্কস বি. এ-তে এবং অনার্সে লাগবে। আমি প্রিন্সিপ্যাল মহাশয়কে আপনার মাধ্যমে স্যার, জিজ্ঞাসা করছি, তিনি কি জানেন না রামপুরহাট কলেজের যিনি প্রিন্সিপ্যাল হয়েছেন তিনি এম. এ. তে ৪২ পারসেণ্ট মার্কস পেয়েছেন এবং পাশ কোর্স-এ বি. এ পাশ করেছেন, অনার্স নেই? এই অবস্থায় তিনি রামপুরহাট কলেজের প্রিন্সিপ্যাল হয়েছেন। আবার অপর দিকে সিউড়ির বিদ্যাসাগর কলেজের জন্য কলেজ সার্ভিস কমিশন শ্রীফাল্গুনী মুখার্জীর নাম পাঠানো সত্বেও সি. পি. এম-এর গভর্নিং বডি যেহেতু তিনি ছাত্র পরিষদ করতেন সেইহেতু তাকে এ্যাপয়েণ্টমেণ্ট দিলেন না। স্যার, শিক্ষা ক্ষেত্রে এইরকম দুরাচার, ভ্রষ্টাচারের অনেক উদাহরণ আমি দিতে পারি। তারপর স্যার, ক্যালকাটা ইউনির্ভার্সিটির ভাইস চ্যান্সেলারের ব্যাপারে একটি কথা বলতে চাই, এ ব্যাপারে আর. এস. পির টিচার্সরাও আমাকে সমর্থন করেছেন। এই ভাইস চ্যান্সেলারের পোষ্টটা একটা প্রফিটেবল পোষ্ট এবং সি. পি. এম এটাকে পাবার জন্য উঠে পড়ে লেগেছিল। শিক্ষার মান আজকে নেমে গিয়েছে। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যে ঐতিহ্য তা আজ ভুলুণ্ঠিত। কেন স্যার?

[2-20—2-30 P. M.]

যে শতবার্ষিকী ভবন আছে, সেই শতবার্ষিকী রেনোভেশানের জন্য যেখানে খরচ হওয়া দরকার ছিল মাত্র ৪ লক্ষ টাকা, সেখানে সেই শতবার্ষিকী ভবন রেনোভেশানের জন্য ৫০ লক্ষ টাকায় নিজের আত্মীয় কনট্রাক্টরকে দেওয়া হয়েছে। আজকে ঐ ৫০ লক্ষ টাকার বাকী টাকাটা কোথায় গেল এবং কেন গেল? আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে বর্তমান সরকার রাজ্যপালের মাধ্যমে যে ভাষণ রেখেছেন, কি শিক্ষা ক্ষেত্রে, কি কৃষি ক্ষেত্রে, কি স্বাস্থ্যক্ষেত্রে, কি আইন-শৃঙ্খলার ক্ষেত্রে, কি জেনারেল প্রশাসনের ক্ষেত্রে, সব দিক থেকে ব্যর্থ হয়েছে। এটা আমার কথা নয়, এটা শরিকী দলের কথা। এটা আমার কথা নয়, ওদেরই মাননীয় মুখ্যমন্ত্রী, যিনি অপদার্থতার সঙ্গে পশ্চিম বাংলাকে চালাচ্ছেন, তাঁর নিজের কথা। তার ডিপার্টমেণ্টের কর্মীরা অপদার্থ হয়ে গেছে। আজকে লালবাজার হেডকোয়ার্টারের মধ্যে পুলিশে পুলিশে সংঘর্ষ হচ্ছে এবং পুলিশ মন্ত্রী সেখানে কোন ব্যবস্থা করছেন না। তিনি কো-অর্ডিনেশান কমিটিকে সমর্থন করছেন। আমি আপনার মাধ্যমে অতি বিনয়ের সঙ্গে জানাতে চাই যে বামফ্রণ্ট সরকারের নিজেদের অপদার্থতা, কুকীর্তি ঢাকবার জন্য রাজ্যপালের মাধ্যমে যে ভাষণ এখানে উপস্থিত করেছেন, সেই ভাষণকে আমি সমর্থন করতে পারছি না। জয়হিন্দ। বন্দেমাতরম্।

শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয় সদস্য শচীন সেন কর্তৃক আনীত রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে দু' একটি কথা বলতে চাই। প্রথমে বলতে চাই, আজকে যিনি আমার আগে এখানে বক্তৃতা করলেন, তার কথা শুনে বলবো যে পাগলে কি না বলে, আর ছাগলে কি না খায়। কাজেই তার

কথার কোন উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আছে বলে মনে করিনা। উনি যে কথা বললেন তাতে এটাই দাঁড়ায় যে বক্তৃতা দিলেন রাজ্যপাল, আর আসামী হবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালকে ওরা আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে চান না, সেজন্য ওরা এই কাজ করছেন। বক্তৃতা দিলেন রাজ্যপাল, তার অপরাধের জন্য দায়ী হবেন মুখ্যমন্ত্রী। এই জিনিস কখনও হয়না, এটা ওদের বোঝা উচিত ছিল। ওর বোঝায় যে ঘাটতি আছে সেটা প্রমাণিত হল। আমি সেজন্য ওর কথার কোন জবাব দিতে চাইনা। আমি শুধু এই কথা বলতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বা বামপন্থীরা নীতিগত দিক থেকে তারতম্য করেন। আমি একটা ছোট উদাহরণ দিতে চাই। ১৯৬০ সালে যখন এই বিধানসভাতে কমরেড জ্যোতি বসুকে চীনের দালাল বলে আখ্যা দেওয়া হয়েছিল এবং সেদিন জ্যোতিবাবু বলেছিলেন, 'আমাদের পার্টির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত আমরা ঘরে এবং বাইরে সর্বত্র বলি এবং এটাই হচ্ছে আমাদের নীতি। এর জন্য হাজার গুলি তোমরা আমাকে মারতে পার কিন্তু আমার মুখের ভাষা বন্ধ করতে পারবে না'। সে জন্য আমি এই কথা বলি যে আমরা বামফ্রন্ট সরকার করেছি নানা রকম প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতার মধ্যে দিয়ে। আমরা বলেছি যে সীমাবদ্ধতা আমাদের আছে। ওরা কথায় কথায় বলেন যে সরকার বারেবারে সীমাবদ্ধতার কথা বলছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি নীতি বিরুদ্ধ কাজ করে না। বামফ্রন্ট জন্ম হওয়ার ১৩ বছর আগে ভারতের কমিউনিষ্ট পার্টির মার্কসবাদী কর্মসূচীতে একথা বলেছে যে পার্টি যদি এমন পরিস্থিতির সম্মুখীন হয় যে জনগণের আশু সমস্যাবলি প্রশমনের জন্য নিরপেক্ষ কোন সরকার প্রতিষ্ঠার সুযোগ আসে তাহলে নিশ্চয়ই সেই সুযোগের সদ্ব্যবহার করবে। এই ধরণের সরকার গঠনের ফলে শ্রমিকশ্রেণীর মধ্যে বৈপ্লবিক আন্দোলনের বিরাট প্রেরণা সঞ্চারিত হবে এবং গণতান্ত্রিক মোর্চা গঠনের জন্য প্রয়াসী হবে। কিন্তু এই ধরণের সরকার জাতীয়, অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যাবলির গুণগত সমাধান করতে সক্ষম হবে না। সুতরাং জনগণের আশু সমস্যাবলি প্রশমন করতে এবং গণ-আন্দোলনকে শক্তিশালী করতে পারে এমন একটি সরকার গঠনের সমস্ত সুযোগকে কাজে লাগিয়ে এই পার্টি বর্তমান বৃহৎ বুর্জোয়া পরিচালিত বুর্জোয়া সরকারের অপসারণ সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করতে থাকবে।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এই কথা বলতে চায় যে, একটা সংবিধান সম্মত বৃহৎ বুর্জোয়াদের দ্বারা পরিচালিত রাষ্ট্রকাঠামোর মধ্যে একটা রাজ্য সরকার পরিচালনা করে আলাদা কোন নীতিতে সেই সরকারকে পরিচালনা করতে পারা যায় না। কিন্তু আমরা জনগণের আশু-সমস্যার সমাধান করার জন্য যেটুকু কাজ করা উচিত সেটুকু করার চেষ্টা করছি। তার সাথে সাথে নতুন করে গোটা ভারতবর্ষের জনগণের সমস্যার সমাধান করার জন্য যেভাবে অগ্রসর হওয়া উচিত সেভাবে সে পথের নির্দেশ দেওয়ার জন্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামপন্থী দলগুলি মিলিতভাবে বামফ্রন্ট সরকারকে কাজে লাগাচ্ছে। তার জন্যই আজকে আমরা শ্লোগান হিসাবে বলছি যে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস করতে হবে জনগণের সমস্যার সমাধান করার জন্য। কিন্তু শ্রীমতী গান্ধী তা

করছেন না। ওঁরা ওটা সমর্থন করতে পারছেন না। এ ব্যাপারে আমরা দেখছি 'ইণ্ডিয়া-টুডে' পত্রিকায়—এটি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কাজ নয়—ডিসেম্বর '৮৩-তে লিখেছে, গত চার বছর শ্রীমতী ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর টাটা বিড়লার সম্পদ কি পরিমান বেড়েছে। ১৯৭৯ সালে টাটার সম্পদ ছিল ২৪৩০ কোটি ৮৩ লক্ষ টাকা, আর ১৯৮২ সালে সেই সম্পদ বেড়ে হয়েছে ২৮৮৩ কোটি ১৫ লক্ষ টাকা। বিড়লার সম্পদ ১৯৭৯ সালে ছিল ২০০৪ কোটি ৭৮ লক্ষ টাকা, আর ১৯৮২ সালে সেই সম্পদের পরিমান বেড়ে দাঁড়িয়েছে ২৩৬৭ কোটি টাকায়। আর তারা প্রফিট কত করেছে? ৩১৫% প্রফিট করেছে। এটা এমনি হয়নি, শ্রীমতী ইন্দিরা গান্ধী করতে দিয়েছেন, তাই হয়েছে। আমরা পশ্চিমবাংলায় বহুদিনের সংগ্রামের মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার গঠন করেছি। কংগ্রেসী অপশাসন, তাদের জনস্বার্থ বিরোধী নীতির বিরুদ্ধে সংগ্রাম করে আজকে বামপন্থীরা সরকারে এসেছি এবং আজও কেন্দ্রীয় সরকারের ঝুটা নীতি, জনস্বার্থ বিরোধী নীতির বিরুদ্ধে লড়াই করছি, সংগ্রাম করছি। মাননীয় সভাপতি মহাশয়, আমি শুধু একটা কথা বলতে চাই যে, কেন্দ্রীয় সরকার আই. আর. সি. আই. নামে একটি পদার্থ তৈরী করেছে পশ্চিমবঙ্গের রুগ্ন শিল্পগুলিকে ঠিক করার জন্য এক দিকে গোটা ভারতবর্ষে রুগ্ন শিল্পের সংখ্যা হচ্ছে ২৫০০০, তার মধ্যে পশ্চিম বাংলায় ৭০০০ এবং ৩১৫টি বিগ ইণ্ডাষ্ট্রিও রুগ্ন হয়েছে। অন্য দিকে একচেটিয়া পুঁজিপতি, বিদেশী পুঁজিপতিরা মেকানাইজেসন, মডার্ণাইজেসনের নাম করে একটা প্রচণ্ড সংকট সৃষ্টি করছে। প্রথমে ধরুন ফার্মাসিউটিক্যাল ইণ্ডাষ্ট্রির কথা। এই ইণ্ডাষ্ট্রির ক্ষেত্রে আমাদের পশ্চিম বাংলার একটা অতীত ঐতিহ্য ছিল, শত শত কোটি টাকা এখানে লগ্নী হ'ত। স্বাধীনতার পর সমস্ত ইণ্ডাষ্ট্রিটাকে নিয়ে যাওয়া হলো মহারাষ্ট্রে এবং সেখানে একচেটিয়া পুঁজিপতিদের নেতৃত্বে এই শিল্পের প্রসার ঘটান হচ্ছে। অথচ এই শিল্পের আভ্যন্তরীণ উৎপাদন ব্যবস্থাকে জোরদার না করে বিদেশী পুঁজিপতিরা ১৫০ কোটি টাকার সমস্ত বাইরের বাজে ওষুধ আমাদের দেশে আমদানী করার চেষ্টা করছে। কেবল মাত্র ২৭৯ কোটি টাকার ওষুধ আমদানী করছে। শ্রমতী ইন্দিরা গান্ধী যে নিউ লাইসেন্সিং সিস্টেম করেছেন তাতে আরো বেশী করে এই শিল্পে সংকট সৃষ্টি হচ্ছে। এখানে ছোট ছোট শিল্প মার খাচ্ছে। উনি নীতি গ্রহণ করলেন যে, বড় বড় একচেটিয়া পুঁজিপতিরা যে সমস্ত বড় ইণ্ডাষ্ট্রি করেছে সে সমস্ত বড় ইণ্ডাষ্ট্রিগুলিতে উৎপাদন কমিয়ে দিয়ে তারা নিজেরাই ছোট ছোট জায়গাতে ঐ কোম্পানীরই ওষুধ উৎপাদন করতে পারবে। অর্থাৎ তিনি তাদের ২/৪/৮ বছর করে ঐভাবে উৎপাদন করার ব্যবস্থা করে দিয়েছেন। ফলে সে সমস্ত ছোট ছোট জায়গায় কম পয়সা দিয়ে তারা শ্রমিক খাটিয়ে, মেকানাইজেসন করে ওষুধ উৎপাদন করে বাজারে বিক্রি করছে। এইভাবে তারা সমস্ত বাজে ওষুধ উৎপাদন করে বাজারে বিক্রি করছে। এই ব্যবস্থা শ্রীমতী ইন্দিরা গান্ধী আজকে তাদের করে দিয়েছেন। এর পরে আমি আই. আর. সি. আই.-র কথায় আসছি।

[2-30—2-40 P. M.]

আই. আর. সি. আই আমাদের এই পশ্চিমবাংলায় ১৯৮০ সালে ৫৫ ইউনিট আর ১৯৮২

কথার কোন উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা আছে বলে মনে করিনা। উনি যে কথা বললেন তাতে এটাই দাঁড়ায় যে বক্তৃতা দিলেন রাজ্যপাল, আর আসামী হবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালকে ওরা আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে চান না, সেজন্য ওরা এই কাজ করছেন। বক্তৃতা দিলেন রাজ্যপাল, তার অপরাধের জন্য দায়ী হবেন মুখ্যমন্ত্রী। এই জিনিস কখনও হয়না, এটা ওদের বোঝা উচিত ছিল। ওর বোঝায় যে ঘাটতি আছে সেটা প্রমাণিত হল। আমি সেজন্য ওর কথার কোন জবাব দিতে চাইনা। আমি শুধু এই কথা বলতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বা বামপন্থীরা নীতিগত দিক থেকে তারতম্য করেন। আমি একটা ছোট উদাহরণ দিতে চাই। ১৯৬০ সালে যখন এই বিধানসভাতে কমরেড জ্যোতি বসুকে চীনের দালাল বলে আখ্যা দেওয়া হয়েছিল এবং সেদিন জ্যোতিবাবু বলেছিলেন, 'আমাদের পার্টির যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত আমরা ঘরে এবং বাইরে সর্বত্র বলি এবং এটাই হচ্ছে আমাদের নীতি। এর জন্য হাজার গুলি তোমরা আমাকে মারতে পার কিন্তু আমার মুখের ভাষা বন্ধ করতে পারবে না'। সে জন্য আমি এই কথা বলি যে আমরা বামফ্রন্ট সরকার করেছি নানা রকম প্রতিবন্ধকতা, সীমাবদ্ধতার মধ্যে দিয়ে। আমরা বলেছি যে সীমাবদ্ধতা আমাদের আছে। ওরা কথায় কথায় বলেন যে সরকার বারেবারে সীমাবদ্ধতার কথা বলছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি নীতি বিরুদ্ধ কাজ করে না। বামফ্রন্ট জন্ম হওয়ার ১৩ বছর আগে ভারতের কমিউনিষ্ট পার্টির মার্কসবাদী কর্মসূচীতে একথা বলেছে যে পার্টি যদি এমন পরিস্থিতির সম্মুখীন হয় যে জনগণের আশু সমস্যাবলি প্রশমনের জন্য নিরপেক্ষ কোন সরকার প্রতিষ্ঠার সুযোগ আসে তাহলে নিশ্চয়ই সেই সুযোগের সদ্ব্যবহার করবে। এই ধরণের সরকার গঠনের ফলে শ্রমিকশ্রেণীর মধ্যে বৈপ্লবিক আন্দোলনের বিরাট প্রেরণা সঞ্চারিত হবে এবং গণতান্ত্রিক মোর্চা গঠনের জন্য প্রয়াসী হবে। কিন্তু এই ধরণের সরকার জাতীয়, অর্থনৈতিক ও রাজনৈতিক সমস্যাবলির গুণগত সমাধান করতে সক্ষম হবে না। সুতরাং জনগণের আশু সমস্যাবলি প্রশমন করতে এবং গণ-আন্দোলনকে শক্তিশালী করতে পারে এমন একটি সরকার গঠনের সমস্ত সুযোগকে কাজে লাগিয়ে এই পার্টি বর্তমান বৃহৎ বুর্জোয়া পরিচালিত বুর্জোয়া সরকারের অপসারণ সম্পর্কে জনসাধারণকে শিক্ষিত করতে থাকবে।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এই কথা বলতে চায় যে, একটা সংবিধান সম্মত বৃহৎ বুর্জোয়াদের দ্বারা পরিচালিত রাষ্ট্রকাঠামোর মধ্যে একটা রাজ্য সরকার পরিচালনা করে আলাদা কোন নীতিতে সেই সরকারকে পরিচালনা করতে পারা যায় না। কিন্তু আমরা জনগণের আশু-সমস্যার সমাধান করার জন্য যেটুকু কাজ করা উচিত সেটুকু করার চেষ্টা করছি। তার সাথে সাথে নতুন করে গোটা ভারতবর্ষের জনগণের সমস্যার সমাধান করার জন্য যেভাবে অগ্রসর হওয়া উচিত সেভাবে সে পথের নির্দেশ দেওয়ার জন্য মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামপন্থী দলগুলি মিলিতভাবে বামফ্রন্ট সরকারকে কাজে লাগাচ্ছে। তার জন্যই আজকে আমরা শ্লোগান হিসাবে বলছি যে, কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস করতে হবে জনগণের সমস্যার সমাধান করার জন্য। কিন্তু শ্রীমতী গান্ধী তা

করার পর ১৯৮১ সালে লস কমে হলো ১৫ লক্ষ টাকা আর ১৯৮২ সালে হলো ৬ লক্ষ টাকা। তারপর যখন এই লস কমতে লাগলো তখন বলা হলো ডি-নোটিফিকেসান করতে হবে, ছেড়ে দিতে হবে। এইভাবে ডিনোটিফিকেসানের ব্যবস্থা হচ্ছে। ই. এস. আই., প্রভিডেণ্ড ফাণ্ড, এল. আই. সি, আই. ডি. বি. আই. ব্যাঙ্ক প্রভৃতি কেন্দ্রীয় সরকারের অধীন। এদের উপর কোন ব্যবস্থা রাজ্যসরকারের পক্ষে করা সম্ভব নয়।

শ্রীমতী গান্ধী ওটা করবেন না। আজকে লক্ষ লক্ষ, কোটি মানুষের জীবনের বিনিময়ে একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করার চেষ্টাই তিনি করছেন। যেখানে ক্যাটারপুলার থেকে তিনি ২ লক্ষ ১৩ হাজার টাকা একসাইজ ডিউটি, সেলসট্যাক্সে ১ লক্ষ ৪৮ হাজার টাকা, ১৯৮১ সালে ৯৪ হাজার টাকা একসাইজ ডিউটি এবং ১ লক্ষ ৫৭ হাজার টাকা সেল্স ট্যাক্স, ১৯৮২ সালে ৫ লক্ষ ২৮ হাজার টাকা একসাইজ ডিউটি এবং ২ লক্ষ ২৫ হাজার টাকা সেল্স ট্যাক্স—এই দুটোয় মিলিয়ে সাড়ে সাত লক্ষ টাকা পেলেন, সেখানে মাত্র ৬ লক্ষ টাকা লসের জন্য আজকে সেই ক্যাটারপুলারকে ডি-নোটিফিকেসন করার চেষ্টা করেছেন শ্রীমতী গান্ধী। ওঁরাই আবার বলেন যে বামফ্রন্ট সরকার কিছুই করতে পারছেন না।

আমি একথা বলতে যে ব্যাংক কনট্রোল করেন কি শ্রীমতী গান্ধী? ব্যবসা বাণিজ্য করতে হবে কি তাঁর পকেটের টাকা দিয়ে? ব্যবসা করার জন্য আই. ডি. পি. আইয়ের লোন নিতে হবে, ব্যাংক লোন নিতে হবে। কিন্তু আজকে ব্যাংকের আমানত দিনের পর দিন কমিয়ে দেওয়া হচ্ছে। ব্যাংক সাহায্য করছে না। আমি জোর দিয়ে বলতে পারি, আজ ব্যাঙ্ককে দিল্লী থেকে নির্দেশ দেওয়া হয়েছে পশ্চিমবঙ্গে কোন শিল্প করার জন্য কোন রকম সাহায্য দেবে না। এঁদের আর একটা নীতি হচ্ছে যারা আগের লোন শোধ দিতে পারবে না, তাদের ইনডাষ্ট্রি করার জন্য নতুন কোন লোন দেওয়া হবে না। যাঁরা লোন শোধ করতে পারবেন তাঁদেরকে দেওয়া হবে, অর্থাৎ টাটা. বিড়লাকে দেওয়া হবে। আমি চ্যালেঞ্জ করে বলতে পারি, ছোট বা মাঝারি শিল্প বাড়াবার জন্য কোন লোন দেওয়া হবে না। এই হচ্ছে ইন্দিরা গান্ধীর সরকার। এই কথা ওঁরা বার বার বলেন যে শিল্প প্রসারে বামফ্রন্ট সরকারের কোন প্রচেষ্টা নেই। কিন্তু আমি বলতে চাই, আজকে যে আন্দোলন, যে সংগ্রাম এখানে সুরু হয়েছে পেট্রো কেমিকেল কমপ্লেকসের জন্য, ইলেকট্রোনিকস ফ্যাক্টরীর জন্য, সেদিকে কি শ্রীমতী গান্ধী কর্ণপাত করেছেন? করেন নি। এটা এঁদেরই কথা। সংবাদপত্রের মাধ্যমে আমরা দেখেছি যে মাননীয় রাজ্যপাল শ্রী এ. পি. শর্মা মহাশয় এ বিষয়ে বলার চেষ্টা করেছেন। আমরা তাঁকে ধন্যবাদ দিচ্ছি যে এঁদের আপত্তি সত্ত্বেও উনি সংবিধানের মর্যাদা রক্ষা করেছেন, উনি বামফ্রন্ট সরকারের বক্তব্যকে হাজির করেছেন। আমি এই কথা বলব যে ব্যাংক, আই. আর. সি. আই., আই. ডি. পি. আই, প্রভৃতি যে সমস্ত আমানত সংস্থা আছে, আজকে সর্বদাবীসম্মত প্রস্তাব নিয়ে বলুন যে এই সমস্ত ফাইনান্সিয়াল ইনষ্টিটিউসনসের সাহায্য, লোনের সুযোগ সারা ভারতবর্ষে এক করতে হবে।

আমি এই কথা বলার চেষ্টা করছি যে রাজ্যপাল মহাশয় মৌলিক সমস্যার ব্যাপারগুলির কথাই বলেছেন। জিনিসপত্রের দাম বাড়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকারকেই বহন করতে হবে। আজকে ১৪টি নিত্যপ্রয়োজনীয় পণ্য একই দামে সারা ভারতবর্ষে বণ্টনের দায়িত্ব কেন্দ্রকেই নিতে হবে। প্রয়োজন হলে ভর্তুকী দিয়ে, উৎপাদন এবং বণ্টনের দিকটা সুনিশ্চিত করতে হবে। একদিকে যখন পশ্চিমবঙ্গ চরম অর্থসংকটে ভুগছে, অর্থাভাবে যখন উন্নয়নমূলক কাজ কিছুই করা যাচ্ছে না—সেই অবস্থায় জাতীয় সম্পদের সবটাই নিয়ে যাচ্ছেন কেন্দ্রীয় সরকার। আমি একটা উদাহরণ দিয়ে বলছি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহাশয় বিশেষ আপ্যায়ণ ভাতা বাবদ বছরে যেখানে মাত্র ৯ হাজার টাকা খরচ করেন, সেখানে বোম্বের কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী মহাশয় বছরে ৭ লক্ষ টাকা খরচ করেন কি ভাবে? সেখানে তো কোন সংকট দেখতে পাচ্ছি না। সমস্ত ব্যবস্থাই তো সেখানে সুশৃংখলভাবে চলছে। আসলে ওঁদের বক্তব্য হচ্ছে "এলো মেলো করে দে'খা লুটে পুটে খাই।" আর সেই ব্যবস্থা পশ্চিমবঙ্গে হচ্ছে না বলেই ওঁরা এই বিধানসভায় নানারকম চীৎকার করছেন। আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দাবী তুলেছেন যে জাতীয় সম্পদের ৭৫ ভাগ সমস্ত রাজ্যে সমানভাবে বণ্টন করতে হবে, নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর সর্বভারতীয় সরবরাহের দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে; পশ্চিমবংগের ন্যায্য পাওনা যে হাজার হাজার কোটি টাকা তা আমাদের দিতে হবে। এই দাবী পশ্চিমবঙ্গের দাবী। এই দাবী নিয়েই জ্যোতিবসু মহাশয়ের নেতৃত্বে এই বামফ্রন্ট সরকার চলছে।

[2-10—2-50 P. M.]

একটি কথা বলতে চাই—এই দাবী শুধু পশ্চিমবাংলার বামফ্রন্টের বা পশ্চিমবাংলার মানুষের নয়, যে দাবী আমরা তুলেছি তা ভারতবর্ষের ৭০ কোটি মানুষের দাবী। আমাদের যে দাবী সেটা গোটা ভারতবর্ষের মানুষকে আজ উদ্বুদ্ধ করেছে। বিরোধী দলগুলো ১৯৮০ সাল পর্যন্ত সি. পি. আই. (এম) পার্টিসহ বামপন্থী দলগুলোকে গালাগাল করতো। আজকে তাঁরা সবাই এক জায়গায় এসে দাঁড়িয়েছেন। যাঁরা সুস্থ সম-মনভাবাপন্ন রাজনীতিবিদ, যাঁরা মানুষকে বোঝেন, মানুষের স্বার্থের কথা বলতে চান, তাঁরা আজকে শ্রীমতী গান্ধীর স্বৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে এক জায়গায় দাঁড়িয়েছেন এবং যার জন্য সৃষ্টি হয়েছে কনক্লেভ্। আজকে সমস্ত বিরোধীপক্ষ এবং বামপন্থীরা একসাথে মিলে স্বৈরতন্ত্রের বিরুদ্ধে, কেন্দ্রীয় সরকারের হাত থেকে ক্ষমতা ছিনিয়ে নিয়ে আসার জন্য এক ব্যাপক আন্দোলন সৃষ্টি করেছে। আজকে এই কনক্লেভ্ আন্দোলনে জাতীয় সংহতি নতুন করে সৃষ্টি হয়েছে, দেশের মানুষের জন্য নতুন পথ সৃষ্টি হয়েছে। ঐ আজকে যারা সংবিধান পোড়াচ্ছে, তারাই আজকে আসামে গণ্ডগোল পাকাবার চেষ্টা করছে। এই হচ্ছে শ্রীমতী গান্ধীর চরিত্র! ওঁরা এইভাবেই চলতে চান। ডিভাইড্ করো এবং রুল করো—বিদেশী কায়দাতে, ইংরেজের কায়দাতে শ্রীমতী গান্ধী চলতে চান কিন্তু আজ আর তা সম্ভব নয়। ওঁরা যতই চিৎকার করুন না কেন, আজ আর তা সম্ভব নয়। আজকে দেশে নতুন সম্ভাবনার সৃষ্টি হয়েছে। কনক্লেভের মধ্যে দিয়ে, ঐ ন্যাশনাল ক্যাম্পেন কমিটির মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের

শ্রমিক শ্রেণী শ্রীমতী গান্ধীর স্বৈরতান্ত্রিক শক্তির বিরুদ্ধে, তাঁর জনস্বার্থবিরোধী নীতি এবং শ্রমিকদের প্রতি অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হয়েছে। আর এটাই হচ্ছে আজকে ওঁদের আক্রোশ, এটাই হচ্ছে ওঁদের ভয়, ভিতি। ওঁরা জানে এইভাবে চলতে থাকলে আর বেশী দিন এই বিধানসভায় আসতে পারবেন না, শ্রীমতী গান্ধীও দিল্লীতে ক্ষমতা চালাতে পারবেন না। তাই আজ ওঁরা আতঙ্কিত। সেইজন্য, মাননীয় রাজ্যপালের ভাষণ এবং তার উপর ধন্যবাদসূচক প্রস্তাবকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ইনক্লাব—জিন্দাবাদ্।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এতদিন পর্যন্ত ৭টি আশ্চর্য্যের কথা শুনে আসছিলাম, এখন বেড়ে ৮টি আশ্চর্য্যের কথা শুনতে হচ্ছে আমাদের। পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আমি কোন মন্তব্য করছি না। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু যে মন্তব্য মাননীয় রাজ্যপাল সম্বন্ধে করেছেন - যা গত ১৩ই জানুয়ারী সরকার কর্তৃক প্রকাশিত "পশ্চিমবঙ্গ" পত্রিকাতে বেরিয়েছে—আমি সেটাকে পড়ছি। আজকে যে রাজ্যপালের দেওয়া ভাষণকে ধন্যবাদ জানিয়ে প্রস্তাব এনেছেন, তাঁর বিরোধীতায় তিনি যা বলেছেন সেই কথাই আমি বলবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১৩ই জানুয়ারী ১৯৮৪ 'পশ্চিমবঙ্গ' পত্রিকার ৬১১ পাতায় বেরিয়েছে "রাজ্যপাল রীতিভঙ্গ করেছেন বলেই এই সিদ্ধান্ত—জ্যোতি বসু" এই শিরোনামে। এখানে বলা হয়েছে—বিরোধীদের সম্মেলনের প্রাক্কালে মঙ্গলবার মহাকরণে সাংবাদিকদের সাথে এক সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেন ঃ ভবিষ্যতের জন্য সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে আমরা আমাদের মন্ত্রী, এম. পি. এবং এম. এল. এ-দের রাজ্যপালের অনুষ্ঠানগুলি বয়কটের আহ্বান জানিয়েছি। বসু বলেন ঃ কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগের বামফ্রন্ট সরকারের সুপারিশ গ্রহণ না করে রাজ্যপাল রীতি ভঙ্গ করেছেন। বামফ্রন্ট বিষয়টি নিয়ে একটু বাড়াবাড়ি করছে না কি?—এই প্রশ্নের জবাবে বসু বলেন ঃ না, রাজ্যপালের কাজের প্রতিবাদের জন্য আমরা সম্মানজনক রাস্তা বেছে নিয়েছি। অপর একটি প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন কতদিন এই বয়কট চলবে তা তিনি বলতে পারেন না। তিনি জানান, আমাদের পরিস্থিতির উপর নজর রাখতে হবে।" বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী যেখানে বলেন "রাজ্যপালের অনুষ্ঠান বয়কট করাটা সম্মানজনক", সেখানে ও পক্ষের মাননীয় সদস্যরা, মাননীয় মন্ত্রীরা কি করে আজকে রাজ্যপালের পঠিত ভাষণকে ধন্যবাদ জানিয়ে প্রস্তাব আনেন—এটাই আমার কাছে ৮ম আশ্চর্য্য! মাননীয় রাজ্যপালের বিরুদ্ধে কেন এই জেহাদ্ সেটা পরে বলবো আগে বলি, সরকার পক্ষের প্রবীনতম কম্যুনিষ্ট সদস্য দেবীবাবু বক্তৃতা রাখতে গিয়ে বলেছেন যে ওঁরা নাকি যখন এদিকে বলতেন তখন একইভাবে বক্তৃতা রাখতেন।

আমি জানিনা দেবীবাবু কি মিন করতে চাইছেন। আজকে যদি সরকার পক্ষের সদস্যরা বলেন যে আমরা যা বলছি সব অসত্য বলছি, আমরা যা বলছি সেটা সত্য ভিত্তিক বলছি না—দেবীবাবু কি সেটাই মিন করতে চাইছেন? সেইদিন যখন তাঁরা বিরোধী পক্ষে ছিলেন তখন

তাঁরা যা বলেছিলেন সেইগুলি কি সবই অসত্য কথা? দেবীবাবু কটাক্ষ করে বলেছেন যে হনুমান থেকে মানুষ তৈরী করার চেষ্টা করছেন। আমি বলি মানুষ তৈরী করতে পারলে আনন্দিত হতাম। কিন্তু এই হনুমান রামভক্ত হনুমান নয়, এইগুলি হচ্ছে সব রাবন ভক্ত হনুমান। এই হনুমানগুলোকে মানুষ করা যাবে না। দেবীবাবু এই ব্যাপারে ভুল করেছেন। আবার আশ্চর্য্য লাগলো, বামফ্রন্টের অনেক সদস্য আছেন, অনেক মন্ত্রী মহাশয় আছেন তারা নাকি ট্রেড ইউনিয়ান করে এসেছেন, অনেকে নাকি বহু শ্রমিক আন্দোলনের সংগে জড়িত ছিলেন। আজকে ক্ষমতায় থেকে তারা এমন শ্রমিক আন্দোলন করছেন যাতে সারা পশ্চিমবাংলায় চটকল শ্রমিকরা ৪৬ দিন হলো না খেয়ে না দেয়ে মরছে। কি কারণে চটকল শ্রমিকদের ধর্মঘটের কথা রাজ্যপালের ভাষণে মধ্যে এক লাইনও লেখা নেই? দেখান তো শ্রমিক বন্ধুরা আপনারা চটকল শ্রমিকদের জন্য একটু দুঃখ প্রকাশ করেছেন, তাদের জন্য আপনারা মর্মাহত, তাদের জন্য আপনারা চিন্তা করছেন। এই কথা কোথাও রাজ্যপালের ভাষনের মধ্যে নেই। অথচ ওনারা বাইরে বলে বেড়ান, বিভিন্ন কারখানার শ্রমিকদের সভায় বলে বেড়ান যে ওঁরা নাকি শ্রমিক দরদী সরকার! রাজ্যপালের ভাষণের উপর আলোচনায় একবারও দেখলাম না এই চটকল শ্রমিকদের ধর্মঘট নিয়ে ওনারা কিছু বলতে চাইছেন। চটকল শ্রমিকদের স্বার্থে ওনারা কিছু বলছেন এই কথা শুনতে পেলাম না। কেন এই রাজ্য সরকার বলবেন যে তাঁরা শ্রমিকদরে স্বার্থে লড়াই করছেন? বহু সংগ্রামের কথা গোপালবাবু বললেন। তাঁর প্রশ্নের উত্তর আমি দেব। আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীতি চট্টরাজ কে উনি পাগল হয়ে গিয়েছেন। আমি জানি কেন ওনারা আজকে উল্টো পাল্টা কথা বলছেন। আমরা সেই গরু হারানোর গল্প জানি। একজন লোকের গরু হারিয়ে গিয়েছিল। সে গরু যখন খুঁজে পাইনি তখন সে তার ছেলেকে বলছে "ভাই এক গ্লাস জল দে তো রে"। তখন পাশে তার স্ত্রী বসে ছিল। সে তখন বলছে, সেকি তুমি তোমার ছেলেকে ভাই বলছো? তারপর সেই লোক তার স্ত্রীকে বলছে "মা তুমি এক গ্লাস জল দাও তো"। সেই কথা শুনে তার স্ত্রী বললো তুমি তোমার স্ত্রীকে মা বলছো? তার উত্তরে লোকটি বলেছিল গরু হারালে এই রকমই অবস্থা হয়। আমরা জানি কোন্নগর এবং বালি পৌরসভার নির্বাচন, বালুরঘাটের নির্বাচন, নদীয়ার কৃষ্ণ গঞ্জের নির্বাচন এবং মালদহের কালিয়াচকের নির্বাচন। এই নির্বাচনই ওঁদের মাথা খারাপ করে দিয়েছে তাই গোপালবাবু উল্টো-পাল্টা কথা বলছেন। যেমন গরু হারালে ছেলেকে ভাই বলে, স্ত্রীকে মা বলে ঠিক তেমনি ভাবে সুনীতি চট্টরাজকে ওঁরা নির্বাচনে হেরে যাবার পর পাগল বলে আখ্যা দিচ্ছেন। আমরা এটা জানি, এতে আশ্চর্য্য হবার কিছু নেই। আজকে অবাক লাগলো পশ্চিমবাংলায় রাজ্যপালের ভাষনের উপর ওনারা বক্তব্য রাখতে এসে পশ্চিমবাংলার সার্বিক চিত্র তুলে না ধরে পশ্চিমবাংলায় যে সমস্ত ঘটনা ঘটছে তা তুলে না ধরে শুধু বিরোধী পক্ষের দিকে এবং কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কটাক্ষ করা হয়েছে। আমরা নাকি সব অন্যায় বলি, অসত্য কথা বলি! বামফ্রন্ট সরকার কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ করার জন্য কি কাজ করেছেন? কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য্য নিয়োগ করার জন্য সেনেটে যে ভোট হয়েছিল সেই ভোটে দেখা

গেছে ১২৪ জন ভোট দিয়েছেন। তার মধ্যে মাত্র ৩৫ জন ভোট দিয়েছেন অধ্যাপক রমেন পোদ্দারকে, ৭১ জন তাঁকে ভোট দেন নি। তারপর আমরা কি দেখি? শিক্ষামন্ত্রী নিজে একটা নূতন করে হর্স ট্রেডিং সুরু করলেন। হঠাৎ আবার সেখানে সেনেটের মেম্বাররা আচার্য্যকে বলছেন যে না আমরা সব রমেন পোদ্দারের দল। আমরা জানি ১৯৬৯ সালে যখন কিছু কিছু কংগ্রেস সরকারের পতন হয়েছিল তখন দেখেছিলাম হর্স ট্রেডিং সুরু হয়েছিল। কিছু কিছু বিরোধী পক্ষের এম. এল. এ. কিনে নিয়ে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছিল বিভিন্ন জায়গায়। সেই পদ্ধতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সুরু করলেন শিক্ষামন্ত্রী। তিনি নূতন করে কন্‌ক্লেভ সুরু করলেন যাতে এই সেনেট মেম্বাররা আবার আচার্য্যকে গিয়ে বলেন যে, না তাঁরা আবার রমেন পোদ্দারকে চান। আজকে যেই রমেন পোদ্দারকে উপাচার্য্য করতে পারলেন তখনই আপনারা সারা পশ্চিমবাংলায় আচার্য্য বিরোধী শ্লোগান দিচ্ছেন, রাজ্যপালের বিরুদ্ধে বক্তব্য রাখছেন। শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য দূর হয়েছে বলে অনেক কথাই আপনারা বলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অবস্থা আজকে কি হয়ে রয়েছে? কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য নিজে বলেছেন কলিকাতা বিশ্ববিদ্যালয় অচল অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারী দলের পৃষ্ঠপোষক যাঁরা রয়েছেন তাঁরা সব জায়গায় উপচার্য্যকে অসহযোগিতা করার জন্য আজকে তিনি কাজ চালাতে পারছেন না। এটা তো আমাদের কথা নয়, এটা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের কথা। আমরা জানি এই সব কথা বলতে গেলেই বিরোধীতা করা হয়ে যাবে। শিক্ষার ক্ষেত্রে কেমন নৈরাজ্য দূর হয়েছে তার কয়েকটি উদাহরণ আমি তুলে ধরছি। অনেক বামফ্রন্ট সরকারের সদস্য আছেন যাঁরা শিক্ষকতা করেন, অনেককে ক্লাস সিক্সে পড়াতে হয়। এই ব্যাপারে অনেককে হয়ত ট্রেনিংও নিতে হয়েছে। ক্লাস সিক্সে যে ইংরাজী পড়ানো হয় সেই ইংরাজী পড়ানোর যে পদ্ধতি—প্রথমে আবার ক্লাস সিক্স থেকে এ, বি, সি, ডি শেখানোর কথা—সেখানে যে পদ্ধতি প্রয়োগ করা হয়েছে সেই পদ্ধতি কতটা কার্যকারী হবে সেটা একটু ভেবে দেখুন। আজকে যে বই আছে তাতে ক্যাপিটেল লেটারের এ, বি, সি, ডি শেখানো হচ্ছে না। সেখানে ছাত্রদের শেখানো হচ্ছে স্মল লেটারে এ, বি, সি, ডি। আশ্চর্য্যের বিষয় বইটার প্রথমে ক্যাপিটেল লেটারের কোন পরিচয় দেওয়া হোল না, একেবারে বইটার শেষ দিকে ক্যাপিটাল লেটারের পরিচয় দেওয়া হলো। কোথায় কোথায় হয়ত এম, ও, ওয়াই দু-একটা দেওয়া আছে। সেনটেন্স-এ কিন্তু ক্যাপিটেল লেটারের ব্যবহার আছে এবং প্রয়োগ করা হয়েছে।

[2-50—3-00 P. M.]

স্যার, আমি আপনাকে অনুরোধ করব, আপনি একবার ভেবে দেখুন ছাত্ররা স্কুলে গিয়ে কি শিখবে। এখানে অনেক মাননীয় সদস্য স্কুলের শিক্ষক আছেন, তাঁরা বলুন তো ছাত্ররা স্কুলে গিয়ে কি শিখবে? মাষ্টার মহাশয়দের কাজের জন্য ট্রেনিং দেওয়া হয়, সর্ট পিরিয়ড ট্রেনিং এর ব্যবস্থা হয়ত তাঁদের আছে। তাঁরা হয়ত কিছু কিছু ছাত্রকে শেখাতে পারবেন ধরে নিলাম, কিন্তু বেশীর ভাগ ছাত্রই স্কুলে কিছুই শিখতে পারছে না। তাদের বাড়ীতে গিয়ে বাবা মায়ের কাছে নতুন

করে শিখতে হচ্ছে। আমরা জানি, স্কুলে ৩/৪ ঘণ্টায় বিশেষ কিছু শেখা যায় না, সেজন্য বাড়ীতেই তাদের শিখে নিতে হয়। কিন্তু যে পদ্ধতি আপনারা প্রবর্ত্তন করেছেন, তাতে ঐ সমস্ত ছাত্ররা কি করে তাদের পড়া শিখবে? কি করে ছাত্ররা তাদের শিক্ষাকে আয়ত্ব করবে, সে সম্বন্ধে মাননীয় বামফ্রন্টের মন্ত্রীমহাশয়রা ও নেতারা বললে আমি খুশী হব। প্রাইমারী স্কুলের শিক্ষক এখানে অনেক মাননীয় সদস্য আছেন। তাঁরা বলুন তো, ক্লাস ওয়ানে অনেক স্কুলে এখনও পর্যন্ত কোন বই যায় নি, অনেক স্কুলে হয়ত পূজার পর পাঠ্য বই তাদের দেওয়া হবে, এই অবস্থায় ঐ বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা কি করে লেখাপড়া শিখবে? আমি হিসাব করে দিচ্ছি, কোন কোন স্কুলে এখনও পর্যন্ত বই পাঠানো হয় নি ছাত্রদের মধ্যে বিতরণের জন্য। কৈ, সেকথা তো কোন মাননীয় সদস্য বা নেতার মুখে শুনলাম না? দেখলাম না তো রাজ্যপালের ভাষণের মধ্যে ছাত্রদের মধ্যে এখনও বহু স্কুলে বই বিতরণ করা হয় নি। বছরের শেষে পূজার পর হয়ত স্কুলে স্কুলে বই দেওয়া হবে পড়াশুনার জন্য। আমার প্রশ্ন, তাহলে ছাত্র-ছাত্রীরা বই পড়বে কবে? পরীক্ষাই বা হবে কবে? এবারে দেখছি, ক্লাস নাইনের ছাত্র-ছাত্রীরা এখনও পর্যন্ত অনেক স্কুলে বই পায় নি। পশ্চিমবাংলার বুকে আইন-শৃংখলা বজায় আছে বলে আপনারা বলেন। রাজ্যপালের ভাষণের মধ্যে একই কথা যখন দেখি, তখন আমরা অবাক হয়ে যাই। রাজ্যপাল হিসাবে যিনি একটা মিটিংয়ে যেতে পারেন না, সমাবর্তন উৎসবে যোগ দিতে গিয়ে যেখানে তাঁর উপর আক্রমণ আসে, যেখানে শাশের রাজ্য বিহারের রাজ্যপালকে নিয়ে মিটিংয়ে গিয়ে আক্রান্ত হয়ে ফিরে আসতে হয়, সেখানে রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন, এখানে আইন-শৃংখলার অবস্থা অন্যান্য রাজ্যের তুলনায় ভাল। এই ভেবে আমরা গর্ববোধ করি। আমরা শুধু অবাক হয়ে যাই। গর্ববোধ কি সত্যিই আপনারা করতে পারেন? পারেন জ্যোতিবাবু উত্তর দিতে? অথচ, আমরা যখন দমদম বিমান বন্দরে কালো পতাকা দেখাতে গিয়েছিলাম ডাঃ ফারুক অবদুল্লার বিরুদ্ধে, তখন আমরা যারা সেখানে ছিলাম তাদের বিরুদ্ধে অনেক ব্যবস্থা নেওয়া হবে বলে হুংকার শুনেছিলাম। পুলিশকে দিয়ে আমাদের ৪ জনের বিরুদ্ধে এফ. আই. আর. পর্যন্ত করা হয়েছে। আমরা কিন্তু সেই হুমকিতে ভয় পাই না। আমরা ভয় পাই না কোন কেসের। আমরা যদি কোন অপরাধ সেদিন করে থকবো, তাহলে তো আমাদের বিরুদ্ধে কেস করা হবে কোর্টে। কৈ, কোন কেস তো এখনও পর্যন্ত করছেন না? তাহলে কি ধরে নেব কোন প্রমাণ আপনারা দিতে পারছেন না বলেই কেস করতে ভয় পাচ্ছেন? কোন মিথ্যা মামলায় আমরা ভয় পাই না। আমরা সেদিন ডাঃ ফারুক আবদুল্লার বিরুদ্ধে যখন শান্তিপূর্ণ ভাবে কালো পতাকা দেখাতে গিয়েছিলাম, তখন কয়েকজন পুলিশের কনেষ্টবল সেখানে উপস্থিত ছিল। সংখ্যায় তারা ছিল অতি অল্প, কয়েকজন মাত্র মোটর বাইকে বসা ছিল। পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, আমরা নাকি সেদিন কয়েক হাজার উপস্থিত ছিলাম। আমরা যদি সত্যিই কয়েক হাজার থাকতাম এবং আক্রমণ করাই যদি আমাদের উদ্দেশ্য হত, তাহলে তো সামান্য কয়েকজন পুলিশের উপস্থিতিতে অনেক ক্ষতি সেদিন আমরা করতে পারতাম। আমরা সেখানে গিয়েছিলাম ডাঃ

ফারুক আবদুল্লার বিরুদ্ধে শান্তিপূর্ণ বিক্ষোভ দেখাতে। অন্য কোন উদ্দেশ্য আমাদের মধ্যে ছিল না। আমরা ডাঃ ফারুক আবদুল্লার কাছে কাশ্মীরে ভোটে হেরে যাওয়ার জন্য বিক্ষোভ দেখাতে সেদিন সেখানে যাই নি। কাশ্মীরে রিগিং হয়েছিল এবং যে কোন কারণেই হোক ভোটে পরাজিত হয়েছি বলে বিক্ষোভ দেখাতে সেখানে সেদিন যাই নি। মৌলবী ফারুক চিরকালই বলে এসেছেন, কাশ্মীর পাকিস্থানের অবিচ্ছেদ্য অংশ—বিচ্ছিন্নবাদকে যে প্রশ্রয় দেয়, তার বিরুদ্ধে বিক্ষোভ জানাতেই আমরা সেদিন সেখানে জমায়েত হয়েছিলাম। সেখ্ আবদুল্লা, যিনি চিরকাল বিচ্ছিন্নতা-বাদের বিরুদ্ধে ছিলেন, আমরা ক্ষমতার দ্বন্দ্বে হেরে গিয়েও সম্মান দিয়ে এসেছি। যখন তাঁর দলে নিরংকুশ সংখ্যা গরিষ্ঠতা ছিল না, তখন আমাদের একজন এম. এল. এ.-কে পদত্যাগ করিয়ে, তাঁর দলের একজনকে নির্বাচনে জিতিয়েছিলাম। তবেই তিনি সেই সময়ে মুখ্যমন্ত্রীত্বে বসতে পেরেছিলেন। সুতরাং ক্ষমতার লোভ আমাদের মধ্যে নেই। তাহলে কিন্তু আমরা সেখ্ আবদুল্লাকে ঐ ভাবে সম্মান জানাতে পারতাম না। কিন্তু ডাঃ ফারুক আবদুল্লা, যিনি বিচ্ছিন্নতা-বাদী শক্তির সঙ্গে মিটিং করেন, তাঁর বিরুদ্ধে বিক্ষোভ আমাদের থাকবেই। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে অপজিশন পার্টির সদস্যরা যখন কথা বলেন, তখন বিচ্ছিন্নতাবাদী এক শক্তি আকালীদলের সঙ্গে কি করে বৈঠক করেন বুঝতে পারি না। যারা আজ সংবিধানের একটা অংশ দিল্লীর বুকে পোড়ায়, তাদের বিচ্ছিন্নতাবাদী শক্তি ছাড়া আর কি বলা যেতে পারে? ডাঃ ফারুক আবদুল্লা এদের সঙ্গে মিটিংয়ে বসেন। ফারুক আবদুল্লার সঙ্গে গ্রেট ইষ্টার্ণ হোটেলে বসে সম্মেলন করেন বিরোধী দলের সদস্যরা। শুধু তাই নয়, রাজ্য সরকারের বহু টাকা তছরূপ করে এই সম্মেলনে ব্যয় করা হয়। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, ডাঃ ফারুক আবদুল্লা বিচ্ছিন্নতাবাদের পক্ষে আছেন কিনা? আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, আপনি তো বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে অনেক কথাই বলেন, তাহলে আপনারই দলের নেতা সুরজিত সিং বারনালা কলকাতায় বসে, গ্রেট ইষ্টার্ণ হোটেলে কি করে একসঙ্গে সম্মেলন করলেন? বামফ্রন্ট নেতাদের কাছে আমি একথা জিজ্ঞাসা করি। শরীকদল ফরোয়ার্ড ব্লকের অবস্থা এখানে বড়ই করুণ। ওঁরা এখানে ক্ষমতার লোভে এক রকম কথা বলেন, আবার বাইরে অন্য রকম বলেন। কুচবিহারে অবস্থা কি চলছে তা ওঁরা ভাল ভাবেই জানেন। সেখানে একটা কোল্ড স্টোরেজ আছে। গতকাল আমি এ বিষয়ের উপরে একটা মেনশান দেব ভেবেছিলাম, কিন্তু দুর্ভাগ্যজনক ঘটনার কারণে তা হয় নি। যাইহোক, কোল্ড স্টোরেজটির নাম হচ্ছে স্বরূপ নারায়ণ জগধাত্রী। সেই কোল্ড স্টোরেজে সি. পি. এম. বলছে তাদের লোক সেখানে কাজ করবে, আবার ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে বলছে, তাদের লোক কাজ করবে। আজকে সি. পি. এম. এর লোকেরা ফরোয়ার্ড ব্লক কর্মীদের উপর সেখানে আক্রমণ চালাচ্ছে। সি. পি. এম. দলের লোকের অত্যাচারে ফরোয়ার্ড ব্লকের কর্মীরা কিছু করতে পারছেন না। যাই হোক, সেখানকার ডি. এম. সেখানে গেলে সি. পি. এম. এর লোকেরা ফরোয়ার্ড ব্লক কর্মীদের এবং ফরোয়ার্ড ব্লক কর্মীরা সি. পি. এম. কর্মীদের উপর দোষ দেয়। সি. পি. এম. দলের পক্ষ থেকে তাঁকে জানানো হয় যে, তাদের দলের লোক নাকি সেখানে আগে

থেকে কাজ করতো। লেবার কমিশনারের কাছেও তারা এই দাবী জানিয়েছে। তখন লেবার কমিশনার জানান, 'তা কি করে সম্ভব—আপনারা যে সময় থেকে আপনাদের কর্মীরা কাজ করছেন বলে দাবী করছেন, সেই সময় কোল্ড স্টোরেজটি আদৌ তৈরী হয় নি।' কুচবিহারে আজ দেখছি, সি. পি. এম. এবং ফরোয়ার্ড ব্লক দলের মধ্যে লড়াই সমানে চলছে। ওখানকার অবস্থা মাননীয় কৃষিমন্ত্রী ভাল ভাবেই জানেন। কুচবিহারে ফরোয়ার্ড ব্লক দলের কর্মীরা সি. পি. এম. দলের কাছে মার খেয়ে সি. পি. এম. নেতাদের কাছে ছুটে আসছেন। মন্ত্রীত্বের লোভে এখানে কিছু বলতে পারছেন না। আমরা দেখছি, ওঁরা সি. পি. এম.-কে এখানে সাপোর্ট করছেন। আমাদের কাছে এটা সত্যিই বড় দুর্ভাগ্যের। এই রকম একটা অবস্থা চলছে রাজ্যের প্রতিটি জেলাতে। তবুও বিরোধীদলের পক্ষ থেকে আইন-শৃঙ্খলার অবস্থা ভাল বলে শ্লোগান তুলছেন। আমরা বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে যখন কালো পতাকা দেখাতে গিয়েছিলাম, সেই ঘটনাকে কেন্দ্র করে নানা রকম শ্লোগান ওঁরা তুলছেন। শান্তিপূর্ণ বিক্ষোভের ঘটনাকে অন্য ভাবে তুলতে চাইছেন।

পাতাল রেলের জন্য রেলমন্ত্রী যে কত উৎসাহ নিয়ে কাজ করছেন সে কথা একবারও বললেন না। পশ্চিমবাংলায় চক্ররেলের কথা কোন মন্ত্রীই বলেন নি। একমাত্র গণি খান চৌধুরীই এ নিয়ে বলছেন এবং কাজ করছেন। পার্লামেণ্টে যে ৩৮ জন এম. পি. আপনাদের আছেন তাঁরা তো রেলমন্ত্রীকে এজন্য একবারও সাধুবাদ জানাননি। আমরা জানি আপনাদের শুধু কেন্দ্র বিরোধী ছাড়া আর কোন শ্লোগান নেই। যখনই তিনি বিভিন্ন জায়গায় লাইনের কথা চিন্তা করছেন তখনই আপনারা বলছেন পাতাল রেলের কাজ মন্থর কেন? আপনাদের পরিবহনের কথায় যতীনবাবু যেসব মন্তব্য করেছিলেন সেগুলি সম্বন্ধে তো বললেন না। এর বিরুদ্ধে শ্যামলবাবু, রবীনবাবু এবং প্রশান্ত শূর মহাশয়রা তো বিক্ষোভ দেখালেন। আপনারা পরিবহনের কোথায় স্বার্থকতা দেখিয়েছেন? আপনারা এখন আর ট্রামে, বাসে চড়েন না। সেখানে মানুষের দুঃখকষ্ট কি করে জানবেন? কংগ্রেস আমলে যে কটা বাস ছিল এখন আর তা নেই। আপনার বিশ্ব-ব্যাঙ্কের টাকাগুলি নিয়ে তছরূপ করলেন। হুগলী জেলার জেলা পরিষদের টাকা তছরূপ করলেন, তার কোন হিসাব দিতে পারলেন না। এরজন্য কি কেন্দ্র আপনাদের টাকা দেবে? পঞ্চায়েত নির্বাচনে এত রিগিং করে, এত টাকা দিয়েও নির্বাচনে আপনারা সমস্ত জায়গায় জিততে পারলেন না। যেগুলি আপনাদের পঞ্চায়েত নয় সেগুলির সঙ্গে আপনারা বিমাতৃসুলভ আচরণ করছেন। হুগলী জেলার যে ৩টি পঞ্চায়েত সমিতি আছে এবং ৫টি গ্রাম পঞ্চায়েত আছে কংগ্রেস পরিচালিত তারা জেলা পরিষদের কাছ থেকে অনেক অসুবিধা ভোগ করছে। আমি যখন জিজ্ঞাসা করলাম টাকা দিচ্ছেনা কেন তখন তারা বলে যে জেলা পরিষদ থেকে নির্দেশ এসেছে যে আগেকার পঞ্চায়েত সমিতি যে টাকা খরচ করেছে সেই টাকার হিসেব আগে দিতে হবে। আমরা হিসেব নিতে গিয়ে দেখছি যে কোন জায়গায় কিছু নেই। আমরা ডি. এমকে বললাম যে যেদিন থেকে আমরা এসেছি, কার্যভার গ্রহণ করেছি সেদিন থেকে হিসাব দেবো, আগেকার হিসেব আমরা কিভাবে দেবো। কারণ সেসব তো আলিমুদ্দিন ষ্ট্রীট এবং শ্রীরামপুরে গেছে। এইভাবে ডি.

এমের কাছ থেকেও আমরা বিশেষ সুবিধা পাচ্ছি না। পঞ্চায়েতের মাধ্যমে যে কৃষি উন্নয়নের কথা বলা হয়েছে এটা কেন্দ্রের পরিকল্পনা। আপনারা যদি কেন্দ্রীয় সরকারের ২০ দফা কর্মসূচী রূপায়ন করতেন তাহলে কৃষি উন্নয়ন হোত। সেই ২০ দফা কর্মসূচী নিয়ে যদি কাজ করতেন তাহলে গ্রামে যে মানুষ দারিদ্র সীমার নীচে আছে তাদের দারিদ্র সীমার উর্দ্ধে নিয়ে যেতে পারতেন। অথচ এরজন্য ইন্দিরা গান্ধী আপনাদের লক্ষ লক্ষ টাকা দিচ্ছেন।

[3-00—3-35 P. M. including adjournment]

আমরা তো বামফ্রন্ট সরকারকে দেখি ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীর এক পঞ্চায়েত ছাড়া আর কিছু করতে পারেননি। আপনাদের কাজ শুধু ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে কথা বলা, কংগ্রেসের বিরুদ্ধে কথা বলা। আপনারা সব সময় বলেন আমরা বিপ্লব করে ক্ষমতায় আসিনি, আমরা সমাজ ব্যবস্থার কি করে পরিবর্তন করব। আমরা বলি আগে বিপ্লব করে সমাজ ব্যবস্থার পরিবর্তন করার ব্যবস্থা করুন, তারপর ক্ষমতায় আসবেন। আপনারা বলেন বিপ্লব করে ক্ষমতায় আসলে শতকরা ৮০ জন পুলিশ কর্মচারী ছাঁটাই হয়ে যেত। আপনাদের তো ক্ষমতা দেওয়া হয়েছে। পুলিশ যদি সংবিধান বিরোধী কাজ করে, পুলিশ কর্মচারী যদি রাজ্য সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাহলে তাদের বিরুদ্ধে শাস্তি দেবার ক্ষমতা তো আপনাদের দেওয়া হয়েছে। কিন্তু সেই পুলিশকে আপনার যদি আপনাদের দলীয় স্বার্থে লাগান তাহলে পুলিশ নির্ভীকভাবে কাজ করতে পারে না। কালকে যেটা উত্তর দিতে গিয়ে বলেছেন অনেক দুর্নীতিগ্রস্ত লোক নির্বচনে জিতে আসে। এটা বাস্তব সত্য কথা। এটা বাস্তবিকই কালকে স্বীকার করেছেন। তাহলে কেন পশ্চিমবঙ্গে কালোবাজীকে গ্রেপ্তার করা হয়নি বলুন তো? বলুন তো আজকে আপনাদের পার্টি ফাণ্ড কোথা থেকে এল? এর উত্তর দিতে পারবেন না। আজকে আপনাদের প্রয়াত নেতা প্রমোদ দাশগুপ্তের ২০ লক্ষ টাকা নিয়ে আপনাদের নেতাদের মধ্যে গোলমাল চলছে। একটা সাপ্তাহিক পত্রিকায় বেরিয়েছে প্রমোদ দাশগুপ্তের ২০ লক্ষ টাকা নিয়ে……

মিঃ ডেপুটি স্পীকার ঃ মিঃ মান্নান, আমি আপনাকে কাগজ পড়তে দেব না। আই ক্যান নট এ্যালাও ইউ টু রিড দি স্ক্রীপ্টস।

শ্রীআবদুল মান্নান ঃ স্যার, আমি রেফার করছি জাস্ট একটা রেজিষ্টার্ড পেপার যা লিখেছে সেটা। এই পেপার যদি কোন রকম অসত্য কথা লিখে তাহলে তার বিরুদ্ধে মান হানীর কেস করবে। কিন্তু যেহেতু কেস করেনি সেজন্য ঘটনাটি সত্য, সেজন্য আমি ঘটনাটি উল্লেখ করছি। একটা সংবাদ বেরিয়েছিল যে সি পি এম'র প্রয়াত নেতার নামে ২০ লক্ষ টাকা থাকার জন্য পার্টির নেতাদের মধ্যে ঝগড়া হয়েছে যে সেই টাকাটা কে নেবে। ২০ লক্ষ টাকা কি ২০ কোটি টাকা, আলিমুদ্দিন স্ট্রীটের পার্টি অফিসের ভ্যালুয়েশান কত সেই প্রশ্নে আমি যাচ্ছি না, আমার প্রশ্ন হচ্ছে সর্বহারা দলের সর্বহারা নেতা যাঁর শুধু জামা কাপড় ছাড়া আর কিছু ছিল না বলে

পশ্চিমবঙ্গের মানুষ জানে তিনি সেই টাকাটা কোথা থেকে পেলেন ? যদি জ্যোতিবাবু এই প্রশ্নের উত্তর দেন তাহলে খুশী হব। আজকে সি পি এম'র পার্টি ফাণ্ড কোথা থেকে এল এই প্রশ্নের যদি জ্যোতি বসু উত্তর দেন তাহলে খুশী হব। ফরওয়ার্ড ব্লক এম এল এ-দের সম্বন্ধে কি বলব—ওঁদের ৪ জন মন্ত্রীকে রাখতে হবে, সি পি এম'র ঘাড়ে চড়ে নির্বাচনে জিততে হবে, অতএব সি পি এমকে সমর্থন করতে হবে। সি পি এম যদি পার্টি অফিস তৈরী করে তাহলে নিজেদের পার্টি অফিস তৈরী করতে পারব, সেজন্য সি পি এমকে সমর্থন করতে হবে। তাই রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের সার্বিক চিত্র তুলে ধরা হয়নি বলে আমি সমর্থন করতে পারছি না। পশ্চিমবঙ্গে ব্যাপক দুর্নীতি হচ্ছে, কালোবাজারী চলছে, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলছে, আইন শৃঙ্খলার চরম অবনতি ঘটেছে, বহু পাটকল শ্রমিক অনাহারে দিন কাটাচ্ছে, এইসব কথা রাজ্যপালের ভাষণে নেই বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারছি না।

[3-35—3-45 P.M.]

শ্রীঅনিল মুখার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি চার দিন ধরে বিরোধী দলের এবং আমাদের পক্ষের সদস্যদের বক্তব্য মন দিয়ে শুনছিলাম। বিরোধী দল গত ১৯৭৭ সাল থেকে যে সব কথা ওনারা বলে আসছেন ঠিক সেই সব কথাই ওনারা পুনরায় বলেছেন। অর্থাৎ সেই একই কথা আইন শৃঙ্খলা নেই, বিদ্যুতের কথা, শ্রমিকদের কথা—এই সব হচ্ছে না, ঐ সব হচ্ছে না, এবং তার মধ্যে অনেক অসত্য কথা দিয়ে তাঁদের ভাষণকে পরিপূর্ণ করেছেন। কিন্তু যেসব কাজ হয়েছে পশ্চিমবাংলায় সে সম্বন্ধে একটি কথাও উল্লেখ করলেন না। কারণ ওনারা চোখ বন্ধ করে বসে আছেন। আমার গান্ধীজীর একটি কথা মনে পড়ে যায়। তিনি স্বাধীনতা পাবার পর বলেছিলেন যে কংগ্রেস তুলে দাও জমি কৃষকদের হাতে দিয়ে দাও, শ্রমিকদের মধ্যে কো-অপারেটিভ করে শিল্প তাদের হাতে তুলে দাও। উনি ঠিকই বলেছিলেন। তিনি একজন মহান ব্যক্তি, তাঁর দূরদৃষ্টি ছিল। তিনি বুঝতে পেরেছিলেন। স্বাধীনতার পরে কংগ্রেস যে রূপ নেবে, সেই রূপ অনুমান করেই তিনি এই কথা বলেছিলেন। যা হোক ওনারা যে কথা বললেন আইন শৃঙ্খলার প্রশ্নে, তাতে আমি বলতে চাই যে সর্বভারতীয় যে চিত্র তাতে দেখা যায় অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা অনেক ভাল। ইউ. পি., বিহার, রাজস্থান, মধ্যপ্রদেশ এখানকার চেয়ে অনেক বেশী খুন জখম রাহাজানি হচ্ছে ডাকাতি হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন হ্যাঁ, খুন হচ্ছে। ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় অপরাধ বাড়বে, এ আর নূতন কথা কি। কিন্তু একথা ঠিক যে অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম—এখানকার পরিস্থিতি অনেক ভাল। স্যার, আমি আপনার কাছে একটি তথ্য পরিবেশন করতে পারি যাতে সহজেই বুঝতে পারবেন কিভাবে সর্বভারতীয় ক্ষেত্রে কমিউন্যাল রায়ট, সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা বেড়েছে এবং পশ্চিমবাংলায় গত ১৯৮২ সাল থেকে কোনও কমিউন্যাল রায়ট হয় নি—একেবারে নীল। অন্যান্য রাজ্যে এই রকম অনেকগুলি ঘটনা ঘটেছে।

শ্রমিক অসন্তোষ ১৯৭৭ সালে সর্বভারতীয় ক্ষেত্রে দেখা যায় ১১'৬ পার্সেন্ট, শ্রমিক অসন্তোষ বা তাদের দাবী দাওয়াকে কেন্দ্র করে যে সব ঘটনা ঘটেছে ১৯৭৮ সালে সেটা বেড়ে দাঁড়ালো ১২'৬, ১৯৭৯ সালে সেটা হলো ১৫'৭ এবং ১৯৮০ সালে সেটা বেড়ে দাঁড়ালো ১৭'৯। অর্থাৎ সর্বভারতীয় ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি বিভিন্ন প্রদেশে বাড়ছে। কিন্তু পশ্চিমবাংলার চিত্র অন্য রকম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে আর একটি চিত্র তুলে ধরছি। নাম্বার অব কমিউন্যাল ইনসিডেন্স সর্বভারতীয় ক্ষেত্রে যদি দেখেন তাহলে দেখতে পাবেন, ১৯৭৮ সালে নাম্বার অব কমিউন্যাল ইন্সিডেন্স হয়েছিল ২৩০, ১৯৭৯ সালে ৩০৪, ১৯৮০ সালে হয়েছিল ৪২৭টি এবং ১৯৮১ সালে ৩১৯, ১৯৮২ সালে হয়েছে ৪৭৪টি, সর্বভারতীয় ক্ষেত্রে। কিন্তু পশ্চিমবাংলায় এই রকম ঘটনা নিল। অন্যান্য রাজ্যের অবস্থা দেখুন ইউ. পি., বিহার, বিহার শরীফে বিভিন্ন রকমভাবে সাম্প্রদায়িক ঘটনা ঘটছে। কিছু দিন আগে খবরের কাগজে বেরিয়েছিল, কিভাবে তপশীলীদের উপর অত্যাচার হয়েছে এবং এখনও সেই সব ঘটনা ঘটছে। কিছুদিন আগে আনন্দবাজার পত্রিকায় একটা রিপোর্ট বেরিয়েছিল 'খুনে ভরা দিল্লী'। ১৯৮২ সালে একটা রিপোর্ট বেরিয়েছিল, সেই রিপোর্টে দেখা যায়, এখানে সেই রিপোর্ট রয়েছে, তাতে বলছে ইউ. পি. তে প্রতি দু মিনিটে একটি করে অপরাধ হয়, ১০ মিনিটে একটি করে রাহাজানি হয়, প্রতি ১৫ মিনিটে একটি করে চুরি হয়, প্রতি ৩০ মিনিটে একটি করে সশস্ত্র দাঙ্গা হাঙ্গামা হয়, প্রতি ৪৫ মিনিটে একটি করে লুঠ হয়, প্রতি ৩১ মিনিটে একটি করে খুন হয়। প্রতিদিন তিনটি করে নারী নির্যাতন হয়, এই হচ্ছে সর্বভারতীয় চিত্র, এটা ইউ. পি.'র চিত্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বভারতীয় ক্ষেত্রে আজকে দেখা যাচ্ছে যা অবস্থা, তাতে দেখা যাচ্ছে আইন শৃঙ্খলার দিক থেকে পশ্চিমবাংলার অবস্থা অনেক অনেক ভাল। ছাত্র আন্দোলন থেকে শুরু করে, শ্রমিকের ঘটনা থেকে শুরু করে এবং অন্যান্য অপরাধ যে সমস্ত হচ্ছে, সেই তথ্য দিয়ে বিচার করলে, পশ্চিমবাংলায় ঐ সব ঘটনা অন্য রাজ্যের থেকে অনেক কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনারা আজকে যা বলছেন, সেটা ঠিক নয়। ভারতবর্ষের অর্থনীতিকে বাদ দিয়ে পশ্চিমবাংলাকে বিচার করা যায় না। আজকে সারা ভারতবর্ষের অবস্থা কি? উনারা ওভার ড্রাফটের কথা বলেছেন, ইন্দিরা গান্ধীও ওভার ড্রাফটের কথা বলেছেন, যখন তিনি এখানে সভা করতে এনেছিলেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রীও এই ওভার ড্রাফটের সমালোচনা করেছেন, মাঝে মাঝে তিনি খবরদারীও করেন এই ওভার ড্রাফট নিয়ে। আজকে সারা ভারতবর্ষে ৬০ হাজার কোটি কালো টাকা আছে এবং শুধু তাই নয়, আজকে বিদেশী ঋণে সারা ভারতবর্ষ জর্জরিত। আজকে ভারবর্ষের বিদেশী এবং আভ্যন্তরীণ ঋণের পরিমান হচ্ছে ৫৮ হাজার কোটি টাকা। এর মধ্যে ২৫ হাজার কোটি টাকা বিদেশী ঋণ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা চিত্র উপস্থিত করছি তাহলে সহজেই বুঝতে পারবেন যে ভারতবর্ষ আজকে কোন অবস্থায় রয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের হিসাব অনুযায়ী ৩১শে মার্চ পর্য্যন্ত ভারতীয় এবং বৈদেশিক ঋণের পরিমাণ হচ্ছে ২৫ হাজার ৪৫৮ কোটি ৫৪ লক্ষ টাকা। এর মধ্যে বিভিন্ন জায়গায় এই সমস্ত ঋণ রয়েছে, যেমন জার্মানী, ইউরোপ, ফ্রান্স

এবং অন্যান্য জায়গায়, সমস্ত জায়গা থেকে ঋণ নেওয়া হয়েছে। এমন কি আন্তর্জাতিক অর্থ সংস্থা, আই. এম. এফ., সেখান থেকেও ঋণ নেওয়া হয়েছে। তার পরিমান হচ্ছে ৫৫৫ কোটি ২ লক্ষ টাকা।

[3-45 -3-55 P.M.]

অথচ আমরা কি লক্ষ্য করি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষকে বন্ধক দিয়ে ঋণ নেওয়া হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতা, অর্থনীতি, রাজনীতিকে বন্ধক দিয়ে কেন্দ্রীয় সরকার বিদেশের কাছ থেকে এই ঋণ নিয়েছেন এবং তারজন্য আজকে বিপুল সুদ দিতে হচ্ছে। তাই আজকে ১৮০০ কোটি টাকার মত কেন্দ্রীয় ডেফিসিট বাজেট তৈরী করা হয়েছে। ইনফ্লেসান মুদ্রাস্ফীতি রোধ করার যে সব ব্যবস্থা বাজেটে রাখা হয়েছে তার দ্বারা মুদ্রাস্ফীতি রোধ করা যাবে না, এতে মুদ্রাস্ফীতি বেড়েই চলবে। ৬০ হাজার কোটি কালো টাকা দমন করার জন্য কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছিল তার দ্বারা এটা রোধ সম্ভব হয়নি। সেই কালো টাকার পরিমাণ ক্রমশঃ বেড়েই চলেছে। কাগজে কিছু কিছু দেখা যায়—ওরা বলেন পশ্চিমবাংলায় বেকার নাকি বেড়েই চলেছে, আর কোথাও বেকার নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি চিত্র তুলে ধরতে চাই যে, ভারতবর্ষে কিভাবে দিনের পর দিন বেকার সংখ্যা বেড়ে চলেছে। এই বেকার সংখ্যা বাড়ার জন্য কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, যোজনা দায়ী। এরজন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দায়ী নন এবং বামফ্রন্ট সরকারের নীতির জন্য বেকার বাড়ছে না, জিনিসের দাম বাড়ছে না। কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির জন্যই এটা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৭/৭৮ সালের মধ্যে কর্মপ্রার্থীর সংখ্যা প্রায় ৬৫ লক্ষের মত বৃদ্ধি পেয়েছে। এই সময়ে ১২ শতাংশের মত সংগঠিত শ্রমিক কাজ পেয়েছে, আর বাকি অংশ অসংগঠিত থেকে বেশী বেকারের কলেবর বৃদ্ধি করেছে। যোজনা কমিশনের দলিল এটা স্বীকার করে বলেছে যে বেকারের সংখ্যা ব্যাপক ও সামগ্রিক বৃদ্ধিই শুধু ঘটেনি, কাজের ক্ষেত্রও ক্রমে সংকুচিত হয়েছে সারা ভারতবর্ষে। এই রাজ্যে শিল্প এবং অন্যান্য ক্ষেত্রে শ্রমিক ধর্মঘট কমেছে এবং এখানে ২% মাত্র শ্রমিক অসন্তোষের জন্য কলকারখানা বন্ধ হয়, আর বাকি ৯৮ ভাগ কল-কারখানা বন্ধ হয় অর্থ লগ্নীর অভাবে। কেন্দ্রীয় সরকারের নীতির জন্যই পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ১৯৮২/৮৩ সালের কেন্দ্রীয় সরকারের একটি রিপোর্ট বেরিয়েছে, তাতে বিভিন্ন রাজ্যের লক আউটের হিসাব দেওয়া হয়েছে। সেখানে দেখা যাচ্ছে বিহারে ১২২টি লক আউটের ঘটনা ঘটেছে, গুজরাটে ২০৯টি মহারাষ্ট্রে ১৭৬টি, তামিলনাড়ুতে ১৮৭টি, উত্তরপ্রদেশে ১২৯টি এবং পশ্চিমবাংলায় ১২৪ টি ঘটনা ঘটেছে। সারা ভারতবর্ষের লকআউটের অবস্থাটা একটু তাকিয়ে দেখুন—পশ্চিমবাংলা সবার নীচে রয়েছে। এখানে ধর্মঘট এবং লক আউটের ঘটনা অনেক কম ঘটেছে। গুজরাট, মহারাষ্ট্র তামিলনাড়ুতে ধর্মঘট এবং লক্ষ আউটের ফলে অনেক শ্রমিক ছাঁটাই হয়েছে, সেই তুলনায় পশ্চিম-বাংলায় কম হয়েছে। এটা আমাদের রিপোর্ট নয়, কেন্দ্রীয় সরকারের রিপোর্ট এবং এই রিপোর্টে

লেবারদের অবস্থা বলা হয়েছে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার বলছেন পার ক্যাপিটা ইনকাম বেড়েছে। কোথায় বেড়েছে? বরং পার ক্যাপিটা ইনকাম ফল করেছে। ১৯৭৮/৭৯ সালকে বেস ইয়ার ধরলে দেখা যাচ্ছে ২·৫% পার ক্যাপিটা ইনকাম ফল করেছে।

কিন্তু পিছনের দিকে অর্থাৎ ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত যদি দেখেন তাহলে দেখা যাবে যে পুরো অর্থনীতিকে গরমিল করে উল্টো হিসাব দেখিয়ে জাতীয় আয় বাড়ানো হয়েছে। তারপর এরা বলেছেন, এখানে শিল্পের কোন উন্নতি হয়নি জ্যোতিবাবুর আমলে। কিন্তু আমি বলব, আপনারা যদি হিসাব নিয়ে দেখেন তাহলে দেখবেন, প্রয়াত শিল্পমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য্য মহাশয়ের আমলে বিগত কয়েক বছরে ১৯৮১'৮২ সাল পর্য্যন্ত এই বামফ্রন্টের আমলে এখানে শিল্পে বিনিয়োগ হয়েছে ১৬০৭ কোটি টাকা। তারপর এরা শিক্ষার কথা বলেছেন। লজ্জা লাগে না এদের শিক্ষার কথা বলতে? এদের অনেক নেতা আছেন যাদের টুকে পাশ করার জন্য দারভাঙ্গা হলে আলাদা সিট করে দেওয়া হয়েছিল। যারা সেদিন টুছে পাশ করেছিলেন ওদের সেই রকম নেতা হয়ত এই হাউসে এলনও আছেন। এমন কি সর্বভারতীয় ওদের নেতা হয়েছেন তাদেরও দারাভাঙ্গা হলে, আশুতোষ হলে আলাদা রুম করে দিতে হয়েছিল ভাইস চ্যানসেলারকে ল পরীক্ষায় টুকে পাশ করার জন্য। সেই টুকে পাশ করা ছেলে আজকে সর্বভারতীয় কংগ্রেসী নেতা। এই যাদের অবস্থা তারা আবার শিক্ষার কথা বলেন। এরা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের কথা বলেছেন। এরা তো সেকথা বলবেনই কারণ আজকে আর কলেজে কলেজে মদের দোকান বসে না, বিশ্ব-বিদ্যালয়ে অসন্তোষ নেই, অধ্যক্ষকে গুলি করে মারা হচ্ছে না, ভাইস-চ্যানসেলারকে হত্যা করা হচ্ছে না, এম. এল. একে খুন করা হচ্ছে না কাজেই শিক্ষাক্ষেত্রে ওদের মতে নৈরাজ্য চলছে। ঐ তো এখানে আনন্দবাবু বসে আছেন, তিনি হয়ত জানেন, বলতে পারবেন, ওঁর এলাকায় চণ্ডি মিত্রকে কেন খুন করা হয়েছিল। উনি তখন বিধানসভার সদস্য ছিলেন কাজেই উনি ব্যাখ্যা করতে পারবেন চণ্ডি মিত্রকে কেন খুন করা হয়েছিল এবং কে তাকে মেরেছিল। ওদের আমলে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে অখিলেশকে মারলো এক ছাত্রপরিষদ। এক ছাত্র পরিষদ আর এক ছাত্র-পরিষদকে গুলি করে মারলো। আজকে আর বিশ্ববিদ্যালয়ের অলিন্দে এক ছাত্র আর এক ছাত্রকে গুলি করে মারছে না, কলেজে কলেজে মদের দোকান নেই, কলেজে কলেজে, স্কুলে স্কুলে চুরি হচ্ছে না ভাই ওদের মতে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য চলছে। এই না হলে কংগ্রেসী রাজনীতি। স্যার, আশ্চার্য্য হয়ে যাই যখন শুনি ওরা শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলছে এ কথা বলেন। স্যার আমরা দেখলাম মা যখন দিল্লীতে ক্ষমতায় এলেন ১৯৮০ সালের জানুয়ারীতে তখন থেকেই বিপদটা এল। ১৯৭৮/৭৯ সাল পর্য্যন্ত ওদের মুখে বিশ্ববিদ্যালয়ে কোন গোলমালের খবর শুনিনি যেই মা দশপ্রহরণ-ধারিণী দিল্লীতে আর্বিভূতা হলেন তখনই ঐ লুঠেরার দল বিশ্ববিদ্যালয় এবং কলেজে কলেজে গিয়ে গোলমাল করতে আরম্ভ করলো। মায়ের বলে বলিয়ান হয়ে সন্তানের দলরা পশ্চিমবাংলায় লুঠের রাজত্ব, গোলমালের রাজত্ব এবং সেই ১৯৭২ থেকে ১৯৭৭ সালের অন্ধকারের রাজত্ব কায়েম করার

চেষ্টা করতে লাগলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা ঠিকই যে এক শ্রেণীর পুলিশের মধ্যে এরা রাজনীতি ঢুকিয়ে দিয়ে গিয়েছেন। আমরা অভিযোগ করছি, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও অভিযোগ করেছেন যে পুলিশের এক অংশের ওদের সংগে থেকে আজকে আইনশৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে।

[3-55—4-05 P. M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা চিত্র তুলে ধরতে চাই। এই চিত্রটি একটা টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল। সেই চিত্রটি হচ্ছে, 'হু ব্যাকড হেমেন মণ্ডল'। এই সম্পর্কে এতে একটা আর্টিকেল বেরিয়েছিল। আমি আপনার অনুমতি নিয়ে তার দুটো লাইন কোট করতে চাই। এখানে মাননীয় সদস্য অজিতবাবু আছেন, তিনি হেমেন মণ্ডল সম্পর্কে যে কথা বলেছিলেন সেটা বলতে পারবেন।

(গোলমাল)

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি কাগজ থেকে পড়ছেন। উনি কাগজ থেকে পড়তে পারেন না। আপনি কি এটা এ্যালাউ করছেন ?

মিঃ ডেপুটি স্পীকার ঃ সুনীতিবাবু, কাকে কি এ্যালাউ করতে হবে সেটা আমি জানি। আপনাকে বলতে হবে না। আপনি বসুন। Mr. Mukheree, you cannot read from tht newspaper.

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা আর্টিকেলের কোটেশান এখানে দিচ্ছি।

Hemen has always been loyal to the Congress. Earlier he was patronised by a former Minister and at present Congress (I) MLA from North Calcutta. After the local people of Gouribari ransacked Hemen's house on January 26, the WBPCC (I) President Mr. Ananda Gopal Mukherjee described it as an attack by CPI (M) workers on Congress (I) supporters.

(Noise)

Shri Suniti Chattaraj : Sir, he is reading from the paper.

Mr. Deputy Speaker : Mr. Mukherjee you cannot display any newspaper in the House.

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা কোটেশান কি এখানে দিতে পারিনা ?

মিঃ ডেপুটি স্পীকার ঃ I have given my ruling. It cannot be displayed in the House, please follow my rulling.

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা আর্টিকেলের কোটেশান এখানে দিতে পারিনা যেটা টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল। আমি একটা পেপার কাটিং থেকে পড়তে পারিনা। আমি একটা রেফারেন্স পড়ছি।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ স্যার, উনি আবার পড়ছেন।

মিঃ ডেপুটি স্পীকার ঃ I know this. He is not reading the newspaper. He is only giving the reference.

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঐ টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল যে হু ব্যাকড হেমেন মণ্ডল। কংগ্রেস এই হেমেন মণ্ডলকে ব্যাক করেছিল।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ Sir, on a point of order.

মিঃ ডেপুটি স্পীকার ঃ I shall allow. Your point of order after the speach of Shri Mukherjee. Now let him speak.

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঐ টেলিগ্রাফ কাগজে বেরিয়েছিল যে কংগ্রেস হেমেন মণ্ডলকে ব্যাক করেছে। উত্তর কলকাতার একজন প্রাক্তন মন্ত্রী, তিনি এখন কংগ্রেস (আই)-এর এম. এল. এ, তিনি হেমেন মণ্ডল-এর সমর্থক ছিলেন। কংগ্রেসের প্রাদেশিক সভাপতি সেখানে তার সমর্থনে বলেছিলেন যে সি. পি. এম-এর লোকেরা এদের বাড়ী ছাড়া করেছে এবং র‍্যানসকেড করেছে। অজিতবাবু বলেছিলেন, না। তিনি বিরোধিতা করেছিলেন এবং তারপরে বলা হয়েছিল যে না, এটা হয়নি। আজকে এখানে অজিতবাবু আছেন, তিনি বলতে পারবেন। আজকে যদি এরা হেমেন মণ্ডলকে নিয়ে রাজনীতি করে তাহলে আইন-শৃঙ্খলা কোথায় যাবে সেটা বুঝতে পারেন। পশ্চিমবাংলায় ওরা একদিকে বলবে যে আইন-শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে, আর বাইরে গিয়ে হেমেন মণ্ডলের মত গুণ্ডাদের আস্কারা দিচ্ছেন, অন্যায় ভাবে প্রশ্রয় দিচ্ছেন। আজকে যদি এই জিনিস ওরা করে তাহলে আইন শৃঙ্খলার অবনতির জন্য কারা দায়ী ? আজকে কংগ্রেস এই সব লোকেদের আস্কারা দিচ্ছে, যারা আইন-শৃঙ্খলাকে পদদলিত করছে, গুণ্ডামী করছে, দলবাজী করছে এবং সারা পশ্চিমবাংলাকে লুঠেরাদের হাতে, গুণ্ডাদের হাতে তুলে দিচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, আজকে ভারতবর্ষের অর্থনীতি যে জায়গায় এসেছে এই জায়গায় আসার জন্য দায়ী হচ্ছে ইন্দিরা কংগ্রেস। তাদের তৈরী অর্থনীতি গোটা দেশটাকে আজকে বিক্রি করে দিচ্ছে, বিদেশের কাছে বন্ধক রাখছে। দেশের স্বাধীনতাকে ক্ষুন্ন করে দেশটাকে আজকে ওরা এই জায়গায় নিয়ে এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি এই কথা বলতে চাই যে, পাঞ্জাবে আগুন জলছে, আসামে আগুন জলছে, কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে আগুন জলছে, সুতরাং আজকে এই অবস্থায় শ্রীমতী ইন্দিরা গান্ধীর পদত্যাগ করা উচিত। আজকে আমি প্রধান মন্ত্রীর পদত্যাগ দাবী করছি, কারণ কংগ্রেসী বন্ধুরা রোজই বলেন, জ্যোতি বসু পদত্যাগ করুন। আমি বলি, ইন্দিরা গান্ধী পদত্যাগ করুন, পাঞ্জাবে, আসামে, সব দিকে আগুন জলছে, সুতরাং তাঁর এবং তাঁর দলের (ইন্দিরা কংগ্রেসের) আজকে কোন নৈতিক অধিকার নেই ক্ষমতায় থাকবার। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণের ওপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে তার ওপরে যে সমস্ত সংশোধনী প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় সদস্য অনিলবাবু বক্তব্য রাখবার সময়ে কতগুলি লোকের নাম বলেছেন যারা হাউসের মেম্বার নয়। আপনি জানেন যে, এই হাউসে ইতিমধ্যে স্পীকার মহাশয় একবার রুলিং দিয়েছেন যে, যারা এই হাউসের মেম্বার নয় তারা এই হাউসে নিজেদের ডিফেণ্ড করতে পারবে না, নিজেদের কথা বলতে পারবে না, সে সমস্ত লোকের কথা এখানে যদি কোন সদস্য বলেন তাহলে সে কথাগুলি এক্সপাঞ্জ হবে। এখন আমার প্রশ্ন হচ্ছে অনিলবাবু যে নামগুলি বললেন সেগুলির কি হবে ?

শ্রীদীপক সেনগুপ্ত ঃ স্যার, ব্যাপারটা হচ্ছে, যারা এখানে ডিভেণ্ড দিতে পারবেন না তাঁদের নাম রেফার করা যাবে না। মাননীয় সদস্য সত্য বাপুলী পয়েন্ট অফ অর্ডার তুলে বললেন যে, অনিলবাবু হেমেন মণ্ডলের নাম এখানে উল্লেখ করতে পারেন না। তা আমি সত্য বাপুলীকে জিজ্ঞাসা করছি, হ্যাজ হি টেকেন্ হিজ্ কেস ?

মিঃ ডেপুটি স্পীকার ঃ মিঃ বাপুলী, আই স্যাল লুক্ ইনটু দি ম্যাটার।

শ্রীআবদুল মান্নান ঃ স্যার, সত্য বাপুলী একটা পয়েন্ট অফ অর্ডার তুলেছিলেন, আপনি তার রুলিং দিয়েছেন। আপনি বলেছেন, অনিলবাবু কারো নাম বলে থাকলে তা আপনি বাদ দেবেন বলেছেন। তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, এর আগে স্পীকার মহাশয় এবং আপনি রুলিং দিয়েছেন যে, কোন সাবজুডিস্ ম্যাটার এখানে আলোচনা করা যাবে না।

মিঃ ডেপুটি স্পীকার ঃ মিঃ মান্নান, প্লিজ্ টেক ইয়োর সিট। দেয়ার ইজ্ নোজ পয়েন্ট অফ্ অর্ডার।

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সভ্য অনিল মুখার্জী আমার নাম করে কতগুলি কথা তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন এবং তিনি 'ডেইলি টেলিগ্রাফ' নামে একটা কাগজ এখানে তুলে ধরে বলেছেন আমি নাকি কোথায় কোন একজন এ্যান্টি-সোসালকে সাপোর্ট করেছি। আমি ঐ রকম ধরনের কথা কোথাও বলিনি।

শ্রীঅনিল মুখার্জী ঃ আমি বলেছি, আপনি কনট্রাডিক্ট করেছেন। আপনাদের প্রেসিডেন্ট সাপোর্ট করেছিলেন, আপনি কনট্রাডিক্ট করেছেন।

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ আপনি কথাটা হাত নেড়ে এমন ভাবে বললেন যে আমি মনে করলাম আপনি এ্যালিগেসন করছেন। আমি তাহলে ভুল শুনেছি।

[4-05—4-15 P.M.]

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সংসদীয় গণতন্ত্রে রাজ্যপালের ভাষন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং তাৎপর্যপূর্ণ, কারণ সরকারের কার্য্যপদ্ধতি এবং ভবিষ্যৎ কর্মসূচী রাজ্যপালের ভাষণের মধ্যে প্রতিফলিত হয়। আমরা অত্যন্ত পরিতাপের সঙ্গে লক্ষ্য করছি, রাজ্যপালের এই ভাষণ বিশেষ করে প্রাক-বাজেট ভাষণ একটা ধারাবাহিকতার ঐতিহ্য ক্ষুন্ন করছে বিশেষ করে এই ভাষণের মধ্যে অনেক কিছু তথ্য গোপন করা হয়েছে, অনেক কিছু সত্য গোপন করা হয়েছে এবং অনেক জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয় এর ভিতরে উল্লেখ নেই। এই প্রসঙ্গে আমি বলতে পারি এখানে সমবায় সম্বন্ধে কোন কথা বলা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পশ্চিমবাংলায় ৩৮ হাজার গ্রাম আছে। এই ৩৮ হাজার গ্রামে শতকরা ৭০ জন কৃষক প্রত্যক্ষ-ভাবে এবং পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল এবং এই সমবায় বিশেষ করে গ্রাম বাংলায় কৃষির ক্ষেত্রে অর্থ বিনিয়োগকারী সংস্থা হিসাবে কাজ করে। আমরা জানি, গোটা পশ্চিমবাংলায় দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে—একথা অস্বীকার করে লাভ নেই। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহের মাধ্যম হিসাবে সমবায় কাজ করে। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করছি, আজকে এই সমবায় সমিতির কি অবস্থা? আগামী দিনে এক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। আমি চ্যালেঞ্জ করে বলছি মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোন স্থান লাভ করেনি। জানিনা রাজ্যপাল মহাশয় এই ব্যাপারটা ইচ্ছাকৃতভাবে উপেক্ষা করেছেন কিনা? শুধু সমবায় নয়, এখানে উচ্চ শিক্ষার কথা বলা হয়েছে। বর্তমান সিভিলাইজেসান সম্পূর্ণভাবে নির্ভর করছে ইনডাসট্রিয়ালাইজেসান এবং কর্মাশিয়ালাইজেসানের উপরে। আজকে সভ্যতার ক্রমবিকাশের ক্ষেত্রে গবেষনা এবং কারিগরি শিক্ষার যথেষ্ট গুরুত্ব আছে। অথচ মাননীয় রাজ্যপালের ভাষণে টেকনিক্যাল এডু-কেসানের কথা বলা নেই, গবেষনার কথা বলা নেই, এখানে প্রযুক্তি বিদ্যার কথা বলা নেই। আজকে যে শিক্ষা ব্যবস্থা চলছে সেটা অত্যন্ত জঘন্য শিক্ষা ব্যবস্থা চলছে। এছাড়া বয়ন শিল্পের কথা বলা নেই। ক্ষুদ্র কুটির শিল্পের কথা বলা আছে। একশ্রেণীর মানুষ আছেন যাদেরকে

টয়লিং মাসেস অর্থাৎ আমরা যাদেরকে ওয়ার্কিং ক্লাস বলি। নদীয়া, শান্তিপুর, হুগলী, ধনেখালি, মুর্শিদাবাদ, মালদা, মেদিনীপুর এবং বাঁকুড়ায় হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আছেন যারা বয়ন শিল্পের উপর জীবন-জীবিকা নির্বাহ করে। আজকে সেই বয়ন শিল্পের কি বাজার, কোথা থেকে কাঁচা মাল পাচ্ছে, সরকারী পৃষ্ঠপোষকতা কি লাভ করছে সে সম্বন্ধে কোন কথা বলা হয়নি।

আজকে আপনারা বলেন যে আপনারা না'কি অবহেলিত মানুষের সরকার। আমি অত্যন্ত পরিতাপের সাথে লক্ষ করি—এখানে শম্ভু মাণ্ডি মহাশয় বসে আছেন – শতকরা ৩০ ভাগ মানুষ যারা তপশীলি এবং আদিবাসী, যারা নিরক্ষর এবং নিরন্ন যাদের ভিতর এখন আলোক পৌছায় নি, বর্ত্তমান সভ্য সমাজ থেকে যারা অনেক দূরে আছে সেই মানুষদের সম্বন্ধে এই বাজেট স্পীচের ভিতর কোন কথা বলা নেই। আজকে এখানে কয়েকটি স্তবকের ভিতর তপশীলি আদিবাসীদের কয়েকটি বাড়ী করে দেওয়ার কথা বলা আছে। আজকে আমরা সত্য কথা বলার চেষ্টা করলে আপনারা আমাদের কণ্ঠ রোধ করার চেষ্টা করবেন, আমরা জানি, অনুগ্রহ করে সেটা করবেন না। আদিবাসীদের তপশীলিদের সম্বন্ধে কোন কথা এখানে বলা নেই। আদিবাসী, তপশীলিদের যদি কয়েকটি বাড়ী করে দেওয়া হয় তাহলে তাদের অর্থনৈতিক স্বনির্ভরশীলতা আসে না। বিগত সরকারের কথা না বলে পারছি না, আমি ঐ দপ্তরের মন্ত্রী ছিলাম। শম্ভু মাণ্ডি মহাশয়কে বলছি আমরা Scheduled Castes Development and Finance Corporation করে গিয়েছিলাম, ৪০ লক্ষ টাকা ছিল সেখানে ক্যাপিট্যাল। Scheduled Castes Development and Finance Corporation-এর মধ্যে দিয়ে সেখানে সমাজের যারা দুর্বল শ্রেণীর মানুষ বিশেষ করে তাদের ঘরে যে সমস্ত ছেলে যারা ট্রাডিশ্যন্যাল এ্যাণ্ড ভোকেসন্যাল ট্রেডের শিক্ষায় শিক্ষিত তারা যাতে সীড মাণি পায়, ছোট ছোট উদ্যোগের মধ্যে দিয়ে যাতে নিজেদের পায়ে দাঁড়াতে পারে সেইসব ব্যবস্থার কথা সেখানে বলা হয়েছিল। আজকে সেখানে Scheduled Castes Development and Finance Corporation-এর কথা বলা হয় নি। আজকে ভারতবর্ষের সংবিধানে সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষ, ঐ তপশীলি আদিবাসীদের জন্য চাকরির সংরক্ষণের ব্যবস্থা আছে, ৩০ বছরের সরকার তাদের সেই অধিকারকে কোন আইনে লিপিবদ্ধ করেন নি। বিগত সরকার সেখানে সিডিউল কাষ্টের রিজারভেষণ অফ পোষ্টস ইন সার্ভিসেস যে আইন করা হয়েছিল সেই আইনকে কতটুকু কার্য্যকরী, কতটুকু মূল্যায়ণ করা হয়েছে আমরা কিন্তু এর ভিতরে তা দেখতে পাচ্ছি না। ওখানে শম্ভু মাণ্ডি মহাশয় বসে আছেন, তিনি ভালভাবে জানেন, আজকে বনডেড লেবার ঐ মেদিনীপুর, বাঁকুড়ার আদিবাসী ভাইয়েরা—আমরা জানি—তারা বন্য সম্পদ সংগ্রহ করে, ইনটার মিডিয়ারী সিসটেমে তাদেরকে দিয়ে সেই সমস্ত জঙ্গলে সম্পদ সংগ্রহ করিয়ে তাদের একসপ্লয়েট করা হয়েছে। বিগত সরকার সেখানে ট্রাইব্যাল কো-আপারেটিভ করেছিলেন, এদের নাম দেওয়া হয়েছিল ল্যাম্প।

অর্থাৎ সেখানে কো-অপারেটিভের মাধ্যমে ঐ আদিবাসী ভাইয়েরা যাতে নিজেদের পায়ে দাঁড়াতে পারে সে কথা বলা হয়েছিল, আজকে আমরা এই বাজেট ভাষণের ভিতর তাদের সম্বন্ধে কিছু দেখতে পাচ্ছি না। এখানে পাবলিক আণ্ডারটেকিংসের কথা কিছু বলা হয় নি। আপনারা বলেন যে আপনাদের চিন্তাধারা, আপনাদের পলিটিক্যাল কনভিকসন মার্কশীয় দর্শনের ভিতর নিবদ্ধ। আপনারা চিরদিন বলেন আপনারা পুঁজিবাদের বিরুদ্ধে, ক্যাপিটালিষ্টদের, মনোপলিষ্টদের বিরুদ্ধে বলেন, আজকে যে সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্প আছে সেই রাষ্ট্রায়ত্ত শিল্পের প্রতি আপনাদের অত্যন্ত শ্রদ্ধা। আমরা জানি আজকে এ্যাগ্রো ইণ্ডাসট্রিজ, কল্যাণী স্পিনিং মিল ইত্যাদি পাবলিক আণ্ডারটেকিংসের কেন্দ্রগুলো কোনটা মুখ থুবড়ে পড়ে আছে, কোনটা হাঁটি হাঁটি পায় পায় করে যাচ্ছে তাদের ইকনমিক ভাইটালিটির সম্বন্ধে কোন কথা কিন্তু বলা হয় নি। এখানে আজকে মুদ্রাস্ফীতির কথা বলেছেন, বার বার কেন্দ্রীয় সরকারের ফিসক্যাল পলিশিকে দায়ী করেছেন। ইণ্টার মাণিটারী ফাণ্ডকে আপনারা দায়ী করেছেন। এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নেই, আমি আপনাদের প্রশ্ন করতে চাই, আজকে ননপ্ল্যাণ্ড এক্সপেনডিচারে কত টাকা খরচ করেছেন, সে কথা কিন্তু বলেন নি। যদি সে কথাটা আপনারা বলেন তাহলে মুদ্রাস্ফীতি জনিত সাধারণ মানুষের যে কষ্ট তাতে শুধু কেন্দ্রীয় সরকারই দায়ী নয়, সেই দায় ভাগ আপনাদেরকেও বহন করতে হয়। এখানে ল্যাণ্ড রিফর্মসের কথা বলেছেন, কোথায় জমি, কোথায় সংস্কার? ল্যাণ্ড রিফর্মস মানে শুধু অপারেশন বর্গা নয়। ল্যাণ্ড রিফর্মস বলতে সেখানে জমি চাষের উপযোগী করে তোলা, ল্যাণ্ড রিফর্মস শুধু চাষের কথা বলে? ল্যাণ্ড রিফর্মস এর ভিতর চাষীর কথা বলা হয়। এখানে শুধু অপারেশন বর্গার কথা বলেছেন। একটা পাট্টা ডিসট্রিবিউ-সনের তালিকা দিয়েছেন, কিন্তু আমি জানতে চাই—মাননীয় অধ্যক্ষ মহাশয়—ল্যাণ্ড ডিসট্রিবিউসন যে করা হয়েছে, ভূমিহীন কৃষক জমি পেয়েছে, সেই জমির উপযোগীতা কতটুকু তারা গ্রহণ করতে পেরেছে? ফ্র্যাগমেনটেসন এ্যাণ্ড সাবডিভিসন অফ ল্যাণ্ড সে সম্বন্ধে আপনাদের রাজ্যপাল মহাশয়ের ভাষণের ভিতর কোন ইঙ্গিত আমরা পাচ্ছি না।

[4-15—4-25 P.M.]

বিশেষ করে কম্প্রিহেন্সিভ্ এরিয়া ডেভেলপমেণ্ট, জমি একত্রীকরণ, কালেকটিভ ফার্মিং এবং এগ্রিরিয়ান পলিসি—এগুলো সম্বন্ধে কিন্তু কোন কথা এখানে দেখাতে পাচ্ছি না। আজকে শুধু দেখতে পাচ্ছি 'অপারেশন বর্গা'র কথা। অপারেশন বর্গায় এখানে মাত্র ১ কোটি ৩৮ লক্ষ একর জমি পাওয়া গেছে। পার্ ক্যাপিটা ২৪ শতক দাঁড়াচ্ছে মাত্র। আমরা লক্ষ করছি যে ১ একর জমির অধিকার আপনারা ভূমিহীন কৃষকদের দিচ্ছেন অর্থাৎ চারজনের একটি পরিবার পিছু ১ একর চাষের জমি দিচ্ছেন। কিন্তু আপনারা একবারও ভাবলেন না যে সত্যিকার সেই জমির উপযোগিতা সে কতটুকু গ্রহণ করতে পারবে। আমি মনে করি, আবার আমরা ফিউ-ডালিজ্ম্-এর দিকে ফিরে যাচ্ছি। এখানে একটি শ্রেণী তৈরী করা হয়েছে, যে শ্রেণী জমি পাবে, যে শ্রেণী আপনাদের দাক্ষিণ্যের দিকে তাকিয়ে থাকবে, যে শ্রেণী আপনাদের বদান্যতার উপর

নির্ভর করবে। আমি মনে করি আজকে একটি নিও-সার্ভ সিষ্টেম্ এখানে তৈরী হয়েছে। আপনাদের দলের ক্রীতদাস শ্রেণী তৈরী হয়েছে। কিছু বদান্যতা, কিছু বর্গাদার রাইট পাইয়ে দিয়ে আপনাদের দলের উপর নির্ভরশীল একটি নতুন শ্রেণী তৈরী করছেন। এখানে আপনারা রিলিফ্ আণ্ডারটেকিংয়ের কথা বলেছেন। এ-ব্যাপারে আমরা আপনাদের সমর্থন করি। রিলিফ্ আণ্ডারটেকিংয়ের মধ্যে দিয়ে ৫০ হাজার মানুষকে ছাঁটাই, লে অফ্-এর হাত থেকে বাঁচাতে চেয়েছেন—এটা হচ্ছে একটা সাইড্। কিন্তু ৫০ হাজার মানুষের কর্ম-সংস্থানের কথা চিন্তা করে গত সাত বছরে যে ৪৪টি সংস্থাকে রিলিফ্ আণ্ডারটেকিংয়ের আণ্ডারে নেওয়া হয়েছে—ওখানে কে ডাইরেকটর, কি কারণে তাঁদের এই পতন, কি কারণে তাঁদের এই দুর্বলতা—সে সম্বন্ধে কোন অনুসন্ধান কিন্তু আপনারা করেন নি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার হয়তো ভেবে থাকেন যে আমরা ওঁদের বিরোধী পক্ষ, সুতরাং আমরা মুখ্যমন্ত্রীকে সমর্থন করি না। নিঃসন্দেহে আমরা মুখ্যমন্ত্রীর ভাল কাজকে সমর্থন করি। তখনই আমরা মুখ্যমন্ত্রীকে সমর্থন করি, যখন আমরা দেখি আসামের বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে, হরিয়ানা পাঞ্জাবে যে উগ্র সাম্প্রদায়িকতাবাদ আজকে ভারতবর্ষের ঐক্য এবং সংহতি বিনষ্ট করছে তার বিরুদ্ধে শ্রীমতী গান্ধীর সুরে সুর মিলিয়ে ন্যাশনাল ইনটিগ্রিটির কথা বলছেন, আমরা বলি—বাহবা, বাহবা জ্যোতিবাবু। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি যে শুধু ন্যাশনাল ইনটিগ্রিটিই নয়, কেন্দ্রকে দুর্বল করবার জন্য যখন কনক্লেভ্ তৈরী হচ্ছে, তখন মাননীয় মুখ্যমন্ত্রী গোপনে পশ্চিমবাংলার মাটিতে কনক্লেভের একটি পরিবেশ সৃষ্টি করে দিচ্ছেন, সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ করে আজকে কেন্দ্রের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছেন। মাননীয় রাজ্যপালের সরকারের এই যে মুখমন্ত্রী, তাঁর এই যে ডুবিয়াস্ ক্যারেকটার, এই যে ডাব্ল্ ষ্ট্যাণ্ডার্ড—এটা অত্যন্ত মারাত্মক বলে মনে করি। ইট ইজ্ ডেট্রিমেণ্টাল টু আওয়ার ন্যাশনাল ইনটিগ্রিটি। আজকে আমরা জানিনা আর কতদিন এই জিনিস তিনি চালাবেন। আমরা জানিনা তিনি এই সুযোগ নিয়ে হাউ লং হি উইল ক্যাচ্ ফিস্ ইন দি ট্রাব্লড ওয়াটার? তিনি আজ ঘোলা জলে মাছ ধরবার চেষ্টা করছেন এবং হাউ লং ইট উইল কনটিনিউ?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমি আইন-শৃঙ্খলার কথা আর তুলছি না, যদিও রাজ্যপাল মহোদয় আইন-শৃঙ্খলার কথা দিয়েই সুরু করেছেন। তবে আমি জানি আইন-শৃঙ্খলার কথা বললে মধুর চাকে ঢিল মারা হবে এবং আপনারা চিৎকার করে উঠবেন; বলবেন কোথায় আইন কোথায় শৃঙ্খলা? হয়তো আমার স্বপক্ষীয় সদস্যদের কেউ কেউ বলে থাকবেন আইন-শৃঙ্খলা নেই। আমি বলছি ল আছে, অর্ডার আছে। কিন্তু সেই ল তো আমাদের এই পবিত্র বিধান-সভার তৈরী করা হয়নি, সংসদে তৈরী করা হয়নি! আমরা দেখতে পাচ্ছি 'নাগরিক কমিটি' নামে শহরে শহরে, ব্লকে ব্লকে, অঞ্চলে অঞ্চলে যে সমস্ত পয়েণ্ট তৈরী হচ্ছে—সেখানে পার্টি ক্যাডারদের স্বার্থে যা হওয়া উচিত, সেটাই হচ্ছে আইন। আর অর্ডার? এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডার তো অর্ডার নয়! এখানে লক্ষ লক্ষ যে সমস্ত পলিটবুরো তৈরী হয়েছে এবং তাতে যে সমস্ত ক্ষুদে ক্ষুদে নেতা তৈরী হয়েছে আপনাদের দলের, তারা যে সমস্ত আদেশ দিচ্ছে—সেগুলোই হচ্ছে

সত্যিকারের অর্ডার। আজকে নদীয়ায় ৭২টি রাজনৈতিক খুন হয়েছে। সুকুমার বাবু এখানে আছেন। তাঁর বাড়ীর কাছেই হাঁসখালী থানা। সেখানে একদিনে ৯ জন প্রাণ হারিয়েছে! আজকে তদন্ত করলে সেখানে অনেক কিছুই বেরিয়ে যাবে। আজকে দিনের পর দিন খুন রাহাজানি চলছে সর্বত্র। আজকে পশ্চিমবঙ্গে আইন-শৃংখলা কোথায়? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই সেদিকে দৃষ্টি রাখবেন। খুন সব সময়েই নিন্দনীয়। যদি খুনীকে এ্যারেষ্ট করতে না পারেন, খুনকে যদি রেজিষ্ট করতে না পারেন, আইনের অনুশাসন যদি প্রবর্তন করতে না পারেন তাহলে এই সরকার ব্যর্থ সরকার। আজকে আমরা মাননীয় রাজ্যপালের ভাষণের পর বলতে পারি এটা একটা স্বর্ণযুগ, ইট ইজ এ গোল্ডেন এজ্। আজকে গোল্ডেন এজ কাদের কাছে? ব্যবসায়ীদের গোল্ডেন এজ্।

মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকেরা ধরা ছোঁয়ার বাইরে থেকে গোপনে ব্যবসাদারদের সুযোগ করে দিচ্ছে। গোপনে রাতের অন্ধকারে নিজেদের জাত বাঁচিয়ে তাদের সংগে আঁতাত করছে। কত জন কালোবাজারী ব্যবসাদারদের আপনারা গ্রেপ্তার করেছেন? সরকার পক্ষের একজন সদস্য বলেছেন ব্যবসাদাররা সারের সংগে মাটি মেশাচ্ছে, সরষের তেলে ভেজাল দিচ্ছে, তারা এইভাবে কাজ চালিয়ে যাচ্ছে। এরমধ্যে কজন কালোবাজারীকে আপনারা গ্রেপ্তার করেছেন? ওরা তো দিব্যি তাদের কাজ চালিয়ে যাচ্ছে।

(এই সময় লাল বাতি জ্বলে উঠল)

আমার আর সময় নেই, আমার বলার অনেক কিছু ছিল, মাননীয় স্পীকার লাল বাতি জালিয়ে দিয়েছেন। রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এটা অসত্য ভাষণ এবং মিথ্যায় ভরা। তাই এই ভাষণকে সমর্থন করা যায় না। তাই এই ভাষণের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

34th Repor of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 34th Report of the Business Advisory Committee which at its meeting held on 2nd March, 1984 recommended the following Programme of Business and Allocation of Time from 7th March to 16th March, 1984 :

Wednesday, 7.3.84	(i)	The Calcutta University (Amendment) Bill, 1984. (Introduction, Consideration & Passing) 2 hrs.

	(ii) (a) The Gangasagar Mela (Amendment) Bill, 1984. (Introduction)	
	(b) Discussion on Statutory Resolution Notices given by Shri Satya Ranjan Bapuli, Shri Suniti Chattaraj and Shri Kashinath Misra	1 hr.
	(c) The Gangasagar Mela (Amendment) Bill, 1984. (Consideration & Passing)	
	(iii) The Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)	
	(iv) The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)	1 hr.
Thursday, 8.3.84	(i) Resolution on the development of the Coal Mines area —Notice given by Shri Bijoy Pal	1 hr.
	(ii) Resolution on the expansion on Haldia Oil Refinery— Notice given by Dr. Omar Ali	1 hr.
	(iii) Resolution on the nationalisation of the Jute Industry— Notice given by Shri Umapati Chakravorty	1 hr.
Friday, 9.3.84	Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1984-85.	

Tuesday, 13.3.84	General Discussion on Budget	4 hrs.
Wednesday, 14.3.84	General Discussion on Budget	4 hrs.
Thursday, 15.3.84	General Discussion on Budget	4 hrs.
Friday, 16.3.84	General Discussion on Budget	3 hrs.

(1) The House will sit at 3-00 p.m. on Friday, the 9th March, 1984.

(2) The House will sit at 12-00 noon on Friday, the 16th March, 1984, and there will no questions for Oral Answers or Mention Cases on that day.

On 5th, 6th and 12th there will be no session. I would now request Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

শ্রীপতিত পবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৪ তম প্রতিবেদন এই সভায় গ্রহণ করা হোক।

মিঃ স্পীকার ঃ আশা করি এই ব্যাপারে সকলেরই মত আছে। সুতরাং এটা গ্রহণ করা হলো।

শ্রীসুব্রত মুখার্জী ঃ এই ব্যাপারটা মিটিং-এ বলা উচিত ছিল। তবুও আমি বলতে চাই এই কলিকাতা বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেণ্ট বিল এটা এই হাউসে পরে পেস করা যায় না? এটা অত্যন্ত জটিল ব্যাপার এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি অনুরোধ করছি এটা পেছিয়ে দেওয়া হোক।

মিঃ স্পীকার ঃ এই ব্যাপারে মন্ত্রীর সঙ্গে আলোচনা করেই করা হয়েছে। অন্য সময় করলে তিনি থাকতে পারবেন না। তাঁর সময় অনুযায়ী সময় স্থির করা হয়েছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ তাহলে তো উনি ফিরে আসার পরেই এই বিল আনা যেতে পারে।

মিঃ স্পীকার ঃ হয়ত এটা পেছোনো সম্ভব হবে না। তবে এই নিয়ে মন্ত্রীমহাশয়ের সঙ্গে আলোচনা করে পরে জানাবো।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৯ তারিখের বাজেট প্লেসটা ১ টার সময় করা যায় না?

মিঃ স্পীকার ঃ বাজেট প্রেস ১ টার সময় করা একেবারেই সম্ভব নয়। অনেক আগে থেকেই বাজেট প্রেস ৩ টার সময় হয়ে আসছে। এই ব্যাপারে অনেক নিয়ম কানুন আছে, পাল্টানো সম্ভব নয়। আপনাদের হাওড়া পৌছানোর ব্যাপারে গাড়ির ব্যবস্থা করা হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ বাজেটটা পড়ে আমরা একটু আলোচনা করবো, এই জন্য ১ টার সময় প্রেস করতে বলছি।

মিঃ স্পীকার ঃ বাজেট প্রেস করার সময় হলো ৩ টায়। এই ব্যাপারে ব্যবসায়ী মহলে অনেক রীতি নীতি আছে, এটা পাল্টানো যায় না। কারণ কনভেনসান যা চলে আসছে তা বদলাতে গেলে নানা অসুবিধা দেখা দেবে। আপনাদের এম. এল. এ.-দের যেখানে যাবার কথা সেই ব্যাপারে বাসের এ্যারেজমেণ্ট করা হবে।

Dr. Jainal Abedin : Sir, we will have to inform the Press about our reaction in regard to Budget but we are not getting time.

Mr. Speaker : I will discuss the matter with the Finance Minister and the Chief Minister whether it is possible to change the time.

[4-25—4-35 P.M.]

শ্রীজ্যোৎস্না কুমার গুপ্ত ঃ মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং তার বিরুদ্ধে যে সমস্ত সংশোধনী এসেছে, তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। রাজ্যপালের ভাষণে আছে আমাদের সরকার গত বছরে কি করেছেন বা করতে পারেন নি এবং আগামী বছরে কি করা হবে, কি তার প্রোগ্রাম, তার একটা সারমর্ম। এখানে এই বাজেটে দেখা যাচ্ছে যে, সেচের ব্যাপারে, ক্ষুদ্র সেচের ব্যাপারে কতটা কাজ রাজ্য সরকার করেছেন,—জয়নাল আবেদিন সাহেবের কনষ্টিটিউয়েন্সীতে কতটা করতে পেরেছেন, তা অবশ্য আলাদা ভাবে বলা হয়নি—এই সমস্ত কথাই আছে। যাইহোক, শিক্ষা খাতে সরকার কি করেছেন, ভূমি বণ্টন, খাস জমি কতটা ভূমিহীনদের মধ্যে বণ্টন করেছেন, সেগুলো ভাষণের মধ্যে উল্লেখ করা আছে। সুতরাং সেগুলোর উল্লেখ এখানে নিষ্প্রোয়জন বলে আমি মনে করি। আর একটা বক্তব্য, যেটা খুব স্পষ্ট ভাবে রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন তা হচ্ছে, অতি প্রয়োজনীয় কমোডিটিস্‌কে কেন্দ্রীয় সরকার যেন দাম বেধে দেন যাতে অল্প দামে সাধারণ মানুষের কাছে সেগুলো পৌছতে পারে। ভাষণের মধ্যে গত দু বছরের খরার সময়ে সরকার কি করেছেন তার বিষয়েও উল্লেখ আছে। ওঁরা অবশ্য বলেন খরার ব্যাপারে কেন্দ্র সাহায্য দিয়েছে। সাহায্য দিতে কেন্দ্র বাধ্য। কেন তা বলছি। ওঁদের আমলে মুখ্যমন্ত্রী ছিলেন ডঃ স্বর্গত বিধানচন্দ্র রায়—

তিনি অবশ্য আমাদেরও মুখ্যমন্ত্রী ছিলেন—১৯৪৮ সালে দেশ বিভাগের পর যখন আমরা বলেছিলাম পাটের চাষ আমরা আর করব না, ধানের চাষ করবো, তখন পণ্ডিত নেহেরুর সঙ্গে একটা এগ্রিমেন্ট হয়েছিল। তাতে বলা হয়েছিল, পশ্চিমবাংলার খাদ্যে কম পড়লে কেন্দ্র তা দেবে। সুতরাং ওঁরা সাহায্য যাঁকে বলছেন, সেটা কখনই দয়া করে নয়। কেন্দ্রের সঙ্গে যেহেতু তখন চুক্তি হয়েছিল, সেই হেতু কেন্দ্র সব সময়েই দিতে বাধ্য। দেশ বিভাগের পর পাটের জমির বেশীর ভাগ চলে গেছে বাংলাদেশের মধ্যে এবং প্রায় সমস্ত পাট কলগুলি পড়েছে পশ্চিমবাংলার মধ্যে। এবারে আসি মূল্যবৃদ্ধি প্রসঙ্গে। এসেনশিয়াল কমোডিটিসের দাম যদি কোন রকম ভাবে বেধে না দেওয়া যায়—ওঁরা বলছেন, কেন্দ্রীয় সরকার বেধে দিয়েছেন—তাহলে আমাদের চাষীকে পাট বিক্রি করতে হবে কম দামে এবং তার প্রয়োজনীয় সার ইউরিয়া এবং পাম্প চালাবার জন্য ডিজেলের দাম কে. জি. প্রতি বেশী দিতে হবে। কৃষককে তার সংসারের প্রয়োজনে সরিষার তেলের দাম বেশী দিতে হবে। ডিজেল ওঁরা ৩০ পয়সা বেশী দামে বিক্রি করবেন, বেশী লাভ করবেন, চাষীর কাছ থেকে পাট অল্প দামে কিনবেন, তা কখনই হতে পারে না। শিক্ষার ব্যাপারে প্রায়ই ওঁদের বলতে শোনা যায়, নৈরাজ্য চলছে। ক্লাস ফাইভ্ পর্যন্ত কেন আমরা বাংলায় পড়াচ্ছি ইত্যাদি বলছেন। একজন কংগ্রেসী বন্ধু বললেন, ক্লাস সিক্স'এ মা ছেলেকে 'এ' 'বি' 'সি' 'ডি' যখন পড়াতে যান, তখন তিনি ঠিকমত বুঝতে পারেন না। এই অবস্থায় শিক্ষাকে যদি সার্বজনীন করা হয়, তাহলে যাঁদের কৃষকের জন্য এত ভাবনা দেখা দিয়েছে, তাদের কি হবে? একজন কৃষক ঘরের মা 'এ' 'বি' 'সি' 'ডি' দূরে থাকুক, 'অ' 'আ' 'ক' 'খ' কি তিনি জানেন বলে মনে করেন?

বাংলায় অ, আ, ক, খ, সেই কৃষক বাবা মা জানেন। সেটাকে সার্বজনীন করার জন্য শিক্ষা ক্ষেত্রে ক্লাস ফাইভ পর্যন্ত বাংলায় পড়বার ব্যবস্থা হয়েছে যাতে সাধারণভাবে তারা শিক্ষা লাভ করতে পারে। গ্রামের কজন ছেলে ক্লাস ফাইভ পর্যন্ত বাংলায় পড়ে ক্লাস সিক্সে ভর্তি হয়েছে? কাজেই শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওরাই এনেছিলেন। বর্ধমান ইউনির্ভাসিটিতে সেক্রেটারী ঘরেই বসে থাকতেন এবং তাঁকে ১০ টাকা না দিলে ফর্ম পাওয়া যেত না। সেখানে আমরা বছর বছর পরীক্ষার ব্যবস্থা করেছি। ওরা আজকাল খুব নেতাজী নেতাজী করছেন। কিন্তু আমরা ১৯৩৮ সালের কথা ভুলব না। যেদিন নেতাজী সুভাষ ছিলেন সভাপতি সেদিন আপনাদের নেত্রীর বাবা সহ ১২ জন রেজিকনেশান দেন একজিকিউটিভ কমিটি থেকে। ডাঃ রায়ের বাড়ীর উল্টো দিকে এ. আই. সি. সি.-র মিটিং হচ্ছে যেটা মোষ্ট আনকষ্টিটিউসানাল। সেদিন সরোজিনী নাইডুকে সভাপতি করে সভা সুরু হল, তখন সর্দার সার্দুল সিং কবিশের আপত্তি করে বললেন যে এটা কিভাবে হবে, আনকষ্টিটিউসানাল মিটিং হতে পারে না। সেখানে প্রয়াত নেহেরু তাঁকে বসিয়ে দিয়েছিলেন। তখন অমরদা সেখানে ছিলেন। তখন আমরা ওয়ার্কার ছিলাম। কাজেই আজ আপনাদের নেতাজীর নাম উচ্চারণ করা উচিত নয়। সেদিন গান্ধীজী বলেছিলেন—পট্টভীস ডিফিট ইজ মাই ডিফিট। সেসব ওদের তোলা উচিত নয় তারপর আর একটা জিনিষ নিয়ে খুব চেচামেচি করছেন সেটা হচ্ছে আইন শৃঙ্খলা।

[4-35—4-45 P.M.]

আধা গণতন্ত্র, আধা রাজতন্ত্র, আধা সামন্ততন্ত্র, আধা ধনতন্ত্র এই রাজত্বে চুরি থাকবে, জোচ্চুরি থাকবে। কারণ, যে কাঠামো তৈরী হয়েছে সেই কাঠামোকে একদিনে বা ৭ বছরে বদলে দেবার মত ম্যাজিক আমাদের মুখ্যমন্ত্রীর বা কোন মন্ত্রীর বা কোন এম এল এ'র নেই। আজকে ভাবুন ক্রমওয়েলের কি অবস্থা হয়েছিল। ক্রমওয়েল বোধ হয় পৃথিবীর প্রথম ডেমোক্রেসির প্রবক্তা। কিন্তু যখন তিনি স্বৈরাচারী হলেন তখন তাঁকে ইমপ্রিচমেণ্ট ফেস করতে হয়েছিল। সেই ইমপ্রিচমেণ্ট কি, না, ফাঁসি। তবে তাঁর ভাগ্য ভাল যে তিনি তার ভেতরেই মারা যান। নেপোলিয়ান ফ্রান্সে ডেমোক্রেসি আনলেন, এনে বললেন আমি সম্রাট। এই যে সম্রাট। এই যে সম্রাট, সাম্রাজ্ঞী, যুবরাজ এইভাবে যদি ভারতবর্ষের ক্ষেত্রে গড়ে উঠে তাহলে বিচ্ছিন্নতাবাদ কেন গড়ে উঠবে না? কেন শিখরা বলবে না আমাদের দেশের অর্থনীতি আমরা কণ্ট্রোল করব, আমরা সব কিছু করব? কাজেই আজকে ওদের মুখে আমরা ভূতের মুখে রাম নাম শুনব। কেননা, ওরাই তো রাজতন্ত্র প্রতিষ্ঠিত করতে চলেছেন। রাজতন্ত্রে কি হয়েছিল—বৃটিশ রাজতন্ত্র দেখুন, সেখানে ওয়েলসে ঝগড়া হয়েছে, আয়ারল্যাণ্ডে কগড়া হয়েছে, আইরিশরা অর্ধেক বেরিয়ে চলে এসেছে, আর বাকি অর্ধেক বলছে আমরা বেরিয়ে চলে যাব। আমি বলছি না রাতারাতি সমাজতান্ত্রিক কাঠামো তৈরী হবে, যদি প্রকৃত গণতান্ত্রিক কাঠামো তৈরী হত তাহলে আজকে ভারতবর্ষে এই যে চুরি রাহাজানি হচ্ছে এটা অনেকাংশে কমে যেতে পারত। কাজেই ওদের মুখে এই রকম বানী এগুলি আমার কাছে মনে হয়েছে এগুলি যেন বিরোধিতা করব বলে বিরোধিতা করে চলেছেন। স্যার, ওরা আবার ওখানে ঐ তকতায় বসবার ধান্ধা করছেন। তাহলে স্যার, ঐ তক্তা ভেঙ্গে যাবে, ঐ তক্তা ওদের ভার সইতে পারবে না। আজকের দিনে আমাদের এটা ভাবতে হবে যে জনসাধারণ এই বিধান সভায় আমাদের সকলকে নির্বাচিত প্রতিনিধি করে পাঠিয়েছে, আমরা সবাই মিলে যদি আগামী বছরে আমাদের সরকার যে প্রোগ্রাম নেবেন সেই প্রোগ্রামকে সুসংহতভাবে কার্যকরী করতে পারি তাহলে দেশের মংগল হবে। একটা নতুন জিনিস আরম্ভ করেছেন আমাদের ওয়েলফেয়ার মন্ত্রীমহাশয় শিশুর মৃত্যু হার কমাবার জন্য বাড়ীতে বাড়ীতে গিয়ে মায়েদের এই ব্যবস্থা শেখাবে। এগুলি ওরা বুঝতে পারছেন না। ওরা খালি বলছেন খুন হচ্ছে, জখম হচ্ছে। ইকনমিকসের যে থিওরী তাতে উন্নয়নশীল দেশে এই রকম খুন জখম হবে, পুলিশের ক্ষমতা নেই সরকারের ক্ষমতা নেই এটা বন্ধ করার।

একেবারে সম্পূর্ণ কাঠামো বদলাতে পারবো, দেশে গণতন্ত্র নয়, প্রকৃত সমাজতন্ত্র যেদিন হবে সেদিন এই সব ঘটমা আর ঘটবে না সেদিন খুন জখম, ছেলে চুরি, নারী হত্যা, বন্ধ হবে, তার আগে আমার মনে হয় বন্ধ হবে না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ স্যার, ওনার লাল বাতি জ্বলে উঠেছে. ওনাকে বক্তৃতা বন্ধ করতে বলুন।

শ্রীজ্যোৎস্না গুপ্ত : লাল বাতি জলেছে, আমি নিশ্চয় বসবো। তবে সুব্রতবাবুকে বলি যে তিনি কাগজে নাম বার করবার জন্য স্পীকারের মাইক ভেঙ্গে দেয়, তাতে কাগজে নাম উঠতে পারে কিন্তু তার জীবনে ঐ লালবাতি চিরকালের জন্য জলে যাবে। অনেক ছেলেমানুষ একটু সোবার হবার চেষ্টা করুন। যা হোক এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং যেসব সংশোধনী এসেছে তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ কয়ছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, Governor's Address is such a thing that in this House and outside this House the people of West Bengal about 4½ crores are anxiously waiting to know what this Government is going to give them, what they have done for them, what is their performance and what they are going to do in future to redress the grievances and problems of the people. Sir, it is a very lamentable thing to say that nothing has been said in this Address. Though this House is held in Calcutta but nothing has been said for its improvement The Urban Development Department deals with 103 Municipalities, but nothing has been mentioned in the Address about their problems, and about what they are going to do. Sir, in the Address nothing has been said about the election when it will be held. গভর্ণরের এ্যাড্রেসে এই সব কথা থাকবে বলে আশা করেছিলাম বাট নাথিং ওয়াজ ফাউণ্ড। কলকাতা করপোরেশনকে ওনারা ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেসন করে দিলেন। আমি জানি একটা কারচুপি করা হয়েছে। যেখানে ১০০ জন কাউন্সিলার ছিল সেখানে ১৪১ জন কাউন্সিলার করা হোল। এবং এর সংগে গার্ডেনরীচ যাদবপুর বেহালাকে ঢুকিয়ে দেওয়া হোল। গার্ডেনরীচে একজন এম. এল. এ ২৫ জন কাউন্সিলার ছিল। সেখান ৯টা ওয়ার্ড করে দেওয়া হোল। যাদবপুরে কোন কমিশনার ছিল না একটা এম এল. এ আছে। সেখানে ১৪টা ওয়ার্ড করে দেওয়া হয়েছে। বেহালায় ২টি এম. এল. এ ২৬টি ওয়ার্ড ছিল সেখানে ১৮টি ওয়াড করে দেওয়া হয়েছে। ৪টি এম. এল. এ এর এরিয়ায় ৪১ ওয়ার্ড করে দেওয়া হোল। আর ২১ জন এম. এল. এ এর জায়গায় ১০০ জন কাউন্সিলার করা হয়েছে। This 21-MLA area has been given only 100 wards while the 4 MLA area has got 41 wards. This 21 MLA area has got 26 Municipal Commissioners and 100 wards. The idea behind this is that they are in favour of the people of Calcutta urban area and of the villages. They said they will hold election. They have added 41 councillors making it from 100 to 141 councillors. There is no mention what they will do.

The Minister in charge of this department opened a boosting station at Raja Subodh Mullick Square on 30th May.

সহরে জল সরবরাহ সমস্যা চিরকালই আছে। রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে বুষ্টিং ষ্টেশন ওপেন করলেন ৩১শে মে তারিখে মিনিষ্টার ইন চার্জ অব দি ডিপার্টমেণ্ট এবং তিনি বললেন বক্তৃতায় যে দু মাসের মধ্যে জল দেবো। তাঁর ছবি বেরুলো কিন্তু জল বেরোলো না। Lakhs and Lakhs of people of Calcutta are suffering. There is accumulation of garbage of 2300 metric tons. The lorries are in deplorable condition. The entire environment is damaged. There are national and international agencies for the development of the conditions of the lorries. If you go to the central garage you will find that most of the lorries are in deplorable condition and are not working properly. There are corruption and nepotism and what not ?

[4-45—4-55 P.M.]

আপনি দেখুন, কলকাতা শহরের যেখানেই বেরোবেন, সেখানেই দেখবেন যে গার্বেজে কি অবস্থা হয়ে রয়েছে। এনভায়ার্নমেণ্টের মন্ত্রী করা হয়েছে, কিন্তু কলকাতার এণ্টায়ার এনভায়ারনমেণ্টটা ড্যামেজ হয়ে গেছে। ইণ্টার ন্যাশন্যাল এজেন্সি থেকে টাকা আসছে ফর দি ডেভেলপমেণ্ট, কিন্তু কিছুই হচ্ছে না, ক্যালকাটা কর্পোরেশনে করাপশন এ্যাণ্ড নেপোটিজ্‌ম ছেয়ে গেছে। আমাদের সময়ে ক্যালকাটা কর্পোরেশনে ২০ কোটি টাকার বাজেট করেছি, সেই টাকার মধ্যেই শহরের রাস্তা ঘাট তৈরী করেছি ফুটপাথ তৈরী করেছি। কিন্তু আজকে Calcutta Corporation is going to have a budget for Rs. 110 crores, But what amenities they are giving ? They have completely failed. It is the document of the failure of the Government. প্রশান্ত শূর মহাশয়, উনি একজন মন্ত্রী ডিপার্টমেণ্ট অব আবান ডেভেলপমেণ্টের মন্ত্রী তিনি নিজে বক্তৃতা করেছেন, অন দি লাষ্ট নাইনটিন্থ ফেব্রুয়ারী, টিউবারকিউলোসিস রিলিফ এ্যাসোশিয়েসনের এক মিটিং-এ তিনি বলেছেন, আই হ্যাভ কম্পলিটলি ফেল্ড টু গিভ সিভিক এ্যামিনিটিজ। আমরা এখান থেকে যখন নো কনফিডেন্স মোশন করি, জাষ্ট টু রেজ দি কজেস অব দেয়ার ফেলিয়োর, তখন তাঁরা চটে যান। কিন্তু এই গভর্ণমেণ্ট কলকাতার মানুষকে কোন সিভিক এ্যামিনিটিজ দিতে পারেননি, কিন্তু ট্যাক্সের পর ট্যাক্স বাড়িয়ে যাচ্ছেন। what right they have got to remain in power and what right the C.P.I.(M) and all the ruling parties have got to run this Government. They have completely failed in all branches to give civic amenities. দিনের পর দিন They have increased the establishment cost uneconomically. ফিপটি ফাইভ পার্সেণ্ট অব দি

এসটাবলিশমেণ্ট কস্ট বাড়িয়ে দেওয়া হয়েছে, কিন্তু এই হারে মানুষ কিছুই সুবিধা পাচ্ছে না। ড্রিংকিং ওয়াটার পাওয়া যায় না, গার্বেজ ইজ নট রিমুভিং, আনফিলটার্ড ওয়াটার পাওয়া যায় না। মাঝে মাঝে শহরে আগুন লাগে, ফায়ার ব্রিগ্রেড গেছে, কিন্তু জল পায়নি, দেয়ার ইজ হাইড্রানট এ্যাণ্ড ইটস ষ্টাফ, জ্যোতিবাবুর এই গভর্ণমেণ্টের ষ্টাফ আছে, সব কিছু আছে, কিন্তু জল পাওয়া যায় না. ড্যামেজ কনডিশনে আছে, বাড়ি পুড়ে গেল, শেষ হয়ে গেল। ফায়ার সার্ভিস কি কাজ করবে? প্রত্যেকটি জায়গায় এই জিনিস চলছে। এ্যাম্বুলেনস সার্ভিসে দেখুন,— এভরি ডিপার্টমেণ্ট ইজ বাডলি কোলাপসড এবং ফায়ার সার্ভিসের মানুষকে মিনিমাম এ্যামিনিটিজ যা দেওয়া উচিত, তা দিতে পারেন নি। তারপর আরও একটা কারচুপি ওরা করেছেন, একটা নিয়ম ছিল, যেটা আমরা করেছিলাম ১৯৭২ সালে, সেখানে বলা হয়েছিল, কর্পোরেশনের ইলেকশন যদি না হয়, সাধারণ মানুষ যাতে সিভিক এ্যামিনিটিজ পায়, তাদের সুখ সুবিধার, মানুষের অসুবিধা জানানোর জন্য প্রতিটি এম. এল. এ. কে অধিকার দেওয়া হয়েছিল, যতদিন ইলেকশন না হয় তুজনকে নমিনেশন তারা দিতে পারবে, ১৯৭২ সালেও এই জিনিস চলেছিল, ১৯৭৭ সাল পর্যন্ত এই জিনিস চলেছিল। ১৯৭৭ সালে এরা ক্ষমতায় এসেছিলেন, তারপর ১৯৮২ সালেও এসেছেন। ১৯৮২ সালে যখন দেখলেন যে মেজরিটি হচ্ছে কংগ্রেসের, ভেরি গুড নাম্বার অব সিটস কংগ্রেসের, তারা করলেন কি, ঐ নিয়মটা তুলে দিলেন। প্রায় তু বছর হতে চললো, এরা এম. এল. এ.-র নমিনী তুলে দিলেন। তারা এ্যাপয়েণ্টমেণ্ট করছেন না। তারা চুপ করে বসে আছেন। Why this undemocratic procedure have been adopted by your Government? You have adopted undemocratic process in all branches of life.

ল এ্যাণ্ড অর্ডারের কথা আমরা প্রায়ই শুনি, কালকেও হয়েছিল—

একজন কবি বলেছেন—

एक लाश के कफन में यह लिखा हुआ मिला,
काबिक ही पहरेदार है, होशियार दोस्तों।

একটা ডেড বডির কাপড়ের উপর লেখা ছিল, দেখ, বন্ধু সাবধান থাকবে, আমার যে প্রটেকটার আছে, আমার বডিকে যে গার্ড করছে, সেই আমাদের কিলার। সেই আমার কিলার যে আমার বডিকে গার্ড করছে।

এই যে সরকার, এই তার মহাত্মা, সে'ই কাজ করে চলে যাচ্ছে। সে পাহারাদারী করে, সে ছিনতাইও করে মাঝে মাঝে শুনি পুলিশও মারে, There is growing indiscipline in the police force. There is growing corruption, There should not be only political interference in the police. How the police is functioning? There is a Crime Detection Department in the Calcutta Police. আজকে সেই

কাজই এরা করাচ্ছে, পুলিশ গেল কোথায় ? আজকে মার্কসবাদী পার্টির আলিমুদ্দিন স্ট্রীট থেকে পুলিশ কণ্ট্রোল হয়, সেখান থেকে সমস্ত থানা কনট্রোল করা হচ্ছে।

তাদের কাজ হল ক্রাইম ডিটেক্ট করা। We are proud of this Department This is one of the finest organisations.

আজকে ডি. ডি. কি হয়ে গেছে দেখুন। ল এ্যাণ্ড অর্ডার মেনটেন করা যাচ্ছে না। Who has deteriarated the Condition ?

আজকে people do not got to the thana কেন যায় না ? থানার উপর তাদের কোন কনফিডেন্স নেই। তারা মনে করে থানায় গেলে হয়ত আরো কমপ্লিকেসন বেড়ে যাবে। জ্যোতিবাবু বলছেন এতগুলো ষ্ট্যাবিং হয়েছে, কিলিং হয়েছে। I say his figure is wrong. A good number of people have no confidence on thana and they do not go to thana due to complication and lack of confidence. তারপর ডিপার্টমেণ্ট ল্যাগিং হচ্ছে। রাত ১২টায় ফোন করুন ওয়ারলেস ভ্যান নেই। ভ্যান খারাপ হয়ে পড়ে আছে। ভ্যান ড্যামেজ হয়ে গ্যারেজে পড়ে আছে, দেখবার লোক নেই। পুলিশ ভ্যান ড্যামেজ অবস্থায় পড়ে আছে।

The whole machinery is damaged and it is now remaining in a most deteriorated condition. You gave assurances to the people that these are meant for the services of the people of this state when they are paying their taxes. আপনারা জোর করে টাকা আদায় করেন Corruption and nepotism are being developed in the name of Peace Committee. so called Citizen Committee. সুতরাং parallel organisation develop করছে। Most of the citizen committee members তাদের থানায় হাজিরা দিতে হয়। থানায় তাদের নাম আছে and criminal cases are pending against some of them. Why they are spending money for the police ? Then there is another problem. দেখা যাচ্ছে from Sub-Inspector to D. C. এদের promotion নিয়ে litigation আছে। এই litigation থাকবে অথচ service দেবে from the rank of Sub-Inspector to the D. C এটা ঠিক নয়। Regarding promotion একটা ঝগড়া লাগিয়ে দেওয়া হয়েছে। Where is the seniority in services ? These are going on. Everywhere a disturbing situation is going on. So the people have no faith in this Government. People are fade up. আপনারা গায়ের জোরে চালিয়ে যাচ্ছেন। You are collecting a good amount of money from the public by hook or by crook. C.M.D.A.

সি. এম. ডি. এ একটা ভাল জায়গা পেয়েছেন। ওখান থেকে টাকা কালেক্ট করা হচ্ছে যত খুশী টাকা নিয়ে যান। আলিমুদ্দিন ষ্ট্রীটের কথা শুনেছেন। কত লক্ষ টাকা খরচ করে বাড়ী করা হয়েছে। আর একটা জায়গা ৭০, এস. এন ব্যানার্জী রোডে সি. পি. এম. এর নর্থ ২৪ পরগণার হেড কোয়ার্টার তৈরী করা হয়েছে প্রায় ৭ লক্ষ টাকা খরচ করে। এই হচ্ছে গরীবের পার্টির নমুনা। এই বাড়ী কিনল কি করে? সৌভাগ্যবশতঃ এটা আমার কনষ্টিটিউএনসির ভিতর পড়েছে। ফরোয়ার্ড ব্লকও অফিস কিনেছে। They have purchased nice and palatial building.

এই কয়েকদিন আগে ওয়াটগঞ্জে কি হয়ে গেল? একজন সাইকেল আরোহী চাপা পড়ল and the police opened fire. তারপর বলা হল ট্রাফিকের গোলমাল। বলা হচ্ছে Wagon breakers are there? Lorry breakers are there? I tell you, Sir, it has happened in collusion with the Rulling Party-Marxist Party, Forward Block.

ফরোয়ার্ড ব্লকের নেতারা যারা খিদিরপুর অঞ্চলে বাস করেন তাদের সাথে ওয়াগান ব্রেকারদের ভেষ্টেড ইন্টারেষ্ট আছে। They want to continue this business. Wagon breakers are there. C.P.M. leaders are there. Forward Bloc leaders are there. Sharerers are there There is another problem.

জ্যাকারিয়া ষ্ট্রীটের আশপাশে গুডস ক্যারিয়ার আছে। এটা একটা লরীর আড্ডাখানা হয়ে দাঁড়িয়েছে। আর দে অথারাইজড? কোনায় দিল্লী বম্বে হাই রোডের কাছে একটা জায়গা আছে। প্রিভিয়াস গভর্ণমেণ্ট সেই জায়গাটা ঠিক করেছিল। এখানে জ্ঞানী সিং ভাই বসে আছেন। এটা তিনি ঠিক করেছিলেন। ৭ বছর হয়ে গেল আজ পর্যন্ত সেই জায়গা দিচ্ছে না, এমনকি পড়ে আছে। ওরা চাইছে আমরা এখান থেকে চলে যাব। কেন ওদের জায়গা দেবেন না? টাকার ব্যাপার এর সংগে জড়িত আছে।

If they do not remain in Calcutta, then your police, your party. How they will collect money from them? So you wouldn't allow them to go. You are not allowing them to go. You are creating corruption. You are creating nepotism. You are deteriorating the standard of the administration and the people are badly suffering. That is why I find this document is a hopeless document disappointing document and for the interest of the people of West Bengal I cannot support this. Thank you.

[4-55—5-05 P.M.]

শ্রীঅজিত কুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গভর্ণার এ্যাড্রেসের···

Mr. Speaker : Mr. Panja, do you like to speak just before the Chief Minister.

Shri Ajit Kumar Panja : Yes, Sir. That is the Party decision.

Mr. Speaker : Now, Shri Prabodh Purkait.

শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের উপর আলোচনার আজকে শেষ দিন। স্যার, গত কয়েক-দিনের আলোচনায় সরকার পক্ষের বহু মাননীয় সদস্য বলবার চেষ্টা করেছেন যে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের একটি সার্বিক চিত্র ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে। তাঁরা বলেছেন, পশ্চিমবঙ্গ সরকারের সীমাবদ্ধতা কোথায়, কেন তাঁরা পারছেন না সেইসব কথা ভাষণের মধ্যে দিয়ে ফুটিয়ে তুলে জনগণকে বোঝাবার চেষ্টা করা হয়েছে। তারা বলেছেন, ভারতবর্ষের এই রাষ্ট্র কাঠামো এটা একটা ধনতান্ত্রিক কাঠামো, এর মাঝখানে দাঁড়িয়ে একটা রাজ্যসরকার সেই রাজ্যের মানুষের সার্বিক উন্নয়ন করতে পারেন না, সেটা সম্ভব নয়, তাই শোষন বন্ধ করা যাবে না। তাঁরা বলেছেন, সমাজে যে আইনশৃঙ্খলার প্রশ্ন দেখা দিয়েছে সেটা এই পুঁজিবাদী ব্যবস্থার ফল। তাঁরা বলেছেন, আমরা তো বিপ্লব করে আসে নি তাই এসব অনিবার্য। আইনশৃঙ্খলার ব্যাপারে সরকারপক্ষের সদস্যরা বলেছেন, এখানে আইনশৃঙ্খলা ঠিকই আছে অথচ স্যার, মেনশানের সময় দেখি এই আইনশৃঙ্খলার প্রশ্নটাই তাঁরা বারবার তুলেছেন। এই আইনশৃঙ্খলার বিষয়টা সরকার-পক্ষের সদস্যদের কাছে একটা স্পর্শকাতর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। পশ্চিমবঙ্গে যে আইনশৃঙ্খলা ঠিকই আছে সেটা প্রমাণ করার জন্য ওঁরা বারবার ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ষ্টাটিসটিক্স দিয়েছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের নিরাপত্তা কতখানি আছে এবং এখানে আইনশৃঙ্খলা কি ভাবে চলছে সেটাই হচ্ছে বিচার্য বিষয়। পশ্চিমবঙ্গের জনগণের রায়ে তাঁরা ক্ষমতায় এসেছেন কাজেই এখানে বিচার করতে হবে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলার অবস্থাটা কি—তার উন্নতি হয়েছে, না, অবনতি হয়েছে? এখানকার অর্থনৈতিক অবস্থারই বা কতখানি উন্নতি হয়েছে সেটাও বিচার করতে হবে। এইসব মূল প্রশ্ন এড়িয়ে গিয়ে বাস্তব অবস্থাটাকে চাপা দেবার জন্য ওঁরা অন্যান্য রাজ্যের ফিরিস্তি দিয়েছেন এবং তুলনা করেছেন। উজ্জ্বল হত্যা নিয়ে এখানে অনেক হৈ চৈ হয়েছে। একটা শিশু, তার ব্যাপারে কয়েকদিন ধরেই পুলিশ ষ্টেটমেণ্ট দিয়ে আসছিল যে তাকে জীবন্ত অবস্থায় তার মা বাবার কাছে ফিরিয়ে দেওয়া হবে অথচ দেখা গেল তার বেশ কিছুদিন আগেই তাকে হত্যা করা হয়েছিল। সঞ্জীব, তীর্থংকরের ব্যাপারেও দেখলাম যথাযথ তদন্ত করে দুষ্কৃতকারীদের শাস্তি দেবার পরিবর্তে তারা আইনগত প্রশ্ন তুলে সেটাকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন।

এই রকম বহু ঘটনা আছে। আমি শুধু একটি ঘটনার কথা এখানে বলছি। এখানে রাজ্যপালের ভাষণে তারা বলেছেন যে পূর্ববর্ত্তী কয়েক বছরের তুলনায় এই বছরে চাষ এবং ফসল কাটার সময়ে ভূমি সংক্রান্ত সংঘর্ষ কম হয়েছে। এই যে কম হয়েছে বলে বলা হয়েছে, এই সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে বহু জায়গায় যারা প্রকৃত চাষী, তারা ফসল ঘরে তুলতে পারেনি। যদিও বামফ্রন্ট সরকার বারেবারে ঘোষণা করেছেন যে যারা চাষ করেছেন সেই কৃষকরা সেই ফসল কাটবার অধিকারী। কিন্তু জেলায় জেলায় কি দেখা যাচ্ছে? দক্ষিণ ২৪ পরগনা জেলার জেলাশাসক সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে মিটিং ডেকেছিলেন। সেই মিটিংয়ে ঠিক হয়েছিল যে ফসল কাটার সময়ে যেখানে সংঘর্ষ হতে পারে, চাষীর ফসল যেখানে অন্যরা তুলে নিতে পারে সেই সব জায়গায় পুলিশ ক্যাম্প বসান হবে। কিন্তু দেখা গেল, আমার নির্বাচনী কেন্দ্র, কুন্তলীর মেরীগঞ্জ রাজ পঞ্চায়েত, সেই গ্রামপঞ্চায়েত এলালার মেরীগঞ্জ খালপার গ্রামের কুখ্যাত জোতদার হেদায়েত ঘরামী এবং ঐ ঘরামী পরিবারের অন্যান্য লোকেরা, যারা ঐ এলাকার কুখ্যাত জোতদার, গত বছরে ওদের ৫॥ শত বিঘা জমি সরকারে খাস হয়ে যায়, বামফ্রন্ট সরকারের প্রশাসনিক নির্দেশে সেই জোতদারের বাড়ীতে পুলিশ ক্যাম্প বসান হল। সেই পুলিশ ক্যাম্পে কুন্তলী থানার সেকেণ্ড অফিসার, সুনীল সাহা ক্যাম্প অফিসার-ইন-চার্জ হয়ে এলেন। সেই ক্যাম্প অফিসার-ইন-চার্জের তত্ত্বধানে ৪২৬ জন চাষীর মধ্যে রায়তী পাট্টা বিলি হয়ে যায়। সেখানে বেশীর ভাগ রায়তি জমির ধান জোতদাররা বন্দুক দেখিয়ে তুলে নিয়ে যায়। শুধু এটা করেই তারা ক্ষান্ত হন না। তারা অসংখ্য গরীব চাষী, ভাগ চাষী, ছোট চাষীর শতশত বিঘা ধান লুঠ করে। এমন কি তাদের জমির ধান যেটা বাড়ীতে ছিল সেটাও লুঠ করে নিয়ে যায় এবং বাড়ীর মেয়েদের শ্লীলতা হানী করা হয়। একই রাত্রে মেরীগঞ্জ জেলেপাড়ায় ১৮টি পরিবারকে লুণ্ঠন করা হল। গ্রামপঞ্চায়েতের উপ-প্রধান, ফকির নস্করের বাড়ীতে ডাকাতি করা হয় এবং একই রাত্রে গ্রামপঞ্চায়েতের সদস্য, গোলাম মোল্লার বাড়ীতে ডাকাতি করা হয়। আমরা বারবার এই কথা ক্যাম্পে জানিয়েছি কিন্তু তার কোন প্রতিকার হয়নি। শতশত মানুষ গৃহহারা হয়ে আছে। এক মাস ধরে এই ধরণের গুণ্ডামী হয়েছে। আমরা জেলা শাসকের কাছে এসেছি, এস. পি'র কাছে এসেছি, স্বরাষ্ট্র সচীবের কাছে বারে বারে বলেছি কিন্তু কিছুই করা হয়নি। শেষ পর্যন্ত নানা ভাবে প্রতিরোধ গড়ে তোলার পরে কিছুটা প্রশমিত হয়। সেখানে কংগ্রেস এবং জোতদার মিলিত ভাবে এই আক্রমণ করে এবং থানায় গিয়েও কোন রকম প্রতিকার পাইনি। এই হচ্ছে বর্তমান আইন-শৃঙ্খলা। তবুও বলতে হবে যে বামফ্রন্ট সরকার শান্তিপূর্ণ ভাবে তারা ধান কাটার মরশুম পার করেছেন। এই হচ্ছে আইন-শৃঙ্খলার নমুনা এবং শতশত নমুনা আছে। একটা হাড়ির ভাত যদি পরীক্ষা করতে হয় তাহলে একটা ভাত টিপলেই বোঝা যায় যে হাড়ির ভাতের কি অবস্থা। সারা পশ্চিমবঙ্গে আজকে হত্যাকাণ্ড চলছে। আজকে সঞ্জীব-তীর্থংকরের এই রকম অবস্থা, সোমেনের এই রকম ঘটনা, আজকে উজ্জল হত্যার ঘটনা এবং এই রকম বহু ঘটনা ঘটছে। আজকে পুলিশ ক্যাম্প জোতদারের বাড়িতে বসছে। এগুলি দেখলে বিচার করা যায় যে সারা পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবস্থা কি চলছে। সুন্দরবন এলাকার বিভিন্ন জায়গায়—গোসাবা,

সন্দেশখালি, বাসন্তী, কুন্তলী, পাথর প্রতিম ইত্যাদি বিভিন্ন জায়গায় একই দিনে ৮/১০টা লুঠ হয়ে যায়। দক্ষিণ ২৪ পরগণায় প্রকাশ্য দিনের বেলায় ১০টার সময়ে খুন হয়। নিকটবর্ত্তী থানা যেটা রায় দীঘির দিকে গেছে, সেই লালপুর গ্রামে প্রকাশ্যে বেলা ৮টার সময়ে বাস দাঁড় করিয়ে মারপিট করে, বোমা ছুড়ে, পিস্তল দেখিয়ে সমস্ত লুঠ করে নিয়ে গেল। অথচ দেখা যাচ্ছে যে মাত্র ১৫ মিনিটের পথ থানা থেকে কিন্তু পুলিশ আসেনি। এই হচ্ছে ঘটনা। আজকে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় বাস দাঁড় করিলে লুঠ করা হচ্ছে, ছিনতাই করা হচ্ছে। এই হচ্ছে আইন-শৃঙ্খলার বাস্তব চিত্র। এই চিত্র কেন তুলে ধরা হলনা দেশের মানুষের কাছে।

[5-05—5-15 P. M.]

বামফ্রন্ট সরকার দাবী করছেন, তাঁরা কৃষি ক্ষেত্রে অগ্রগতি ঘটিয়েছেন, যার ফলে এবারে কৃষি ক্ষেত্রে ফলন বেড়েছে, বাম্পার ক্রপ হয়েছে। তার পরে আরো বলছেন যে, প্রচুর পরিমানে মিনি-কিট বিলি করার ফলেই ফলন বেড়েছে। কিন্তু বাস্তব অবস্থাটা কি? মিনি-কিট প্রচুর পরিমানে বিলি করা হয়েছে ঠিকই, কিন্তু যে সময়ে বীজ বোনার কথা, যে সময়ে বীজ বুনলে তার থেকে ভাল কাজ পাওয়া যায় সে সময়ে চাষীদের কাছে বীজ যায়নি। পর পর দু'বছর খরায় বন্যায় প্রচণ্ড মার খাবার পরে চাষীরা নিজস্ব উদ্যোগে বীজ যোগাড় করে বেশী ফলন ফলিয়েছে। ফলন বেশী হয়ে থাকলে, তা চাষীদের নিজস্ব উদ্যোগের ফলেই হয়েছে। সরকারী উদ্যোগের ফলে হয়েছে বলে আমরা মনে করি না। ফলন বেড়েছে, কিন্তু সংগ্রহের লক্ষ্য মাত্রা কি হয়েছে? বামফ্রন্ট সরকার সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য করেছেন মাত্র ১'২৬ মেট্রিক টন। ওঁরা বলছেন, বাম্পার ক্রপ হয়েছে, অথচ এখন পর্যন্ত সংগ্রহ করেছেন মাত্র ৫০ হাজার মেট্রিক টন। সংগ্রহের এই লক্ষ্য মাত্রাই সরকারী ব্যর্থতা প্রমান করে। সরকার বড় বড় জোতদার, ধনী চাষী এবং চাল-কল মালিকদের লেভি থেকে মুক্ত করে দিয়েছেন। ফলে আজকে গোটা পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার ধান চালের ব্যবসাটা পুরোপুরি জোতদারদের হাতে ছেড়ে দিয়েছেন। এই সরকার ঢাকঢোল পিটিয়ে সংগ্রহ মাত্রা ঘোষণা করেছিলেন এবং বলেছিলেন চাষীরা অভাবে পড়ে কম দামে যাতে ফসল বিক্রি না করে তার জন্য, চাষীদের কাছ থেকে পঞ্চায়েতের মাধ্যমে ফসল ন্যায্য দামে নিজেরাই কিনে নেবেন। কিন্তু বাস্তবে আমরা কি দেখছি? চাষীরা অভাবে পড়ে ফড়ে বা দালালদের কাছে সমস্ত ফসল বিক্রি করে দিয়েছে। আমরা দেখেছি গ্রামাঞ্চলে সাড়ে চার টাকা পর্যন্ত চালের দাম উঠেছিল। প্রথম থেকেই কেন কেন্দ্রীয় সরকারের কাছে চাইতে হবে, রাজ্যের অভ্যন্তরে জোতদার, জমিদার, মজুতদারদের কাছ থেকে আগে তো সংগ্রহ করতে হবে, সেটা করার পরে কেন্দ্রের কাছে দাবী করতে হবে। তখন যদি কেন্দ্র না দেয় তাহলে সংগঠিত আন্দোলনের ভিত্তিতে তখন তা কেন্দ্রের কাছ থেকে আদায় করতে হবে। সরকার কৃষির অগ্রগতির কথা বলছেন, কিন্তু কৃষির অগ্রগতির জন্য প্রধান কাজ হচ্ছে সেচ ব্যবস্থার উন্নতি। সেই ক্ষেত্রে আমরা দেখছি ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল, রিভার লিফট ইত্যাদি নতুন নতুন বসান হচ্ছে না, এবং যেগুলি আছে সেগুলিও তদারকির অভাবে নষ্ট হয়ে গেছে। আমাদের কুলতলি থানায় পিয়ালী নদীতে

পিয়ালী প্রোজার কোটি কোটি টাকা ব্যয় করে তৈরী করার কথা ছিল, সেখানে নতুন পাম্প সেট বসান হয়েছিল, কিন্তু কিছু দিন পরে দেখা গেল সেই রিভার লিফট তদারকির অভাবে নষ্ট হয়ে পড়ে আছে, সমস্ত নষ্ট হয়ে গেছে, ধ্বংস হয়ে গেছে। সারা পশ্চিম বাংলায় এরকম ঘটনা যে কত ঘটছে, তার কোন হিসেব নেই। এই তো হচ্ছে কৃষির অগ্রগতির অবস্থা! অপর দিকে সরকার বেকার ভাতা দিচ্ছেন সেই বেকার ভাতার ক্ষেত্রে কি অবস্থা হচ্ছে দেখুন। শিক্ষিত বেকারদের কথা না হয় ছেড়েই দিলাম। গ্রামে গ্রামে লক্ষ লক্ষ বেকার ক্ষেত-মজুর রয়েছে, তাদের জন্য কোন ভাতার ব্যবস্থা নেই, তারা দারিদ্র্য সীমার নীচে বাস করছে। চাষের সময়ে ধান কাটা ছাড়া তাদের সারা বছর আর কোন কাজ নেই, ফলে গ্রামে গ্রামে লক্ষ লক্ষ ক্ষেতমজুর কর্মহীন হয়ে বসে আছে। তাদের কর্মসংস্থানের জন্য সরকার পঞ্চায়েতকে যে টাকা দিচ্ছে তা দিয়ে ক্ষেতমজুরদের জন্য কতটুকু কাজ সৃষ্টি হতে পারে? আর ক্ষেত-মজুরদের যে নিম্নতম মজুরীর হার ১৩ টাকা ৯১ পয়সা যেটা সরকারী তরফ থেকে নির্ধারিত করা হয়েছে সেই মজুরী বাস্তবে কি ক্ষেত-মজুররা পায়? পায় না। এই সরকার আজ ৭ বছর ধরে ক্ষমতায় আছে কিন্তু এই মজুরী যাতে ক্ষেত-মজুররা পায় তার জন্য কোন ব্যবস্থা করেননি। সুতরাং গ্রামের গরীব মানুষের জন্য আপনারা কি কাজ করছেন? আসলে কংগ্রেস রাজত্বে যে অবস্থা ছিল এখনও সেই অবস্থা চলছে। অপরদিকে যানবাহনের অবস্থা দেখুন, সরকার যত সংখ্যক বাসের কথা ঘোষণা করছেন তার চেয়ে বেশী অকেজো হয়ে বসে আছে। কর্মচারীরা বসে বসে বেতন নিচ্ছে আর মানুষেরা বাদুড় ঝোলা হয়ে ট্রাম বাসে করে যাতায়াত করছে। রাস্তাঘাটের অবস্থাও শোচনীয়। অপরদিকে বেসরকারী বাস মালিকদের হাতে পরিবহন ব্যবস্থা চলে যাচ্ছে। স্বাস্থ্য বিভাগের দিকে তাকিয়ে দেখুন, শহরের যে হাসপাতালগুলি আছে তার অবস্থা তো দুর্বিসহ। আর গ্রামে যেসব সাবসিডিয়ারী হেলথ সেন্টার, রুরাল হাসপাতাল, প্রাইমারী হেলথ সেন্টার আছে সেইসব হেলথ সেন্টারের অবস্থা আরোও শোচনীয়। সেখানে খালি বিল্ডিংগুলি পড়ে আছে, ডাক্তার নেই, ওষুধপত্র নেই। এই জিনিষ ৭ বছর ধরে চলে আসছে। আপনারা গ্রামাঞ্চলের হাসপাতালে ডাক্তারদের নিয়োগ করতে পারেন না। এখানে নির্বাচিত প্রতিনিধিরা তাদের নির্বাচনী কেন্দ্রের হাসপাতালে ডাক্তার নেই ডাক্তার নেই বলে। এই জিনিষ আজ ৭ বছর ধরে শুনে আসছি। তাই আমি বলছি, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের মধ্যে বাস্তব চিত্র নেই, কোন সামাজিক অর্থনৈতিক অগ্রগতির চিত্র নেই। তাই আমি এই ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীযোখীলাল মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কয়েকদিন ধরে অনেক বিষয় নিয়ে আলোচনা করা হচ্ছে, কিন্তু আমি রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়নি এমন কয়েকটি জিনিষ সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। আমাদের নর্থ বেঙ্গল অনুন্নত এলাকা। সেখানে নর্থ বেঙ্গল ডেভেলপমেণ্ট ফাণ্ড নামে একটি ফাণ্ড আছে। সেই ফাণ্ডে কত টাকা বরাদ্দ হয়েছে তার কোন উল্লেখ দেখতে পেলাম না। সুন্দরবনের কথা আছে কিন্তু নর্থ বেঙ্গল ডেভেলপমেণ্ট ফাণ্ডের

কোন কথা নেই। এবার শিক্ষা ক্ষেত্রে কিছু বলছি। বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশানের যে বই দেয় সেই বই সময় মত পাওয়া যায় না। আমি শিক্ষকতার সঙ্গে জড়িত আছি, মার্চ মাস হয়ে গেল এখনও বই পাওয়া যাচ্ছে না। গতবারে মনে আছে সেপ্টেম্বর মাস অবধি সরকারী প্রকাশিত বই পাওয়া যায়নি। সরকারের বই প্রকাশের লক্ষ্য ভাল কিন্তু যখন দিতে পারবেন না, সময় মত বই পৌছবে না, ছেলেরা পড়তে পাবে না, যখন সময় মত পাঠাতে পারবেন না তাহলে বই প্রকাশ করে লাভ কি? সরকারী তরফ থেকে বই দিয়ে কি লাভ? ওপরদিকে পরীক্ষা ব্যবস্থা তুলে দেওয়া হলো, কাতারে কাতারে ছেলেরা পঞ্চম শ্রেণীতে টেষ্ট পরীক্ষা দিতে এলো। এর ভিতরে প্রচুর ছেলে ক্লাস ফাইভে ভর্তি হতে পারলো না। এই সমস্ত ছেলেরা যাবে কোথায়? মাধ্যমিক স্কুল তো কম আছে অথচ সবাই ভর্তি হতে চায়। এবারে এগ্রিকালচারের কথায় আসি। এখানে বলা হয়েছে এগ্রিকালচারের উন্নতি হয়েছে। কোথায় উন্নতি হয়েছে? মিনিকিট সময়মত পৌচাচ্ছে না। যাদের জমি নেই অধিকাংশ তারাই মিনিকিট পাচ্ছে এবং এই মিনিকিট বাজারে বিক্রি হয়ে যাচ্ছে। সুতরাং কৃষি উৎপাদন কিছুই বৃদ্ধি হচ্ছে না।

[5-15—5-25 P. M.]

আর. এল. আইয়ের কথা বলা হয়েছে। আমাদের সময়ে যে সমস্ত আর. এল. আই. করা হয়েছে তার সমস্তগুলিই অকেজো হয়ে পড়ে আছে। এইগুলিকে কাজে পরিণত করার কোন ব্যবস্থা এখন নেওয়া হয়নি। তারপর হাসপাতালের কথা। হাসপাতালের সম্বন্ধে ভাষণে কোন উল্লেখ নেই। আমার এলাকায় যেখানে ৫০ হাজার লোক বাস করে সেখানে যে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারটি আছে সেখানে দীর্ঘদিন ধরে কোন ডাক্তার নেই, অথচ শুনছি অনেক ছেলে ডাক্তারী পাশ করে বসে আছে, তাদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে না। এমপ্লয়মেণ্ট একটা প্রবলেম, অথচ এই গুরুত্বপূর্ণ বিরাট বিষয় সম্বন্ধে রাজ্যপাল মহাশয়ের ভাষণে কোন উল্লেখ নেই। তারপর আইন-শৃঙ্খলার কথা বলব, মালদাতে গত ৩১শে জানুয়ারী তারিখে একটা ডাকাতি হয়, ডাকাতি করে চলে গেল, থানায় যখন খবর দেওয়া হল তখন সেখানে একজন হোমগার্ড ডিউটিতে ছিল, পুলিশ সময় মত পৌছায় নি, বাড়ীর মালিক ডাকাতদের গুলিতে নিহত হন, পরের দিন পুলিশ গেলে উত্তেজিত জনতা বাদানুবাদ করায় পুলিশ সেখানে কয়েক রাউণ্ড গুলী চালায়, তার ফলে চার জন যুবক ঘটনাস্থলে মারা যায়। কাজেই আইন শৃঙ্খলার উন্নতি হচ্ছে না অবনতি হচ্ছে সেটা আপনারাই বিবেচনা করবেন। আর জমির কথা? আমাদের ওখানে তিন বছর ধরে আমরা লক্ষ্য করছি কিছু জমি গঙ্গা গর্ভ থেকে উঠেছে। সেখানে এক শ্রেণীর দুষ্কৃতকারী এবং কিছু পার্টি সমর্থিত লোক প্রকৃত মালিককে বঞ্চিত করে ফসল লুঠ করছে। বিহার এবং বাংলার সীমানা চিহ্নিত করন নিয়ে আজ পর্য্যন্ত কার মালিকানা সেটা ঠিক হয়নি, সেজন্য কিছু দুষ্কৃতকারী লুটে পুটে খাচ্ছে। চুরি ডাকাতি, রাহাজানী, ছিনতাই দিনের পর দিন বাড়ছে, এজন্য সরাকারী তরফথেকে কোন প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হচ্ছে না। প্রত্যেকটি জিনিষে যদি এই রকম হয় তাহলে যে সমস্ত ব্যাপারে সাকসেসফুল হওয়ার কথা বলছেন তা কি করে হয়?

বিগত দিনে রাস্তা কতটুকু হয়েছে সটা কথা নয়, আগামীদিনে কত কিলোমিটার রাস্তা তৈরী এই সমস্ত কিছুই রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে নেই। ভাষণে দাবী করা হচ্ছে রাস্তার কথা করা হবে তারও কিঞ্চিত আভাষ এর মধ্যে নেই। রাস্তাঘাটের উন্নতি না হলে কিছুরই উন্নতি হতে পারে না। যেসব জায়গায় হাজার হাজার লোক বাস করে সেখানে কোন ভাল রাস্তা নেই, আর যেটুকু আছে সেটাও সংস্কারের অভাবে অকেজো হয়ে পড়েছে, এ জিনিষ চলতে পারে না। কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বলছেন। কেন্দ্র দেবে তবে আপনারা করবেন? সমস্ত কেন্দ্রের ঘাড়ে চাপাবার যদি চেষ্টা করেন তাহলে কি করে জনসাধারণ লেফ্‌টফ্রন্ট সরকারকে সমর্থন করবে? আরও অন্যান্য জিনিষ যদি আলোচনা করতে চাই তাহলে অনেক কিছুই দেখতে পাব। কো-অপারেশন সম্বন্ধে কোন উল্লেখ নেই। কো-অপারেশন ডিপার্টমেণ্টের বহু টাকা লোন অনাদায়ী হয়ে পড়ে আছে। জমির খাজনা বহুদিন থেকে আনদায়ী পড়ে আছে, আদায় করার কোন প্রচেষ্টা নেই। প্রভিডেণ্ট ফাণ্ড সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হচ্ছে। টীচাররা প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা রাখতে ভয় পাচ্ছেন। যেভাবে ডেফিসিট বাজেট হচ্ছে, সব টাকা খরচ হয়ে যাচ্ছে। যে সমস্ত গভর্ণমেণ্ট টীচাররা রিটায়ার করবেন ঐ সময় প্রকৃত টাকা হাতে পাবেন না। তাই তাঁরা সিস্টেম অনুযায়ী পোষ্টঅফিসে রাখছেন যাতে সঙ্গে সঙ্গে তুলে নিতে পারেন, কারণ সরকারী কোষাগারে গেলে ডেফিসিট বাজেটের জন্য সেই টাকা তাদের হাতে আসবে বলে আমাদের ধারণা নেই। কাজেই আজকে যদি টাকা তুলে নেওয়া হয় তাহলে তাঁদের স্বার্থের হানি হবে। এই কথা বলে রাজ্যপাল মহাশয়ের ভাষণের বিরোধিতা করে এবং আমি যে সংশোধনটি এনেছি তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিত কুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা চার দিন ধরে গভর্ণর্স এ্যাড্রেসের উপর অনারেব্‌ল্ মেম্বারদের আলোচনা শুনলাম। আমরা, কংগ্রেস পক্ষ, সর্বমোট ৪৪৮টি সংশোধনী প্রস্তাব এনেছি। চার দিন ধরে বক্তৃতায় সরকার পক্ষের কেউই কোন একটি সংশোধনী তুলে ধরে কেন সেটা হওয়া উচিৎ নয় তা বলেন নি। ৪৪৮টি সংশোধনী প্রস্তাব এনেছেন ১৮ জন অনারেব্‌ল্ মেম্বার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দপ্তর মাধ্যমে সভার কাছে পার্ট ওয়ান, পার্ট টু, পার্ট থ্রি—তিনটি বই আকারে প্রত্যেক মেম্বারের কাছে বিলি করা হয়েছিল। আজকে আমাদের পক্ষের শেষ বক্তা হিসাবে আমি অপেক্ষা করছিলাম অন্ততঃ পক্ষে একজন মাননীয় সদস্যও সরকারের পক্ষে উঠে দাঁড়িয়ে বলবেন কোন্ সদস্যের কোন্ সংশোধনীটি কেন বাতিল হওয়া উচিৎ! সেটা কিন্তু তাঁরা বক্তৃতায় বললেন না। সুতরাং আমি ধরে নিতে পারি, তাঁরা মামুলি বক্তৃতার মাধমে সাধারণভাবে বক্তব্য রেখে গেছেন। কিন্তু এই হাউসের কাজ চলে কতগুলো নির্দিষ্ট প্রথায়, যে প্রথা অনুয়ায়ী আপনারা সংশোধনী প্রস্তাবগুলি মাননীয় সদস্যদের কাছে পাঠিয়েছেন। তাই আমি ধরে নিতে পারি, ৪৪৮টি সংশোধনী প্রস্তাব যা ১৮ জন মাননীয় সদস্য এনেছেন—তার বিরুদ্ধে কারো কোন বক্তব্য নেই সুতরাং সেগুলো গ্রাহ্য হবে। সাধারণভাবে আউটরাইট রিজেকশন আমরা একজিকিউটিভ অফিসারের কাছ থেকে পাই।

আউটরাইট রিজেকশনের ক্ষেত্রে একজিকিউটিভ অফিসার বিরুদ্ধে নোট দেন। কিন্তু আমরা এখানে আলোচনা করতে এসেছি। আমরা সবাই জনসাধারণের প্রতিনিধি। তাই আমি নিশ্চয়ই কোন রকমে বক্তৃতা আরম্ভ করে মামুলি আলোচনার মধ্যে গিয়ে হাউসে যেটা আমার মূল বক্তব্য হওয়া উচিত সেটা সম্বন্ধে ভুলে যেতে পারি না। আমি প্রথমে আইন-শৃঙ্খলা, পাওয়ার ইত্যাদির আগে এই সভায় এডুকেশন সম্পর্কে আমাদের পশ্চিমবাংলায় কতদূর কি হচ্ছে সে সম্বন্ধে আলোচনা করি। আমি আশা করবো মাননীয় সদস্যগণ যখন চার দিন ধরে নানা বক্তৃতা শুনেছেন, তখন আর একটু ধৈর্য্য ধরে আরও কিছুক্ষণ শুনবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অনিলবাবু বলেছেন শিক্ষা সম্বন্ধে আমরা কথা বলি কোন্ লজ্জায়! আমি তাই ভাবলাম যে রাজ্যের জনসাধারণের কাছে এ-বিষয়ে কতগুলো তথ্য তুলে ধরবো। এডুকেশন সম্বন্ধে গভর্ণর্স এ্যাড্রেসে যে করেকটি লাইন দেওয়া রয়েছে সেটা আপনারা সবাই দেখেছেন। কিন্তু আপনারা যে যে এলাকা থেকে এসেছেন, আপনারা নিজেরা সারা পশ্চিমবাংলা এবং নিজের এলাকা দেখে বলুনতো আমাদের জাতির ভবিষ্যৎ যে শিশু—তাদের জন্য সঠিক পথের নিশানা, সঠিক শিক্ষা দিতে পেরেছেন কিনা? আপনারা হয়তো বলবেন এখানে যে কাঠামো—যেটা আপনারা প্রায়ই বলেন—সেই কাঠামোর মধ্যে এর চেয়ে বেশী কি করবো? আমরা জানি যে আপনারা কাঠামো সম্বন্ধে নানা রকম কথা বলেন। কিন্তু কাঠামো যেটা আছে সেটা আপনারা নিজেরা এ্যাকসেপ্ট করেছেন, যখন ভোটের মধ্যে দিয়েই এই হাউসে এসেছেন এবং যখন এই দেশের নিয়ম অনুযায়ী গভর্ণর্স এ্যাড্রেস রচনা করেছেন, তখন জানা দরকার আমরা শিক্ষাক্ষেত্রে কতদূর এগোলাম।

[5-25—5-35 P.M.]

প্রথমে আপনার বিরুদ্ধে ১ নং অভিযোগ হলো শিক্ষা ব্যবস্থাটাকে আপনারা কার বুদ্ধিতে জানিনা একটা রাজনৈতিক দলের মতবাদের দিকে নিয়ে যাবার চেষ্টা করছেন। যদি বলেন যে এই জিনিষ আমরা করি না তাহলে আমি আমার বক্তব্য শিক্ষা সম্বন্ধে রাখবো না। আর যদি বলেন যে হ্যাঁ করেছি তাহলে পরে জানা উচিত আপনাদের নিজেদের রাজনৈতিক বক্তব্য, আদর্শ বোঝাতে গেলে পরে একটা শিশুর চেতনাকে অনেক বিস্তৃতি লাভ করাতে হয়। যদি বিস্তৃতি লাভ না করান তাহলে আপনারা যে আদর্শে বিশ্বাস করেন সে কিন্তু সেই আদর্শ বুঝতে পারবে না। আমাদের সারা বিশ্বের ইতিহাস এই শিক্ষাই শিখিয়ে দেয়। যদি বলেন হিটলারের পদ্ধতিতে শিক্ষা ব্যবস্থা আনবো তাহলে আমার কিছু বলার নেই। আপনারা যদি বলেন আপনাদের মতবাদ বিশ্বাস করেন এমন লোককে আনবেন তাহলে জনসাধারণ এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে তাদের উপর কোন আস্থা, কোন সম্মান, কোন মর্যদা থাকবে না। তাহলে পরে বাস্তবিকই শিশুর মধ্যে আশা, শিশুদের দেশ সম্বন্ধে, জাতি সম্বন্ধে, আদর্শ সম্বন্ধে কোন প্রেরণা আনতে পারবেন না। কয়েকটি উদাহরণ আপনাদের সামনে তুলে ধরছি। পরে মাননীয় মুখ্যমন্ত্রী বক্তব্য রাখবেন, তাঁর কাছ থেকে আশা করবো এই গুলির উত্তর তিনি দেবেন। আমরা দেখছি

শুধু কতকগুলি কলেজ নয়, আমাদের এখানে প্রথম জিনিষ যেটা, হায়ার এডুকেসান ইউনিভারসিটির ক্ষেত্রে—৫ বছর সরকারে ছিলেন এবং আরো দু-বছর কাটিয়ে গেলেন, আপনারা গণতন্ত্র বিশ্বাস করেন আর আমাদের সৈরতন্ত্রী সৈরতন্ত্রী বলে চিৎকার করেন—আপনারা দেখুন তো ৬টি ইউনিভারসিটি বাতিল করে দিয়ে কাদের দিয়ে চালাচ্ছেন? কোন কোন ইউনিভারসিটি? ক্যালকাটা ইউনিভারসিটি, কল্যাণী ইউনিভারসিটি, রবীন্দ্র ভারতী ইউনিভারসিটি, যাদবপুর ইউনিভারসিটি, নর্থ বেঙ্গল ইউনিভারসিটি এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় যেটা সবে মাত্র সুরু হয়েছে, সেখানে তো প্রশ্নই ওঠে না। সমস্ত বিশ্ববিদ্যালয় গুলির উপর আপনারা আঘত হানলেন। নির্বাচনের যে পদ্ধতি, যার মাধ্যমে মানুষ আসবে—আপনারা যেটা বিশ্বাস করেন বলে দেওয়ালে লেখেন, যেটা বিশ্বাস করেন বলে মুখে বলেন—কিন্তু এখনও পর্যন্ত এই গুলিতে আপনারা নিজেদের হাতের তৈরী মানুষগুলোকে রেখে দিয়েছেন। বলতে পারেন কেন? আপনারা সরকারে রয়েছেন, নিশ্চই করতে পারেন। কিন্তু কাদের নিয়ে আসছেন সেটা কি ভেবে দেখেছেন? আমি আপনাদের কাছে অনুরোধ রাখবো এটা একটু ভেবে দেখুন। রাজনৈতিক মতবাদ থাকা মানেই শিক্ষার ক্ষেত্রে এমন মানুষগুলোকে নিয়ে এলেন—যেখানে আমাদের ছেলেরাও পড়তে যাবে—যারা এমন কতকগুলি জিনিষ শেখাবে যাতে শিশুর পরিপূর্ণ মনুষ্যতের বিকাশ, যেটা না হলে যে কোন সমাজবাদ বা আদর্শ তার মনে আঁচড় কাটতে পারবে না। সেই দিকে আপনারা একটু নজর রাখবেন। উদাহরণ চান উদাহরণ আমি দিতে পারি। আপনারা বিনা কারণে কয়েকজন প্রিনসিপ্যালকে সরিয়ে দিলেন। রানাঘাট কলেজ নদীয়ার ডাঃ অনিল বোস, তমলুক কলেজ মেদিনীপুর সেখানে মিঃ পি. এন. গাঙ্গুলি, মাজদিয়া কলেজ নদীয়ার গোষ্ট বিহারী মাইতি, শ্যামাপ্রসাদ কলেজ কলিকাতার ডাঃ এস. কে. ঘোষ এমনি করে ২০টি উদাহরণ আপনাদের সামনে তুলে ধরতে পারি। সময় কম বলে আমি বলতে পারলাম না, তবে আমার কাছে লিষ্ট আছে সেটা আমি টেবিলে রাখছি। শুধু তাই নয় তাঁরা যখন হাই কোর্ট থেকে ইনজাংসান আনলেন তখন তাদের উপর যে কি অকথ্য অত্যাচার চালানো হয়েছে সেটা বলার নয়। মাননীয় শিক্ষা মন্ত্রী বাজেট বক্তৃতার সময় নিশ্চই পরিষ্কার করে বলবেন কেন এটা করা হলো। এর পরে আরো মজার ব্যাপার আপনাদের সামনে তুলে ধরছি। মাননীয় ফরোয়াড ব্লক এবং আর. এস. পি-র সদস্যরা হয়তো জানেন না মার্কসবাদী কমিউনিষ্ট মানেই সরকার নয়। কাঁচড়াপাড়া কলেজে গভর্ণমেণ্ট নমিনি হিসাবে জগদীশ চন্দ্র দাসকে আনা হলো তাঁর কোয়ালিফিকেসান ম্যাট্রিকুলেট। কাকে সরালেন? সরালেন ডাঃ হরিদাস গুপ্ত, যাঁর কোয়ালিফিকেসান এম. এস. সি., পি. এইচ. ডি. এবং প্রিনসিপ্যাল, রবীন্দ্র ভারতী কলেজ নৈহাটি।

যিনি ছিলেন এম. এস. সি., পি. এইচ. ডি. তাঁকে সরিয়ে আপনারা নিয়ে এলেন জগদীশ চন্দ্র দাস, যাঁর কোয়ালিফিকেশন মাত্র মেট্রিকুলেট। আমি জানি না, কেন এ রকম হল। শিক্ষার উন্নতি আপনারা করতে সত্যিই যদি চান, তাহলে আপনারা এই জিনিষগুলো করবেন না। ইউনিভার্সিটির ক্ষেত্রে, কলেজের ক্ষেত্রে এই জিনিষগুলো আপনাদের করা উচিত নয়। কাঁচরা-

পাড়া কলেজে নবকুমার নন্দী, তিনি লেকচারার অফ ফিলোজফি, একজন শিক্ষিত মানুষ হিসাবে তাঁকে নিয়ে এলেন। কিন্তু সরিয়ে দিলেন কাকে? যাঁকে সরিয়ে দিলেন সেখান থেকে, তাঁর কিন্তু শিক্ষায় ডিগ্রি চারগুন বেশী ছিল। তাঁর নাম ডঃ জি. কে. মান্না, এম. এস. সি., পি. আর. এস., ডি. ফিল., ডি. এস. সি., এফ. এন. এ., সায়েন্স প্রফেসর এ্যাণ্ড হেড অফ দি ডিপার্টমেণ্ট অব জুলজি, ডীন অফ দি ফ্যাকালটি, কল্যাণী ইউনিভার্সিটি। তাঁকে সরিয়ে দিলেন। একবার চিন্তা করে দেখুন। কি হয়েছে, কি হয়েছে বলে কয়েকজন তরুণ সদস্য এখানে চেঁচাচ্ছেন। আমি আশা করব—আপনাদের মধ্যে অনেকে শিক্ষিত ও বয়সে যাঁরা প্রবীন আছেন—আপনারা যাঁরা এখানে একটা বিশাল মেজরিটি নিয়ে এসেছেন, তাঁরা একটা বিরাট রথচক্র চালিয়ে যাবার চেষ্টা করবেন না। আপনারা যা ইচ্ছা তাই করবেন, আর পশ্চিমবাংলার মানুষ চুপ করে বসে থাকবে, তা কিন্তু কখনই সম্ভব নয়। আমি হাউসের মধ্যে এই তথ্য তুলে ধরলাম, এটা নিয়ে আলোচনা করা উচিত। দুজন নাম করা প্রফেসরকে সরিয়ে নিয়ে চলে গেলেন নিজেদের খেয়াল খুশী মত। শিক্ষা ব্যবস্থাকে ডে-টু-ডে কোথায় নিয়ে চলেছেন আপনারা, একবার ভেবে দেখুন। হাইকোর্টে আমার সাথে প্রাকটিস্ করেন—সকাল ৭—৯টা পর্যন্ত ক্লায়েন্টের সঙ্গে কাটান, ১০—৫টা কাটান কোর্টে এবং সন্ধ্যে ৬॥—১১টা পর্যন্ত ক্লায়েন্টের সঙ্গে কাটান শ্রীসোমনাথ চ্যাটার্জী মহাশয়। এঁকে আপনারা ফুল এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করেছেন। ইনি হয়ে গেলেন একজন এ্যাডমিনিষ্ট্রেটর, একদিনের জন্যও কলেজে গিয়েছেন কিনা জানি না। মিঃ সোমনাথ চ্যাটার্জী মহাশয় একদিনের জন্য বীরভূমের লাভপুর কলেজে গিয়েছেন কিনা জানি না। বীরভূম থেকে আসা অনেক মাননীয় এম. এল. এ. এখানে আছেন, আপনারাই বলুন না, তিনি কোনদিন সেখানে গিয়েছেন কিনা? আর একজন আছেন এই রকম। তাঁর নাম হচ্ছে অরুণ প্রকাশ চ্যাটার্জী। তিনি হয়ে গেলেন একজন মেম্বার। তিনি কোথাকার মেম্বার হলেন জানেন? তিনি আশুতোষ গ্রুপ অফ কলেজেস্—থ্রি কলেজেস্—ক্যালকাটা ইউনিভার্সিটির অন্তর্গত, সেখানকার প্রেসিডেণ্ট এ্যাণ্ড গভর্ণমেণ্ট নমিনি হলেন এ্যাডমিনিষ্ট্রেশন চালাবার জন্য। আপনাদের মধ্যে তো শিক্ষিত মানুষ আছেন অনেকেই। আপনাদের মধ্যে কি এমন কেউ নেই যিনি এম. এ. বি. টি. এবং দৈনন্দিন কাজের তদারকি করতে পারেন? আপনারা চেয়েছিলেন ইতিহাসের সিলেবাস তৈরী করতে, যার মধ্যে দিয়ে ছেলে-মেয়েরা একটা মতবাদ জানতে পারবে। এখানে ফরোয়ার্ড ব্লকের সদস্যরা বসে আছেন। আপনারা জানেন ক্লাস নাইন ও টেন'এ নেতাজী সুভাষ চন্দ্র বসুর আই. এন. এ.'এর ব্যাপারে '৭৭ সাল সাল অবধি যেখানে ২৫ পাতা পড়ানো হ'ত বাচ্চাদের, তা এখন এসে দাঁড়িয়েছে ১ পাতায়। আপনারা এটা নিশ্চয়ই লক্ষ্য করেছেন। এর মানেটা কি? নেতাজী সম্বন্ধে আমাদের ছেলেমেয়েরা জানবে না বা পড়বে না। সে জায়গায় চীনের ইতিহাসের জন্য স্থান পেয়েছে ২৫ পাতা, রাশিয়ার জন্য ৪৫ পাতা। আর ভারতবর্ষের ইতিহাস এসে দাঁড়িয়েছে মাত্র ৫ পাতায়। পরবর্তী ঘটনা আপনাদের জানা আছে, এটা নিয়ে হাইকোর্টে যাওয়া হয়েছে এবং হাইকোর্ট সেটাকে রদ করে দিয়েছেন।

[5-35—5-45 P.M.]

হাইকোর্ট রায় দিয়েছেন যে আপনারা যে সিলেবাস তৈরী করেছেন সেটা আমাদের সংবিধান বহির্ভূত সেজন্য নাকচ এবং তারপর আপনারা সুপ্রীম কোর্টে নিয়ে গিয়েছিলেন কিন্তু আপীল থেকে উইথ ড্র করে নিয়ে আসেন। তারপর আপনারা আবার আর একটা এমেণ্ডমেণ্ট আনতে চাইছেন। তারপর আপনারা চিন্তা করুন কতকগুলি সংস্থা আছে যেগুলির উপর আস্থা না থাকলে আধুনিক যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার মধ্যে দিয়ে এ জিনিষগুলি আনতে হবে শিক্ষা দপ্তর থেকে। ভি. সি সম্বন্ধে বলতে চাই না কারণ কাগজে আপনারা দেখেছেন যে ভি. সির বিরুদ্ধে, চ্যান্সেলারের অর্ডারের বিরুদ্ধে আপনারা হাইকোর্ট করেছিলেন সেটা হাইকোর্টের রায়ে নাকচ হয়ে গেছে। আপীল করতে আপনারা গিয়েছিলেন আপীল কোর্টও সেগুলি নাকচ করে দিয়েছে। আপনারা এমন একটা কাজ করুন যাতে শিক্ষা দপ্তর আস্থাপূর্ণ হবে। আমি জানি সেটা করা আপনাদের পক্ষে খুব কষ্টকর। কেননা পার্টি ম্যাণ্ডেট আছে, পার্টির ডিরেকসান আছে, বিদেশ থেকে নানা রকম বিজ্ঞপ্তি আছে। তবুও তারমধ্যে থেকে আপনারা চেষ্টা করবেন যাতে শিশুরা মানুষের সামাজিক কল্যাণ করতে পারে। সামাজিক মূল্যায়ন যদি না শেখে তাহলে আপনাদের শোষণ মুক্তির কাজ তারা শিখবে কোথা থেকে? মানুষ কিভাবে হতে হয় সেটা যদি না শেখে তাহলে কি শিখল? সব জায়গাতে দলবাজী করা উচিত নয়। অবশ্য আপনাদের মতে এটা যদি না শেখে তাহলে কি হবে? তারপর রাজ্য রাজনীতি আইন শৃঙ্খলার কথা অনেক সদস্য বলেছেন। আইন শৃঙ্খলার কথা বলতে গিয়ে শ্রীমতী ছায়া ঘোষের কথা মনে পড়ে। ৩২ দফা কর্মসূচীতে আপনাদের বক্তব্য যে পুলিশকে কোনদিনই শ্রমিক আন্দোলনের উপর ব্যবহার করা হবে না। কিন্তু একজন ভদ্র মহিলাকে এম. এল. এ হোস্টেলের মধ্যে ঢুকে পুলিশ নিগৃহ করে। সেই পুলিশ অফিসারের বিরুদ্ধে কিন্তু কোন ষ্টেপ নেওয়া হল না। তিনি শুধু সেখানকার ষ্টাফ যারা আছে তাদের কতকগুলি দাবী দাওয়ার কথা বলেছিলেন এবং তাদের কেন ছাঁটাই করা হয়েছে সেকথা বলেছিলেন। কিন্তু সংগে সংগে শ্রীমতী ঘোষের বিরুদ্ধে অ্যাকসান নেয়া হল। গৌরীবাড়ী অঞ্চলের ১৯৭৭ সাল থেকে আরম্ভ করে সমাজবিরোধীদের একটা বিরাট দল অত্যাচার চালিয়ে আসছিল। তাদের বিরুদ্ধে অ্যাকসান কোন সময়ে নেয়া হল না যখন পর্যন্ত না সেখানকার মা বোনেরা নেবে এসেছিলেন।

আপনারা চার দিন ধরে কুখ্যাত সমাজ বিরোধীর নাম মুখে মুখে বলে গেলেন, হাউসের মধ্যে এইভাবে দু'পক্ষের মধ্যে একদিকে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি আর একদিকে কংগ্রেস তার নাম করে আলোচনা করলেন অথচ একবারও বুঝতে পারলেন না যে এই প্রোসিডিংস এই কুখ্যাত সমাজ বিরোধী হাইকোর্টে নিয়ে গিয়ে বলবে যে আমি রাজনৈতিক শিকার হয়েছি, আমাকে বেল দিন, আইন অনুযায়ী জর্জ সাহেব তাকে বেল দিতে বাধ্য হবেন। এটা একবারও মনে পড়ে না আপনাদের? আমার পরিষ্কার চার্জ আপনাদের প্রতি যে আপনারা জেনে শুনে তাকে বেল মুক্ত করবার জন্য এখানে রাজনৈতিক মুনাফা পেটার জন্য কাজ করছেন একবার

শান্ত মনে ভেবে দেখুন যে এই রকম আলোচনা আপনারা করতে শুরু করলেন। আজকে কি বলতে পারেন ১৯৮০ সালে যে বোম মারে পার্লামেণ্টারী প্রসেসানের উপর, যাকে বোম মারা হয়েছিল তিনি তারা কারা ২৪ জনের নাম, তাদের বাড়ীর ঠিকানা পর্যন্ত দিয়ে চিঠি লিখে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানান, ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সালের ২৬শে জানুয়ারী পর্যন্ত কোন এ্যাকসান কেন নেওয়া হল না এটা জিজ্ঞাসা করতে পারবেন না আপনারা আপনাদের মুখ্যমন্ত্রীকে? এটা আপনাদের পার্টিকে জিজ্ঞাসা করতে পারবেন না? তাহলে কি মার্কসবাদী পার্টি? শোষণ মুক্ত সমাজের আওয়াজ তুলেছেন, নির্বাচনে বিশ্বাস করেন না নিজেরা বলেন, অথচ নির্বাচনে অংশ গ্রহণ করেন। পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের বুঝতে পেরে গেছে। আপনাদের জানা উচিত যে আপনারা এখানে আছেন মানুষকে ফুল প্রোটেকশান দেবার জন্য। এই চার দিন ধরে ঐ কুখ্যাত সমাজ বিরোধীর নাম করে চলে গেলেন এক এক করে কিন্তু একবারও প্রশ্ন তুললেন না যে কেন এতদিন তার বিরুদ্ধে এ্যাকসান নেওয়া হল না। আমি এই কথা বলতে চাই যে আপনারা দেশে আইন শৃঙ্খলা আনার জন্য ব্যবস্থা নিচ্ছেন, অথচ আশ্চর্যের বিষয় যে পুলিশ অফিসারের বিরুদ্ধে আজকে পরিষ্কার আঙ্গুল দেখিয়ে গৌরী বাড়ীর মা-বোনেদের অভিযোগ সেই পুলিশের সঞ্চিয়িতার ডাইরেক্টরকে এ্যারেষ্ট করে নিয়ে আসছে কোন হোটেল থেকে সেই ছবি বেরিয়েছে। এর কোন দরকার আছে? কোন দরকার নেই। আসছে কোন হোটেল থেকে সেই ছবি বেরিয়েছে। এর কোন দরকার আছে? কোন দরকার নেই। কারণ, আমরা জানি আপনারা শুধু এ্যারেষ্ট করবেন সেখানে যেখানে আপনাদের দরকার লাগে। আমি এও জানি আপনারা শুধুমাত্র পুলিশী এ্যাকসান নেবেন এবং তার বিরুদ্ধে সমস্ত শাসন যন্ত্রকে ব্যবহার করবেন যখন সেটা পার্টির পক্ষে লাগে, জনসাধারণের জন্য নয়। গৌরীবাড়ী অঞ্চলে শান্তি কমিটি তৈরী হল, আপনারা মিটিং করে বললেন আমরা নাগরিক কমিটি খুব ভাল ভাল কাজ করি। নাগরিক কমিটি বলে আপনারা লিফলেট বের করে দিলেন। বিরাটভাবে সেটা চালু করলেন চতুর্দিকে। নাগরিক কমিটির লিফলেট চতুর্দিকে আলোচনা হল, বললেন সমাজ বিরোধীদের বিরুদ্ধে আমরা। তাহলে এতদিন কি আপনারা ঘুমুচ্ছিলেন? নাগরিক কমিটি করলেন, কলকাতার ৩২টি ওয়ার্ডের নাম দিয়ে দিলেন। নাগরিক কমিটির কে কোন নাগরিক, কলকাতার নাগরিক কি বিদেশের নাগরিক, কে এটা বের করেছে, খুঁজে খুঁজে জানতে পারলাম যে গণশক্তি প্রিণ্টার্স কলকাতার একমাত্র নাগরিক যে নাগরিক কমিটি তৈরী করে ফেললেন। আপনাদের যদি সাহস থাকে তাহলে নাম দিন। এই বইএর মধ্যে রয়েছে কতজনকে আপনারা নাম করে করে কাজ করে দিয়েছেন তাহলে কেন নাগরিক কমিটিতে নাম থাকতে পারছে না? শান্তি কমিটি গৌরীবাড়ীর জনসাধারণের নিজস্ব কমিটি। আপনাদের কাছে আমার অনুরোধ আপনারা এখানে রাজনীতি আনবেন না। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যাবার পর তিনি কতকগুলি পুলিশী ব্যবস্থা নিয়েছেন। আপনারা যদি রাজনীতি নিয়ে আসেন এবং প্রতিদিন কংগ্রেস এবং সি পি আই (এম) এর মধ্যে লড়াই করেন তাহলে কোনদিনও পশ্চিমবঙ্গকে সমাজ

বিরোধী মুক্ত করতে পারবেন না। আমার অনুরোধ আপনাদের মধ্যে অনেক বিজ্ঞ আছেন, বয়স্ক আছেন, আপনারা নিজেরা আলোচনা করে দেখুন, এতে রাজনৈতিক প্রশ্রয় পাচ্ছে না. কোন রাজনৈতিক দল সাপোর্ট করে না। গৌরীবাড়ী অঞ্চলের মা-বোনেরা বেরিয়ে এসে একসাথে তারজন্য কাজ করতে পেরেছেন। এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাই যে ৪৪৮টি এ্যামেণ্ডমেণ্টের প্রত্যেকটিকে আমি সাপোর্ট জানাচ্ছি। কারণ, প্রত্যেকটি এ্যামেণ্ডমেণ্ট একটার পর একটা যদি তুলে ধরেন তাহলে দেখতে পাবেন লেখা রয়েছে তিস্তা ব্যারেজে টাকা দেয়নি অথচ ৪৮ কোটি টাকা তিস্তা ব্যারেজের জন্য দেওয়া হয়েছে। তাই আমি বলি কাশীনাথ মিশ্র, শ্রীসুব্রত মুখোপাধ্যায়, শ্রীসুনীতি চট্টরাজ যে এ্যামেণ্ডমেণ্টগুলি এনেছেন সেই এ্যামেণ্ডমেণ্টগুলি আপনি নিজের চোখে দেখেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আপনার মাধ্যমে সরকার পক্ষের সমস্ত সদস্যদের কাছে আমার অনুরোধ আপনারা এগুলি নিজেরা দেখুন এবং নিজেরা দেখে সংশোধনীগুলির মধ্যে যেগুলি প্রয়োজন সেগুলি নিশ্চিৎ আপনারা পাশ করাবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতি বসু ঃ স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের বক্তৃতার ধন্যবাদসূচক প্রস্তাবের উপর বিরোধী পক্ষ থেকে যেসব বক্তব্য এখানে রাখা হয়েছে, আমাদের সরকারী পক্ষ থেকে সদস্যরা তার অনেক জবাব ইতিমধ্যে দিয়ে দিয়েছেন। আমি পরে যেভাবে বুঝেছি বিশেষ করে বিরোধী দলের কথা সেগুলি আমি বলবার চেষ্টা করবো। আমি প্রথম থেকেই দেখলাম, এতজন বক্তৃতা দিলেন এবং অনেকগুলি সংশোধনী প্রস্তাবও আছে, এখানে তিন চারটি বই আছে, তাতে সব লেখা হয়েছে তার মধ্যে বেশীরভাগই দেখলাম আইনশৃঙ্খলা সম্বন্ধে ওঁরা বিশেষ কিছু বললেন না। আর সংশোধনীগুলি এমনই যা উত্তর আমি কি দেবো? বলা হচ্ছে এটা নাই ওটা নাই—এই সব। এখন তো আর সেইসব কথা রাজ্যপালকে দিয়ে বলানো যায় না। আমি দেখবো বাজেটের সময় সে সম্বন্ধে কিছু বলা যায় কিনা। আর যা বলা হয়েছে তা কিছুটা অর্ধ সত্য, কিছুটা অসত্য। তাহলে আমি কি জবাব দেবো? এই সবের কিছুই জবাব দেবার নাই। ৪০০, না কত সংশোধনী আছে - কি তার চেয়ে বেশী—আমি মনে করি এই সবের জবাব দেবার প্রয়োজন নাই। আমি শুধু মনে করিয়ে দিতে চাই যে রাজ্যপালের বক্তৃতায় যে কতকগুলি বিষয় আছে সেগুলি সম্বন্ধে বিরোধী পক্ষ থেকে কোন উল্লেখ আমি দেখলাম না। আমাদের এ পক্ষ থেকে সে সম্বন্ধে কিছু কিছু বক্তব্য রেখেছেন। কিন্তু বিরোধী পক্ষ থেকে একটি কথাও বলেননি। সে সম্বন্ধে তাঁদের অন্য কোন কিছু বক্তব্য আছে কিনা, কিছু আরও পয়েণ্ট আছে কিনা তা কিছুই শুনলাম না। ধরুন, কেন্দ্রীয় সরকার সম্বন্ধে রাজ্যপালের বক্তৃতায় বলা হয়েছে যে আমাদের এখানে শিল্পে পুঁজি নিয়োগ হচ্ছে না। কেন্দ্রীয় তাদের কর্তব্য পালন করছে না সে সম্বন্ধেও বলা হয়েছে। উল্টো পথে তারা গিয়েছেন। এ সম্বন্ধে কংগ্রেস সদস্যদের কি বক্তব্য সেদিকে তারা যান নি। আর এটা তো আজকের ব্যাপার নয়। আমাদের সময়েই এটা শুধু হয়নি। ১৫।২০ বছর ধরে দেখছি যে

এখানে এই পশ্চিমবাংলায় আধুনিক শিল্প কিছুই নাই। এই রাজ্য শিল্প প্রধান রাষ্ট্র হিসাবে প্রথম স্থানে ছিল। এখন আমরা কোথায় তলিয়ে গিয়েছি। এবং এতে পশ্চিমবাংলার মানুষের কোন অপরাধ নাই। এখানে পুঁজি নিয়োগ হয় নি। পরিকল্পনা কমিশন আমাদের দিকে একবার ফিরেও তাকায়নি। আমাদের মত উদ্বাস্তু সমস্যা কোন প্রদেশে নাই। ৭০ লক্ষ বাস্তুহারা এখানে এসেছে ওপার থেকে এবং তাদের পুর্নবসতি সেইভাবে কিছুই হোল না—সেইভাবে টাকাও খরচ করা হোল না। এ সম্বন্ধে ওঁদের কিছু কি বলার নেই? আমরা এখানে বলেছি যে আধুনিক শিল্প আমাদের এখানে একটিও নাই। পেট্রো-কেমিক্যাল কোথায়? আপনারা খালি প্রশ্ন করেছেন আর আমরা জবাব দিচ্ছি। অথচ চার বছর আগে থেকে এই সব বলা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার এবং আমরা দুজনে মিলে ওঁরা ৪০ ভাগ এবং আমরা ৪০ ভাগ—আর যাদের থেকে টাকা নিতে হবে, যারা আমাদের রয়েছেন অন্যভাবে সাহায্য করবেন তাদের থেকে ২০ ভাগ, এইভাবে একটা কোম্পানী তৈরী করে এটা করতে চাইছি। রাজ্য সরকার এটা তো করতে পারে না। কেউ কি করছে ভারতবর্ষের অন্যান্য রাজ্য সরকার? ওঁরা এটা নীতিগতভাবে মেনে নিয়েছিলেন। কিন্তু আজও এর কিছু হোল না কবে হবে জানি না। জমি সব পড়ে আছে হলদিয়ায়। হাজার হাজার লক্ষ লক্ষ লোকের চাকুরী সংস্থান হোত। কারণ তার পাশাপাশি অনেক কারখানা হোত। কারণ যদি হয়ে যায়, ওঁরা মনে করছে ওঁদের ক্ষতি হবে। ওঁরা টাকা দিলে তো করবো—আর তাতে তো আপনাদের সুবিধাই হবে। কিন্তু এতে ওঁদের কিছু বলার নেই। এমনই ভীত সন্ত্রস্ত পশ্চিমবাংলার মানুষ হয়ে যে যদি কোন উন্নতি পশ্চিমবাংলার হয়ে যায়! ঠিক সেইভাবে ইলেকট্রনিকস। কতবড় অপমানকর কথা। আমরা তারজন্য হরতাল ডেকেছিলাম, বন্ধ করেছিলাম। ইলেকট্রনিকস ব্যাপারে শ্রীমতী ইন্দিরা গান্ধী আমাকে পড়ে শোনালেন, ওঁর অফিসার লিখছেন যে পশ্চিমবাংলা হচ্ছে বর্ডার ষ্টেট।

সেইজন্য সল্টলেকে হবে না, ১০০ একর জমি সেখানে দেওয়া হয়েছিল। কোনও অপমান বোধও নেই, চুপ করে বসে আছেন, এই ব্যাপারে একটা কথাও তো বলছেন না?

(গোলমাল)

আমি ইন্দিরা গান্ধীকে বলেছিলাম, আপনি কি এটা মেনে নিয়েছেন? উনি বললেন—ইন্দিরা গান্ধী বললেন যে আমি এটা একেবারেই মেনে নিই নি। কিন্তু বলার পর, এক বছর যেতে না যেতে এই ইলেকট্রনিকস চলে গেল উত্তরপ্রদেশে, কংগ্রেসের কোন একটা জায়গায় সেখানে চলে গেল। আর একটা চলে গেল হরিয়ানায়। তখন আমি ইন্দিরা গান্ধীকে বললাম যে যুদ্ধ বিগ্রহ অস্ত্রশস্ত্র, এই বিষয়ে আমি বিশেষ কিছু বুঝি না, কিন্তু এইটুকু বুঝি যে এফ ১৬ দিল্লীতে পৌছবে আগে বা হরিয়ানায় পৌছবে আগে পশ্চিমবাংলার সল্টলেকে পৌছবার আগে, এইটুকু আমি জানি। বিপদ তো বাংলাদেশ থেকে নয়, বিপদ হচ্ছে পাকিস্তান থেকে। কারণ মার্কিন সাম্রাজ্যবাদরা তাদের সাহায্য করছে। তিনি চুপ করে গেলেন তখন। কিন্তু এক বছর যেতে না যেতেই

দেখলাম যে তিনি সেটা নিয়ে চলে গেলেন, কিছু বলার নেই। অথচ ওখানকার আর একজন মন্ত্রী আমাকে বলেছেন—

(গোলমাল)

(Noise & interruptions)

(Several members rose to speak)

Mr. Speaker : Honourable members, please do not disturb. Mr. Panja, please take your seat, please take your seat. Mr. Panja for the last time I would request you to please take your seat. Mr. Chattoraj. what is this ? Please take your seat. Please maintain decorum of the House.

শ্রীজ্যোতি বসু ঃ আমাদের এখানে জাহাজ মেরামত কারখানা করবার কথা ছিল হলদিয়ায়, সেটা হলো না। কেন হলো না, কিছু বক্তব্য আছে ? কিছু বক্তব্য নেই। একটা ট্রাক ম্যানুফ্যাকচারিং ইউনিট করার কথা ছিল, হলো না, কেন হলো না, কোন কথা নেই। এইগুলো রাজ্যপালের ভাষণে আছে। এই সংগে সংগে যেটা নেই, সেটাও আমি বলছি যে কেন্দ্রীয় সরকারকে বারেবারে আমরা বলছি. ইস্পাত কারখানাগুলো, অন্য জায়গায় যা আছে, সেইগুলোর জন্য অনেক টাকা খরচ করছেন, পুঁজি নিয়োগ করেছেন। আমাদের দুর্গাপুরেরটা তো আপনাদেরই কারখানা, সেখানে কেন করছেন না ? অবশ্য ওঁরা বলছেন যে আমরা এটা করবো। ৪০০/৫০০ কোটি টাকা ওঁরা এখানে নিয়োগ করবেন বলছেন, আধুনিকীকরণ করার জন্য, এক্সপানশান ইত্যাদির জন্য। কিন্তু আজ পর্যন্ত সেটা হয়নি। সেটা সম্বন্ধেও দু একটা কথা বললে ভাল হতো আমাদের। আমরা গিয়ে কথাবার্তা এখানে বলতে পারতাম, ওরা হয়তো করতেন, উন্নতি হতো পশ্চিমবাংলার, আপনাদের হয়তো অপকার হতো। সেই রকম আমরা বলেছি, এখানেও কয়েকজন সদস্য বলেছেন যে কয়েকটা নিত্য প্রয়োজনীয় জিনিস যাতে রেশন দোকানের মাধ্যমে নিয়ন্ত্রিত দরে পাওয়া যায়, সেই রকম ব্যবস্থা করুন। কেন্দ্রীয় সরকার যদি সহযোগিতা না করেন, সেইসব জিনিস সরবরাহ করা যায় না, এটা আমাদের ন্যাশন্যাল ডেভেলাপমেণ্ট কাউন্সিলে আলোচনা হয়েছে। কথা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার নীতিগতভাবে মেনে নিয়েছেন, কিন্তু আজ পর্য্যন্ত সেটা হলো না।

(গোলমাল)

শ্রীজ্যোতি বসু ঃ স্পীকার মহাশয়, আপনি দেখছেন তো ওদের ব্যবহারটা ?

মিঃ স্পীকার ঃ Mr. Sattar, I would request you to control your members.

শ্রীজ্যোতি বসু ঃ তারপর হচ্ছে, জিনিসের দাম বাড়া—এটাও আমরা বলেছি, রাজ্যপালের ভাষণে এটা আছে। জিনিসের দাম কেন বাড়ে, মুদ্রাস্ফীতি কেন হয় ? এটা কোন রাজ্য সরকারের অপরাধ নয়। এটা মূলতঃ দায়ী হচ্ছেন কেন্দ্রীয় সরকার। এটা সকলেই জানেন এবং ওখানে যদি পাঁচটা জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হয়, রেলওয়ে ফ্রেট, রেলওয়ে ফেয়ার, ডিজেলের দাম বাড়ানো হয়, অন্যান্য জিনিসের দাম বাড়ানো হয়, তাহলে রাজ্যগুলোতে অনেক জিনিস আছে যা স্বাভাবিকভাবে বেড়ে যায় এবং এটাই বর্তমানে হচ্ছে। সেই সম্পর্কে কি বক্তব্য, কিছু শুনলাম না বিরোধী দলের কাছ থেকে। আমরা বলেছি, আমরা কতকগুলো আইন এখানে প্রণয়ন করছি, সেইগুলো দিল্লীতে পাঠিয়েছি অনুমোদনের জন্য সংবিধান অনুযায়ী, কিন্তু ১৫টা বিষয় সেখানে পড়ে রয়েছে, একটা যেটা ভূমি সংস্কার আইন, সেটা তিন বছর ধরে পড়ে রয়েছে, বাতিলও তো করে দিতে পারেন। তিন বছর ধরে পড়ে রয়েছে। শ্রমিকদের একটা আইন ১০ বছর ধরে পড়ে রয়েছে, অনেক কষ্ট করে ওদের দিয়ে আনিয়ে রিজেক্ট করিয়েছি। আমি বলেছি, আপনাদের কিছু করতে হবে না, শুধু রিজেক্ট করে দিন, তা নাহলে সংবিধান অনুযায়ী শ্রমিকদের জন্য আর একটা আইন আনতে পারছি না। ভূমি সংস্কার আইনটাও ঐ অবস্থায় পড়ে রয়েছে, এটা সম্বন্ধে ওঁদের কি বক্তব্য আমি জানি না। এই সমস্ত সত্ত্বেও এটা বোঝার দরকার, জিনিসের দাম যদি বাড়ে, সব জিনিসের দামই উর্ধমুখী, কিন্তু এখনও ভারতবর্ষের বড় বড় শহরগুলো যদি ধরেন তাহলে দেখবেন, পশ্চিমবাংলায় সব থেকে কম এখন জিনিসের দাম।

[5-55—6-05 P.M.]

বেশীর ভাগ জিনিসের দাম এটা হচ্ছে—আমরা দেখছি। তারপর রাজ্যপাল তার বক্তৃতায় বলেছেন, নিশ্চয় সবাই শুনেছেন যে, আমাদের যে রাজস্ব আদায় হত—ধরুন ১৯৫০ সালে কেন্দ্রীয় সরকার যে রাজস্ব আদায় করতেন তার শতকরা ৫৫ ভাগ রাজ্যগুলিকে দেওয়া হত ভাগ করে, এখন সেটা শতকরা ৩০ ভাগে এসে দাঁড়িয়েছে। আমাদের অসুবিধা হচ্ছে, একটু বলা দরকার। তারপর একটা অদ্ভুত কথা শুনুন—শুধু এখানকার কথা বলছি না, বাইরের কংগ্রেসীরাও পুস্তিকা ইত্যাদি বের করেছেন। তাতে আমাদের খাদ্য ইত্যাদি সম্বন্ধে পরিসংখ্যান দেওয়া হয়েছে। সেই পরিসংখ্যানের মধ্যেও গোলমাল দেখা যাচ্ছে। যেমন ওরা বলেন লাষ্ট ইয়ার অব দি কংগ্রেস —এই বছর আমাদের লাষ্ট ইয়ার হচ্ছে, সেটা ওরা বলে থাকেন। চাষাবাদের কথাই ধরা যাক। চাষ বাস কখন হয় সেটা আপনারা সকলেই জানেন। ১৯৭৬/৭৭ সাল ওদের লাষ্ট ইয়ার। আমাদের জিনিসগুলিকে নিজেদের উপর নেবার জন্য, নিজেদের কৃতিত্ব দেখাবার জন্য ওদের মতে ওরা ১৯৭৭/৭৮ সালকে লাষ্ট ইয়ার বলে থাকেন। আমরা কিন্তু জুন মাসের আগেই এসে গেছি। এপ্রিল মে মাসের মধ্যে এগ্রিকালচারাল অপারেশন বিশেষ কিছু হয় না, এটা সকলেই জানেন। ওরা সেটা দেখাতে গিয়ে বলছেন ৮৯·৭০ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছে। আসলে ওদের লাষ্ট ইয়ারের পরিসংখ্যান অনুযায়ী দেখা যাচ্ছে ৭৪·৫৬ লক্ষ টন খাদ্য হয়েছে। আমাদের সময়ে ৮৯·৭০

টন হয়েছে। আর ওদের পুস্তিকায় এইসব মিথা খবর ছাপিয়ে সমস্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ছড়ানো হচ্ছে। তারপর এই রকম কথা তো বলেন নি যে ১০০ বছরের মত এই রকম বন্যা কেউ দেখেনি। তারপর দু-দুবার যে খরা হয়ে গেল, এই রকম খরা আগে কেউ দেখেনি, ভারতবর্ষব্যাপী এই রকম খরা কেউ দেখেনি। শুধু এখানে নয়, ভারতবর্ষব্যাপী সেই জন্য উৎপাদন কমে গেছে। কিছুদিন আগে শ্রীমতী গান্ধী বক্তৃতা দিলেন, টেলিভিসনে আমি দেখছিলাম—সৌভাগ্যবশতঃ তিনি এটা বললেন, স্বীকার করলেন। স্বীকার না করে উপায় কি আছে? উনি বললেন কয়েক বছর আমরা ভাল ফসল করে উঠতে পারিনি। উনি ঠিকই বলেছেন। দু বছর যদি ক্রমাগত খরা হতে থাকে যা আগে আমরা কেউ দেখিনি তাহলে কি করে হবে? উনি ঠিকই বলেছেন উৎপাদন কম হয়েছে। ভারতবর্ষের সেই পরিসংখ্যান ষ্ট্যাটিসটিক্সের মধ্যে পশ্চিমবাংলাও আছে। এবারে আমরা সেখানে প্রায় ৯০ লক্ষ টন হবে বলে বলছি। সেই হিসাবটা কেন্দ্রীয় সরকারের কাছেও আছে। সেটা ধরে নিয়েই তারা বলছেন এবারে রেকর্ড হারভেষ্টিং হয়েছে। আমাদের এখানেও রেকর্ড হয়েছে এবং সেই কথাই রাজ্যপালের বক্তৃতায় আছে। এই সমস্ত অঙ্কের হিসাব কেন্দ্রীয় সরকারের কাছে আছে, আমাদের কাছেও আছে, ডিপার্টমেণ্টে আছে। সেই সম্বন্ধে যদি এ রকম ভাবে কারচুপি করেন তাহলে মুস্কিল হবে। ঠিক সেই ভাবেই সেচ ব্যবস্থার কথা ধরুন। ওরা বলছেন সেচ ব্যবস্থার হয়ত কিছু উন্নতি হতে পারে, কিন্তু আপনারা ব্যবহার করেন নি। আমি বলছি যেটুকু সেচ ব্যবস্থা হয়েছে সেটাকে আমরা পূর্ণ মাত্রায় ব্যবহার করেছি এবং আগের থেকে কিছু বাড়িয়েছি এবং তার পূর্ণ সদ্ব্যবহার করেছি এই বিয়য়ে কোন সন্দেহ নেই। এই মাত্র তিস্তা সম্বন্ধে একটি কথা শুনলাম। তিস্তা সম্বন্ধে রাজ্যপাল কি বলেছেন? তিনি বলেছেন এই সরকার প্রায় ১০০ কোটি টাকার উপর খরচ করেছে এবং সেই অনুপাতে কেন্দ্রীয় সরকারের যা সাহায্য করার কথা ঠিক সেই ভাবে তা হয়নি। ওরা কিছু দেয়নি, কিছু করেনি, এই রকম তো কোন কথা নেই। তিস্তা হলে উত্তরবঙ্গের খুব উপকার হবে। সেই জন্য আমি নিজে প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রীর সঙ্গে দুবার দেখা করেছি। উনি মেনে নিয়েছেন। উনি বলেছেন বাংলাদেশের ওদিকে তিস্তা নিয়ে নানা রকম পরিকল্পনা করছেন। আমি বলেছি টাকাটা যদি একটু তাড়াতাড়ি দিয়ে দেন তাহলে এই কাজটা খুব তাড়াতাড়ি সম্পূর্ণ করতে পারি। উনি মেনে নিয়েছেন। কয়েকদিন আগে খবর পেলাম এই বছরের জন্য ৫ কোটি টাকা দিয়েছেন, এটা আর একটু বেশী দেবার কথা ছিল। যাই হোক, সেটা পরে আমরা দেখব। এখন সময় খুব কম। এর পরে বাজেটে আরো বেশী টাকা ধার্য্য করবেন। আমরা যাতে আরো বেশী করে রাখি এই কথা আমার সঙ্গে আলোচনা হয়েছে।

এটাতে একমত হয়ে বলা যায়। এতে সমস্ত উত্তরবঙ্গের অনেক উপকার হবে যদি এটা সম্পূর্ণ করতে পারি। বিদ্যুৎ পরিকল্পনা হতে পারে, অনেক কিছু হতে পারে। এসব কথা ওঁরা বলবেন না। তারপর শিল্প সম্বন্ধে ওঁরা বলেছেন, এখানে উৎপাদন কমে গিয়েছে। ঠিকই তো, কমে গিয়েছে। আমি একটা হিসাবে দেখছিলাম, ১৯৬৫ থেকে ১৯৭৫ সালের মধ্যে শিল্পের ক্ষেত্রে

পশ্চিমবাংলায় শতকরা ৪৫ ভাগ উৎপাদন কমে গিয়েছে। এবং সেখানে মহারাষ্ট্রে প্রায় ৪০ ভাগ বেড়েছে। এটাও পশ্চিমবাংলার মানুষের অপরাধে হয়েছে নাকি? এখানেও সেই একই কথা—ইনভেষ্টমেণ্ট হয়নি, পুঁজি নিয়োগ হয়নি, রাষ্ট্রায়াত্ব শিল্প, ব্যাঙ্ক এইসব থেকে তারা ব্যবস্থা করেন নি, অনেক মালিককে নানান পরামর্শ দিয়ে বাইরে পাঠানো হয়েছে, তারা এখানে পুঁজি নিয়োগ করেন নি, এইসব নানান কারণে এটা হয়েছে। এখন তার থেকে খানিকটা উন্নতি হয়েছে তবে যে ভাবে চলছে তাতে আমরা কখনই সন্তুষ্ট হতে পারি না। আবার উল্টো দিকে কুটির শিল্প যেটা, ছোট শিল্প তাতে এখানে অনেক উন্নতি হয়েছে, সেটা ভারতবর্ষের যে কোন রাজ্যের তুলনায় বেশী হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেসব কথা ওঁরা কিন্তু বলেন নি। তারপর আর একটা কথা যেটা বলেছেন সেটা খানিকটা সত্য যে সরকারের পক্ষ থেকে বা রাষ্ট্রের পক্ষ থেকে যে রাষ্ট্রায়ত্ব শিল্পগুলি চালানো হয় সেখানে ওঁরা বলছেন, সবগুলিতেই লোকসান হচ্ছে। এসব বলার দরকার কি? লোকসান তো হচ্ছে। আপনাদের সময়ও হ'ত, আমাদের সময়ও হচ্ছে, কেন্দ্রীয় সরকারের তো অনেক হাজার কোটি টাকা লোকসান হচ্ছে। কিন্তু এ ক্ষেত্রে যেগুলিতে কিছু উন্নতি করতে পারা গিয়েছে সেগুলিও বলা দরকার। যেমন গ্রেট ইষ্টার্ন হোটেল, এখানে লাভ হচ্ছে। আপনারা যখন সরকারে ছিলেন তখন এর ম্যানেজমেণ্ট নিয়েছিলেন, আমাদের সময় আমরা জাতীয়করণ করেছি, আপনারা সমর্থন করেছেন। তারপর ইষ্টার্ন ডিসটিলারী, সেটা আমরা জাতীয়করণ করেছি, সেখানে লাভ হচ্ছে। সরস্বতী প্রেস যেটা নেওয়া হয়েছে সেখানেও লাভ হচ্ছে। আরো তিনটি যেগুলি আমরা জাতীয়করণ করবো, বিল আসছে সেগুলিতেও এখনও ঠিক লাভ হয়নি তবে কাছাকাছি এসে গিয়েছে। কাজেই যেগুলিতে লাভ হয়েছে সেগুলির ব্যাপারে বলা দরকার আবার যেগুলি হয়নি সেগুলির ব্যাপারেও আমাদের চেষ্টা করা দরকার যাতে লাভজনক করতে পারি। উদ্বৃত্ত জমি বিলির ব্যাপারে বলা হয়েছে। ৭·৬ লক্ষ একর জমি সেখানে প্রায় ১৫ লক্ষ লোকের মধ্যে বিলি করা হয়েছে। অবশ্য এরমধ্যে কংগ্রেস আমলে যেটুকু করা হয়েছিল তার হিসাবও আছে। এখানে একটা কথা বারবার বলা হয়েছে এবং প্রধানমন্ত্রীও লিখেছেন যে এইরকম শোনা যাচ্ছে যে কংগ্রেস দল যাদের দিয়েছিল ঐ গরিব ক্ষেতমজুর ইত্যাদি যাদের প্রাপ্য তাদের অনেককে বিতাড়িত করে অন্যদের আমরা দিয়েছি। এইরকম কেস আমাকে দিলে আমি সেগুলি দেখে বাজেটের মধ্যে খবর নিয়ে বলে দিতে পারবো। ১৪/১৫ লক্ষের মধ্যে ২/৫টি যে হতে পারে না তা আমি বলছি না তবে আমার কাছে রিপোর্ট না এলে এবং আমি সেটা না দেখে এখনই বলতে পারবো না। প্রধানমন্ত্রীকে আমি লিখেছি যে আপনি আমাকে কয়েকটা লিখে পাঠিয়ে দিন কিন্তু আজ পর্য্যন্ত তিনি আমাকে লিখে পাঠান নি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি আপনাকে দুটির কথা বলেছি।

শ্রীজ্যোতি বসু ঃ সুব্রতবাবু বক্তৃতা প্রসঙ্গে কালকে না কবে দুটির কথা বলেছেন, আমি বলছি, সে দুটো আমাকে দিন আমি দেখবো যে সত্যি হয়েছে কিনা। এখন ১৪/১৫ লক্ষের মধ্যে দুটি যে হতে পারে না সেকথা আমি বলছি না কিন্তু তার কোন হিসাব আমার কাছে নেই।

[6-05—6-15 P.M]

১ লক্ষ একরে এখনও মামলা হচ্ছে, ইনজাংশান হয়ে পড়ে আছে। আমরা সেগুলি চেষ্টা করছি। শিক্ষার ব্যাপারে কংগ্রেসীরা বক্তব্য রেখেছেন, যারা শিক্ষার সর্বনাশ করেছেন। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কোন পরীক্ষা হতনা, পরীক্ষা ভণ্ডুল হয়েছিল। সেখানে চাঁদা নেওয়া হত, মাষ্টার মশাইদের মারধর করা হত, ইনভেজিলেটরকে থাকতে দেওয়া হতনা, একটা নক্কার-জনক অবস্থা ছিল। একজন ডাক্তার হতে হলে ৮ বছর লাগতো ৫ বছরের জায়গায়। ২ বছর সেখানে কোন ডাক্তার তৈরী করা যায়নি, এম. এ. পাশ করতে পারেনি। এর কারণ হচ্ছে সেখানে একটা অরাজকতার সৃষ্টি হয়েছিল। এমন কি সিদ্ধার্থ শংকর রায়ের বিবৃতি আমি দেখেছি। এই যে ল' হোষ্টেল আছে, সেখানে নাকি গুণ্ডাদের আড্ডা আছে, বন্দুক, বোমা ইত্যাদি এই সব রেখেছে। এটা আমাদের খালি করতে হবে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ কোয়েশ্চেন।

শ্রীজ্যোতি বসু ঃ কোয়েশ্চেন করে লাভ কি হবে। কাগজে আছে, সংবাদ পত্রে আছে। দলের ঝগড়ার জন্য তিনি কিছু করতে পারেন নি। তারপরে আমরা এসে সেটাকে খালি করে দিয়েছে। আজকে সেখানে পরীক্ষা শুরু হয়েছে। আগে পরীক্ষা হত ? আজকে ২ লক্ষ, ২॥ লক্ষ ছেলে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, বি. এস. সি., বি. এ., বি. কম. ইত্যাদি সমস্ত রকম পরীক্ষা দিচ্ছে। সেখানে ডাক্তারী পরীক্ষা দিচ্ছে। সেখানে যাতে গুণ্ডামী না হয় তার জন্য ব্যবস্থা করা হয়েছে। যারা শিক্ষক, যারা ছাত্র, অভিভাবক, সকলের সহযোগিতা নিয়ে আমরা এটা করতে পেরেছি। এর পরেও কংগ্রেসের কাছ থেকে আমাদের শিক্ষার কথা শুনতে হচ্ছে। একজন বললেন যে শিক্ষার জন্য আপনারা অনেক খরচ করেছেন কিন্তু কোয়ালিটি অব এডুকেশান কি হচ্ছে ? সেটা দু'চার বছরে বোঝা যাবেনা। আমাদের দেখতে হবে যাতে মানটা উন্নত হয়। কিন্তু আমি একথা বলবো যে আজকে টুকে কেউ পাশ করছে না। আগেকার দিনে টুকে ডবল এম. এ. হয়েছে, আলাদা ঘরে বসে পরীক্ষা দিয়ে টুকে পি. এইচ. ডি. হয়ে বেরিয়েছে এবং এই রকম বহু ঘটনা আছে। সেই সব অসভ্যতা, বর্বরতা আমরা বন্ধ করতে পেরেছি, এই বিষয়ে কোন সন্দেহ নেই। মানুষ সেই সব জিনিস জানে। সেটা আর নুতন করে বলবার কিছু সেই। তারপরে এখানে বলা হয়েছে যে বিশ্ববিদ্যালয়গুলি আছে, সেগুলি সব আপনারা নিয়েছেন। ঠিকই তো। ১৯৭৭ সালে এসে যখন দেখলাম যে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিতে অরাজকতা চলছে, বিশ্ববিদ্যালয়কে আর বিশ্ববিদ্যালয় বলা যায় না তখন আমরা সেগুলিকে হাতে নিয়েছিলাম নুতন আইন করার জন্য, গণতন্ত্রী করণের জন্য। সেই আইন আমরা করে ফেলেছি। ক্যালকাটা ইউনিভার্সিটিতে সমস্ত ব্যবস্থা হয়েছে এবং সেই আইন অনুসারে অন্যগুলিতেও একটা একটা হচ্ছে। এর আগে গণতান্ত্রিক আইন বলে কিছু ছিল ? কিছু ছিলনা। একটা রিপ্রেজেনটেশানও ছিলনা, আইন তো দূরের কথা। তাদের কাছ থেকে এই সব কথা শুনতে হচ্ছে । ওরা জানে কি না

আমি জানি না, ৬টা ইউনিভার্সিটি তাদের থেকে আমাদের হাতে আনা নয়। এই বিধানসভা থেকে আইন পাশ হয়েছে। এই সব আইন পাশ করে ব্যবস্থা নেওয়া হয়েছে। তারপরে আর একটা কথা বলা হয়েছে যে ২/৪টি জায়গায় এ্যাডমিনিসট্রেটর করা হয়েছে। ওদের পছন্দ মত এ্যাডমিনিসট্রেটর আমরা করতে পারিনা। আমাদের পছন্দ মত করতে হবে। কিন্তু এতে অন্যায়টা কি হয়েছে, অপরাধ কি হয়েছে সেটা শুনলাম না। যাই হোক, এই বিষয়ে আমার কিছু বলার নেই। তারপরে ভাইসচ্যান্সেলর ইত্যাদি সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আমি সেই সম্পর্কে কিছু বলতে চাইনা। কারণ আমাদের যে আইন আছে সেটা এখানে পাশ হয়েছে এবং তাতে বলা হয়নি যে সর্বোচ্চ ভোট পাবে তাকেই ভাইসচ্যান্সেলর করতে হবে। সেখানে প্রোপোরশন্যাল রিপ্রেজেনটেশান ছিল। যাই হোক, আমাদের শিক্ষামন্ত্রীর কথা মাননীয় রাজ্যপাল মনে করেছেন যে ঠিক নয়, তিনি তাঁর ইচ্ছা মত করেছেন। আমার সেই বিষয় নিয়ে কিছু বলার নেই। তা যদি হত তাহলে আইনটি হত শুধু মেজরিটি দিয়ে যে ভাবে তাকে করা হয়েছে কিন্তু তাতো নয়। কাজেই এই সব নিয়ে আমি বিশেষ কিছু বলতে চাইনা।

শিক্ষা সম্পর্কে বলা হয়েছে যে, আমাদের নাকি ইতিহাসের কোন পাঠ্য পুস্তক নেই! তা এ নিয়ে আমি একটু খোঁজ করবার চেষ্টা করছিলাম। আমি দেখলাম যে, ক্লাশ এইটের ছেলেমেয়েদের জন্য ইতিহাসের যে সিলেবাস আছে সেটা নিয়ে একটা মামলা হচ্ছে। তারপরে এখানে বলা হয়েছে, সিলেবাস নিয়ে মামলা হচ্ছে, কারণ ছেলেমেয়েদের যেভাবে শিক্ষিত করা দরকার সেভাবে নাকি ইতিহাস বই লেখা হয়নি। আমি এ সব শোনবার পরে একটু খোঁজ নিচ্ছিলাম যে, সিলেবাসের কনটেণ্ট নিয়ে কোন কেস হচ্ছে কিনা এবং হয়ে থাকলেও তার এখন কি অবস্থা। আমি খোঁজ নিয়ে দেখলাম যে, আসলে সেখানে কেস হচ্ছে সিলেবাস তৈরী করার সময়ে তা বেআইনীভাবে হয়েছে কিনা, রুলস মেনে হয়েছে কিনা, এই সব নিয়ে কেস হচ্ছে। কোর্টে সিলেবাসের কনটেণ্ট চ্যালেঞ্জ হয়নি। এখন রায় কি হয়েছে, আবার পরবর্তীকালে কি হবে তা দেখা হবে। যাঁরা ইতিমধ্যেই এই সিলেবাস ইনট্রোডিউসড করছেন তাঁরা এটাই এখন পড়াবেন এবং যেখানে এই সিলেবাস এখনো চালু হয়নি সেখানেও এখন এটাই চালু হবে। তারপরে যা সিদ্ধান্ত হবে, তাই হবে। আসলে রুলস এর ব্যাপারে একটা চ্যালেঞ্জ হয়েছে, কনটেণ্ট 'এর ব্যাপারে কিছু হয়নি। কাজেই এই হচ্ছে ইতিহাসের সিলেবাসের ব্যাপার। এটা নিয়ে এখানে অনেক কথা বলা হয়েছে এবং নানাভাবে নানাকথা কাগজে কলমে বেরুচ্ছে। এমনভাবে সব সংবাদ প্রকাশিত হচ্ছে তাতে মনে হচ্ছে যেন কনটেণ্ট নিয়ে আলোচনা হচ্ছে, কিন্তু কনটেণ্ট নিয়ে কোন আলোচনা হয়নি, হচ্ছে না। ঐ ইতিহাস বই যাঁরা লিখেছেন তাঁদের মধ্যে কংগ্রেস পক্ষের একজন প্রফেসর আছেন। ক্লাস এইটের সিলেবাস অনুযায়ী ইংরাজীতে লেখা যে ইতিহাস বই আছে, সেটা তিনি লিখেছেন। তাঁকে আজকে এখানে দেখছি না। আমি ঐ ইতিহাস বইটি পড়ে দেখলাম, তিনি ঐ একই ধরণের সিলেবাস অনুযায়ী বই লিখেছেন। তাহলে কি তিনি দেশদ্রোহী? এখানে বলা হচ্ছে ঐ

ইতিহাস সিলেবাস নাকি দেশদ্রোহী সিলেবাস। আমি জানি না তাহলে তিনি কি করে কংগ্রেস থাকবেন। ওঁদের মধ্যে ওখানে কি করে থাকবেন জানি না।

চট শিল্প সম্পর্কে রাজ্যপালের ভাষণে অবশ্য কিছু নেই। কিন্তু এখানে একজন মাননীয় সদস্য প্রশ্নটি তুলেছেন বলেই আমি এ সম্পর্কে দু' একটা কথা বলছি। চটকল ধর্মঘটের প্রথম দিক থেকেই আমরা নজর রেখেছি। মালিকরা প্রথমে বলেছিলেন তাঁরা আলোচনায় বসবেন না, তাঁদের কি সব শর্ত আছে। যাইহোক সে-সব বাতিল হয়ে গেছে, তাঁরা আলোচনা করছেন, বোধ হয় আজকেও মিটিং হয়েছে। রোজই মিটিং হচ্ছে এবং আমরা চাই তাড়াতাড়ি মীমাংসা হোক। তা নাহলে আমাদের চট কল শিল্পে অসুবিধা হবে। এমনিতেই এই শিল্পে অনেক কম্পিটিসন আছে, অনেক কিছু আছে, এসব মালিকদের বুঝতে হবে। কিন্তু ওঁরা কিছুই মানছেন না। আমরা এখান থেকে চটকল শিল্পকে জাতীয়করণ করার জন্য রেকমেণ্ডেসন পাঠিয়েছি, আমরা সবাই এক হয়ে প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম এবং প্রধানমন্ত্রী বলেছিলেন, আমি এটা ভেবে দেখছি। তিনি আমাদের দাবী অস্বীকার করেননি এবং স্বীকারও করেননি। অবশ্য এ বিষয়ে মালিকদের কিছু বলার নেই। এমন চট-কল নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে তা আমরা দেখছি, আমরা এদিকে নজর রাখছি, প্রতিদিন মিটিং হচ্ছে। শ্রমিকদের যাতে সুবিধা হয়, যাতে সঠিক সিদ্ধান্ত হয় তারজন্য আমরা নজর রাখছি। কিন্তু পাঁচ, ছ'টি মালিক পরিবার অনেক সময়ে খুবই অনমনীয় মনোভাব দেখাচ্ছে, এটা কখনই চলতে পারে না। আমরা বলেছি, এটা কখনই চলতে পারে না। আমরা বলেছি, এটা আপনাদের শুধু পারিবারিক ব্যাপারই নয়, এর সংগে লক্ষ লক্ষ কৃষক ও শ্রমিক জড়িত, সুতরাং আপনারা যা ইচ্ছে তাই কি করে করতে পারেন, কখনই করতে পারেন না। আর জাতীয়করণের ব্যাপারে আমরা সবাই দিল্লীতে গিয়ে বলে এসেছি, প্রয়োজন হলে আমরা আবার লিখব। আপনাদের অনুমোদন নিয়ে লিখতে পারি এবং ক্যাবিনেটের সিদ্ধান্ত নিয়েও লিখতে পারি। আজকে এটা পরিস্কার যে, এই শিল্পকে কয়েকটি পরিবারের হাতে এখন আর রাখার কোন অর্থ হয় না। যেমন কয়লা শিল্প জাতীয়করণ হয়েছে, ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছে, তেমন আরো দু' একটি শিল্প জাতীয়করণের জন্য অপেক্ষা করছে। এটাও এমন একটা শিল্প যে এটা এখনই জাতীয়করণ হওয়া উচিত। জানি না কংগ্রেসীরা কি বলবেন! তবে ইতিমধ্যে ওঁরা এ বিষয়ে আমাদের সংগে একমত হয়েছেন।

আমার শেষ কথা হচ্ছে, বিরোধী দলের বেশীরভাগ সদস্য যে বিষয়ে কথা বলেছেন সে বিষয়টা হচ্ছে আইন-শৃঙ্খলার বিষয়। আমি তাঁদের জিজ্ঞাসা করছি, রাজ্যপালের বক্তৃতায় এ বিষয়ে কি আছে? আমরা কি বলেছি যে, আমরা স্বর্গ রাজ্য তৈরী করেছি?

[6-15—6-25 P.M.]

কি আছে তাতে? আমরা স্বর্গ রাজ্য তৈরী করেছি বলে কিছু নেই। যদি পড়ে দেখেন তাহলে দেখবেন সেখানে একটা তুলনামূলকভাবে বলা হয়েছে তা নাহলে আইন-শৃঙ্খলার কি

আলোচনা হবে ? কি লিখবো তাতে ? আত্মসন্তুষ্টির কোন জায়গা নেই। আমাদের যে পরিবেশ যে অর্থনীতি, যে সামাজিক ব্যবস্থা সমস্ত দিক থেকেই আত্মসন্তুষ্টির কোন উপায় নেই। সেইজন্য বলা হয়েছে, "এই রাজ্যের সামগ্রিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সাধারণতঃ শান্তিপূর্ণ ছিল"। এটা বলা হয়েছে। তারপর ১৯৮৩ সালে পঞ্চায়েত নির্বাচনের সময় কি হয়েছিল সেটা বলা হয়েছে। তারপর বলা হয়েছে "এ বছর বড় ধরণের কোন সাম্প্রদায়িক হাঙ্গামা ঘটেনি," ছোটখাট কিছু হয়েছে, আমরা তবে মানুষকে বাঁচাবার চেষ্টা করেছি। তারপর আছে, দেশের অন্যান্য অনেক অংশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে, তফসিলী জাতি ও আদিবাসী এবং সমাজের দুর্বলতর শ্রেণীর মানুষদের প্রতি নিষ্ঠুরতামূলক আচরণ থেকে পশ্চিমবঙ্গ মুক্ত ছিল"। একথা এখানে আছে। এটা কি অন্যায় ? এটা আমাকে বলেছেন, আমি তাই বলছি এবং পরে আবার বলবো। তারপর যেমন দেখছি, কলকাতা একটা মস্ত বড় শহর। এখানে ১৯৮১ সালে খুন হয়েছে ১০০টি। ১৯৮২ সালে ৭৫টি, ১৯৮৩ সালে খুন হয়েছে ৯৫টি আর দিল্লীতে কত খুন হয়েছে—১৯৮১ সালে ২০০টি, ১৯৮২ সালে ২৩৮টি, ১৯৮৩ সালে ২৮৫টি। যেখানে প্রধানমন্ত্রী আছেন অর্থাৎ যেখানে কংগ্রেস রাজত্ব, যেখানে ওদের কেন্দ্র সেখানে এই জিনিস ঘটছে। এই হচ্ছে তুলনা। এটা কেন্দ্রীয় সরকারের হিসাব। প্রতি লক্ষ পপুলেশানে কত অপরাধমূলক কাজ হয় সব মিলিয়ে সেটা দেখুন, বাঙ্গালোরে ১ হাজার ৩৫০, কানপুরে ৮০৮, দিল্লীতে ৮০৬, মাদ্রাজে ৫৭০, বোম্বেতে ৪৫৯, আমেদাবাদে ৩৯৭ আর কলকাতায় ৩৯২ অর্থাৎ সব মিলিয়ে কম আছে। এইজন্য এই কথাগুলি সাধারণভাবে বলা হয়েছে। তারপর আমার কথা হচ্ছে আমি জানি না কেন এখানে আবার হেমেন মণ্ডল, গৌরীবাড়ী এইসব এলো ? আমরা তো ব্যবস্থা করে দিয়েছি যাতে মাননীয় সদস্য তাঁর এলাকায় একটু ঘুরতে পারেন। আগে তো ঘুরতে পারতেন না। কংগ্রেসের অন্য একটা অংশ তাকে (হেমেন মণ্ডলকে) সমর্থন করছে। এই জিনিস হচ্ছে। এখন নাগরিক কমিটি হয়েছে। নাগরিক কমিটির সঙ্গে আপনিও জড়িয়ে ছিলেন আমি মাননীয় সদস্যকে বলছি। আমরা না থাকলে আপনি বেরুতে পারতেন না। হেমেন মণ্ডল ওনাকে বলেছিলেন, আমরা কংগ্রেসকে ভোট দেবো কিন্তু আপনি এখানে আসবেন না এবং ওর গায়ে হাত পড়েছিল সেটা আপনি জানেন, সেই সময় উনি গ্রেপ্তার হয়েছিলেন, তারপর বেল পেয়ে আবার আসেন। কাজেই উনি নামটা পর্যন্ত করতে সাহস পাননি। এখন সাহস করে নাম করছেন এবং সেইদিন ওকে ঢুকতে দেননি। এত ভীত সন্ত্রস্ত যে সেদিন নামটা পর্যন্ত করতে সাহস পাননি ঐ একটা গুণ্ডার কাছে মাথা নত করেছিল কেন ছিল তা আমরা জানি।

(গোলমাল)

আমরা চাই না কোন রাজনীতি আসুক, কিন্তু কিছু কিছু এলাকায় আমরা দেখেছি, সেখানে এই রকম সব কথাবার্তা এবং রাজনীতিগতভাবে ব্যবহার করা হচ্ছে এটা আমরা চাই না। আমরা চাই সমাজ-বিরোধীদের দমন করা হোক। কিন্তু কি করে করবো এই রকম যদি বক্তব্য হয়, এই রকম যদি আচার-ব্যবহার হয়তো দমন করা যায় না। ওর উচিৎ হচ্ছে আমাদের কাছে কৃতজ্ঞতা

প্রকাশ করা। রাস্তায় বেরুচ্ছেন, ভয়ে ভিতরে আপনি ঢুকে পড়ুন। (নয়েজ) আইন-শৃঙ্খলা কখনও কখনও ব্যাহত হয়েছে—আমি আগেই বলেছি আমরা লুকাতে চাচ্ছি না। কিন্তু সেখানে যদি কংগ্রেস জড়িত হয়ে যায় তাহলে নিঃসন্দেহে পুলিশের অসুবিধা হয়। মাননীয় সদস্য সুব্রত মুখার্জী জানেন ওনার উপর একটা ওয়ারেণ্ট ছিল, কোর্ট ওয়ারেণ্ট, ৪ মাস থেকে ৬ মাস বোধ হয় লাগলো পুলিশের একজিকিউট করতে।

আমার সংগে ওনার দেখা হয়েছিল, আমি ওঁকে বলেছিলাম যে কিছুই না এটাতো ৫ মিনিটের ব্যাপার। তখন উনি বললেন এ. আই. সি. সি.-র সেসন শেষ হলে পর আবার দেখব। ওটা অনেক দিনের মামলা। এই হচ্ছে কংগ্রেস লীডার, তিনি আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব হল, সেখানে নিজের বাহিনী নিয়ে গিয়ে তচনচ করলেন, পুলিশ তাঁকে কিছুই করল না, তাহলে কি রকম আইন শৃঙ্খলা সেটা বুঝে যান। এই রকম, পুলিশকে উনি চড় মারলেন রাস্তায়, কোর্টে গিয়ে কাগজগত্র—এখানেও যেমন করেছেন, ঠিক তেমনি ব্যাংকশাল কোর্টে গিয়ে এইরকম করেছেন। আজ ওঁদের কাছে আমায় আইন শৃঙ্খলার কথা শুনতে হবে? তাতে আমি রাজী নই। এইজন্য আমি সমস্ত সংশোধনী প্রস্তাব বাতিল করে আমার বক্তব্য শেষ করলাম।

মিঃ স্পীকার ঃ আমাদের শেষ হবার কথা ছিল ৬-২৪ মিনিটে। অর্ধঘণ্টা সময় বাড়াতে হবে। আশা করি সকলের মত আছে।

শ্রীশচীন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আমিই উত্থাপন করেছিলাম। সেই প্রস্তাবের উপরে ৪ দিন ধরে বিতর্ক হল। শেষ বক্তা কংগ্রেস নেতা মাননীয় সদস্য শ্রীঅজিতকুমার পাঁজা মহাশয় বললেন যে ৪৪৮টি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন দিন রাত্রি খেটে। একটির সম্পর্কেও কেউ কোন বক্তব্য রাখলেন না সরকার পক্ষ থেকে। আমি বলি ওঁদের এই ৪৪৮টির প্রত্যেকটি প্রস্তাবই অসার প্রস্তাব, একটি প্রস্তাবেও বাস্তবের সঙ্গে সম্পর্ক নেই, কাজেই আমি প্রতিটি প্রস্তাবেরই বিরোধিতা করছি। কেন করছি সেটার সম্বন্ধে দু-একটি কথা বলব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাবগুলির মধ্যে নতুনত্ব কিছু নেই, বিগত ৬ বছর ধরে যে বক্তৃতাগুলি শুনছি আমার মনে হয় টেপ রেকর্ডার বাজালে ডাঃ জয়নাল আবেদিন, সাত্তার সাহেব থেকে আরম্ভ করে সকল পুরণো সদস্যই লজ্জা পেতেন। একটা ব্যতিক্রম দেখছি একটি জায়গায়। সেই ব্যতিক্রমটা হচ্ছে ওঁদের বক্তব্যের মধ্যে যা বিভিন্ন সময়ে বিগত ২ বছরে যেটা শোনবার চেষ্টা আমরা করেছি বিশেষ করে আমিও বোঝাবার চেষ্টা করেছি সেটা হচ্ছে ডাঃ শিশির বসু মহাশয় মাননীয় সদস্য তাঁর কতকগুলি বক্তব্য বোঝবার চেষ্টা করেছিলাম। এবং তাঁর যে বক্তব্য তিনি রেখেছেন আরও কৌতুহলের সহিত লক্ষ্য করেছি উনি প্রতিদিন আসেন শান্তভাবে বসে থাকেন, ডাইনে, বাঁয়ে, সামনে যে শম্ভু-নিশম্ভুরা নাচছে, প্রতারিত করছে তার কোন প্রতিকার, প্রতিক্রিয়া

নেই। তিনি যেন কি একটা আশার কথা চিন্তা করছেন। এইবারে তিনি বক্তব্য রাখার সময়ে সব বেশী চিন্তিত হয়ে পড়েছেন 'কনক্লেভের' জন্য। ঐ যে বিরোধী মন্ত্রী সম্মেলনে সেই কনক্লেভের কথা বলতে গিয়ে তিনি তাঁর পাঠ্য জীবনের কথা বলেন, এবং একটি বই আনলেন প্যারাডাইস লষ্ট। পুস্তক আনলেন, পড়েছেন ভিতরে কি আছে। আমি অত বিদ্যাদিগগজ নই, ঐ প্যারাডাইস লষ্ট বা সেক্সপিয়ারের ম্যাকবেথ এখানে আলোচনা করব না। আমি ঈশপ'স ফেবলস পড়েছি, আপনারা সকলেই পড়েছেন। সেই বইয়ের ছোট্ট একটি গল্প বলে আমি শেষ করব।

[6-25—6-34 P. M.]

ঈশপস্ ফেবল্সের গল্পে ছিল বড় একটি সার্কাস পার্টি যেখানে অনেক ধরণের খেলাধূলা হোত। ঐ সার্কাস পার্টিতে ফিজিক্যাল বহু কিছু হোত। ঐ দলে অনেক জন্তু জানোয়ার ছিল। বাঘ ছিল, সিংহ ছিল, ভালুক ছিল। আবার একটি গাধাও ছিল। রিং মাষ্টার তাকে দিয়ে দিনের পর দিন সার্কাসের খেলা ছাড়াও নানা কাজ করাতো কিন্তু খেতে দিত কম। ফলে সে শুকিয়ে গিয়েছিল। তখন একদিন আর একটি গাধা, যে মাঠে চরে বেড়ায়, সে তাকে জিজ্ঞাসা করে—তুমি কেন এতে রয়েছ? তখন সার্কাসের গাধা বলে: শুকিয়ে যাচ্ছি ঠিকই, তবে একটি আশায় এখানে আছি। আশাটা হচ্ছে—যে মেয়েটিকে দিয়ে রিং মাষ্টার দড়ির উপর খেলা দেখাতো, খেলা দেখাবার সময় সে মেয়েটিকে বলতো: এ লেড়কী গিরো মৎ, গিরেগা তো এহি গিদ্ধারকি সাথ তোম্হারা সাদি দে দেগা। আমার মনে হয় সেই আশাতেই ডাঃ বোস বসে আছেন।

মিঃ স্পীকার: মিঃ পাঁজা, আপনি পার্সোনাল এক্সপ্লানেশন কি দিতে চাইছেন বলুন।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমার নাম করে এবং আমার দিকে ইঙ্গিত করে বলেছেন যে তিনি ওখানে সমাজবিরোধীদের গ্রেফতার করিয়ে আমাকে ঐ এলাকায় ঢুকতে দিয়েছেন এবং সঙ্গে সঙ্গে ও-পক্ষের সদস্যগণ বাহবা দিলেন। আমি তাঁকে মনে করিয়ে দিতে চাই যে ১৯৮০ সালে জানুয়ারী মাসে যখন ওখানে বোম মারামারি হয়, তার ৭ দিনের মধ্যে ইলেকশন কমিশনারকে চিঠি লিখে জানিয়েছিলাম, যে ২৪ জনের নামে গ্রেফতারি পরোয়ানা আছে তাদের কাউকেই গ্রেফতার করা হয় নি। সুনীল মৈত্র মহাশয় সেখানে গেছেন, মিটিং করেছেন কিন্তু আমি সেখানে ঢুকতে পারিনি। তবু ২৫০০ ভোট আমাদের বেড়েছে। ১৯৮২ সালে গৌরী বাড়ীর মানুষ আপনাদের ৩৫০০ ভোটে হারিয়েছেন।

মিঃ স্পীকার: All the amendments are in order and taken as moved.

শ্রীঅবন্তী মিশ্র: Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবাংলার বহু সংখ্যক তফসিল সম্প্রদায়ের কৃষকদের অনুকূলে দেওয়া পাট্টা (সরকারী খাশ জমিনে) বামফ্রন্ট সরকার বাতিল করেছে তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার যে সব প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ও উপ-স্বাস্থ্য কেন্দ্রের যেন বিল্ডিং ও স্টাফ কোয়ার্টার মেরামত করা অতি সত্বর প্রয়োজন, এ বিষয়ে বামফ্রন্ট সরকারের উদাসীনতা ও শৈথিল্য সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পঞ্চায়েত প্রধানরা মিনিকীট বিতরণের ক্ষেত্রে প্রকৃত চাষীকে না দিয়ে তাদের দলের শক্তি বৃদ্ধির জন্য দলের কর্মীদের মধ্যে বিতরণ করেছে এবং যেখানে সরকারী সার্কুলারে মিনিকীটের ৩০% তফসিল সম্প্রদায়ের কৃষকদের মধ্যে বিতরণ করার নির্দেশ রয়েছে তদনুযায়ী বিতরণ না করে তফসিল সম্প্রদায়ের কৃষকদিগকে বঞ্চিত করেছে এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলায় বহু গ্রামে পানীয় জলের নলকূপগুলি অকেজো হয়ে গেছে, যার জন্য গ্রামবাংলার মানুষ পানীয় জলের অভাবে নিদারুণ কষ্ট পাচ্ছে, ও সংক্রামক ব্যাধি দেখা গেছে, এ বিষয়ে রাজ্য-পালের ভাষণে উল্লেখ নাই ;

আই আর ডি পি ঋণ বিতরণ ক্ষেত্রে পশ্চিমবাংলার শাসক দলভুক্ত একটি বিশেষ দলের প্রধানরা তাদের দলের শক্তি বৃদ্ধির জন্য দলের কর্মীদের মধ্যে ঋণ বিতরণ করছে এবং যে প্রকল্পে ঋণ মঞ্জুর করা হয়েছে বাস্তব ক্ষেত্রে সে প্রকল্পের কিছুমাত্র কাজ দেখা যাচ্ছে না তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা পরিস্থিতির যে চরম অবনতি ঘটেছে, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

প্রশাসনের উপর দলীয় চাপ সৃষ্টি করে প্রশাসনকে আইনানুযায়ী কাজ করতে বামফ্রন্টের সংখ্যাগরিষ্ঠ রাজনৈতিক দল দিচ্ছে না, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

জমির মালিক প্রকৃতপক্ষে যে নিজের গরু লাঙ্গল দিয়ে তার নিজস্ব জমি আবাদ করে আসছে, এমন শ্রেণীর বহু শান্তিপ্রিয় কৃষকদের উপর বলপ্রয়োগ করে তাকে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলায় হাজার হাজার ভুয়া বর্গা সৃষ্টি করে প্রকৃত বর্গাদারকে যে উচ্ছেদ করা হচ্ছে, তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

দীঘা ভারতবর্ষের প্রধানতম পর্যটন কেন্দ্রের মধ্যে অন্যতম, দীঘা পর্যটন কেন্দ্রে ভ্রমণার্থীর সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে, অথচ দীঘা বিদ্যুতের অভাবে অন্ধকারে থাকছে, দীঘায় যে

ছোট ছোট কারখানা রয়েছে সেগুলি বিদ্যুতের অভাবে চলছে না, বিদ্যুতের অভাবের জন্য জল সরবরাহ ব্যাহত হচ্ছে, এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

দীঘা পর্যটনকেন্দ্রের উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকার দীঘা সংলগ্ন বিভিন্ন এলাকায় যে সব জমি অধিগ্রহণ করেছেন বহুদিন পূর্বে, সে সব জমির মধ্যে বহু একর জমি সরকার কোনও কাজে লাগাতে পারছেন না, অথচ বর্তমানে আবার জমি অধিগ্রহণ করতে এগোচ্ছেন, এরজন্য স্থানীয় জনসাধারণের মধ্যে যে তীব্র অসন্তোষ দেখা যাচ্ছে, তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মাধ্যমে খেটে খাওয়া মানুষের অন্নসংস্থানের উদ্দেশ্যে ফুড ফর ওয়ার্ক এবং এন. আর. ই. পি প্রকল্পে বরাদ্দকৃত কোটি কোটি টাকা, গম ও চালের অধিকাংশ পরিমাণ পশ্চিমবঙ্গের প্রশাসনে প্রতিষ্ঠিত বামফ্রন্টের একটি শরিক দল আত্মসাৎ করেছে, এর যথেষ্ট প্রমাণও রয়েছে কিন্তু বর্তমান সরকার ঐসব দুর্নীতি পরায়ণ ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হয়েছে, এ বিষয়ে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গের প্রশাসন দলীয় শাসনে পরিণত হয়েছে। বর্তমান সরকারের একটি শরিকদল প্রশাসনের উপর দলীয় চাপ সৃষ্টি করছে ও সেই দলের নির্দেশে সমস্ত রকমের সরকারী ক্ষমতা গণতন্ত্রে বিশ্বাসী জাতীয়তাবাদী শান্তিপ্রিয় মানুষের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে। এরফলে পশ্চিমবঙ্গে যে অরাজকতা সৃষ্টি হয়েছে ও সাধারণ মানুষ শান্তিপূর্ণ পরিবেশের মধ্যে বসবাস করতে পারছে না, পশ্চিমবঙ্গে গণতন্ত্রের বদলে স্বৈরতন্ত্র চলছে—এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষাস্তরে ফাইনাল পরীক্ষা (শেষ পরীক্ষা) তুলে দিয়ে শিক্ষা ক্ষেত্রে যে চরম অবনতি ডেকে আনা হয়েছে, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাঁদের প্রশাসনকালে পশ্চিমবঙ্গের উন্নয়নে গাফিলাতি ক'রে, অনুগ্রহ বিতরণে যে ঢালাও খরচ করেছেন, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবঙ্গের তফসিল ও উপজাতি সম্প্রদায়ের কৃষি উন্নয়নের উদ্দেশ্যে বিভিন্ন প্রকল্পে যে টাকা বরাদ্দ করা ছিল পশ্চিমবঙ্গের গরীব দরদী বামফ্রন্ট সরকার গত তিন বছরে যে হারে খরচ করেছেন তা হতাশাব্যঞ্জক, যথাক্রমে ২ কোটি ৫০ লক্ষ ও ১ কোটি ৩৪ লক্ষ টাকার মধ্যে গত ৩ বছরে যথাক্রমে মাত্র ৬ লক্ষ ৫০ হাজার ও ৩৬ লক্ষ ৫৮ হাজার। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের গরীব দরদের এই নমুনা চিত্র মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের বিভিন্ন পরিকল্পিত উন্নয়ন ক্ষেত্রে পরিকল্পনাখাতে বরাদ্দের চেয়ে ব্যয় প্রতি বছরই কম, মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাঁদের শাসনকালের সরকারী জি, ও, না মেনে অবৈধভাবে তাঁদের দলের ক্যাডার বা কর্মী অথবা তাঁদের সমর্থককে চাকুরীতে যে নিয়োগ করেছেন বা নিয়োগ

করার জন্য নির্দেশনামা বিভিন্ন প্রতিষ্ঠানকে দিচ্ছেন, তার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট শাসনে প্রাথমিক শিক্ষা প্রসারের গতি অন্যান্য রাজ্যের তুলনায় অত্যন্ত কম অথচ বামফ্রন্ট শাসনে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষকের সংখ্যা অনেক বেড়েছে এর কারণ গ্রামাঞ্চলে পার্টি ক্যাডার তৈরী করার জন্য সরকারী টাকা খরচ করা হয়েছে। যে হারে প্রাথমিক শিক্ষকের সংখ্যা বাড়ানো হয়েছে সেই হারে পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয় বা ছাত্রছাত্রীর সংখ্যা বাড়েনি। এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

১৯৭৯-৮০ সনে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষাস্তরে ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ৬৩ লক্ষ ৯৯ হাজার। শশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার স্থির করেছিলেন ৬ষ্ঠ পরিকল্পনায় ১৯৮৫-৮৬ সনের মধ্যে প্রাথমিক শিক্ষাস্তরে (প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত) মোট ছাত্রছাত্রীদের সংখ্যা বাড়িয়ে করা হবে ৮১ লক্ষ ৬৯ হাজার। কিন্তু ১৯৮২-৮৩ সন পর্যন্ত ছাত্রছাত্রীদের সংখ্যা বেড়েছে মাত্র ৫ লক্ষ ৩৪ হাজার, বাকি দুবছরে প্রাথমিক স্তরে ছাত্রছাত্রীদের সংখ্যা বাড়াতে হবে ১২ লক্ষ ৩৬ হাজার। তার মানে পরবর্তী প্রত্যেক বছরে ৬ লক্ষ ১৮ হাজার। যেখানে তিন বছরে বেড়েছে ৫ লক্ষ ৩৪ হাজার সেখানে পরবর্তী দুবছরে লক্ষ্যমাত্রায় পৌছানো সম্ভব নয়। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের এ বিষয়ে ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

21—35

শ্রীঅশোক ঘোষ : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবঙ্গ সরকার শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য স্থাপন করেছেন তার ফলে ছাত্র-সমাজ আজ বিভ্রান্তির মুখে পড়েছে—এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বর্তমান সরকার পুলিস প্রশাসনকে সম্পূর্ণ দলীয় স্বার্থে কাজে লাগিয়ে পঙ্গু করে দিয়েছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

হাওড়ার গ্রামাঞ্চলে শাসকদলের একটি বিশেষ দলের কর্মীদের ও কিছু সংখ্যক পুলিসী তাণ্ডবে সাধারণ মানুষ আজ দিশেহারা। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকার হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাস্টকে একটি দলীয় আখড়ায় পরিণত করেছে তাহা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

বর্তমান সরকারের পৌর মন্ত্রী একটি অগণতান্ত্রিক বোর্ডের মাধ্যমে হাওড়া করপোরেশনের কাজকর্ম চালাচ্ছে সম্পূর্ণ দলীয় স্বার্থে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গ সরকারের অপদার্থতায় সাধারণ মানুষ আজ নিরাপত্তার অভাব বোধ করছে। প্রকাশ্য দিবালোকে একের পর এক খুনের ঘটনাও ঘটে চলেছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের পরিবহণ অব্যবস্থার জন্য যাত্রীসাধারণের অসুবিধার কথার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের শ্রমনীতিতে ছোট বড় কলকারখানায় লক-আউট ও ক্লোজার ইত্যাদির ফলে শ্রমিক শ্রেণী আজ অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের দুগ্ধ সরবরাহ ব্যবস্থা সাধারণ মানুষের কাছে আজ হাস্যকর হয়ে দাঁড়িয়েছে —এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

উত্তর হাওড়ায় একটি কলেজ স্থাপনের দীর্ঘদিনের দাবীটির দিকে সরকার বিন্দুমাত্র দৃষ্টি দিচ্ছেন না। ফলে ছাত্রছাত্রীদের বিদ্যালয় গণ্ডী পার হবার পর উক্ত এলাকার বাইরে পড়ার জন্য ধর্না দিতে হয়। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

প্রথম ডিভিসন ফুটবল লীগের গড়াপেটা খেলা বন্ধ করতে সরকার সম্পূর্ণ ব্যর্থ। এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

হাওড়া কর্পোরেশনের অন্তর্ভুক্ত শবদাহের স্থানগুলির সংস্কার দীর্ঘদিন ধরে বলা সত্ত্বেও হচ্ছে না—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

হাওড়ার রাস্তাঘাট সংস্কারের কাজ দীর্ঘদিন অবহেলিত—এরূপ ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

হাওড়া শহরের মানুষের জলের জন্য হাহাকার সত্ত্বেও এই সরকার নীরব—এ সম্পর্কে কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বিদ্যুৎ পরিস্থিতিতে শ্রমিক-কৃষক-ছাত্র ও সাধারণ মানুষের নাভিশ্বাস উঠেছে—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

3 —67

শ্রীআবদুল মান্নান : Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

রাজ্যে ভয়াবহ বেকার সমস্যায় জর্জরিত লাখ লাখ যুবক দিশেহারা হয়ে পড়েছেন। বেকার সমস্যার সুষ্ঠু সমাধানের পথে রাজ্যসরকার বাস্তবিকই কোনও পরিকল্পনা রূপায়ণ তাঁর প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

হুগলী জেলার খানাকুল থানায় রাজহাটী-১নং গ্রাম পঞ্চায়েতের প্রধানের উপর বিগত পঞ্চায়েত নির্বাচনের পর থেকে শাসকদলভুক্ত একটি বিশেষ দলের সমর্থকরা অত্যাচার চালিয়ে যাচ্ছে। তাঁর জমির ধান সহ সর্বস্ব লুঠ করা হয়েছে, এবং পদত্যাগ না করলে তাঁর প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

পশ্চিমবঙ্গে যেসমস্ত (১) গ্রাম পঞ্চায়েত, (২) পঞ্চায়েত সমিতি ও (৩) জেলা পরিষদ সরকার বিরোধী দল ক্ষমতাসীন সেখানে বামফ্রন্ট সরকার বৈষম্যমূলক আচরণ করে সম্পূর্ণভাবে অসহযোগিতা করার ফলে কোনরকম উন্নতিমূলক কাজকর্ম হচ্ছে না। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

আশ্চর্যের বিষয় এই যে কলকাতায় শাসক দলভুক্ত একটি বিশেষ দলের জনপ্রিয়তা হারিয়ে 'শান্তিকমিটি' ও 'নাগরিক কমিটি'র ছাপ নিয়ে ঠ্যাঙাড়ে বাহিনী দিয়ে গোটা কলকাতায় সন্ত্রাস সৃষ্টি করে সরকার বিরোধী দলের কর্মীদের উপর পুলিশ নির্যাতন চালাচ্ছে। এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার বিরোধী রাজনৈতিক দলের অস্তিত্ব সহ্য করতে না পারার ফলে বিরোধী রাজনৈতিক দলের কর্মীদের উপর নির্যাতন চালাচ্ছে। এর প্রতিকারের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের যে সমস্ত শিক্ষায়তনে প্রধান পদে শাসক সম্প্রদায়ভুক্ত গরিষ্ঠ দলের লোককে বসানো যাচ্ছে না সেখানে ঐসব প্রধানদের বিরুদ্ধে চলছে চরম নির্যাতন। এর সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের পক্ষপাতমূলক আচরণের ফলে রাজ্যের প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে চলছে চরম অরাজকতা—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দলীয় ব্যক্তিকে নিয়োগ না করায় রাজ্য সরকার উপাচার্যের সঙ্গে সম্পূর্ণভাবে অসহযোগিতা করছে। ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ে চলছে চরম অরাজকতা। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যে পরিবহন ব্যবস্থা প্রায় ভেঙ্গে পড়েছে। দুর্নীতি, গাফিলতি ও দলবাজীর ফলে পরিবহন ব্যবস্থায় বছরের পর বছর রাজ্য সরকারকে মোটা টাকা লোকসান দিতে হচ্ছে। এরূপ ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বিগত দিনে আরামবাগ মহকুমায় শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকদের অত্যাচারের ফলে বহু কংগ্রেস কর্মীসহ সাধারণ মানুষ গৃহহীন হয়ে পড়েছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

প্রতিহিংসা চরিতার্থ করতে এই সরকার বিরোধী রাজনৈতিক দলের কর্মী ও নেতৃবৃন্দের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করে তাঁদের নাজেহাল করে। এমনকি বিধানসভার দুইজন মাননীয় সদস্যও এই সরকারের ষড়যন্ত্রের বলি হয়েছেন। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

গত ২০শে সেপ্টেম্বর ১৯৮৩ আরামবাগ মহকুমার খানাকুল থানার কিশোরপুর অঞ্চলে প্রকাশ্য দিবালোকে শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের কয়েকশ সমর্থক লাঠি, বল্লম, টাঙ্গী প্রভৃতি মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে সরকার বিরোধী দলের কর্মীদের প্রচণ্ডভাবে মারধর করে। চুয়াডাঙ্গা গ্রামে গ্রাম-পঞ্চায়েতের উক্ত বিরোধী দলের সদস্যের সর্বস্ব লুঠ করে তাঁর ৮৬ বছরের বৃদ্ধা মায়ের উপর নির্মম অত্যাচার চালায়। ঐ গরিষ্ঠ দলের সমর্থকরা শতাধিক বিরোধী দলের সমর্থকদের বাড়ীর সর্বস্ব লুঠ করে তাঁদের পরিবারের লোকদের উপর নির্মম অত্যাচার চালায়। দুইশতাধিক সরকার বিরোধী সমর্থক ওদের আক্রমণে আহত হয়ে হাসপাতালে ভর্তি হন। দু হাজারের বেশী সরকার বিরোধী সমর্থক ওদের অত্যাচারের ফলে গৃহহারা হয়ে পড়েন। অপরাধীরা যেহেতু ঐ গরিষ্ঠ দলের সমর্থক তাই পুলিশ আজ পর্যন্ত তাঁদের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে নি। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

গত ১৮ই ফেব্রুয়ারী ১৯৮৪ রাত্রে হুগলী জেলার খানাকুল থানার চকভেদুয়া গ্রামে আদিবাসী অধ্যুষিত একটি পাড়ায় শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের একদল সশস্ত্র সমর্থক হামলা চালায়। বাড়ীতে ঐ সময় কোন আদিবাসী পুরুষ না থাকায় দুর্বৃত্তরা আদিবাসী রমণীদের ধর্ষণ করে। ধর্ষিতা ঐ মহিলারা খানাকুল থানায় অভিযোগ দায়ের ও অপরাধীদের চিহ্নিত করলেও পুলিশ এ ব্যাপারে সম্পূর্ণ নিষ্ক্রিয় থাকে। অপরাধীরা প্রকাশ্য দিবালোকে পুলিশের সামনেই ঘুরে বেড়াচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

মাসাধিক ব্যাপী ধর্মঘটের ফলে রাজ্যের চটকল শ্রমিকরা দারুণ দুর্দশার সম্মুখীন। বহু চটকল শ্রমিক আজ অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছেন। অভাবের তাড়নায় অনেকে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। রাজ্য সরকার চটকল সমস্যার সমাধানে কোনওরূপ সক্রিয় প্রচেষ্টা চালায় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই ;

বিরোধী রাজনৈতিক দলের সম্মেলন করার নামে রাজ্য সরকারের কয়েক লক্ষ টাকা তছরূপ করে এই সরকার ভারতে এক নজীর সৃষ্টি করেছেন। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে চক্রান্তের উদ্দেশ্যে রাজ্য সরকার সরকারী ব্যয়ে গত জানুয়ারি মাসে কলকাতায় বিরোধী রাজনৈতিক দলগুলির এক সম্মেলন করেন। জনগণ কর্তৃক পরিত্যক্ত ঐসব দলের নেতাদের আপ্যায়নের জন্য রাজ্যের সাধারণ মানুষের টাকা তছরুপ করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

গত আলুচাষ মরসুমে রাজ্য সরকার এবং সরকারী দলের সহায়তায় অসাধু সার ব্যবসায়ীরা রাজ্যে সারের কৃত্রিম সঙ্কট সৃষ্টি করে। ফলে আলু চাষীদের কালোবাজারে সার ক্রয় করতে বাধ্য করা হয়। এতে আলুর উৎপাদনমূল্য বেশী পড়ে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

কেন্দ্রীয় সরকারের প্রকল্প এন আর ই পি, আই আর ডি পি রূপায়নের জন্য রাজ্য সরকারকে দেয় টাকা তছরুপ করে গ্রামীণ উন্নতি সাধন না করে শাসকদলভুক্ত একটি গরিষ্ঠ দলের দলীয় তহবিল বৃদ্ধি করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

রাজ্য সরকার নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য সব সময় কেন্দ্রের উপর দোষ চাপিয়ে নিজেদের দোষমুক্ত করার এক অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নেই ;

রাজ্য সরকার নিজেদের ব্যর্থতা ঢাকতে কেন্দ্রবিরোধী প্রচার চালিয়ে বিচ্ছিন্নতাবাদীদের হাতকে শক্তিশালী করছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বামফ্রন্ট সরকারের অন্তর্দলীয় কলহের ফলে রাজ্যের জনজীবন বিপর্যস্ত, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রাজ্য সরকারের পক্ষপাতমূলক আচরণে মদত না দেওয়ায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্যের বিরুদ্ধেও রাজ্য সরকার খড়্গহস্ত। আচার্য বিরোধী প্রচারের ফলে রাজ্যে প্রশাসনিক সংকট দেখা দিয়েছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পরিবহণে ব্যাপক দুর্নীতি ও অব্যবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করায় রাজ্য সরকারের পূর্ত মন্ত্রীরও সমালোচনা করা হয়। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

আলিপুরে পুলিশ বিক্ষোভের ফলে পুলিশ প্রশাসন ভেঙ্গে পড়েছে, এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পুলিশ প্রশাসনে পক্ষপাতমূলক আচরণে রাজ্যসরকার মদত দেওয়ায় সৎ ও দক্ষ পুলিশ অফিসাররা অসহায় হয়ে পড়েছেন, তাদের মনোবল ভেঙ্গে পড়েছে ফলে রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি হয়েছে, এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

হুগলীতে পুলিশ লাইনে শাসক দলভুক্ত এক গরিষ্ঠ দলের মদতে পুলিশ বিক্ষোভের ফলে পুলিশ প্রশাসনে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে, তার বিস্তারিত রিপোর্ট রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যসরকারের অবহেলার ফলে নবম শ্রেণীর ছাত্রছাত্রীরা গণিতসহ অন্যান্য পাঠ্যপুস্তক এখনও পাচ্ছে না, ফলে ঐ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে চরম হতাশা সৃষ্টি হয়েছে। এ সম্পর্কে বিস্তৃত বিবরণ রাজ্যপালের ভাষণে নেই ;

তফসিলী ও আদিবাসী সম্প্রদায়ের মধ্যে শিক্ষার হার দ্রুত অবনতির দিকে। রাজ্যসরকারের উপেক্ষার ফলে উক্ত সম্প্রদায়ের মধ্যে শিক্ষা বিস্তারে কোনও সুযোগ সৃষ্টি হচ্ছে না। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

দুর্নীতি দমনে এই সরকারের সম্পূর্ণ ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

কালোবাজারী, ভেজালদার, মুনাফাখোর ও অসাধু ব্যবসায়ীদের সহিত এই সরকারের গোপন আঁতাতের ফলে রাজ্যের সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছেন। ঐসব অসাধু ব্যবসায়ীর বিরুদ্ধে সরকার কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

সরকারী সমস্ত নিয়মকানুন লঙ্ঘন করে কয়েক হাজার দলীয় ব্যক্তিকে প্রাথমিক শিক্ষকপদে নিয়োগ করা হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

বিভিন্ন ব্লক যুব উৎসব উদ্‌যাপন করার সময় দলীয় স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে বামফ্রন্ট বিরোধী যুব সংগঠনগুলির প্রতিনিধিদের ব্লক যুব উৎসব কমিটি থেকে অন্যায়ভাবে বাদ দেওয়া হয়েছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

68—81

শ্রীআবদুল ওয়াহেদ : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় যে—

(ক) রাজ্যে আইন-শৃঙ্খলা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ,

(খ) প্রশাসনিক ক্ষেত্রে পুলিশের নিষ্ক্রিয়তা, কোন কোন ক্ষেত্রে পুলিশের পক্ষপাতিত্ব, তাহার স্বীকৃতি রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলায় গ্রামে গ্রামে যে রাহাজানি, খুন, চুরি, ডাকাতি হচ্ছে তার প্রতিকারের ব্যবস্থার কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বেকারদের বেকারত্ব দূর করার জন্য কার্যকরী কোন পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পঞ্চায়েতের নামে গ্রামেগঞ্জে যে পক্ষপাতিত্ব চলছে, মিনিকিট নিয়ে যে ছিনিমিনি খেলা হচ্ছে, তাহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

গ্রামবাংলার বহু গ্রাম আজ নদীর ভাঙ্গনে নদীগর্ভে। সেইসব গ্রামবাসীদের পুনর্বাসনের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বিদ্যুতের অভাবে কৃষি মার খাচ্ছে। শিল্প কলকারখানাগুলি কার্যত বন্ধ হয়ে পড়ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে, রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই :

শিক্ষা জগতে যে নৈরাজ্য চলছে সে সম্বন্ধে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সেচ ব্যবস্থায় প্রকৃত তথ্যের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ক্রীড়া ক্ষেত্রে গ্রাম বাংলার অবস্থা সম্বন্ধে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

গ্রামবাংলার মানুষের অর্থনৈতিক অবস্থা শোচনীয় হয়ে পড়ছে। তার প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গ্রামগঞ্জের রাস্তা নির্মাণ এবং মেরামত সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর থানার ভালুকা বাজার হইতে দিল্লী দেওয়ানগঞ্জ (ভায়া তেলজান্না রাস্তা) এবং তেলজান্না হইতে হরিশ্চন্দ্রপুর রাস্তা মেরামতের অভাবে বাস চলাচল বন্ধ হইয়া গিয়াছে, ফলে জেলাশহর থানা, ব্লক, স্বাস্থ্যকেন্দ্রের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে। এলাকার হাজার হাজার লোক মারাত্মক অসুবিধা ভোগ করিতেছেন, এই রকম জরুরী রাস্তাগুলির মেরামতের ব্যবস্থার কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

চিকিৎসা ক্ষেত্রে গ্রামগঞ্জের স্বাস্থ্যকেন্দ্রগুলি কার্যত প্রায় বন্ধ। সে সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার মানুষের কল্যাণের জন্য বাস্তবমুখী কোন পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

82—96

শ্রীসামসুদ্দীন আহমেদ : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মীদের প্রভিডেন্ট তহবিলের টাকা সরকারের অধীনে গেলে, তারা ভীষণ অসুবিধায় পড়বে। উহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

পশ্চিমবঙ্গে তথা মালদহ জেলায় বিদ্যুৎবাহি তার লোপাটের ফলে জনগণ অশেষ দুর্গতি ভোগ করিতেছে। ঐ জেলায় জনগণের উপকার ও উৎপাদন বৃদ্ধির জন্য বিদ্যুৎবাহি তার, খুঁটি প্রভৃতির পুনঃস্থাপন করার বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

সমগ্র পশ্চিমবঙ্গে তথা মালদহ জেলার ধ্বংসপ্রাপ্ত গভীর নলকূপ, অগভীর নলকূপ, নদী উত্তোলন সেচ ব্যবস্থাদির পুন মেরামত ও চালু করার বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

এ রাজ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে বিদ্যুতের অভাব ও শ্রমিক অসন্তোষের দরুণ উৎপাদন ব্যাহত, লক আউট ও ক্লোজার হইতেছে। এই বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ছাত্র-ছাত্রীরা গত শিক্ষা বৎসরে পুরা বই সরকারের নিকট হইতে পায় নাই, এবং বর্তমান শিক্ষা বৎসরে ১৯৮৪-তে দুই মাস অতিবাহিত হওয়ার পরও বই এখনও ছাত্র-ছাত্রীদের নিকট পৌছায় নি, এই গুরুত্বপূর্ণ বিষয়টির কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কৃষকদের অমূল্য সম্পদ হালের বলদ ডাকাতি ও বাংলাদেশে পাচারের ফলে কৃষকদের চরম অবস্থার সম্মুখীন হওয়ার বিষয়টি রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

রাজনৈতিক হত্যাকাণ্ডের ও তথাকথিত নাগরিক কমিটির দ্বারা পুলিশের ক্রিয়াকলাপ সম্পূর্ণরূপে স্তব্ধ, এই বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

সমগ্র পশ্চিমবঙ্গে, পঞ্চায়েতে দুর্নীতির ফলে উন্নয়নমূলক কোন পরিকল্পনার সফল রূপায়ণ হয় নাই, ইহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাথমিক শিক্ষা পর্ষদে অ্যাডহক-এর বদলে নির্বাচন অনুষ্ঠান করিয়া গণতান্ত্রিক সংস্থার হাতে ক্ষমতা হস্তান্তরের বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের কাজ পরিচালনায় বাধা সৃষ্টিকারীদের সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

মালদহ জেলার ইংলিশবাজার ও কালিয়াচক থানার সংযোগকারী মোহদিপুর ঘাটে ভাগীরথী ও নন্দাগঙ্গা নদীর সঙ্গমস্থলে পাকা সেতু নির্মাণের বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

মালদহ জেলার হবিপুর থানার বুলবুলচণ্ডিতে পুলিশের গুলিতে চার কিশোরের মৃত্যুর বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

শিক্ষা জগতে অসমতা, নৈরাজ্য, শিক্ষা মানের অবনতি প্রভৃতি বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেই নাই ,

সারা পশ্চিমবঙ্গে চরম আইনশৃঙ্খলার অবনতির কথা রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

প্রাথমিক শিক্ষাক্ষেত্রে চরম অব্যবস্থা ও নৈরাজ্য চলিতেছে, তাহার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

97—118

শ্রীমুকুল ইসলাম চৌধুরী : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

এই রাজ্যে প্রতি বছর দশ হাজার সরকারী কর্মচারী অবসর গ্রহণ করছেন। কিন্তু তাঁহাদের পাওনা টাকা এখনও ফেরত দেওয়া হচ্ছে না। ফলে তাঁদেরকে অনাহারে অর্ধাহারে দিন যাপন করতে হচ্ছে। এর কোন প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে বিড়িশ্রমিক যাঁরা দিনরাত মালিক এবং দালাল শ্রেণীর লোক দ্বারা নিপীড়িত ও বঞ্চিত হচ্ছেন তাঁদের প্রতি কোন লক্ষ্য এই সরকারের নাই। এ সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

এই রাজ্যে পুলিশ কর্মচারীদের মধ্যে যে পে-স্কেল চালু আছে তাহা সম্পূর্ণ বৈষম্যমূলক। সিনিয়ার ও জুনিয়ারের কোন পে-স্কেল নেই। অভিজ্ঞ কর্মচারীদের কোনরকম আলাদা সুযোগ-সুবিধা দেওয়া হয় নি। ফলে কর্তব্যে যথেষ্ট অবহেলা দেখা যাচ্ছে। এর কোন প্রতিকারের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার গ্রামগুলোর উন্নয়নের জন্য পঞ্চায়েতের মাধ্যমে কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু পঞ্চায়েত প্রধানরা এখন পর্যন্ত তার হিসাব দিতে পারেন নাই। অনেক প্রধান সরকারী টাকা তছরূপের দরুণ অভিযুক্ত হয়ে আছেন। এর প্রতিকারের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

আর্ত দরিদ্র মানুষের চিকিৎসার ব্যর্থতায় কোনরূপ প্রতিকার নেওয়া হয়নি। পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালে অরাজকতা চলছে। ডাক্তার, কর্মচারী, অ্যাম্বুল্যান্স, ওষুধের অভাবে গরীব মানুষ ন্যূনতম চিকিৎসা পাচ্ছে না। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

নদীর জল উত্তোলন প্রকল্প সঠিক রূপায়ণ না হওয়ায় অসংখ্য গ্রামীণ জনগণের দুঃখদুর্দশা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে, ইহার প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

ভোটের পূর্বে বামফ্রন্ট সরকার জনসাধারণের নিকট যে ইস্তেহার (মেনিফেস্টো) বিলি করিয়াছিলেন বিশেষ করিয়া গ্রামের দরিদ্র জনসাধারণের মঙ্গলের যে প্রতিশ্রুতি দিয়াছিলেন তাহা পালনে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন, তাহার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে যে চিনিকলগুলি আছে তাহার পরিচালন ব্যবস্থা ত্রুটিযুক্ত হওয়ায় প্রতি বৎসরই প্রচুর সরকারী অর্থ লোকসান হইতেছে তবুও বন্ধ চিনিকল ক্রয় করিয়া সরকারী অর্থের অপচয় তথা মুষ্টিমেয় স্বার্থান্বেষী ব্যক্তির স্বার্থ রক্ষার প্রসঙ্গটি মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বিদ্যুৎ-এর উন্নতিকল্পে কোটি কোটি টাকা খরচ করে গ্যাস টারবাইন স্থাপন করিয়া আশানুরূপ বিদ্যুৎ উৎপাদন না হওয়ায় প্রচুর টাকা তছরূপ হইতেছে ; তাহার প্রতিকারের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

গ্রামীণ অর্থনৈতিক উন্নতির জন্য গ্রামীণ বৈদ্যুতিক রূপায়ণের সুষ্ঠু পরিকল্পনা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে আইনের শাসন বলিতে আজ কিছুই নাই। নিজেদের দোষ এড়িয়ে যাবার উদ্দেশ্যে অন্যান্য রাজ্যের তুলনা দেওয়া হয়। কিন্তু আইনের শাসন প্রতিষ্ঠায় বিন্দুমাত্র প্রয়াসের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে শত শত স্বাস্থ্যকেন্দ্রে কোন ডাক্তার নাই, ঔষধ নাই। গরীব রোগীদিগকে সদর হাসপাতালে প্রেরণের জন্য অ্যাম্বুল্যান্স-এর পেট্রোলের জন্য টাকা জমা দিতে হয়, ইহার প্রতিকারের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়গুলিতে নৈরাজ্য চলছে। কোথাও শিক্ষার কোন পরিবেশ নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

অগভীর নলকূপে বিদ্যুৎ সরবরাহ করিতে অপারগ হওয়ায় বিস্তীর্ণ জমির ফসল বছরের পর বছর নষ্ট হইতেছে, ইহার প্রতিকারের কোন কথা রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার যুবকদের কিভাবে কর্মসংস্থান করা হবে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গে ব্যাপক খরার পরিপ্রেক্ষিতে যে ব্যাপক ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা দরকার তা করতে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। এখনো গভীর নলকূপের কোন প্রচেষ্টা সরকার করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

লক্ষ লক্ষ টাকার সিমেণ্ট পারমিট পঞ্চায়েতের মাধ্যমে চোরাপথে পাচার হচ্ছে ; তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সরকারী অর্থ পঞ্চায়েতের মাধ্যমে শাসকদলের খেয়ালখুশীমত বিলি হচ্ছে, ফলে দরিদ্র মানুষ সুযোগ পাচ্ছে না, একথার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যে পঞ্চায়েত কার্যের জন্য বরাদ্দ কোটি কোটি টাকা জনসাধারণের স্বার্থে ব্যয়িত হয়নি। শাসনক্ষমতায় অধিষ্ঠিত শরিকদলের সংগঠন বৃদ্ধির জন্য বরাদ্দকৃত টাকা চুরি ও লুঠ করা হয়েছে। সরকার জনসাধারণের স্বার্থ উপেক্ষা করেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এসবের কোন উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষাব্যবস্থার চরম অব্যবস্থা বিরাজ করছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ সরকার কর্তৃক দেয় পাঠ্যপুস্তক পায় নাই। সেজন্য শিক্ষার কাজ ব্যাহত হইতেছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নাই ;

বর্তমান সরকারের আমলে পুলিশ কর্মচারীদের পাশাপাশি দুটি সংগঠন থাকায় তাদের মধ্যে বন্ধুত্ব ও প্রীতি বিলুপ্তির মুখে। ফলে সাধারণ মানুষ বিশেষ করে জাতীয়তাবাদী মনোভাবাপন্ন মানুষেরা নিরাপত্তা থেকে বঞ্চিত। পুলিশ প্রশাসনের মধ্যে হঠকারিতার অভাব নেই। নিরীহ কর্মচারীরাও রাজনৈতিক শিকার হয়ে পড়ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার গ্রামভিত্তিক গভীর নলকূপ, জোড়বাঁধ, নদী জল উত্তোলন প্রকল্প, ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়িত করা হয়নি। ব্যাপকভাবে জমিতে ফসল নষ্ট হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই।

119—134

শ্রীসোমেন মিত্র ঃ Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক

কিন্তু দুঃখের বিষয় যে—

শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়পুষ্ঠ সমাজবিরোধীরা পুলিশের মদতে কলিকাতায় বিভিন্ন প্রান্তে 'নাগরিক কমিটি' ও 'শান্তি কমিটি'র নাম নিয়ে নিরীহ মানুষ ও কংগ্রেস কর্মীদের উপর হামলা চালাচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যের হাসপাতালগুলি শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়পুষ্ঠ সমাজ বিরোধীদের আড্ডা-খানায় রূপান্তরিত হওয়ার ফলে রাত্রির দিকে হাসপাতালগুলি নানারকম অসামাজিক কার্যকলাপের লীলাভূমিতে পরিণত হয়েছে। এরূপ ঘটনার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে উপাচার্য নিয়োগ করায় রাজ্য সরকার ক্ষুব্ধ। তাই ঐ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সংগে রাজ্য সরকার কোনরূপ সহযোগিতা করছেন না। ফলে বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম অচল হয়ে পড়েছে। এরূপ ঘটনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কলকাতা শহরের হাসপাতালগুলিতে চলছে চরম অরাজকতা। প্রায় প্রতিটি হাসপাতালে রোগীদের চিকিৎসার কোনও সুব্যবস্থা নেই। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্য সরকারী সংস্থাগুলিতে শ্রমিক শ্রেণীর গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা হচ্ছে, পুলিশ ও পার্টির সমর্থক দিয়ে আন্দোলনকারী শ্রমিকদের উপর অত্যাচার চালানো হচ্ছে। অথচ কেন্দ্রীয় সরকারী সংস্থাগুলিতে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য দলীয় সমর্থক শ্রমিকদের উস্কানি দিয়ে চলেছে। ফলে এই রাজ্যে অবস্থিত প্রায় প্রতিটি কেন্দ্রীয় সংস্থায় লোকসানের পরিমাণ বেড়ে চলেছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

কলকাতার রাস্তাঘাটে যানবাহন চলাচল তো দূরের কথা মানুষ চলাচলের পক্ষেও অযোগ্য হয়ে পড়েছে। ফলে পথ দুর্ঘটনার হার বেড়ে চলেছে। রাজ্য সরকার এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

হকার উচ্ছেদের নাম করে শাসকদলভুক্ত গরিষ্ঠদল বিরোধী হকারদেরই উচ্ছেদ করে সেখানে দলীয় সমর্থকদের বসানো হচ্ছে। ফলে হকারদের সমস্যার কোনও সমাধান করা যাচ্ছে না। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পাতাল রেলের যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ। পুলিসের সহযোগিতায় শাসকদলভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকরা ঐসব সরঞ্জাম চুরি করে নিয়ে চলে যাওয়ায়, পাতাল রেলের কাজ মন্থর গতিতে চলছে। রাজ্য সরকার এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রেল, তার ও অন্যান্য কেন্দ্রীয় সংস্থার সম্পত্তি রক্ষা করতে রাজ্য সরকার কেন্দ্রীয় সংস্থাগুলিকে কোনও রূপ সহযোগিতা করছে না। উপরন্তু যেসব সমাজবিরোধীরা কেন্দ্রীয় সরকারের সংস্থার জিনিসপত্র চুরি করে তাদের শাস্তির হাত থেকে রক্ষা করে চলেছেন। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পরাজয়ের আশঙ্কায় রাজ্য সরকার, কলকাতা কর্পোরেশন ও হাওড়া কর্পোরেশনের নির্বাচনের দিন বার বার পিছিয়ে দিচ্ছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বামফ্রন্টের শরিকী সংঘর্ষের ফলে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে চলছে চরম অরাজকতা। প্রশাসনে চলছে বিভ্রান্তি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রাজ্যে যে কোনও গণআন্দোলন দমন করতে রাজ্য সরকার শুধু প্রশাসনের উপর নির্ভরশীল না হয়ে, শাসকদলভুক্ত গরিষ্ঠদলের সমর্থকদের সাহায্য গ্রহণ করে। পুলিশের উপস্থিতিতেই ঐ সব সমর্থক গণআন্দোলনে অংশগ্রহণকারীদের উপর নগ্ন আক্রমণ করে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

দ্রব্যমূল্য রোধে রাজ্য সরকার কোনও সক্রিয় ভূমিকা গ্রহণ করতে পারে নি। রাজ্য সরকারের ব্যর্থতার ফলে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম দিনের পর দিন বাড়িয়ে চলেছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে যে কোনও নিরীহ সরকারবিরোধীদলের সমর্থক শাসকদলভুক্ত গরিষ্ঠদলের সমর্থকদের হাতে খুন হলে, মুখ্যমন্ত্রী নিহত কর্মীকে সমাজবিরোধী আখ্যা দেন এবং অপরাধী দলীয় কর্মীদের যাতে শাস্তি না হয়, তার জন্য প্রশাসনকে নির্দেশ দেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

মালদার বুলবুলচণ্ডীতে নিরীহ মানুষের উপর পুলিশের গুলিচালনার ফলে পাঁচজন মানুষ নিহত হয়। পুলিশের অত্যাচারের বিরুদ্ধে মানুষের তীব্র ক্ষোভ ও ঘটনার বিচার বিভাগীয় তদন্তের পক্ষে প্রবল জনমত থাকা সত্ত্বেও রাজ্য সরকার তা উপেক্ষা করে চলেছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এত অবনতি হয়েছে যে কিছুদিন আগে কসবায় একটি বাড়ি থেকে একটি কিশোরকে সমাজবিরোধীরা অপহরণ করে নিয়ে গিয়ে খুন করে। পুলিশ নিরীহ ঐ কিশোরের প্রাণরক্ষা করতে ব্যর্থ হয়। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

135—230

শ্রীকাশীনাথ মিশ্র : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

বাঁকুড়া জেলাতে রাজগ্রাম সেতুর কাজ মঞ্জুর হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কি কারণে বিভাগীয় দপ্তর শুরু করছেন না, রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবাংলার সমবায় প্রতিষ্ঠানগুলি ক্রমশঃ ধ্বংসের দিকে যাওয়ার প্রকৃত কারণ অনুসন্ধানে সরকার ব্যর্থ ; ফলে সমবায় বিপ্লবের কোন তথ্য রাজ্যপালের ভাষণে স্পষ্টভাবে উল্লেখ নেই ;

ভূগর্ভস্থঃ জলকে চাষের কাজে বিশেষতঃ অনুন্নত এলাকাকে উন্নত করার জন্য যে পরিকল্পনা দীর্ঘদিন ধরে নেওয়া হয়েছে তার বাস্তবরূপ না দেওয়াতে অনুন্নত এলাকাগুলিতে স্থায়ী ফসল আজ পর্যন্ত আশানুরূপ হচ্ছে না, কিন্তু প্রতিকারের জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা নিতে পারেন নাই। তার কারণ ও উল্লেখ রাজ্যপালের ভাষণে করা হয় নাই ;

পশ্চিমবাংলাতে প্রতি বছর পঞ্চমশ্রেণী হতে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যন্ত ছাত্রছাত্রীর ভর্ত্তির সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে, শিক্ষার প্রসারের জন্য নূতন কোন বিদ্যালয় বা সেক্শন, ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুযায়ী করা হয় নাই কেন তাও রাজ্যপালের ভাষণে উল্লেখ করা নেই ;

পশ্চিমবাংলার বিদ্যালয়গুলি হতে টিফিন উঠিয়ে দেবার পরিকল্পনার উপযুক্ত কারণ রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবাংলার গত ১৯৭৭ সাল হতে জেলার স্কুল বোর্ডগুলির অ্যাড হক কমিটি কি কারণে এখনও পর্যন্ত নির্বাচনকে উপেক্ষা করে ও গণতান্ত্রিক অধিকারকে খর্ব করে করা হচ্ছে তার বিস্তারিত রিপোর্ট রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলাতে নূতন রেশন কার্ড শহর ও গ্রামাঞ্চলে না দেওয়াতে কয়েক কোটি মানুষ রেশন সামগ্রী হতে বঞ্চিত হচ্ছেন রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই।

রাজ্য সরকার বিশ্বব্যাঙ্ক হতে শতকরা কত হার সুদে কি কি বাবত কত টাকা এবং কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আই এম এফ থেকে কত টাকা পেয়েছেন তার বিস্তারিত রিপোর্ট রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবাংলার সরকারী কর্মচারী সমেত বেসরকারী প্রতিষ্ঠান, বিশেষতঃ স্কুল, কলেজ, বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের পি এফ বাবত প্রায় ২০০ কোটি টাকা বাৎসরিক কি বাবত ব্যয় করবেন তাও রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলা গত ১ বছরে কেন্দ্রীয় সরকারের কাছ হতে মোট কত টাকা ঋণ হিসাবে নিয়েছে এবং উক্ত ঋণের টাকা কি কি বাবত খরচ করা হয়েছে তা রাজ্যপালের ভাষণে একেবারেই উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবাংলার রাস্তাঘাট মেরামত ও সংস্কারের অভাবে ব্যাপকভাবে জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই ;

দামোদর, দারকেশ্বর, গন্ধেশ্বরী, গঙ্গা নদ-নদীর জল ব্যাপকভাবে দূষিত হয়ে পড়েছে, শিল্প এলাকা সহ শিল্পাঞ্চলমুক্ত এলাকাতেও ব্যাপক ভাবে নদ-নদীর জল দূষিত হয়েই চলেছে। ফলে মহামারীর প্রাদুর্ভাব ঘটতে পারে, কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই ;

তিস্তা নদীর পরিকল্পনা সহ আপার কংসাবতী, আপার দারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনা কার্যকরী করতে সেচ দপ্তর প্রধানতঃ বিফল হয়েছেন, কিন্তু দীর্ঘদিনের পরিকল্পনা কার্যকরী না হওয়ার কারণ রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ,

পশ্চিমবাংলায় গত এক বছরে যে কয়েক শত খুন হয়েছে তার আসামীদের আজ পর্যন্ত কেন ধরা হয় নাই তার কারণ রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার পর্যটন ব্যবস্থা সহ বন্যপ্রাণী সংরক্ষণের কাজ ক্রমশঃ ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

সরকারী নির্দেশ অনুযায়ী জেলাশাসক ও পুলিশ সুপার জেলায় জেলায় পোষ্টিং হয় কিন্তু বছর বছর জেলাশাসক ও পুলিশ সুপারের বদলী ক্ষমতাশীল দলীয় প্রভাবে ক্রমাগত ঘটেই চলেছে, কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার ব্যাপক বনাঞ্চল এলাকা আজ ধ্বংসস্তূপে পরিণত হয়েছে, বন সৃজনের নামে ব্যাপকভাবে বনশোষণ চলছে, বন সৃষ্টির জন্য কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে কিন্তু ফলস্বরূপ বনসম্পদ সৃষ্টি হচ্ছে না, রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার হাসপাতাল ও কলেজগুলি ধ্বংসের মুখে স্বাস্থ্য দপ্তর দলাদলি করে হাসপাতাল ও কলেজগুলির সুস্থ পরিবেশ নষ্ট করে দিয়েছে ফলে হাসপাতাল ও কলেজগুলির সেবা ও শিক্ষার মনোভাব ধ্বংস হয়ে গেছে। কিন্তু এ ব্যাপারে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার রবীন্দ্রভবনগুলি সংস্কার এবং অর্দ্ধসমাপ্তগুলির সমাপ্ত করার কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বাংলা চলচ্চিত্র শিল্প ধ্বংসের দিকে কিন্তু রাজ্য সরকার দলীয় মনোভাব নিয়ে সিনেমা শিল্পকে বিচার করার ফলে গোটা চলচ্চিত্র শিল্পটি বিপর্যস্ত হতে বসেছে। রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার যুব-কল্যাণ কেন্দ্রগুলি শাসক দলের প্রচার কার্যালয়ে পরিণত হয়েছে। কিন্তু এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার খেলাধূলার মান ক্রমশঃ নিম্ন হওয়ার কারণ এবং খেলাধূলার মান উন্নতিকরণের কোন কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার পৌর প্রতিষ্ঠানগুলি দুর্নীতির কেন্দ্র হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার পরিবহন ব্যর্থতা এতই বেড়েছে যে দৈনন্দিন পরিবহণে যে দুর্ঘটনা ঘটছে তাতে পরিবহনের ব্যর্থতাই প্রমানিত হয় কিন্তু রাজ্যপালের ভাষনে এর কোন উল্লেখ নেই ;

আবগারী দপ্তর হতে সরকারী রেভিনিউ আদায় হয় কিন্তু এত বেশী চোলাই মদ আমদানী ও রপ্তানি হচ্ছে এবং সরকারের রেভিনিউ ফল করেছে যে তাতে আবগারী দপ্তর সহ রাজ্য সরকারের আর্থিক সঙ্কট দেখা দেবে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার হকার্স সমস্যা সমাধান ও হকার্সদের পুনর্বাসনের কথা রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের প্রায় বার কিস্তি মহার্ঘ্য ভাতা রাজ্য সরকার আজ পর্যন্ত কি কারণে দেন নাই রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার তফসিল ও আদিবাসী দপ্তরের বরাদ্দ প্রতি বছর ঠিকমত ব্যয় হচ্ছে না ফলে এই অনগ্রসর সম্প্রদায়গুলির কোন সার্বিক কল্যাণ হচ্ছে না ; এই সব অনগ্রসর মানুষদের ব্যাপক ভাবে সুযোগ সুবিধা দেওয়ার কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে এই মরশুমে বাম্পার ফসল হওয়া সত্বেও সরকারের সংগৃহীত খাদ্যশস্য আশানুরূপ না হওয়াতে ক্ষুদ্র, প্রান্তিক চাষীরা বিপদগ্রস্ত হচ্ছে ফলে জনসাধারণও চড়াদামে খাদ্যশস্য ক্রয় করবেন কিন্তু সরকারের মজুত ভাণ্ডার গড়ে উঠলে কালোবাজারীরা স্বর্গ রাজ্য তৈরী করতে বাধা

পেতেন কিন্তু রাজ্য সরকারের গাফিলতির জন্য খাদ্য সংগ্রহে ব্যর্থতার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গত ১৭ই ফেব্রুয়ারি, ১৯৮৪ সাল পর্যন্ত অন্যান্য রাজ্যের তুলনায় ওভারড্রাফটে পশ্চিমবংগে ১৩৩ কোটি ২০ লক্ষ টাকা বকেয়া তালিকাতে আছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

আবাসন সমবায় দপ্তরও বর্তমানে পঙ্গু ও ব্যর্থ হয়েছে, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

আবাসন সমস্যা মেটাতে পূর্ত দপ্তরের আবাসন বিভাগ ব্যর্থ হয়েছেন, কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার রাস্তাঘাট, সেতু, জাতীয় সড়ক, কাঠের সেতু এবং অন্যান্য সংস্কারের ব্যাপারে পূর্ত দপ্তর-এর গাফিলতি ব্যাপকভাবে চলাতে পূর্ত দপ্তরের সংস্কার দপ্তর নীরব ও পঙ্গু হয়ে আছে, রাজ্যপাল তাঁর ভাষণে এই সবের কোন উল্লেখ করেন নাই ;

পশ্চিমবঙ্গের কর আইনে বিশেষতঃ সাধারণ বিক্রয় কর, বিশেষ বিক্রয় কর, প্রমোদ কর তথা বিলাস কর, কৃষি আয়কর, সেস কর, আইন-এর মাধ্যমে কর আদায়ে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কালোবাজারী ও ভেজালদারদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তি ও মামলাদায়ের যথাযথভাবে হচ্ছে না বলে সরকারী সংবাদ থাকা সত্বেও রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ সংক্রান্ত ব্যাপারে রাজ্য সরকারের বিফলতার ফলস্বরূপ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ক্রমশঃ রাজ্য সরকারের সহযোগিতা বিঘ্নিত হচ্ছে। ফলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্যাগুলি রাজ্য সরকার কার্যতঃ এড়িয়ে যাচ্ছেন, এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন-উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলায় কালিদাসপুর কোলিয়ারী প্রকল্পে রাজ্য সরকার প্রশাসনিক দায়িত্ব আরোপ ব্যর্থ হয়েছেন, এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শাসকদলের ছাত্র সংগঠন ব্যাপকভাবে জাতীয়তাবাদী ছাত্র-সংগঠনগুলির উপর হামলা ক্রমাগতভাবে বাড়িয়ে চলেছে ফলে বহু কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হয়ে শিক্ষার প্রসারকে ব্যাহত করছে। কিন্তু রাজ্যপালের ভাষণে এর উল্লেখ নাই ;

বর্ধমান বিশ্ববিদ্যালয় সহ উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নের কোন পরিকল্পনা এই সরকার তথা শিক্ষা দপ্তরের নেই, বর্তমানে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্যের কার্যকাল ও মেয়াদ শেষ হবার আগেই উক্ত পদ পদত্যাগ করার কারণও রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

বাঁকুড়া জেলায় পুলিস কর্মচারীর সংখ্যা ক্রমশঃ ক্ষীণ হয়ে পড়ায় এবং পুলিসের সংখ্যা ও যানবাহনসহ অন্যান্য সুযোগ বৃদ্ধি না করাতে উক্ত জেলাতে আইনশৃঙ্খলার অবনতি ঘটেছে কিন্তু রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

বাঁকুড়া ক্রীশ্চান কলেজে আজ পর্যন্ত স্থায়ী অধ্যক্ষ এবং কর্মসমিতি সংখ্যালঘু ও ভাষাগত-দুর্বল সম্প্রদায়ের কর্তৃপক্ষরা করার অনুমতি রাজ্য সরকার দিতে কার্পণ্য করেছেন কেন তার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

বাঁকুড়া জেলাতে বিশেষতঃ বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে এবং অন্যান্য ব্লকগুলিতে ত্রাণ-ব্যবস্থা অপর্যাপ্ত হয়েছে এবং দিনমজুর, ক্ষেতমজদুর এবং অন্যান্য শ্রমিকেরা কোন কাজ না পেয়ে অনাহারে ও অর্ধাহারে দিনযাপন করছে, একথা রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবঙ্গে কৃষি আয়কর হতে কর আদায়ে রাজ্য সরকার ব্যর্থ হয়েছে, রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ,

পশ্চিমবাংলায় দুর্বলতর শ্রেণীকে নিখরচায় আইনের সহায়তা করার যে ব্যবস্থা আছে তা গত সাত বছরে লুপ্তপ্রায় হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোন কথা উল্লেখ করা হয় নাই ;

ভিডিও, দর্শন ও প্রকাশ্য প্রদর্শন হতে কর আদায়ে রাজ্য সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

পশ্চিমবঙ্গে চাল, গম ও সরিষার তেলের উপর বিক্রয়কর বাবদ অর্থ আদায়ে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার অনগ্রসর এলাকাতে বিশেষতঃ তফসিল, আদিবাসী ও দুর্বলতর শ্রেণীকে রক্ষার জন্য যে নূতন বিশদফা কর্মসূচী গ্রহণ করা হয়েছে তা আজ পর্যন্ত ব্যাপকভাবে রাজ্য সরকার ইচ্ছাকৃতভাবে কার্যকরী করছেন না। এই কর্মসূচী কতটা রূপায়িত হয়েছে তার তথ্যভিত্তিক উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যাপারে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন তা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার বেকার ভাতা বিলি নিয়ে ব্যাপক দুর্নীতি হয়েছে এবং পক্ষপাতও হয়েছে , বহু বেকার যুবক-যুবতীর ইচ্ছাকৃতভাবে বেকার ভাতা বন্ধ করা হয়েছে ; বহু বেকার যুবক-যুবতীর মঞ্জুরীকৃত বেকারভাতা সামান্য ত্রুটিতে বন্ধ করে দিয়েছে ; তাছাড়া বেকারভাতা প্রকল্প বন্ধ করার জন্য যে প্রচেষ্টা চলছে এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার কর্মীবিনিয়োগ কেন্দ্রগুলিতে বেকার যুবক-যুবতীদের নিয়ে যে ছিনিমিনি খেলছেন তা প্রতিকার করার কোন সুবন্দোবস্ত করা হয় নাই। কর্মীবিনিয়োগ কেন্দ্রগুলিতে

অনেকের দীর্ঘদিন ধরে নাম রেজিষ্ট্রি করা সত্বেও চাকরী পাচ্ছে না। অনেকের বয়স অতিক্রান্ত হওয়ায় বহু বেকার যুবক-যুবতী চাকুরীর সুযোগ থেকে বঞ্চিত ; এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বেকার যুবকদের স্বনির্ভর করার জন্য কেন্দ্রীয় সরকার যে পঁচিশ হাজার টাকার পরিকল্পনা রাজ্য সরকারের শিল্পদপ্তর-এর মাধ্যমে দেবার ব্যবস্থা করেছেন সেখানেও ব্যাপকভাবে পক্ষপাতমূলক আচরণ করা হচ্ছে কিন্তু এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার সর্বত্র আই আর ডি পি-তে দুর্নীতি চলছে এবং প্রকৃত চাষীকে ব্যাপকভাবে পঞ্চায়েতগুলি বঞ্চিত করে জোতদার, মামলাবাজ ধনী ব্যক্তিদের উক্ত লোন দিচ্ছে ; এমন কি বিভিন্ন সমবায় সমিতিতে ঋণ পরিশোধ না করেও উক্ত আই আর ডি পি-র টাকা কৌশল করে নেবার যে ব্যবস্থা চলছে এবং আই আর ডি পি-র লোন নিয়ে যে ব্যাপক কারচুপি চলছে তা প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার কুটীরশিল্পগুলিকে প্রাণবন্ত করার মাধ্যমে তন্তুজীবিদের আর্থিক অস্বাচ্ছন্দ্য দূর করার জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকায় কয়েক লক্ষ তন্তুজীবি মৃত্যুর সম্মুখীন হয়েছে, কিন্তু এ বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বাসনশিল্প এর মাধ্যমে কর্মকারশ্রেণী সহ বাসনশিল্পীদের রক্ষার স্বার্থে কোন সুব্যবস্থা বা পরিকল্পনা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার বিড়ি শিল্পীদের ন্যূনতম মজুরী সহ অন্যান্য সকল রকম সুযোগ-সুবিধা আজ পর্যন্ত চালু হয় নাই। প্রশাসনিক গাফিলতির বিশেষতঃ শ্রমদপ্তরের ব্যর্থতার ফলে ; এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার বনজসম্পদ ধ্বংসের দিকে যাচ্ছে তার সুষ্ঠু প্রতিকারের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে রাজ্যসরকার যে ব্যর্থ হয়েছেন তার কথাও রাজ্যপালের বক্তব্যের মধ্যে নেই ;

পশ্চিমবাংলায় সম্পদ সৃষ্টির জন্য রাজ্যসরকারের ব্যর্থতা এবং দূরদর্শিতার অভাবে সম্পদ সৃষ্টি বিঘ্নিত হচ্ছে এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলে খাদ্য সংগ্রহে ব্যর্থতার জন্য সারা রাজ্যে রেশন ব্যবস্থা বানচাল হতে বসেছে এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার বিশেষতঃ কলিকাতা ও পার্শ্ববর্তী শহরতলীতে দুগ্ধ উৎপাদন কেন্দ্রগুলিতে শ্রমিকবিরোধ বৃদ্ধি পাওয়ার জন্য দুগ্ধ সরবরাহ ব্যর্থ হয়েছে এবং ক্রমাগত দুগ্ধ সরবরাহে লোকসান ও ঘাটতির পরিমাণ বেড়েই চলেছে কিন্তু তার প্রতিকারের জন্য সুনির্দিষ্ট কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যেই নেই ;

পশ্চিমবাংলাতে কৃত্রিমভাবে জৈব ও অন্যান্য রাসায়নিক সারের অভাব সৃষ্টি করে খারিফ ও রবি চাষের বিঘ্ন ঘটান হয়েছে, ফলে উৎপাদনও ক্ষতিগ্রস্ত হয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার শহরাঞ্চলগুলিতে সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও সার, মিনিকীট বিলি না করাতে কয়েক লক্ষ একর জমিতে ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে কিন্তু শহরাঞ্চলে চাষাবাদ করার যে অধিকার প্রান্তিক, মাঝারী ও বৃহৎ চাষীদের আছে তা খর্ব হচ্ছে কিনা তাও তদন্ত বা লক্ষ্য করার কোন প্রশাসনিক ব্যবস্থা নাই সুতরাং চাষাবাদ যে ব্যাপকভাবে বিঘ্নিত হয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম কার্যকরী করতে রাজ্যসরকার যেভাবে ব্যর্থ হয়েছেন তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার পরিবেশ বিশেষতঃ বায়ু ও জল যেভাবে ক্রমশঃ দূষিত হয়ে উঠেছে তাতে পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলের আধিবাসীরা বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে পড়েছেন কিন্তু তা শোধন করার জন্য বিশেষভাবে ব্যবস্থা করতে রাজ্যসরকার ব্যর্থ হয়েছেন তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ শিল্পাঞ্চল তৈরীর জন্য কেন্দ্রীয় সরকারের দেয় সুযোগ সুবিধা এবং সাবসিডি বাবদ অর্থ পুরাপুরি গ্রহণ করতে ব্যর্থ হয়েছেন বলেই অন্যান্য রাজ্য সাবসিডির দেয় কেন্দ্রীয় অর্থ ব্যবহার করে বেকার সমস্যা সমাধান করতে সমর্থ হয়েছেন কিন্তু পশ্চিমবাংলা এ ব্যাপারে পশ্চাদপদ হয়েই চলেছে বলে বেকার সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে কিন্তু রাজ্যপালের ভাষণে ঐসব বিষয়ে কোন উল্লেখ নাই ;

বর্তমান বামফ্রন্ট সরকার প্ল্যানিং এর চেয়ে নন-প্ল্যানিং-এ কোটি কোটি টাকা বরাদ্দ করে দুর্নীতিকে ব্যাপকভাবে প্রশ্রয় দিয়েছেন ফলে গ্রামবাংলাতে সমস্ত উন্নতি ব্যাহত হয়েছে এবং গ্রাম-বাংলার সার্বিক উন্নয়নও ক্রমশঃ ব্যর্থ হতে চলেছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে শাসকদলগুলি গ্রামীণ উন্নয়নের নামে গ্রামবাংলায় শোষণ ও অত্যাচার এমন বাড়িয়ে তুলেছে যে গ্রামের মানুষ শহরাভিমুখী হচ্ছে ; ফলে গ্রামবাংলার অর্থনীতি দুর্বল হতে দুর্বলতর হচ্ছে ; ফলে গ্রামগুলিতে ফসল উৎপন্নের হার ক্রমশঃ কমতে শুরু করেছে এবং গ্রামগুলি শ্মশানের রূপ নিচ্ছে কিন্তু এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে শাসকদলগুলি পঞ্চায়েতের মাধ্যমে কোটি কোটি টাকা আত্মসাৎ করে গাড়ী, বাড়ী, ব্যাঙ্ক-ব্যালেন্স ক্রমাগত বাড়িয়ে চলেছে এবং পশ্চিমবাংলার বহু থানা ও পঞ্চায়েত দপ্তরে

অনেকের দীর্ঘদিন ধরে নাম রেজিষ্ট্রি করা সত্বেও চাকরী পাচ্ছে না। অনেকের বয়স অতিক্রান্ত হওয়ায় বহু বেকার যুবক-যুবতী চাকুরীর সুযোগ থেকে বঞ্চিত ; এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বেকার যুবকদের স্বনির্ভর করার জন্য কেন্দ্রীয় সরকার যে পঁচিশ হাজার টাকার পরিকল্পনা রাজ্য সরকারের শিল্পদপ্তর-এর মাধ্যমে দেবার ব্যবস্থা করেছেন সেখানেও ব্যাপকভাবে পক্ষপাতমূলক আচরণ করা হচ্ছে কিন্তু এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার সর্বত্র আই আর ডি পি-তে দুর্নীতি চলছে এবং প্রকৃত চাষীকে ব্যাপকভাবে পঞ্চায়েতগুলি বঞ্চিত করে জোতদার, মামলাবাজ ধনী ব্যক্তিদের উক্ত লোন দিচ্ছে ; এমন কি বিভিন্ন সমবায় সমিতিতে ঋণ পরিশোধ না করেও উক্ত আই আর ডি পি-র টাকা কৌশল করে নেবার যে ব্যবস্থা চলছে এবং আই আর ডি পি-র লোন নিয়ে যে ব্যাপক কারচুপি চলছে তা প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার কুটীরশিল্পগুলিকে প্রাণবন্ত করার মাধ্যমে তন্তুজীবিদের আর্থিক অস্বাচ্ছন্দ্য দূর করার জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকায় কয়েক লক্ষ তন্তুজীবি মৃত্যুর সম্মুখীন হয়েছে, কিন্তু এ বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বাসনশিল্প এর মাধ্যমে কর্মকারশ্রেণী সহ বাসনশিল্পীদের রক্ষার স্বার্থে কোন সুব্যবস্থা বা পরিকল্পনা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার বিড়ি শিল্পীদের ন্যূনতম মজুরী সহ অন্যান্য সকল রকম সুযোগ-সুবিধা আজ পর্যন্ত চালু হয় নাই। প্রশাসনিক গাফিলতির বিশেষতঃ শ্রমদপ্তরের ব্যর্থতার ফলে ; এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার বনজসম্পদ ধ্বংসের দিকে যাচ্ছে তার সুষ্ঠু প্রতিকারের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে রাজ্যসরকার যে ব্যর্থ হয়েছেন তার কথাও রাজ্যপালের বক্তব্যের মধ্যে নেই ;

পশ্চিমবাংলায় সম্পদ সৃষ্টির জন্য রাজ্যসরকারের ব্যর্থতা এবং দূরদর্শিতার অভাবে সম্পদ সৃষ্টি বিঘ্নিত হচ্ছে এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলে খাদ্য সংগ্রহে ব্যর্থতার জন্য সারা রাজ্যে রেশন ব্যবস্থা বানচাল হতে বসেছে এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার বিশেষতঃ কলিকাতা ও পার্শ্ববর্তী শহরতলীতে দুগ্ধ উৎপাদন কেন্দ্রগুলিতে শ্রমিকবিরোধ বৃদ্ধি পাওয়ার জন্য দুগ্ধ সরবরাহ ব্যর্থ হয়েছে এবং ক্রমাগত দুগ্ধ সরবরাহে লোকসান ও ঘাটতির পরিমাণ বেড়েই চলেছে কিন্তু তার প্রতিকারের জন্য সুনির্দিষ্ট কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যেই নেই ;

সাংবাদিক বা বিশেষতঃ গ্রামবাংলার সাংবাদিকেরা প্রশাসনের নিকট নিত্যনৈমিত্তিক ঘটনার সংবাদ সংগ্রহ করতে অসমর্থ হচ্ছেন, কেন না সাংবাদিকদের জেলাভিত্তিক কোন সংবাদ পরিবেশন করার ক্ষমতা প্রশাসনের নেই। সুতরাং গ্রামবাংলার নির্মম ও প্রকৃত চিত্র সাংবাদিকরা যথার্থভাবে পরিবেশন করতে পারছেন না। সুতরাং সংবাদপত্রেও পরোক্ষভাবে কণ্ঠরোধ করার যে চেষ্টা সারা পশ্চিমবাংলাতে চলছে তার সুব্যবস্থা করার কোন কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলায় নূতন শিল্প কলকারখানা সমেত নূতন রেল লাইন স্থাপন, কয়লার খনি স্থাপন, বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র স্থাপন সহ ছোট-বড় মাঝারি ও ভারী শিল্প স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি রাজ্যসরকার অধিগ্রহণে ব্যর্থ হচ্ছেন ফলে রাজ্য শিল্প সম্ভাব্যতাও বিনষ্ট হতে চলেছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

গঙ্গার ভাঙ্গনরোধের জন্য আজ পর্যন্ত মাস্টার প্ল্যান কার্যকরী না হওয়াতে প্রাকৃতিক বিপর্যয়ে গঙ্গা নদীর উপকূলবর্তী গ্রামগুলি বন্যার জলের প্রকোপে লোপ পেতে বসেছে তার প্রতিকারের সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

বামফ্রন্ট-এর ৭ বছর রাজত্বকালে কেন্দ্র সরকার তফসিলী, আদিবাসী ও সমাজের দুর্বলতর শ্রেণীকে উন্নততর করার যে প্রচেষ্টা ও পরিকল্পনা নিয়েছেন তাতে পশ্চিমবাংলার দেয় টাকা ব্যবহারে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ,

পশ্চিমবাংলাতে আইনশৃঙ্খলা ব্যাপকভাবে বিঘ্নিত হচ্ছে কিন্তু পুলিসের সংখ্যা বৃদ্ধি ও পুলিস কর্মচারীদের সার্বিক কল্যাণ করার কোন ব্যবস্থার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কুষ্ঠরোগীদের পুনর্বাসন সহ কুষ্ঠ চিকিৎসার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ব্যাপক সাহায্যের সুষ্ঠু সদ্ব্যবহার আজ পর্যন্ত রাজ্য সরকার করতে পারেন নি বলেই পশ্চিমবাংলার কুষ্ঠ-হাসপাতাল-গুলি বিশেষতঃ বাঁকুড়া গৌরীপুর কুষ্ঠ-হাসপাতালের সমস্যা ক্রমাগত বেড়েই চলছে , ফলে উক্ত হাসপাতালে আবাসিক রোগীরা বিভিন্ন চিকিৎসার সুযোগ হতে বঞ্চিত হয়েই চলেছে কিন্তু রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোন উল্লেখ নাই ;

বিচার বিভাগের সম্পূর্ণ স্বাতন্ত্রীকরণ আজ পর্যন্ত না হওয়ার কারণও রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবঙ্গের আদালতগুলির গৃহ সমস্যা, কর্মচারী সমস্যা সহ আদালতের সঙ্গে যুক্ত বিভিন্ন শ্রেণীর মামলাসংক্রান্ত ব্যাপারে বিশেষতঃ দুর্বলতর শ্রেণীকে আইনের সাহায্য ব্যাপারে সরকারের ঔদাসীন্য রাজপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবাংলার আদালতগুলির বহুদিনের মামলার নিষ্পত্তির ব্যাপারে রাজ্য সরকারের যে ভূমিকা হওয়ার কথা তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

জওহর শিশুভবনের মাধ্যমে পশ্চিমবাংলার নিরক্ষতা দূরীকরণ প্রকল্প ও নন-ফরমাল স্কুল স্থাপনে আগ্রহী যুকব-যুবতীদের রাজ্যসরকার উপেক্ষা করে নিজেদের দলগত ক্ষমতাকে বৃদ্ধি করার জন্য কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের অপচয় করছেন। ফলে নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পের কাজ ব্যাহত হচ্ছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

ইংরাজী শিক্ষা সম্পর্কে রাজ্য সরকারের ভ্রান্তনীতির ফলে ছাত্র-ছাত্রীদের মধ্যে এই আন্তর্জাতিক ভাষা সম্পর্কে যে আশঙ্কা ও ভীতির সৃষ্টি হয়েছে তা প্রতিকারের কোনও উল্লেখ রাজপালের ভাষণে নেই ;

সরকারী বিদ্যালয় সহ পশ্চিমবাংলার বিদ্যালয়গুলিতে সরকারী পুস্তক শিশু শ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত বিশেষতঃ অষ্টম শ্রেণী পর্যন্ত পুস্তক বিতরণ পদ্ধতি এবং পুস্তক প্রকাশনের ব্যাপারে সরকারী ঔদাসীন্যের জন্য বর্তমানে সরকারী পুস্তক যথাসময়ে ছাত্র-ছাত্রীরা না পাওয়াতে শিক্ষার প্রসারে বিঘ্ন ঘটছে ; সরকারী পুস্তক প্রকাশনে ও বিলি ব্যবস্থাতেও পক্ষপাত প্রাধান্য পেয়েছে, ফলে সরকারী পুস্তক দুর্লভ হয়ে কালোবাজারীতে বিক্রি হচ্ছে কিন্তু তার প্রতিকারের কোন ব্যবস্থার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিরোধী দলভুক্ত শ্রমিক সংগঠনের কর্মচারীদের আনুপাতিক ১:১০ হারে বদলী করে ক্ষমতাশীল শ্রমিক সংগঠনগুলি নিজেদের মুনাফা বে-পরোয়াভাবে ও বে-আইনীভাবে করেই চলেছেন, বিরোধী দলভুক্ত শ্রমিক সংগঠনের কর্মচারীরা রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও উক্ত সংগঠনের বেশীর ভাগ কর্মচারীদের পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে স্থানান্তরিত করে ক্ষমতাশীল শ্রমিক সংগঠনের কর্মচারীদের রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রধান কার্যালয়ে এবং বিভিন্ন শাখা কার্যালয়ে বদলী করা হচ্ছে। এই বৈষম্যমূলক নীতির কোন ব্যাখ্যা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

গত ১০ বছর পূর্বে অ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম-এ যেসব বেকার যুবক-যুবতী স্ব-নির্ভরশীল হওয়ার জন্য বাড়ীঘর মর্টগেজ দিয়ে সরকারী ভরতুকি নিয়ে যে ব্যবসা অর্থাৎ অটোরিক্সা, ইঁটভাটা প্রভৃতি তৈরী করে স্ব-নির্ভরশীল হবার যে চেষ্টা করেছিল তা দুর্ঘটনাজনিত কারণে এবং প্রাকৃতিক বিপর্যয়ে ঐসব বেকার যুবক-যুবতীরা ক্ষতিগ্রস্ত হয়ে আজ পর্যন্ত ঋণের বোঝা বইছে, কিন্তু ঐসব বেকার ক্ষতিগ্রস্ত যুবকদের কোন সাহায্য রাজ্যসরকার করছেন না, ফলে কয়েক হাজার বেকার যুবক-যুবতী বিপদগ্রস্ত হয়ে পড়েছে, কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গের পুলিস প্রশাসন সারা বিশ্বে যে সুনাম ও প্রশংসা অর্জন করেছিল, বিগত সাত বৎসরে তা বিনষ্ট হয়েছে ; পুলিস প্রশাসনে রাজনীতি আমদানির ফলে জেলার পুলিস লাইনগুলিতে চরম বিশৃঙ্খলা দেখা দিয়েছে ; পদস্থ পুলিস অফিসারেরা বিভিন্ন সময়ে ঘেরাও হচ্ছেন এবং পুলিস লাইনগুলিতে চরম বিশৃঙ্খলাকে রোধ করবার কোন পরিকল্পনা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের সমবায়গুলি বর্তমানে দুর্নীতির কেন্দ্রে পরিণত হয়েছে। সমবায় ঋণ আদায়ে বিরোধী দলভুক্ত কর্মী ও সমর্থকদের কাছ থেকে জোরপূর্বক ঋণ আদায় করছেন, অথচ শাসক সম্প্রদায়ভুক্ত কর্মী ও সমর্থকরা ঋণ পরিশোধ করছেন না। নিরপেক্ষভাবে ঋণ আদায় ব্যবস্থাদি সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের পূর্বেকার সরকারের আমলে যেসব তফসিলী ও আদিবাসী পরিবার পাট্টা বন্দোবস্ত পেয়ে প্রাপ্ত জমিতে ফসল উৎপাদন করছিলেন বর্তমান সরকারের আমলে শাসকসম্প্রদায়ভুক্ত একটি বিশেষ রাজনৈতিক দলের কর্মীরা জোর-জুলুম করে ঐ সকল পাট্টাপ্রাপক-দের জমি থেকে উৎখাত করছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা ক্রমশঃ যে দুর্বল হতে দুর্বলতর হচ্ছে তার প্রমাণস্বরূপ গত এক বছরে খুন, রাহাজানি, চুরি, ছিনতাই, ডাকাতি, বাসডাকাতি, পিটিয়ে মারা, অগ্নিসংযোগ দুর্ঘটনা ব্যাঙ্ক ডাকাতি, ধর্ষণ প্রভৃতি ক্রমবর্ধমান কিন্তু আইন এর শাসন না থাকাতে পশ্চিমবাংলার বিভিন্ন থানাতে এফ আই আর হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত বিশেষ প্রতিকার না হওয়াতে উক্ত ঘটনার সহিত জড়িত অপরাধীরা নৈরাজ্য সৃষ্টি করেই চলেছে, এ ব্যাপারে বলিষ্ঠ পদক্ষেপ প্রশাসন নিতে পারেনি। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বিদ্যুৎ ঘাটতি ক্রমাগত বৃদ্ধি পাওয়াতে লোডশেডিং এবং বিদ্যুৎ সরবরাহ ব্যর্থ হচ্ছে বলে শিল্প-কলকারখানা অন্যত্র সরে যাচ্ছে। সুতরাং কোলাঘাট বিদ্যুৎ প্রকল্প, সাঁওতালডিহির সম্ভাব্য নূতন ইউনিট চালু সহ বাঁকুড়া ও বীরভূমে নূতন বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র চালু করার প্রস্তাব-গুলিও রাজ্য সরকার তৎপরতার সঙ্গে পর্যালোচনা করছেন না। বিদ্যুৎ ঘাটতি দূরীকরণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলে রাজনৈতিক দলাদলি এমনভাবে শাসকদল শুরু করেছেন তাতে বিরোধী এবং অন্যান্য জাতীয়তাবাদী দলগুলির কর্মী ও সমর্থকদের জোরজবরদস্তি আক্রমণ করা হচ্ছে ; এমনকি শহর ও গ্রামাঞ্চলে বিরোধী দলভুক্ত কর্মীদের অকথ্যভাবে নির্যাতন করা হচ্ছে কিন্তু প্রশাসন কোনভাবেই সহযোগিতা করছেন না বিরোধী দলের সঙ্গে। এর প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে নেই ;

শ্রীসুনীতি চট্টরাজ : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শাসক গোষ্ঠীর একটি বিশেষ দলের অত্যাচারের সরকারে পরিবর্তিত হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে বর্তমান পুলিস ও প্রশাসন একেবারে পঙ্গু হয়ে গেছে রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

বীরভূম জেলার বোলপুর এস ডি পি ও-কে শাসকদলের হয়ে কাজ না করার জন্য ৩ মাসের মধ্যে বদলি করা হয়েছে রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য নির্ধারিত টাকা প্রায় অধিকাংশই ফেরত চলে যাচ্ছে বিদ্যুৎ পরিষদ খরচ করতে পারছেন না বলে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সিউড়ী বিদ্যাসাগর কলেজের ছাত্র সমাজবিরোধী কর্মীদের দ্বারা জঘন্যরূপে আহত হলেও সমাজবিরোধীরা পুলিস কর্তৃক গ্রেপ্তার হন না। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

বর্তমান পশ্চিমবঙ্গ সরকার দলের ফাণ্ড বৃদ্ধির জন্য সব রকমের নোংরা কাজ করে চলেছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান পশ্চিমবঙ্গে অগণতান্ত্রিক সরকার সাধারণ মানুষের নিরাপত্তা রক্ষা করতে ব্যর্থ হয়েছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বর্তমান ১৯৭৭ সালের ও ১৯৮২ সালের সরকার উৎপাদনমুখী কাজকর্ম করা বন্ধ করে দিয়েছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকার পরিকল্পিতভাবে পশ্চিমবঙ্গে বিরোধীদলভুক্ত কর্মীদের খুন করার ব্যাপারে মদত দিচ্ছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

বর্তমান মুখ্যমন্ত্রী নিরপেক্ষ পুলিস ও প্রশাসনের লোকদের অপদার্থ বলে যখন তখন ভর্ৎসনা করেছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

বর্তমান পশ্চিমবঙ্গে পুলিস প্রশাসনের একাংশ প্রত্যক্ষভাবে শাসকগোষ্ঠীর একটি বিশেষ দলের হয়ে এবং সাধারণ মানুষের বিরুদ্ধে কাজ করছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বীরভূম বেকার ভাইদের জন্য এতটুকু চিন্তা করা হয়নি। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে শাসকগোষ্ঠীভুক্ত একটি বিশেষ দলের কর্মীরা পুলিসকে সঙ্গে নিয়ে মধ্যবিত্ত চাষীদের উপর অকথ্য অত্যাচার চালাচ্ছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে শাসকগোষ্ঠীভুক্ত একটি বিশেষ দলের কর্মীরা গ্রামের চাষীদের ধান লুঠ করে চাষীদের সর্বস্বান্ত করে দিয়েছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকার কেন্দ্রের দেওয়া টাকা নিয়ে নয়ছয় করছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রী যখন বীরভূমে নূতন রেল প্রকল্প চালু করছেন তখন বামফ্রন্ট বীরভূমের অর্থনীতিকে একেবারে ধ্বংস করে দিচ্ছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বর্গাদারির নাম করে অত্যাচার চলছে পশ্চিমবঙ্গের গ্রামে গঞ্জে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

এই সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধীনেতা বা বিধায়কদের চিঠির জবাব পর্যন্ত দেন না। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বিরোধীদলের সমর্থকরা খুন হলে বিচারের নামে পুলিস প্রহসন করছে, প্রশাসনের নির্দেশে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বীরভূমের পাটনীল গ্রামে শাসকসম্প্রদায়ভুক্ত দলের বিধায়ক ও সংসদ সদস্যদের উপস্থিতিতে যে বিরোধীদলভুক্ত কর্মী খুন ও নারীরা ধর্ষিতা হয়েছেন তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে পশ্চিমবঙ্গের গ্রামের চাষীরা উৎপাদন অংশে ন্যায্য ভাগ থেকে বঞ্চিত হয়েছে, তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার ওভারড্রাফট-এর টাকা নিয়ে নয়ছয় করে পার্টি ফাণ্ড বাড়াচ্ছে। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা নিয়ে নয়ছয় করে পার্টি ফাণ্ড বাড়াবার পরিকল্পনা করেছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বীরভূমে সরকারী বা বেসরকারী শিল্প স্থাপনের কোন পরিকল্পনা বা ইচ্ছা নেই। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এনেছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার অগণতান্ত্রিকভাবে পরিকল্পিত পদ্ধতিতে পুলিশ ও প্রশাসনের একাংশের সহযোগিতায় পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের উপর অত্যাচার চালাচ্ছেন। এর প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান মুখ্যমন্ত্রীর নির্দেশে পুলিসের একাংশ শাসকসম্প্রদায়ভুক্ত একটি বিশেষ দলের কর্মীদের সঙ্গে নিয়ে বিরোধীদলের কর্মী ও সমর্থকদের নিধনযজ্ঞে মেতে উঠেছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

there is no mention of the fact that the West Bengal Civil Service Association has demanded protection for Block Development Officers in view of recent incidents of BDO baiting and assaults by the supporters of a major ruling party in different districts of West Bengal ;

there is no mention of the fact that doctors owing allegiance to a major political party have been appointed as Medical Officers on ad-hoc basis without observing the prescribed norms for such appointments ;

there is no mention of the fact that due to unwanted political interference by the Left Front the academic standard in the undergraduate colleges recognised by Calcutta University has degenerated over the years ;

there is no mention of the abuse of powers and positions by the Ministers of Left Front Government ;

there is no mention of the fact that due to lapses on the part of the Government the secessionist movement is gaining grounds in West Bengal;

there is no mention of the fact that communal, secessionist elements and extremists wanted by the police in other States are receiving encouragement and active support from a major political party in West Bengal ;

there is no mention of the prevailing resentment among the doctors in the State Health Services ;

there is no mention about the Jute Strike in West Bengal ;

there is no mention of the fact that during the tenure of the Left Front Government the police stations have virtually become case reporting and recording centres and/or that there are very few instances in which the police have been able to make any breakthrough in important cases ;

there is no mention of the fact that increasing number of murders, political murders, dacoities and other crimes have created panic among the people and disrupted normal life ;

there is no mention that the Rabindra Memorial Column at the centre fo Bolpur town has been attacked by the supporters of a major ruling party of Bolpur Unit in which the garden surrounding the Memorial Column, two Ilumination towers and other electrical fittings were damaged ;

there is no mention of the fact that the Subdivisional Police Officer of Bolpur was transfered because he had refused to obey illegal orders of a major political party of the ruling front ;

there is no mention of the fact that a large number of officers of WBCS (Executive) holding the rank of Deputy Secretary have refused to join as ADMs in the districts ;

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

বর্তমানে পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে ; কিন্তু এ বেকার সমস্যা সমাধানের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

(১) ভূমিসংস্কার, বেকার সমস্যা ও বিদ্যুৎ বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

(২) অপারেশন বর্গা গ্রামের মানুষের জীবন অতিষ্ঠ করিয়া তুলিয়াছে, তাহার প্রতিকারের কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

বিভিন্ন হাসপাতালে ডাক্তার, ঔষধ ও অ্যাম্বুলেন্স নাই। ইহা প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

প্রশাসনের মধ্যে দুর্নীতির প্রতিকারের এবং প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সাধারণ প্রশাসনে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সরকারী কর্মচারীদের সংগঠনের নির্দেশে প্রশাসন পরিচালিত হইতেছে। করণিক থেকে শুরু করে সচিব/কমিশনার বিভিন্ন পদমর্যাদার

অফিসার নিরপেক্ষভাবে কাজ করতে পারছেন না। একটি বিশেষ রাজনৈতিক দলের অন্যায় হস্তক্ষেপ বন্ধ করতে গিয়ে বেশ কিছু জেলাশাসক অপমানিত হয়েছেন ও অকস্মাৎ কম গুরুত্বপূর্ণ পদে বদলি হয়েছেন। ফলে সরকারী অফিসারদের আত্মবিশ্বাস ও নৈতিক বল সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত হয়েছে। স্বাধীনতার পর প্রশাসনের এই ধরণের দুর্গতি পূর্বে কখনো হয়নি ; যার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে এক অরাজক অবস্থার সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গে কলেজ সার্ভিস কমিশন বামফ্রন্টের একটি বিশেষ শরিক দলের বেনামি দলীয় অফিসে পরিণত হয়েছে। উক্ত কমিশনের সুপারিশে শত শত অযোগ্য, অপদার্থ ও সমাজবিরোধী ব্যক্তিরা কলেজে অধ্যাপক এবং অধ্যক্ষ হিসাবে নিয়োগপত্র পাচ্ছেন। পশ্চিমবঙ্গে সরকারী কলেজগুলিতেও চলছে চূড়ান্ত ভয়ের পরিবেশ। একটি বিশেষ রাজনৈতিক গোষ্ঠীর সঙ্কীর্ণ দলগত স্বার্থকে চরিতার্থ করার জন্য বদলি নীতিকে অস্ত্র হিসাবে ব্যবহার করা হচ্ছে। হাজার হাজার অধ্যাপককে ভীত সন্ত্রস্ত করে রাখা হচ্ছে। এই অভূতপূর্ব এবং নজীরবিহীন ঘটনার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবঙ্গে পুলিস প্রশাসন সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। বামফ্রন্টের একটি শরিকদলের প্রত্যক্ষ প্ররোচনায় পুলিসের মধ্যে শৃঙ্খলা নষ্ট হয়ে গিয়েছে। দলবাজী, দুর্নীতি, অধস্তন কর্মচারী কর্তৃক ঊর্ধ্বতন অফিসারকে অবমাননা নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। নিরপেক্ষ পুলিস অফিসারদের হয়রান করা হচ্ছে। এই উদ্বেগজনক ঘটনার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গে প্রায় সমস্ত মিউনিসিপ্যালিটির প্রশাসন ব্যবস্থা পর্যুদস্ত হতে চলেছে। কর্মী এবং অফিসার নিয়োগের ক্ষেত্রে চূড়ান্ত পক্ষপাতমূলক আচরণ চলছে। দলীয় লোকদের পৌর প্রশাসনে মাথাভারি পদে নিয়োগ করা হচ্ছে। অথচ নিযুক্ত ব্যক্তিদের পৌর প্রশাসন সম্পর্কে কোন অভিজ্ঞতা নেই। অপরদিকে কিছু অবসরপ্রাপ্ত অথচ ব্যক্তিত্বহীন এবং অযোগ্য সরকারী অফিসারদের স্পেশাল অফিসার হিসাবে পৌর সভাগুলিতে নিয়োগ করা হচ্ছে। কিন্তু পৌরসভার বহু অভিজ্ঞ যোগ্য অফিসারদের প্রমোশন দেওয়া হচ্ছে না এবং তাদের ন্যায্য দাবীগুলিকে অবহেলা করা হচ্ছে। ফলে সমগ্র পৌর প্রশাসনে এক হতাশ মনোভাবের সৃষ্টি হয়েছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর রাজস্ব গত কয়েক বছরে ক্রমাগত হ্রাস পাচ্ছে। অথচ নাগরিকদের দেয় করের হার ঊর্ধ্বগতিতে বেড়ে যাচ্ছে। ফলে পৌরসভার রাজ্য সরকারের কাছে আর্থিক সাহায্যের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই চিত্র শুধু কলকাতার ক্ষেত্রে নয়, পশ্চিমবঙ্গের অধিকাংশ পৌরসভার ক্ষেত্রে একই জিনিস চলছে, এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গত পাঁচ বছরে উন্নয়নমূলক ও অন্যান্য খাতে বিভিন্ন সময়ে যেসমস্ত আর্থিক সাহায্য কেন্দ্রীয় সরকার দিয়েছেন তার পুরো হিসাব আজ পর্যন্ত বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারকে দেন নি ;

অপর পক্ষে কেন্দ্রীয় সরকারের উপরেই সমস্ত দোষ চাপিয়ে নিজেদের নির্দোষ বলে প্রমাণিত করতে চাইছেন ; এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গত কয়েক বছর রাজ্য সরকার শিক্ষাক্ষেত্রে মার্কসবাদ ও লেনিনবাদ ছাত্রদের শেখাবার ব্যবস্থা করা এবং সঙ্গে সঙ্গে ভারতের জাতীয় বহু শিক্ষাবিদ ও জাতীয়তাবাদী রাজনীতিবিদদের চিন্তা ও শিক্ষাধারা ছাত্রদের পাঠক্রম থেকে বাদ দেওয়া হয়েছে ; এরূপ কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যের প্রশাসন দলীয় শাসনে পরিণত হয়েছে। বর্তমান সরকারের একটি শরিক দলের নির্দেশে সমস্ত রকমের সরকারী ক্ষমতা গণতন্ত্রপ্রিয় জাতীয়তাবাদী মানুষের বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে। ফলে রাজ্যে গণতন্ত্রের বদলে কায়েম হয়েছে স্বৈরতন্ত্র। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গের খেটেখাওয়া মানুষের জন্য খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্পের কেন্দ্রীয় সরকারের দেওয়া লক্ষ লক্ষ টন গম, চাল এবং হাজার হাজার টাকা বামফ্রন্টের এক শরিক দলের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন গ্রামপঞ্চায়েতের আত্মসাৎ করার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এক শ্রেণীর শরিকদলের কর্মীরা লাঠি, বল্লম ও অন্যান্য অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া বিরোধী দলের কর্মীদের উপর হামলা ও বাড়িঘর লুঠ করিতেছে, এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে যে হারে খুন বাড়ছে তার প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

কৃষি উৎপাদন বছরের পর বছর কমিয়া যাইতেছে। যাহার ফলশ্রুতি হিসাবে খাদ্যদ্রব্যের মূল্যের ঊর্ধ্বগতি। তাহা রোধের গঠনমূলক পরিকল্পনার কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

কেন্দ্রীয় সরকারের পূর্ণ সহযোগিতা সত্ত্বেও শিল্প ক্ষেত্রে সরকারের শোচনীয় ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি ও খুন, ডাকাতি, ছিনতাই, রাহাজানি, গণধর্ষণ, গণহত্যা, অফিস-আদালতে হত্যাকাণ্ড প্রভৃতির প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

শ্রীমহবুবুল হক : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

মালদা জেলার হবিবপুর থানার বুলবুলচণ্ডীতে অন্যায়ভাবে বিনা প্ররোচনায় ১০০ রাউণ্ড গুলি চালনার ফলে ১৭/১৮ বছরের চার জন যুবক ও একজন বয়স্কা মহিলার মৃত্যু হওয়ার ফলে দোষী

অফিসারের অপসারণ ও শাস্তি, ক্ষতিগ্রস্ত পরিবারের ক্ষতিপূরণ ও বিচারবিভাগীয় তদন্তের প্রতিশ্রুতির কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গত পঞ্চায়েত নির্বাচনে রাজ্য সরকারী কর্মচারীদের সংগঠন কর্তৃক ভোটার লিস্টে কারচুপি, নির্বাচনে পক্ষপাতিত্ব, জোরপূর্বক বুথ দখল করে বহু পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি দখল করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদা জেলায় আমের উপর সাধারণ গরীব মানুষের রুজি-রোজগার প্রায় তিন মাস কাল নির্ভর করে। ঝুড়ি বোনা, গাছ থেকে আমভাঙ্গা, গরুর গাড়ীতে করে বহন প্রভৃতি করে মানুষ তাদের রুজি রোজগার চালায়। কিন্তু আম রক্ষণাবেক্ষণ, আমকেন্দ্রীক কোনও শিল্প গঠন বা আম বাগিচা রক্ষায় কোনও কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বামফ্রন্ট সরকায়ের মুখ্যমন্ত্রী শাসকদলের সংখ্যাগরিষ্ঠদের দলীয় ক্ষমতা কায়েম করার জন্য নিরীহ জনসাধারণের উপর কত রাউণ্ড গুলি চালিয়েছে, কতজন নিহত হয়েছে, কত রক্তপাত হয়েছে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বামফ্রন্ট সরকারের বিগত বছরে ও বর্তমান পঞ্চায়েত নির্বাচনের পর শাসকদলের সংখ্যাগরিষ্ঠের দ্বারা প্রভাবিত কতগুলো গ্রাম পঞ্চায়েতের প্রধান উপপ্রধান তহবিল তছরুপের দায়ে অভিযুক্ত কতগুলো পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ ঐভাবে অভিযুক্ত এবং তহবিল তছরুপ করে হিসাবপত্র দেয়নি তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদহ জেলার চাঁচোল থানার সঙ্গে পশ্চিম দিনাজপুর জেলার যোগসূত্র স্থাপনের জন্য মহানন্দা নদীর উপর ডুমরাইল-চুড়ামন ঘাটে সেতু নির্মাণের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যা সমাধানের কোনও পথ বেকারদের বেকার ভাতা বৃদ্ধি করার এবং ঐ ভাতা চালু রাখার কোনও কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

শিক্ষিত বেকার যুবকদের জন্য স্ব-নিযুক্তি কর্ম প্রকল্প চালু করার জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ২৫,০০০ টাকা অর্থ যোগানের যে কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদা জেলার উত্তরাংশে চাঁচোলে নূতন মহকুমা স্থাপনের কোনও পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই ;

আগামী বৎসরে কতগুলি প্রাইমারী স্কুল, জুনিয়ার হাই, হাইস্কুল, মাদ্রাসা, সিনিয়ার মাদ্রাসা মঞ্জুরী পাবে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

উত্তরবঙ্গ রাজ্য পরিবহন সংস্থা বিশেষ করে উক্ত সংস্থার মালদহ জেলার চাঁচোল ডিপোর বাসগুলি ক্রমশঃ মেরামতের অভাবে অকেজো হয়ে যাত্রী বহনে অক্ষম। নতুন বাস উক্ত ডিপোতে না দেওয়ার ফলে যাত্রীসাধারণ প্রতিদিন যেভাবে হয়রানি হচ্ছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বামফ্রন্ট বিশেষ করে শাসকদলের সংখ্যাগরিষ্ঠ দলের শাসন কালে বিদ্যুতের অভাবে গ্রামেগঞ্জে বৈদ্যুতিক তার চুরি ট্রান্সফর্মার, স্যালো টিউবওয়েল চুরি যাওয়ার ফলে গরীব চাষী সেচের জলের অভাবে সর্বস্বান্ত হয়ে যাচ্ছে। বিদ্যুতের অভাবে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, শ্রমিক ছাঁটাই হচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে এবং জিনিসপত্রের দাম ক্রমশঃ বেড়ে যাওয়ার ফলে সাধারণ মানুষের ক্রয়-ক্ষমতার বাইরে চলে যাচ্ছে ; তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকারের পক্ষপাতদুষ্ট আচরণ চলছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে যে বিক্ষোভ, বয়কট ও হাঙ্গামা চলছে তার কথা রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

মালদহ জেলার জেলা স্কুল বোর্ডে (প্রাইমারী) ও সেকেণ্ডারী বোর্ডে স্থায়ী ডি আই না থাকায় এবং পূর্ববর্তী ডি আই-দের উপর অকথ্য অত্যাচারের ফলে উভয় বোর্ডের ডি আই প্রাণভয়ে মালদা ছেড়ে চলে যাওয়ার ফলে শিক্ষাক্ষেত্রে যে অচলাবস্থা সৃষ্টি হয়েছিল তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বামফ্রন্ট সবকার ক্রমশঃ জনগণের যে আস্থা ও বিশ্বাস হারাচ্ছে তার প্রমাণ অল্পদিন আগে উপ-নির্বাচনে মালদা জেলার কালিয়াচক, নদীয়া জেলার কালিগঞ্জ বিধানসভা ও বালী পৌরসভার উপ-নির্বাচনে শাসক গোষ্ঠিভুক্ত দলের প্রার্থীদের পরাজয়। সমগ্র পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ এই সরকারের দলবাজী, হত্যা, অত্যাচার, জুলুম, অন্যায় কাজে ভীতসন্ত্রস্ত অসহায়ভাবে দিন কাটাচ্ছে। প্রতিবাদ করার ন্যায়সঙ্গত অধিকার পর্যন্ত প্রশাসনে দলীয় প্রভাব বিস্তার করে কেড়ে নেওয়া হচ্ছে। এ সবের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদহ জেলার চাঁচোল থানায় গত দুই মাসে যত ডাকাতি হয়েছে তারমধ্যে কতজন শাসক সম্প্রদায়ের দলের লোক জড়িত এবং খরবা স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারের সরকারী বাড়িতে গত ৩০শে ডিসেম্বর, ১৯৮৩ সালের সশস্ত্র ডাকাতি হয়ে যায় ফলে ঐ হাসপাতালের ডাক্তার, নার্স সহ সমস্ত ষ্টাফ প্রাণভয়ে নিরাপদ স্থানে পালিয়ে যায় এবং ঐ অঞ্চলের গরিব জনসাধারণ সমস্ত চিকিৎসার সুযোগ থেকে যে বঞ্চিত হচ্ছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশুসম্পদ রক্ষার্থে পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী চিকিৎসালয়গুলিতে প্রয়োজনীয় ঔষধ প্রয়োজনের তুলনায় কম। গ্রামের মানুষ তাদের পশুপক্ষীকে মৃত্যুর কবল থেকে রক্ষা করতে ব্যর্থ হচ্ছে, পশু খাদ্যের দাম বৃদ্ধি পাওয়ায় দোহশালাগুলিতে যে দুধের উৎপাদন ক্রমশঃ কমে যাচ্ছে, ফলে

পশ্চিমবঙ্গের দুধের চাহিদা মেটাতে মহারাষ্ট্র থেকে দুধ এনে ঘাটতি পূরণ করতে হচ্ছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বর্তমান সরকার আইন শৃঙ্খলা রক্ষা করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। গ্রামেগঞ্জের মানুষ প্রতি রাত্রে ডাকাতের ভয়ে আতঙ্কিত ও নিরাপত্তাহীনভাবে দিন কাটাচ্ছে। ডাকাতের ভয়ে থানায় পর্যন্ত ডাইরি করার সাহস হারিয়ে ফেলেছে এবং থানায় ডাইরি করলেও তার কোনও প্রতিকার হচ্ছে না। বরং শাসক দলের সংখ্যাগরিষ্ঠ নেতারা চোর-ডাকাতদের যোগসাজসে অবাধে চুরি, ডাকাতি, খুন-জখম করে সন্ত্রাস সৃষ্টি করছে। এই সকল কথার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে চৌদ্দ লক্ষ ধান মিনিকিট বিতরণ করা হল, যেটা নাকি সর্বকালীন রেকর্ড। কিন্তু চৌদ্দ লক্ষের মধ্যে কত লক্ষ মিনিকিট চুরি হল, কত লক্ষ প্রকৃত চাষীকে না দিয়ে শাসকদলের ক্যাডারকে দেওয়া হল এবং কত টাকা দলীয় তহবিলে জমা পড়ল তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ডঃ মানস ভুঁইয়া ঃ Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

সারা পশ্চিমবঙ্গে সরকারী হাসপাতালগুলির চরম অব্যবস্থা, সরকারী ডাক্তার, জুনিয়র ডাক্তারদের মধ্যে চরম অসন্তোষ, হাসপাতালগুলির প্রশাসনিক কাঠামোর মধ্যে চরম পক্ষপাতমূলক আচরণ গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের অভাব থাকা সত্ত্বেও কলিকাতার হাসপাতালগুলিতে দলীয় ডাক্তারদের নিয়োগ, সাধারণ চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধপত্রের অভাব, ডিপ্লোমা ইন কম্যুনিটি মেডিকেল সার্ভিস কোর্সের নাম করে চিকিৎসা শাস্ত্রের অবক্ষয়ের নিদর্শন, মেডিকেলে স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে চিকিৎসা বিজ্ঞান শিক্ষার অধঃপতন—এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

সমস্ত পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে যখন অপারেশন বর্গার নাম করে দলীয় বর্গীদের আক্রমণ চলছে সাধারণ শান্তিপ্রিয় নাগরিকদের উপর, প্রতিটি ব্লক এবং থানা এলাকায় সমাজবিরোধীদের এবং দাগী আসামীদের বিরুদ্ধে হাজার হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে থাকা সত্ত্বেও পুলিস দলবাজীর শিকার হয়ে তা কার্যকর করছে না। সাধারণ শান্তিপ্রিয় অত্যাচারিত নাগরিকবৃন্দ থানায় অত্যাচারের খবর দিয়ে বাড়ি ফেরার আগেই তার বাড়িতে পুনরায় অত্যাচার শুরু হয়—এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সমস্ত পশ্চিমবঙ্গের গ্রামগুলিতে ১৯৭২-৭৭ সালের মধ্যে তফসীল জাতি ও উপজাতি সম্প্রদায়-ভুক্ত মানুষদের জমির যে পাট্টা দেওয়া হয়েছিল সেইগুলি ১৯৭৭ থেকে ১৯৮৪-র মধ্যে অনেকের কাছ থেকে আবার কেড়ে নেওয়া হল। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

ভারতের প্রধানমন্ত্রীর ঘোষিত এবং গৃহীত নতুন ২০-দফা কর্মসূচীর প্রতি পশ্চিমবঙ্গ সরকারের ইচ্ছাকৃত চরম অবহেলার কথা রাজ্যপালের ভাগণে উল্লেখ নেই।

ভারতের প্রধানমন্ত্রীর ঘোষিত এবং গৃহীত নতুন ২০-দফা কর্মসূচীর অন্তর্গত তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষদের জন্য বিভিন্ন অর্থনৈতিক উন্নয়নের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের চরম অবহেলার কথার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক কাজের জন্য অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ প্রচুর পরিমাণে উন্নয়ন-বহির্ভূত খাতে খরচ করা হয়েছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

সারা পশ্চিমবঙ্গে সমাজবিরোধী কার্যকলাপ বন্ধে, দাগী আসামীদের গ্রেপ্তারের ক্ষেত্রে, সাধারণ, নিরীহ, শান্তিপ্রিয় মানুষদের নিরাপত্তার জন্য পুলিসি চরম ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

পশ্চিমবঙ্গে গ্রামে গ্রামে শাসক দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা জুলুম করে, অত্যাচার করে, এমনকি মানুষ খুন করে দলীয় চাঁদা আদায় করছে। প্রশাসনকে জানিয়েও নিরাপত্তা পাচ্ছেন না। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

প্রাথমিক স্কুলগুলিতে সরকারী ঘোষণা থাকা সত্ত্বেও ফেব্রুয়ারির শেষ পর্যন্ত বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীরা কোন বই পেল না—এ বিষয়ের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

জেলায় জেলায় প্রাথমিক জেলা স্কুল বোর্ডগুলির নির্বাচন করবেন। এই আশ্বাস দিয়ে তথাকথিত গণতান্ত্রিক সরকাব সাত বৎসরেও জেলা স্কুল বোর্ডগুলির কোন নির্বাচন করছেন না—এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় সবং থানায় শাসক দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা গণ অত্যাচার, লুটপাট, চালিয়ে যাওয়া সত্ত্বেও কোন আসামীকে গ্রেপ্তার না করা এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

সবং এলাকার উন্নয়নের জন্য, সেচের জন্য, কৃষির জন্য, স্বাস্থ্য ব্যবস্থার জন্য, বিশেষ করে শান্তি-শৃঙ্খলা রক্ষা করার জন্য প্রশাসন কোন পদক্ষেপ নিচ্ছেন না এর প্রতিকারের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে বর্তমান সরকারের সংখ্যাগরিষ্ঠ দলের সদস্যদের দ্বারা আক্রমণ চালানোর ফলে সমস্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা একেবারে অচল করে দেওয়ার চেষ্টা করছে এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

রাজ্যের প্রায় সর্বত্র চুরি, ডাকাতি, খুন, ছিনতাই নারীধর্ষণ অপ্রতিহত গতিতে বৃদ্ধি পাচ্ছে। সমাজবিরোধীরা শাসকভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়ে পুলিসের সামনে অবাধে ঘুরে বেড়াচ্ছে। বিশেষতঃ কুশমণ্ডি, কালিয়াগঞ্জ, গঙ্গারামপুর, হিলি থানার সীমান্ত এলাকাগুলিকে এরা মুক্তাঞ্চলে পরিণত করেছে। রাত্রে এরা ডাকাত সেজে বেআইনী আগ্নেয়াস্ত্র উঁচিয়ে মানুষের যথাসর্বস্ব এমনকি নাবালক ছেলে, মেয়ে পর্যন্ত চুরি করে নিয়ে যাচ্ছে এবং তাদের ওপর নির্মম অত্যাচারের পর হত্যা করছে। রাজ্যের আইনশৃঙ্খলা, শান্তি বিঘ্নিত হওয়ার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

রাজ্যের তফসিলী জাতি, উপজাতি ও অনগ্রসর সমাজের মানুষ দিনের পর দিন পেছনে পড়ে যাচ্ছে। কিছু পরিবার ছাড়া এই সম্প্রদায়ের বিরাট অংশ এখনও সবরকম সরকারী সুযোগসুবিধা থেকে পুরোপুরি বঞ্চিত। সরকারী অবহেলা এদের ওপর অভিশাপ হয়ে দেখা দেয়। এই সম্প্রদায়ের সার্বিক উন্নয়নের জন্য বর্তমান ব্যবস্থা ত্রুটিপূর্ণ। এই সমাজের হাজার হাজার মানুষকে আজও সরকারী প্রচার মাধ্যমের দ্বারা তাদের সাংবিধানিক অধিকার সম্পর্কে সচেতন করা হচ্ছে না। ফলে, বিশেষ করে আর্থিক ক্ষেত্রে এরা প্রচণ্ড মার খাচ্ছে। তাই এদের জন্য বাজেটে আর্থিক বরাদ্দ বহুল পরিমাণে বৃদ্ধ করে এমনভাবে রূপায়ণের পরিকল্পনা কার্যকর করা দরকার যাতে প্রত্যেক পরিবার আর্থিক দিক থেকে স্বয়ম্ভর হতে সক্ষম হয়। সরকার এ সম্পর্কে উদাসীন ও নীরব। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

সরকারী বণ্টন ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। দুর্নীতিগ্রস্তরা রাজ্যের গোটা বণ্টনব্যবস্থা নিজেদের হাতে তুলে নিয়েছে। কালোবাজারী মুনাফাখোরদের থাবা গিয়ে পড়েছে অধিকাংশ আমলা ও সরকারী অফিসারদের ঘাড়ে। তাই অফিসাররা অপরাধীদের ধরা ও শাস্তি দেওয়ার কাজে নিরুপায়। অপরদিকে বণ্টনব্যবস্থায় অন্যতম অঙ্গ ন্যায্যমূল্যের দোকানের সংখ্যা প্রয়োজনের তুলনায় নগণ্য বলে বিশাল গ্রামবাংলার দরিদ্র মানুষ ঐ সুযোগ থেকে বঞ্চিত। এঁরা বর্তমানে অগ্নিমূল্যের শিকার। সরকার এই মানুষগুলোর দিকে ফিরেও তাকায় না। এঁদের জন্য পল্লী-বাংলার গভীরে সরকারী বণ্টনব্যবস্থা প্রসারিত করতে বামফ্রন্ট সরকার পুরোপুরি ব্যর্থ হয়েছে। রাজ্যপালের ভাষণে এসবের কোন উল্লেখ নেই।

রাজ্যের বেকারত্ব বর্তমানে এক নিষ্ঠুর অভিশাপ রূপে প্রতীয়মান। অন্য কিছু কাজের সংস্থান এই সরকার করে দেয় নি। রাজ্যের প্রচণ্ড যুবশক্তি তাই দিকে দিকে ক্ষোভে ফেটে পড়ছে। সরকার বেকারত্ব দূরীকরণে পুরোপুরি ব্যর্থ। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই।

রাজ্যের গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প বাস্তবায়িত করতে সরকার ব্যর্থ। রাজ্যপালের ভাষণে এসবের কোন উল্লেখ নেই।

রাজ্যের শিক্ষানীতি গোটা সমাজটার শিক্ষা ও সংস্কৃতিকে বিকৃত করে দিয়েছে। একদিকে প্রাথমিক স্তরে ইংরেজী ভাষা শিক্ষাদান বাধ্যতামূলকভাবে সরকার বন্ধ করে দিয়েছে অপরদিকে বিদেশী সাহায্যপুষ্ট অনুরূপ শিক্ষায়তনগুলিতে ইংরেজী ভাষা শিক্ষাদান স্বীকার করে নিয়েছে। ফলে দুই শ্রেণীর ছাত্রছাত্রীর অস্তিত্ব কায়েম হচ্ছে। গ্রামের শিক্ষানুরাগী, অভিভাবক তাই আজ বিভ্রান্ত। তাঁরাও শিক্ষার ক্ষেত্রে দুই মানসিকতায় বিভক্ত। গণতান্ত্রিক সমাজে এটা বিপজ্জনক। এর জন্য দায়ী বামফ্রন্ট সরকার। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই।

শহর কিংবা গ্রামের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন একেবারেই হয় নি। গ্রাম বাংলার রাস্তার অবস্থা এতই করুণ যে অনেক জমির মালিকেরা তৈরী কাঁচা রাস্তা ভেঙ্গে চাষ-আবাদ করতে শুরু করেছে। দেখবার কেউ নেই। পশ্চিম দিনাজপুরের কালিয়াগঞ্জ থানা এলাকায় তার নজির আছে। এই এলাকার ধনকৈল হতে রাধিকাপুর (ভায়া ডালিমগাঁও) পর্যন্ত প্রায় ১০ কিলো-মিটার ভাঙ্গা ইঁটের রাস্তাটি আজও পাকা হয় নি। সরকার নীরব। এই জেলারই কুশমণ্ডি শহর হতে রায়গঞ্জ পর্যন্ত (ভায়া মানিকোর, দেওথণ্ডা, নন্দনগাঁও, সাহেবঘাটা, মালগাঁও) একটি নতুন পাকা রাস্তার কাজ এখুনি শুরু করা প্রয়োজন। এ ছাড়া ঐ কুশমণ্ডি থানারই রামপুরঘাটে (কুশমণ্ডি-মহীপাল দিঘি) টাঙ্গন নদীর ওপর নতুন সেতু আজও তৈরী করা সম্ভব হয় নি। এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

রাজ্যের পরিবহণ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। কাতারে কাতারে নারীপুরুষনির্বিশেষে বাসযাত্রী বাসের ভেতরে চিঁড়ে-চ্যাপ্টা, আর বাকিরা কেউ পাদানিতে কেউবা বাসের পেছনে বাদুড়ঝোলা। উপরন্তু বহু যাত্রী বাসে ওঠার সুযোগ না পেয়ে ঘণ্টার পর ঘণ্টা রাস্তার মোড়ে মোড়ে ঠায় দাঁড়িয়ে থাকছে। কখন বাড়ি পৌছুবে তার কোন নিশ্চয়তা নেই। প্রতিকার নেই, নালিশ জানাবারও জায়গা নেই। অপরদিকে বছরের পর বছর স্টেট ট্রান্সপোর্ট করপোরেশনে ক্ষতিপূরণ স্বরূপ ভরতুকি দেওয়া চলছেই। কারণ বাসের যন্ত্রপাতি আর সাজসরঞ্জাম গ্যারেজে পৌছানো মাত্রই নিমেষে উধাও হচ্ছে। এই কাজের নাটের গুরু দুর্নীতিগ্রস্ত কর্মচারী ও উঁচু তলার রাঘববোয়ালদের ধরবার ও শাস্তি দেবার কেউ নেই। সেখানে রয়েছে শাসকদলভুক্ত গরিষ্ঠ দলের শক্তিশালী প্রহরা। এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুল পরিচালন সংক্রান্ত বোর্ডগুলি আজ পর্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করা হয় নি। অ্যাড হক ভিত্তিতে গঠিত ঐ বোর্ডগুলি শাসকদল-

ভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকদের ঘাঁটিতে পরিণত হয়েছে। গণতন্ত্রের হয়েছে ওখানে মৃত্যু। এখনি ঐগুলোর নির্বাচন হওয়া দরকার। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

শ্রীনুরুল ইসলাম চৌধুরী : The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

এই রাজ্যে প্রতি বছর দশ হাজার সরকারী কর্মচারী অবসর গ্রহণ করছেন। কিন্তু তাঁহাদের পাওনা টাকা এখনও ফেরত দেওয়া হচ্ছে না। ফলে তাঁদেরকে অনাহারে অর্ধাহারে দিন যাপন করতে হচ্ছে। এর কোন প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে বিড়িশ্রমিক যাঁরা দিনরাত মালিক এবং দালাল শ্রেণীর লোক দ্বারা নিপীড়িত ও বঞ্চিত হচ্ছেন তাঁদের প্রতি কোন লক্ষ এই সরকারের নাই। এ সম্পর্কে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই ;

এই রাজ্যে পুলিস কর্মচারীদের মধ্যে যে পে-স্কেল চালু আছে তাহা সম্পূর্ণ বৈষম্যমূলক। সিনিয়ার ও জুনিয়ারের কোন পে-স্কেল নেই। অভিজ্ঞ কর্মচারীদের কোনরকম আলাদা সুযোগ-

রাজ্যের হাসপাতালগুলি শাসক দলভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়পুষ্ট সমাজ বিরোধীদের আড্ডা-খানায় রূপান্তরিত হওয়ার ফলে রাত্রির দিকে হাসপাতালগুলি নানারকম অসামাজিক কার্যকলাপের লীলাভূমিতে পরিণত হয়েছে। এরূপ ঘটনার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে উপাচার্য নিয়োগ করায় রাজ্য সরকার ক্ষুব্ধ। তাই ঐ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে রাজ্য সরকার কোনরূপ সহযোগিতা করছেন না। ফলে বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম অচল হয়ে পড়েছে। এরূপ ঘটনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্য সরকারী সংস্থাগুলিতে শ্রমিক শ্রেণীর গণতান্ত্রিক আন্দোলনকে দমন করা হচ্ছে, পুলিস ও পার্টির সমর্থক দিয়ে আন্দোলনকারী শ্রমিকদের উপর অত্যাচার চালানো হচ্ছে। অথচ কেন্দ্রীয় সরকারী সংস্থাগুলিতে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য দলীয় সমর্থক শ্রমিকদের উস্কানি দিয়ে চলেছে। ফলে এই রাজ্যে অবস্থিত প্রায় প্রতিটি কেন্দ্রীয় সংস্থায় লোকসানের পরিমাণ বেড়ে চলেছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

কলকাতার রাস্তাঘাটে যানবাহন চলাচল তো দূরের কথা মানুষ চলাচলের পক্ষেও অযোগ্য হয়ে পড়েছে। ফলে পথ দুর্ঘটনার হার বেড়ে চলেছে। রাজ্যসরকার এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

হকার উচ্ছেদের নাম করে শাসকদলভুক্ত গরিষ্ঠদল বিরোধী হকারদেরই উচ্ছেদ করে সেখানে দলীয় সমর্থকদের বসানো হচ্ছে। ফলে হকারদের সমস্যার কোনও সমাধান করা যাচ্ছে না। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পাতাল রেলের যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ। পুলিসের সহযোগিতায় শাসকদলভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকরা ঐসব সরঞ্জাম চুরি করে নিয়ে চলে যাওয়ায়, পাতাল রেলের কাজ মন্থর গতিতে চলছে। রাজ্য সরকার এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রেল, তার ও অন্যান্য কেন্দ্রীয় সংস্থার সম্পত্তি রক্ষা করতে রাজ্য সরকার কেন্দ্রীয় সংস্থাগুলিকে কোনও রূপ সহযোগিতা করছে না। উপরন্তু যেসব সমাজবিরোধীরা কেন্দ্রীয় সরকারের সংস্থার জিনিসপত্র চুরি করে তাদের শাস্তির হাত থেকে রক্ষা করে চলেছেন। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পরাজয়ের আশঙ্কায় রাজ্য সরকার, কলকাতা কর্পোরেশন ও হাওড়া কর্পোরেশনের নির্বাচনের দিন বার বার পিছিয়ে দিচ্ছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

বামফ্রন্টের শরিকী সংঘর্ষের ফলে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে চলছে চরম অরাজকতা। প্রশাসনে চলছে বিভ্রান্তি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

দ্রব্যমূল্য রোধে রাজ্য সরকার কোনও সক্রিয় ভূমিকা গ্রহণ করতে পারে নি। রাজ্য সরকারের ব্যর্থতার ফলে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম দিনের পর দিন বাড়িয়ে চলেছে। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে যে কোনও নিরীহ সরকারবিরোধীদলের সমর্থক শাসকদলভুক্ত গরিষ্ঠদলের সমর্থকদের হাতে খুন হলে, মুখ্যমন্ত্রী নিহত কর্মীকে সমাজবিরোধী আখ্যা দেন এবং অপরাধী দলীয় কর্মীদের যাতে শাস্তি না হয়, তার জন্য প্রশাসনকে নির্দেশ দেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

মালদার বুলবুলচণ্ডীতে নিরীহ মানুষের উপর পুলিসের গুলিচালনার ফলে পাঁচজন মানুষ নিহত হয়। পুলিসের অত্যাচারের বিরুদ্ধে মানুষের তীব্র ক্ষোভ ও ঘটনার বিচার বিভাগীয় তদন্তের পক্ষে প্রবল জনমত থাকা সত্ত্বেও রাজ্য সরকার তা উপেক্ষা করে চলেছে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি এত অবনতি হয়েছে যে কিছুদিন আগে কসবায় একটি বাড়ি থেকে একটি কিশোরকে সমাজবিরোধীরা অপহরণ করে নিয়ে গিয়ে খুন করে। পুলিশ নিরীহ ঐ কিশোরের প্রাণরক্ষা করতে ব্যর্থ হয়। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

135—230

শ্রীকাশীনাথ মিশ্র : The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

বাঁকুড়া জেলাতে রাজগ্রাম সেতুর কাজ মঞ্জুর হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কি কারণে বিভাগীয় দপ্তর শুরু করছেন না, রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবাংলাতে প্রতি বছর পঞ্চমশ্রেণী হতে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যন্ত ছাত্রছাত্রীর ভর্তির সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে, শিক্ষার প্রসারের জন্য নূতন কোন বিদ্যালয় বা সেক্‌শন, ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুযায়ী করা হয় নাই কেন তাও রাজ্যপালের ভাষণে উল্লেখ করা নেই ;

পশ্চিমবাংলাতে নূতন রেশন কার্ড শহর ও গ্রামাঞ্চলে না দেওয়াতে কয়েক কোটি মানুষ রেশন সামগ্রী হতে বঞ্চিত হচ্ছেন রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

রাজ্য সরকার বিশ্বব্যাঙ্ক হতে শতকরা কত হার সুদে কি কি বাবত কত টাকা এবং কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আই এম এফ থেকে কত টাকা পেয়েছেন তার বিস্তারিত রিপোর্ট রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবাংলা গত ১ বছরে কেন্দ্র সরকারের কাছ হতে মোট কত টাকা ঋণ হিসাবে নিয়েছে এবং উক্ত ঋণের টাকা কি কি বাবত খরচ করা হয়েছে তা রাজ্যপালের ভাষণে একেবারেই উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবাংলার রাস্তাঘাট মেরামত ও সংস্কারের অভাবে ব্যাপকভাবে জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই ;

তিস্তা নদীর পরিকল্পনা সহ আপার কংসাবতী, আপার দারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনা কার্যকরী করতে সেচ দপ্তর প্রধানতঃ বিফল হয়েছেন, কিন্তু দীর্ঘদিনের পরিকল্পনা কার্যকরী না হওয়ার কারণ রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলায় গত এক বছরে যে কয়েক শত খুন হয়েছে তার আসামীদের আজ পর্যন্ত কেন ধরা হয় নাই তার কারণ রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ,

পশ্চিমবাংলার পর্যটন ব্যবস্থা সহ বন্যপ্রাণী সংরক্ষণের কাজ ক্রমশঃ ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার রবীন্দ্রভবনগুলি সংস্কারে এবং অর্দ্ধসমাপ্তগুলির সমাপ্ত করার কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বাংলা চলচ্চিত্র শিল্প ধ্বংসের দিকে কিন্তু রাজ্য সরকার দলীয় মনোভাব নিয়ে সিনেমা শিল্পকে বিচার করার ফলে গোটা চলচ্চিত্র শিল্পটি বিপর্যস্ত হতে বসেছে। রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার যুব-কল্যাণ কেন্দ্রগুলি শাসক দলের প্রচার কার্যালয়ে পরিণত হয়েছে। কিন্তু এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার খেলাধুলার মান ক্রমশঃ নিম্ন হওয়ার কারণ এবং খেলাধুলার মান উন্নতিকরণের কোন কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

পশ্চিমবাংলার পৌর প্রতিষ্ঠানগুলি দুর্নীতির কেন্দ্র হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোন উল্লেখ নাই ;

আবগারী দপ্তর হতে সরকারী রেভিনিউ আদায় হয় কিন্তু এত বেশী চোলাই মদ আমদানী ও রপ্তানি হচ্ছে এবং সরকারের রেভিনিউ ফল কমেছে যে তাতে আবগারী দপ্তর সহ রাজ্য সরকারের আর্থিক সঙ্কট দেখা দেবে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

আবাসন সমস্যা মেটাতে পূর্ত দপ্তরেব আবাসন বিভাগ ব্যর্থ হয়েছেন, কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নাই ;

পশ্চিমবঙ্গের কর আইনে বিশেষতঃ সাধারণ বিক্রয় কর, বিশেষ বিক্রয় কর, প্রমোদ কর তথা বিলাস কর, কৃষি আয় কর, সেস কর, আইন-এর মাধ্যমে কর আদায়ে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কালোবাজারী ও ভেজালদারদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তি ও মামলাদায়ের যথাযথভাবে হচ্ছে না বলে সরকারী সংবাদ থাকা সত্ত্বেও রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

বাঁকুড়া জেলাতে বিশেষতঃ বাঁকুড়া ১নং ও ২নং ব্লকে এবং অন্যান্য ব্লকগুলিতে ত্রাণ-ব্যবস্থা অপর্যাপ্ত হয়েছে এবং দিনমজদুর, ক্ষেতমজদুর এবং অন্যান্য শ্রমিকেরা কোন কাজ না পেয়ে অনাহারে ও অর্ধাহারে দিন যাপন করছে, একথা রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নাই ;

পশ্চিমবঙ্গে কৃষি আয়কর হতে কর আদায়ে রাজ্য সরকার ব্যর্থ হয়েছে, রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নাই ;

পশ্চিমবাংলায় দুর্বলতর শ্রেণীকে নিখরচায় আইনের সহায়তা করার যে ব্যবস্থা আছে তা গত সাত বছরে লুপ্তপ্রায় হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোন কথা উল্লেখ করা হয় নাই ;

ভিডিও, দর্শন ও প্রকাশ্য প্রদর্শন হতে কর আদায়ে রাজ্য সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

পশ্চিমবঙ্গে চাল, গম ও সরিষার তেলের উপর বিক্রয়কর বাবত অর্থ আদায়ে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার অনগ্রসর এলাকাতে বিশেষতঃ তফসিল, আদিবাসী ও দুর্বলতর শ্রেণীকে রক্ষার জন্য যে নূতন বিশদফা কর্মসূচী গ্রহণ করা হয়েছে তা আজ পর্যন্ত ব্যাপকভাবে রাজ্য সরকার ইচ্ছাকৃতভাবে কার্যকরী করছেন না। এই কর্মসূচী কতটা রূপায়িত হয়েছে তার তথ্যভিত্তিক উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবাংলার কুটীরশিল্পগুলিকে প্রাণবন্ত করার মাধ্যমে তন্তুজীবিদের আর্থিক অস্বাচ্ছন্দ্য দূর করার জন্য কোন সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকায় কয়েক লক্ষ তন্তুজীবি মৃত্যুর সম্মুখীন হয়েছে, কিন্তু এ বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার বাসনশিল্প এর মাধ্যমে কর্মকারশ্রেণী সহ বাসনশিল্পীদের রক্ষার স্বার্থে কোন সুব্যবস্থা বা পরিকল্পনা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলায় সম্পদ সৃষ্টির জন্য রাজ্য সরকারের ব্যর্থতা এবং দূরদর্শিতার অভাবে সম্পদ সৃষ্টি বিঘ্নিত হচ্ছে এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার বিশেষতঃ কলিকাতা ও পার্শ্ববর্তী শহরতলীতে দুগ্ধ উৎপাদন কেন্দ্রগুলিতে শ্রমিকবিরোধ বৃদ্ধি পাওয়ার জন্য দুগ্ধ সরবরাহ ব্যর্থ হয়েছে এবং ক্রমাগত দুগ্ধ সরবরাহ লোকসান ও ঘাটতির পরিমাণ বেড়েই চলেছে কিন্তু তার প্রতিকারের জন্য সুনির্দিষ্ট কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলাতে কৃত্রিমভাবে জৈব ও অন্যান্য রাসায়নিক সারের অভাব সৃষ্টি করে খারিফ ও রবি চাষের বিঘ্ন ঘটান হয়েছে, ফলে উৎপাদনও ক্ষতিগ্রস্ত হয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার শহরাঞ্চলগুলিতে সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও সার, মিনিকীট বিলি না করাতে কয়েক লক্ষ একর জমিতে ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে কিন্তু শহরাঞ্চলে চাষাবাদ করার যে অধিকার প্রান্তিক, মাঝারী ও বৃহৎ চাষীদের আছে তা খর্ব হচ্ছে কিনা তাও তদন্ত বা লক্ষ করার কোন প্রশাসনিক ব্যবস্থা নাই সুতরাং চাষাবাদ যে ব্যাপকভাবে বিঘ্নিত হয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম কার্যকরী করতে রাজ্যসরকার যেভাবে ব্যর্থ হয়েছেন তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ,

পশ্চিমবাংলার পরিবেশ বিশেষতঃ বায়ু ও জল যেভাবে ক্রমশঃ দূষিত হয়ে উঠেছে তাতে পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলের আধিবাসীরা বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে পড়েছেন কিন্তু তা শোধন করার জন্য বিশেষভাবে ব্যবস্থা করতে রাজ্যসরকার ব্যর্থ হয়েছেন তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ শিল্পাঞ্চল তৈরীর জন্য কেন্দ্রীয় সরকারের দেয় সুযোগ সুবিধা এবং সাবসিডি বাবদ অর্থ পুরোপুরি গ্রহণ করতে ব্যর্থ হয়েছেন বলেই অন্যান্য রাজ্য সাব-সিডির দেয় কেন্দ্রীয় অর্থ ব্যবহার করে বেকার সমস্যা সমাধান করতে সমর্থ হয়েছেন কিন্তু পশ্চিম-বাংলা এ ব্যাপারে পশ্চাদপদ হয়েই চলেছে বলে বেকার সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে কিন্তু রাজ্যপালের ভাষণে ঐসব বিষয়ে কোন উল্লেখ নাই ;

বর্তমান বামফ্রন্ট সরকার প্ল্যানিং এর চেয়ে নন-প্ল্যানিং-এ কোটি কোটি টাকা বরাদ্দ করে দুর্নীতিকে ব্যাপকভাবে প্রশ্রয় দিয়েছেন ফলে গ্রামবাংলাতে সমস্ত উন্নতি ব্যাহত হয়েছে এবং গ্রামবাংলার সার্বিক উন্নয়নও ক্রমশঃ ব্যর্থ হতে চলেছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলার শহর ও গ্রামাঞ্চলে বিরোধী দলভুক্ত ছাত্র-সংগঠনের কর্মী, সমর্থক ও নেতাদের উপর প্রকাশ্য দিবালোকে স্কুল-কলেজে অত্যাচার, খুন, জখম ও মিথ্যা মামলা দায়ের করা হচ্ছে

কিন্তু নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে প্রশাসন ছাত্র-ছাত্রীদের রক্ষা করতে ব্যর্থ হয়েছেন কিন্তু রাজ্যপালের ভাষণে তা উল্লেখ নেই ;

জলবিদ্যুৎ প্রকল্পগুলির মাধ্যমে বিদ্যুৎ সমস্যার কতটা সুরাহা হতে পারে সুনির্দিষ্টভাবে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্প ধ্বংসের মুখে। এ বিষয়ে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

নদীয়া জেলার কল্যাণী মহকুমা ঘোষিত হওয়া সত্ত্বেও প্রকৃতভাবে মহকুমা চালু না করার জন্য আজ পর্যন্ত সমস্ত আদালত, অফিসঘর সহ প্রশাসনিক কার্যকলাপ নূতনভাবে ঠিকমত চালু হয়নি এ সম্পর্কে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই ;

বাঁকুড়া জেলার খাতড়া মহকুমা বলে ঘোষিত হওয়া সত্ত্বেও তা কার্যকরী হচ্ছে না এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিলবাংলার প্রাকৃতিক দুর্যোগ যথাক্রমে খরা, বন্যা দূরীকরণের জন্য কোন স্থায়ী প্রকল্প আজ পর্যন্ত কার্যকরী না হওয়ার কারণ সম্বন্ধে কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

বাঁকুড়া জেলায় বিশেষতঃ শহরে ও পার্শ্ববর্তী বাঁকুড়া-দুর্গাপুর রোডে গত জানুয়ারি মাস হতে গত ২২এ ফেব্রুয়ারী ১৯৮৪-এর রাত পর্যন্ত খুন, আত্মহত্যা, বাস ডাকাতি, চুরি, ডাকাতি, বাস দুর্ঘটনা ঘটেছে তার প্রতিকারকল্পে রাজ্যসরকারের সচেষ্ট পদক্ষেপের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গঙ্গার ভাঙ্গনরোধের জন্য আজ পর্যন্ত মাস্টার প্ল্যান কার্যকরী না হওয়াতে প্রাকৃতিক বিপর্যয়ে গঙ্গা নদীর উপকূলবর্তী গ্রামগুলি বন্যার জলের প্রকোপে লোপ পেতে বসেছে তার প্রতিকারের সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

বামফ্রন্ট-এর ৭ বছর রাজত্বকালে কেন্দ্র সরকার তফসিলী, আদিবাসী ও সমাজের দুর্বলতর শ্রেণীকে উন্নততর করার যে প্রচেষ্টা ও পরিকল্পনা নিয়েছেন তাতে পশ্চিমবাংলার দেয় টাকা ব্যবহারে রাজ্যসরকার ব্যর্থ হয়েছেন রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবাংলাতে আইনশৃঙ্খলা ব্যাপকভাবে বিঘ্নিত হচ্ছে কিন্তু পুলিসের সংখ্যা বৃদ্ধি ও পুলিস কর্মচারীদের সার্বিক কল্যাণ করার কোন ব্যবস্থার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বিচার বিভাগের সম্পূর্ণ স্বাতন্ত্রীকরণ আজ পর্যন্ত না হয়য়ার কারণও রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই ;

পশ্চিমবঙ্গের আদ্যলতগুলির গৃহ সমস্যা, কর্মচারী সমস্যা সহ আদালতের সঙ্গে যুক্ত বিভিন্ন শ্রেণীর মামলাসংক্রান্ত ব্যাপারে বিশেষতঃ দুর্বলতর শ্রেণীকে আইনের সাহায্য ব্যাপারে সরকারের উদাসীন্য রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই ,

পশ্চিমবাংলার আদালতগুলির বহুদিনের মামলার নিষ্পত্তির ব্যাপারে রাজ্য সরকারের যে ভূমিকা হওয়ার কথা তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

ইংরাজী শিক্ষা সম্পর্কে রাজ্য সরকারের ভ্রান্তনীতির ফলে ছাত্রছাত্রীদের মধ্যে এই আন্তর্জাতিক ভাষা সম্পর্কে যে আশঙ্কা ও ভীতির সৃষ্টি হয়েছে তা প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবঙ্গের পুলিশ প্রশাসন সারা বিশ্বে যে সুনাম ও প্রশংসা অর্জন করেছিল, বিগত সাত বৎসরে তা বিনষ্ট হয়েছে , পুলিশ প্রশাসনে রাজনীতি আমদানির ফলে জেলার পুলিশ লাইনগুলিতে চরম বিশৃঙ্খলা দেখা দিয়েছে , পদস্থ পুলিশ অফিসারেরা বিভিন্ন সময়ে ঘেরাও হচ্ছেন এবং পুলিশ লাইনগুলিতে চরম বিশৃঙ্খলাকে রোধ করবার কোন পরিকল্পনা রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকারের পূর্বেকার সরকারের আমলে যেসব তফসিলী ও আদিবাসী পরিবার পাট্টা বন্দোবস্ত পেয়ে প্রাপ্ত জমিতে ফসল উৎপাদন করছিলেন বর্তমান সরকারের আমলে শাসকসম্প্রদায়ভুক্ত একটি বিশেষ রাজনৈতিক দলের কর্মীরা জোর-জুলুম করে ঐ সকল পাট্টা প্রাপকদেব জমি থেকে উৎখাত করছে । এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিম বাংলাব শহর ও গ্রামাঞ্চলে রাজনৈতিক দলাদলি এমনভাবে শাসকদল শুরু করেছেন তাতে বিরোধী এবং অন্যান্য জাতীয়তাবাদী দলগুলির কর্মী ও সমর্থকদের জোর-জবরদস্তি আক্রমণ করা হচ্ছে ; এমনকি শহর ও গ্রামাঞ্চলে বিরোধী দলভুক্ত কর্মীদের অকথ্যভাবে নির্যাতন করা হচ্ছে কিন্তু প্রশাসন কোনভাবেই সহযোগিতা করছেন না বিরোধী দলের সঙ্গে। এর প্রতিকারের কথা রাজ্যপালের ভাষণে নেই ;

231—270

শ্রীসুনীতি চট্টরাজ ঃ উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শাসক গোষ্ঠীর একটি বিশেষ দলেয় অত্যাচারের সরকারে পরিবর্তিত হয়েছে কিন্তু রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গে বর্তমান পুলিশ ও প্রশাসন একেবারে পঙ্গু হয়ে গেছে রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

বীরভূম জেলার বোলপুর এস ডি পি ও-কে শাসকদলের হয়ে কাজ না করার জন্য ৩ মাসের মধ্যে বদলি করা হয়েছে রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই ;

বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য নির্ধারিত টাকা প্রায় অধিকাংশই ফেরত চলে যাচ্ছে বিদ্যুৎ পরিষদ খরচ করতে পারছেন না বলে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সিউড়ী বিদ্যাসাগর কলেজের ছাত্র সমাজবিরোধী কর্মীদের দ্বারা জঘন্যরূপে আহত হলেও সমাজবিরোধীরা পুলিশ কর্তৃক গ্রেপ্তার হন না। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান পশ্চিমবঙ্গ সরকার দলের ফাণ্ড বৃদ্ধির জন্য সব রকমের নোংরা কাজ করে চলেছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান পশ্চিমবঙ্গে অগণতান্ত্রিক সরকার সাধারণ মানুষের নিরাপত্তা রক্ষা করতে ব্যর্থ হয়েছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের বর্তমান ১৯৭৭ সালের ও ১৯৮২ সালের সরকার উৎপাদনমুখী কাজকর্ম করা বন্ধ করে দিয়েছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকার পরিকল্পিতভাবে পশ্চিমবঙ্গে বিরোধীদলভুক্ত কর্মীদের খুন করার ব্যাপারে মদত দিচ্ছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান মুখ্যমন্ত্রী নিরপেক্ষ পুলিশ ও প্রশাসনের লোকদের অপদার্থ বলে যখন তখন ভৎর্সনা করছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান পশ্চিমবঙ্গে পুলিশ প্রশাসনের একাংশ প্রত্যক্ষভাবে শাসকগোষ্ঠীর একটি বিশেষ দলের হয়ে এবং সাধারণ মানুষের বিরুদ্ধে কাজ করছে এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বীরভূমের বেকার ভাইদের জন্য এতটুকু চিন্তা করা হয়নি। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে শাসকগোষ্ঠীভুক্ত একটি বিশেষ দলের কর্মীরা পুলিশকে সঙ্গে নিয়ে মধ্যবিত্ত চাষীদের উপর অকথ্য অত্যাচার চালাচ্ছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে শাসকগোষ্ঠীভুক্ত একটি বিশেষ দলের কর্মীরা গ্রামের চাষীদের ধান লুঠ করে চাষীদের সর্বস্বান্ত করে দিয়েছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকার কেন্দ্রের দেওয়া টাকা নিয়ে নয়ছয় করছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান সরকারের আমলে কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রী যখন বীরভূমে নূতন রেল প্রকল্প চালু করছেন তখন বামফ্রন্ট বীরভূমের অর্থনীতিকে একবারে ধ্বংস করে দিচ্ছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধী নেতা বা বিধায়কদের চিঠির জবাব পর্যন্ত দেন না। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে বিরোধী দলের সমর্থকরা খুন হলে বিচারের নামে পুলিশ প্রহসন করছে প্রশাসনের নির্দেশে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকারের আমলে পশ্চিমবঙ্গের গ্রামের চাষীরা উৎপাদন অংশে ন্যায্য ভাগ থেকে বঞ্চিত হয়েছে, তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার ওভারড্রাফট্-এর টাকা নিয়ে নয়ছয় করে পার্টি ফাণ্ড বাড়াচ্ছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা নিয়ে নয়ছয় করে পার্টি ফাণ্ড বাড়াবার পরিকল্পনা করেছেন। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

এই সরকারের আমলে বীরভূমে সরকারী বা বেসরকারী শিল্প স্থাপনের কোন পরিকল্পনা বা ইচ্ছা নেই। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

এই সরকার শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এনেছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

এই সরকার অগণতান্ত্রিকভাবে পরিকল্পিত পদ্ধতিতে পুলিশ ও প্রশাসনের একাংশের সহযোগিতায় পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের উপর অত্যাচার চালাচ্ছেন। এর প্রতিকারের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

বর্তমান মুখ্যমন্ত্রীর নির্দেশে পুলিশের একাংশ শাসকসম্প্রদায়ভুক্ত একটি বিশেষ দলের কর্মীদের সঙ্গে নিয়ে বিরোধীদলের কর্মী ও সমর্থকদের নিধনযজ্ঞে মেতে উঠেছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

There is no mention of the fact that the West Bengal Civil Service Association has demanded protection for Block Development Officers in view of recent incidents of BDO baiting and assaults by the supporters of a major ruling party in different districts of West Bengal.

There is no mention of the fact that doctors owing allegiance to a major political party have been appointed as Medical Officers on ad-hoc basis without observing the prescribed norms for such appointments ;

There is no mention of the fact that due to unwanted political interference by the Left Front the academic standard in the undergraduate colleges recognised by Calcutta University has degenerated over the years ;

There is no mention of the abuse of powers and positions by the Ministers of Left Front Government ;

There is no mention of the fact that due to lapses on the part of the Government the secessionist movement is gaining grounds in West Bengal ;

There is no mention of the fact that communal, secessionist elements and extremists wanted by the police in other States are receiving encouragement and active support from a major political party in West Bengal ;

There is no mention of the prevailing resentment among the doctors in the State Health Services ;

There is no mention about the Jute Strike in West Bengal ;

There is no mention of the fact that during the tenure of the Left Front Government the police stations have virtually become case reporting and recording centres and/or that there are very few instances in which the police have been able to make any breakthrough in important cases ;

There is no mention of the fact that increasing number of murders, political murders, decoities and other crimes have created panic among the people and disrupted normal life ;

There is no mention that the Rabindra Memorial Column at the centre of Bolpur town has been attacked by the supporters of a major

ruling party of Bolpur Unit in which the garden surrounding the Memorial Column, two Ilumination towers and other electrical fittings were damaged ;

There is no mention of the fact that the Subdivisional Police Officer of Bolpur was transfered because he had refused to obey illegal orders of a major political party of the ruling front ;

There is no mention of the fact that a large number of officers of WBCS (Executive holding the rank of Deputy Secretary have refused to join as ADMs in the districts ;

71—288

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—বর্তমানে পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, কিন্তু এ বেকার সমস্যা সমাধানের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

(১) ভূমিসংস্কার, বেকার সমস্যা ও বিদ্যুৎ বিষয়ের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

(২) অপারেশন বর্গা গ্রামের মানুষের জীবন অতিষ্ঠ করিয়া তুলিয়াছে, তাহার প্রতিকারের ;কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

বিভিন্ন হাসপাতালে ডাক্তার, ঔষধ ও অ্যাম্বুলেন্স নাই। ইহা প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

প্রশাসনের মধ্যে দুর্নীতির প্রতিকারের এবং প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সাধারণ প্রশাসনে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সরকারী কর্মচারীদের সংগঠনের নির্দেশে প্রশাসন পরিচালিত হইতেছে। করণিক থেকে শুরু করে সচিব/কমিশনার বিভিন্ন পদমর্যাদার অফিসার নিরপেক্ষভাবে কাজ করতে পারছেন না। একটি বিশেষ রাজনৈতিক দলের অন্যায় হস্তক্ষেপ বন্ধ করতে গিয়ে বেশ কিছু জেলাশাসক অপমানিত হয়েছেন ও অকস্মাৎ কম গুরুত্বপূর্ণ পদে বদলি হয়েছেন। ফলে সরকারী অফিসারদের আত্মবিশ্বাস ও নৈতিক বল সম্পূর্ণভাবে ধ্বংস-

প্রাপ্ত হয়েছে। স্বাধীনতার পর প্রশাসনের এই ধরনের দুর্গতি পূর্বে কখনো হয়নি ; যার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন-এর রাজস্ব গত কয়েক বছরে ক্রমাগত হ্রাস পাচ্ছে। অথচ নাগরিকদের দেয় করের হার ঊর্ধ্বগতিতে বেড়ে যাচ্ছে। ফলে পৌরসভার রাজ্য সরকারের কাছে আর্থিক সাহায্যের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই চিত্র শুধু কলকাতার ক্ষেত্রে নয়, পশ্চিমবঙ্গের অধিকাংশ পৌরসভার ক্ষেত্রে একই জিনিস চলছে, এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

গত পাঁচ বছরে উন্নয়নমূলক ও অন্যান্য খাতে বিভিন্ন সময়ে যে সমস্ত আর্থিক সাহায্য কেন্দ্রীয় সরকার দিয়েছেন তার পুরো হিসাব আজ পর্যন্ত বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারকে দেন নি। অপর পক্ষে কেন্দ্রীয় সরকারের উপরেই সমস্ত দোষ চাপিয়ে নিজেদের নিদোষ বলে প্রমাণিত করতে চাইছেন ; এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

রাজ্যের প্রশাসন দলীয় শাসনে পরিণত হয়েছে। বর্তমান সরকারের একটি শরিক দলের নির্দেশে সমস্ত রকমের সরকারী ক্ষমতা গণতন্ত্রপ্রিয় জাতীয়তাবাদী মানুষের বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে। ফলে রাজ্যে গণতন্ত্রের বদলে কায়েম হয়েছে স্বৈরতন্ত্র। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নেই ;

পশ্চিমবঙ্গের খেটে খাওয়া মানুষের জন্য খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্পের কেন্দ্রীয় সরকারের দেওয়া লক্ষ লক্ষ টন গম, চাল এবং হাজার হাজার টাকা বামফ্রন্টের এক শরিক দলের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের আত্মসাৎ করার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

এক শ্রেণীর শরিকদলের কর্মীরা লাঠি, বল্লম ও অন্যান্য অস্ত্রশস্ত্র সজ্জিত হইয়া বিরোধী দলের কর্মীদের উপর হামলা ও বাড়ঘর লুঠ করিতেছে, এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে যে হারে খুন বাড়ছে তার প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কৃষি উৎপাদন বছরের পর বছর কমিয়া যাইতেছে। যাহার ফলশ্রুতি হিসাবে খাদ্যদ্রব্যের মূল্যের ঊর্ধ্বগতি। তাহা রোধের গঠনমূলক পরিকল্পনার কোন কথা রাজ্যপালের ভাষণে নেই ;

কেন্দ্রীয় সরকারের পূর্ণ সহযোগিতা সত্ত্বেও শিল্প ক্ষেত্রে সরকারের শোচনীয় ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

289- 307

শ্রীমহবুবুল হক : The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

মালদা জেলার হবিবপুর থানার বুলবুলচণ্ডীতে অন্যায়ভাবে বিনা প্ররোচনায় ১০০ রাউণ্ড গুলি চালনার ফলে ১৭/১৮ বছরের চারজন যুবক ও একজন বয়স্কা মহিলার মৃত্যু হওয়ার ফলে দোষী অফিসারের অপসারণ ও শাস্তি, ক্ষতিগ্রস্ত পরিবারের ক্ষতিপূরণ ও বিচারবিভাগীয় তদন্তের প্রতিশ্রুতির কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ,

গত পঞ্চায়েত নির্বাচনে রাজ্য সরকারী কর্মচারীদের সংগঠন কর্তৃক ভোটার লিস্টে কারচুপি, নির্যাচনে পক্ষপাতিত্ব, জোরপূর্বক বুথ দখল করে বহু পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি দখল করার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদা জেলায় আমের উপর সাধারণ গরিব মানুষের রুজি-রোজগার প্রায় তিন মাস কাল নির্ভর করে। ঝুড়ি বোনা, গাছ থেকে আমভাঙ্গা, গরুরগাড়িতে করে বহন প্রভৃতি করে মানুষ তাদের রুজি রোজগার চালায়। কিন্তু আম রক্ষণাবেক্ষণ, আমকেন্দ্রীক কোনও শিল্প গঠন বা আম বাগিচা রক্ষার কোনও কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী শাসকদলের সংখ্যাগরিষ্ঠদের দলীয় ক্ষমতা কায়েম করার জন্য নিরীহ জনসাধারণের উপর কত রাউণ্ডগুলি চালিয়েছে, কতজন নিহত হয়েছে, কত রক্তপাত হয়েছে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

বামফ্রন্ট সরকার বিগত বছরে বর্তমান পঞ্চায়েত নির্বাচনের পর শাসকদলের সংখ্যাগরিষ্ঠের দ্বারা প্রভাবিত কতগুলো গ্রাম পঞ্চায়েতের প্রধান-উপপ্রধান তহবিল তছরূপের দায়ে অভিযুক্ত, কতগুলো পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ ঐভাবে অভিযুক্ত এবং তহবিল তছরূপ করে হিসাবপত্র দেয়নি তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদহ জেলার চাঁচোল থানার সঙ্গে পশ্চিম দিনাজপুর জেলার যোগসূত্র স্থাপনের জন্য মহানন্দা নদীর উপর ডুমরাইল-চড়ামন ঘাটে সেতু নির্মাণের কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যা সমাধানের কোনও পথ ও বেকারদের বেকার ভাতা বৃদ্ধি করার এবং ঐ ভাতা চালু রাখার কোনও কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ,

শিক্ষিত বেকার যুবকদের জন্য স্ব-নিযুক্তি কর্ম প্রকল্প চালু করার জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ২৫,০০০ টাকা অর্থ যোগানের যে কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

মালদা জেলার উত্তরাংশে চাঁচোলে নুতন মহকুমা স্থাপনের কোন পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই ;

আগামী বৎসরে কতগুলি প্রাইমারী স্কুল, জুনিয়ার হাই, হাইস্কুল, মাদ্রাসা, সিনিয়ার মাদ্রাসা মঞ্জুরি পাবে তার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থা বিশেষ করে উক্ত সংস্থার মালদহ জেলার চাঁচোল ডিপোর বাসগুলি ক্রমশঃ মেরামতের অভাবে অকেজো হয়ে যাত্রী বহনে অক্ষম। নতুন বাস উক্ত ডিপোতে না দেওয়ার ফলে যাত্রীসাধারণ প্রতিদিন যেভাবে হয়রানি হচ্ছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকারের পক্ষপাতদুষ্ট আচরণ চলছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে যে বিক্ষোভ, বয়কট ও হাঙ্গামা চলছে তার কথা রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই ;

মালদহ জেলার জেলা স্কুল বোর্ডে (প্রাইমারী) ও সেকেণ্ডারী বোর্ডে স্থায়ী ডি আই না থাকায় এবং পূর্ববর্তী ডি আই-দের উপর অকথ্য অত্যাচারের ফলে উভয় বোর্ডের ডি আই প্রাণভয়ে মালদা ছেড়ে চলে যাওয়ার ফলে শিক্ষাক্ষেত্রে যে অচলাবস্থা সৃষ্টি হয়েছিল তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

বামফ্রন্ট সরকার ক্রমশঃ জনগণের যে আস্থা ও বিশ্বাস হারাচ্ছে তার প্রমাণ অল্পদিন আগে উপ-নির্বাচনে মালদা জেলার কালিয়াচক, নদীয়া জেলার কালিয়াগঞ্জ বিধানসভা ও বালী পৌরসভার উপ-নির্বাচনে শাসক গোষ্ঠিভুক্ত দলের প্রার্থীদের পরাজয়। সমগ্র পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষ এই সরকারের দলবাজী, হত্যা, অত্যাচার, জুলুম, অন্যায় কাজে ভীতসন্ত্রস্ত অসহায়ভাবে দিন কাটাচ্ছে। প্রতিবাদ করার ন্যায়সঙ্গত অধিকার পর্যন্ত প্রশাসনে দলীয় প্রভাব বিস্তার করে কেড়ে নেওয়া হচ্ছে। এ সবের উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

মালদহ জেলার চাঁচোল থানায় গত দুই মাসে যত ডাকাতি হয়েছে তারমধ্যে কতজন শাসক সম্প্রদায়ের দলের লোক জড়িত এবং খরবা স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারের সরকারী বাড়িতে গত ৩০শে ডিসেম্বর, ১৯৮৩ সালের সশস্ত্র ডাকাতি হয়ে যায় ফলে ঐ হাসপাতালের ডাক্তার, নার্স সহ সমস্ত

স্টাফ প্রাণভয়ে নিরাপদ স্থানে পালিয়ে যায় এবং ঐ অঞ্চলের গরিব জনসাধারণ সমস্ত চিকিৎসার সুযোগ থেকে যে বঞ্চিত হচ্ছে তার কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশুসম্পদ রক্ষার্থে পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী চিকিৎসালয়গুলিতে প্রয়োজনীয় ঔষধ প্রয়োজনের তুলনায় কম। গ্রামের মানুষ তাদের পশুপক্ষীকে মৃত্যুর কবল থেকে রক্ষা করতে ব্যর্থ হচ্ছে, পশু খাদ্যের দাম বৃদ্ধি পাওয়ায় দোহশালাগুলিতে যে দুধের উৎপাদন ক্রমশঃ কমে যাচ্ছে, ফলে পশ্চিমবঙ্গের দুধের চাহিদা মেটাতে মহারাষ্ট্র থেকে দুধ এনে ঘাটতি পূরণ করতে হচ্ছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবঙ্গের বর্তমান সরকার আইন শৃঙ্খলা রক্ষা করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। গ্রামে-গঞ্জের মানুষ প্রতি রাত্রে ডাকাতের ভয়ে আতঙ্কিত ও নিরাপত্তাহীনভাবে দিন কাটাচ্ছে। ডাকাতের ভয়ে থানায় পর্যন্ত ডাইরি করার সাহস হারিয়ে ফেলেছে এবং থানায় ডাইরি করলেও তার কোনও প্রতিকার হচ্ছে না। বরং শাসক দলের সংখ্যাগরিষ্ঠ নেতারা চোর-ডাকাতদের যোগসাজসে অবাধে চুরি, ডাকাতি, খুন জখম করে সন্ত্রাস সৃষ্টি করছে। এই সকল কথার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে চৌদ্দ লক্ষ ধান-মিনিকিট বিতরণ করা হল, যেটা নাকি সর্বকালীন রেকর্ড। কিন্তু চৌদ্দ লক্ষের মধ্যে কত লক্ষ মিনিকিট চুরি হল, কত লক্ষ প্রকৃত চাষীকে না দিয়ে শাসকদলের ক্যাডারকে দেওয়া হল এবং কত টাকা দলীয় তহবিলে জমা পড়ল তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

308—319

ডাঃ মানস ভুঁইঞ্যা ঃ The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

সমস্ত পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে যখন অপারেশন বর্গার নাম ক'রে দলীয় বর্গীদের আক্রমণ চলছে সাধারণ শান্তিপ্রিয় নাগরিকদের উপর, প্রতিটি ব্লক এবং থানা এলাকায় সমাজবিরোধীদের এবং দাগী আসামীদের বিরুদ্ধে হাজার হাজার গ্রেপ্তারী পরোয়ানা পড়ে থাকা সত্ত্বেও পুলিশ দলবাজীর শিকার হয়ে তা কার্যকর করছে না। সাধারণ শান্তিপ্রিয় অত্যাচারিত নাগরিকবৃন্দ থানায় অত্যাচারের খবর দিয়ে বাড়ি ফেরার আগেই তার বাড়িতে পুনরায় অত্যাচার শুরু হয়—প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সমস্ত পশ্চিবঙ্গের গ্রামগুলিতে ১৯৭২-৭৭ সালের মধ্যে তফসীল জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষদের জমির যে পাট্টা দেওয়া হয়েছিল সেইগুলি ১৯৭৭ থেকে ১৯৮৪-র মধ্যে অনেকের কাছ থেকে আবার কেড়ে নেওয়া হল। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ভারতের প্রধানমন্ত্রীর ঘোষিত এবং গৃহীত নতুন ২০-দফা কর্মসূচীর অন্তর্গত তফসিল জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষদের জন্য বিভিন্ন অর্থনৈতিক উন্নয়নের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের চরম অবহেলার কথার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক কাজের জন্য অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ প্রচুর পরিমাণে উন্নয়ন-বহির্ভূত খাতে খরচ হয়েছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সারা পশ্চিমবঙ্গে সমাজবিরোধী কার্যকলাপ বন্ধে, দাগী আসামীদের গ্রেপ্তারের ক্ষেত্রে, সাধারণ, নিরীহ, শান্তিপ্রিয় মানুষদের নিরাপত্তার জন্য পুলিশি চরম ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গে গ্রামে গ্রামে শাসক দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা জুলুম করে, অত্যাচার করে, এমনকি মানুষ খুন করে দলীয় চাঁদা আদায় করছে। প্রশাসনকে জানিয়েও নিরাপত্তা পাচ্ছেন না। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

প্রাথমিক স্কুলগুলিতে সরকারী ঘোষণা থাকা সত্ত্বেও ফেব্রুয়ারির শেষ পর্যন্ত বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীরা কোন বই পেল না।—এ বিষয়ের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ,

জেলায় জেলায় প্রাথমিক জেলা স্কুল বোর্ডগুলির নির্বাচন করবেন। এই আশ্বাস দিয়ে তথাকথিত গণতান্ত্রিক সরকার সাত বৎসরেও জেলা স্কুল বোর্ডগুলির কোন নির্বাচন করছেন না—এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় সবং থানায় শাসক দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যরা গণ অত্যাচার, লুটপাট, চালিয়ে যাওয়া সত্ত্বেও কোন আসামীকে গ্রেপ্তার না করা এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে বর্তমান সরকারের সংখ্যাগরিষ্ঠ দলের সদস্যদের দ্বারা আক্রমণ চালানোর ফলে সমস্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা একেবারে অচল করে দেওয়ার চেষ্টা করছে। এর প্রতিকারের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

320—330

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : the motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

রাজ্যের প্রায় সর্বত্র চুরি, ডাকাতি, খুন, ছিনতাই নারীধর্ষণ অপ্রতিহত গতিতে বৃদ্ধি পাচ্ছে। সমাজবিরোধীরা শাসকভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়ে পুলিশের সামনে অবাধে ঘুরে বেড়াচ্ছে। বিশেষতঃ কুশমণ্ডি, কালিয়াগঞ্জ, গঙ্গারামপুর, হিলি থানার সীমান্ত এলাকাগুলিকে এরা মুক্তাঞ্চলে পরিণত করেছে। রাত্রে এরা ডাকাত সেজে বেআইনী আগ্নেয়াস্ত্র উঁচিয়ে মানুষের যথাসর্বস্ব এমনকি নাবালক ছেলে, মেয়ে পর্যন্ত চুরি করে নিয়ে যাচ্ছে এবং তাদের ওপর নির্মম অত্যাচারের পর হত্যা করছে। রাজ্যের আইনশৃঙ্খলা, শান্তি বিঘ্নিত হওয়ার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যের তফসিলী জাতি, উপজাতি ও অনগ্রসর সমাজের মানুষ দিনের পর দিন পেছনে পড়ে যাচ্ছে। কিছু পরিবার ছাড়া এই সম্প্রদায়ের বিরাট অংশ এখনও সবরকম সরকারী সুযোগ-সুবিধা থেকে পুরোপুরি বঞ্চিত। সরকারী অবহেলা এদের ওপর অভিশাপ হয়ে দেখা দেয়। এই সম্প্রদায়ের সার্বিক উন্নয়নের জন্য বর্তমান ব্যবস্থা ত্রুটিপূর্ণ। এই সমাজের হাজার হাজার মানুষকে আজও সরকারী প্রচার মাধ্যমের দ্বারা তাদের সাংবিধানিক অধিকার সম্পর্কে সচেতন করা হচ্ছে না। ফলে বিশেষ করে আর্থিক ক্ষেত্রে এরা প্রচণ্ড মার খাচ্ছে। তাই এদের জন্য বাজেটে আর্থিক বরাদ্দ বহুল পরিমাণে বৃদ্ধি করে এমনভাবে রূপায়ণের পরিকল্পনা কার্যকর করা দরকার যাতে প্রত্যেক পরিবার আর্থিক দিক থেকে স্বয়ম্ভর হতে সক্ষম হয়। সরকার এ সম্পর্কে উদাসীন ও নীরব। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সরকারী বণ্টনব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। দুর্নীতিগ্রস্তরা রাজ্যের গোটা বণ্টনব্যবস্থা নিজেদের হাতে তুলে নিয়েছে। কালোবাজারী মুনাফাখোরদের থাবা গিয়ে পড়েছে অধিকাংশ আমলা ও সরকারী অফিসারদের ঘাড়ে। তাই অফিসাররা অপরাধীদের ধরা ও শাস্তি দেওয়ার কাজে নিরুপায়। অপরদিকে বণ্টনব্যবস্থায় অন্যতম অঙ্গ ন্যায্যমূল্যের দোকানের সংখ্যা প্রয়োজনের তুলনায় নগণ্য বলে বিশাল গ্রামবাংলার দরিদ্র মানুষ ঐ সুযোগ থেকে বঞ্চিত। এঁরা বর্তমানে অগ্নিমূল্যের শিকার। সরকার এই মানুষগুলোর দিকে ফিরেও তাকায় না। এঁদের জন্য পল্লী-বাংলার গভীরে সরকারী বণ্টনব্যবস্থা প্রসারিত করতে বামফ্রন্ট সরকার পুরোপুরি ব্যর্থ হয়েছে। রাজ্যপালের ভাষণে এসবের কোন উল্লেখ নেই ;

রাজ্যের বেকারত্ব বর্তমানে এক নিষ্ঠুর অভিশাপ রূপে প্রতীয়মান। অন্য কিছু কাজের সংস্থান এই সরকার করে দেয় নি। রাজ্যের প্রচণ্ড যুবশক্তি তাই দিকে দিকে ক্ষোভে ফেটে

পড়ছে। সরকার বেকারত্ব দূরীকরণে পুরোপুরি ব্যর্থ। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

রাজ্যের গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প বাস্তবায়িত করতে সরকার ব্যর্থ। রাজ্যপালের ভাষণে এসবের কোন উল্লেখ নাই ;

রাজ্যের শিক্ষানীতি গোটা সমাজটার শিক্ষা ও সংস্কৃতিকে বিকৃত করে দিয়েছে। একদিকে প্রাথমিক স্তরে ইংরেজী ভাষা শিক্ষাদান বাধ্যতামূলকভাবে সরকার বন্ধ করে দিয়েছে অপরদিকে বিদেশী সাহায্যপুষ্ট অনুরূপ শিক্ষায়তনগুলিতে ইংরেজী ভাষা শিক্ষাদান স্বীকার করে নিয়েছে। ফলে দুই শ্রেণীর ছাত্রছাত্রীর অস্তিত্ব কায়েম হচ্ছে। গ্রামের শিক্ষানুরাগী, অভিভাবক তাই আজ বিভ্রান্ত। তাঁরাও শিক্ষার ক্ষেত্রে দুই মানসিকতায় বিভক্ত। গণতান্ত্রিক সমাজে এটা বিপজ্জনক। এর জন্য দায়ী বামফ্রন্ট সরকার। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই ;

শহর কিংবা গ্রামের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন একেবারেই হয় নি। গ্রাম বাংলার রাস্তার অবস্থা এতই করুণ যে অনেক জমির মালিকেরা তৈরী কাঁচা রাস্তা ভেঙ্গে চাষ-আবাদ করতে শুরু করেছে। দেখবার কেউ নেই। পশ্চিম দিনাজপুরের কালিয়াগঞ্জ থানা এলাকায় তার নজির আছে। এই এলাকার ধনকৈল হতে রাধিকাপুর (ভায়া ডালিমগাঁও) পর্যন্ত প্রায় ১০ কিলো-মিটার ভাঙ্গা ইঁটের রাস্তাটি আজও পাকা হয় নি। সরকার নীরব। এই জেলারই কুশমণ্ডি শহর হতে রায়গঞ্জ পর্যন্ত (ভায়া মানিকোর, দেওথণ্ডা, নন্দনগাঁও, সাহেবঘাটা, মালগাঁও) একটি নতুন পাকা রাস্তার কাজ এখনি শুরু করা প্রয়োজন। এ ছাড়া ঐ কুশমন্দি থনারই রামপুরঘাটে (কুশমণ্ডি-মহীপাল দিঘি) টাঙ্গন নদীর ওপর নতুন সেতু আজও তৈরী করা সম্ভব হয় নি। এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুল পরিচালন সংক্রান্ত বোর্ডগুলি আজ পর্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করা হয় নি। অ্যাড হক ভিত্তিতে গঠিত ঐ বোর্ডগুলি শাসকদল-ভুক্ত গরিষ্ঠ দলের সমর্থকদের ঘাঁটিতে পরিণত হয়েছে। গণতন্ত্রের হয়েছে ওখানে মৃত্যু। এখনি ঐগুলোর নির্বাচন হওয়া দরকার। এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

রাজ্যের হাসপাতালগুলির কাজকর্মে দুর্নীতি শেষ সীমায় পৌছে গেছে। চিকিৎসার ক্ষেত্রে দরিদ্র শ্রেণীর রোগী সুচিকিৎসা পায় না। এদের কপালে জোটে একশ্রেণীর হাসপাতাল কর্মচারীর চোখ রাঙানী অধবা মৃত্যু। রোগীর ঔষধ, পথ্য ভর্তি, এক্স-রে প্রভৃতির ব্যাপারে কালোবাজারী অক্ষুণ্ণ। কলকাতার কোন একটি হাসপাতালে রোগীদের এক্স-রে করতে হলে যে তারিখে এক্স-রে করার আবেদনপত্র জমা দেওয়া হয় তার তিন-চার অথবা আট-দশ মাস পরে এক্স-রে করতে রোগীকে আসতে বলা হয়। পৃথিবীর কোন সভ্যদেশের হাসপাতালে এ অরাজকতার নজির

নেই। গ্রাম বাংলার হাসপাতাল ও উপস্বাস্থ্যকেন্দ্রগুলির অবস্থা আরো করুণ। কাতারে কাতারে মানুষ ভর্তির অভাবে চিকিৎসাহীন অবস্থায় হয় পঙ্গু নয়তো মৃত্যুমুখে পতিত হচ্ছে। এদের জন্য প্রয়োজনীয় শয্যার বন্দোবস্ত নেই। বহু নির্মীয়মান উপ-স্বাস্থ্যকেন্দ্র অসমাপ্ত এবং নির্মিত উপ-স্বাস্থ্যকেন্দ্র অদ্যাবধি বন্ধ। পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডি থানা এলাকায় আমিনপুর, নানাহার-পাড়া উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলি তার উদাহরণ। এই জেলার মাঝিয়ার উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোন শয্যা নেই। এই জেলারই কুশমণ্ডি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোন অ্যাম্বুলেন্স নেই। সরকার নীরব। রাজ্যপালের ভাষণে এর কোন উল্লেখ নেই।

331—344

শ্রীযোখীলাল মণ্ডল ঃ The motion of that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :—

কিন্তু দুঃখের বিষয় যে—

(১) আগামী বৎসরে পশ্চিমবঙ্গে কতগুলি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হবে রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই ;

(২) মধ্যশিক্ষা পর্ষৎ ও সরকার প্রকাশিত বই যথাসময়ে বিদ্যালয়ে সরবরাহ করা হয় না তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

(৩) অষ্টম শ্রেণীর ইতিহাস বই-এ যে জাতীয় নেতাদের স্থান সঙ্কুচিত করা হয়েছে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

(৪) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অচল অবস্থার সৃষ্টি হয়েছে এবং অচল অবস্থা অবসানের কোন পরিকল্পনা রাজ্যপালের ভাষণে নেই ;

মানিকচক থানার অন্তর্গত ভূতনী-দিয়াড়ায় ৫০,০০০ হাজার লোকের বাস অথচ ভূতনী-দিয়াড়ায় আজ পর্যন্ত কোন রাস্তা নির্মিত হয় নাই। সেখানে নূতন রাস্তা নির্মাণের কোন প্রস্তাব রাজ্যপালের ভাষণে নেই ;

বিগত কয়েক বৎসর থেকে মাধ্যমিক বিদ্যালয়ে কনটিনজেন্ট গ্রাণ্ট দেওয়া হচ্ছে না। সিডিউল্ড কাস্ট ছাত্রদের মেনটেন্যান্স গ্রাণ্ট দেওয়া হচ্ছে না। মাধ্যমিক বিদ্যালয়ে ক্যাপিটল গ্রাণ্ট-এর অভাবে বহু বিদ্যালয়ের সংস্কারকার্য ব্যাহত হচ্ছে। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের পি এফ-এর টাকা সরকারী কোষাগারে রাখার কথা বলা হয়েছে। এতে উক্ত কর্মচারীদের চাকরি হতে অবসর গ্রহণের পর অসুবিধার সৃষ্টি হবে। অনেক শিক্ষকের পক্ষে

এরিয়ার পি এফ-এর টাকা জমা দেওয়া সম্ভবপর নয়। এসবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদহ জেলার মানিকচক থানার অন্তর্গত ভূতন-দিয়াড়ার গদাই মৌজায় ফসল বপন ও ফসল কাটার সময় প্রতিবার গোলমাল ও সংঘর্ষ হয়। প্রকৃত জমির মালিক জমির স্বত্ব থেকে বঞ্চিত। গায়ের জোরে কিছু দুষ্কৃতকারী ফসল কেটে নেয়। উক্ত মৌজার কিছু জমি বহুদিন পর গঙ্গাগর্ভ থেকে উঠে এসেছে। বিহার পশ্চিমবঙ্গ থেকে জমির সীমানা নির্ধারিত হয় নাই। উভয় প্রদেশের লোক জমির উপর স্বত্ব দাবি করে। সরকার থেকে সীমানা নির্ধারিত হওয়া দরকার। সীমানা নির্ধারণের পর প্রকৃত মালিকের হাতে জমি ফিরিয়ে দেবার ব্যবস্থা করলে সমস্ত গোলমালের অবসান হবে—এর কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মালদহ জেলার মানিকচক কেন্দ্রে ও রতুয়া কেন্দ্রের অনেক জায়গায় গঙ্গার ভাঙ্গনে ও ফুলহর নদীর ভাঙ্গনে ফসলী জমি ও বাসস্থান নদীগর্ভে বিলীন হচ্ছে। অনেক লোকের বাস্তুজমি পর্যন্ত গঙ্গাগর্ভে বিলীন হয়েছে। বাস্তুহারা লোক আশ্রয় পাচ্ছে না। প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে অনেক জমি গঙ্গাগর্ভে ও ফুলহর নদীর গর্ভে চলে যাবে। কোন ব্যবস্থা গ্রহণের উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

"অপারেশন বর্গা"র নামে বিভিন্ন জায়গায় অত্যাচার চলছে। বেআইনী ভাবে অনেকের জমিতে বর্গা বসানো হয়েছে। "অপারেশন বর্গা"র দ্বারা এক শ্রেণীর লোককে বঞ্চিত করা হচ্ছে। এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

ভয়াবহ বেকার সমস্যা সমাধানের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

কেন্দ্রীয় সরকারের উপর সমস্ত দোষ চাপিয়ে নিজ দায়িত্ব এড়িয়ে যাবার প্রবনতা লক্ষ করা যাচ্ছে। কেন্দ্রীয় সরকার ছাড়াও অনেক কিছু করার আছে। কেন্দ্র-রাজ্য সম্পর্ক পুর্ণবিন্যাসের আগে দায়িত্ব এড়ানো যায় না—এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম দিনের পর দিন বেড়ে চলেছে। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য সাধারণ মানুষের অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। মানুষের জীবন ধারণ অসম্ভব হয়ে পড়েছে। এ সবের কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

সমগ্র পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় খুন জখম হচ্ছে, মালদহ জেলায় অনেক জায়গায় রাজনৈতিক হত্যাকাণ্ড সংঘটিত হচ্ছে। অনেক বিরোধী দলভুক্ত কর্মী এর মধ্যে নিহত হয়েছে। সম্প্রতি মালদহ জেলার বুলবুল চণ্ডীতে এক বাড়ীতে ডাকাতি হয়। পুলিশ সময়মত ঘটনাস্থলে পৌছায়নি খবর দেওয়া সত্ত্বেও। উত্তেজিত জনতাকে ছত্রভঙ্গ করতে পুলিশ গুলি চালায় এবং

পুলিশের গুলিতে কয়েকজন সাধারণ লোক প্রাণ হারায়। কয়েকদিন আগে একজন আদিবাসীকে হত্যা করা হয়। এ সবের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে না। পুলিশী ব্যবস্থার উপর লোকের আস্থা নাই। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই ;

মানিকচক থানার অন্তর্গত ভূতনাদিয়াড়ায় এবং বেগমগঞ্জ এলাকায় কিছু দুষ্কৃতকারী এবং শাসক সম্প্রদায়ভুক্ত একটি বিশেষ দলের সমর্থিত লোক হামলা এবং লুটপাট করে। বেগমগঞ্জে অনেক লোকের বাড়ী ভেঙ্গে চুরমার করা হয়। অনেক লোক গৃহহীন হয়ে পড়ে। ভূতনাদিয়াড়ার গোপালটোলায় ৬/৭ জন লোকের বাড়ী আক্রমণ করা হয় এবং আগুন লাগিয়ে দেওয়া হয়। ভয়ে বাড়ীর লোক গৃহহারা হয়। উভয় স্থানে লোকের দুরবস্থার অন্ত নাই, এখনও অনেকে গৃহ নির্মাণ বা মেরামত করতে পারেনি। সরকার থেকে উক্ত জায়গায় সরকারী সাহায্য দেওয়া হয় নাই। বেগমগঞ্জ এলাকায় আক্রমণ হয় গত বাংলা বন্ধের দিন এবং বিনা প্ররোচনায়। এ সবের উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই ;

There is no mention of—

The overall law and order situation in the State of West Bengal has been deteriorated and certainly not at all peaceful. There was an increase in the number of clashes in rural areas. Agrarian clashes during cultivation and harvesting times were much more. Sporadic acts of crime and violence were not dealt with by the Government. Police is inactive. They are not allowed to perform their duties properly. Case of theft and decoity has been increased. Murder is a common thing now. No necessary preventive measures to maintain law and order situation has yet been taken ;

No fund has been allocated for North Bengal Development Fund for the development of North Bengal. North Bengal Development Fund is not allocating fund to Malda Zilla Parishad. Developmental work at North Bengal is not in progress for want of fund ;

No proposals for construction of dwelling Units for Low and Middle Income Group people living at village. Low and Middle Income Group Housing Scheme should be introduced at village also ;

345—354

Shri Sk. Anwar Ali : The motion of that the following be added at the end of the address in reply, namely :—

But regret that—

There is no mention in the address about the insult to the revered memory of Tagore due to planned attack on the Rabindra Memorial Column which was set up at Bolpur during the celebration of the birth centenary of Tagore in 1961 and subsequenty maintained by Bolpur Municipality ;

There is no mention of the fact that the Police has so far failed to arrest the workers and loaders of a particular ruling party who are guilty of insulting the revered memory of Tagore and who had attacked the Rabindra Memorial Column at Bolpur Town on February 3, 1984 ;

There is no mention of the statement made by Secretary of Forward Bloc at the party's recent conference that while the Leftist Parties have been able to build up movements in other States on the price rise and other issues, they have failed to do so in West Bengal because there is a Leftist Government here ;

There is no reference to the views expressed by Forward Bloc leaders in the party's recent conference that being in Government has proved a retrograde step with the result that the so called Leftists in general were losing the sympathy of the common people;

There is no mention of the fact that the Forward Bloc Party's recent conference has come to the conclusion that corruption of power has invaded the party as well as other Left Front Partners ;

There is no mention of the allegations levelled in the Forward Bloc's recent conference by the party's workers that leaders and ministers of

Forward Bloc are turning into Marxist followers in order to enjoy unlimited power and to remain in Left Front Government by any means fair or foul ;

There is no mention of the fact that the Forward Bloc Secretariat while analysing the reasons for the recent alienation of urban population from the Left Front has come to the conclusion that most of the middle class and the lower middle class is aggrieved by the Left Front Government due to failures of power, health and transport ;

There is no mention of the unprovoked police firing on innocent people at Watgunj in Calcutta on 18th February, 1984, which has resulted in the loss of some human lives ;

There is no mention of the loss of human lives due to unprovoked police firing on the people of village Bulbulchandi in Malda district on 1st February, 1984 ;

There is no mention of the fact that the dacoity in the village Bulbul Chandi was engineered by one of the ruling parties in connivance with the police.

355—357

Shri Atish Chandra Sinha : The motion of that the following be added at the end of the address in reply, viz—

But regret that—

There is no mention of the fact that the main accused culprits named specifically in the FIRs in cases involving murders of men belonging to the opposition party and other innocent people are not being arrested and the few who are arrested are bailed out under political pressure ;

There is no mention of the fact that the administration and the police are pressurised to follow even the most illegal directives of one of the ruling party ;

358—364

Shri Satya Ranjan Bapuli : The motion of that the following be added at the end of the address in reply, viz :—

But regret that—

There is no mention of the fact that where the police officials are not obeying the orders of one of the ruling parties they are either transfetred from their posts or are being killed ;

There is no mention of the fact that the Superintendent of Police Midnapore, has been transferred recently because of the steps taken by him against such black marketeers, hoarders, profiteers, anti-socials engaged in adulteration of food who fill the coffers of one of the ruling parties with munificient donations and as such have commanding influence over the Left Front Government ;

There is no mention of the fact that the Superintendent of Police, Midnapore, was transferred from Midnapore because of his insistence to arrest those people attached to a ruling party who are involved in the murder of people belonging to the opposition party and other innocent people in Midnapore district ;

There is no mention of the fact that activities involved in the murder of the officer-in-charge of Tiljala Thana and Assistant Sub-Inspector of Police, Burnpur, have not so far been arrested ;

There is no mention of the fact that growing lawlessness has given rise to a feeling among the people that their lives and properties in West Bengal are insecure ;

There is no mention of the fact that a large number of people do not come to the police with their complaints either because of lack of confidence in the police or to avoid complications and assaults by the activities of a group of people of the ruling party ;

365—369

Shri Abdur Rauf Ansari : The motion of that the following be added at the end of tha address in reply, viz :—

But regret that—

There is no mention of the acute water supply position in Calcutta ;

There is no mention of the huge accumulation of garbage at various places in Calcutta and the failure of the Corporation authorities in removing such garbages ;

The address is silent about the steps which the State Government should take for promotion of Urdu ;

There is no mention of the fact that due to inefficiency of the Government teaching and non-teaching staff of schools and colleges are unable to get pay in time ;

There is no mention of the deteriorating Law and Order situation in West Bengal.

370—373

Shri Fazle Azim Molla : The motion of that the following be added at the end of the address in reply, viz :

But regret that—there is no mention of the fact that the people of Garden Reach are experiencing difficulties due to the fact that there is no State Hospital to cater to the needs of the local people of the area ;

There is no mention of the fact that the people of Garden Reach are experiencing a lot of difficulties due to discontinuation of State bus service from route No. 12A/1 from Burtala (GRC) to Howrah Station ;

There is no mention of the deplorable condition of Bichalighat where some cases of drowning have occurred recently ;

There is no mention of the fact that an Advisory Board consisting of only representatives of the majority party of Left Front has been constituted by the Calcutta Corporation to look after the affairs of the areas of Garden Reach which has recently been amalgamated in the Corporation area.

374—379

Shri Ambica Banerjee : The motion of that the following be added at the end of the address in reply, viz :

But regret that—there is no mention of the fact that the Scheduled Castes, Scheduled Tribes, the minority community and members of the weaker sections of the community are not receiving a fair deal from the majority party of Left Front controlled Left Front Government in the State ;

There is no mention of the fact that in many cases the landless Scheduled Castes, Scheduled Tribes and members of the weaker sections of the community who were allotted vested lands and pattas during the previous Congress regime have been forcibly evicted and deprived of the actual possession of land ;

There is no mention of the alienation of tribal Land during the tenure of the Left Front Government in West Bengal ;

There is no mention of the fact that the landless Scheduled Castes, Scheduled Tribes, minorities are subjected to various atrocities at the hands of vested interests in connivance with the majority Party of Left Front Government ;

There is no mention of the man who gave his life for organising against the criminals who are virtually ruling Howrah with the blessings and support of activities of a majority party of Left Front Government ;

There is no mention of the murder of the man who gave his life organising against the criminals in Howrah.

380 – 386

Dr. Motahar Hossain : The motion of that the following be added at the end of the address in reply, viz.—

But regret that—

There is no mention of the fact that the present Vice-Chancellor of Calcutta University is not allowed by a major political party of the Left Front Government to discharge his functions normally ;

There is no mention of the fact that there is a complete breakdown of the law and order machinery in West Bengal ;

There is no mention about the dismal failures of the Left Front Government in almost all spheres ;

Teere is no mention of the total failure of the Costitutional machinery in West Bengal ;

There is no mention of the widespread belief that the previous Vice-Chancellor of Calcutta University had abused his power and position to serve the Political interest of a major political party and indulged in corr uption ;

There is no mention of the fact that Panchayats cantrolled by a major political party have become the centres of corruption ;

387—415

Dr. Zainal Abedin : The motion of that the following be added at the end of the address in reply, viz.—

But regret that—

There is no mention that the State Government has failed to check the spiralling of the prices of the essential commodities even with regard to the items where the State Government could do and can do something to check the price-rise of some commodities ;

There is no mention that there has been no improvement of the public transport system either in the metropolitan area or in the perepheries of the State because of the wrong policies of the Left Front Government ;

মিঃ স্পীকার : Please take your seat. No point of order can be raised. I have already passed my ruling. So no point of order can be raised.

শ্রীসুধেন্দু খান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার বাঁকুড়া জেলার বড়জোড়া, সোনামুখী থানার ৫ হাজার একর জমিতে জল দেবার কথা ঘোষণা করেছিলেন। এবং সেই অনুপাতে জলও দেওয়া হয়েছে এবং চাষও হয়েছে। কিন্তু ইদানিং গত ২৩-২-৮৪ তারিখ থেকে আজ পর্যন্ত জল বন্ধ হয়ে আছে মেন গেটের কপাট পড়ে যাবার জন্য। সেই গেট তোলার আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হচ্ছে না। মেনটেনেন্সের অভাবে, প্রশাসনিক গাফিলতির জন্য এই দুরাবস্থা চলছে। চাষীরা প্রচুর টাকা খরচ করে চাষ করেছিল—এখন তারা খুবই দুরবস্থায় পড়েছে। এবং কোটি কোটি টাকার উৎপাদন নষ্ট হতে বসেছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে চাষীদের জল দেবার ব্যবস্থা করা হোক এবং আজকে এই অবস্থার জন্য যারা দোষী তাদের সম্বন্ধে তদন্ত করা হোক।

[2-20—2-30 P. M.]

মিঃ স্পীকার ঃ মিঃ সাত্তার আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে বলুন।

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, আমাদের চীফ হুইপ সুব্রত মুখার্জী প্রথমে নাম করেছিলেন একজন মন্ত্রীর। তখন আপনি বললেন যে নাম করলে নোটিশ দিতে হবে। তিনি বললেন যে তিনি নাম দিয়েছেন। তারপর তিনি 'জনৈক মন্ত্রী' বলে উল্লেখ করেছেন।

মিঃ স্পীকার ঃ 'জনৈক' বললে হবে না। কারণ হি ইজ এ মেম্বার অব দি হাউজ। এ মিনিষ্টার ইজ এ মেম্বার অব দি হাউস।

শ্রীআবদুস সাত্তার ঃ ব্যাপারটা কি, একটু দয়া করে শুনুন। আমাদের সুব্রত মুখার্জী নাম করার আগেই; ফরওয়ার্ড ব্লকের দীপক সেনগুপ্তর নাম করে দিলেন।

মিঃ স্পীকার ঃ আমি শুনিনি। দীপকবাবু কি বললেন না বললেন, আমি শুনিনি এবং দ্যাট ইজ নট দি পার্ট অব দি পয়েন্ট অব অর্ডার।

শ্রীআবদুস সাত্তার ঃ 'জনৈক মন্ত্রী' বলে অভিযোগ এনে—'জনৈক মন্ত্রী', তিনি যাদবপুর ইউনিভার্সিটির ভাইস চানসেলা

মিঃ স্পীকার ঃ এইগুলোর কোনটাই রেকর্ডেড হবে না, সব এক্সপাঞ্জ হয়ে যাবে।

শ্রীআবদুস সাত্তার : কিন্তু কোন মন্ত্রীর তো নাম করা হচ্ছে না, সেখানে আপনি কেন এক্সপাঞ্জ করবেন ?

মিঃ স্পীকার : I expunge this because no allegation can be raised by any member of the House without prior permission. নোটিশ একটা দেওয়া হয়েছে, কিন্তু ঠিক মত নোটিশ দেওয়া হয়নি।

শ্রীআবদুস সাত্তার : সুব্রত মুখার্জী আপনার অনুমতি নিয়ে বলেছেন। সুতরাং 'জনৈক মন্ত্রী' বললেন, এটা রুলের বাইরে কি করে যায় ?

মিঃ স্পীকার : রুলে বলা আছে, এগেনস্ট এ মিনিষ্টার কিছু বলতে গেলে নোটিশ দিতে হবে প্রপারলি।

শ্রীআবদুস সাত্তার : 'জনৈক মন্ত্রী' বলা হয়েছে, এটা যদি এক্সপাঞ্জ করেন—আপনার হাতে প্রচুর ক্ষমতা আছে—

মিঃ স্পীকার : এই ক্ষমতা তো আপনারাই দিয়েছেন।

(এ্যাট দিস স্টেজ সেভারেল মেমবার্স অব দি কং-আই পার্টি রোজ টু স্পিক

(এ ভয়েস—আপনি ক্ষমতার অপব্যবহার করছেন)

ডাঃ জয়নাল আবেদিন : অন এ পয়েন্ট অব অর্ডার, আমাদের চীফ হুইপ সুব্রত মুখার্জী, আণ্ডার রুল ৩৫১-তে মেনশন করতে চেয়েছেন, you have permitted him. Sir, you have received the notice. You have scrutinised it and you have allowed the member to speak. You have received the notice under rule 351.

Mr. Speaker : What was the notice ? নোটিশটা হচ্ছে যাদবপুর ইউনিভার্সিটির ভাইস চান্সেলারকে একটা চিঠি দেওয়া হয়েছে, This cannot be done.

Dr. Zainal Abedin : Let me make my submission first. Sir, you have received the notice and you have allowed the member to speak.

Mr. Speaker : I have not allowed the member to raise allegation.

Dr. Zainal Abedin : Sir, you have received the notice under rule 351. You have allowed the member to speak. The member made his submission and after his submission you have no right to expunge it on a point raised by some other member of some other party. Sir, you are going beyond your jurisdiction. You have no right to expunge it. If you do so, then it would be painful to pass this comment that you have not carefully examined the notice before allowing the member to make his submission.

Dr: Zainal Abedin : Sir, what you are doing is bad. As a result, it will necessitate us to take further steps. We are entitled to do so. I think you will not allow such happening to occur again. When you have permitted a member to make his submission whatever he has submitted—it should not be expunged.

Mr. Speaker : Notices of mention are given in sheet forms. In those forms details of the contents have not been given. If the contents are not mentioned, it may not be allowed to be mentioned by the Speaker. In the course of the debate, or in course of any speech, or in the course of any statement, if somebody makes some remarks, which is not according to the rule, can it not be expunged ? I do not agree with you. Why it will not be expunged ? However, I will not allow any further debate.

শ্রীসাত্বিককুমার রায় : মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বীরভূম জেলার রাজনগর থানায় একটি সরকারী কৃষি খামার আছে। এই সিসল ফার্মে দড়ি তৈরী হয়। উক্ত ফার্মের বেশীর ভাগ কর্মীই হচ্ছে আদিবাসী এবং তপসিলী সম্প্রদায়ভুক্ত লোক। তারা গত ৩ মাস ধরে মাইনে পাচ্ছে না। ওখানকার গরীব মানুষরা এমনিতেই অভাবের তাড়নায় জর্জরিত। তাই ঐ সমস্ত গরীব মজুরদের অবিলম্বে তাদের পাওনা বেতন যাতে দিয়ে দেওয়া হয় সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় যখন গাড়ীতে যাচ্ছিলেন সেই সময় তার গাড়ীর সিকিউরিটি গিয়ে একজন গাড়ীর ড্রাইভারকে মেরেছে, সেও সরকারী কর্মচারী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন সরকারী কর্মচারী আর একজন সরকারী কর্মচারীকে মেরেছে। তাই নিয়ে রাইটার্স বিল্ডিংসে হৈচৈ হচ্ছে, আমি সেটার মধ্যে যেতে চাচ্ছি না! কিন্তু আমি আপনার কাছে যেটা রাখতে চাইছি তা হচ্ছে এই যে, একজন মন্ত্রী গাড়ীতে বসে থাকা অবস্থায় যদি তার দেহরক্ষী অন্য একজন লোককে মারধোর করে তাহলে সত্যিই সেই মন্ত্রী অপদার্থ কিনা—কারণ, তিনি যখন গাড়ীতে বসেই ছিলেন তখন যাতে কোন রকম গণ্ডগোল না হয় সেটা দেখা তার উচিত ছিল। কিন্তু যেহেতু সে একজন ড্রাইভার তাই মন্ত্রীর দেহরক্ষী তাকে মারল এবং তারজন্য কোন ব্যবস্থা নেওয়া হল না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এই বিষয়ে একটু তদন্ত করেন এবং ভবিষ্যতে যাতে আর এই রকম ঘটনা না ঘটে সেদিকে লক্ষ্য রাখতে অনুরোধ করছি।

শ্রীআনন্দমোহন বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের ৫টি জেলায় ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির ফলে বিশেষ করে দুর্বল শ্রেণীর উপর অর্থনৈতিক চাপ প্রচণ্ড রকম বেড়ে গেছে। স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আপনি জানেন ১৯৭১ সালের আদম-সুমারী অনুযায়ী উত্তরবঙ্গের ৫টি জেলায় ৭৩ লক্ষ লোকের বাস ছিল। সেই জনসংখ্যা বাড়তে বাড়তে এখন ৯৭ লক্ষে গিয়ে পৌঁছেছে। অর্থাৎ কয়েক বছরের মধ্যে ২৪ লক্ষের মত লোক বেড়েছে। ইট ইজ এক্সজর-বিট্যাণ্টলি হাই ইন কম্প্যারিজন্ টু আদার ডিষ্ট্রিকটস এবং এই সমস্ত জেলাগুলিতে এখনো পর্যন্ত লোক আসছে। আসামের ইনফ্লাক্স ছাড়াও সিকিম, ভুটান, বাংলাদেশ থেকে লোক আসছে। যার ফলে এই ৫টি জেলার দরিদ্র মানুষ বিশেষ করে রাজবংশী, তপসিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষদের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত খারাপ হয়ে গেছে। বহিরাগত এবং স্থানীয় লোকেদের মধ্যে একটা সংঘর্ষ বাধার সিচুয়েসন দেখা দিয়েছে। এটা একটা এ্যালার্মিং সিচুয়েসন। এটা যাতে সিরিয়াস টার্ন নিতে না পারে সেদিকে সর্তক দৃষ্টি দিতে হবে। যে সমস্ত রাজনৈতিক দল আছে বিশেষ করে পার্টি ইন পাওয়ার যারা আছেন তারা নিজেদের ভোট বাড়ানোর জন্য এই সমস্ত বহিরাগত লোকদের ভোটারলিষ্টে নাম তুলে দিয়ে ভারতের মানুষ বলে দাবী করছেন। এবং সরকারী সুযোগ সুবিধা গ্রহন করছেন। আমার তাই বক্তব্য হচ্ছে এই বিষয়ে অবিলম্বে এফেকটিভ মেজার নেওয়া হোক এবং এ্যাট দি সেম টাইম বাইরের কোন ফরেন কান্ট্রির মিলিটারী ইন্টেলি অব সোয়াপিং কাজ করছে কিনা, সেদিকে দৃষ্টি দিতে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ

[2-30—2-40 P. M.]

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবংগ সরকারের শিক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গ সরকার বোর্ড অব সেকেণ্ডারি এডুকেশানের মাধ্যমে কিছু কিছু বই কম দামে বিক্রি করার ব্যবস্থা করেছেন। কিন্তু স্যার, দুঃখের কথা, সরকার এবং বোর্ড অব সেকেণ্ডারি এডুকেশানের সদিচ্ছা থাকা সত্বেও দেখা যাচ্ছে কিছু কর্মচারী এমন সব ব্যবস্থা করে রেখেছেন যে অনেক সময় বাইরের বাজারে বই যাবার আগেই সেই বই নানান ভাবে কলেজষ্ট্রিটে গিয়ে বিক্রি হচ্ছে। এ ব্যাপারে নোট মেকার্স কিছু লোক তারা এই চক্রান্তের সঙ্গে যুক্ত আছে। যে বই-এর দাম ৪ টাকা ১২/১৩ পয়সা সেই বই লোককে নোট সহ ১৮ টাকায় কিনতে বাধ্য করা হচ্ছে। নোটের দামই পড়ে যাচ্ছে ১৪ টাকা। ১৪ টাকা দিয়ে নোট না কিনলে সেই বই কিনতে পাওয়া যাচ্ছে না। স্যার, সরকার এবং বোর্ডের সদিচ্ছা থাকা সত্বেও সেই সদিচ্ছার ফল জনসাধারণ পাচ্ছে না, সেখানে ভেতর থেকে কর্মচারীদের একটা অংশ তারা স্যাবোটেজ করছে। আমি স্যার, এই ব্যাপারটির প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীনবকুমার রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি পশ্চিম দিনাজপুরে গিয়েছেন, আপনি জানেন, রায়গঞ্জ মহকুমাটা সম্পূর্ণভাবে বাংলাদেশের বর্ডার এলাকার মধ্যে পড়ছে। আপনি যখন স্যার, সেখানে গিয়েছিলেন তখন আপনাকে বলা হয়েছিল যে রায়গঞ্জ কনষ্টিটিউয়েন্সী, কালিয়াগঞ্জ এবং কুশমণ্ডি এই তিনটি এলাকা যা বাংলাদেশের বর্ডার এলাকার মধ্যে পড়ছে সেখানে প্রতিটি এলাকায় ভীষণভাবে গরু চুরি হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়রা যখন গিয়েছিলেন তখন তাঁদেরও এসম্পর্কে বলা হয়েছিল। আনন্দবাজার পত্রিকার তরফ থেকেও তাদের প্রতিনিধি গ্রামে গ্রামে গিয়ে তথ্য সংগ্রহ করেছিলেন এবং সে বক্তব্য তারা প্রকাশ করেছিলেন। স্যার, আমরা দেখছি, বাংলাদেশ থেকেই হোক বা যেখান থেকেই হোক ২০/২৫ জনের এক একটি দল তারা বোমা, বন্দুক, ছুরি ইত্যাদি নিয়ে সেজেগুজে আসছে এবং বাড়ীতে বাড়ীতে চড়াও হয়ে গরু চুরি করছে। সেখানে তাদের বাধা দিতে গেলে সঙ্গে সঙ্গে তারা গুলি করছে। এক মাসের ভেতরে তিনজন মারা গিয়েছেন, একজন মহিলাও মারা গিয়েছেন হেমতাবাদ ব্লকের চৈনগর গ্রামে। এ সম্পর্কে আমরা ডি. এম-এর কাছে বক্তব্য রেখেছি, এস. পি, এস. ডি. পি. ও, এস. ডি. ও সকলের কাছেই বক্তব্য রেখেছি কিন্তু কোন সুরাহা হচ্ছে না। স্যার, গ্রামবাসীদের ধারণা, এর সঙ্গে এক শ্রেণীর পুলিশের যোগসাজস রয়েছে এবং বি. এস. এফ-এর যোজসাজস রয়েছে। তা যদি না হ'ত তাহলে সকালবেলা এইভাবে বন্দুক ইত্যাদি নিয়ে তারা গরু চুরি করে নিয়ে যেতে পারতো না। আর কোন জিনিষ তারা নিচ্ছে না কেবল গবাদি পশু তারা নিয়ে যাচ্ছে। স্যার,

কৃষকের অন্যতম মূল সম্পদ হচ্ছে গরু, সেই গরু যদি চুরি যায়, তা যদি সে রক্ষা করতে না পারে তাহলে মুশকিল। আমি এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর মার্চ মাসে কৃষ্ণনগর সিটি ষ্টেশনে আর একটি নতুন ওভার ব্রীজ করার বিষয়টি নিয়ে এখানে আলোচনা করা হয়। এখন সে সম্পর্কে রেল কর্তৃপক্ষ যে জবাব দিয়েছেন তা রেলের নিত্যযাত্রী সহ যাত্রীসাধারণ গ্রহণযোগ্য বলে মনে করছেন না। রেল কর্তৃপক্ষের কাছে আমার জিজ্ঞাস্য, (১) এই ষ্টেশনের ৫টি প্ল্যাটফর্মের দৈর্ঘ্য কত? (২) এক একটি প্লাটফর্মের উত্তর অংশের থেকে বর্তমানে যেখানে ওভারব্রীজ রয়েছে তার দূরত্ব কত? আমার আরো জিজ্ঞাসা, (৩) এক নং প্লাটফর্মে মূল গেট থাকা সত্ত্বেও উত্তর অংশে রেল কর্তৃপক্ষ আর একটি গেট নির্মান করেছেন কিনা? (৪) নিত্যযাত্রী সহ আপ এবং ডাউনে প্রতিদিন কত যাত্রী যাতায়াত করেন? স্যার, রেল কর্তৃপক্ষ প্রতিবছর রেলযাত্রীদের সুযোগ সুবিধা দেওয়ার নামে ভাড়া এবং মাশুল আমরা দেখছি ক্রমাগত বাড়িয়েই চলেছেন। এবারেও খুচরার অভাব আছে এই অজুহাতে আবার ভাড়া বাড়ানো হচ্ছে। সারচার্জের নামে বাড়ান হচ্ছে স্যার, আমার অনুরোধ, এই বিষয়টি নিয়ে আমাদের মাননীয় পরিবহণমন্ত্রী আবার রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলুন যাতে কৃষ্ণনগর সিটি জংশন ষ্টেশনের উত্তরদিকে আর একটি ওভারব্রীজ নির্মাণ করা হয়।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble Education Minister to the already deteriorating standards of students at the primary level. Sir, the new education policy of the Government is a wrong policy ; it is a disastrous policy. After the introduction of the new education policy students at the primary level are facing difficulties for admission in the post primary schools. There are a good number of schools now but these schools are experiencing much difficulties with the new education policy of the government. In a couple of years the number of students has increased but in comparision with that the number of schools are not getting recognition from Government proportionately. Then, Sir, books and other equipments, as promised by Government have not yet reached those schools which have begun their sessions causing immense inconveniences to the students.

So, Sir, through you, I would request the Hon'ble Education Minister to revise the new education policy of the government of 'no detention' up to primary level for the betterment of our future generation.

শ্রীসুভাষ বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। আপনি জানেন যে গত ১৯৮২ সালে কল্যাণী সাবডিভিশন প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু আজ পর্যন্ত বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও সরকারী পক্ষ থেকে এস. ডি. ও., এস. ডি. পি. ও-এর অফিসে টেলিফোন দেওয়া হয়নি। তাই, মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে অবিলম্বে কেন্দ্রের ঘুমিয়ে থাকা যোগাযোগ মন্ত্রীর কাছে চিঠি লিখে, যোগাযোগ করে যাতে এস. ডি. ও, এস. ডি. পি. ও-এর অফিসে টেলিফোন আসে তার জন্য চেষ্টা করবেন। কারণ কোন রকম ঘটনা ঘটলে এস. ডি. ও, এস. ডি. পি. ও-এর সঙ্গে যোগাযোগ করা যায়না এই টেলিফোনের অভাবে।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভা তথা স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাঁকুড়া জেলা এবং পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে যে বিশৃংখলা দেখা দিয়েছে এবং বিশেষতঃ ডাকাতি, চুরি, ছিনতাই হচ্ছে তাতে জনসাধারণ একটু আশংকাগ্রস্ত হয়ে পড়েছে এবং ভীত সন্ত্রস্ত হয়ে উঠেছে। গত ২-৩-৮৪ তারিখ রাত্রি বেলায় একজন পুলিশ কর্মচারী, এ. এস. আই, শ্রীতারাপদ মুখার্জী, তিনি তার বোনের বিয়ে দেবার জন্য বাড়ীতে গিয়েছিলেন। সেখানে তার বাড়ীতে ডাকাত পড়ে। বোনকে ডাকাতের হাত থেকে রক্ষা করার জন্য তারাপদ মুখার্জী ডাকাতের সামনে আসে এবং তার মাথা সেখানে ফাল ফাল করে দেওয়া হয়। তাকে বাঁকুড়া জেলা সম্মেলনী মেডিকেল কলেজ হাসপাতালে আনা হয়। সেখানে তার মৃত্যু ঘটে ৪-৩-৮৪ তারিখ দুপুর নাগাদ। আমি এই কথা এই জন্য বলছি যে পুলিশ মানুষকে ডাকাতের হাত থেকে রক্ষা করবে, সেই পুলিশ যদি ডাকাতের হাতে নিহত হয় তাহবে জনসাধারণের প্রশাসনের উপরে কি করে আস্থা থাকবে, জনসাধারণের জন্য কতটুকু শান্তি শৃংখলার ব্যবস্থা তারা করতে পারবে। কাজেই আজকে এগুলি তদন্ত করার প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাঁকুড়া জেলায় যে পুলিশ কর্মচারী ডাকাতের হাতে নিহত হয়েছেন, এই ব্যাপারে যে সমস্ত উচ্চ পদস্থ অফিসার আছেন, তারা ব্যবস্থা নিন। আজকে বাঁকুড়া জেলায় যে অবস্থা দাঁড়িয়েছে তার একটা বিহিত ব্যবস্থা হওয়া দরকার। আমি সে জন্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা করার জন্য।

[2-40—2-50 P. M.]

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি উল্লেখ করতে চেয়েছি, সেটি ইতিমধ্যেই মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় এখানে উল্লেখ করেছেন। তবুও আমি

বিষয়টির প্রতি আর একবার স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এটা শুধু ২/১ দিনের ঘটনা নয়, গত সেপ্টেম্বর, অক্টোবর মাসে বাঁকুড়া জেলার ছাতনা থানা এলাকা ডাকাতির সংখ্যায় রেকর্ড করেছিল। তার পরে কিছু দিন ওখানে ডাকাতি বন্ধ থাকার পরে আবার গত ২৭শে ফেব্রুয়ারী থেকে ২রা মার্চ পর্যন্ত প্রতি দিন ডাকাতি হয়েছে। শুধু সোনা-দানা টাকা-পয়সাই ডাকাতি হচ্ছে, তা নয়, ছাগল, গরু, হাঁস, মুর্গি থেকে আরম্ভ করে ছেঁড়া কাঁথা পর্যন্ত ডাকাতি হচ্ছে। ফলে ওখানে মানুষের মধ্যে প্রচণ্ড উদ্বেগ দেখা দিয়েছে। স্যার, এজন্য শুধুমাত্র পুলিশের উপর দোষারোপ করে লাভ নেই আমি বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, ছাতনা থানার ১৭২ বর্গমাইল আয়তন, ১৩টি গ্রাম পঞ্চায়েত, অথচ সেখানে মাত্র ১২ জন পুলিশ কর্মচারী রয়েছেন। এই ব্যাপক এলাকার ডাকাতি প্রতিরোধ করা ঐ মাত্র ১২ জন পুলিশ কর্মচারী দিয়ে কখনই সম্ভব নয়। সেই জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ওখানকার কমলপুর এবং জোড়হীড়াতে দুটি পুলিশ ফাঁড়ি গঠন করার জন্য অনুরোধ করছি। ইতিমধ্যে ওখানে যে উদ্বেগজনক ঘটনা ঘটেছে, সেই ঘটনায় পুলিশের এ. এস. আই. তারাপদ মুখার্জী মারা-গেছেন। এর ফলে তাঁর পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে, আমি তাঁর পরিবারবর্গকে যথাযত ক্ষতিপূরণ দেওয়ার জন্যও অনুরোধ করছি।

শ্রীসামসুদ্দিন আহমেদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন উত্তরবঙ্গে পাঁচটি অনুন্নত জেলা আছে। সেই জেলাগুলির উন্নতির জন্য এন. বি. ডি. বি. এফ-এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ জেলাপরিষদের দ্বারা করা হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে জেলা পরিষদের কার্যকলাপের জন্য হোক বা অন্য যে কোন কারণেই হোক সেই এন. বি. ডি. বি. এফ-এর টাকা পয়সা দেওয়া বন্ধ করা হয়েছে। এ বিষয়ে আমি বলতে চাই যে, মালদহ জেলা পরিষদকে গত ১৯৭৯-৮০, ১৯৮০-৮১ এবং ১৯৮১-৮২ সালে এক কোটি পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার টাকা এন. বি. ডি. বি. এফ. বরাদ্দ দেওয়া হয়েছিল এবং ঐ তহবিলে ৪৯৪টি স্কীম নেওয়া হয়েছিল। তার মধ্যে ৪৯৪টি স্কীমের কাজ সম্পূর্ণ করা হয়েছিল ৯৮ লক্ষ ৪১ হাজার ৩৬৩ টাকা ব্যয়ে। অর্থাৎ ৯৩% টাকা ব্যয় করা হয়েছিল। অর্থাৎ ৯৩ ভাগ কাজ করা সত্ত্বেও সেখানে পরবর্তীকালে আর টাকা দেওয়া হলো না কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা একটা প্রশ্ন। অথচ যেসমস্ত জেলায় কোন কাজ-কর্ম হচ্ছে না, সেখানে টাকা দেওয়া হচ্ছে। আর মালদা জেলাকে ১৯৮২-৮৩ সালের জন্য কোন টাকা দেওয়া হয়নি। আর ১৯৮৩-৮৪ সালের জন্য মাত্র ২ লক্ষ ৩৪ হাজার টাকা দেওয়া হয়েছে। উত্তরবঙ্গ তথা মালদহ জেলা এখনো অনুন্নত অবস্থায় রয়েছে। ইতিমধ্যে জেলাপরিষদ যে সমস্ত বিভিন্ন স্কীম নিয়েছে সেসমস্ত স্কীমের কাজ করার জন্য তাদের কোন টাকা দেওয়া হয়নি। জেলা পরিষদ ইতিমধ্যেই ডেভলপমেন্ট এ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেন্টে আবেদন

করেছে। আমি আজকে আপনার মাধ্যমে আবার বিষয়টির প্রতি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি

শ্রীনিরঞ্জন মুখার্জী : স্পীকার মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সদস্যদের অবগতির জন্য এখানে উল্লেখ করছি এবং আপনার মাধ্যমে বিষয়টি সরকারের কাছে পৌঁছে দিচ্ছি। কিছু দিন ধরে আমরা দেখছি যে, সকাল দশটা, সাড়ে দশটার সময়ে যখন স্কুলগুলি শুরু হয় তখন কিছু লোক বিভিন্ন স্কুলের শিশুদের নানারকম প্রলোভন দেখিয়ে—চিড়িয়াখানায় নিয়ে যাব, জুতো কিনে দেব, জামা কিনে দেব ইত্যাদি বলে—লরি বা ঐ জাতীয় গাড়িতে তুলে নিয়ে যাচ্ছে। গত ২৭, তারিখ আমাদের বেহালার 'রুক্মিণী বিদ্যা মন্দিরের'—এটি একটি খুব বড় প্রাথমিক বিদ্যালয়—কিছু ছেলেকে তারা গাড়ি করে তুলে নিয়ে যায়। সকাল সাড়ে দশটার সময়ে ছেলে ক'টিকে তুলে নিয়ে যায়, তাদের অভিভাবকরা বিকাল তিনটের সময়ে যখন দেখেন যে তাঁদের ছেলেরা ঘরে ফেরেনা তখন তাঁরা আতঙ্কিত হ'ন এবং স্কুলের মাষ্টার মশাইদের কাছে জিজ্ঞাসা করেন। মাষ্টার মশাইরা তখন থানায় ডাইরি করেন। থানা থেকে অনুসন্ধান করে বহু চেষ্টায় জানা যায় যে, একটি বিশেষ রাজনৈতিক দল—আমাদের ধারণা ছিল সুনীতি বাবুদের দল হবে, কিন্তু তা নয়—তাদের তুলে নিয়ে গেছে আগ-মার্কা দল ডি. এস. ও. তথা এস. ইউ. সি. আই. এই কাজ করছে। তারা বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন সময়ে ছেলেদের বিভিন্ন ক্যাংসানে ধরে নিয়ে যাচ্ছে।

এর ফলে সমগ্র অঞ্চলে শিশুদের মধ্যে একটা আতঙ্ক সৃষ্টি হয়েছে এবং মা-বাবারা ছেলেদের স্কুলে পাঠাতে ভয় পাচ্ছেন। সুতরাং এর বিহিত হওয়া দরকার। কারণ, শিক্ষকদের না বলে, অভিভাবকদের কাছ থেকে অনুমতি না নিয়ে শিশুদের নিয়ে যাওয়ার এই যে কার্যকলাপ এটা অবিলম্বে বন্ধ হওয়া উচিৎ।

ডাঃ সুকুমার রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া মিউনিসিপ্যালিটিতে আজকে সর্বস্তরের কর্মচারীরা শিক্ষক থেকে সুইপার পর্যন্ত বিগত ৬ মাস ধরে রেগুলারলি মাহিনা পাচ্ছেন না। এই কথা হয়তো আপনি জানেন, তবুও আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে, যেভাবে ইরেগুলারলি কর্মচারী, টিচার এবং সুইপাররা মাহিনা পাচ্ছেন সেটা আপনাদের পরিচালিত একটা মিউনিসিপ্যালিটির পক্ষে একটা গৌরবজনক কাজ নয়। সুতরাং সত্বর বিহিত ব্যবস্থা নেওয়া দরকার। যারা জানুয়ারী মাসের বেতন পায় মার্চ মাসে সেখানে একটা সুষ্ঠু পৌর সংস্থা পরিচালিত হচ্ছে বলে আমি মনে করতে পারছি না। সুতরাং এ ব্যাপারে যথাযথ বিহিত ব্যবস্থা নিন যাতে রেগুলারলি অন্ততঃ মাহিনা পায়

আর যদি অপদার্থতার জন্য মাহিনা না পায় তারও ব্যবস্থা নিন যাতে মিউনিসিপ্যাল কমিটি ভালভাবে চলে। যদি আইনের ব্যবস্থা নেবার দরকার থাকে আপনি তাও নিন।

শ্রীসুভাষ নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭-২-৮৪ তারিখে বাসন্তী থানার সোনাখালী গ্রামে একটা ঘটনার কথা উল্লেখ করছি। ঘটনাটি হলো, মনোরঞ্জন মির্ধা ও নিরঞ্জন মির্ধার দুটি ঘর রাত্রি ৩টার সময়ে আগুন লেগে পুড়ে যায় এবং এ ব্যাপারে থানায় জানানো হয়। থানা থেকে পুলিশ কর্তৃপক্ষ এসে মির্ধার কাছ থেকে ঘটনার বিস্তৃত বিবরণ শুনলেন। তারা জানতে পারলেন, তার ছোট ছেলে কেরোসিন ল্যাম্প জেলে প্রস্রাব করতে বাহিরে বেরিয়েছিল, সেই আগুনেতে এই ঘটনাটি ঘটে। সুতরাং এই হচ্ছে ঘটনা এবং এই ঘটনাটিকেই স্বীকার করা উচিৎ। কিন্তু পুলিশ তার পরের দিন রাত্রিবেলা এসে কয়েকজন মহিলাকে অবমাননা করেছে এবং ঐ গ্রামের ২ জন ভদ্রলোককে ধরে নিয়ে গেছে। তারপর প্রত্যেকদিন রাত্রিবেলা গ্রামে গিয়ে মানুষ যাতে শান্তিভাবে বসবাস করতে না পারে তারজন্য ব্যতিব্যস্ত করে তুলছে। অন্যদিকে পুলিশ সেখানে লঞ্চ নিয়ে মস্তান-বাহিনী দিয়ে নদীর বাঁধ কাটিয়ে নোনা জল ঢোকাবার চেষ্টা করছে, অবৈধ নোনা ফিসারী করার চেষ্টা করছে। অপরদিকে সেখানে প্রতি রাত্রিবেলা ২।১টি ডাকাতি হচ্ছে। পুলিশের এ ব্যাপারে যেখানে সক্রীয় ভূমিকা পালন করা উচিৎ সেখানে পুলিশ-এর সেই ভূমিকা পালন করার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুলিশ সেখানে যথাযথ ভূমিকা পালন করে তার ব্যবস্থা করুন এবং সেখানে যাতে শান্তি বজায় থাকে তারজন্য উপযুক্ত ব্যবস্থা নিন।

শ্রীতারাপদ সাধুখাঁ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার সিঙ্গুরে সেচ প্রকল্প টেইল-এ্যাণ্ডে গিয়েও পৌছায় না। অন্য বছরে খরার সময়ে জল আনতে গিয়ে রাজনৈতিক প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছিল। সি. পি. এমরা সেখানে দলবাজি করেছিল এবং আমায় হেনস্তা করে বলা হয়েছিল দিল্লীতে গিয়ে মায়ের কাছে গিয়ে জল আমদানী করুন। এ বছরেও কাগজে দেখছি বোরো চাষের জন্য ইরিগেসানের জল দেওয়া হবে না।

[2-50—3-00 P. M.]

কিন্তু ঘটনা হচ্ছে, সিঙ্গুর থানার ভেঁড়ি অঞ্চলের চাষীরা গত বন্যার সময় ঘিয়া এবং জুলকিয়া নদীর বাধ কোন প্রকারে রক্ষা করে ফসলের কিছুটা রক্ষা করেছিল, যদিও ফসলের ক্ষতি প্রভূতই হয়েছিল। গত বছর ঝড়ায় ওখানকার চারটি অঞ্চল বিধ্বস্ত হয়েছে। যদি আজকে বোরোতে তাঁদের জল না দেওয়া হয় তাহলে তাঁরা শাকসবজি পর্যন্ত চাষ করতে পারবেন না। কিন্তু তাঁদেরও

অধিকার আছে চাষ করবার। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে সেখানে টেল এণ্ডে রাজনৈতিক কারণে জল দেওয়া বন্ধ করবেন না।

শ্রীমতী অঞ্জু কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হোল—গত ১৩ই ফেব্রুয়ারী রাত ১॥ টার সময় কালনা থানার ভবানীপুর রেল-গেটের কাছ থেকে যখন ৪০ হাজার টাকা মূল্যের লৌহ-সামগ্রী লরিতে করে চোরা পাচার হচ্ছিল সেটা গ্রামের ছেলেরা দেখতে পায় এবং সঙ্গে সঙ্গে রাস্তায় ড্রেন কেটে দিয়ে লরিটিকে আটকানো হয়। পরের দিন আর একটি লরি যখন ঐ একই কাজে লিপ্ত ছিল তখন স্থানীয় ছেলেরা পুলিশের সহায়তায় লরিসহ দুজনকে ধরে ফেলে। এই যে চুরির ঘটনা, এটা ঘটেছে ধাত্রীগ্রাম গ্রাম পঞ্চায়েতের নেতৃস্থানীয় ইন্দিরা কংগ্রেসের সদস্য [* *] নেতৃত্বে। স্থানীয় জনগণ মনে করছে বালী লিলুয়া এবং স্থানীয় সমাজবিরোধীদের সংগঠিত করে এই সমস্ত ক্রীয়াকলাপ চালান হচ্ছে ঐ অঞ্চলে। তাই অবিলম্বে যাতে এই সমস্ত সমাজবিরোধী কাজকর্ম বন্ধ করা হয় এবং দোষীদের ধরে কঠোর শাস্তির ব্যবস্থা করা হয় সেদিকে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার : শ্রীমতী কর যে নামটি বললেন তা বাদ দেওয়া হবে।

শ্রীসুনীতি চট্টরাজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যরা যখন দৃষ্টি আকর্ষণ করছেন, তখন আমি ভাবছি অবশ্য আপনি যদি অনুমতি দেন—অন্য কিছু আকর্ষণ করি। তার কারণ দৃষ্টি আকর্ষণ করে কিছুই হচ্ছে না।

মাননীয় স্পীকার মহাশয়, বামফ্রন্ট সরকারের স্বেচ্ছাচারিতা এবং গণতন্ত্রহীন কাজের নমুনা আমি এখানে দিচ্ছি। ঘটনাটি হচ্ছে—বীরভূমের আর. টি. এ জনৈক ক্যাডারের একটি বাসকে আনফিট সার্টিফিকেট দেবার জন্য রেজলিউশন গ্রহণ করে বলে যে দি বাস ইজ নট ফিট ফর দি প্যাসেঞ্জার্স। এই আনফিট রেজলিউশন নেবার পরই সি. পি. এম-এর জনৈক নেতা আর. টি. এ অফিসে গিয়ে বলে যে বাসটিকে চালাতে দিতে হবে। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন মাননীয় মুখ্যমন্ত্রীর প্রশাসন আজ পঙ্গু হয়ে গেছে। সেই পঙ্গু প্রশাসনের আর. টি. এ. বাধ্য হয়েছে সেই বাসটিকে চালাতে দিতে। আনফিট রেজলিউশন নেয়া আর. টি. এ-র সেই বাসটি গত ১৬ই ফেব্রুয়ারী সিউড়ী কেঁদুয়ার মাঝের খালে পড়ে যায়, ফলে ৩ জন প্যাসেঞ্জারের মর্মান্তিক মৃত্যু ঘটে। আর ২৭ জন প্যাসেঞ্জার হাসপাতালে মৃত্যুর সঙ্গে সংগ্রাম করছে এখনও। আমার জিজ্ঞাস্য, আর. টি. এ আনফিট সার্টিফিকেট দেবার জন্য যেখানে রেজলিউশন

* Expunged as ordered by the chair.

নিয়েছে, সেক্ষেত্রে প্রশাসনকে চাপ দিয়ে ঐ বাসটিকে চালান হোল এবং এই মর্মান্তিক ঘটনা যা ঘটলো এর জবাবদিহী কি বামফ্রন্ট সরকার দেবেন ?

শ্রীসুধাংশুশেখর মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিষয়ের প্রতি মাননীয় সমাজকল্যাণ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আই. সি. ডি. এস-এ জেলা লেভেল কমিটি আছে। সেই কমিটির চেয়ারম্যান এস. ডি. ও। এই স্কীমে কিছু পদে লোক নেবার জন্য ঐ কমিটির মাধ্যমে প্যানেল তৈরী করে সিলেকশনের জন্য ডাইরেক্টর অফ সোশ্যাল ওয়েলফেয়ারের কাছে পাঠান হয়েছিল কিন্তু অদ্যাবধি কোন পোষ্টেই কেউ এ্যাপয়ন্টমেণ্ট পেলেন না। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করবার পরও আমি দেখেছি তার কোন উত্তর পাওয়া যাচ্ছে না।

আমি কয়েকদিন আগে ৬.২.'৮৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী এবং কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু তার রিপ্লাই আমি পাইনি। সেইজন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই একে এই সময়ে ছেলেরা চাকুরী পাচ্ছে না তার উপর সিলেকসান করার পরও তাদের এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে না, এটা অত্যন্ত আশ্চর্য্য ব্যাপারে। সেইজন্য আমি বলতে চাই যেসব নাম প্যানেল করা হয়েছে তাদের চাকুরী দেওয়া হোক। অনেকের পুলিশ ভেরিফিকেসান হয়ে গেছে, তা সত্বেও তাদের এ্যপয়েণ্টমেণ্ট দেওয়া হচ্ছে না। এইসব ছেলেরা যাতে তাড়াতাড়ি চাকুরী পায় তারজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রী জ্যোতিবাবুর দৃষ্টি আকর্ষণ করে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য এই হাউসের সামনে রাখতে চাই। আপনি জানেন যে, ২ বছর আগে পশ্চিম দিনাজপুর জেলার কুসমণ্ডি, বংশিহারী এবং ইটাহার থানায় ৬৭টি বন্দুক লুট হয়ে গিয়েছিল। সেখানে দুষ্কৃতকারীরা গ্রামের লোকেদের মারধোর করছে এবং লুট-তরাজ করছে। সেখানে দুষ্কৃতকারীরা আবার উৎসাহিত হয়ে নতুন করে ঐ ধরনের কাজ করতে শুরু করেছে। গত ২৭.২.'৮৪ তারিখে কুসমণ্ডি থানার বাসুদেবপুরে কামেশ্বর নামে এক ব্যক্তির সন্ধ্যা সাতটার সময় এই দুষ্কৃতকারীরা বন্দুক লুট করে নিয়ে চলে যায়। যাবার সময় সেই নকশালপন্থী দুষ্কৃতকারীরা তাদের সেই চিরাচরিত শ্লোগান, রক্তক্ষয়ী শ্লোগান দিতে দিতে চলে যায়। এই কুসমণ্ডি থানায় তারা হঠাৎ অস্ত্র-শস্ত্র নিয়ে প্রবেশ করে এবং অনেককে মেরে ফেলবে এই রকম হুমকী দিয়ে যায়। কিন্তু আমার বক্তব্য আরো গভীরে। আমি পরিষ্কার করে জানতে চাই, সেইজন্য আপনার কাছে আমার জিজ্ঞাস্য, আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে জিজ্ঞাস্য হলো এই পশ্চিম দিনাজপুরের মানুষরা বাঁচতে পারবে কি না ? তাদের বেঁচে থাকার ক্ষমতা আপনারা দেবেন কিনা। আজ পর্যন্ত এর কোন প্রতিকার হয় নি। এই ব্যাপারে একজন

দুষ্কৃতকারীকেও গ্রেপ্তার করা হয়নি। এখানকার মানুষ যাতে বাঁচতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি রাখছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং সভার সমস্ত সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা দেখেছেন স্যার, ইদানিংকালে কলিকাতা কলেজ হাসপাতাল এবং জেলা হাসপাতালে অরাজকতার সৃষ্টি হয়েছে। কয়েকদিন আগে পি. জিতে স্বাস্থ্যমন্ত্রী বারে বারে প্রতিশ্রুতি দেওয়া দেওয়া সত্বেও—পি. জি.-র হাউস স্টাফ ডাঃ রতন কর মারা গেলেন। সেখানকার ডাক্তাররা এরজন্য অত্যন্ত ক্ষুব্ধ। এর আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিহিত ব্যবস্থা করবেন বলেছিলেন। আজকে দেখতে পাচ্ছি মেডিকেল কলেজে বিগত সাতদিন ধরে জল পাওয়া যাচ্ছে না। ডাক্তার এবং সারজেন্টরা তাদের হাত গুটিয়ে বসে আছে, তারা অপারেশান করতে পারছে না। স্বাস্থ্যমন্ত্রী এবং পৌরমন্ত্রীকে এই ব্যাপারে বারে বারে বলা সত্বেও এখনও জল সরবরাহ হচ্ছে না। আপনি দেখেছেন স্যার, আর. জি. কর মেডিকেল কলেজে বাড়ি ভেঙ্গে পড়ে গেছে ৩ মাস হলো। এই সরকার এখনও পর্যন্ত সিদ্ধান্ত নিতে পারলো না যে কোথায় বাড়ি তৈরী হবে। ছেলেরা ক্লাস করতে পারছে না, পরীক্ষা দিতে পারছে না। বাড়ি তৈরী করার ব্যাপারে কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায়নি। এই যদি অবস্থা হয় কলিকাতার মেডিকেল কলেজে, আর. জি. কর মেডিকেল কলেজে এবং এস. এস. কে. এম হসপিটালে তাহলে কলিকাতা ছাড়া অন্যান্য হাসপাতালে কি দুর্গতি সেটা বুঝতেই পারছেন। দূর-দূরান্তর গ্রামের হাসপাতালের কি অবস্থা সেটা আমরা বুঝতেই পারছি। তাই আপনার কাছে আবেদন রাখছি এই ব্যাপারে বিবেচনা করার জন্য। অবিলম্বে এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার মানুষ যাতে অবিলম্বে এই ব্যাপারে সুবিচার পাই তারজন্য অনুরোধ জানাচ্ছি। মেডিকেল কলেজে যাতে তাড়াতাড়ি জল সরবরাহের ব্যবস্থা করা হয় এবং অপারেসানের ব্যবস্থা করা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

[3-00—3-10 P. M.]

শ্রীমোসলেউদ্দীন আমেদ ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হচ্ছে এই যে, শিয়ালদহ ষ্টেশনে অতিরিক্ত ভাড়া নিয়ে যাত্রী সাধারণ এবং ট্যাক্সীওয়ালা ও তাদের দালালদের দৌরাত্ম চলছে। সকাল ৫টার সময় গৌড় এক্সপ্রেস ট্রেন শিয়ালদহ ষ্টেশনে এসে পৌছায়। স্টেশনের বাইরে এসে অধিকাংশ যাত্রীকে তাঁদের ছেলেমেয়েদের নিয়ে বাড়ী পৌছবার জন্য ট্যাক্সী ভাড়া করতে হয়। ট্যাক্সীওয়ালা, দালাল বা ড্রাইভাররা মিটারের পরিবর্তে অতিরিক্ত ভাড়া যাত্রী সাধারণের কাছে প্রায় প্রতিদিনই চার্জ করছে। এরজন্য যাত্রীদের সঙ্গে ড্রাইভার ও তার দালালদের সঙ্গে প্রায়ই বাক-বিতণ্ডা হয়

এবং পরিশেষে অন্য উপায় না দেখে অতিরিক্ত ভাড়াতেই তাঁদের গন্তব্যস্থলে পৌঁছুতে হচ্ছে। এই ঘটনার প্রতিকারের জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীমহাশয়ের শুভবুদ্ধি আকর্ষণ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা বিশ্ব-বিদ্যালয় হচ্ছে এই রাজ্যের একটি ঐতিহ্যপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। এই বিশ্ববিদ্যালয়ে বিগত কয়েক বছর ধরে দুর্নীতি, দলবাজী, স্বজন-পোষণ এবং অনিয়মিত নিয়োগ ভয়াবহ রূপ নিয়েছে। এই ঘটনা শিক্ষা জগতের ইতিহাসে এক কলংকজনক অধ্যায়ের সূচনা করেছে। এই ঘটনার যদি যথাযথ তদন্ত এবং প্রতিবিধান না হয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভা হচ্ছে এক পবিত্র জায়গা, আশাকরি, এখানে এই দুর্নীতির বিষয়ে সমস্ত ঘটনা তুলে ধরতে পারব তাহলে শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ অচল হয়ে পড়বে। এর প্রতিকার হবে বলে আমরা বিগত কয়েক বছর ধরেই শুনে আসছি। কয়েক বছর ধরে স্পেশাল অফিসার নিয়োগ অনিয়মিত ভাবেই হয়ে চলেছে, যারজন্য আদালতে পর্যন্ত কেস হয়েছে। আমি অবশ্য সে প্রসঙ্গে যেতে চাই না। কিন্তু আমরা দেখলাম যে, স্পেশাল অফিসার নিয়োগের ব্যাপারে ইউনিভার্সিটির স্ট্যাটিউট এ্যাক্ট, অর্ডিন্যান্স ইত্যাদি ভায়োলেট করা হয়েছে। প্রাক্তন উপাচার্য যথেচ্ছ ক্ষমতা ব্যবহার করেছেন, তা আমি দেখেছি। স্বপন কুণ্ডুকে ১৮৫০ টাকা বেতনে স্পেশাল অফিসার এবং কৌশিক গঙ্গোপাধ্যায়কে স্পেশ্যাল এ্যাসিস্ট্যান্ট হিসাবে নিয়োগ করা হয়েছিল। এই দুটি পদে ইউনিভার্সিটি এ্যাক্টকে ভায়োলেট করে, সিনেট ও সিণ্ডিকেটকে কোন রকম পরোয়া না করে এ্যাট দি ফ্যাগ এণ্ড অফ দি সার্ভিস পিরিয়ড গত ২৩।১২।৮৩ তারিখে নিয়োগ করা হয়েছে। কি মারাত্মক ব্যাপার একটু চিন্তা করে দেখুন। এই ধরণের অনিয়মিত নিয়োগ শুধুমাত্র দলীয় স্বার্থেই করা হয়েছে। আমি যেগুলির উল্লেখ এখানে করলাম, তার তালিকা আমি আপনাকে দেব। এছাড়া, ২৯জন ক্লাস ফোর স্টাফকে রেগুরালাইজ করা হয়েছে। যাদের সার্ভিস কারোরই দু বছরের বেশী নয়, অনেকের সার্ভিস মাত্র কয়েক মাস। অথচ যাদের ৪ থেকে ১০ বছর পর্যন্ত সার্ভিস আছে, তাদের রেগুরালাইজ করা হয় নি। কি নোট দিয়ে তাদের রেগুরালাইজ করা হল ? যেভাবে তাদের রেগুরালাইজ করা হয়েছে তাকে স্পষ্টতই বলা যায় মিসরিপ্রেজেনটেশন অফ দি গভর্ণমেণ্ট অর্ডার। ৭১১তে গভর্ণমেণ্টের অর্ডার ভায়োলেট করে অনুমোদন দেওয়া হয়েছে। অথচ গভর্ণমেণ্ট অর্ডার হচ্ছে সম্পূর্ণ অন্য। শতবার্ষিকী কমিটি সেন্টিনারী হলে বিনা টেণ্ডারে ৪৩ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এই সমস্ত অভিযোগ রয়েছে।

অভিযোগ রয়েছে কম্পিউটার মেসিন সম্বন্ধে। এ বিষয়ে দিল্লীর এক কম্পিউটার কোম্পানীকে লক্ষ লক্ষ টাকা পাইয়ে দেয়া হয়েছে বিনা টেণ্ডারে ? হাজারে ১০০ জন কর্মচারীকে শুধু রাজনৈতিক কারণে সাসপেণ্ড করা হয়েছে। এইভাবে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে ; আমি এ বিষয়ে

উচ্চ ক্ষমতা সম্পন্ন তদন্ত কমিটি গঠন করার কথা বলছি এবং এই মর্মে শিক্ষা মন্ত্রীকে এই হাউসে একটা বিবৃতি দেবার জন্য বলছি যে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি তিনি গঠন করছেন কিনা জানান।

ডাঃ জয়নাল আবেদীন ঃ স্যার, আপনি এই হাউসের সর্বোচ্চ চেয়ারে বসে আছেন বলে আপনাকে সরাসরি একটা কথা জিজ্ঞাসা করছি—আমরা আছি কোথায়? Where do we stand? Who are we? আপনি দেখেছেন আপনার সঙ্গে একই সঙ্গে একাধিক সেমিনার এটেণ্ড করার সুযোগ আমার হয়েছে। আজকের প্রোসিডিং কালকে সকালে পৌঁছে যায় লোকসভায় We follow the Lok Sabha pattern ৭ বছর হতে চললো We have not received the proceedings. How could we get our proceedings? এই সরকার প্রতি পদে, প্রতি মিনিটে কণ্ট্রাডিক্সান করছেন—One minister contradicts the other, even a minister what we says today, he alters it in the next day এই যে কণ্ট্রাডিক্সান তা কি দিয়ে প্রমাণ করবো? আপনি কোন ব্লেম নেবেন না। আপনি সর্বোচ্চ চেয়ারে বসে আছেন। স্যার At least I fail in my wisdom to follow where our speeches will be expunged and where not? এইভাবে আমরা পরবর্তীকালে করবো তাতে আমরা অপরাধী হব আইনের চোখে। আমরা কোন রাজত্বে আছি—যে রাজত্ব চলছে না, প্রজা চলছে না, মানুষ চলছে না। কিন্তু বিধানসভার প্রোসিডিংস আমরা পাব না। For more than a score of years we did not get our proceedings এখানে যা আলোচনা হয় আমরা জানতে পারবো তা কারেক্টলি রেকর্ডেড হয়েছে কিনা। আজকে কণ্ট্রাডিকসান ফরোয়ার্ড ব্লকের সঙ্গে সি. পি. এমের, যা লেগেই আছে, আর. এস. পি-র সঙ্গে লেগেই আছে। (গোলমাল) এটা চিৎকারের কিছু নয়। স্যার, বলতে দিতে হবে। I rise on a specific point. I am entitled to have the proceedings আপনি তো ইনঅর্ডিনেট ডিলে করতে পারেন না এবং তা যদি হয় Let there be adjournment to sit with the government. প্রশাসন এখানে বিলুপ্ত। তাই বলে মেম্বাররা প্রোসিডিংস পাবেন না? এদের যে কনট্রাডিকসান তা আমরা প্রমাণ করবো কি দিয়ে? আমরা জানি আপনি য়্যালাও করেছেন। বিগত গভর্ণর য়্যাড্রেসে অ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। One of the Senior Minister of this cabinet was reprimanded by the High Court. If this is the fact, then he has no right to sit in the House. Therefore, I demand that he should resign. আমি শুনেছি নিজের কানে। Other members have also heard it. তাকে এখন পাব কোথায়? কি থেকে প্রমাণ করবো? এবার বাজেট ডিসকাসান আসবে—I would like to draw an analogy, I would like to draw a reference. আমাদের কাছে কোন রেকর্ড নেই। অথচ কালকের রেকর্ড আজকের লোকসভায় দেয়া হয়, আর আমাদের এখানে ১২ বছর ধরে কোন রেকর্ড দেয়া হয় না। এই ওদের এফিসিয়েন্সী?

মানুষকে না খাইয়ে মারছেন, রাজ্যে নৈরাজ্য এনে দিয়েছেন। আজকে হাউসের মধ্যে নৈরাজ্য চলবে। I charge you. It is my right to have the proceedings. Sir, please explain, why we have been deprived from having the proceedings.

[3-10—3-45 P.M. (including adjournment)]

Mr. Speaker : Dr. Zainal Abedin, you had also been a Minister. Those psoceedings have not been printed. The last part of 1975-76 had been printed during my tenure in the office. You were a Minister in 1975. You could not print those proccedings. That is not a deliberate mistake. That is a long standing problem, not a problem of today. It has been accumulated over the years. I am looking into it. I have spoken with the Finance Minister and I have been trying to make arrangements to print the matters as early as possible. I cannot say anything more at the moment. I have taken all the steps. We are negotiating the matter. We are trying to get it done as early as possible. It has not been done in 1975, Dr. Zainal Abedin, when you were a Minister, you know this also. Then why do you raise this question now ? It is a long standing arrear case, it is not a question of today. You cannot put the blame on the present regime, you cannot put the blame on the present Speaker or the office. It is continuing for a long time. We are trying to solve this. This is all that I want to say.

(At this stage, the House was adjourned till 3-45 p.m.)

[3-45—3-55 P.M.]

(After adjournment)

Shri Abdul Mannan : Sir. on a point of privilege.

Mr. Speaker : No privilege. Now, legislation the Calcutta University (Amendment) Bill, 1984.

(Noise)

(Several members rose to speak)

Shri Subrata Mukherjee : স্যার, হাউসের চারিদিকে এতো পুলিশ কেন, সিভিল ড্রেসে লবিতে পুলিশ ছেয়ে গেছে। এখানে হোম মিনিষ্টার আছেন। Let the Home Minister say something about it. স্যার, এটা একটা ডিগনিটির প্রশ্ন। আপনি হোম মিনিষ্টারকে কিছু বলতে বলুন।

LAYING OF REPORTS

Sixth Annual Report and Account of the West Dinajpur Spinning Mills Limited for the year 1980-81.

Shri Patit Paban Pathak : Sir, with your permission I beg to lay the Sixth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1980-81.

LEGISLATION

The Calcutta University (Amendment) Bill, 1984.

Mr. Speaker : Shri Sambhu Charan Ghose, Minister-in-charge for Higher Education may now introduce the Bill.

Shri Sambhu Charan Ghose : Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1984.

Mr. Speaker : I have received five notices from Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Shri Satya Ranjan Bapuli, Shri Abdul Mannan and Shri Sk. Anwar Ali to make brief explanatory submissions under Rule

73 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Shri Abdus Sattar may now make this submission.

Shri Abdus Sattar : Sir, I have given notice of my intention to oppose under Rule 73(1) of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the motion which is proposed to be moved by Shri Sambhu Ghosh, i. e. the Calcutta University (Amendment) Bill, 1984 at the present session of the Assembly on the 7th March, 1984. I would request you, Sir, to permit me to make an explanatory statement.

Mr. Speaker : I have already permitted you.

Shri Abdus Sattar : Sir, I am very glad that you have permitted me to say something.

Mr. Speaker : You can make only an explanatory statement, not a speech.

Shri Abdus Sattar : It is very heartening to find that our Minister of Higher Education is learning continuously about democratic principles. First, after the supersession of the Calcutta University Act, he took two full years to bring before us the Calcutta University Act.

Mr. Speaker : Mr. Sattar, are you reading something ? Reading is not allowed.

Shri Abdus Sattar : No Sir, I am just glancing over the notes. Mr. Speaker, Sir, after passing that Act in the year 1980 again that Act was amended to make it more democratic. Then Mr. Speaker, Sir, after 1980, in the year 1983, he tried to make it more and more democratic.

Then in the year 1983 another amendment was brought in. Sir, I think, in this year this amendment would not have seen the light of the day if Mr. Ramen Poddar would have been appointed the Vice Chancellor of Calcutta University. Mr. Speaker, Sir, during the last one year the whole University was functioning under this democratic Act of 1979, as amended in 1980 and 1983. Suddenly, in 1984 I do not know why, I do not understand what happend meanwhile, this amendment has come before the House Sir, I will point out some facts which will involve something and which are of public interest.

Mr. Speaker, Sir, the Bill does away with the principle of public accountability. Sir, you know that by this amendmend the power has been vested totally in the Senate and the Syndicate and so far as the appointment of the Vice Chancellor is concerned, this appointment is going to be made not by proportional representation but by simple majority of the votes. Sir, previously the system was that a panel of three persons, elected by preferential votes, was sent to the Chancellor in consultation with the Minister-in-charge of Education Department would have appointed the man. This time, I think December 1983, the Chancellor out of the three names sent by the Syndicate appointed Dr. Santosh Bhattercharjee as the Vice Chancellor for getting the highest number of votes. But Sir, what happens is that a Minister is responsible to the Legislature. Even the Acharya, who is the Governor, is also responsible to the President. But the member of the Senate and the Syndicate have no responsibility or public accountability. They can recommend something but the money is given by the State Government and expenditure is incurred from the public exchequer. But the members of the Senate and Syndicate have not got responsibility or public accountability. Sir, who are the electorate ?

(A voice : Graduates)

No. They are all party men so far as the electorate is concerned. Sir, the contention that the Senate and the Syndicate should have the

final say in certain matters concerning the Universities as these are predominantly elected bodies, is completely misleading.

[3-55—4-05 P.M.]

Mr. Speaker : Mr. Sattar, according to the rule you can make only an explanatory statement. You cannot make a speech.

Shri Abdus Sattar : I am only consulting the note. I have got certain other things to mention. Sir, I will show that this Bill is not in accordance with the law and this Bill cannot be brought here in the manner as has been brought. Sir, If you take my entire statement as read then I have nothing to say further.

Mr. Speaker : No. I cannot take it as read. I only reminded you that according to the rule you could only make an explanatory statement.

Shri Abdus Sattar : Sir, I know that this Left Front Government and especially the CPI(M) Party given emphasis on the question of minority. As a result, they preferred the preferential voting so that the minority may come. Sir, here is a case, for the first time perhaps, for no reason whatsoever that they want to do away with the preferential system of vote. Supposing, in the Senate or the Syndicate, if 51 persons support a man and 49 persons support another man then the name of the man who will be supported by 51 persons will go to the Governor for his signature only and the name of the man supported by 49 persons will not go to the Governor. Thus, Sir, 49 persons of the Senate or the Syndicate are being ignored ; their opinions are being ignored.

(A Voice—The election is conducted by preferential voting system)

This system has been done away with in the present Bill.

প্রেফারেনসিয়্যাল ভোট উঠিয়ে দেওয়া হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন মাইনরিটি ইণ্টারেষ্ট উইল বি প্রোটেকটেড্। এ্যাপয়েণ্টমেণ্ট ইত্যাদি ব্যাপারে সেই কথা পালিত হচ্ছে না। এখন সম্পূর্ণ নির্ভর করছে ডিকটেটরসিপ অব দি মেজরিটি অব ৫১ পারসনস। এই ৫১ পারসনস-এর ডিকটেটরসিপ চালানো হচ্ছে। ১৯৬৫ সালে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রী এখানে কি বক্তৃতা দিয়েছিলেন? ডাঃ বিধান চন্দ্র রায় সেই সময় ছিলেন না, এখানে একটা বিল আনা হয়েছিল। সেই সময় মাননীয় মুখ্যমন্ত্রী এবং বর্তমান উচ্চ শিক্ষামন্ত্রী বলেছিলেন ভাইস-চ্যানসেলর এ্যাপয়েণ্টমেণ্টের জন্য ৩ জনের নাম যাবে এবং সেখান থেকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হবে বাই দি চ্যানসেলর অর ইন কনসালটেসন উইথ দি মিনিষ্টার-ইন কনসালটেসন উইথ দি মিনিষ্টার এটা উঠিতে দিতে হবে। এটার উপর তারা খুব জোর দিয়েছিলেন। শম্ভুবাবু পুতুল নাচ দেখেছেন কিনা আমি জানি না। পিছন থেকে দড়ি টেনে পুতুলকে নাচান হয়। আজকে শম্ভুবাবুও সেই রোল প্লে করছেন। পিছন থেকে দড়ি টেনে তাকে নাচান হচ্ছে। শম্ভুবাবুর বক্তৃতা আমার কাছে আছে, এই বিষয়ে আজকে আলোচনা হলে আমি দেখাব যে সেই সময় তিনি কি বলেছিলেন এবং আজকে গদিতে যাবার পরে ঠিক তার সম্পূর্ণ উল্টো কথা বলছেন।

স্যার, আমি উইথ এ্যামফ্যাসিস বলছি, এই বিলটি সম্পূর্ণভাবে পলিটিক্যালি মোটিভেটেড বিল। উনি মোর ডেমোক্রাটিক করার নামে যা করতে যাচ্ছেন তা সম্পূর্ণভাবে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে করতে চাইছেন। শম্ভুবাবু জানেন যে রমেন পোদ্দার যদি ওখানে যেতেন তাহলে তিনি নিশ্চয় এই বিল আনতেন না। To make the Bill more democratic means to bring a party man. In the instant case, as you know, the party man whom they suggested as a nominee of the Left Front Government was not appointed by the Governor. সুতরাং এই গভর্নারকে জব্দ করতে হবে এবং ভাইস চ্যানসেলারের হাত থেকে সমস্ত ক্ষমতা নিয়ে নিতে হবে, that is a politically motivated attempt. শম্ভুবাবু যখন ১৯৭৯ সালে আইনটা নিয়ে এসেছিলেন তখন তিনি বলেছিলেন যে এই আইন গজেন্দ্র গদকর কমিটি এবং ক্যালকাটা ইউনিভার্সিটি যেটা করেছিলেন গণি কমিটি তাদের রেকমেনডেসান অনুযায়ী আনা হয়েছে। স্যার, ঐ দুটি কমিটির রিপোর্ট আমার কাছে আছে, তাতে দেখা যাচ্ছে যে, vice-chancellar to be appointed by the Chancellor. আপনি তখন বিলের অবজেক্টস এ্যাণ্ড রিজনসেও এই কথা বলেছিলেন। এ্যাপয়েণ্টমেণ্ট of the Vice-Chancellor or Pro-Vice-Chancellor. যাই হোক না কেন ক্যালকাটা ইউনিভার্সিটির ব্যাপারে যে সমস্ত রিপোর্ট আছে এবং ইউ. জি. সি'র যে সমস্ত রিপোর্ট আছে তার প্রতিটি রিপোর্টে বলা হচ্ছে ভাইস চ্যানসেলার to be appointed by the Chancellor. সেটা accepted on principle. কিন্তু আজকে এই ১৯৮৪ সালে বিল নিয়ে এসে you do away with that. আমি সেই সমস্ত রিপোর্ট স্যার, এখানে দেখাতে পারি।

মিঃ স্পীকার : Mr. Sattar, I request you to be brief.

শ্রীআবদুস সাত্তার : আপনারা ১৯৭৯ সালে যে ডেমোক্রাটিক প্রিন্সিপ্যালের কথা বলেছিলেন সেই ডেমোক্রাটিক প্রিন্সিপ্যাল আজকে আর নেই। আপনারা বলছেন, to make it more democratic. এটা আপনারা আনছেন। লজ্জার কথা, সেদিন তিনি যে কথা বলেছিলেন আজকে আর সেকথা বলছেন না। এখন বলছেন, Regarding appointment of Vice-Chancellor it would be simply left to the Syndicate or Senate. সমস্ত কমিটির রেকমেনডেসান আজকে আপনারা নস্যাত করে দিচ্ছেন। তা ছাড়া এই বিলের ফলে এ্যাডমিনিষ্ট্রেটিভ ডেড লক হবে।

[4-05—4-15 P.M.]

আজকে মনে করুন ভাইস চ্যান্সেলর কখনও এমার্জেন্সিতে কোন একটা এ্যাকশান নেন, কোন ডিসিশান নেন এবং তাঁকে অনেক সময়ে নিতে হয়। আজকে মুখ্যমন্ত্রী আছেন, অন্যান্য মন্ত্রীরা আছেন, নিশ্চয়ই এমন একটা সময় আসে তখন ডিসিশান নেন। ক্যাবিনেটে আসে এবং ক্যাবিনেটের মাধ্যমে এ্যাপ্রুভাল নেন। কিন্তু এমনও আছে, যারা ভোটার, দোজ হু আর ভোটারস, সিনেট এ্যাণ্ড সিণ্ডিকেট মেম্বার আর দি ভোটারস এ্যাণ্ড দে উড ইলেক্ট এবং আজকে যদি হয় যে যারা একটা ডিসিশান নিলেন, তাদের কাছে আবার দৌড়ে যেতে হয় ফর দেয়ার এ্যাপ্রুভাল এবং সাপোজ যদি এ্যাপ্রুভ না করে এবং ইতিমধ্যে এ্যাকশান হয়ে যায় তখন এ্যাডমিনিস্ট্রেশান কি করে হবে। এ্যাডমিনিস্ট্রেশান চালাতে গেলে ইন এ ডেমোক্রাটিক কান্ট্রি পিপল উইল সেণ্ড সাম পারসনস এবং দি এ্যাডমিনিস্ট্রেশান অন বিহাফ অব দি পিপল তারা সেই ভাবে এ্যাডমিনিস্ট্রেশান চালাবেন। যেমন আমাদের মুখ্যমন্ত্রী এবং আমরা সবাই ভোটের মাধ্যমে এসেছি। আজকে এ্যাডমিনিস্ট্রেশান আপনাদের হাতে আছে। আপনারা কি চান যে আপনারা যদি কোন এ্যাকশান নেন, এ্যাকশানের পরে পরে এ্যাপ্রুভালের জন্য ইউ গো টু দি ভোটারস যে তোমরা এ্যাপ্রুভ কর। আজকে এই বিলের ব্যাপারে এবং প্রত্যেক ব্যাপারে সিনেট এবং সিণ্ডিকেটকে—সিনেটে বোধ হয় ১৫০-এর কিছু কম মেম্বার আছে, সিণ্ডিকেটে অনেক বেশী মেম্বার আছে—মিটিং ডেকে বলতে হবে যে এ্যাপ্রুভ কর। আজকে ডেলিগেশান অব দি পাওয়ারস বাই দি ভাইস চ্যান্সেলর এটাও একটা ব্যাপার, যে ব্যাপারটা আগে তিনি করতে পারতেন। সেখানে বলছেন, প্রাইওর এ্যাপ্রুভাল অব দি সিনেট এ্যাণ্ড সিণ্ডিকেট ডেলিগেশান করতে হবে। এই জিনিসকে আপনারা বলছেন যে মোর ডেমোক্রাটিক। এটা কি ডেমোক্রাটিক হচ্ছে ?

মিঃ স্পীকার : Mr. Sattar, you should not make a big statement at this stage.

শ্রীআবদুস সাত্তার ঃ সুতরাং আমরা দেখছি যে বিলটা এসেছে, এই বিলটাতে পাবলিক এ্যাকাউন্ট্যাবিলিটি থাকছে না, কোন দায়-দায়িত্ব থাকথে না। সিনেট এবং সিণ্ডিকেটকে সম্পূর্ণ এ্যাডমিনিস্ট্রেশানের দায়িত্ব দেওয়া যাবেনা। যদি দেওয়া হয় তাহলে এ্যাডমিনিস্ট্রেশান চলবে না। এমন কি সিলেকসান কমিটি আর সিণ্ডিকেটের মধ্যে যদি ডিফারেন্স হয়, আগে ছিল that would have been referred to the Chancellor এখন সিনেট এবং সিণ্ডিকেটের মধ্যে কিম্বা সিণ্ডিকেট এবং সিলেকশান কমিটির মধ্যে যদি কোন ডিফারেন্স হয় Selection, regarding the appointment, the decision of the syndicate shall be final. এই সব জিনিসগুলি থেকে দেখা যাবে যে সমস্ত জিনিসটা করা হয়েছে to cut down the powers of the Vice chancellor pro-Vice Chancellor, etc.

স্যার আমি শকধরের টেবিল অব কণ্টেণ্ট, ভলিউম II-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। প্রাকটিস অ্যাণ্ড প্রসিডিওর অব পার্লামেণ্ট সেখানে শকধর বলেছেন যে লেজিসলেশানে কি কি থাকবে। লেজিসলেশানের সঙ্গে একটা এ্যানকসচার দিতে হবে। আপনি যখন ইনট্রোডিউস করছেন, সেকেণ্ড মার্চ সার্কুলেট করেছেন উইদাউট এনি এ্যানেকচার। এর সঙ্গে থাকবে exhibition of the comments before introduction কিন্তু সেটা নেই। ইণ্ট্রোডাকসান অব গভর্ণমেণ্ট বিলস আমি আপনাকে একটা একটা করে বলছি যে এই ব্যাপারে কেস হয়েছে, এবং রুলিংও আছে পার্লামেণ্টে। "Where certain section of the parent Act are sought to be amended the text thereof is generally appended to every amendment bill in the from of an annexure." But the bill was circulated without any annexure.

On August 14, 1950, when the Bill further to amend the Essential Supplies (Temporary Powers) Act. came up for consideration before the House, a point was raised the along with an amending Bill the relevant sections of the original Act which are sought to be amended should also be prined for the purpose of facilitating the work of members here. But it has not been done. So এখন দেখুন স্যার, Examination of Bills before introduction is very important.

Mr. Speaker : What you have said that has been circulated.

Shri Abdus Sattar : When the Bill was cireulated it was circulated without the annexure. স্যার, এর ফেট কি হবে জানি এবং জেনেও বলছি, Examina-

tion of the Bill before its introduction. এই পয়েন্ট সম্পর্কে আপনি আমাদের স্যাটিসফাই করুন। Two authenticated proof copies of a Bill, except in the cases of a secret Bill, are received from the Ministry of Law about a week before the day on which the Bill is proposed to be introduced of Lok Sabha. The proof copy is scrutinized in the Secretariat with a view to ensuring that the Bill conforms to the various constitutional provisions and the rules.

Mr. Speaker : You have received it on 28th February.

শ্রীআবদুস সাত্তার : আপনার কাছে ৭ দিন আগে বিল আসবে, এই হচ্ছে নিয়ম। তা আমি আপনাকে জিজ্ঞাসা করছি, আপনার কাছে কবে বিলটি এসেছে এবং কবে সই হয়েছে ? আপনি ২রা মার্চ পেয়েছেন, আর আজকে ৭ই মার্চ, তাহলে কতদিন হলো ? আপনি বলেছেন গভর্ণর ২৯ তারিখ সই করেছেন, হয়ত তাই করেছেন, কিন্তু আপনি ২৯ তারিখ পাননি।

মিঃ স্পীকার : Your information is not correct.

শ্রীআবদুস সাত্তার : আপনি কাগজে কলমে সব ঠিক করে যদি রাখেন, তাহলে সেটা আলদা কথা। এখন কথা হচ্ছে, Introduction of Government Bills. A Minister, who desires to introduce a Bill, has to give seven days' notice in writing of his intention to move for leave to introduce the Bill. Has he given seven days, notice in writing of his intention to move for leave to introduce the Bill ? Here it has not been done. এখানে সেটা করা হয়নি। মন্ত্রী ৭ দিনের নোটিশ দেননি, এটা আমরা জানি, তবে আপনি খাতায় কলমে সব ঠিক করে রেখেছেন কিনা জানি না ! If the motion for leave to introduce the Bill is opposed. the Speaker, after permitting, if he thinks fit, brief statements from the member who opposes the motion and the member who moved the motion, may, without further debate, put the question. Where the motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislative competence of the House.

[4-15—4-25 P.M.]

মিঃ স্পীকার ঃ Mr Sattar I disturb you for one miniute. For your information, I have received also on the 20th February.

শ্রীআবদুস সাত্তার ঃ আমি আপনাকে নোটিশ দিয়েছি এবং আলাদা আমি বলছি, The Bill initiates legislation outside the legislative competence of the House. কিভাবে হবে আণ্ডার Under Rule 73 (1) the Speaker my permit. আমি আপনাকে বলেছি স্যার এবং এটা এইজন্য বলেছি যে আপনার পাবলিক অ্যাকাউন্টিবিলিটির প্রশ্ন আছে।

মিঃ স্পীকার ঃ আপনি বাদবাকীটা বললেন না because it is explanatory to the statement.

শ্রীআবদুস সাত্তার ঃ স্যার, সিনেট এবং সিণ্ডিকেট যে ভোটের ব্যবস্থা করবেন, তারাই প্রসিডিওর ঠিক করবেন, They will make the rules.

মিঃ স্পীকার ঃ Mr. Sattar, you have spoken for nearly half on hour.

শ্রীআবদুস সাত্তার ঃ আপনি যদি বক্তৃতা করেন তাহলে আমার তো বলা হয় না।

মিঃ স্পীকার ঃ I am to follow the rules. You are not following the rules.
আপনি কেবল brief explanatary statement দিতে পারেন। কিন্তু আপনি বক্তৃতা করছেন। এক্ষেত্রে হোয়াট ক্যান আই ডু।

শ্রীআবদুস সাত্তার ঃ আপনি আমার কথা শুনন। আমি বলছি, সিনেট এবং সিণ্ডিকেট ভাইস চ্যান্সেলারের ভোটের ব্যাপারে টিক করবেন কি প্রসিডিওর তারা এ্যাডপ্ট করবেন। অর্থাৎ দে উইল মেক দি রুলস। সেই রুলস কিন্তু উইল নট বি প্লেড বিফোর দি হাউস। সেই রুলস মনে করুন, সেক্রেট ব্যালট কি ওপেন ব্যালট।

মিঃ স্পীকার ঃ শেষ করুন, এটা ষ্টেটমেণ্ট হচ্ছে, পুরো আপনি বক্তৃতা করছেন।

শ্রীআবদুস সাত্তার ঃ এটা এক্সেসিভ ডেলিগেসান অফ পাওয়ারস হয়েছে। এক্সেসিভ ডেলিগেসান অফ পাওয়ারস হলে ইনলিগ্যাল হয়।

মিঃ স্পীকার ঃ ইনলিগ্যাল হয়নি। That is not relevant at this point of time.

শ্রীআবদুস সাত্তার ঃ Delegation of power excessive delegation of power on some bodies which are not responsible to the members of the Assembly. এ্যাসেম্বলী হলে সেটা ইনলিগ্যাল হয়। প্রসিডিওর যেটা এ্যডপ্ট করবেন নিশ্চয়ই দে উইল মেক্স সাম রুলস। সেই রুলস হচ্ছে বাই প্রডাক্ট অফ দি ষ্টাট টু। সেই রুলস যদি বাই প্রডাক্ট অফ দি ষ্টাট টু হয় দ্যাট স্যুড be laid before the House. আমি বলছি, এটা হাউসে না আসলে ঠিক হয় না। এটার কম্পিটেন্সি সম্পর্কে এই ধরনের 'Excessive delegation of power upon the members of the Senate and Syndicate regarding the procedure to be adopted for the elections of the Vice Chancellor or Pro-Vice Chancellor.

এই যে একসেসিভ ডেলিগেসান অফ পাওয়ারস দ্যাট ইজ এগেনস্ট দিল। সুতরাং এই প্রসিডিওর যদি ঠিকমত না হয়—আজকে কি প্রসিডিওর করবেন - সেক্রেট ব্যালটের যুগে ওরা বলছেন না—ভয় দেখবার জন্য হাত তুলে ভোট দিতে হবে। এই যদি হয়, আমি বলছি Excessive delegation of power on members and the procedure to be adopted there must be some rules. এই রুলস হাউসের সামনে আসছে না। সুতরাং তাদের কোন অ্যাকাউন্টিবিলিটি নেই, তাদের কৈফিয়ত দিতে হবে না। আজকে যদি কৈফিয়ত দিতে হয় মন্ত্রীকে—কৈফিয়ত দিতে হবে হাউসের সামনে। গভর্ণরকে কৈফিয়ত দিতে হবে প্রেসিডেন্টের কাছে। আজকে সিনেট এবং সিণ্ডিকেটের মেম্বারদের কৈফিয়ত দিতে হবে না। তারা ঐ আলিমুদ্দিন ষ্ট্রীটে মিটিং করবেন আর এখানে এসে আপনারা এইসব বলবেন। সেইজন্য আমি মাননীয় শম্ভুবাবুকে বলছি আর পুতুল সাজবেন না। আমি আপনাকে অনুরোধ করছি, পুতুল নাচ আর নাচবেন না। এই সংশোধনীর জন্য আজকে সমস্ত বিবেকমান মানুষ, সমস্ত বুদ্ধিজীবি, শিক্ষক, প্রফেসার এবং ডাক্তার সর্বস্তরের মানুষ আজ বিক্ষুব্ধ। আপনারা আজকে কলিকাতা ইউনির্ভাসিটির যে ঐতিহ্য ছিল সেই ঐতিহ্যকে নষ্ট করে পার্টির কুক্ষিগত, পার্টির একটা আখড়ায় পরিণত করেছেন।

Mr. Speaker : One moment. I have also received two notices of motions on this Bill (1) from Shri Abdus Sattar and the other from Sk.

Anwar Ali. As there is no specific rule in the Rules of Procedure and Conduct of Business this cannot be taken up as an item for discussion in the House. I also received another notice from Shri Abdus Sattar to hold a discussion on the Calcutta University Amendment Bill, 1984 on the ground that the Bill initiates outside the legislative competence of the House on which Shri Sattar has spoken. I now call upon Dr. Zainal Abedin under Rule 73 (1). Please explain this statement.

Dr. Zainal Abedin : Sir, I beg to oppose the introduction of the Calcutta University (Amendment) Bill, 1984, moved by Shri Sambhu Charan Ghosh

There is no expediency explained by the Hon'ble Minister in his statement of objects and reasons. This is point no. 1.

Sir, I consider its expediency to be a political expediency just to please the major partner of the Left Front, i. e., CPI (M) and the education world dominated by the Alimuddin Street that is the purpose and main object of this Bill.

Sir, the dice is cast and all is over. The Chancellor has nominated Dr. Santosh Bhattacharyya as the Vice-Chancellor of the Calcutta University and at the moment Dr. Santosh Bhattacharyya is not going to oblige the CPI (M) and the Alimuddin Street hoodlums. By his resignation, he is not going to oblige the Education Minister or the Alimuddin Street. So there is no expediency whatsoever

No. 3, Sir, you have circulated a number of legislations this time, possibly thirty three pieces of legislations. What is the urgency for selecting this piece of legislation to be the first to be discussed in the House ?

Mr. Speaker : That is the decision of the Business Advisoay Committee. I have nothing to do in the matter.

Dr. Zainal Abedin : Sir, you chair the Bussiness Advisory Committee, It is not the Business Advisory Committee, but it is the Government which decide that this thing should be brought first and it is the political tendency of the ruling party that dominate. Sir the Business Advisory Committee has no business with the allotment or with the priority. It is the crime of the politics, nothing else. So thera is no expediency, whatsoever.

My next point, Sir, is that you must have seen in the newspaper reports, the entire world of education, within Bengal and outside Bengal, are agitating against this Bill. The Leader of the House, Shri Jyoti Basu. while he had been in the opposition and Shri Harendra Roy Chowdhury was the Education Minister, on a similar piece of legislation, Shri Jyoti Basu as the Leader of the Opposition observed that the educated people had not been consulted. Now I put forward the same objection the educated people, the professors and the people concerned have not been consulted by this Government before this bill is being brought before the House.

Next point, Sir is that there is no proposal for referring this Bill to a Select Committee. There is no proposal I thank, Sir, it is the high-handedness of the government, Sir. in the name of democracy, they are going to establish a regime of tyranny, I quote, "Democracy cannot be fully characterized as the rule of majority, although the institution of general elections is most important. For, a majority might rule in a tyrannical way." Sir, this government is just doing in that way. It is ruling this State in a tyrannical way. The people has every right to resist such tyranny, Sir, again I quote, 'I' fact, the working of democracy rests largely upon the understanding that a government which attempts to misuse its powers and to establish itself as a tyranny (or which tolerates the establishment of tyranny by anybody else) outlaws itself," Sir, this government has outlawed itself. I again quote, "and that the citizens have not only a right but also a duty to consider the action of such a

government as a crime," Sir, we consider this piece of legislation as a crime, "and its members as a dangerous gang of criminals. So it is, Sir.

My next point, Sir, is that the purpose of this Bill is solely political. This is going to bring a confusion in the education world. They are opposing what they have said a decade ago in 1951. 1959, 1964, the present Leader of the House, while he was sitting in the opposition, had opposed that public opinion had not been elicited and now they are doing the some crime here. They are going to perpetuate a rule of tyranny and we have every right to oppose it.

My next point, Sir, is that we are living in a period which possibly, Sir, relates to French Revolution. We are not nearabout any revolution. We are in a state of transition, we are in a state of tyranny. Sir, "It was the best of times, it was the worst of times, it was the age of wisdom, it was the age of foolishness, it was the epoch of belief, it was the epoch of incredulity, it was the season of Light, it was the season of Darkness, it was the spring of hope, it was the winter of despair, we had everything before us, we had nothing before us, we were all going direct to Heaven, we were all going direct the other way—in short, the period was so far like the present period," Sir, we are living in such an age under the dominant of CPI(M). As such, Sir, I oppose the introduction of this piece of legislation on this ground and I want that the Bill should be circulated and the opinion of the people should be elicited.

My next point is that the University Grants Commission makes a lump sum grant to the University for its functioning and day to day activities.

The Government has not thought it necessary so far consult the UGC for the purpose of bringing forward this legislation. Unless the UGC is consulted by the Government, without the consent of the UGC, this type of legislation should not be brought here. Education being a concurrent subject,

the Central Government should have been consulted before this legislation was proposed to be brought forward here in this House. My last point that it will be requiring assent of the Governor and the target of the overnment is the Chancellor, who is also the Governor of this State. I think there will again be a deadlock here. Before you introduce this Bill here, recommendation of the Governor should have been obtained, consultation with the UGC should have been obtained, and consultation with the Central Government should have been done because this Government runs to the Centre with a beggar's bowl. If this autocratic legislation is introduced here, if this negative legislation is introduced here, there will be a total confusion. As such, I oppose the introduction of this Bill and I appeal to the Leader of the House to withdraw this Bill. It should be circulated for eliciting public opinion. It should go to the Select Committee where we can discuss elaborately. Further I endorse all the points put forward by the Leader of the Opposition, Shri Abdus Sattar.

Thank you.

[4-25—4-35 P. M.]

শ্রীসেখ্ আনোয়ার আলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজকে হাউসে যে বিল এনেছেন তার বিরোধীতা করে অপোজিসান লিডার আবদুস সাত্তার এবং জয়নাল আবেদিন সাহেব বলেছেন। আমাকে এক মিনিটের বেশী সময় দেবেন না ঠিক করেছেন। এই বিলের আমি তীব্র বিরোধিতা করছি। এই বিলের জন্য জনসাধারণের ওপিনিয়ান নেবার কথা হয়েছে। আমি বলতে চাই এই বিলের জন্য জনসাধারনের ওপিনিয়ান নেওয়া হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় স্পীকার স্যার, পাবলিক ওপিনিয়ান নেবার জন্য যে সমস্ত যুক্তি বিরোধী দলের নেতা এবং জয়নাল সাহেব দিয়েছেন তার উপর আমার আর কিছু বলার নেই। সেই জন্য আমি আর কিছু না বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, কোন আইন হয় দেশের লোকের স্বার্থে। কিন্তু আজকে যে ক্যালকাটা ইউনিভারসিটি এ্যামেণ্ডমেণ্ট বিল আনা

হয়েছে এটা জনসাধারনের স্বার্থে নয়, পার্টি স্বার্থে এই বিলের জন্ম হয়েছে। যদি রাজ্যপাল ওনাদের কথা মতো কাজ করতেন তাহলে এই বিলের জন্ম হ'ত না। রাজ্যপাল যেহেতু উপাচার্য্য নিয়োগের ব্যাপারে ওনাদের কথা শোনেননি তখন জ্যোতিবাবু এবং শিক্ষামন্ত্রী ঠিক করলেন আচার্য্য এবং ভাইস চ্যানসেলারের ক্ষমতা কুক্ষিগত করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের লোকের স্বার্থে এই আইন নয়, পার্টির লোকের স্বার্থে এই আইন তৈরী করা হয়েছে। এই আইন কোনদিন কার্যকরী হতে পারে না। আমি তাই বলতে চাই পশ্চিমবাংলার মানুষ ঠিক করবে এই আইন আনা যায় কি না। এই ব্যাপারে আপনারা একটা ফ্রাংককেসটাইন তৈরী করার চেষ্টা করছেন। দু-দিন বাদে বলবেন সেনেটে আমাদের লোক আসছে না তাই এই আইনের পরিবর্ত্তন করতে হবে। মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী এই ব্যাপার নিয়ে আইন তৈরী করতে বসবেন। জানিনা ওনাদের মতিভ্রম হয়েছে কিনা, মস্তিস্কের বিকৃতি হয়েছে কিনা। উপাচার্য্য ওনাদের মনোমতো একজন দূর্নীতিগ্রস্ত লোককে করা হয় নি বলে এই বিল আনা হয়েছে। তাই আমি বলতে চাই—যে কথা মাননীয় সাত্তার সাহেব বলেছেন এবং জয়নাল সাহেবও বলেছেন—যে এই বিল সিলেক্ট কমিটিতে পাবলিক ওপিনিয়ানের জন্য পাঠানো হোক। এই বিল সাধারন মানুষের কাছে পাঠানো হোক, তারাই ঠিক করবে এই বিল আনা যায় কিনা।

শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যরা তাঁদের বক্তব্য রাখতে গিয়ে যে সমস্ত কথা বললেন, তার কোনটা অনুধাবন করতে পারলাম না। মাননীয় বিরোধী দলের নেতা এখানে উল্লেখ করেছেন, ১৯৭৯ সালে যে আইনটা প্রনয়ণ করা হয়েছে, সেই আইনেরই পঞ্চম ও ষষ্ঠ ধারাগুলি সংশোধন করে ১৯৮৪ সালে এখানে আনা হয়েছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, বেঙ্গল ফিন্যান্স এ্যাণ্ড ট্যাক্স (এমেণ্ডমেণ্ট) বিল ১৯৭৪ সালে যা পাশ করেছিলেন, তার মধ্যে সেকেণ্ড, থার্ড এ্যাণ্ড ফোর্থ এ্যামেণ্ডমেণ্ট কিন্তু একই সেসানে এনেছিলেন। বিরোধীদলের নেতা তখন মন্ত্রীসভার একজন সদস্য ছিলেন। দ্বিতীয়তঃ, দি ক্যালকাটা মিউনিসিপ্যাল (এমেণ্ডমেণ্ট) বিল, ১৯৭২ সালে এখানে পাশ করা হয়েছিল। সুব্রতবাবু তখন মন্ত্রীত্বে ছিলেন। তিনি বলুন তো, ১৯৭২ সালে ঐ যে আইনটা পাশ হয়েছিল, তারমধ্যে ২য়, ৩য় এবং চতুর্থ নম্বর এ্যামেণ্ডমেণ্ট এসেছিল কিনা একই বছরে? কাজেই এই সমস্ত কথা ওঁদের মুখে শোভা পায় না। ১৯৭৯ সালে যে আইন পাশ হয়েছে তার উপড়ে কোন সংশোধনী আনতে পারি না—এই কথা ওঁদের বলা শোভা পায় না। আমরা বলেছি, এর দ্বারা কোন সমস্যার সৃষ্টি হবে না। আমরা আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে উপলব্ধি করে, এটাকে আরও বেশী গণতন্ত্রীকরণ করার উদ্দেশ্যেই এখানে বিলটি এনেছি। বিলটির মূল উদ্দেশ্যই হচ্ছে আরও বেশী গণতন্ত্রীকরণ। আমার মনে হয়, বিরোধীদলের মাননীয় সদস্যরা প্রোপোরসান্যাল রিপ্রেজেনটেশনের ব্যাপারে ভাল বুঝতে পারেন নি। সেই জন্য তাঁরা এর বিরুদ্ধে সংবাদপত্রে বিবৃতি দিচ্ছেন। তাঁরা বলছেন, সংখ্যাধিক্য ভোট যিনি পেয়েছেন, তাঁর নামকেই আচার্য্য

নির্বাচিত করেছেন। বিষয়টাকে আমি সিম্পলিফাই করে দিচ্ছি। আমরা আচার্য্যকে বলেছি, মেজরিটি ভোট না দেখে প্রোপোরসন্যাল রিপ্রেজেনটেশনে যিনি নির্বাচিত হবেন, তাঁকেই উপাচার্য্য হিসাবে নির্বাচিত করুন। বিলটিতে সরকার কি চাইছেন? সরকার চাইছেন, সিনেট এবং এ্যাকাডেমির সদস্যরা উপাচার্য্য কে হবেন, তা ঠিক করুন। অর্থাৎ উপাচার্য্য নির্বাচনের জন্য সিনেটের নির্বাচনই যথেষ্ট বিবেচিত হবে। শুধু তাই নয়, প্রো-ভাইস চ্যান্সেলরকে নির্বাচন করতেও আচার্য্য বা উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আসার প্রয়োজন হবে না। কোন রকম রাজনীতি বা সরকারের খবরদারী এর ফলে আর থাকবে না। এই ভাবেই আমরা এখানে বিলটিকে রেখেছি। এ্যাকাডেমিক বডির সদস্যরাই বিশ্ববিদ্যালয় পরিচালনা করেন এবং সেই অর্থে তাঁরাই ভাইস চ্যান্সেলর এ্যাণ্ড প্রো-ভাইস চ্যান্সেলর নির্বাচিত করবেন। সেই জন্য মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব, কোন রকম ভাবাবেগে পরিচালিত না হয়ে ভাল ভাবে বিলটিকে অনুধাবন করুন। এটাকে আমরা অত্যন্ত ভাল দৃষ্টিকোণ দিয়ে বিচার করে আনবার চেষ্টা করেছি।

Mr. Speaker : I now put to vote the motion for introduction moved by Shri Sambhu Charan Ghose.

Shri Subrata Mukherjee : Sir, I want division.

[4-35—4-45 P. M.]

The motion of Shri Sambhu Charan Ghose of the Calcutta University (Amendment) Bill, 1984 be introduced was then put and a division taken with the following result :

AYES

Abdul Quiyom Molla, Shri	Anisur Rahaman Biswas, Shri
Abdur Razzak Molla, Shri	Banerjee, Shri Amiya Bhusan
Adak, Shri Gourhari	Basu, Shri Ajit

Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Subhas
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Lal Behari
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chakrabarty, Shri Jatin
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Ghatak, Shri Santi Ranjan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shrimati Chhaya
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Kumar, Shri Himansu
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Mal, Shri Trilochan
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Purna Chandra
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan Kumar

Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Shri Sambhunath
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Shashanka Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Paik, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik' Shri Radhika Ranjan
Ray, Shri Achintya Krishna
Ray, Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sattik Kumar
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Seth, Shri Lakshman Chandra
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Manohar
Tudu, Shri Bikram

NOES

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Anwar Ali Sekh, Shri
Banerjee, Dr. Ambika
Barman, Shri Dipendra
Bhunia, Dr. Manas
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Ghosh Shri Prafulla Kanti
Goswami, Shri Arun Kumar
Habibur Rahaman, Shri
Khaitan, Shri Rajesh
Lutfal Haque, Shri
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Maity, Shri Mukul Bikash
Mishra, Shri Abanti
Misra, Shri Kashinath
Molla, Shri Fazle Azim
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Poddar, Shri Deokinandan
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Naba Kumar
Ray, Shri Phani Bhusan
Roy, Shri Sukumar
Sarkar, Shri Dhirendra Nath
Seth, Shri Bhupendra Nath
Sha, Shri Ganga Prosad
Shaikh Imajuddin, Shri

ABSTENTIONS

Sarkar, Shri Deba Prasad
Purkait, Shri Prabodh

Ayes beieg 129 and the Noes 36. Abst. 2

The motion was carried.

(Secretary then read the title of the Bill)

Shri Sambhu Charan Ghose : Mr. Speaker, Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1984 be referred to a Select Committee consisting of the following Members, namely :

(1) Shri Anil Mukherjee,
(2) Shri Debranjan Sen,
(3) Shri Matish Ray,
(4) Shri Bhupal Panda,
(5) Shri Prabodh Chandra Sinha,
(6) Shri Amiya Bhusan Banerjee,
(7) Shri Radhika Ranjan Pramanik,
(8) Shri Sumanta Kumar Hira,
(9) Shri Jagadish Chandra Das,
(10) Shri Brajo Gopal Neogy,
(11) Shrimati Anju Kar,
(12) Shri Sachin Sen,
(13) Shri Barindranath Koley,
(14) Shri Rabindra Nath Mondal,
(15) Shri Joykesh Mukherjee,
(16) Shri Lakshmi Kanta Dey,
(17) Shri Nani Kar,
(18) Shri Abdul Quiyom Molla,
(19) Shri Santashri Chattopadhyay,
(20) Shri Subhas Basu,
(21) Shri Subrata Mukherjee,
(22) Dr. Zainal Abedin,
(23) Dr. Kiran Chaudhuri,
(24) Shri Dipak Sengupta,
(25) Shri Amalendra Roy, and
(26) Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Education (Higher) Department,

that the committee shall make a report to the House by the 23rd March, 1984.

that in order to constitute a sitting of the Committee, the quorum shall be one-third of the total number of the members of the Committee,

that in other respect the rules and procedure of this House relating to the Committees will apply with such variations and modifications as the Speaker may make,

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ স্যার, মন্ত্রিমহাশয় যেটা মুভ করলেন তাতে অলসেডস অফ ওপিনিয়ন যাতে রিপ্রেজেন্টেড হয় সেইভাবে মুভ করলে ভালো হোত। কারণ সেইভাবে রিপ্রেজেন্টেড হয়নি।

Mr. Speaker : I have received motions for reference of this Bill to the Select Committee from Shri Kashinath Misra, Shri Subrata Mukherjee and Dr. Manas Bhunia. Since the Minister himself moved a motion for reference of the Bill to the Select Committee, I think, it is not necessary for them to move the motion. I now put to vote the motion of Shri Sambhu Charan Ghose that the Calcutta University (Amendment) Bill, 1984 be referred to the Select Committee.

The motion was then put and agreed to.

The Gangasagar Mela (Amendment) Bill, 1984.

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I beg to introduce The Gangasagar Mela (Amendment) Bill, 1984, and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legilative Assembly

Section 4(1) of thc Gangasagar Mela Act, 1976 (West Bengal Act IV of 1976) authorises the state Government to impose a fee not excee-

ding rupees two per head per year upon every pilgrim visiting the Gangasagar Mela for the purpose of taking measures with a view to safeguarding the health, safety and welfare of the pilgrims attending the Mela and for matters connected therewith or incidental there to. The fee imposed on the pilgrims uuder the provisions of the above Act was withdrawn by issuing a notification dated the 7th January, 1978. No fee was realised from the pilgrims attending the Mela held in 1978, 1979, 1980, 1981, 1982 and 1983.

For the convenience of the pilgrims, special arrangements are required to be made by the State Government through its different agencies and such arrangements are becoming more and more elaborate every year and the expenditure for the purpose is increasing year after year. Total expenditure for the financial year 1982-83 is estimated to come about Rs. 90 lakhs, representing 100% increase over the financial year 1981-82. For the financial year 1983-84 the total amount required for making necessary arrangements for the welfare of the pilgrims is estimated at Rs. 1.41 crores as against the budget provision of Rs. 75 lakhs only for the current financial year. In view of the steep rise in expenditure, the State Government decided in December, 1983 to re-introduce the fee on the pilgrims at a rate not exceeding rupees ten per head per year. As the Legislative Assembly of the State was not in session and as it was necessary to taken immediate action to give effect to the above decision in view of the Gangasagar Mela due to be held on the 15th January, 1984, the Gangasagar Mela (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordioance No. XVI of 1983) empowering the State Government to impose the fee at a rate not exceeding rupees ten per head per year was promulgated on the 17th December, 1983.

(Secretary then read the Title of the Bill)

(At this stage Mr. Deputy Speaker took the Chair)

Mr. Deputy Speaker: I have received one Statutory Resolution from Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra and Shri Suniti Chattaraj disapproving the Gangasagar Mela (Amendment) (Ordinance), 1983 (West Bengal Ordinance No. XVI of 1983). Shri Bapuli may now move his motion.

Shri Satya Ranjan Bapuli: Mr. Deputy Speaker, Sir, I beg to move that this House disapproves the Gangasagar Mela (Amendment) (Ordinance), 1983 (West Bengal Ordinance No. XVI of 1983).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে গঙ্গা সাগর মেলায় প্রথমে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর যে পিলগ্রিম ট্যাক্স ছিল ছ্যাট ওয়াজ উইথড্রন কমপ্লিটলি এবং বোধ হয় জিতে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এটা সাধারণ মানুষকে জানাবার জন্য তুলে দেওয়া হয়েছিল। তারপর আবার সেই ট্যাক্সটা ৫ টাকা করে করা হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে শুধু দুটো কথা বলব যিনি এই বিল এনেছেন যে এই গঙ্গা সাগর মেলায় যেসমস্ত পিলগ্রিমস যায় তাঁরা শুধু বাইরের লোক নন, পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ লোক সেখানে যান। সেখানে ১০ টাকা পর্যন্ত এই পিলগ্রিম ট্যাক্স বসাবার যে প্রস্তাব আনা হয়েছে আমি এর বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলব যে মাননীয় মুখ্যমন্ত্রী গতবার ৫ টাকা পর্যন্ত ট্যাক্স করার একটা অর্ডিন্যান্স করেছিলেন। কিন্তু এই অর্ডিন্যান্সটা আমার মনে হয় না করলে ভাল করতেন। কারণ, একবার আপনারাই উইথড্র করেছিলেন। এবারে একবার ৫ টাকা করে তারপর ১০ টাকা করে যদি পিলগ্রিম ট্যাক্স করা হয় তাহলে আমার মনে হয় খুব বেশী ট্যাক্স করা হচ্ছে। আপনারা ভাবুন বিভিন্ন রাজ্যের লোক আসে পশ্চিমবঙ্গের সাগরে পূন্য স্নান করতে। অবশ্য আপনারা পূন্য স্নানে বিশ্বাস করেন কিনা জানি না, তা যদি হয় তাহলে আপনারাই যখন একবার উইথড্র করেছিলেন তখন এটাকে কমিয়ে দিন, এটাকে ৫ টাকা না করে যদি ৪ টাকা করে রাখেন তাহলে আমার মনে হয় ভাল হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এটা কন্সিডার করতে বলব।

শ্রীজ্যোতি বসু: মাননীয় সদস্য ঠিকই বলেছেন যে আগে যেটা ২ টাকা করে নেওয়া হত ১৯৭৮ সালে সেটা আমরা উঠিয়ে দিই। কিছু আমাদের কাছে রিপ্রেজেনটেসান আসে, কিন্তু আমরা মনে করি খরচ যা হচ্ছে তাতে কোন রকমে মিটিয়ে নিতে পারব, সেজন্য আমরা ১৯৭৮ সাল থেকে সেটা প্রত্যাহার করে নিই যে কিছু দিতে হবে না। কয়েক বছর এইভাবে চলেছে।

কিন্তু খরচ দেখছি ক্রমশঃ বেড়ে যাচ্ছে যেজন্য অর্ডিন্যান্স করতে হল। ১৯৮৩-৮৪ সালে প্রায় ১ কোটি ৪১ লক্ষ টাকা খরচ হয়েছে আমাদের, বাজেটে রেখেছিলাম ৭৫ লক্ষ টাকা। সুতরাং খরচ ক্রমশঃ বেড়ে যাচ্ছে। এর আগে আমরা খোঁজ নিয়ে দেখলাম ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যেখানে এই রকম ধর্মীয় সমাবেশ হয় সেখানে কিছু কিছু এই রকম ধরণের ফিজ নেওয়া হয় যাঁরা সেখানে যান তাঁদের কাছ থেকে। আজকের দিনে এখানে যাঁরা আসেন তাঁদের খরচ করতে হয়, টাকা-পয়সা নিশ্চয়ই যোগাড় করে এখানে আসেন, সুতরাং আমার মনে হয় না তাঁদের খুব অসুবিধা হয়। তবে আমরা হঠাৎ এই বছরে ৫ টাকা করেছিলাম; আগামী বছরে ১০ টাকা করলে খরচের দিক থেকে আমাদের কিছুটা সুবিধা হবে।

[4-45—4-55 P.M.]

যারা আসবে তাদের জন্য আমাদের ব্যবস্থা করতে হবে। সে টাকা নিলেও করতে হবে এবং না নিলেও করতে হবে। আমার মনে হয় এতে তীর্থযাত্রীদের খুব একটা অসুবিধা হবে না। যাঁরা আসবার তাঁরা আসবেন। যারা আসবেন তাঁরা জেনে গেলেন এবং এর জন্য তারা তৈরী হয়েই আসবেন। আর বাজেটের যা অবস্থা তাতে এই ব্যবস্থা করতে আমরা বাধ্য হচ্ছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা শুধু অনুরোধ করবো যে গতবারে ৫ টাকা করে সাগর মেলার জন্য ট্যাক্স ছিল। যারা লঞ্চ থেকে নামে তাদের থেকে টিকিট এবং পাঁচ টাকা করে নেওয়া হয়। যেখানে এই পাঁচ টাকা নেওয়া হয় সেখানে আমি উপস্থিত ছিলাম। যেখানে লঞ্চের লোক নামে সেখানে ঠিকমত ঐ টাকা আদায় করা হয় না। এই টাকা নেবার লোক ঠিকমত থাকে না। যদি ঠিক ঠিক লোক থাকতো তাহলে অনেক বেশী টাকা আদায় হোত। এই ৫ টাকা করেই যদি নেওয়া হয় তাহলে অনেক বেশী টাকা আদায় হতে পারে। আমার মনে হয় ৫ টাকা করে করলেই হতে পারে। অবশ্য একথা ঠিক খরচ বেড়েছে। আমার মনে হয় ১০ টাকা না করে ঐ ৫ টাকা করে যাতে কালেকসনটা ভাল হয় তার ব্যবস্থা করুন।

শ্রীজ্যোতি বসু : আমি আবার বলছি পুনরাবৃত্তি হচ্ছে, আমরা এটা একেবারে উঠিয়েই দিয়েছিলাম কয়েক বছর ধরে। এবারে ৫ টাকাটা ১০ টাকা করছি। তবে যদি অভিজ্ঞতায় দেখি এতে অসুবিধা হচ্ছে তাহলে বিবেচনা করবো। এ ছাড়া আর বলার কিছু নেই।

Mr. Deputi Speaker : The Motion of Shri Satya Ranjan Bapuli that this House disapproves the Gangasagar Mela (Amendment) Ordinance, 1983 (West Bengal Ordinance No. XVI of 1983), was then put and lost.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the Gangasagar Mela (Amendment) Bill, 1984 be taken into consideration.

শ্রীদীপক সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ ব্যাপারে বলার কিছুই নেই। একটা জিনিস হচ্ছে খরচ বাড়ছে সকল রকম ব্যবস্থা করার জন্য এবং সরকারকেই সেই সব ব্যবস্থা করতে হচ্ছে। কিন্তু ওখানকার পুরোহিত পাণ্ডা মারফত বহু টাকা বাইরে চলে যাচ্ছে তাকে রোধ করবার ব্যবস্থা নেবার জন্য সরকারকে আমি অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে এমেণ্ডমেণ্ট বিল এসেছে এটা অর্ডিন্যান্স আকারে কার্যকরী হয়ে গেছে। এখন প্রশ্ন হচ্ছে যে পরিমাণে খরচ বাড়ছে ১ কোটি ৪০ লক্ষ টাকা খরচ হয়েছে সমস্ত ব্যবস্থা করার জন্য total management, total arrangement এবং এটা ষ্টেট গভর্ণমেণ্টকেই করতে হয়েছে পি. এইচ. ডি, পি. ডবলিউ. ডি ডিপার্টমেণ্ট মারফৎ। এবং এই খরচ প্রতি বছরই বাড়ছে। এই এখানে পুরোহিত বসে আছেন—। ওরা একটি পয়সাও খরচ করবেন না। মন্দির সংস্কার করা মন্দির ভেঙে গেলে তাকে তৈরী করতে হবে। ওরা একটি পয়সাও খরচ করবেন না। এই সব ষ্টেট গভর্ণমেণ্টকে করতে হচ্ছে। এতে ষ্টেট গভর্ণমেণ্টের উপর প্রেসার পড়ছে। বর্তমানে এই মেলার পরিধি কত বেড়েছে। এখন সেখানে ৭/৮ লক্ষ পিলগ্রিমেজ উপস্থিত হয়। ১৯৭৪-৭৫ সালে যা ছিল তার অনেক গুণ লোক বেড়েছে। সেখানে আগের মিনিষ্টাররা গিয়েছিলেন এবং অনারেবল ডিগনেটর গিয়েছিলেন—তাঁরা দেখেছিলেন একটুও জলের ব্যবস্থা ছিল না লক্ষ লক্ষ লোক ছুটে বেড়িয়েছে সেখানে। মন্ত্রী চলে এলেন সেখান থেকে কোন ব্যবস্থাই করতে পারেন নি। আজকে সেখানে জলের কোন সমস্যাই নেই—সেখানে ডিপ টিউবওয়েল হয়েছে। জল সরবরাহের ব্যবস্থা হয়েছে—চারিদিকে জল চলে যাচ্ছে। সেখানে ওয়াটার রিজারভার তৈরী হয়েছে—পাইপ লাইন দিয়ে জল চলে যাচ্ছে। পাঁচ মাইল জুড়ে এই মেলা হচ্ছে এবং সেখানে প্রত্যেকটি জায়গায় জল চলে যাচ্ছে।

এবং সেটা হচ্ছে একটা আইসোলেটেড আইল্যাণ্ড। ওখানে বাস ট্রিপ দেয়, যাত্রীদের বাসে করে নিয়ে যেতে হয়। লঞ্চে করে যাত্রীদের নিয়ে যেতে হয়। ১৫০টা লঞ্চ সেখানে ঐ কয়দিন প্লাই করে। দু দিনের মধ্যে লক্ষ লক্ষ যাত্রীকে নিয়ে যাওয়া হয় এবং দু দিনের মধ্যে আবার সেই লোকগুলোকে ফিরিয়ে আনতে হয়। সুতরাং ১০ টাকা মুখ্যমন্ত্রী যেটা করেছেন—অর্ডিন্যান্স হিসাবে যেটা রয়েছে, সেটা নিশ্চয়ই কর্য্যকরী করা উচিত এবং পশ্চিমবঙ্গ সরকারের এই মেলার ব্যাপারে অনেক টাকা খরচ হয়। সুতরাং এই যে টাকা ধার্য করা হয়েছে, এই টাকা যাতে প্রপারলি কালেকটেড হয়, সেদিকে দৃষ্টি রাখতে কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গঙ্গা সাগর মেলা ১৯৮৪ যে বিলটা এসেছে, এই বিল সম্পর্কে আমি দুচারটি কথা বলতে চাই। আমরা বিগত দিনের কথা যদি স্মরণ করি, তাহলে সেটা একটা ইতিহাস হয়ে যাবে। গঙ্গা সাগর মেলায় কি অবস্থা ছিল, প্রতি বছর যাত্রীদের যে পরিমান দুর্ভোগ ভোগ করতে হতো, সেখানে একটা চরম অস্বাস্থ্যকর পরিবেশ ছিল, জল পাওয়া যেত না, পানীয় জলের কোন ব্যবস্থা ছিল না, সেই জিনিস আজকে নেই। আজকে গঙ্গা সাগর মেলায় একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয়েছে। আমাদের মাননীয় সদস্য বলে গেলেন, যে, অতীতে অভাবনীয় ঘটনা সেখানে ঘটে গেছে এবং সেই কষ্ট আজকে মানুষের নেই। লক্ষ লক্ষ মানুষ আজকে গঙ্গা সাগর মেলা থেকে সুষ্ঠু ভাবে ঘুরে আসছে। গঙ্গা সাগর মেলায় আমাদের পশ্চিমবাংলার চেয়ে বেশী যাত্রী পশ্চিমবাংলার বাইরে থেকে আসে। বহিরাগত যাত্রীদের যাতায়াত চিকিৎসা, পানীয় জলের ব্যবস্থা ইত্যাদি এই পশ্চিমবঙ্গ সরকারকেই করতে হয়। এই বিরাট দায়িত্ব বহন করতে যে পরিমান টাকা ধার্য্য ছিল, মাত্র দু টাকা করে কালেকশন করা হোত। বর্ত্তমানে যে ব্যবস্থা করা হচ্ছে, ১০ টাকা করে যদি কালেকশন করা হয় তাহলে যাত্রীদের আরও অনেক সুযোগ সুবিধা বাড়ানো সম্ভব হবে বলে আমি মনে করি।

The Motion of Shri Jyoti Basu that the Gangasagar Mela (Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There is an amendment to clause 2 by Shri Kashinath Misra. Shri Misra may now move his amendment.

Shri Kashinath Misra : Sir, I am not moving my amendment.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3 and preamble

The question that clause 3 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the Gangasagar Mela (Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984 &
The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984

Mr. Deputy Speaker : The Minister-in-charge, Shri Rabin Mukherjee may introduce both the bills at a time.

Shri Rabin Mukherjee : Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Shri Rabin Mukherjee : Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Shri Rabin Mukherjee : Sir, I beg to introduce the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984 be taken into consideration.

Sir, I also beg to move that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984, be taken into consideration.

[4-55—5-05 P. M.]

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে বিশেষ কিছুই বলার নেই। কিন্তু পশ্চিমবাংলার বর্তমান পরিবহন ব্যবস্থা কি অবস্থায় এসে দাঁড়িয়েছে সেটা সম্পর্কে কিছু বলা প্রয়োজন। পরিবহন ব্যবস্থা ক্রমশঃ অবনতির দিকে যাচ্ছিল বলেই আপনি এই বিল

এনেছেন এবং এই বিলের মাধ্যমে সেই অবনতি রোধ করার চেষ্টা করেছেন। টাকা সংগ্রহের ব্যাপারে উৎসুক হয়ে এই বিলটি এনেছেন। গাড়ীর মালিকদের এর সাথে যুক্ত করে ঠিকমত একটা লিঁয়াঁজ যাতে হয় সেই প্রচেষ্টা করেছেন। ব্যাংক, অন্যান্য ফিন্যানসিয়্যাল ইনসটিটিউসন থেকে টাকা নেওয়া হয়, সেই টাকা অনাদায়ী হয়ে থাকে। তাই মোটর ভেহিকেলস লাইসেন্স রিনুয়্যালের সময় নো অবজেকসান সার্টিফিকেট প্রোডিউস করতে হবে, আপনার সেকেণ্ড এ্যামণ্ডমেণ্ট বিলে এই কথাই বলতে চেয়েছেন। বেশীর ভাগই ব্যাংকের কাছ থেকে ফিন্যান্স নিয়ে থাকেন, পরিশোধ করা হয় না এই ক্ষেত্রে ব্যাংককে একটু সহযোগিতা করা হবে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে পরিবহন ব্যবস্থা আজকে একেবারে ভেঙ্গে পড়েছে। সেই ব্যবস্থাকে আপনি যদিও সচল করার চেষ্টা করছেন, কিন্তু তবু সেটা অচল হয়েই যাচ্ছে। এই অচল অবস্থা দূর করার জন্য আপনাকে আরো নতুন প্রচেষ্টা চালাতে হবে। বেসরকারী প্রতিষ্ঠান ব্যাংক থেকে টাকা ধার নেয়, সরকারের কাছ থেকে ভরতুকি পায়। বেসরকারী প্রতিষ্টানগুলো নানা ভাবে বাড়তে থাকে। একটি গাড়ী থেকে তারা ২/৩টি গাড়ী কেনে। সরকারী গাড়ীর ক্ষেত্রে ক্রমশঃ লোকসান বেড়েই চলে। বেসরকারী গাড়ীর চেয়ে সরকারী গাড়ীর দাম অনেক বেশী, অথচ সরকারী গাড়ী বেশি দিন রাস্তায় চলে না, জনস্বার্থে বেশি দিন কাজ করে না। মাননীয় পরিবহন মন্ত্রী এ্যাডমিনিষ্ট্রেসনের দিকটা যেমন চিন্তা করছেন তেমনি রাস্তায় যাতে বেশী সংখ্যক গাড়ী নামে সেদিকটাও একটু চিন্তা করুন। পরিবহনের সচল করার দিকটা তিনি এড়িয়ে যাচ্ছেন। সেই জন্যই আমি বিলটিকে সারকুলেসানে দেবার জন্য বলেছিলাম এবং এটা ছোট বিল হলেও মেন পরিবহন ব্যবস্থার সঙ্গে যুক্ত এবং সেই পরিপ্রেক্ষিতেই আমি দু চারটি কথা আপনার সামনে বললাম।

পশ্চিমবাংলার অচল পরিবহন ব্যবস্থাকে সচল করার জন্য তিনি কি প্রচেষ্টা নিচ্ছেন বা কি কার্যকরী ব্যবস্থা নিচ্ছেন আশা করি হাউসে তিনি সেটা বলবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন মুখার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, উত্তর দেবার বিশেষ কিছু নেই, আমি শুধু বলতে পারি, বাজেটের সময় উনি এসব ব্যাপারে অনেক সমালোচনা করার সুযোগ পাবেন এবং আমরাও পরিবহন ব্যবস্থার কতটা উন্নতি করতে পেরেছি এবং সামনের দিনে কতটা পারবো সেটা বলতে পারবো। তবে পরিবহণ ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে এবং সামনের দিনে আরো উন্নতি হবে সে বিষয়ে সন্দেহ নেই এবং ওঁনারও এ ব্যাপারে দুশ্চিন্তার কোন কারণ নেই। প্রথম বিলটির ব্যাপারে আমার ধারণা উনিও আমার সঙ্গে একমত। উনি ভালভাবেই জানেন যে একটা সময় এসেছিল যখন ফাইনানসার পাওয়া যাচ্ছিল না। ব্যাংক ইত্যাদি এরা আর ঋণ দিতে গররাজি ছিলেন। যারা গাড়ী নিয়েছিল বিশেষ করে ওদের আমলে তারা গাড়ীগুলি নিয়ে ব্যাংকের ঋণও শোধ করতেন না, কোন ইনটারেষ্টও দিতেন না। এখন যদি কারুরে নতুন ট্রাক দিতে হয়

এ্যডিশন্যাল এমপ্লয়মেণ্ট স্কীম ইত্যাদিতে তাহলে দেখা যাচ্ছে সেখানে ফাইনানসার বা ব্যাংক ইত্যাদি তারা অত্যন্ত সাই ফিল করছেন, তারা এগিয়ে আসতে রাজি হচ্ছেন না। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, যারা নিয়েছিলেন সেই সময় তারা সুদও দিচ্ছেন না, আসলও দিচ্ছেন না। গতবার আপনি জানেন একটা বিল এনে এই জিনিষটা করেছিলাম যে ফাইনানসারের কাছ থেকে বা ব্যাংকের কাছ থেকে একটা সার্টিফিকেট আনতে হবে। এই সার্টিফিকেট আনাটা বাধ্যতামূলক করেছি। এখন মুশকিল হচ্ছে, এই বিলটার একটা ব্যাখ্যা করা হল যে পার্মানেণ্ট যাদের পারমিট আছে এটা তাদের উপরই প্রযোজ্য, টেমপুরারিদের উপর প্রযোজ্য নয়। রিনিউয়াল মানে হচ্ছে পার্মানেণ্টদের ক্ষেত্রে রিনিউয়াল। এটাকে কভার করার জন্য যাতে সমস্ত লোকের ক্ষেত্রে এটা প্রযোজ্য হয় সেইজন্য এটা এনেছি। তাদের ফাইনানসারের কাছ থেকে বা ব্যাংকের কাছ থেকে এটা আনতে হবে, এটাই হচ্ছে এর মূল উদ্দেশ্য। দ্বিতীয় যেটা আছে সেটা হচ্ছে, মোটর ভিহিকলস ওয়ার্কাস এ্যাক্ট একটা আছে, সেটা আগে ছিল ৫ জন বা ৫ জনের বেশী। গতবার একটা নোটিফিকেশানের বলে সেটাকে ৫ জন ওয়ার্কারের কম করা হয়েছে। এখন এ ক্ষেত্রে মোটর ভিহিকলসের ওনারই হোন বা যেই হোন তাকে যদি রেজিষ্ট্রেশানের জন্য যেতে হয় তাহলে মোটর ভিহিকলস ট্রান্সপোর্ট ওয়ার্কার্স এ্যাক্ট যেটা আছে সেই আইন অনুসারে নথীভুক্ত হতে হবে এবং এই সার্টিফিকেট নিয়ে রেজিষ্ট্রেশানের জন্য যেতে হবে। এটা বাধ্যতামূলক করতে চাই ওয়ার্কারদের স্বার্থের দিকে চেয়ে। আমি মনে করি এতেও আপত্তি হবার কারণ নেই। আমি আশা করি, আমার দুটি বিলই মাননীয় সদস্যরা সমর্থন করবেন এবং পাশ করবেন।

[5-05—5-16 P. M.]

The motion of Shri Rabin Mukeerjee that the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that the clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabin Mukherjee : Sir, I beg to move that the Motor Vehicles (West Bengal Amendment) Bill, 1984 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1984.

The motion of Shri Rabin Mukherjee that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Shri Kashinath Misra : Sir, I beg to move that in clause 1(2), for the words beginning with "on such date" and ending with "in the official Gazettee, appoint." the words "at once." be substituted.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে এই কথা বলতে চাই যে তাঁর একটা আইন কার্যকরী হচ্ছে, সেই কার্যকরী আইনটা কবে নাগাদ ইম্পলিমেণ্ট করা হবে সেটা যদি ঠিকমত প্রকাশিত হয় এবং তার এফেক্টটা যদি ঠিক মত বোঝা যায় তাহলে সরকারেরই সেখানে সুবিধা হয়। সেদিক থেকে সরকারের এই আইনটা যদি পরিষ্কার থাকে তাহলে যে সুবিধা সেখানে টেম্পোরারী বাস বলুন, যারা ৪৭-য়ে পারমিট নিয়ে থাকে, তারপর স্থায়ী বলুন, আর যাই বলুন সকলের ক্ষেত্রে এই সুবিধা হয় এবং সেই সুবিধা দেবার জন্য এবং সরকারও যাতে সেখানে লাভবান হন তারজন্য যেদিন থেকে এটা কার্যকরী হবে সেটা অন্ততঃ জনসমক্ষে তুলে ধরতে পারেন সেজন্য আমি এটা দিয়েছি। এতে আর কিছু নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন মন্ত্রী মহাশয় আর একটা কথা বলেছেন যে এ্যাডিসন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের মাধ্যমে যে গাড়ী দেওয়া হয়েছিল বিগত দিনে এবং স্কুটার থেকে আরম্ভ করে বাস, ট্রাক ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে দেওয়া হয়েছিল, ব্যাংকের অনাদায় হচ্ছে। এটা আগেও হয়েছে এবং এখনও হচ্ছে। কিন্তু তার পরিপ্রেক্ষিতে একটা জিনিস দেখছি যে বেকার যুবকরা, যারা এ্যাডিশন্যাল এমপ্লয়মেণ্ট প্রোগ্রামের মাধ্যমে স্কুটার নিয়েছিলেন তাতে দেখা যাচ্ছে যে সরকার মঞ্জুর করলেও ব্যাংকের কাছ থেকে যখন নেওয়া হচ্ছে, ব্যাংক যাদের কাছ থেকে সেটা নিচ্ছেন, সেখানে কিন্তু গাড়ীর কণ্ডিশান ঠিক থাকে না। সেই ঠিক না থাকার জন্য বেকার যুবকদের উপরে একটা ভার এসে পড়ছে এবং এমন কি অনেক সময়ে তাদের বাড়ীও মর্টগেজ দিতে হয়। সরকারের কাছ থেকে সাবসিডি নিয়ে, একটা বিরাট অর্থের পরিমাণ নিয়ে পরিবহণের সেটা বাসই হোক, ট্রাকই হোক বা স্কুটারই হোক পরিবহনের দায়িত্ব নিলেন, সেখানে যখন তাকে সরবরাহ করা

হয় তখন সেখানে অনেক গাফিলতি থাকে। এই গাফিলতির জন্য বেকার যুবকদের অনেক অসুবিধার সৃষ্টি হয়।

গাফিলতির জন্য বেকার যুবকদের বিভিন্ন অসুবিধায় পড়তে হয়। বিগত দিনে তারা বহু অসুবিধা ভোগ করেছে এবং বর্তমানেও তাদের ভোগ করতে হচ্ছে। অতএব সেদিক থেকেও এটাকে চিন্তা করতে হবে। গাড়ি রাস্তায় বেরচ্ছে না, গাড়ি খারাপ হয়ে পড়ে আছে, ফলে ব্যাঙ্কের টাকা শোধ হচ্ছে না এবং সেই সঙ্গে পরিবহন দপ্তর ও পূর্ত দপ্তরও বিভিন্ন ট্যাক্স পাচ্ছে না, ফলে সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে। সুতরাং আমরা দেখছি বিগত দিনে বেকার যুবকদের পরিবহন ব্যবসায় অংশ গ্রহণ করতে গিয়ে যে সমস্ত অসুবিধায় পড়তে হয়েছিল আজও সেই সমস্ত অসুবিধায় পড়তে হচ্ছে। তাই আমি বিষয়টি পরিবহন মন্ত্রীকে চিন্তা করে আমার এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রীরবীন মুখার্জী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এমনই একটা সাবজেকটের ওপর ডিবেট হচ্ছে যে, যা নিয়ে কারো কিছু বলার নেই। অথচ কাশীবাবু এটার ওপরে ক্রমাগত বক্তৃতা করে যাচ্ছেন। স্যার, আমি ওঁকে বলব যে, উনি খুবই ভাল কথা বলছেন, উনি ভাল মানুষ, ভাল কথাই বলছেন, এখন কথা হচ্ছে, ইতিপূর্বে যাঁরা গাড়ি কিনেছিলেন তাঁরা ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়েছিলেন, কিন্তু পরবর্তী সময়ে তাঁরা ব্যাঙ্কের টাকা ফেরত দেননি। তাঁরা না ইণ্টারেষ্ট, না আসল, কিছুই ফেরত দেননি। ফলে পরবর্তী ক্ষেত্রে ব্যাঙ্কাররা আর কাউকে টাকা দিতে পারছিল না, এই পজিসন এসেছিল। এটা যদি উনি বুঝতে পারতেন তাহলে উনি এখানে এ্যামেণ্ডমেণ্ট গুলি আনতেন না। শুধু রাস্তায় গাড়ি বেরচ্ছে না, গাড়ি খারাপ হয়ে পড়ে আছে তাই নয়, টাকা শোধ না করাটা একটা হ্যাবিট হয়ে দাঁড়িয়েছিল। প্রথমে উনি বললেন যে, এই বিলটি সার্কুলেশনে দেওয়া হোক। তারপরে উনি নিজেই বিবেচনা করে দেখলেন যে সাকুলেশনের কোন কারণ নেই, তাই উনি সঙ্গে সঙ্গে আর একটি এ্যামেণ্ডমেণ্ট এনে বললেন যে, এটা এ্যাটোয়াল্স করা উচিত। অর্থাৎ আজকে বিধানসভা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই বিলটি কার্যকরী হওয়া উচিত। কিন্তু আমি ওঁকে বলছি যে, কার্যকরী করার ক্ষেত্রে কতগুলি বিধি-বদ্ধ প্রক্রিয়া আছে। ট্রান্সপোর্ট ওয়ার্কাস য়্যাক্ট আছে, সেখানে রেজিষ্ট্রেসন করতে হবে, কারো নাম লেখাবার দরকার হলে তা লেখাতে হবে, কারো নাম ক্যানসেল করতে হলে তা করতে হবে। সুতরাং এ ব্যাপারে যথেষ্ট সময়ের প্রয়োজন, অন্তত তিন মাস সময় দিতে হবে। যেটুকু সময় দরকার, সেটুকু সময় দিতেই হবে। তার চেয়ে বেশী সময় লাগবার কোন কারণ নেই। উনি ইণ্টারেষ্টেড যে, এটা চালু হোক, আমিও ইণ্টারেষ্টেটেড যে, এটা চালু হোক। কিন্তু উনি যখন এখানে বলছেন যে, এই বিলটি সার্কুলেশনে যাক, তখনই আবার বলছেন যে, এটা এ্যাটোয়াল্স করা হোক। সেই জন্য আমি ওঁকে বলছি যে, এই জাতীয় এ্যামেণ্ডমেণ্ট এনে কোন লাভ নেই, উনি ওঁর এ্যামেণ্ডমেণ্টটি উইথড্র করে নিন এবং আমার বিলে

যা আছে সেই ভাবে বিলটিকে পাশ করিয়ে দিন। সুতরাং আমি ওঁর এ্যামেণ্ডমেণ্টটি গ্রহণ করতে পারলাম না।

The motion of Shri Kashinath Misra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Rabin Mukherjee that the Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The motion of Shri Kashinatn Misra that in clause 1(2) for the words beginning with "on such date" and ending with "in the official Gazette, appoint" the words "at once" be substituted,

was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2, 3 and Preamble

The question that Clause 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabin Mukherjee : Sir, I beg to move that The Motor Vehicles (West Bengal Second Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was them adjourned at 5.16 P.M. till 1 P M. on Thursday, the 8th March, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 8th March 1984, at 1 P.M.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 6 Ministers, 6 Ministers of State and 154 Members.

[1-00—1-10 P. M.]

HELD OVER STARRED QUESTIONS

(To which oral answers were given)

Savings against Budget Estimates for Co-operation

***74.** (Admitted question No. *387.) **Shri Humayoun Chowdhury :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) if it is a fact that a substantial portion of the funds provided for in the Budget Estimates in respect of the Sixth Five-Year Plan Sehemes under the heads 298—Co-operation, 498—Capital Outlay for Co-operation, and 698—Loans for Co-operation during the years (i) 1980-81, (ii) 1981-82 and (iii) 1982-83 could not be utilised during the years under reference ; and

(b) if so, what are the reasons therefor ?

Shri Nihar Kumar Basu : (a) It is a fact that some savings occured in the cases of plan schemes under the heads in question during the years 1980-81, 1981-82 and 1982-83.

(b) Mainly due to non-receipt of proposals from the societies.

এস আই এবং এ এস আই-দের বদলি

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৮২ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৮৩ পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে পুলিসের মোট কতজন এস আই ও এ এস আই-কে জেলান্তরে বদলি করা হয়েছে ; এবং

(খ) এই ধরনের বদলি পি আর বি-র সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা ?

শ্রীজ্যোতি বসু : (ক) উক্ত সময়ে ২৬৮ জন এস আই ও ২২৭ জন এ এস আইকে জেলান্তরে অর্থাৎ এক জেলা হইতে অন্য জেলায় বদলী করা হয়েছে।

(খ) হ্যাঁ, সামঞ্জস্য পূর্ণ।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—আপনি এই যে বদলীর অর্ডার যতগুলি দিয়েছেন তার সবগুলি আজ পর্য্যন্ত কার্য্যকরী হয়েছে কিনা ?

শ্রীজ্যোতি বসু : আমি তা বলতে পারব না। এইসব ব্যাপারে মামলা পর্য্যন্ত হয়। কোনটায় কি হয়েছে তা বলতে পারব না।

STARRED QUESTIONS

(To which oral answers were given)

গ্রাম বৈদ্যুতিকরণ

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে সরকারী লক্ষ্যমাত্রা অনুযায়ী কতগুলি মৌজা বৈদ্যুতিকরণের কথা আছে ; এবং

(খ) ঐ লক্ষ্যমাত্রার মধ্যে ইতিমধ্যে কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কর্মসূচী (১) সমাপ্ত হয়েছে, ও (২) কাজ চলছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) ১৮৩০টি মৌজা।

(খ) (১) ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৫৮৮টি মৌজা বৈদ্যুতিকৃত হয়েছে ;

(২) ৭২০টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ বিভিন্ন স্তরে আছে, ৫২২টির ক্ষেত্রে এখনও কাজ শুরু করা সম্ভব হয়নি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রীমহাশয়, আপনার প্রদত্ত হিসাব অনুযায়ী দেখা যাচ্ছে লক্ষ্যমাত্রার এক তৃতীয়াংশও সম্পূর্ণ করা যায় নি। আমার যেটা প্রশ্ন, সেটা হচ্ছে এই যে বিদ্যুৎ দপ্তর চরম ব্যর্থতায় পর্য্যবসিত হবার কারণটা কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ প্রায় ৬০ ভাগের মত মনে হচ্ছে। এই হিসাবই আমার কাছে আছে। কিন্তু ৫২২টি ক্ষেত্রে কাজ সুরু হয়নি এবং এটা না হবার কারণও আছে। যেমন, কোথায়ও হয়তো কাজ সুরু হতে যাচ্ছে, তখন গ্রামবাসীরা এসে বলছেন যে এই রাস্তা দিয়ে যাবে না। এইসব বাধা আছে। কিছু কিছু ক্ষেত্রে কনট্রাক্টরদের গণ্ডগোল আছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে—মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে মৌজাভিত্তিক বৈদ্যুতিকরণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা পূরণে বাধা সৃষ্টি হয়েছে এবং যার জন্য আমরা দেখতে পাচ্ছি যে নির্দিষ্ট সময়ের মধ্যে এক তৃতীয়াংশও সম্পূর্ণ হয়নি। যে সমস্ত কারণে অসুবিধা সৃষ্টি হয়েছে বলে বলছেন, সেগুলো দূর করবার জন্য আপনার দপ্তর কোন সঠিক পরিকল্পনা নিয়েছে কিনা জানাবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ প্রথমে আবার বলি এক-তৃতীয়াংশ নয়, প্রায় ৬০ ভাগ হবে। দ্বিতীয়তঃ, এখন যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে প্রতিটি গ্রুপ সাপ্লাই লেভেলে একটি কমিটি করা হয়েছে এবং যে কমিটিতে বিধানসভার মাননীয় সদস্যরা আছেন, পঞ্চায়েতের প্রধান আছেন, পঞ্চায়েত সমিতির সভাপতি আছেন। তাঁদের এই সমস্ত ব্যাপারে বিষদভাবে দেখবার জন্য বলা হয়েছে। এ-ছাড়া জেলাস্তরে কো-অর্ডিনেশন কমিটি করা হয়েছে। সেখানে জেলা-শাসক রয়েছেন, জেলা পরিষদের সভাধিপতি রয়েছেন, সহ-সভাপতি রয়েছেন, কয়েকজন এম. এল. এ.

ও এম. পিও আছেন। এঁরা বিদ্যুৎ পর্ষদের অন্যান্য বিষয়ের সঙ্গে গ্রামীন বৈদ্যুতিকরণের ব্যাপারটাও দেখছেন। আমার মনে হয়, এই কমিটির কাজ ভালভাবে চললে বৈদ্যুতিকরণের কাজও ভাল হবে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মন্ত্রীমহাশয় যে কমিটির কথা বললেন, আমি তাঁদের সঙ্গে আলোচনা করে দেখেছি। সে সমস্ত ব্লকে বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়নি অথচ কমপ্লিট বলে ঘোষণা করা হয়েছে, সেসব ক্ষেত্রে কনজিউমার্সরা আবেদন জানিয়েও সাড়া পাচ্ছেন না। তাঁরা বলছেন যে শ্যালো চললেই ইলেকট্রিফিকেশন কমপ্লিট বলে ধরা হবে, সাধারণ কনজিউমার্সদের সবক্ষেত্রেই দেওয়া যাবেনা। গ্রামের সাধারণ মানুষের কথা চিন্তা করে এ-ক্ষেত্রে আপনি নতুন-ভাবে কোন নির্দেশ দিবেন কিনা জানাবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : আমাদের যে রুরাল কর্পোরেশন আছে, সেই কর্পোরেশনের হিসাব হচ্ছে—একটি মৌজাতে আলো না জ্বলে যদি শুধুমাত্র শ্যালোতে বিদ্যুৎ সরবরাহ করা হয়ে থাকে তাহলেই বৈদ্যুতিকরণ হয়েছে বলে ধরা হবে এবং এটাই হচ্ছে সর্বভারতীয় নিয়ম। আজকে আমি যে হিসাব দিচ্ছি, তাও হচ্ছে সেই হিসাব। এরপর গ্রামে যদি কনজিউমারদের বিদ্যুৎ দিতে হয়, তাহলে সম্প্রসারণ স্কীম করতে হয় এবং প্রতি বছরই কিছু কিছু স্কীম করতে হয়।

শ্রীমহ্‌বুল হক : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি মৌজা-ভিত্তিক বৈদ্যুতিকরণ না করে গ্রাম-ভিত্তিক বৈদ্যুতিকরণ করবার কথা চিন্তা করছেন কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : এটা একটা সর্বভারতীয় হিসেব। সেখানে মৌজা হিসাবেই করা হয়। পশ্চিমবঙ্গে গ্রাম-ভিত্তিক করা যাবেনা কারণ তাতে হিসাবে অসুবিধা হবে।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রীমহাশয় যে এডভাইসরী কমিটির কথা বললেন, আমি শুনেছি সেই এডভাইসরী কমিটির সাজেশন নাকি বিদ্যুৎ দপ্তরের কর্মচারীরা শুনতে বাধ্য নন। তাঁরা যাতে এডভাইস শোনেন এবং এডভাইসরী কমিটি যে সমস্ত কনষ্ট্রকটিভ সাজেশন দেন তা যাতে তাঁরা কার্যকরী করেন তার জন্য কোন নির্দেশ দেবেন কিনা ? তা নাহলে এই যে কমিটি, ইট ইজ্‌ অফ্‌ নো ইউজ্‌।

শ্রীপ্রবীর সেনগুপ্ত : এডভাইসরী নেচারের কোন নির্দিষ্ট প্রস্তাব দেওয়া হয়েছে অথচ বিদ্যুৎ পর্ষদের অফিসাররা তা গ্রহণ করেন নি—এই ধরণের কোন ঘটনা আমার গোচরে আনলে আমি বিষয়টি দেখতে পারি।

কেন্দ্রীয় সরকারের কলিকাতার অফিস স্থানান্তরকরণ

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কেন্দীয় সরকারের কোন কোন অফিস কলকাতা থেকে সরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা শুরু হয়েছে এই মর্মে কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ?

শ্রীজ্যোতি বসুঃ হ্যাঁ। যথা—(১) কলিকাতা ফরেণসিক ল্যাবোরেটোরী-কাম-ডিটেকটিভ ট্রেনিং স্কুল কলিকাতা থেকে দিল্লিতে স্থানান্তকরণ,

(২) কলিকাতা অর্ডনান্স ডিপো তুলে দেওয়া,

(৩) কোল ডিভিসন এবং অফশোর মিনারাল এক্সপ্লোরেশন এবং জিওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়ার মেরিং জিওলজি ডিভিসন কলিকাতা থেকে স্থানান্তকরণ,

(৪) স্টিল অথরিটি অফ ইণ্ডিয়ার সেণ্ট্রাল মার্কেটিং অরগানাইজেশনের এক্সপোর্ট ও ইম্পোর্ট বিভাগ কলিকাতা থেকে নয়াদিল্লি স্থানান্তকরণ।

[1-10—1-20 P.M.]

শ্রীঅমলেন্দ্র রায়ঃ আমি জানিনা যে ফরমালি এই সব অফিস তুলে নিয়ে যাবার আগে স্টেট গভর্নমেণ্টের সঙ্গে কোন আলোচনা করার কোন বাধা আছে কি না। ফরমালি হোক আর ইনফরমালি হোক এই সব অফিস তুলে নিয়ে যাবার জন্য অনেক সমস্যার উদ্ভব হয়েছে। এই গুলিকে রাজ্য সরকারকে দেখতে হবে। সেই জন্য আমি জানতে চাই ফরমালি হোক আর ইনফরমালি হোক এই অফিসগুলি সরিয়ে নিয়ে যাবার আগে তারা কি রাজ্য সরকারের সঙ্গে কোন আলোচনা করেছেন ? যদি করে থাকেন তাহলে রাজ্য সরকারের তরফ থেকে কি বলা হয়েছে ?

শ্রীজ্যোতি বসুঃ দিল্লির এই রকম কোন নিয়ম আছে কিনা আমি জানিনা। খবর পেয়ে আমরা আলোচনা করেছি। আমাদের কিছু জানানো হয় না। আমরা সেই অফিসের এমপ্লয়ীজদের কাছ থেকে, কর্মীদের কাছ থেকে খবর পাই যে এই অফিস অন্য জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে। আমরা তখন দিল্লিকে জানাই—এটা কেন করছেন, এটা করা উচিৎ নয়। আমি এই যে ৩-৪টি অফিসের কথা বললাম সেই ব্যাপারে তারা কি রিপোর্ট দিয়েছেন সেটা আমার কাছে আছে। কেন্দ্র যে রিপোর্ট দিয়েছেন আপনি যদি জানতে চান তাহলে আমি জানিয়ে দিতে পারি।

With regard to No. 1, Union Home Minister intimated that there was no move to shift the Central Forensic Science Laboratory, Central Detective Training School and office of the Government of Examiner of Questioned Documents. What was being shifted for purposes of better coordination and operation control was only the office of the Commandant, Central Forensic Institutes and that out of 10 staff there, only there were to be transferred to Delhi.

Regarding No 2, Prime Minister who was requested to allow the Ordnance Depot, Calcutta to continue to function assured me that due consideration would be given before the final decision was taken. This was also discussed with the Prime Minister. The Prime Minister was again requested to take an early decision in the matter so that the state of uncertainty through which the workers of this Depot had been passing might be removed. In reply, the Defence Minister stated that the Ordnance Depot, Calcutta would be disbended for the national interest. ন্যাশানাল ইন্টারেষ্ট মানে কি আমি জানিনা। But that will not affect the locally controlled employees numbering about 354, as the Government will not remove any locally controlled employees from the Depot. Without providing him with alternative employment within West Bengal. His pay will also be protected.

As regards No. 3 and 4 the Union Minister of Steel and Mines has intimated that there is at present no proposal to shift those organisations from Calcutta.

As regards shifting Diesel Periodical Overhauling Section from Siliguri Junction to Ajmeer and Goldenrock Shri Ananda Pathak M. P. raised the issue in Parliament in 1981. I also requested the Union Railway Minister several times to review the decision of the Railway Board to close down the above organisation but without any result. About shifting of two wings of Central Staff Training and Research Institute, Dasnagar,

Howrah to Bangalore and Kanpur, the Union Minister, Labour who was written to in the matter intimated that decision was taken not to shift those 2 wings to Bangalore and Kanpur. With regard to the decision of shifting the Physiological Research Centre from Darjeeling to Delhi, the then Union Minister for Defence intimated that the matter was being reviewed and that the Ministry would let us know after a final decision was taken.

শ্রীঅমলেন্দ্র রায়ঃ মাননীয় মুখ্যমন্ত্রী যা জানালেন তাতে দেখা যাচ্ছে যে এই সব ব্যাপারে আমাদের মতামত নেওয়া বা মতামতের যথাযোগ্য মর্যাদা দেওয়া তো দূরের কথা আমাদের সঙ্গে কোন আলোচনাই করেন নি। যেহেতু অন্যান্য সমস্যা রয়েছে, এই গুলিকে আমাদের ট্যাকেল করতে হয় সেই জন্য অফিস স্থানান্তরিত করার আগে আমাদের জানানো উচিত। আপনি ডি. ভি. সি-র ব্যাপারে জানেন কি না জানিনা, পার্শবর্ত্তী একটা রাজ্যের শাসক দলের নেতা ডি. ভি. সি-র সদর দপ্তর স্থানান্তরিত করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এইগুলি যাতে না হয় এবং সর্ব্ব ক্ষেত্রে—যেগুলি তুলে নিয়ে যাবার কথা হচ্ছে—এইগুলি নিয়ে কোন আলোচনা করছেন কি ?

শ্রীজ্যোতি বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে চিঠিপত্র আদান-প্রদান হয়েছে, সে সম্পর্কে তাঁরা কি সিদ্ধান্ত নিয়েছেন বা নেন নি, সে সম্বন্ধে জানাবার জন্যই তো এখানে আমি পড়ে শোনালাম। একটা ক্ষেত্রে খুব সমস্যা ছিল। ওঁরা ন্যাশানাল ইনটারেষ্টকে কোথায় নিয়ে যাচ্ছেন—যেখানে ৩০০/৩৫০ জন শ্রমিক-কর্মচারী আছেন, তাঁদের পশ্চিমবাংলায় অল্টারনেটিভ্ কোথাও সরাবেন ঠিক করেছিলেন। বিশেষ সোর্স থেকে আমরা যখন এই খবর পাই, তখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা আলোচনা করি এবং চিঠি লিখি। প্রত্যেক ক্ষেত্রেই আমরা এই ভাবে চলেছি। এখানকার কোন সদস্য ডি. ভি. সি-র দপ্তর সরিয়ে নিয়ে যেতে বলেছেন কিনা আমার জানা নেই। কেন্দীয় সরকারের সঙ্গে আলোচনায় আমরা কখনও সুফল পেয়েছি, আবার কখনও পাই নি। তবে এখানকার ইন্দিরা কংগ্রেসের কোন সদস্য ডি. ভি. সি.-কে শিফ্ট করে অন্য কোথাও নিয়ে যাবার জন্য বলেছেন কিনা আমার জানা নেই। ডি. ভি. সি.-র চেয়ারম্যান আমাদের কাছে ডি. ভি. সি.-র দপ্তরের জন্য হাউস নির্মাণ করবেন বলে জমি চেয়েছিলেন। আমরা কিছু জমি দেখেছি, কিন্তু সিদ্ধান্ত এখনও হয়নি। বিহার সরকারের পক্ষ থেকে দাবী উঠেছিল—একজন মন্ত্রী বলেছিলেন—ডি. ভি. সি.-র দপ্তর এখান থেকে সরিয়ে বিহার রাজ্যে বসানো উচিত।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলে দিতে চাই যে, আমরা কেউই চাই না পশ্চিমবাংলাকে দুর্বল করে এখানকার কোন অফিস অন্যত্র চলে যাক। অমলবাবুর প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী হিসাবে স্টেটমেণ্ট দিতে চাইলে তা তিনি পারেন। কিন্তু অমলবাবু কোশ্চেন করতে গিয়ে কংগ্রেস পক্ষকে এ্যাকুইজিং করে স্টেটমেণ্ট দেন কি করে? তিনি বলেছেন এ্যাকুইজিং কংগ্রেস (আই) এ্যাজ ইফ কংগ্রেস হ্যাজ কজড্ দি শিফটিং অফ দি ডি. ভি. সি.। ক্যাটিগোরিক্যালি তিনি এখানে এই ভাবে বলেছেন।

শ্রীঅমলেন্দ্র রায় : স্যার, আই টেক সিরিয়াস অবজেকশান টু দি স্টেটমেণ্ট মেড বাই শ্রীবাপুলী।

মিঃ স্পীকার : না, আপনি এখন বসুন।

শ্রীঅম্বিকা ব্যানার্জী : একটু আগে যে কথা এখানে উঠেছে, সে ব্যাপারে আমি বলব, পশ্চিমবঙ্গ বিধানসভার বিধায়ক হিসাবে আমরা কেউই চাই না ন্যাশানাল ইণ্টারেষ্টের সঙ্গে এখানকার ইণ্টারেষ্টের কোন ক্লাস্ হোক। এই সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীকে বলব, এখানে আমরা ইন্দিরা কংগ্রেসের মেম্বার যাঁরা আছি, এই ব্যাপারে আমরা সব সময় সহযোগিতা করব। সর্ব সম্মত কোন প্রস্তাব এখানে এনে কোন রেজোলিউশান আপনি দিতে চান কিনা জানাবেন।

মেছেদা-দীঘা সড়ক

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮২।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি :** বিগত ১৮-৪-১৯৮৩ তারিখের প্রশ্ন নং *৫৫০ (অনুমোদিত প্রশ্ন নং *২২১৪)-এর উত্তর উল্লেখে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেছেদা-দীঘা সড়কটির নির্মাণকার্য বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং

(খ) ঐ বাবত আনুমানিক কত টাকা ব্যয় হবে ?

শ্রীযতীন চক্রবর্ত্তী : (ক) সড়কটিকে যানবাহন চলাচলের উপযুক্ত রাখিয়া অত্যন্ত প্রয়োজনীয় অংশগুলি চওড়া ও পোক্ত (**strengthening**) করিবার জন্য ব্যবস্থা করা হইতেছে।

(খ) ১৯,০০,০০০ (উনিশ লক্ষ টাকা)

শ্রীকামাক্ষা চরণ ঘোষ : এই সড়ক দিয়ে অনেক লোক যাতায়াত করে। সুতরাং সড়কটি তাড়াতাড়ি শেষ করবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। এই প্রসঙ্গে একটা প্রশ্ন করতে চাই যে, ওখানে কাজকর্ম অত্যন্ত ঢিলে তালে চলছে, এ বিষয়ে আপনি অবগত আছেন কি ?

শ্রীযতীন চক্রবর্ত্তী : আমার জানা আছে যে, রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে আমাদের মাতঙ্গিনী সেতু খুলে দেবার পর যানবাহন সেখানে যে পরিমাণে চলার কথা ছিল, সে তুলনায় অধিক সংখ্যক যানবাহন চলছে। এত সংখ্যক যানবাহন চলার ফলে রাস্তাটি যতখানি স্ট্রেনদেন করা উচিত ছিল, ততখানি আমরা করতে পারি নি। এর কারণ হচ্ছে আমাদের আর্থিক অসংগতি। যে পরিমাণ সঙ্গতি আমাদের আছে, তাই দিয়ে আমরা ১৯ লক্ষ টাকা মঞ্জুর করেছি। কাজ সেখানে এগিয়ে চলেছে।

শ্রীলক্ষণ শেঠ : উক্ত রাস্তাটি জাতীয় সড়ক হিসাবে গণ্য করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে কোন সুপারিশ করা হয়েছে কিনা ?

শ্রীযতীন চক্রবর্ত্তী : না করিনি, তবে কেন্দ্রীয় সরকারের কাছে জাতীয় সড়ক হিসেবে গণ্য করার জন্য আরও কয়েকটি রাস্তার কথাবার্তা বলেছি সেগুলি এখনও মঞ্জুর হয়নি।

বীরভূম জেলার পাটনীলে সংঘর্ষ

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩।) **শ্রীসুনীতি চট্টরাজ :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৪ই অক্টোবর, ১৯৮৩ তারিখে বীরভূম জেলায় পাটনীল গ্রামে দাঙ্গা-হাঙ্গামার কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ;

(খ) উক্ত ঘটনায় জড়িত থাকার ব্যাপারে কতজনকে অভিযুক্ত করা হয়েছে ; এবং

(গ) উক্ত ব্যক্তিরা কোন রাজনৈতিক দলের দলভুক্ত কিনা ?

[1-20—2-15 P. M. including adjournment]

শ্রীজ্যোতি বসু : (ক) না, ঐ তারিখে পাটনীলে কোন ঘটনা ঘটেনি। তবে গত ১৪ই নভেম্বর ১৯৮৩ তারিখে পাটনীল গ্রামের হাঙ্গামার ঘটনা নানুর থানায় লিপিবদ্ধ করা হয়েছে।

(খ) ২৯ জন ব্যক্তিকে।

(গ) অভিযুক্তদের মধ্যে একজন সি. পি. আই. (এম) দলভুক্ত বিধানসভার সদস্য। অন্যরা সাধারণ ভাবে সি. পি. আই. (এম)-এর সমর্থক বলে কথিত।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ ১৪ই নভেম্বর সি. পি. আই. (এম)-এর এম. এল. এ. যিনি গ্রেপ্তার হয়েছিলেন তাতে ঐ ঘটনায় কতজন খুন এবং কতজন মহিলা ধর্ষিতা হয়েছিলেন ?

শ্রীজ্যোতি বসু ঃ একজন খুন হয়েছেন এবং কোন মহিলা ধর্ষিতা হননি।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ যে মহিলা ধর্ষিতা হয়ে মুখ্যমন্ত্রীর কাছে ডাইরেক্ট এ্যাপ্লিকেশান করেছিলেন সে সম্বন্ধে কোন তদন্ত কি হয়নি ?

শ্রীজ্যোতি বসু ঃ ধর্ষিতা হয়েছিলেন বলে আমার কাছে কোন খবর নেই, কেউ কোন কমপ্লেন করেন নি। এমন কি দিল্লী থেকে মহিলা এম. পি. যাঁরা এসেছিলেন তাঁরাও কোন অভিযোগ করেন নি পুলিশের কাছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমার কাছে রিপোর্ট আছে এক্স এম. পি. আমজাদ আলির কাছ থেকে। মাইনরকে রেপ্ করা হয়েছে, even their private parts have been injured. এই রকম অভিযোগ আছে কি ? আপনি বলছেন একজন মারা গেছে, কিন্তু আমার সংবাদ হচ্ছে একজন মহিলা এবং লোকমান নামে একজন গ্রামের মানুষ মারা গেছে—এটা কি সত্য ?

শ্রীজ্যোতি বসু ঃ আমার কাছে এই রকম খবর আছে যে একজন মারা গেছে। অন্য যেটা বলা হল এটা আশ্চয্য যে যিনি স্বরাষ্ট্র মন্ত্রী তাঁর কাছে রিপোর্ট এলনা, রিপোর্ট গেল জয়নাল সাহেবের কাছে। একজন কংগ্রেসের খুব উচ্চ পর্যায়ের নেতা আমাকে বলেছিলেন এই রকম সব সংবাদ আছে। আমি বললাম, বলছেন না কেন পুলিশের কাছে ? ২/১ জন না বলতে পারেন। ১১ জন না বলতে পারেন। তিনি বলেন, তাদের এসব কথা বলা শক্ত। পুরুষের কাছে কি ভাবে বলবে ? কিন্তু আপনি তো পুরুষ, আপনার কাছে বললো কি ভাবে ?

শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ যে ব্যক্তি খুন হয়েছে তার বিরুদ্ধে কয়েকটি ডাকাতির অভিযোগ আছে কি ?

শ্রীজ্যোতি বসু : তাঁর সমাজ বিরোধী বলে পরিচয় ছিল। কিন্তু সমাজবিরোধী হলেও খুন করা যায় না।

(শ্রীসুনীতি চট্টরাজ বলিতে উঠিলেন। গোলমাল। উনি সমাজবিরোধী)

মিঃ স্পীকার : আপনি আবার এই রকম কথা বলছেন? কতবার তুমুল গোলমাল হয়েছে এই রকম কথা নিয়ে, আবার আজকে বলছেন? Mr. Chattaraj, don't behave like this. It is not fair you have to maintain the decorum of the House.

ডাঃ মানষ ভুঁইয়া : ঐ ঘটনার পর কেন এস. ডি. পি. ও.-কে বদলী করা হল?

শ্রীজ্যোতি বসু : তাঁকে বদলী করা হয়েছে কারণ তিনি যে ব্যবহার করেছিলেন জনপ্রতিনিধির সঙ্গে সেটা করা উচিত নয়।

(তুমুল হট্টগোল)

(Noise and interruption)

[Shri Suniti Chattaraj rose to speak]

Mr Speaker : Mr. Chattaraj, please take your seat. I am on my legs. If you do not take your seat, I will abandon all the questions.

(Again Shri Suniti Chattaraj and other members rose in their seats)

Mr. Speaker : Mr. Chattaraj, for the last time I request you to take your seat.

(Shri Suniti Chattaraj did not take his seat)

(Noise and interruptions)

Mr Speaker : Under Rule 347 I direct you to withdraw from the House for the day. The House stands adjourned for half an hour.

(At this stage the House was adjourned for half an hour)

STARRED QUESTIONS
(To which answers were laid on the table

কংগ্রেস (ই) দলের অধিবেশনের প্রয়োজনে সরকারী ফ্ল্যাট ভাড়া

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন *৫১৪।) **শ্রীজগদীশচন্দ্র দাস :** আবাসন বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ৭৭তম কংগ্রেস (ই) র অধিবেশনের জন্য রাজ্য সরকার কোন বাসস্থান (ফ্ল্যাট) ভাড়া দিয়াছিলেন কি ;

(খ) দিয়া থাকিলে,—

(১) কোন্ স্থানে কতগুলি বাসস্থান (ফ্ল্যাট) ভাড়া দেওয়া হইয়াছিল, এবং

(২) উক্ত আবাসনগুলির ভাড়ার হার কিরূপ ;

(গ) ভাড়া বাবত রাজ্য সরকার এ পর্যন্ত মোট কত টাকা পাইয়াছেন ও কত টাকা বাকী আছে ; এবং

(ঘ) বকেয়া ভাড়া, যদি কিছু থাকে, আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

Minister-in-charge of Housing Deptt-

ক) হ্যাঁ।

খ) ১। সল্টলেক সেক্টর ৩, ব্লক জি, এ তে অবস্থিত পূর্বাচল হাউসিং স্টেটের ৬০০টি ফ্ল্যাট ভাড়া দেওয়া হইয়াছিল।

২। ২৫-১২-৮৩ হইতে ৩১-১২-৮৩ তারিখের জন্য ফ্ল্যাট প্রতি ভাড়া বাবদ ৫০০ টাকা ও অন্যান্য খরচ বাবদ ফ্ল্যাট প্রতি ৫০ টাকা অর্থাৎ ফ্ল্যাট প্রতি মোট ৫৫০ টাকা।

গ) মোট ৩,৩০, ০০০ টাকা পাইয়াছেন ও কোন টাকা বাকী নাই।

ঘ) প্রশ্নই উঠে না।

বৈদ্যুতিকরণ কর্মসূচী

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৮।) **শ্রীশিবপ্রসাদ মালিক :** বিদ্যুত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের কতগুলি মৌজাকে বৈদ্যুতিকরণ কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে গোঘাট থানার কতগুলি মৌজা অন্তর্ভুক্ত হইয়াছে ; এবং

(গ) উক্ত থানার বাকি মৌজাগুলির বৈদ্যুতিকরণের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Power Deptt.

ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গের অনধিক ২০০০টি মৌজাকে বৈদ্যুতিকরণ কর্মসূচীর অন্তর্ভুক্ত করার পরিকল্পনা আছে।

খ) এই বিষয় বিশদ কর্মসূচী চূড়ান্তভাবে গ্রহণ করা হয় নাই।

গ) উক্ত থানার অবৈদ্যুতিকৃত মৌজাগুলি বৈদ্যুতিকরণের জন্য বর্তমানে কোন অনুমোদিত পরিকল্পনা নাই।

অপ্রাপ্তবয়স্ক বালক / বালিকার নিরুদ্দেশ

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৭।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ এবং ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গে মোট কতজন অপ্রাপ্তবয়স্ক বালক ও বালিকার নিরুদ্দেশ হওয়ার খবর কলকাতা পুলিস এবং পশ্চিমবঙ্গ পুলিশের দপ্তরে এসে পৌছেছিল ; এবং

(খ) তন্মধ্যে এ পর্যন্ত মোট কত সংখ্যক বালক-বালিকাকে উদ্ধার করা সম্ভব হয়েছে ? (কলিকাতা পুলিস ও পশ্চিমবঙ্গ পুলিসের স্বতন্ত্র হিসাব)

Minister-in-charge of Home (Police) Deptt.

ক)

	পশ্চিমবঙ্গ পুলিশ		কলিকাতা পুলিশ	
	বালক	বালিকা	বালক	বালিকা
১৯৮২	১৮৩৮	১৩০৯	১৪১১	৭৭৫
১৯৮৩	১৯৫৬	১২৫৫	১৩৭৮	৭৩১

খ)	পশ্চিমবঙ্গ পুলিশ		কলিকাতা পুলিশ	
	বালক	বালিকা	বালক	বালিকা
১৯৮২	১৪৬৭	১০৫৯	৪৮৩	২৫৯
১৯৮৩	১১৬৬	৮০১	৪৭৩	২৩৮

দামোদর নদের উপর সেতু

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬২।) ***শ্রীনবনী বাউরি :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মেজিয়া ও রাণীগঞ্জ অঞ্চলে দামোদর নদের উপর সেতু তৈরী করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা রূপায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Public Works Deptt.

ক) হ্যাঁ।

খ) বর্তমানে বলা সম্ভবপর নহে।

Central assistance for strengthening the Police against highway robbery

***181.** (Admitted question No. *454.) **Shri Deokinandan Poddar :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) Whether the State Government has received any directive and /or offer of financial assistance from the Centre for strengthening the Police machinery for patrolling the National, State and other highways to check the menace of highway robberies and other highway crimes in West Bengal ; and

(b) if so,—

(i) What is the directive and/or offer of the Central Government ; and

(ii) The steps taken and/or contemplated by the State Government in the matter ?

Minister-in-charge of Home (Police) Deptt.

(a) & (b) A Pilot Scheme on National Highways Patrolling mainly for prevention of road accidents and enforcing traffic discipline has been received from the Govt. of India with an assurance of release of requisite fund for setting up of four Traffic Aid Posts. Though no fund has been received so far, the Scheme has been launched with effect from 14-01-84 on the Calcutta-Durgapur Sector of N, H. 2 from the existing resources of the West Bengal Police.

ভগবানপুর-পশ্চিমবাড় রাস্তা

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭০।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর-পশ্চিমবাড় রাস্তার কাজ কোন্ সালে শুরু হয়েছিল ;

(খ) এ পর্যন্ত উক্ত রাস্তার কাজের কতদূর অগ্রগতি হয়েছে ; এবং

(গ) কাজটি শেষ হতে আর কতদিন লাগবে ?

Minister-in-charge of Public Works Deptt.

ক) ১৯৭৩ সালে শুরু হয়েছিল।

খ) একটি কালভার্ট সমেত প্রায় ৮½ কিঃ মিঃ মাটির কাজ শেষ হয়েছে।

গ) অর্থ দপ্তরের অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ সংস্থানের ওপর রাস্তাটির নির্মাণ কাজ শেষ হওয়া নির্ভর করছে।

কংগ্রেস (ই) সম্মেলনের জন্য অতিরিক্ত পুলিস নিয়োগ

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫১।) **শ্রীঅনিল মুখার্জী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার জাতীয় কংগ্রেস (ই)-র সাম্প্রতিক সম্মেলনে আইন-শৃঙ্খলা রক্ষার্থে রাজ্য সরকার কোন অতিরিক্ত পুলিস নিয়োগ করিয়াছিলেন কিনা ,

(খ) করিয়া থাকিলে, উহার সংখ্যা কত ; এবং

(গ) উক্ত সম্মেলনের জন্য রাজ্য সরকারের এ ব্যাপারে কত ব্যয় হইয়াছিল ?

Minister-in-charge of Home (Police) Deptt-

ক) হ্যাঁ।

খ) মোট ৬,১৭৬ জন।

গ) বেষ্টনী ও মঞ্চ নির্মাণের ব্যয় ছাড়া মোট ৬৭,৯৬৫ টাকা।

মফঃস্বলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের সরকারী আবাসন

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৬।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মফঃস্বল শহরের সরকারী আবাসন দপ্তরের বাড়ি / ফ্ল্যাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাড়া পাওয়ার অধিকারী কিনা ;

(খ) যদি না হন, তার কারণ কি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কোন বিবেচনা করছেন কিনা ?

Minister-in-charge of Housing Deptt.

ক) মফঃস্বল শহরের নিম্ন ও মধ্য আয় সম্পন্ন ব্যক্তিদের জন্য নির্মিত ফ্ল্যাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাড়া পাওয়ার অধিকারী। কিন্তু রাজ্য সরকারী কর্মচারীদের জন্য নির্মিত ফ্ল্যাট প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকরা ভাড়া পাওয়ার অধিকারী নন।

খ) প্রশ্ন উঠে না।

গ) প্রশ্ন উঠে না।

মুর্শিদাবাদ জেলায় অপরাধের ঘটনা

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১লা জানুয়ারী, ১৯৮৩ হইতে ১৬ই ফেব্রুয়ারি, ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে মুর্শিদাবাদ জেলায় কতজন দুর্বৃত্তদের আক্রমণ (১) নিহত, (২) আহত ও (৩) গৃহহারা হইয়াছে ;

(খ) উক্ত সময়ে কতগুলি গৃহে আগুন লাগানোর ঘটনা ঘটিয়াছে ;

(গ) উক্ত ঘটনাগুলিতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে বামফ্রন্টের সমর্থকরূপে বর্ণিত ব্যক্তির সংখ্যা কত ;

(ঘ) তন্মধ্যে কতজন কোন দলের, এবং

(ঙ) উক্ত ঘটনাগুলির সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের রাজনৈতিক পরিচিতি কিরূপ ?

Minister-in-charge of Home (Police) Deptt.

ক) ১। নিহত—২৫

২। আহত—২০৮

৩। গৃহহারা কেহ হয় নাই।

খ) ১২টি গৃহে আগুন লাগানোর ঘটনা ঘটেছে।

গ) ১৩১ জন।

ঘ)

	মৃত	আহত
সি. পি. আই (এম)	৩	১০৫
আর. এস. পি	১	২০
ফরওয়ার্ড ব্লক		১

ঙ) উক্ত ঘটনাগুলির সাথে জড়িত সন্দেহে কংগ্রেস (আই), সি. পি. আই (এম) এবং আর. এস. পির সমর্থক বলিয়া পরিচিত সর্বমোট ৭৪ জনকে গ্রেপ্তার করা হয়। ১১ জন আত্মসমর্পণ করে।

গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে কেন্দ্রীয় সাহায্য

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১০।) **শ্রীসুনীতি চট্টরাজ :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পরিষদ কেন্দ্রের নিকট হইতে কত টাকা পাইয়াছেন ; এবং

(খ) উক্ত বৎসরগুলিতে বরাদ্দকৃত অর্থের—(১) কত পরিমাণ খরচ করা হইয়াছে, ও (২) কত টাকা ফেরৎ গিয়াছে ?

Minister-in-charge of Power Deptt.

ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রাম্য বিদ্যুৎ প্রকল্পে কেন্দ্রের নিকট হইতে সরাসরি কোন টাকা পায় না।

খ) প্রশ্ন উঠে না।

ফসল কাটার সময়ে সংঘর্ষ

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৯।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় : স্বরাষ্ট্র (পুলিস)** বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের এপ্রিল মাস থেকে ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে ফসল কাটাকে কেন্দ্র করে মোট কতগুলি সংঘর্ষ ঘটেছে ;

(খ) উক্ত সংঘর্ষে কতজন ব্যক্তি (১) আহত ও (২) নিহত হয়েছেন ; এবং

(গ) উক্ত ব্যক্তিরা কোন্ কোন্ রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিলেন ?

Minister-in-charge of Home (Police) Deptt.

ক) ৬১টি।

খ) ঐ সব সংঘর্ষে (১) ২০৯ জন আহত এবং (২) ১২ জন নিহত হয়েছেন।

গ) নিহতদের মধ্যে সি. পি. আই (এম) এবং কংগ্রেস (ই) এর সমর্থক বলে কথিত ব্যক্তিরা ছিলেন।

তমলুক মহকুমায় বৈদ্যুতীকরণ

*১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩।) **শ্রীবঙ্কিমবিহারী মাইতি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় কোন্ কোন্ মৌজায় বৈদ্যুতীকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ;

(খ) ঐ উদ্দেশ্যে আর্থিক বরাদ্দের পরিমাণ কত ; এবং

(গ) নরঘাট মাতঙ্গিনী সেতুটিতে বিদ্যুৎ দেওয়ার কোন প্রস্তাব সরকারের নিকট আছে কিনা ?

Minister-in-charge of Power Deptt.

ক) বর্তমান আর্থিক বৎসরে মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় নন্দীগ্রাম ও মহিষাদল থানার ৫৪টি মৌজা বৈদ্যুতিকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মৌজাগুলির নাম সম্বলিত তালিকা সংযোজনী 'ক' সভার টেবিলে পেশ করা হ'ল।

খ) মৌজাগুলির বৈদ্যুতিকরণ কাজের অগ্রগতি বিভিন্ন স্তরে রয়েছে। আর্থিক বরাদ্দ কাজের অগ্রগতির উপর নির্ভরশীল! শুধু এই কাজগুলির জন্য বরাদ্দের পরিমাণ বলা সম্ভব নয়।

গ) এইরূপ কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

শালতোড়া থানায় বৈদ্যুতীকরণ

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৪।) **শ্রীনবনী বাউরি ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় শালতোড়া থানার তিলুড়ি গ্রামে বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

Minister-in-charge of Power Deptt.

ক) না।

খ) প্রশ্ন উঠে না।

(After adjournment)

(Noise)

Mr. Speaker : Mr. Chattaraj I ask you to withdraw from the House. (Pause) I would again request you to kindly withdraw from the House. (Noise) I name Mr. Chattaraj. I now move a motion under Rule 348 that the honourable member, Shri Chattaraj, may be suspended for the remainder of the Session.

I now put it to vote.

The question that Shri Suniti Chattaraj be supended for the remainder of the Session was then put and agreed to.

The House is adjourned for fifteen minutes.

(At this stage the House was adjourned for 15 minutes)

[2-15—2-26 P.M.]

(After Adjournment)

Mr Speaker : I find Shri Suniti Chattaraj is still in the precincts of the Assembly.

(Noise and interruptions)

(Pause)

I direct the Marshal to remove Shri Suniti Chattaraj physically from the House.

(Noise and interruptions)

(Marshal then tried to proceed towards Shri Suniti Chattaraj but was obstructed by some members of the Cong (I) Party who encircled Shri Suniti Chattaraj)

Dr. Zainal Abedin : Sir, I rise on a point of arder.

Mr. Speaker : No point of order.

(Noise and interruptions)

(Pause)

I again direct Marshal to remove Shri Suniti Chattaraj physically from the House.

(Noise and interruptions)

(Pause)

I direct the Marshal to use such force as is necessary to remove Shri Suniti Chattaraj from the House.

(Noise)

At this stage, Marshal tried to proceed towards Shri Suniti Chattaraj but he was prevented from doing so as Shri Chattaraj was encircled by several members of the Congress (I) benches.

Mr. Speaker : I direct the Marshal to bring his men to physically remove Shri Suniti Chattoraj from the House.

(At this stage 10 Staff of the Watch and Ward Section assisted the Marshal to carry out the orders of the Speaker. But Shri Suniti Chattaraj

was encircled by some members of the Congress (I) benches. Marshal along with the Watch and Ward staff could not reach him.)

(Noise)

(Several members of the Congress (I) benches rose in their seats and shouted slogans)

Mr. Speaker : I, under rule 348(1), name Shir Subrata Mukherjee to withdraw form the House.

(Noise and interruptions)

(At this stage, Shri Subrata Mukherjee slong with some other members of the Congress (I) benches were shouting slogans—Marshal Shahi Dur Hato, "Jangi Sahi Dur Hato".)

(Noise)

Mr. Speaker : Under rule 348(2), I put the question that Shri Subrata Mukherjee be suspended from the services of this House for the remainder of the Session.

(Voices—AYES)

The motion was then put and agreed to.

(Noise)

(Shri Suniti Chattaraj : Mr. Speaker, you are suspended from the House)

(Noise)

(At this stage, several members from Congress (I) benches rose in their seats and shouted slogans)

Mr. Speaker : Under rule 348, I put the question that Shri Dhirendra Nath Sarkar be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr, Speaker : Under rule 348, I put the question that Shri Naba Kumar Roy be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker : Under rule 348, I put the question that Shri Arun Kumar Goswami be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker : Under rule 348, I put the question that Shri Satya Ranjan Bapuli be suspended from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker : Under rule 348, I put the question that Dr. Manas Bhunia be suspenden from the services of this House for the remainder of the Session.

The motion was then put and agreed to.

(Noise)

Mr. Speaker : Under rule 348, I put the question that Shri Ashok Ghosh be suspended from the services of this Houses for the remainder of the Session.

The motion was then put and agreed to.

Mr. Speaker : The House is adjourned for the day. The House will meet again at 2.00 p.m. on 9/3/84.

Adjournment

The House was accordingly adjourned at 2-26 P.M. till 2-00 P.M. on Friday, the 9th March, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 9th March 1984 at 2 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 20 Ministers, 18 Ministers of State and 125 Members.

[2-00—2-58 P.M.]

GOVERNMENT BUSINESS (Financial)

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1984-85.

(Shri Deba Prasad Sarkar rose to speak)

(Noise)

Mr. Speaker : Now Dr. Ashok Mitra to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1984-85.

ডঃ অশোক মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে ১৯৮৪-৮৫ সালের রাজ্য সরকারের বাজেট বরাদ্দের হিসাব উপস্থাপন করছি। সেই সঙ্গে বর্তমান বছর অর্থাৎ ১৯৮৩-৮৪ সালের সংশোধিত আয়-ব্যয়ের হিসাবও দাখিল করছি।

২। অন্যান্য বছরের মত এবারও মাননীয় সদস্যদের কাছে বাজেট বিবরণীর সঙ্গে একটি আর্থিক পর্যালোচনা (Economic Review) পেশ করা হচ্ছে। এই পর্যালোচনায় এবছর তথা গত বছরের রাজ্যের আর্থিক অবস্থা নিয়ে বিশদ বিশ্লেষণ করা হয়েছে। আমাদের পক্ষে মস্ত সুসংবাদ, গত বছর শতাব্দীর ভয়াবহতম খরার পর এবছর রাজ্যে কৃষিপণ্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য উৎপাদনবৃদ্ধি ঘটেছে। আপাতত যা আভাস পাওয়া যাচ্ছে, ১৯৮৩-৮৪ সালে চালের উৎপাদন

সর্বকালের রেকর্ড ছাড়িয়ে যাবে। খাদ্যশস্যের সামগ্রিক উৎপাদনও পূর্ববর্তী যে কোনো বছরের উৎপাদনকে অতিক্রম করে যাবে বলে মনে হয়। সুষম বৃষ্টিপাতের প্রসঙ্গ মনে রেখেও এটা বলা চলে, এই সাফল্য সম্ভব হয়েছে পশ্চিমবঙ্গের কৃষিজীবীদের যুক্ত উদ্যোগ ও পরিশ্রমে। তাঁরা অবশ্য সরকারের বিভিন্ন খাত থেকে ঋণ ও প্রয়োজনীয় উপাদানের ব্যবস্থা তথা বৃহৎ ও ক্ষুদ্র সেচের প্রসার থেকে প্রভূত উপকৃত হয়েছেন। সঙ্গে সঙ্গে পঞ্চায়েতের ভূমিকারও উল্লেখ করতে হয়। এই উৎপাদন বৃদ্ধি বিগত কয়েক বছর ধরে রাজ্য জুড়ে ব্যাপক ভূমি সংস্কারেরও শুভ ফল।

(At this stage the members of the S.U.C.I. walked out of the chamber)

৩। আর্থিক পর্যালোচনায় উল্লেখ করা হয়েছে যে ভূমি সংস্কার এবং সেচ ব্যবস্থার প্রসারের সুফল শুধু খাদ্যশস্যের ক্ষেত্রেই নয়, অন্যান্য ফসলের উপরেও সমান প্রভাব ফেলেছে। প্রায় প্রত্যেকটি প্রধান-প্রধান রবিশস্য ও গ্রীষ্মকালীন শস্যের সামগ্রিক এবং হেক্টরপ্রতি উৎপাদনের হারও ঊর্ধ্বগতি হয়েছে।

৪। কৃষিক্ষেত্রে প্রাণসঞ্চারের পাশাপাশি রাজ্যের অর্থব্যবস্থার অন্যান্য কয়েকটি ক্ষেত্রেও অনুরূপ জোয়ার দেখা দিয়েছে। ফলে বর্তমান বছরে রাজ্যের সামগ্রিক উপার্জন বৃদ্ধির হার ১২ শতাংশ অতিক্রম করে যাবে বলে মনে হয়; মাথাপিছু আয়ও সম্ভবত ১০ শতাংশ হারের চেয়ে বেশি বাড়বে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন, পশ্চিমবঙ্গের সামগ্রিক উৎপাদন তথা মাথাপিছু আয় বৃদ্ধির এই হার বৃদ্ধির জাতীয় গড় হারের চেয়ে অনেকটাই বেশী।

৫। শিল্প ক্ষেত্রে অগ্রগতি অবশ্য ঈষৎ মিশ্র ধরনের। সারা দেশেই শিল্প উৎপাদনের ক্ষেত্রে নৈরাশ্যের ছায়া, তার প্রতিফলন পশ্চিমবঙ্গেও পড়তে বাধ্য। তাহলেও এটা উল্লেখ করা প্রয়োজন আমাদের রাজ্যে দু-একটি বিশেষ পরিস্থিতি বিদ্যমান। পাট, চা, কয়লা, ওয়াগন নির্মাণ ইত্যাদি প্রথাগত শিল্পে গত বছর এবং বর্তমান বছরে অগ্রগতির হার অত্যন্ত মন্থর। বিপরীত চিত্র কয়েকটি নতুন শিল্পের ক্ষেত্রে, যেমন ইলেকট্রনিকসে। শেষোক্ত শিল্পগুলির উন্নতির সম্ভাবনা প্রথাগত শিল্পগুলির থেকে অনেক বেশি, এইটুকু জোর দিয়ে বলা চলে। মালিকানা ও পরিচালনা ব্যবস্থার বিশেষ প্রকৃতির সঙ্গে প্রথাগত শিল্পগুলির বদ্ধদশার অঙ্গাঙ্গী সম্পর্ক আছে। উদাহরণ হিসেবে আমি পাট শিল্পের উল্লেখ করতে পারি; কেন্দ্রীয় সরকার জাতীয়করণ করতে সম্মত না হ'লে এই শিল্পকে বাঁচাবার অন্য কোনো পথ আছে বলে মনে হয় না। অন্য কয়েকটি শিল্পের ক্ষেত্রে জাতীয় স্তরে অনুসৃত নীতিই অবশ্য রুদ্ধগতির মূল কারণ। যেমন বলা চলে, বর্তমান বছরে কেন্দ্রীয় পরিকল্পনা খাতে হঠাৎ ব্যয় কমানোর সিদ্ধান্তে পশ্চিমবঙ্গে অবস্থিত ইঞ্জিনীয়ারিং শিল্পসমূহ,

বিশেষ করে ওয়াগন নির্মাণ শিল্প, প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হবে। অন্য যে কথা আমাদের পক্ষ থেকে বহুবার বলা হয়েছে, আকর লোহা ও ইস্পাতের মাশুল সমীকরণের নীতি এবং কয়লার ক্ষেত্রে টেলিস্কোপিক মাশুল প্রয়োগের নীতি এই রাজ্যে ইঞ্জিনীয়ারিং শিল্পের বিপর্যয়ের জন্য প্রধানত দায়ী। যদিও কেন্দ্রীয় সরকার বলছেন যে আকর লোহা ও ইস্পাতের মাশুল সমীকরণের নীতি আস্তে আস্তে বাতিল করে দেওয়া হবে, এ সম্পর্কে এখন পর্যন্ত কোনো কার্যকরী ব্যবস্থা নেওয়া হয় নি। সুতরাং এই নীতির ফলে পূর্বাঞ্চলের রাজ্যগুলি যে চরম বিপাকে পড়েছে, তা থেকে আপাতত উদ্ধার নেই। আমরা অনুরোধ করেছি যে যতদিন পর্যন্ত এই নীতি সংশোধিত না হচ্ছে ততদিন বিহার, উড়িষ্যা সহ পশ্চিমবঙ্গকে যথোপযুক্ত ক্ষতিপূরণ নিতে হবে। সে ব্যাপারেও কোন সাড়া মেলেনি।

৬। কুটির শিল্প এবং ক্ষুদ্রায়তন শিল্পের ক্ষেত্রে কিন্তু এই রাজ্যে গত কয়েক বছর ধরে বিভিন্ন নতুন নতুন ব্যবস্থা নেওয়া সম্ভব হয়েছে। উন্নয়নের সম্ভাবনাও তাই এখানে অনেক বেশি। ক্ষুদ্রশিল্প ইউনিটের সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে, আর্থিক পর্যালোচনায় তার উল্লেখ আছে। উৎপাদনও সেই সঙ্গে সন্তোষজনক হারে বাড়ছে। ফলে অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগও দেখা দিচ্ছে। মোটামুটি হিসেবে ধরা পড়ছে যে গত দুই বছরে ক্ষুদ্রশিল্পের মধ্য দিয়ে অন্তত দুই লক্ষ মানুষ বাড়তি কাজের সুযোগ পেয়েছেন।

৭। ১৯৮৩-৮৪ সালে দ্রুত উন্নয়নের লক্ষ্য মনে রেখে একটি ক্ষুদ্রশিল্প সমন্বয় সংস্থা শুরু করা হয়েছে। এই সংস্থার উদ্দেশ্য, দুই লক্ষ টাকা অধিক মূল্যের যন্ত্রপাতি বিনিয়োগ করা হচ্ছে, এ ধরনের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য প্রারম্ভিক ব্যবস্থাগুলি ত্বরান্বিত করে দেওয়া। প্রতিষ্ঠার আট মাসের মধ্যেই সংস্থাটি ১৬৪টি নতুন শিল্পোদ্যোগের ব্যবস্থা নিতে পেরেছে; সব মিলিয়ে তাদের মূলধন বিনিয়োগের হিসেব ২৬ কোটি টাকার মত। মূলধনের প্রায় ১০ কোটি টাকা ইতিমধ্যেই আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে মঞ্জুর করা হয়েছে।

৮। গত দুই বছরে নির্মাণের ক্ষেত্রেও যথেষ্ট অগ্রগতি ঘটেছে। জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, সুসংবদ্ধ গ্রামীণ উন্নয়ন কর্মসূচী এবং রাজ্য বাজেটে পৌর সভাদির মধ্যবর্তিতায় নগরোন্নয়নের যে ধরণের নানা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তাদের সম্মিলিত ফলে প্রচুর কাজকর্ম হচ্ছে। সুসংবদ্ধ গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর ব্যাপারে প্রথম দিকে কতকগুলি অসুবিধা ছিল। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির দিক থেকে সামাজিক বৈশিষ্ট্যসম্পন্ন কিছু কিছু প্রকল্প সম্পর্কে খানিকটা অনীহার ভাব ছিল। এই অনীহা সৌভাগ্যবশত ক্রমশ দূর হচ্ছে। প্রাথমিক হিসেব অনুযায়ী, ১৯৮২-৮৩

সালে গ্রামাঞ্চলে বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে আড়াই লক্ষ নূতন কাজ সৃষ্টি করা হয়েছে। বর্তমান আর্থিক বছরে এই সংখ্যা আরও অন্তত ৫০ শতাংশ বাড়বে বলে মনে হয়।

৯। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, আমাদের রাজ্যে গ্রামাঞ্চল তথা শহরাঞ্চলে মজুরীর হার বর্ধমান। চৈত্র থেকে শ্রাবণ-ভাদ্র পর্যন্ত যে সময়ে মাঠে বিশেষ কাজ থাকে না, সে সময়েও কিন্তু এবছর কৃষি মজুরীর হার বেড়েছে। শহরাঞ্চলেও মজুরী বৃদ্ধির হার এখন পর্যন্ত জীবনযাত্রার ব্যয়বৃদ্ধির হারের সঙ্গে সঙ্গতি রাখতে পেরেছে।

১০। দেশ জুড়ে যে মুদ্রাস্ফীতি ঘটছে পশ্চিমবঙ্গ তার প্রভাব থেকে মুক্ত থাকবে এরকম মোহ অবশ্য আমাদের নেই। গত এক বছরে পাইকারী মূল্যসূচক এগারো শতাংশের মত বেড়েছে, খুচরো মূল্যের সূচক এবং জীবনযাত্রা ব্যয়নির্বাহের সূচক বেড়েছে তারও অনেক বেশী। সবচেয়ে যা উদ্বেগের ব্যাপার, দেশের সর্বত্র এবার চমৎকার ফসল হয়েছে, তার কোনো প্রভাবই কিন্তু মূল্যস্তরের উপর পড়ে নি। মূল্যবৃদ্ধির প্রধান কারণগুলি সকলেই জানেন। বিগত চার বছর ধরে কেন্দ্রীয় সরকার বহুবার স্রেফ ফতোয়া জারি করে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি ঘটিয়েছেন। এটা ঘটেছে কয়লার ক্ষেত্রে, লোহা ও ইস্পাতের ক্ষেত্রে, অ্যালুমিনিয়ামের ক্ষেত্রে, পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির ক্ষেত্রে, ভোজ্য তেলের ক্ষেত্রে। সম্প্রতি ফের চাল-গম-চিনির সরবরাহ মূল্য বাড়ানো হয়েছে। তাছাড়া প্রতিনিয়ত বিভিন্ন কেন্দ্রীয় অন্তঃশুল্কের হার ঊর্ধ্বগতি হওয়ায় জামা-কাপড়, দেশলাই, সাবান ইত্যাদির দামও বেড়ে-বেড়ে গেছে।

১১। মুদ্রানীতি, এবং সেই সঙ্গে ব্যবসায়িক শ্রেণীর স্বার্থে ব্যাংকগুলির ঋণদানের প্রবণতা, মূল্যবৃদ্ধির গতিকে আরও ত্বরান্বিত করেছে। ওটাও বলতে হয়, সর্বোচ্চ মহলে আর্থিক অপরাধ সম্পর্কে দয়াশীলতার মনোভাব তথা দুর্নীতিতোষণের পরিণামে কালো টাকা টাকা বেড়েই চলেছে। এসব কিছুই মুদ্রাস্ফীতিতে আরও ইন্ধন যুগিয়েছে। বিপর্যয়ের আরো বড়ো কারণ, ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার আমাদের সতর্কবাণী সত্ত্বেও আন্তর্জাতিক অর্থভাণ্ড থেকে যে শর্তাবলীতে বিপুল ঋণ গ্রহণ করেছিলেন সেই শর্তাবলীর করালগ্রাস আমাদের এখন গ্রাস করছে। সম্প্রতি অবশ্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে ঐ ঋণের শেষ কিস্তি গ্রহণ করা হবে না। ইতিমধ্যেই কিন্তু যা ক্ষতি হবার হয়ে গেছে।

১২। অত্যাবশ্যক পণ্য ও কাঁচামালের দাম যদি বেছে-বেছে বাড়ানো হয় তাহলে মূল্যস্ফীতি ব্যাপক আকার ধারণ করবেই, কোনো জিনিসের দামই আর না বেড়ে থাকবে না। কেন্দ্রীয়

সরকার যদি নিজে থেকে মুদ্রস্ফীতি ঘটান, রাজ্য সরকারের পক্ষে তা হলে সামাল দেওয়া অসম্ভব। রাজ্য সরকার বিগত কয়েক বছরে সরকারী বণ্টন ব্যবস্থার প্রসার ঘটিয়ে এবং কাজকর্মের উন্নতি সাধন করে মূল্যবৃদ্ধির প্রকোপ থেকে সাধারণ মানুষকে কিছুটা স্বস্তি দেওয়ার জন্য সদা নিরত থেকেছেন। সঙ্গতিসাপেক্ষে রাজ্য সরকার র‍্যাশন ও ন্যায্যমূল্য দোকান মারফৎ অত্যাবশ্যক পণ্যাদি সরবরাহ মূল্যে ভর্তুকী দিয়ে জোগানের ব্যবস্থা নিয়েছেন। ১৯৮৩ সালে দু'কোটি ৯৩ লক্ষ টন তণ্ডুল সরকারী বণ্টন ব্যবস্থার মধ্য দিয়ে বিতরণ করা হয়েছে। এই ব্যাপারে আমাদের প্রয়াস অব্যাহত থাকবে।

১৩। মাননীয় সদস্যগণ জানেন যে, গোটা দেশে সরকারী বণ্টন ব্যবস্থা আরও বহুল পরিমাণে সম্প্রসারণ, এবং সেই সঙ্গে বারো-চৌদ্দটি ভোগ্যপণ্য ও শিল্পোপকরণ সর্বত্র সমান দামে সরবরাহ সুনিশ্চিত করার বিষয়টি নিয়ে ১৯৭৭ সাল থেকে আমরা কেন্দ্রীয় সরকারকে উপরোধ জানিয়ে আসছি। এই পণ্য তালিকায় প্রধান প্রধান খাদ্যশস্য, ভোজ্যতেল, চিনি, নুন, আটপৌরে কাপড়, কেরোসিন, কাগজ, দেশলাই ইত্যাদি অন্তর্ভুক্ত। আমরা এটাও বলেছি, এ সমস্ত পণ্য কেবল সমান মূল্যে সারা দেশে সরবরাহ করলেই চলবে না, ভর্তুকী দিয়ে বাজার দরের চেয়ে কম দামে সরবরাহ করতে হবে। আমাদের প্রস্তাব, এই খাতে ভর্তুকী হিসাবে বছরে এক হাজার কোটি টাকা আলাদা করে রাখা হোক। কেন্দ্রীয় সরকার বড় বড় শিল্পপতি ও ব্যবসায়ীদের আরও বহু বেশী পরিমাণ টাকা প্রতি বছর অনুদান দিচ্ছেন। সুতরাং দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীভুক্ত মানুষদের জন্য এই সামান্য টাকা অনুদান দেওয়াতে কোন অসুবিধা হবার কথা নয়। রাজ্য সরকারের উদ্যোগে সম্প্রতি কলকাতায় অনুষ্ঠিত মুখ্যমন্ত্রী ও রাজনৈতিক দলগুলির সম্মেলনে এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানানো হয়েছে।

১৪। সাম্প্রতিক মূল্যপরিস্থিতি অবশ্যই ভয়ানক শঙ্কার কারণ। কিন্তু অর্থব্যবস্থার গতি-প্রকৃতিও সমান উদ্বেগের হেতু। দেশের নানা জায়গায় যদি অশান্ত অবস্থা চলতে থাকে, তার প্রভাব আর্থিক কিয়াকলাপের উপর পড়তে বাধ্য। ঘুরিয়ে কিন্তু এটাও বলা চলে যে আর্থিক উন্নয়ন যদি রুদ্ধগতি হয়, তাহলে তা-ও রাজনৈতিক অস্থিরতার কারণ হয়ে দাঁড়াতে পারে। দেশের বিভিন্ন অঞ্চলের মধ্যে বিকাশের অসামঞ্জস্য, ধনী-দরিদ্রের মধ্যে ক্রমবর্ধমান বৈষম্য, কর্মসংস্থান-হীনতা, এসব কিছুই আমাদের দেশের প্রধান সমস্যা। জাতীয় পরিকল্পনার ৩০ বৎসর অতিক্রান্ত হবার পরেও জাতীয় উন্নতির হার আদৌ বাড়ে নি। পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অগ্রগতির হার জাতীয় গড়ের চেয়ে সব সময়েই কম থেকে গেছে। কৃষি উৎপাদনের বার্ষিক হার ২.৪ শতাংশের বেশি কখনও ওঠেনি। শিল্প উন্নয়নের হারও গত দশকে ভয়ঙ্কর কমে গেছে ; পঞ্চাশের দশকে অথবা ষাটের দশকের গোড়ার দিকে যা ছিল, কার্যত তার অর্ধেক হয়ে গেছে। শিল্পের ক্ষেত্রে এই ক্রমাবনতির সবচেয়ে বড়ো ভুক্তভোগী পশ্চিমবঙ্গ সহ পূর্বাঞ্চলীয় সব কটি রাজ্য।

১৫। এই আর্থিক অসাফল্যের কাঠামোগত তথা অন্য কারণগুলি আদৌ অজানা নয়। দেশের বেশির ভাগ অঞ্চলে ভূমিসংস্কারে হাত দেওয়া হয় নি। ফলে কৃষির ক্ষেত্রে উৎপাদিকা শক্তি ব্যাহত। সেচের বাড়তি সুযোগ সুবিধা যা সৃষ্টি হয়েছে, কৃষিজীবী সমাজের বিত্তশীল মানুষের মধ্যেই তা সীমাবদ্ধ। উপার্জন তথা সম্পত্তি ব্যবস্থার পরিবর্তন ঘটাতে অনীহাহেতু কি কৃষির ক্ষেত্রে, কি শিল্পের ক্ষেত্রে জোরাল আভ্যন্তরীণ বাজার তৈরি করা আমাদের দেশে সম্ভব হয় নি। তাছাড়া মূল্যস্ফীতির ফলে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা একটা বড়ো অংশ নিত্য প্রয়োজনীয় জিসিপত্র সংগ্রহ করতেই ফুরিয়ে যাচ্ছে ; শিল্পজাত পণ্যের বাজার তাই আরো বেশি মার খাচ্ছে। আভ্যন্তরীণ বাজারের বিকল্প হিসাবে রপ্তনী বাড়ানোর যে নীতি, তাও এলোমেলো অসফল। একমাত্র সমাজতান্ত্রিক দেশগুলিই ন্যায্যমূল্যে আমাদের পণ্য সংগ্রহ করতে উৎসাহ দেখিয়েছেন। অধিকাংশ পশ্চিমী দেশগুলি কিন্তু নিজেদের বাজারে ভারতীয় পণ্যের অবাধ প্রবেশাধিকার দিতে অনিচ্ছুক।

১৬। দুঃখের সঙ্গে বলতে হয়, যাঁরা জাতীয় পরিকল্পনার হাল ধরে আছেন, তাঁরা হয় এসব ব্যাপার বোঝেন না, নয় তাঁরা সমাধানের সূত্র বাতলাতে অপারগ। আমরা বার বার করে কয়েকটি ব্যাপারে তাঁদের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেছি। বলেছি কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রত্যক্ষ বিনিয়োগ, কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলির বিনিয়োগ, বাণিজ্যিক ব্যাঙ্কগুলির ঋণদান নীতি, প্রতিটি ক্ষেত্রেই বিরাট আন্তঃ-আঞ্চলিক ও আন্তঃরাজ্য বৈষম্য আছে। মাননীয় সদস্যগণ প্রাসঙ্গিক তথ্যগুলি মোটামুটি জানেন। তাহলেও কয়েকটির পুনরাবৃত্তি প্রয়োজন। সারা দেশে সামগ্রিক জনসংখ্যার শতকরা আট ভাগ পশ্চিম বঙ্গে বসবাস করেন। অথচ ইণ্ডাষ্ট্রিয়াল ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, ইণ্ডাষ্ট্রিয়াল ফিন্যান্স করপোরেশন অফ ইণ্ডিয়া, লাইফ ইন্সিওরেন্স করপোরেশন অফ ইণ্ডিয়া ইত্যাদি প্রধান প্রধান কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি তাঁদের সামগ্রিক বিনিয়োগের এমনকি ৪ শতাংশও সাম্প্রতিক বছরগুলিতে এই রাজ্যে বরাদ্দ করেন নি। ব্যাঙ্কগুলির ঋণ-আমানতের অনুপাত, credit-deposit radio, তামিলনাড়ুর ক্ষেত্রে ৯৫ শতাংশ, মহারাষ্ট্রের ক্ষেত্রে ৮০ শতাংশ, কর্ণাটক ও অন্ধ্র প্রদেশের ক্ষেত্রে ৭৫ শতাংশ। অথচ আমাদের রাজ্যে তা মাত্র ৬০ শতাংশ। কলকাতাকে বাদ দিয়ে যদি হিসেব কষা যায়, পশ্চিমবঙ্গের বাকী অংশের ক্ষেত্রে এই অনুপাত ২৫ শতাংশেরও কম।

১৭। আমরা ব্যাঙ্ক তথা আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে যে আরো বেশি টাকা বরাদ্দ চাই, তার অন্যতম কারণ কতকগুলি সাংবিধানিক ও অন্য বিশেষ কয়েকটি জটিলতার জন্য রাজ্যের আর্থিক অসাচ্ছল্য ক্রমশঃ বর্ধমান। কেন্দ্রীয় সরকার কয়লা, লোহা এবং ইস্পাতকে ঘোষিত পণ্য বা ডিক্লেয়ার্ড গুডস্-ভুক্ত করায় এ সমস্ত জিনিসের উপর আমরা শতকরা ৪ ভাগের বেশি হারে বিক্রয় কর বসাতে পারি না। আমাদের অন্য দুটি প্রধান শিল্পপণ্য, পাট ও চা, রপ্তানী দ্রব্য, এবং

রপ্তানীর উপর বিক্রয়কর বসানো যায় না। সংবিধানের যে ৪৬তম সংশোধনী সম্প্রতি গৃহীত হয়েছে তার ফলে রাজ্যে-রাজ্যে পণ্য চলাচল বা কনসাইনমেণ্ট ট্রান্সফারের উপর কর বসানোর আর কোনো বাধা নেই। কিন্তু যতদিন পর্যন্ত না কেন্দ্রীয় সরকার সংবিধানের ২৬৯ ধারা অনুযায়ী প্রয়োজনীয় আইন প্রয়োগ করেছেন, ততদিন রাজ্যগুলি এই সংশোধনী থেকে উপকৃত হবেন না। এটাও মনে রাখা প্রয়োজন যে, ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত যে গুরুত্বপূর্ণ দশ বছর, সেই দশ বছরে দেশের অন্যত্র শিল্পোৎপাদন বেড়েছে শতকরা ৪০ ভাগ, পশ্চিমবঙ্গে ওই একই দশকে শিল্পোৎপাদন কমেছে ৪০ ভাগ। এটাও ভোলা চলে না ওই দশকে যখন দেশের বাকী অংশে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা দ্বিগুণ হয়েছে, পশ্চিমবঙ্গে তখন এক মেগাওয়াটও বাড়তি উৎপাদন ক্ষমতা সৃষ্টি করা হয় নি। শিল্পক্ষেত্রে এই চরম বিপর্যয়হেতু আমাদের রাজস্ব সংগ্রহে যে ক্ষতি হয়েছে তা এখনও অপুরণীয়।

১৮। এ ধরনের নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও পশ্চিমবঙ্গে সাম্প্রতিক বছরগুলিতে যে অতিরিক্ত রাজস্ব সংগৃহীত হয়েছে, সারা দেশে তা প্রায় সর্বোচ্চ। আমি শ্লাঘার সঙ্গে উল্লেখ করতে চাই, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার সাম্প্রতিক এক সমীক্ষা থেকে এটা স্পষ্ট যে বিগত কয়েক বছরে পশ্চিমবঙ্গে উন্নয়ন খাতে ব্যয়ও তুলনাগত বিচারে অত্যন্ত উল্লেখযোগ্য। যদি পরিকল্পনা-খাতে ব্যয়ের কথা ধরি, তাহলেও দেখা যায় ১৯৭১-৭২ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল এই ছয় বছরের তুলনায় ১৯৭৭ ৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল এই পরবর্তী ছয় বছরে পরিকল্পনা-খাতে ব্যয় প্রায় তিন গুণ বেড়েছে; সামগ্রিক ব্যয়ের অনুপাত হিসেবে ও পরিকল্পনা-খাতে ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে। উন্নয়ন তথা পরিকল্পনা খাতে এই ব্যয়বৃদ্ধির প্রসঙ্গে মনে রাখা কর্তব্য যে সেই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় থেকেই কেন্দ্রীয় পরিকল্পনা সাহায্যের গড় প্রতি পরিমাণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সর্বনিম্নতম।

১৯। এটা অবশ্য অনস্বীকার্য সামনে যে সমাকীর্ণ সমস্যা, তার পরিপ্রেক্ষিতে উন্নয়নমূলক ক্রিয়াকর্ম, তা পরিকল্পনা খাতেই হোক বা তার বাইরেই হোক, আমাদের আরো বহুগুণ বাড়িয়ে যেতে হবে। শুধু পশ্চিমবঙ্গেই নয়, আমাদের প্রতিবেশী যে রাজ্যগুলি, তাদেরও সামগ্রিক বিনিয়োগের মাত্রা প্রচুর বাড়ানো প্রয়োজন। এই প্রতিবেশী রাজ্যগুলি যদি পিছিয়ে থাকে, সেখানেও যদি বেকারীর জ্বালা বাড়ে, তাহলে তার একটা বড় দায় আমাদের উপরই বর্তাবে।

২০। যদি জাতীয় সংহতি অক্ষুণ্ণ রাখা আমাদের প্রধান লক্ষ্য হয়, পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির আর্থিক উন্নতির সমস্যা নিয়ে হেলাফেলা করা হবে মারাত্মক লীলাবিলাস। উন্নয়নের ব্যাপারে এই রাজ্যগুলি পিছিয়ে পড়লে, পরিকল্পনা-খাতে বিনিয়োগ না বাড়লে, গোটা অঞ্চল বিচ্ছিন্নতাবাদী ও সুবিধাবাদীদের শিকার হবে, এরকম আমাদের আশঙ্কা।

২১। জাতীয় অর্থ ব্যবস্থার মৌলিক পরিবর্তন যতদিন সম্ভব না হচ্ছে, ততদিন সাধারণ মানুষের ঈষৎ স্বস্তি বিধানের জন্যও একটি ন্যূনতম কর্মসূচী গ্রহণ তাই প্রয়োজন, যেমন (ক) যে-সমস্ত আর্থিক বিধিব্যবস্থা পূর্বাঞ্চলের রাজ্যগুলির প্রতি বৈষম্যের প্রধান কারণ এবং যা জাতির সামগ্রিক উন্নতির প্রবাহ থেকে পূর্বাঞ্চলকে বঞ্চিত করছে, সেই বিধিব্যবস্থাগুলি প্রত্যাহার করতে হবে; (খ) আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকগুলিকে পরিষ্কার নির্দেশ দিতে হবে যে বিনিয়োগ ও বরাদ্দের ব্যাপারে পূর্বাঞ্চলের প্রতি কোনো বৈগম্য দেখানো চলবে না; পূর্বাঞ্চলে যাতে বিনিয়োগ বাড়ে সেটা দেখা তাদেরও সমান কর্তব্য; (গ) কেন্দ্রীয় সরকারকে পশ্চিমবঙ্গ সহ গোটা পূর্বাঞ্চলে স্বীয় উদ্যোগে বাড়তি বিনিয়োগের ব্যবস্থা নিতে হবে; এবং (ঘ) সামগ্রিকভাবে উন্নয়ন-খাতে ব্যয় তথা পরিকল্পনার পরিমাণ পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির ক্ষেত্রে যাতে দ্রুত উর্দ্ধগতি হয়, পরিকল্পনা কমিশনকে তা নিয়ে আলাদা চিন্তা করতে হবে; দরকার হলে এই সমস্ত রাজ্যের জন্য বিশেষ অনুদানের ব্যবস্থা করতে হবে। পরিকল্পনা কমিশনকে এটা বোঝানো দরকার যে যদি উন্নয়নের খরচে দাঁড়ি টানা হয়, তাহলে উন্নয়ন-খাতের বাইরে খরচ প্রবণতা বাড়বে বৈ কমবে না।

২২। পশ্চিমবঙ্গকে পুরনো ঋণ মেটানোর জন্য যে অসম্ভব বোঝা বহন করতে হচ্ছে এবং যার ফলে মূলধনী খাত থেকে আমরা যথানুরূপ উন্নয়নের ব্যয় বাড়াতে পারছি না, তার উল্লেখ না করে পারছি না। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া কর্তৃক সংগৃহীত তথ্যের ভিত্তিক আর্থিক পর্যালোচনায় এটা দেখানো হয়েছে যে যদি সমস্ত রাজ্যগুলিকে মিলিয়ে হিসেব করা যায়, তাহলে মূলধনী খাতে ঋণ মেটানোর দায়ের অনুপাত শতকরা ১৯ ভাগ; একা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা শতকরা ৩৫ ভাগেরও বেশি।

২৩। রাজ্য সরকারের তত্ত্বাবধানে একটি বাণিজ্যিক ব্যাঙ্ক স্থাপনের জন্য রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার কাছে আমরা যে অনুমতি যাচ্ঞা করেছিলাম, সে সম্পর্কে আমি একটি দুটি কথা বলতে চাই। মস্ত পরিতাপের বিষয়, তিন বছর অতিক্রান্ত, অথচ আমরা এখনও রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার কাছ থেকে সম্মতিসূচক কোনও বার্তা পেলাম না। বর্তমানে যে ব্যাঙ্কগুলি আছে, তারা যদি পশ্চিমবঙ্গের সমস্যাদির দিকে একটু বাড়তি নজর দিত, তাহলে রাজ্য সরকারকে আলাদা করে ব্যাঙ্ক স্থাপন করার কোনও প্রয়োজন দেখা দিত না। কিন্তু, একটু আগেই যা বলেছি, বাণিজ্যিক ব্যাঙ্কগুলির ভূমিকা খুবই নৈরাশ্যজনক। আমাদের কোনও-কোনও জেলায় ঋণ-আমানতের অনুপাত মাত্র ১৫ শতাংশ। এমনও বলা ঠিক নয় যে পশ্চিমবঙ্গে ব্যাঙ্কগুলি বেশী টাকা ঢালতে পারছে না কারণ ঋণ-দেওয়া টাকা ফেরত আসছে না। ঋণ ফেরতের যা জাতীয় গড়, পশ্চিমবঙ্গে অবস্থা তার চেয়ে খারাপ নয়। গত কয়েক বছর ধরে রাজ্য সরকার ঋণ পুনরুদ্ধারের ব্যাপারে বিশেষ দৃষ্টি দিয়েছেন। সবচেয়ে দৃষ্টিকটু যা, যে তিন বছর ধরে আমরা

প্রতীক্ষমাণ, এই সময়ের মধ্যেই রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া বেশ কয়েকটি বিদেশী ব্যাঙ্ককে নতুন করে লাইসেন্স দিয়েছেন। ভেবে অবাক হ'তে হয়, যে ব্যাঙ্ক খোলবার জন্য আমরা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের অনুমতি পেয়েছি এবং যা রাজ্য সরকারের নিয়ন্ত্রণে পরিচালিত হবে, সেই ব্যাঙ্কের প্রস্তাব আমল পায় না, কিন্তু বিদেশী-পরিচালিত, বিদেশী-নিয়ন্ত্রিত ব্যাঙ্ক আমল পায়।

যদি কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস আশু ঘটত, তা হ'লে এই কাঠামোর মধ্যেই হয়তো রাজ্যের আর্থিক অস্বাচ্ছন্দ্য খানিকটা ঘোচানো সম্ভব হত। বিগত কয়েক বছর ধরে আমরা অনবচ্ছিন্ন এই বিষয়ে দেশের সর্বস্তরের মানুষের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি। বর্তমান ব্যবস্থা প্রভূত অসঙ্গতিপূর্ণ; আমি মাত্র একটি উদাহরণ তুলে ধরছি। ১৯৭৬-৭৭ সাল থেকে শুরু করে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত আয় কর, কর্পোরেশন কর এবং কেন্দ্রীয় অন্তঃশুল্ক বাবদ পশ্চিমবঙ্গ থেকে ৬,৯৫২·৪০ কোটি টাকা সংগ্রহ করা হয়েছে; অথচ আমরা ফেরৎ পেয়েছি মাত্র ১,৫৩৩,৭২ কোটি টাকা। ঈষৎ আশ্বাসের কথা, কেন্দ্রীয় সরকার আমাদের বক্তব্যের যৌক্তিকতা মেনে নিয়ে কেন্দ্র-রাজ্য সম্পর্ক খতিয়ে দেখবার জন্য একটি কমিশন গঠন করেছেন। কমিশনের কর্মপদ্ধতি ইত্যাদি সম্পর্কে আমাদের নানা সংশয় আছে। তা সত্ত্বেও আমরা কমিশনের কাছে একটি বিশদ বিবৃতি দাখিল করব।

২৫। বিভিন্ন বিষয়ে, যথা কর্পোরেশন করকে বিভাজ্য ভাণ্ডের সঙ্গে যুক্ত করা, সারচার্জকে আয় করের সঙ্গে মেলানো, ব্যাঙ্কগুলির ভূমিকা, ফতোয়া দিয়ে দাম বাড়ানো, অতিরিক্ত অন্তঃশুল্ক ইত্যাদি প্রসঙ্গে আমরা যে কথাগুলি বলে আসছিলাম, সে সম্পর্কে অধিকাংশ রাজ্য সরকারই এখন আমাদের সঙ্গে একমত। অতিরিক্ত অন্তঃশুল্কের গণ্ডি আরো বাড়িয়ে কতিপয় নতুন পণ্যের ক্ষেত্রে তা চাপাবার যে প্রস্তাব করা হয়েছে, মুখ্যমন্ত্রীদের বিগত সম্মেলনে অনেক রাজ্য সরকারই তার প্রবল বিরোধিতা করেছেন, এমন কি যাঁরা আমাদের রাজনৈতিক মতের পরিপন্থী, তাঁরাও করেছেন। এ সমস্ত ঘটনাবলী থেকে আশা হয় যে অনতিদূর ভবিষ্যতে ব্যবস্থার পরিবর্তন হবে, ফলে সরকারী খাতে গোটা দেশে যে সম্পদ সংগৃহীত হয়, তার একটা বড়ো অংশ রাজ্যগুলির হাতে পৌঁছুতে শুরু করবে।

২৬। ইতিমধ্যে আমাদের সীমিত সাধ্যের উপর নির্ভর করে রাজ্যের উন্নয়নের গতি ক্ষিপ্রতর করবার জন্য উদ্যোগ আমাদের চালিয়ে যেতে হবে। মানা ভালো এটা দুরূহ কর্তব্য। যে যে সমস্যাগুলি উল্লেখ করা হয়েছে, সেগুলি পাশে যদি সরিয়ে রাখাও যায়, তাহলেও আমাদের এটা ভুললে চলবে না যে মূল্যমানের ঊর্ধ্বগতি রাজ্য সরকারের ব্যয়ের উপর নিয়ত বাড়তি চাপ সৃষ্টি করবে। এমনিতেই বিগত কয়েক বছর আমরা নানা সমস্যায় জর্জরিত আছি। কিছুটা আশ্বাসের

কথা, অষ্টম অর্থ কমিশন তাঁদের অন্তর্বর্তী রিপোর্টে আমাদের কাঠামোগত সমস্যাগুলির গুরুত্ব মেনে নিয়েছেন এবং ২৭৫ সংখ্যক ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের জন্য বিশেষ অনুদানের ব্যবস্থা করেছেন। অন্তর্বর্তী রিপোর্টে যদিও এই খাতে অতি সামান্য বরাদ্দ দেখানো হয়েছে, আশা করব তাঁদের অন্তিম রিপোর্টে আমাদের অসুবিধাগুলি সামগ্রিকভাবে বিবেচিত হবে। আমরা কমিশনকে জানিয়েছি যে ১৯৮৪ থেকে ১৯৮৯ এই পাঁচ বছরে পরিকল্পনা-খাতের বাইরে আমাদের ঘাটতির পরিমাণ হবে প্রায় ৯,০০০ কোটি টাকা ; ধরে নিচ্ছি এই অঙ্কের একটা বড় পরিমাণ তাঁরা মেটাবার ব্যবস্থা করবেন।

২৭। কমিশনের অন্তিম রিপোর্ট পেতে দেরি হচ্ছে, আমাদের ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রস্তাব তৈরি করতেও একটু অসুবিধা তাই দেখা দিয়েছে। পরিকল্পনা কমিশনের সঙ্গে আমাদের কয়েকটি বৈঠক হয়েছে ; ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বার্ষিক যোজনার পরিমাণ কত হবে তা নিয়ে কিন্তু আমরা মতৈক্যে পৌঁছুতে পারি নি। আমরা অতএব প্রধান সমস্যাগুলি নিয়ে আলোচনার জন্য জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠক ডাকার অনুরোধ জানিয়েছি। অর্থ কমিশনের রিপোর্ট হাতে না পাওয়াও পরিকল্পনার পরিমাণ নির্ণয়ে অসুবিধার একটি বড় কারণ। মাননীয় সদস্যদের কাছে আজ যে যে প্রস্তাব রাখা হচ্ছে, তাতে ১৯৮৪-৮৫ সালের পরিকল্পনার পরিমাণ ৭৪৮ কোটি টাকা দেখান আছে। জাতীয় উন্নয়ন পরিষদে সিদ্ধান্তের পর প্রয়োজন হলে এই অঙ্কের যথাযথ পরিবর্তন করা হবে। অনুরূপ ব্যবস্থা ১৯৭৯-৮০ সালেও নেওয়া হয়েছিল।

২৮। বাজেট প্রস্তাবে ১,৬৮৫·৮০ কোটি টাকা পরিকল্পনা-বহির্ভূত খাতে দেখানো হয়েছে, এবং ৭১১·৮১ কোটি টাকা রাজ্য সরকারের অন্যান্য প্রয়োজন মেটানোর জন্য ধরা হয়েছে ; এর ভিতর পুরানো ঋণ সংশোধনের ব্যাপারও আছে। এ সমস্ত অঙ্কগুলিই অবশ্য অর্থ কমিশনের মঞ্জুরীর পর ওলোটপালট হবে।

২৯। বাজেট প্রস্তাবের আনুষঙ্গিক কয়েকটি ব্যাপারে আমার কিছু বলার আছে। আমাদের সংবিধান অনুযায়ী কোন রাজ্য সরকার কিংবা রাজ্য সরকারের অধীনস্থ কোন সংস্থা কেন্দ্রীয় সরকারের অনুমতি ব্যতীত ঋণপত্র ছেড়ে বাজার থেকে ঋণ সংগ্রহ করতে পারে না। স্বাধীনতার অব্যবহিত পরে ঋণপত্রের মধ্যবর্তিতায় সামগ্রিক যে রাজস্ব সংগৃহীত হতো, তার দুই-তৃতীয়াংশ রাজ্যগুলির জন্য বরাদ্দ থাকত। মস্ত দুঃখের কথা, কেন্দ্রীয় সরকারের হাতে যত বেশি আর্থিক ক্ষমতা কেন্দ্রীভূত হয়েছে, তত বেশি করে অবস্থার পরিবর্তন ঘটেছে। আজকাল এমন দাঁড়িয়েছে যে ঋণপত্র মারফত সংগৃহীত রাজস্বের মাত্র শতকরা ১০ ভাগ রাজ্যগুলি পাচ্ছে, বাকি ৯০ ভাগ কেন্দ্র নিজের হাতে রাখছে। রাজনৈতিক মতামত নির্বিশেষে সমস্ত রাজ্য সরকার এই প্রবণতার

বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। আমরা আশা করি অর্থ কমিশনও এ ব্যাপারে কিছু বলবেন। ইতিমধ্যে ঋণপত্র মারফৎ বাজার থেকে সংগ্রহ, এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ বাবদ আমরা ১৯০ কোটি টাকা আগামী বছরের জন্য বরাদ্দ ধরেছি।

৩০। আমার সহকর্মীরা ব্যয় বরাদ্দ মঞ্জুরীর অনুরোধ রাখবার সময় কি কি নতুন প্রকল্পে আগামী বছর হাত দিতে চান, সে সম্পর্কে বলবেন। আমি শুধু একটি দুটি বিষয়ে আলাদা করে বলতে চাই।

৩১। মাননীয় সদস্যদের মনে আছে, ১৯৭৮-৭৯ সালে আমরা বেকার সাহায্য প্রবর্তন করেছিলাম। সংবিধানের ৪১ ধারা অনুযায়ী এই ব্যবস্থা নেওয়া হয়েছিল। ঐ ধারা বলে কর্ম-সংস্থানহীনতা, কিংবা বার্ধক্য, পীড়া, অথবা অন্য কোন অক্ষমতা হেতু কোন নাগরিক অসুবিধায় পড়লে, তাঁর সাহায্যের ব্যবস্থা করা রাষ্ট্রীয় দায়িত্ব। সারা দেশে আমরাই প্রথম এই সাহায্যের প্রবর্তন করেছি; আমাদের দৃষ্টান্ত পরে বেশ কয়েকটি রাজ্য সরকার অনুসরণ করেছেন। বেকার সাহায্য প্রদান যেহেতু জাতীয় সংবিধান গ্রাহ্য সর্বোচ্চ নীতির অনুপন্থী আশা ছিল কেন্দ্রীয় সরকার এই বাবদ আমাদের যা ব্যয় হচ্ছে, তার অন্তত অর্ধেক বহন করবেন। দুঃখের কথা কেন্দ্র আমাদের সেই অনুরোধ রাখেন নি। এই পুরো দায়টা আমাদের একা বহন করতে হবে এটা ঠিক না। ১৯৮৪-৮৫ সাল থেকে আমরা স্থির করেছি আমাদের বেকার সাহায্য প্রকল্পর সঙ্গে ব্যাঙ্কগুলির স্বনিযুক্তি প্রকল্প যুক্ত করে নেব। আগামী বছর যাঁরা এই বেকার সাহায্যপ্রাপক হবেন, সমগ্র সাহায্যই তাঁদের বীজমুদ্রা (সীড মানি) রূপে দেওয়া হবে; বীজ হিসেবে এই টাকা দেখিয়ে তাঁরা ব্যাঙ্ক থেকে কোনো-না-কোনো স্বনির্ভর প্রকল্পের জন্য তাহলে আরো অনেক বেশি টাকা ঋণ পাওয়ার ব্যবস্থা করতে পারবেন। এই ব্যবস্থায় প্রত্যেক প্রাপক এখন যা টাকা পাচ্ছেন, তার চেয়ে বহুগুণ বেশি টাকা পাবেন, এবং কোন ব্যবসা বা বৃত্তিতে নিজেকে প্রতিষ্ঠা করবার সুযোগও তাঁর সম্প্রসারিত হবে।

৩২। ১৯৮২-৮৩ এবং ১৯৮৩-৮৪ সালে যাঁরা বেকার সাহায্য পেতে শুরু করেছিলেন, তাঁদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত ব্যবস্থা অব্যাহত থাকবে। তবে তাঁরাও যদি ইচ্ছা করেন, এখন থেকে বেকার সাহায্যের টাকা বীজমুদ্রা হিসাবে গ্রহণ করতে পারবেন।

৩৩। কাছাকাছি অন্য একটি ব্যাপারেও কিছু বলবো। মাননীয় সদস্যরা জানেন যে ১৯৭৭ সাল থেকে রাজ্য সরকার যাঁরা কর্মসংস্থান কেন্দ্রে নিজেদের নাম নথিভুক্ত করেছেন, একমাত্র তাঁদেরই সরকারী দপ্তরে নিয়োগের নিয়ম করেছেন। আইনগত অসুবিধার জন্য আমরা বেসরকারী

মালিকানার ক্ষেত্রে অনুরূপ কোনও ব্যবস্থা প্রবর্তন করতে পারিনি। এখন স্থির করা হয়েছে আগামী আর্থিক বছরের গোড়া থেকে যদি কোনো সংস্থা বা গোষ্ঠী পশ্চিমবঙ্গ সরকার বা পশ্চিমবঙ্গ সরকারের আওতাভুক্ত কোনো প্রতিষ্ঠান কর্তৃক দেয় কোন ঋণ অথবা অনুদান অথবা করমকুব বা অন্য কোন সুযোগ-সুবিধা পেতে চান, তাহলে তাঁদের, কিছু কিছু পদের ক্ষেত্রে, কর্মসংস্থান কেন্দ্র মারফৎ নতুন লোক নিয়োগ করতে হবে এবং যাঁদের নাম পাঁচ বছরেরও বেশি সময় নথিভুক্ত, তাঁদের অগ্রাধিকার দিতে হবে।

৩৪। সরকারী বণ্টন ব্যবস্থায় অনুদানের মাত্রা বাড়ানোর উদ্দেশ্যে আগামী বছরে কিছু অতিরিক্ত বরাদ্দ রাখা হচ্ছে। এই ব্যবস্থা ব্যাপকতর ও উন্নততর করবার জন্য অন্য যে-সমস্ত কাজ হচ্ছে, তার সঙ্গে এই অনুদান যুক্ত হবে। এধরনের ব্যবস্থা আছে বলেই, এবং তা দৃঢ়তর করা হচ্ছে বলেই, পশ্চিমবঙ্গে জীবনযাত্রা নির্বাহের খরচ গোটা দেশে সবচেয়ে কম।

৩৫। মহিলাদের উপার্জন ও কর্মসংস্থান বাড়ানোর জন্য আগামী বছর আমরা একটি বিশেষ ব্যবস্থা নিচ্ছি, তার কথাও একটু বলি। উন্নয়ন-খাতে ব্যয় বাড়াতে হলে একটি বড় সম্বল ক্ষুদ্র সঞ্চয়। এই সঞ্চয় থেকে প্রাপ্ত রাজস্বের দুই-তৃতীয়াংশ রাজ্য সরকারগুলি ঋণ হিসাবে ফেরত পেয়ে থাকে। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সঞ্চয় বাড়াবার উদ্দেশ্যে গত কয়েক বছরে প্রভূত উদ্যোগ নেওয়া হয়েছে; এ ব্যাপারে বরাবরই আমাদের রাজ্য অগ্রণী। আগামী বছর বাড়ীর গৃহিনী তথা কর্মসংস্থানহীন মহিলাদের এই উদ্যোগের সঙ্গে মুক্ত করার লক্ষ্য নিয়ে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। গ্রামে শহরে মহিলাদের এই উদ্যোগের সঙ্গে যুক্ত করা হবে; জেলাভিত্তিক তাঁদের সাখ্যা ভাগ করে দেওয়া হবে। আমাদের প্রচেষ্টা সফল হলে এই মহিলারা প্রত্যেকেই প্রতি মাসে বেশ ভাল উপার্জন করতে পারবেন; যে-সমস্ত অসাধু ব্যক্তি ভুয়ো বিনিয়োগ সংস্থার নামে সাধারণ মানুষকে ঠকাবার চেষ্টা করছেন, তাঁদেরও জব্দ করা যাবে। মাননীয় সদস্যদের পূর্ণ সমর্থন এই ব্যাপারে পাব আশা করি।

৩৬। মাননীয় সদস্যরা জানেন যে পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামে অন্তত একটি করে পানীয় জলের উৎস স্থাপনের আমরা সঙ্কল্প গ্রহণ করেছি। বর্তমান বছরে এই খাতে গোড়ায় বরাদ্দ ছিল ৬·৯০ কোটি, আমরা সেটা বাড়িয়ে ৯·৯০ কোটি টাকা করেছি। ফলে অন্তত ২,৪৪০টি নতুন গ্রামে এ বছর আমরা পানীয় জলের একটি করে উৎস পৌছে দিতে পারব বলে মনে করি। আগামী বছরে এ-ব্যাপারে আমরা আরো অনেক বেশি আশাবাদী; ১৬·৫০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে, যাতে আরো ৬,০০০ গ্রামে জলের ব্যবস্থা করে দেওয়া যায়।

৩৭। শহরাঞ্চলেও অনুরূপ উদ্যোগ নেওয়া হচ্ছে। কলকাতা মেট্রোপলিটন এলাকার বাইরে যে ৭৫টি পৌরসভা আছে, তাদের অন্তত সাতটির ক্ষেত্রে পাইপে করে জল দেবার ব্যবস্থা আদৌ নেই ; অন্য ৩১টির ক্ষেত্রে সামান্য কিছু ব্যবস্থা যদিও আছে, গড়পড়তা প্রতিদিন কিন্তু ৭০ লিটারের বেশি পাওয়া যায় না। আমরা এখানে বরাদ্দ বাড়াতে দৃঢ়প্রতিজ্ঞ। ভারতীয় জীবনবীমা করপোরেশনের কাছ থেকে কিছু বাড়তি ঋণ পাওয়া যায় কিনা তার জন্যও চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। বীমা কর্পোরেশন হলদিয়া জল প্রকল্পের জন্য ১ কোটি টাকা দিতে রাজি হয়েছেন, এই পরিমাণ যথেষ্ট নয়, ঐ প্রকল্পের মাত্র শতকরা ৬৫ ভাগ এই টাকা থেকে মিটছে। জীবনবীমা কর্পোরেশন ওই রাজ্যে প্রচুর ব্যবসা করেন, তাঁদের কাছ থেকে বাড়তি কিছু টাকা চাওয়ায় অধিকার নিশ্চয়ই আমাদের আছে।

৩৮। মাননীয় সদস্যরা লক্ষ্য করবেন যে অন্যান্য বছরের মত আগামী বছরও আমাদের বার্ষিক পরিকল্পনায় বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারণের জন্য সবচেয়ে বেশি টাকা বরাদ্দ হয়েছে। আশা হচ্ছে ক্রমশ এই রাজ্যে বিদ্যুতের হাল ভালোর দিকে ফিরবে। গত কয়েক মাসে বিদ্যুতের যোগান বেড়েছে ; এখন থেকে প্রতি বছর কিছু কিছু করে উৎপাদন ক্ষমতা বাড়বে, তাই মানুষের দুর্ভোগও হয়তো কমবে। বিদ্যুৎ বণ্টনের ক্ষেত্রে কিছু সংশোধনী ব্যবস্থা নেওয়া হয়েছে, তাতেও সুফল ফলেছে। আমরা ২১০ মেগাওয়াট সম্পন্ন তিনটি নতুন বিদ্যুৎ কারখানা কোলাঘাটে স্থাপনের প্রারম্ভিক কাজে হাত দিয়েছি ; যে সব প্রকল্পের কাজ চলছে, তাদের জন্যও যথাযথ বরাদ্দের ব্যবস্থা করা হচ্ছে।

৩৯। একটু সময় নেব মেট্রোরেলের কথা উল্লেখ করবার জন্য। এই কেন্দ্রীয় প্রকল্পের অতি মন্থর অগ্রগতি কলকাতা তথা গোটা পশ্চিমবঙ্গের আর্থিক তথা সামাজিক জীবনযাত্রার উপর কালো ছায়া ফেলেছে। আশা করব দলমত নির্বিশেষে মাননীয় সদস্যরা কেন্দ্রীয় সরকারের কাছে এই আর্জি জানাবেন, যতশীঘ্র এই প্রকল্পটি সম্পূর্ণ করবার ব্যবস্থা নেওয়া হোক এবং অন্তত ১৯৮৭ সালের মধ্যে যাতে সব কাজ সারা হয় তার জন্য চেষ্টা করা হোক।

৪০। তিস্তা সেচ প্রকল্পের কথাও একটু বলি। এই প্রকল্প রূপায়িত হলে গোটা উত্তর বঙ্গে কৃষির চেহারা পাল্টে যাবে। ১৯৮৩-৮৪ সালে তিস্তা প্রকল্পের জন্য গোড়ায় আমাদের বরাদ্দ ছিল ২৩ কোটি টাকা, সেটা বাড়িয়ে ২৮ কোটি টাকা করা হয়েছে। দুঃখের কথা এই প্রকল্পটি নিয়ে কেন্দ্র তেমন-কোনো আগ্রহ দেখান নি ; আশা করি এখন থেকে দেখাবেন।

৪১। ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রস্তাব নিয়ে বলার আগে আমি বর্তমান বছরের সংশোধিত আয়-ব্যয়ের কিছুটা হিসাব দাখিল করছি। বর্তমান বছরে আমরা দু'দফায় অতিরিক্ত রাজস্ব

সংগ্রহের ব্যবস্থা নিয়েছিলাম : প্রথমবার বাজেট উপস্থাপনার সময়, এবং পরে বিধানসভার বিগত অধিবেশনে। এই উভয় ব্যবস্থার ফলে ৪৩. ৬৬ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব সংগ্রহ করা সম্ভব হয়েছে। তাহলেও এখন দেখা যাচ্ছে আমাদের সামগ্রিক রাজস্ব আদায়ের যে-অঙ্ক ১৯৮৩-৮৪ সালের বাজেটে উল্লেখ করা হয়েছিল, তার চেয়েও খানিকটা কম রাজস্ব সংগৃহীত হবে। রাজস্ব আদায়ে এই ঘাটতির প্রধানত তিনটি কারণ উল্লেখ করা যেতে পারে। টেলিভিশনের উপর আমরা যে প্রমোদকর বসিয়েছিলাম, তা মাননীয় কলকাতা হাইকোর্ট অবৈধ ঘোষণা করেছেন। এখন এমন একটি পরিস্থিতির উদ্ভব হয়েছে যে মহারাষ্ট্রে এই কর বৈধ্য, অথচ পশ্চিমবঙ্গে অবৈধ। বিক্রয় কর থেকে আমাদের সংগ্রহ বাজেটের হিসাবের চেয়ে কিছুটা কম হয়েছে, কারণ অনেক ক্ষেত্রে করদাতা সংস্থাগুলি, বিশেষ করে পাটশিল্পের সঙ্গে জড়িত সংস্থাগুলি বিচারালয় থেকে বিলম্বিত হারে কর দেওয়ার অনুমতি নিয়ে এসেছেন। তৃতীয়ত এটাও বলতে হয়, কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বেশ কিছু সংস্থা দেয় বিক্রয় কর জমা দিতে সময়-শৈথিল্য দেখিয়েছেন।

৪২। বাজেটে বলা হয়েছিল যে কর-বর্হিভূ'ত ব্যবস্থাদি থেকে রাজ্য সরকারের ১৯৮৩-৮৪ সালে আদায় হবে ১৪০.৮৩ কোটি টাকা ; এখন মনে হয় এই খাতে আমরা আরও কিছু বেশি পাব, সংশোধিত হিসাবে পরিমাণ দাঁড়াবে প্রায় ১৪৭.৮৬ কোটি টাকা। অনুদান, ঋণ এবং আগাম-প্রাপ্য হিসাবে দেয় অঙ্কের ক্ষেত্রেও খানিকটা উন্নতি হয়েছে। বাজেটে ঘোষিত ২,৬২৭.৪৩ কোটি টাকার জায়গায় এখন সম্ভবত সব মিলিয়ে ৩,৩২৩.৩৭ কোটি টাকা এ সব খাত থেকে পাওয়া যাবে।

৪৩। বাজেটে আরো বলা হয়েছিল যে, রাজস্ব খাতে বর্তমান বছরে আমাদের খরচ হবে ১,৭১৬.১২ কোটি টাকা। এখন মনে হয় এই খাতে খরচ বেড়ে গিয়ে দাঁড়াবে ১;৮৪০.৩৮ কোটি টাকায়। মূলধনী খাতেও অনুরূপ কিছু পরিবর্তন ঘটেছে। সব মিলিয়ে সামগ্রিক মোট খরচ দাঁড়াচ্ছে ৩,৩৭৪.৫৮ কোটি টাকা। আমাদের প্রারম্ভিক ঘাটতি ৮২.৬১ কোটি টাকা ধরে নিলে ১৯৮৩-৮৪ সালের অন্তিম ঘাটতি ৪৩.৮২ কোটি টাকার বেশি হবে বলে মনে হয় না। অর্থাৎ রিজার্ভ ব্যাঙ্ক থেকে দৈনন্দিন কাজের জন্য ধারের যে ঊর্ধ্বসীমা বেঁধে দেওয়া হয়েছে, তার মধ্যে আমরা থাকতে পারব। এই হিসাবগুলি পেশ করার সময় আমি অবশ্য কেন্দ্রীয় বাজেটে ওভার-ড্রাফ্‌ট হ্রাস করা সম্পর্কে যা-যা প্রস্তাব আছে সেগুলি মনে রেখেছি।

৪৪। ওভারড্রাফ্‌ট প্রসঙ্গে এখানে সামান্য একটি কথা যোগ করবো। অনেক সময় বলা হয়ে থাকে, ওভারড্রাফ্‌টের তাৎপর্য হলো আগোছালো আর্থিক ব্যবস্থা, আর উদ্বৃত্ত বাজেটের

মানে আর্থিক শৃঙ্খলা। এই মুহূর্তে অন্তত বারোটি রাজ্যের ওভারড্রফ্‌ট আছে, এবং কেন্দ্রের বাজেটেও বিরাট ঘাটতি, বেশ কয়েক বছর ধরেই যা চলে আসছে। সুতরাং পুরস্কার-তিরস্কার প্রসঙ্গে না গিয়ে কেন ওভারড্রাফ্‌ট হয়, তার কাঠামোগত কারণগুলি সর্বাগ্রে বিশ্লেষণ প্রয়োজন।

৪৫। এবার ১৯৮৪-৮৫ সালের আয়-ব্যয়ের প্রসঙ্গে আসছি। সামগ্রিক রাজস্ব সংগ্রহ আমি ধরে নিচ্ছি আগামী বছরে হবে ৮৯৫.৮৭ কোটি টাকা; কর-বহির্ভূত রাজস্ব খাত থেকে আসবে ১৫৯.১২ কোটি টাকা। অন্যান্য জরুরী বিষয়গুলি হিসেবের মধ্যে ধরে মনে হয় আগামী বছর আমাদের মোট প্রাপ্যের পরিমাণ হবে ৩;০৮২.৪৭ কোটি টাকা। মোট খরচের অঙ্ক হবে ৩,১৩৬.৮৮ কোটি টাকা। সব মিলিয়ে তাই বছরের ক্রিয়াকর্ম থেকে ঘাটতি দাঁড়াবে ৫৪.৪১ কোটি টাকা।

৪৬। অবশ্য এ-সব হিসাবের মধ্যে কিছু অনিশ্চয়তা থেকেই যাচ্ছে। প্রমমেই যেটা বলা প্রয়োজন, অর্থ কমিশনের মঞ্জুরীর ফলে জমার দিকে ও খরচের দিকে, এবং রাজস্ব তথা মূলধনী উভয় ক্ষেত্রেই, অনেক অদলবদল হবে। তাছাড়া, মূল্যবৃদ্ধিহেতু সরকারের ব্যয়ের উপর কতটা বাড়তি চাপ পড়বে তা এই মুহূর্তে বলা সম্ভব নয়।

৪৭। সুতরাং এটা স্পষ্ট যে, আগামী বছরেও আমাদের অতিরিক্ত রাজস্ব সংগ্রহের চেষ্টা অব্যাহত রাখতে হবে। আমরা তো আর হুকুমনামা জারি করে জিনিসের দাম বাড়িয়ে টাকা তুলতে পারি না। আমরা নোট ছাপাতেও পারি না। রিজার্ভ ব্যাঙ্ক থেকে অবশ্য ওভারড্রাফ্‌ট নিতে মাঝে মাঝে বাধ্য হই, কিন্তু সে ব্যাপারেও কড়া নিয়ম-কানুন আছে। সম্প্রতি কেন্দ্রে যে বাজেট পেশ করা হয়েছে, তার পরিণামে বিভাজ্য ভাণ্ডার থেকে কাজগুলির প্রাপ্য অর্থের পরিমাণ বেশ কিছুটা কমে যাবে, তা নিয়েও আমাদের আলাদা চিন্তা করতে হচ্ছে। ১৯৮৪-৮৫ সালে ন্যূনতম ৭৫ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব সংগ্রহ করতে আমরা পরিকল্পনা কমিশনের কাছে অঙ্গীকারবদ্ধ। তার জন্য ব্যবস্থা নিতেই হবে। যেটা দেখা প্রয়োজন, এই অতিরিক্ত রাজস্ব সংগ্রহের চাপে দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীভুক্ত মানুষেরা বাড়তি কোন অসুবিধায় যেন না পড়েন। বল্গাহীন মূল্যস্ফীতির ফলে তাদের এমনিতেই যথেষ্ট ভুগতে হচ্ছে।

৪৮। কোন্ কোন্ খাতে বাড়তি কর ধার্য করা হবে তা নিয়ে আমি এখন বলব। যেহেতু বিক্রয় করই আমাদের প্রধান রাজস্ব সংগ্রহের সূত্র, আমি বিক্রয় কর দিয়েই শুরু করব। মাননীয় সদস্যদের হয়ত মনে আছে, ১৯৮১-৮২ সালে বাজেট পেশ করবার সময় আমি বঙ্গীয় রাজস্ব

(বিক্রয় কর) আইন, ১৯৪১ (বেঙ্গল ফিনান্স সেলস্ ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১), বঙ্গীয় কাঁচা পাট কর আইন, ১৯৪১ (বেঙ্গল র'জুট সেলস্ ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১), পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন, ১৯৫৪ ওয়েষ্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স এ্যাক্ট, ১৯৫৪), পশ্চিমবঙ্গ ধান্য ক্রয় কর আইন, ১৯৭০ (ওয়েষ্ট বেঙ্গল প্যাডি পারচেজ ট্যাক্স এ্যাক্ট, ১৯৭০) এই চারটি আইনকে একত্রিত করার ইচ্ছা ব্যক্ত করেছিলাম। আমার ধারণা, এই আইনগুলি একত্রিত হলে কর দেওয়ার পদ্ধতি সহজতর হবে ; ফলে সরকার ও করদাতারা দু'পক্ষই কিছু স্বস্তি পাবেন। এ-ব্যাপারে যে সমীক্ষা কমিটি গঠন করা হয়েছিল, তাঁরা একটি খসড়া বিল রচনা করেছেন। ন্যাশনাল ইনষ্টিটিউট অফ পাবলিক ফিনান্স অ্যাণ্ড পলিশি তা পরীক্ষা করে দেখছেন। আশা রাখছি বছরের শেষের দিকে আমরা প্রয়োজনীয় আইন প্রণয়নের ব্যবস্থা নিতে পারব।

৪৯। ইতিমধ্যেই কিন্তু রাজ্যের বিক্রয় করের হারের সংখ্যাধিক্য সম্পর্কে কিছু ব্যবস্থা নেওয়া সম্ভব বলে আমার মনে হয়। এ বছরের বাজেট থেকেই এই কাজ শুরু করা যেতে পারে। আমি তাই প্রস্তাব রাখছি যে ১৯৫৪ সালের আইনে বিক্রয় করের হারের সংখ্যা কমিয়ে ৮-এ আনা হোক। বর্তমানে এই আইনে বিক্রয় করের সর্বোচ্চ হার শতকরা ১৮ ভাগ। অনেকেই বলেন, এত উঁচু করের হার রাখলে অসুবিধা হয়, কর ফাঁকির প্রবণতা বাড়ে। আমি যে নতুন প্রস্তাব রাখছি, তাতে সর্বোচ্চ হার কমিয়ে শতকরা ১৫ ভাগ করা হচ্ছে। অন্য হারগুলো শতকরা এক ভাগ, শতকরা দু' ভাগ, শতকরা তিন ভাগ, শতকরা চার ভাগ, শতকরা সাত ভাগ, শতকরা আট ভাগ এবং শতকরা এগারো ভাগ।

৫০। মূল্যস্ফীতির প্রকোপে জর্জরিত ক্রেতাদের কিছুটা স্বস্তি দেওয়ার জন্য আমি সবরকম কাগজের উপর বিক্রয় করের হার কমিয়ে ৮ শতাংশ রাখতে চাই। অ্যালুমিনিয়াম ফয়েস, অ্যালুমিনিয়াম বাসনপত্র ও পাত. বৈদ্যুতিক পাখা, লজেন্স, চুলের তেল, টুথ পেষ্ট, সব রকম গুঁড়ো সাবান, ইত্যাদির উপরও করের হার কমিয়ে শতকরা ৮ ভাগ রাখা হচ্ছে। সেই সঙ্গে মোটরযানের টায়ার ও টিউব এবং টিউবের পাত, লোহা বা ইস্পাতের তৈরি সিন্ধুক ও আলমারি, লোহা, ইস্পাত বা অ্যালুমিনিয়ামের তৈরি আসবাবপত্র, গদি-আঁটা তোষক ও বালিশ, ধূপকাঠি, লাইনোলিয়াম, পিভিসি টালি, শল্য চিকিৎসার জন্য পট্টি, এ-সব কিছুর উপরই বিক্রয় কর হ্রাস করা হচ্ছে। কর কমছে ভোল্টেজ স্ট্রেবিলাইজার, সিগারেট কেস ও লাইটার, রেডিও, ট্রানজিস্টর ও রেডিও-গ্রামোফোন, টেপ রেকর্ডার, রেকর্ডিং টেইপ, ক্যাসেট টেইপ-ডিক্টাফোন, বাইনোকুলার, টেলিস্কোপ, অপেরা গ্লাস এ-সব কিছুরও। আশা করবো এই কর-কমানোর ফলে পশ্চিমবঙ্গে ইলেকট্রনিক শিল্পে কর্মসংস্থান আরো বাড়বে।

৫১। আমার অন্য প্রস্তাব, সারের উপর বিক্রয় কর ৫ শতাজশ থেকে কমিয়ে ৪ শতাংশ করা। এই সিদ্ধান্তে রাজ্যের কৃষককুল বেশ খানিকটা স্বস্তি পাবেন। এসব বিভিন্ন সুবিধা দেওয়ার ফলে রাজ্য সরকারের প্রায় ৫·৫০ কোটি টাকা বছরে ক্ষতি হবে।

৫২। অন্য দিকে করের হারের এই পুনর্বিন্যাসের ফলে মোটর গাড়ি, মোটর স্কুটার, মোপেড, ট্রাক্টর, ফর্ক লিফ্‌ট ট্রাক ইত্যাদির ক্ষেত্রে করের হার সামান্য একটু বেড়ে শতকরা ১১ ভাগ হবে। শিশুদের খাদ্যের জন্য ব্যবহৃত হয় না এমন গুঁড়ো দুধ ও কণ্ডেন্সড মিল্ক, লুব্রেকেটিং বেল ও গ্রীজ, গাড়ির সঙ্গে গোড়ায় আসেনি এমনধারা সর্বপ্রকার স্টোরেজ ব্যাটারি, সোডা ওয়াটার, শেভিং সেট, শু-পালিশ ইত্যাদির ক্ষেত্রে বিক্রয় কর সামান্য একটু বাড়বে। সামান্য বাড়বে চকোলেট, কোকো বা মল্ট-মেশানো পানীয়. নারকেল দড়ি, ওজন করার যন্ত্র ইত্যাদির উপর কর। টেলিভিশনের উপর কর ও রেডিও, গ্রামোফোন, টেপ-রেকর্ডারের মতো বিলাসী সামগ্রীদের সঙ্গে এক করে দেওয়া হচ্ছে। এই পুনর্বিন্যাসের পূর্ণ বিবরণ সরকারী বিজ্ঞপ্তি মারফত জানিয়ে দেওয়া হচ্ছে। কর কাঠামো পুনর্বিন্যানের ফলে আমরা বছরে বাড়তি ৯ কোটি টাকা সংগ্রহ করতে পারব।

৫৩। মাননীয় সদস্যদের হয়তো মনে আছে, কয়েক বছর আগে আমরা বিক্রয় করের ক্ষেত্রে একটি টার্নওভার কর চালু করেছিলাম। এই কর দামের সঙ্গে যোগ করা বৈধ না। এতদিন পর্যন্ত সার বিক্রেতারা এই কর থেকে যে ছাড় পেতেন তা আমি প্রত্যাহার করে নিচ্ছি। সেই সঙ্গে পশ্চিমবঙ্গ মোটর স্পিরিট বিক্রয় কর আইনানুযায়ী মোটর স্পিরিটের উপর শতকরা এক ভাগ হারে অনুরূপ কর ধার্য করার প্রস্তাব রাখছি। এই দুই সিদ্ধান্তে রাজ্যের অর্থ ভাণ্ডারে বাড়তি আট কোটি টাকা প্রতি বছর জমা পড়বে।

৫৪। সংবিধানের ৪৬ তম সংশোধনী গৃহীত হওয়ার পর রাজ্য সরকারের পক্ষে এখন থেকে কিস্তিতে জিনিস কেনা, এবং ইজারাদার সহ বিভিন্ন ঠিকাদারী কাজে ব্যবহৃত পণ্যের উপর কর ধার্য করার কোনো প্রতিবন্ধকতা রইলো না। আমি তাই কিস্তিতে জিনিসপত্র কেনার ব্যাপারে, বিভিন্ন জিনিসের ক্ষেত্রে যে যে হারে বিক্রয় কর প্রযোজ্য আছে সেই সেই হারে, কর বসাবার প্রস্তাব করছি। যিনি বিক্রেতা তিনি অবশ্য ঘোষণা নিদর্শ বা ডিক্লারেশন ফরম মারফৎ সেই জিনিস সুবিধাজনক হারে কিনতে পারবেন। ঠিকার উপর কিংবা অন্যের জিনিস ধারে ব্যবহারের উপরও আমি শতকরা ৪ ভাগ হারে কর আরোপের প্রস্তাব রাখছি। যাঁরা এই ধরনের ব্যবসায় আছেন, তাঁরা কিন্তু সুখিধাজনক হারে জিনিস কিনবার সুযোগ পাবেন না। এই কর বসানোর ফলে সরকারের বছরে অন্যূন পাঁচ কোটি রাজস্ব লাভ হবে।

৫৫। মাননীয় সদস্যদের হয়তো মনে আছে যে, বিধানসভার বিগত অধিবেশনে আমরা বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইন, ১৯৪১ (বেঙ্গল ফিনান্স সেলস্ ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১) সংশোধন ক'রে হোটেল এবং রেস্তোরাঁগুলিতে পরিবেশিত রান্না-করা খাবারের উপর বিক্রয় কর বসাবার ব্যবস্থা নিয়েছিলাম। বিক্রয়ের ক্ষেত্রে ১৫ টাকা পর্যন্ত ছাড় দেওয়া হয়েছিল। এই পরিমাণ ছাড় দেওয়ার ফলে, আশঙ্কা হচ্ছে, ব্যাপক পরিমাণে কর ফাঁকি দেওয়া চলছে। আমি তাই ছাড়ের উর্ধ্বসীমা দয় টাকায় নামিয়ে আনার প্রস্তাব করছি।

৫৬। তামিলনাড়ু সরকার সম্প্রতি ঐ রাজ্যের লটারীর টিকিট বিক্রয়ের উপর বিক্রয় কর বসানোর প্রস্তাব রেখেছেন। ঐ দৃষ্টান্ত অনুসরণ করে আমিও পশ্চিমবঙ্গে লটারীর টিকিট বিক্রয়ের উপর ২০ শতাংশ হারে কর বসাতে চাই। এই খাত থেকে বছরে ৭·৫০ কোটি টাকা আসবে বলে মনে হয়।

৫৭। চা নীলামের কেন্দ্রগুলিতে এখন চায়ের বিক্রয়ের উপর সুবিধাজনক তিন শতাংশ হারে কর আদায় করা হয়ে থাকে। সাম্প্রতিক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে এই সুবিধা দেওয়ার আর প্রয়োজন আছে বলে মনে করিনা। সুতরাং নীলামে বিক্রীত চায়ের উপর বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইন, ১৯৪১ (বেঙ্গল ফিনান্স সেলস্ ট্যাক্স এ্যাক্ট, ১৯৪১) অনুযায়ী যে সাধারণ করের হার আছে তা আরোপ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। ফলে বাড়তি ৩ কোটি টাকা প্রতি বছর পাওয়া যাবার সম্ভবনা।

৫৮। আগামী এপ্রিল মাস থেকে থিয়েটার, যাত্রা এবং অন্য সমস্ত রকম আমোদ-প্রমোদের ক্ষেত্রে প্রমোদকর বসানোর প্রস্তাব রাখছি। তবে পাঁচ টাকার কম দামের টিকিটের ক্ষেত্রে এই কর ধার্য করা হবে না। ঘোড় দৌড়, ক্যাবারে নাচ ইত্যাদির ক্ষেত্রেও এই প্রমোদকর ফের বসানো হবে। এ সব ব্যবস্থায় বছরে ২ কোটি টাকা রাজস্ব আদায় হবে।

৫৯। অন্য দু' একটি পরিবর্তেনের কথা উল্লেখ করছি। পাটজাত দ্রব্য, মোটরযানের যন্ত্রাংশ, ইট, স্যানিটারী জিনিষপত্র, এবং গদিসহ কাঠের আসবারপত্রের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন, ১৯৫৪ (ওয়েস্ট বেঙ্গল সেলস্ ট্যাক্স অ্যাক্ট, ১৯৫৪) অনুযায়ী বিক্রয়ের প্রথম বিন্দু থেকে এখন রাজস্ব সংগ্রহ করা হচ্ছে। এ সমস্ত জিনিসের ক্ষেত্রেই বেশ বড় রকমের কর ফাঁকি দেওয়া চলছে বলে আমার অনুমান। আমি তাই এ সমস্ত পণ্যকেই ১৯৫৪ সালের আইনের

আওতা থেকে বাইরে ১৯৪১ সালের আইনানুযায়ী কর বসাতে চাই। বিভিন্ন পণ্যের ক্ষেত্রে এই শেষোক্ত আইনে এসব পণ্যের ক্ষেত্রে করের যা-যা হার আছে সেই হারই প্রয়োগ করা হবে।

৬০। এয়ার কণ্ডিশনার, রেফ্রিজরেটর, সিনেমার ছবি তোলার যন্ত্রোপকরণ, এ ধরনের কিছু কিছু বিলাসী সামগ্রীর ক্ষেত্রে এখন ১৯৪১ সালের আইনানুযায়ী শেষ বিক্রয় বিন্দুতে কর বসানো হয়ে থাকে। আগামী ১লা এপ্রিল থেকে ঐ আইনেরই দ্বিতীয় তফশীলের অন্তর্ভুক্ত পণ্যাদির ক্ষেত্রে প্রতিটি অন্তর্বর্তী বিক্রয়বিন্দুতে শতকরা ১ ভাগ হারে এবং শেষ বিন্দুতে ১১ ভাগ হারে কর বসাবার ব্যবস্থা নিচ্ছি।

৬১। ঘড়ি ও মোটরযানের যন্ত্রাংশ এবং আনুষঙ্গিক দ্রব্যাদির উপর কর প্রয়োগের বর্তমানে যে পদ্ধতি আছে তাতে প্রচুর কর ফাঁকি পড়ছে, মামলা মোকদ্দমা হচ্ছে। এই দ্রব্যাদির ক্ষেত্রে এখন আমি প্রস্তাব করছি বিক্রয়ের প্রথম বিন্দুতে শতকরা এগারো ভাগ হারে এবং পরবর্তী বিন্দুগুলিতে শতকরা এক ভাগ হারে কর বসবে। যদি কোনো ব্যবসায়ী নিবন্ধভুক্ত বিক্রেতার কাছ থেকে জিনিস কিনেছেন এমন প্রমাণ দেখাতে অসমর্থ হন, তাহলে তাঁকে, অর্থাৎ সেই ব্যবসায়ীকে, এগারো শতাংশ হারে কর দিতে হবে। এ সমস্ত পরিবর্তন সংসাধনের উদ্দেশ্যে ১৯৪১ সালের আইনের প্রয়োজনীয় পরিবর্তন ঘটানো হচ্ছে। এই যে তিনটি পরিবর্তনের কথা আমি বললাম, তা থেকে সব মিলিয়ে বছরে ২ কোটি টাকা বাড়তি পাওয়া যাবে।

৬২। মাননীয় সদস্যগণ জানেন যে, কেন্দ্রীয় সরকার কয়লার উপর রয়ালটির হার বাড়াতে ভীষণ অনিচ্ছুক। ফলে কয়লার দাম যে হারে বাড়ছে সেই অনুপাতে আমরা রয়ালটি পাচ্ছি না। অতিরিক্ত রাজস্ব সংগ্রহের স্বার্থে বিগত অক্টোবর মাস থেকে আমরা কয়লা উত্তোলনের উপর মূল্যানুযায়ী শতকরা ১৫ ভাগ হারে উৎপাদন তথা কর্মসংস্থান সেস বসাতে বাধ্য হয়েছি। সেই সঙ্গে ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী দুই শতাংশ হারে শিক্ষা সেসও বসানো হয়েছে। অর্থাৎ সব মিলিয়ে সেসের পরিমাণ এখন শতকরা ১৭ ভাগ। অতি সম্প্রতি গুজরাট সরকার অপরিশোধিত পেট্রোলিয়মের উপর শতকরা ২০ ভাগ হারে সেস বসিয়েছেন। আমরাও তাই আগামী এপ্রিল থেকে উৎপাদন ও কর্মসংস্থান সেসের হার শতকরা ১৫ থেকে বাড়িয়ে ১৭ শতাংশ এবং শিক্ষা সেসের হার শতকরা ২ থেকে বাড়িয়ে ৩ শতাংশ করতে চাই। এই উভয়বিধ ব্যবস্থার ফলে ১২ কোটি টাকা বাড়তি সংগৃহীত হবে।

৬৩। এই রাজ্যে চা বাগান থেকে সরাসরি প্রেরিত চা চালানের উপর কিলোগ্রাম পিছু দেড় টাকা হারে অনুরূপ কর্মসংস্থান তথা উৎপাদন সেস আছে। এই সেসের হার বাড়িয়ে আমি

কিলোগ্রাম-পিছু তিন টাকা রাখতে চাই। তৈরি চায়ের ক্ষেত্রে প্রথম এক লক্ষ কিলোগ্রাম এবং চা পাতার ক্ষেত্রে প্রথম ৪৫০,০০০ কিলোগ্রাম হারে এই সেসের যে ছাড় আছে তা আমি কমিয়ে এনে যথাক্রমে প্রথম ৫০,০০০ এবং প্রথম ২২৫,০০০ কিলোগ্রাম রাখতে চাই। অবশ্য নীলাম কেন্দ্রে পাঠানো চায়ের প্যাকেট এবং খোলা চায়ের উপর কর্মসংস্থান ও উৎপাদন সেসের বর্তমান হারের কোন হেরফের হবে না। দার্জিলিং অঞ্চলে অবস্থিত চা-বাগানগুলির জন্য সম্প্রতি-ঘোষিত সুযোগ-সুবিধা অপরিবর্তিতই থাকবে।

৬৪। তবে চা উৎপাদনের ক্ষেত্রে এবার আনি শিক্ষা সেসও বসাতে চাই ; চা বাগান থেকে সরাসরি প্রেরিত চায়ের উপর কিলোগ্রাম প্রতি ১ টাকা, প্যাকেট পাঠানোর উপর কিলোগ্রাম প্রতি ২৫ পয়সা এবং নীলাম কেন্দ্রে পাঠানো চায়ের ক্ষেত্রে এই সেস হবে কিলোগ্রাম প্রতি ১০ পয়সা। প্রথম ৫০,০০০ কিলোগ্রাম তৈরী চা এবং প্রথম ২২৫,০০০ কিলোগ্রাম চা-পাতা অবশ্য সেস-মুক্ত থাকবে। দার্জিলিং অঞ্চলের চায়ের ক্ষেত্রে এই সেস প্রযোজ্য হবে না। চায়ের উপর বিভিন্ন সেসের হেরফের এবং অন্যান্য ব্যবস্থার যা-যা কথা বলা হলো তা থেকে মোট প্রায় ২.৫০ কোটি টাকা বছরে পাওয়া যাবে।

৬৫। বৃত্তি, ব্যবসা, পেশা ও কর্মী নিয়োগ আইন, ১৯৭৯ (ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স অন প্রোফেসন্‌স্ ট্রেড্‌স্, কলিংস এ্যাণ্ড এমপ্লয়মেণ্টস্ এ্যাক্ট, ১৯৭৯)-এর ক্ষেত্রে আমি সামান্য কিছু সংশোধনের প্রস্তাব রাখছি। এই করের আওতায় এক শ্রেণীর এজেণ্ট, ঠিকাদার, বিক্রয় করের হিসাব দেখাতে হয় এমন ব্যবসাদার, দোকানদার ও সংস্থার মালিক, লাইসেন্সপ্রাপ্ত মদ বিক্রেতা, নার্সিং হোম, সিনেমা, থিয়েটার, পরীক্ষাগার ও অংশীদার কোম্পানীর মালিক, ইজারাদার, ব্যবস্থাপক প্রভৃতিদেরও আনার ব্যবস্থা করা হচ্ছে। এই পরিবর্তনের ফলে ১ কোটি টাকা পাওয়া যাবে বলে মনে হয়।

৬৬। অন্তত পাঁচ বছর ধরে বিভিন্ন ধরনের মোটরযানের উপর করের কোন পরিবর্তন হয়নি। গত কয়েক বছরে গাড়ী, বাস, ট্রাক ইত্যাদির দাম কিন্তু বহুগুণ বেড়েছে, রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণের খরচও বহুগুণ বেড়েছে। আমি তাই এ-সমস্ত যানবাহনের উপর প্রযোজ্য করের হার সামান্য বাড়ানোর প্রস্তাব রাখছি, সেই সঙ্গে কয়েকটি ক্ষেত্রে লাইসেন্স ফী বাড়ানোর কথাও বলছি। এ সম্পর্কে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে। সাধারণ মোটর গাড়ির ক্ষেত্রে বাৎসরিক করের পরিমাণ ১৮৩ টাকা থেকে বেড়ে ২৭৫ টাকা হবে। ট্রাকের ক্ষেত্রে শতকরা ৪০ ভাগ করের হার বাড়বে। সব মিলিয়ে বছরে ৮ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব সংগ্রহের সম্ভাবনা।

৬৭। এই রাজ্যে রেজিষ্ট্রিকৃত এমন মোটর গাড়ি, ট্রাক ইত্যাদির অন্তত শতকরা চল্লিশ ভাগের ক্ষেত্রে এখন কোনো কর আদায় করা যাচ্ছে না। এ ধরনের কর ফাঁকি বন্ধ করার উদ্দেশ্যে আমরা অতি শীঘ্র একটি বিশেষ অভিযান শুরু করব। এই অভিযানের ফলে আগামী বছর ১ কোটি টাকা বাড়তি রাজস্ব আসবে বলে আশা করা যাচ্ছে।

৬৮। এবার অন্তঃশুল্কের প্রসঙ্গে আসছি। সব ধরনের দেশী মদের উপর করের হার শতকরা দশ ভাগ বাড়ানো হচ্ছে। বটলারদের আমদানী করা মদের ক্ষেত্রে যে প্রিভিলেজ ফী চালু আছে, তা ডিষ্টিলারদের ক্ষেত্রেও আসামী এপ্রিল থেকে প্রয়োগ করা হবে। ভারতে তৈরী বিদেশী মদের এই রাজ্যে উৎপাদনের উপর যে অতিরিক্ত লাইসেন্স ফী বহাল আছে তা লিটার প্রতি এক টাকা করে বাড়ানো হচ্ছে। ভারতে-তৈরী বিদেশী মদের এই রাজ্যের আমদানীর উপরও এক টাকা হারে অতিরিক্ত ফী বসানো হচ্ছে। কর বাড়ানোর ফলে অন্তঃশুল্ক থেকে বছরে রাজ্যের কোষাগারে প্রায় ৪·৫০ কোটি টাকা বাড়তি জমা পড়বে।

৬৯। অধ্যাপক ভবতোষ দত্তের সভাপতিত্বে রাজ্য সরকার একটি পৌর অর্থ কমিশন নিয়োগ করেছিলেন। তাঁরা এই রাজ্যের পৌর শহরগুলির ক্ষেত্রে পণ্য প্রবেশ কর বসানোর সুপারিশ করেছেন। আগামী বছর থেকে আমরা এই কর প্রথম প্রয়োগ করতে চাই। শিলিগুড়ি জলপাইগুড়ি এবং আসানসোল-দুর্গাপুর উন্নয়ন অঞ্চলে আপাতত এই প্রবেশ কর বসানো হবে। যাতে সাধারণ মানুষের হয়রানি না হয় সেই উদ্দেশ্যে কর্ণাটকে যে পদ্ধতি অবলম্বন করা হয়েছে তা অনুসরণ করে আমরা শুধু বিক্রেতাদের কেনাবেচার ভিত্তিতে এই কর আরোপ করব, তা-ও প্রতি পণ্যের ক্ষেত্রে দশ লক্ষ টাকা পর্যন্ত বছরে ছাড় দিয়ে। আপাতত আমরা তণ্ডুল ও ডাল বাদ দিয়ে অন্যান্য সমস্ত ঘোষিত পণ্যের উপর এবং সেই সঙ্গে কিছু বিলাসী সামগ্রীর উপর এই কর প্রয়োগ করব। সরকারী বণ্টন ব্যবস্থায় যে চিনি আসবে তা-ও এই করের আওতার বাইরে রাখা হবে। আমার মনে হয় এই পণ্য প্রবেশ করের ব্যবস্থা থেকে বছরে ১০ কোটি টাকা বাড়তি সংগৃহীত হবে।

(At this stage Shri Subrata Mukherjee and Shri Abdul Mannan entered the Chamber. Shri Abdul Mannan ran towards Mr. Speaker's podium)

Several Members of Congress (I) also entered the Chamber.

(Noise)

Mr. Speaker : *Dr. Mitra, the budget speech may be taken as read and the speech may be laid on the Table ;*

*৭০। ভারতীয় টিকিট আইন (ইণ্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট) কিছু কিছু সংশোধন করা হচ্ছে। সেই সংগে নিবন্ধীকরণ আইন (রেজিষ্ট্রেশন অ্যাক্টের) একটু পরিবর্তন করা হচ্ছে। ফলে নথিতে যে দামের উল্লেখ থাকবে, সেই দামে সম্পত্তি কিনে নেবার অধিকার সরকার প্রয়োগ করতে পারবেন। এই সংশোধন প্রবর্তিত হ'লে কম ক'রে সম্পত্তির দাম দেখানোর প্রবণতা হ্রাস পাবে বলে আমাদের বিশ্বাস। এই ব্যবস্থা থেকেও হয়তো কিছু বাড়তি রাজস্ব আসবে, যার পরিমাণ ১ কোটি টাকা।

৭১। মাননীয় সদস্যদের হয়তো মনে আছে যে, বিধানসভার বিগত অধিবেশনে আমরা কৃষি আয়করের উর্ধ্বসীমা তিন হাজার টাকা থেকে দশ হাজার টাকায় তুলে নিয়ে গিয়েছিলাম। এই পরিবর্তনের ফলে যাঁরা এখন থেকে এই করের আওতা থেকে মুক্ত হলেন, তাঁদের বকেয়া কর নিরূপণের জন্য আমি একটা সংক্ষিপ্ত ব্যবস্থার প্রস্তাব রাখছি।

৭২। দু'-তিন দশক ধরে এই রাজ্যে দোকান ও প্রতিষ্ঠানের নিবন্ধভুক্তি. আগুন লাইসেন্স এবং ওজন ও পরিমাপের জন্য দেয় ফীর হার সংশোধন করা হয়নি। আগামী ১লা এপ্রিল থেকে কয়েকটি সংশোধনী প্রস্তাব কার্যকর করা হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি এবং আইন সংশোধনের ব্যবস্থা নেওয়া হচ্ছে। ফলে আমরা বছরে ১ কোটি টাকা পাব বলে মনে করি।

৭৩। সারা দেশে পশ্চিমবঙ্গেই আমরা প্রথম একটি প্রগতিশীল জোতকর আইনভুক্ত করেছি। কিছু পদ্ধতিগত সমস্যার জন্য এই কর থেকে এখনও রাজস্ব সংগ্রহ সম্ভব হচ্ছে না। সমস্যাগুলি আশু নিরসনের যথাসম্ভব চেষ্টা চলছে। ইতিমধ্যে বকেয়া ভূমি রাজস্ব আদায়ের জন্য একটি বিশেষ কর্মসূচী আমরা গ্রহণ করেছি। ফলে ১৯৮৪-৮৫ সালে অতিরিক্ত ২ কোটি টাকা সংগৃহীত হবে বলে মনে হয়।

৭৪। আমি এতক্ষণ ধরে যে সমস্ত প্রস্তাব উত্থাপন করলাম, সব মিলিয়ে তা আগামী বছর প্রায় ৭৫ কোটি টাকার মতো নীট অতিরিক্ত রাজস্বের সংস্থান করবে। কর-ব্যবস্থার বাইরে রাজস্ব সংগ্রহ কিংবা প্রশাসনিক দক্ষতা বাড়িয়ে বাড়তি টাকা তোলার ব্যাপার আমি এখানে ধরছি না।

*Remaining portion was laid on the table as ordered by the chair.

৭৫। এ-সব কর প্রস্তাবের ফলে ১৯৮৪-৮৫ সালে আমাদের যে-ঘাটতি হতো তা হয়তো ২০·৫৯ কোটি টাকার সামান্য উদ্বৃত্তে পরিণত হবে। তা হ'লেও, যেহেতু বছরের প্রারম্ভিক ঘাটতি ধরা হয়েছে ৪৩·৮২ কোটি, টাকা বছরের শেষে নীট ঘাটতি ২৩·২৩ কোটি টাকা থেকে যাবে। আরেকবার বলি, এ-সমস্ত হিসাবই অর্থ কমিশনের মঞ্জুরির ফলে হয়তো অন্যরকম দাঁড়াবে।

৭৬। ১৯৮৪-৮৫ সালের বিভিন্ন ব্যয়বরাদ্দের প্রস্তাব নিয়ে এই সভায় আলোচনা সম্ভবত মাসের তৃতীয় কি চতুর্থ সপ্তাহ পর্যন্ত চলবে। রাজ্য সরকারের যাতে কোন প্রশাসনিক অসুবিধা না হয়, সেজন্য আমি প্রথম দুই মাসের জন্য ব্যয় মঞ্জুরির প্রস্তাব কয়েকদিনের মধ্যেই রাখব।

৭৭। আমি শেষ কথায় পৌঁছে গেছি। লক্ষণাদি দেখে মনে হয়, ঈষৎ অশান্তি-অনিশ্চয়তার মধ্যে আগামী বছর গোটা জাতিকে অতিবাহন করতে হবে। সেই অনিশ্চয়তা-অস্থিরতা আমাদের স্পর্শ করবে না, তা হ'তেই পারে না। কিন্তু পশ্চিমবঙ্গে আমাদের যে-সমস্যা, আমাদের যে-আর্থিক সংস্থান, তা-ও আশা করতে পারি জাতীয় স্তরে যাঁরা নীতিনির্ধারণ করেন, তাঁদের ভাবনাকে খানিকটা দোলায়িত করবে। এই বিনিময়-প্রতিবিনিময়ের মধ্য দিয়েই দেশের পক্ষে এগোনো সম্ভব।

পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থ নৈতিক বিবরণী, ১৯৮৪-৮৫

(হাজার টাকার হিসেবে)

	প্রকৃত, ১৯৮২-৮৩	বাজেট, ১৯৮৩-৮৪	সংশোধিত, ১৯৮৩-৮৪	বাজেট ১৯৮৪-৮৫
আদায়				
১। প্রারম্ভিক তহবিল	—১৪,৯৩,১৬	—৬০,৩৯,০১	—৮২,৬০,৮৩(প)	—৪৩,৮২,২০
২। রাজস্ব আদায়	১৩,৭৯,২৬,০০	১৫,২০,২০,১৮	১৫,৬৪,১২,৪৭	১৭,৪৪,১৬,০৯
৩। ঋণখাতে আদায়—				
(১) সরকারি ঋণ	১৮,৮৩,৮৭,২০	৯,৭৮,২৬,৪২	১৫,৬৩,১৪,৪৯	১২,২৬,৭৩,৩৩
(২) ঋণ	২৩,৭৫,৪৫	৪২,৬০,২৬	৮৩,৩০,০৩	৪০,৯৬,২১
৪। আপন্ন তহবিল ও গণ হিসেব থেকে আদায়	৪৭,১৩,৪৫,৪৬	৩৬,৯১,০১,০৩	৫০,০৮,৩৮,১৬	৫৬,৫০,৭৪,৯৯
মোট	৭৯,৮৫,৪০,৯৫	৬১,৭১,৬৮,৮৮	৮১,৩৬,৩৪,৩২	৮৬,১৮,৭৮,৪২

(প) রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী

(হাজার টাকার হিসেবে)

	প্রকৃত, ১৯৮২-৮৩	বাজেট, ১৯৮৩-৮৪	সংশোধিত, ১৯৮৩-৮৪	বাজেট ১৯৮৪-৮৫
ব্যয়				
৫। রাজস্বখাতে ব্যয়	১৬,২১,৭০,০৭	১৭,১৬,১১,৯৬	১৮,৪০,৩৮,৪৩	২০,০৯,৫৫,৫১
৬। মূলধনখাতে ব্যয়	১,১৯,৬৫,১৫	১,২৬,৩১,৩৮	১,৪২,৭৩,৭৩	১,৭৬,৪৫,৫৭
৭। ঋণখাতে ব্যয়—				
(১) সরকারি ঋণ	১৩,৮১,২৮,০০	৬,২৬,২৫,০৬	১১,৬৫,৫২,৫২	৭,১১,৮০,৬৯
(২) ঋণ	১,৫৯,৪৯,৭৭	২,২৬,৭২,৯৬	২,২৫,৯৩,৫১	২,৩৯,০৬,০১
৮। আপন্ন তহবিল ও গণ হিসেব থেকে ব্যয়	৪৭,১৬,২৮,৫০	৩৬,৩২,৭৯,৬৬	৪৮,৯৫,৫৮,৩৩	৫৫,৮০,১৩,৯৯
৯। সমাপ্তি তহবিল	—১৩,০০,৫৪	—১,৫৬,৫২,১৪	—১,৩৩,৮২,২০	—৯৮,২৩,৩৫
মোট	৭৯,৮৫,৪০,৯৫	৬১,৭১,৬৮,৮৮	৮১,৩৬,৩৪,৩২	৮৬,১৮,৭৮,৪২
নীট ফল—				
উদ্বৃত্ত (+)				
ঘাটতি (—)				
(ক) রাজস্বখাতে	—২,৪২,৪৪,০৭	—১,৯৫,৯১,৭৮	—২,৭৬,২৫,৯৬	—২,৬৫,৩৯,৪২
(খ) রাজস্ব-খাতের বাইরে	+২,৪৪,৩৬,৬৯	+৯৯,৭৮,৬৫	+২,২৫,০৪,৫৯	+২,১০,৯৮,২৭
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট	+১,৯২,৬২	—৯৬,১৩,১৩	—৫১,২১,৩৭	—৫৪,৪১,১৫
(ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট	—১৩,০০,৫৪	—১,৫৬,৫২,১৪	—১,৩৩,৮২,২০	—৯৮,২৩,৩৫

(হাজার টাকার হিসেবে)

	প্রকৃত, ১৯৮২-৮৩	বাজেট, ১৯৮৩-৮৪	সংশোধিত, ১৯৮৩-৮৪	বাজেট ১৯৮৪-৮৫
(ঙ) অতিরিক্ত সম্পদ সংগ্রহ		+২৮,১৬,০০	+৯০,০০,০০(ফ)	+৭৫,০০,০০
(চ) প্রারম্ভিক তহবিল এবং	—১৩,০০,৫৪	—১,২৮,৩৬,১৪	—৪৩,৮২,২০	—২৩,২৩,৩৫
(ছ) দফা এবং (ফ) সহ				

The House stands adjourned till 1-00 p.m. on Tuesday, the 13th March, 1984.

Adjournment

The House was accordingly Adjourned at 2.58 P.M. till 1.00 P. M. on Tuesday, the 13th March, 1984, at the Assembly House, Calcutta.

(ফ) বিশেষ সংস্থান

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, On Tuesday, the 13th March, 1984 at 1 P.M.

Present

Mr. Speaker (HRI HASHIM ABDUL HALIM), in the Chair 15 Ministers, 8 Ministers of state and 118 Members.

[1-00—1-10 P.M.]

Mr. Speaker : Before I take up Questions I want to make a statement. Hon'ble Members are aware of the unfortunate incident that took place on 8th of this month during the question hour. As a result of which following members were suspended :

1. Shri Suniti Chattaraj,
2. Shri Subrata Mukhopadhyay.
3. Shri Dhirendra Nath Sarkar,
4. Shri Naba Kumar Ray,
5. Shri Arun Kumar Goswami,
6. Shri Satya Ranjan Bapuli,
7. Shri Manas Bhunia,
8. Shri Asok Ghosh,

for the rest of the session by a resolution adopted by the House under rule 348 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Members also know the incident which took place after the House was adjourned for the day and also the incident that took place on 9th of

this month when Hon'ble Finance Minister was placing budget before the House.

I would like to point out and place before the Hon'ble Members the certain facts which I think they should know directly from me and not from any other source. After the House was adjourned round about 2·15 p. m. on the 8th the suspended Hon'ble Members and some other Hon'ble Members totalling about 38 decided to continue to stay in the Assembly Chamber. Inspite of repeated pursuation and entreaty by the Marshal of the Assembly they refused to vacate the Chamber. This Assembly has only one Marshal and it was not humanly possible for him to tackle all these 38 members. At about 7·00 p. m. I requested the Chief Minister to send on deputation about 100 trained security assistants which posts I created that day for the period of 7 days to deal with that situation. The Security Assistants were made available to me at about 9. p. m. Even after that the Marshal pursuaded and edtreated them to vacate the the Chamber but to no avail and continued to stay in the Chamber.

They dismantled metallic microphones totalling 21 in number, dismantaled the mouth-piece ; metallic rods of the microphones and threatened blood shed if anybody came close to them and attempted to make them vacate the Chamber of the House. Inspite of this threat repeated attempts were made that day to vacate the Chamber but to no avail. Ultimately at about 11·15 p. m. I was compellad to issue order that the Security Assistants should go with lathis to be used in their self-defence if resisted by the Honb'le Members then in the Chamber of the House and at about 11·35 p. m. hours the Chamber was cleared. In the operation several security assistants and staff of the Assembly have been injured. A member of the Assembly staff has been seriously injured. Assembly properties have been damaged as follows :

1. 21 microphone stands ;
2. About 10 heads of microphones ;

3. Assembly cushions have been torn ;
4. Assembly papers have been torn ;
5. One table in Assembly lobby has been damaged ;
6. Glass water jug has been broken ;
7. Cushion Jajim has been damaged.

On the 9th Hon'ble Members have seen for themselves the incidents in the Assembly House when one suspended member in violation of the Parliamentary norms and practice and with help of non-suspended members entered into the Assembly Chamber when Hon'ble Finance Minister was placing the budget before the House.

As a result I had to request Hon'ble Finance Minister to place remaining portion of budget speech on the Table and declared that the budget speech be taken as read. The incident was unfortunate and unparalleled in the History of the House.

Honourable members are perhaps aware that the Rajya Sabha Election has been notified. To protect democratic rights of the suspended members I now move a motion to the effect that the following members who were suspended by the House on the 8th March, 1984, namely,

1. Shri Suniti Chattaraj,
2. Shri Subrata Mukhopadhyay,
3. Shri Dhirendra Nath Sarkar,
4. Shri Naba Kumar Ray.
5. Shri Arun Kumar Goswami,
6. Shri Satya Ranjan Bapuli,
7. Dr. Manas Bhunia,
8. Shri Ashok Ghosh

will be allowed to enter into the Assembly precincts the purpose of filling nomination, proposing the name of candidate, for the Rajya Sabha

Election campaigning for Rajya Sabha Election and for casting votes in the said election. They will be at their libery to participate in the Election of Bidhan Chandra Krishi Vishwa Vidyalaya which has been postponed if so held during the ensuing Session of the Assembly. Suspended members who are members of the Select Committee of the Calcutta University (Amendment) Bill, 1984 are allowed to enter into the precincts of the Assembly for the purpose of attending the meeting of the Select Committee. Any other suspended members who may be in any other committee of the Assembly will be at their liberty to enter into the precincts of the Assembly for the purpose of such meeting but no suspended member will be allowed to enter into the Chamber of the House while the Assembly will be in Session.

As many member as in the support of this Motion may please say AYES—

(Voices 'AYES')

As many member as of the contrary opinion may please say No.

(No members said 'No')

AYES have it, AYES have it.

The motion is adopted.

So, the suspension order is modified accordingly.

Secretary will forth with convey the modified orders to the suspended members and to the Leader of the Opposition Janab Abdus Sattar.

Shri Birendra Narayan Ray : স্যার, এটা সার্কুলেট করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : Only the Motion part will be circulated.

Shri Deba Prasad Sarkar : স্যার আমিও এটা সার্কুলেট করার জন্য বলছি। তাছাড়া স্যার, আপনার অনুমতি নিয়ে বলতে চাই যে, গত ৮ ও ৯ই মার্চ।

Mr. Speaker : After question hour I shall allow you to raise your point.

HELD OVER STARRED QUESTIONS
(To which oral answars were given)

কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে ভরতুকি প্রদান

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮২-৮৩ সালের তুলনায় ১৯৮৩-৮৪ সালে কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের জন্য রাজ্য সরকারকে বেশী ভরতুকী দিতে হচ্ছে ; এবং

(খ) সত্য হলে বিগত আর্থিক বৎসরের তুলনায় বর্তমান আর্থিক বৎসরে রাজ্য সরকারকে কি পরিমাণ বাড়তি ভরতুকি দিতে হচ্ছে ?

শ্রীরবীন মুখার্জী : (ক) গত বছরের তুলনায় ১৯৮৩-৮৪ সালে বেশী পরিমাণে ভরতুকি দিতে হচ্ছে।

(খ) ১৯৮২-৮৩ সালে সরকারী ভরতুকির পরিমাণ ছিল ১২৯১.৬৩ লক্ষ টাকা। বর্তমান আর্থিক বৎসরে অদ্যাবধি (২৪শে ফেব্রুয়ারী ১৯৮৪) ১৫৩১.৯৮ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার : গত বছর নতুন করে ভাড়া বৃদ্ধি, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে প্রভূত পরিমাণে ঋণ নেওয়া, রাজ্য কোষাগার থেকে এই সি. এস. টি. সিতে প্রচুর পরিমাণে অর্থ বিনিয়োগ করার পর যেখানে এই ভরতুকির পরিমাণ কম হবার কথা ছিল সেখানে তার পরিবর্তে ভরতুকির পরিমান বৃদ্ধি পেল কেন মাননীয় মন্ত্রীমহাশয় তা জানাবেন কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ বর্তমান বৎসরে বেশী পরিমাণে ভরতুকি দেবার কারণ হচ্ছে, (১) ১৯৮১ সালের এপ্রিল মাস থেকে কর্মীদের বেতনক্রম পুনর্বিন্যাসের জন্য বরাদ্দ ৩ কোটি ৭ লক্ষ টাকা, (২) বর্তমান বৎসরে ৪ বার অতিরিক্ত মহার্ঘভাতা প্রদান এবং (৩) মূল্যবৃদ্ধি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রীমহাশয় নিজেই একবার বলেছেন যে প্রচুর ভাড়া অনাদায়ী থেকে যাচ্ছে। তা ছাড়া এই কলকাতা ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন সম্পর্কে নানান জায়গা থেকে নানান অভিযোগও আছে। মন্ত্রীসভার দায়িত্বশীল মন্ত্রীরা পর্য্যন্ত অভিযোগ করেছেন। বাস্তবে কোন দুর্নীতি আছে কিনা এবং ভাড়া বৃদ্ধি সত্বেও কেন দিনের দিন ভরতুকির পরিমাণ বাড়ছে এবং সরকার ও বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত অভিযোগ করা হচ্ছে সেগুলির যথার্থতা সম্পর্কে কোন নিরপেক্ষ তদন্তের কথা সরকার চিন্তা করছেন কি ?

[1-10—1-20 P.M.]

শ্রীরবীন মুখার্জী ঃ এই রকম কোন চিন্তা করার ইচ্ছা আমাদের নেই। যেহেতু আপনি অবগত আছেন, মূল্যবৃদ্ধি অনেকগুণ বেশী হয়েছে এবং আমাদের ডিয়ারনেস এ্যালাওয়্যান্স ইত্যাদি দিতে হচ্ছে, কাজেই তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই ।

শ্রীসুমন্ত কুমার হীরা ঃ মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে রাষ্ট্রীয় পরিবহণে যে ভরতুকি, সেই ভরতুকি এলিমিনেট করার জন্য মাদ্রাজ বা অন্য রাজ্যে রাষ্ট্রীয় পরিবহণে যে সব প্রক্রিয়া চালু করেছে তাতে সেখানে নির্দিষ্ট বাসকে কর্মীদের মধ্যে এ্যাসাইণ্ড করে দেওয়া হয়েছে এবং তার ইনকাম দিয়ে তাদের মাহিনা, ডিয়ারনেস এ্যালাওয়্যান্স ইত্যাদি দেওয়া হয়। এই ব্যবস্থা কি এখানে চালু করা যায়না। এই সম্পর্কে কি কোন চিন্তা-ভাবনা করেছেন ?

শ্রীরবীন মুখার্জী ঃ আমি মনে করিনা এই ব্যবস্থা খুব সঠিক ব্যবস্থা।

শ্রীপ্রবোধ পুরকায়েত ঃ মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি ১৯৮৩-৮৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত ভরতুকির পরিমাণ বললেন। এই আর্থিক বছরের মার্চ মাস পর্যন্ত আর কত পরিমাণ ভরতুকী দিতে হবে তার হিসাব আপনার কাছে আছে কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ যে পর্যন্ত বরাদ্দ আছে তার মধ্যে দিয়ে আশা করছি থাকবে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রীমহাশয়, আমার যতদূর জানা আছে তাতে লং ডিসট্যান্স বাসে লোকসান যায়না এবং কলকাতায় যে লোকসান হয় তার জন্য এই ভরতুকি লাগে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে, মফঃস্বলের সঙ্গে কলকাতার সংযোগের জন্য লং ডিসট্যান্স বাস বাড়ানোর ক্ষেত্রে সেই ভাবে চিন্তা করছেন কি না ?

শ্রীরবীন মুখার্জী : ওই প্রশ্নের সঙ্গে এই প্রশ্ন আসেনা। আপনি অন্য ভাবে প্রশ্ন করবেন, আমি পরে জানিয়ে দেব।

কলকাতায় ফরেন এয়ারলাইন্সের বাজার

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫।) **শ্রীঅমলেন্দ্র রায় :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় ফরেন এয়ারলাইন্সের বাজার নাই বলে যে, উদ্দেশ্যমূলক প্রচার চালান হয়ে থাকে সে সম্পর্কে রাজ্য সরকার কতদূর অবগত আছেন ; এবং

(খ) কলকাতা বিমানবন্দরের আণ্ডার-ইউটিলাইজেশন সমস্যার সমাধানে রাজ্য সরকার কিরূপ তৎপরতার আশ্রয় নিয়েছেন ?

শ্রীরবীন মুখার্জী : (ক) এই ব্যাপারটি রাজ্য সরকারের গোচরে আছে

(খ) বিষয়টি কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ দপ্তরের এক্তিয়ার ভুক্ত। রাজ্য সরকারের তরফ থেকে রাজ্যের পরিবহণ ও পর্যটন বিভাগ এই বিষয়টি নিয়ে গত ১৯৭৯-র গোড়া থেকেই বারবার কেন্দ্রীয় সরকারের ঐ বিভাগটির সঙ্গে যোগাযোগ করে চলেছেন। রাজ্যের মুখ্যমন্ত্রীও বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের ঐ বিভাগকে লিখেছেন। কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তর এখন বৈদেশিক বিমান সংস্থাগুলির সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা চালাচ্ছেন বলে জানা গেল।

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রীমহাশয়, আমি আপনার কাছে জানতে চেয়েছিলাম যে কলকাতায় ফরেন এয়ার লাইন্স-এর বাজার নাই বলে যে অপপ্রচার চালান হয়ে থাকে সে সম্পর্কে

আপনি অবহিত আছেন কি না। আমি এখন সাধারণ ভাবে জানতে চাচ্ছি যে কলকাতা বিমান বন্দরের গুরুত্বকে হ্রাস করার জন্য সুদীর্ঘকাল ধরে যে প্রচার চলে আসছে সেই সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি না? অবহিত থাকলে তাদের তরফ থেকে সম্প্রতি কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রীরবীন মুখার্জী ঃ আমার উত্তরের মধ্যে কিছুটা পরিষ্কার ছিল। আমি জানাচ্ছি যে ১৯৭৯ সাল থেকে পর্যটন বিভাগ এবং আমার দপ্তর থেকে বারে বারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, লেখা হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবসু মহাশয়ও বারে বারে দৃষ্টি আকর্ষণ করেছেন, চিঠিপত্র লেখা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিশেষ অগ্রসর হওয়া যায়নি। পার্লামেন্টে একটা প্রশ্ন উঠেছিল। সেখানে আমাদের প্রয়াত নেতা জ্যোর্তিময় বোসও বলেছিলেন। আমাদের সোমনাথ চ্যাটার্জী, নীরেন ঘোষ মহাশয়, এরা বিভিন্ন প্রশ্ন করেছিলেন। সেখানে এই রকম বলা হয়েছে।

It is intimated in the Lok-Sabha in 1981 that no Foreign Airlines had so far expressed its intention to reopen its air services to Calcutta within its bilateral entitlement, except that K.L.M. Royal Dutch Airline had made a request for operating a service to Calcutta as an additional flight over and above its entitlement under the airservices agreement. This could not be agreed to by the Government of India.

The Union Minister further intimated that the All India Shippers' Association in Calcutta had been requesting for additional direct uplifting capacity from Calcutta for quite some time. But Air India had not been able to consider their request since the operation was not found to be economically viable.

তারপরেও ষ্টেট গভর্ণমেণ্টের পক্ষ থেকে এ-সম্পর্কে বলা হয়েছে যে, আমরা দেখেছি যাত্রীরা বলেছেন তাঁর যথেষ্ট পরিমাণে এয়ারে এ্যাকোমোডেশন পাচ্ছেন না। এই সমস্ত বলা সত্বেও বিষয়টি ঐ একই স্তরে রয়ে গেছে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রীমহাশয় পার্লামেণ্টে কি উত্তর দেওয়া হয়েছে, না হয়েছে, তাই জানালেন। আমি ওঁর কাছে জানতে চাইছি যে, যে সমস্ত চিঠি-পত্র পাঠানো হয়েছে সম্প্রতি,

সে-সমস্ত গুলির কোন জবাব কি কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রীমহাশয়ের কাছ থেকে তিনি পেয়েছেন ?

শ্রীরবীন মুখার্জী : সম্প্রতি কোন জবাব পাইনি।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, কলকাতা তথা দমদম বিমান বন্দর দিয়ে ১৯৬৫ সালে যেখানে তেরখানি ইন্টারন্যাশনাল ফ্ল্যাইট চলত সেখানে বর্তমানে সেই সংখ্যা কমে সাতখানিতে দাঁড়িয়েছে, এ বিষয়ে কি মন্ত্রীমহাশয়ের কাছে কোন খবর আছে ?

শ্রীরবীন মুখার্জী : ঠিক সংখ্যাটা দেখে বলতে সময় লাগবে, মাননীয় সদস্য এ বিষয়ে আলাদা নোটিশ দিলে, আমি তাঁকে জানিয়ে দেব।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাইছি যে, এই বিষয়টির সঙ্গে যেহেতু পশ্চিমবাংলার অর্থনীতি জড়িত সেহেতু এবিষয়ে আলোচনা করবার জন্য এবং পশ্চিমবাংলার দাবী উত্থাপন করবার জন্য সমস্ত দলের সদস্যদের নিয়ে এখান থেকে একটা ডেপুটেসন টিম কি তিনি কেন্দ্রীয় অসামরিক বিমার চলাচল মন্ত্রীর কাছে পাঠাবেন ?

শ্রীরবীন মুখার্জী : মাননীয় সদস্যকে আমি অনুরোধ করছি যে, তিনি এ বিষয়ে এখানে একটা রেজলিউসন মুভ করুন। তিনি যদি তা করেন, তাহলে আমি বিষয়টি বিবেচনা করে দেখব।

রাষ্ট্রীয় পরিবহণে লাভলোকসানের পরিমাণ

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত রাষ্ট্রীয় পরিবহণে লাভলোকসানের পরিমাণ কত ?

আপনি অবহিত আছেন কি না। আমি এখন সাধারণ ভাবে জানতে চাচ্ছি যে কলকাতা বিমান বন্দরের গুরুত্বকে হ্রাস করার জন্য সুদীর্ঘকাল ধরে যে প্রচার চলে আসছে সেই সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি না? অবহিত থাকলে তাদের তরফ থেকে সম্প্রতি কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রীরবীন মুখার্জী ঃ আমার উত্তরের মধ্যে কিছুটা পরিষ্কার ছিল। আমি জানাচ্ছি যে ১৯৭৯ সাল থেকে পর্যটন বিভাগ এবং আমার দপ্তর থেকে বারে বারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, লেখা হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবসু মহাশয়ও বারে বারে দৃষ্টি আকর্ষণ করেছেন, চিঠিপত্র লেখা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিশেষ অগ্রসর হওয়া যায়নি। পার্লামেন্টে একটা প্রশ্ন উঠেছিল। সেখানে আমাদের প্রয়াত নেতা জ্যোর্তিময় বোসও বলেছিলেন। আমাদের সোমনাথ চ্যাটার্জী, নীরেন ঘোষ মহাশয়, এরা বিভিন্ন প্রশ্ন করেছিলেন। সেখানে এই রকম বলা হয়েছে।

It is intimated in the Lok-Sabha in 1981 that no Foreign Airlines had so far expressed its intention to reopen its air services to Calcutta within its bilateral entitlement, except that K.L.M. Royal Dutch Airline had made a request for operating a service to Calcutta as an additional flight over and above its entitlement under the airservices agreement. This could not be agreed to by the Government of India.

The Union Minister further intimated that the All India Shippers' Association in Calcutta had been requesting for additional direct uplifting capacity from Calcutta for quite some time. But Air India had not been able to consider their request since the operation was not found to be economically viable.

তারপরেও ষ্টেট গভর্ণমেণ্টের পক্ষ থেকে এ-সম্পর্কে বলা হয়েছে যে, আমরা দেখেছি যাত্রীরা বলেছেন তাঁর যথেষ্ট পরিমাণে এয়ারে এ্যাকোমোডেশন পাচ্ছেন না। এই সমস্ত বলা সত্বেও বিষয়টি ঐ একই স্তরে রয়ে গেছে।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রীমহাশয় পার্লামেণ্টে কি উত্তর দেওয়া হয়েছে, না হয়েছে, তাই জানালেন। আমি ওঁর কাছে জানতে চাইছি যে, যে সমস্ত চিঠি-পত্র পাঠানো হয়েছে সম্প্রতি,

শ্রীদীপক সেনগুপ্ত ঃ আপনি দুর্গাপুর, কলকাতা এবং উত্তরবঙ্গ ষ্টেট ট্রান্সপোর্টের সবগুলিই হিসাব দিয়েছেন। আপনি কি জানেন, ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত ষ্টেট ট্রান্সপোর্টের কর্মচারীদের মধ্যে একাংশের দুর্নীতিমূলক কাজের জন্য এই ষ্টেট ট্রান্সপোর্টের ক্ষতি হয়েছে—এটাই অন্যতম কারণ কিনা এবং এর জন্য কাউকে সাসপেণ্ড করা হয়েছে কিনা ?

শ্রীরবীন মুখার্জী ঃ কতজনকে কর্মচ্যুত করা হয়েছে সেটা জানতে গেলে নোটিশ দিতে হবে। তবে অনেকগুলি ষ্টেপ নেওয়া হয়েছে, যা নিয়ম-বিধি আছে সেই নিয়ম-বিধি অনুসারে সাসপেনসান, কর্মচ্যুত করা হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় ষ্টেট ট্রান্সপোর্টের লোকসান কমাবার জন্য কয়েকটি পদক্ষেপ অর্থাৎ বাসের ভাড়া বৃদ্ধির পদক্ষেপ অন্তত ৩ বার নিয়েছেন। কিন্তু এছাড়াও লোকসান কমাবার জন্য আরোও কতকগুলি যেমন, অপচয়, দুর্নীতি দূর করা, অনাদায়ী আদায় করার ব্যবস্থা করা—এইসব পদক্ষেপগুলি গ্রহণ করার জন্য আপনার দপ্তর সুপরিকল্পিত কোন পরিকল্পনা নিয়েছেন কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ যেসব বক্তব্য উল্লেখ করলেন সবগুলিই বিধি অনুযায়ী প্রতিদিনই কার্যকরী করার চেষ্টা করা হচ্ছে।

শ্রীনিরঞ্জন মুখার্জী ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাত্রীর সংখ্যা কি ধরণের বেড়েছে সেই হিসাব আপনার কাছে আছে কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ যাত্রীর সংখ্যা বহু পরিমানে বেড়েছে। কিন্তু যতই যাত্রীর সংখ্যা বাড়ুক না কেন আন-ইকোনমিক ফেয়ার ষ্ট্রাকচার যা আছে তাতে করে সম্ভব নয়। জিনিষপত্রের দাম অনেক বেড়ে গেছে, ফুয়েল, স্পেয়ার পার্টস, টায়ার, টিউব প্রভৃতি জিনিষের দাম বেড়েছে যার জন্য টানজিব্‌ল কোন ব্যবস্থা নেওয়া যাচ্ছে না।

কলকাতা রাষ্ট্রীয় পরিবহণের অধীনে বাসের সংখ্যা

***১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৬।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের অধীনে মোট বাসের সংখ্যা কত ;

(খ) উহাদের মধ্যে চালু বাসের সংখ্যা কত ;

(গ) ১৯৮৪ সালের জানুয়ারি মাসে সি এস টি সি-র (১) প্রতিদিন গড়ে কতগুলি বাস রাস্তায় নেমেছে এবং (২) এর জন্য দৈনিক গড়ে ভাড়া বাবত সি এস টি সি-র কি পরিমাণ অর্থ আদায় হয়েছে ; এবং

(ঘ) ১৯৮৩ সালের জানুয়ারি মাসে সি এস টি সি-র (১) প্রতিদিন গড়ে কতগুলি বাস রাস্তায় নেমেছে এবং (২) এর জন্য দৈনিক গড়ে ভাড়া বাবত সি এস টি সি-র কি পরিমাণ অর্থ আদায় হয়েছে ?

শ্রীরবীন মুখার্জী : (ক) ১৪১৮

(খ) ১১৮৯

(গ) ১। ৭৯৮ ২। টাকা ৪,৫৪,৭৬১·০০

(ঘ) ১। ৭৮৭ ২। টাকা ৪,৪৩,৫৩৮·০০

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার প্রদত্ত হিসাব অনুযায়ী যা দেখতে পাচ্ছি তাতে রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের এতগুলি বাস থাকা সত্ত্বেও সেখানে চালু বাসের সংখ্যা এত কম কেন এবং চালু বাসের সংখ্যাটা যা, তার তুলনায় বাস এত কম হারে রাস্তায় নামে কেন ?

শ্রীরবীন মুখার্জী : চালু বাসের সংখ্যা বলতে যে বাস চালু থাকে সেগুলি আবার মাঝে মাঝে বসে যায়, রিপেয়ারে যায়, কিছু একেবারে কণ্ডেমণ্ড হয়ে যায়। টোটাল চালু বাসের যে এ্যাভারেজ সংখ্যা আপনারা দেখেছেন, সেই ৭৯৮টি নামে। যেটা আজ নামে কাল হয়ত সেটা বসে যায়, পরশু হয়ত রিপেয়ারে যায়। সাধারণতঃ যেগুলি নামে তারই ভিত্তিতে সংখ্যাটা বসান হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার : তাহলে বাস সবটাই চালু নয়। আমার প্রশ্ন যেটা, সেটা হচ্ছে যে বাসের যে হিসাবটা আপনি দিয়েছেন দুটি (১৯৮৩ এবং ১৯৮৪) বছরের তাতে আমি দেখতে

পাচ্ছি বাসের ভাড়া ১৯৮৩ সালের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং ১৯৮৩ সালের তুলনায় বাড়তি বাস রাস্তায় নামা সত্ত্বেও আনুপাতিক হারে বাস বৃদ্ধি পায়নি, এর কারণ কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ আনুপাতিক হারে কম হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই, এবং ওটা ক্রমান্বয়িক ভাবেই বেড়ে যাচ্ছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ রিপ্লাইটা ঠিক হল না। আই ড্র ইওর এ্যাটেনসন বাস বৃদ্ধি পায়নি এর কারণ কি ? আপনি বললেন পায়নি দেখতে পাচ্ছি। ঠিক স্পেশিফিক রিপ্লাই দেবেন তো ?

শ্রীরবীন মুখার্জী ঃ এক রকম কারণ নয়, অনেক রকম কারণ আছে। প্রথমত কয়েন্সের প্রশ্ন আছে। কয়েন্স, খুচরা পয়সা না থাকার একটা কারণ আছে। তারপর নতুন বাস রেগুলার আপনারা যেগুলি দেখছেন সেটা আজ হয়ত একটা ট্রিপ দিল কালকে দুটো ট্রিপ দিল, পরশু হয়ত সেটা ৩টে ট্রিপ দিল। সেই অনুযায়ীই বাড়তে থাকে।

শ্রীদেবশরণ ঘোষ ঃ মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন বি বাসের ভাড়া যেমন বেড়েছে তেমনি বাসের কণ্ডিসন—আমি ইঞ্জিন বা টায়ারের সম্বন্ধে বলছি না, যেসব বসবার জায়গা থাকে সেগুলি অব্যবহার্য, বিশেষ করে দূর পাল্লার বাসে সেগুলি বসার উপযুক্ত করার কোন ব্যবস্থা হয়েছে কি ?

[1-30—1-40 P. M.]

শ্রীরবীন মুখার্জী ঃ ভাড়া কেন বেড়েছে তা অনেকবার জানাবার চেষ্টা করেছি। আজকে যেভাবে খরচ বেড়ে যাচ্ছে তাতে ভাড়া বাড়লেও কোনরূপ সঙ্গতি খুঁজে পাওয়া যাচ্ছে না। তার উপর বর্তমানে যেসব বাস রয়েছে তার মধ্যে অনেক বাসই পুরোনো হয়েছে। নতুন বাসের সংখ্যা বর্তমানে ৫৩০ এবং তার মধ্যে প্রায় সবগুলোই নেমে গেছে রুটে। এই নতুন বাসগুলোর ক্ষেত্রে ভাল সার্ভিস পাওয়া যাচ্ছে। তবে পুরানো বাসগুলোর মধ্যে অনেকগুলোই বসে যাচ্ছে কারণ সেগুলোর মধ্যে অনেকগুলোই দীর্ঘ ৭।৮ বছর ধরে সার্ভিস দিচ্ছে এবং ৪ লক্ষ কিলোমিটারের উপর চলেছে। তবে আমাদের ডিপার্টমেণ্ট যতদূর সম্ভব চেষ্টা করছে যাতে যাত্রী সাধারণের সুযোগ-সুবিধা বাড়ানো যায়।

শ্রীসরল দেব ঃ আপনি বলছেন ৭৯৮টি বাস এফেকটিভ। আমার জিজ্ঞাস্য, এই এফেকটিভ বাসগুলোর ক্ষেত্রে প্রতিটি বাসে প্রতিদিন কতজন করে কর্মচারী নিয়োজিত থাকছেন।

শ্রীরবীন মুখার্জী ঃ এই ৭৯৮টি বাস চালাতে যতজন লাগে ঠিক ততজন। একটি বাস চালাতে একজন ড্রাইভার কণ্ডাক্টর লাগে। ইউজুয়ালি এগুলো হচ্ছে সিটি বাস। তবে লঙ্ ডিষ্টেন্সের বাসে একজন কণ্ডাক্টর দেওয়া হয়।

শ্রীজয়ন্ত বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে লঙ্ ডিষ্টেন্সের বাসে দুজন কণ্ডাক্টর থাকে না। আমি জানতে চাইছি দূরপাল্লার বাসগুলোতে দুজন কণ্ডাক্টর দেবার ব্যবস্থা করবেন কিনা ?

শ্রীরবীন মুখার্জী ঃ এইতো বলছেন খরচ বেড়ে যাচ্ছে ! আবার এই বাসগুলোতেও দুজন কণ্ডাক্টরের ব্যবস্থা করতে চাইছেন !

HELD OVER STARRED QUESTIONS

(To which answers were laid on the table)

Expenditure incurred by N.B.S.T.C.

***16.** (Admitted question No. *352.) **Shri Sk. Imajuddin :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) what was the expenditure per tonne km on staff, fuel, tyres, spare parts and other materials incurred by the North Bengal State Transport Corporation on running the goods transport services during 1982-83 as compared to the expenditures, in 1978-79 ; and

(b) the reasons for increase in expenditure, if any, during 1982-83 ?

Minister-in-charge of Home (Transport) Deptt.

(a) Particulars	Expenditure per Tonne/ Km. during 1978-79 (in paise)	Expenditure per Tonne/Km during 1982-83 (in paise)
(i) Staff	18	23
(ii) Fuel	7	13
(iii) Tyre, tubes	2	4
(iv) Spares, Other Stores etc.	7	4
(Total i to iv)	34	44

(b) Expenditure increased due to introduction of revised pay scales for the Staff. abnormal price hike of fuel, spare parts, tyre-tubes etc. and also due to higher consumption of fuel

Maintenance cost of N. B. S. T. C.

***24.** (Admitted question No. *353.) **Shri Sk. Imajuddin :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether it is a fact that the frequency of breakdown of the North Bengal State Transport Corporation Buses and the maintenance cost of NBSTC Buses have increased during the past few years due to deteriorating condition of roads in North Bengal; and

(b) if so,—

(i) what was the position in the matter during 1982-83, as compared to the position in 1977-78, and

(ii) the steps taken and/or proposed to be taken by NBSTC and/or the State Government in the matter ?

Minister-in-charge of Home (Transport) Deptt.

(a) The frequency of break down and maintenance cost of buses of NBSTC increasing during the past few years.

(b) (i) Total No. of breakdowns was 3391 in 1977-78 and 3523 in 1982-83. Maintenance cost per bus per Km. was 87 paise in 1977-78 and 162 paise in 1982-83.

(ii) A running checking group has been organised at the Depots for prompt maintenance/checking of the buses on immediate arrival for minimising breakdowns. Steps have also been taken to minimise the maintenance cost by prolonging the life of major assemblies through timely repair/reconditioning, retreading of tyres and such other measurss.

Expenditure of C.S.T.C.

***25.** (Admitted question No. *379.) **Shri Lutfal Haque :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) what was the expenditure per bus km. on staff, fuel, tyres, spare parts and other materials incurred by the Calcutta State Transport Corporation during 1982-83, as compared to the expenditures in 1978-79; and

(b) the reasons for increase in expenditure, if any, during 1982-83 ?

Minister-in-charge of Home (Transport) Deptt.

(a)	1978-79 (In paise)	1982-83 (In paise)
Staff	224.79	326.19
Fuel	57.03	130.72
Tyre	33.71	45.30
Spare-parts	29.90	24.10
Other materials	22.75	30.76

(b) Increase in cost is due to increase in operational cost as a result of revision of rate of pay & D.A. to the employees, increase in cost of all imputs and also because of adverse of adverse operational condition.

উত্তরপাড়া দুঃস্থাবাস এবং ভবঘুরে আশ্রমে পরামর্শদাতা কমিটি

*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** ত্রাণ ও কল্যান (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরপাড়া দুঃস্থাবাস (ডেষ্টিটিউট হোম) এবং ভবঘুরে আশ্রমে (ভ্যাগ্র্যান্ট হোম) কোন পরামর্শদাতা কমিটি আছে কি ;

(খ) ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, এই কমিটির কাজ কি ; এবং

(গ) ১৯৮৩ সালের ১লা জানুয়ারি হইতে ৩১শে ডিসেম্বরের মধ্যে এই কমিটির কয়টি বৈঠক হইয়াছে।

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ (ক) হ্যাঁ।

(খ) মহিলা ভবঘুরে আবাসের জন্য যে পরিদর্শক কমিটি আছে তার কাজ হল আবাস পরিদর্শন করে নির্বাহীকার বিবেচনার জন্য তাদের মতামত লিপিবদ্ধ করা।

উত্তরপাড়া মহিলা দুঃস্থাবাসের জন্য যে পরিদর্শক কমিটি আছে সেই কমিটিকে তিনজন সদস্যের কম নয় এমন কয়েকটি দলে বিভক্ত করে প্রতি মাসে একটি নির্দিষ্ট দিনে একটি নির্দিষ্ট সময়ে আবাস পরিদর্শন করতে হবে, কোন সদস্য ব্যক্তিগত ভাবে আবাস পরিদর্শন করবেন না। নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ে পরিদর্শন ভিন্ন ও দলগুলি হঠাৎ আবাস পরিদর্শন করতে পারবেন। হঠাৎ পরিদর্শনের সময়ে পরিদর্শকদের আবাসে উপস্থিত হয়ে অধ্যক্ষ্যকে উপস্থিতি জানাতে হবে। উপরিলিখিত দলে কোন সদস্য উপস্থিত না থাকলে তার অনুপস্থিতিতেই পরিদর্শন করা যাবে। পরিদর্শক দল আবাসের আভ্যন্তরীন পরিচালনা পরিদর্শন করে তাদের মতামত উপদেশ দিতে পারেন।

পরিদর্শকদের মতামত লিপিবদ্ধ করার জন্য একটি পুস্তিকা রাখা হবে এবং এই পুস্তিকায় পরিদর্শকদের উপদেশের পরিপ্রেক্ষিতে অধ্যক্ষা কি কি ব্যবস্থা গ্রহণ করলেন এবং এ বিষয়ে তাঁর মতামত এবং কৈফিয়ৎ কিছু থাকলে তা লিপিবদ্ধ করবেন। এই সমস্ত লিপিবদ্ধ তথ্য সমাজ কল্যাণ অধিকর্তার বিবেচনার জন্য অবিলম্বে পাঠাবেন।

সমাজ কল্যাণ অধিকর্তা এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন এবং গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের গোচরে আনবেন।

এই কমিটি সামগ্রিক ভাবে তিনমাসে অন্ততঃ একবার মিলিত হবেন এবং পরিদর্শক দলের প্রতিবেদন আলোচনা করে প্রতিকারের ব্যবস্থা সম্বন্ধে প্রস্তাব নেবেন।

এই পরিদর্শক মণ্ডলী তাঁদের ত্রৈমাসিক সম্মেলনের গৃহীত প্রস্তাবের প্রতিলিপি ত্রাণ ও কল্যাণ দপ্তরের সচিব ও সমাজ কল্যাণ অধিকর্তার নিকট পাঠাবেন। সমাজ কল্যাণ অধিকর্তা এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং কি ব্যবস্থা করতে চান তার রিপোর্ট তিনি পশ্চিমবঙ্গ সরকারের কাছে পাঠাবেন।

পরিদর্শক মণ্ডলী তার কাজকর্ম চালাবার প্রয়োজনীয় নীতি ও পদ্ধতি পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদন সাপেক্ষে তৈরী করবেন।

(গ) কোন বৈঠক হয় নাই।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি গত ৬ বছর ধরে ওখানে যে উপদেষ্টা কমিটি আছে সেই কমিটির যে নিয়ম-কানুন আছে, যেটা বলতে গিয়ে আপনি দীর্ঘ বিবৃতি স্থাপন করলেন তার একটুও পালন করা হয়েছে কিনা ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ গত ৬ বছর ঠিক ঠিক ভাবে পালন হয়নি বলে গত বছর থেকে সেটা ভালো ভাবে আরম্ভ করা হয়েছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ এখানে কমিটির পক্ষ থেকে উন্নয়নের জন্য সুপারিশ করা হয়েছিল। আপনার দপ্তর থেকে সেই সুপারিশের কোন অংশ একটুও পালন করা হয়েছে কিনা জানাবেন কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ কিছু কিছু কার্যকরী করা হয়েছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ কোন বিষয়ে কার্যকরী করা হয়েছে সেটা একটু জানাবেন কি ?

শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ দুস্থ লোকের বাস্তর ব্যাপারে এবং ভোকেসনাল ট্রেনিং-এর ব্যাপারে কিছু কিছু সুপারিশ কার্যকরী করা হয়েছে।

বীরভূম জেলার সাঁইথিয়া শহরে জল সরবরাহ প্রকল্প

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৩।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার সাঁইথিয়া শহরের জন্য দ্বিতীয় জল সরবরাহ" প্রকল্পটি নির্মাণের কাজ এখন কোন্ পর্য্যায়ে আছে ;

(খ) কেন্দ্রীয় সরকার কি এই প্রকল্পটি নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করিয়াছেন ; এবং

(গ) (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত এই প্রকল্পটির নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ বীরভূম জেলার সাঁইথিয়া শহরের জন্য পরিবর্ধিত জলসরবরাহ প্রকল্পটি এখনও মঞ্জুরীকৃত হয়নি।

(খ) না।

(গ) এখন 'এ' প্রশ্ন ওঠে না।

মোটর দুর্ঘটনায় নিহত / আহতদের নিকট-আত্মীয়কে সাহায্য দান

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৮।) **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মোটর দুর্ঘটনায় (আঘাত করে পালানর ক্ষেত্রে) নিহত/আহতদের নিকট আত্মীয়কে তাৎক্ষণিক সাহায্যদানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত সোলাটিম ফাণ্ড অথরিটি ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গকে কোনও অর্থ দিয়াছে কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত বৎসরগুলিতে দেয় অর্থের পরিমাণ কত, এবং অন্যান্য রাজ্যের তুলনায় ইহা কম অথবা বেশী?

শ্রীরবীন মুখার্জীঃ (ক) হ্যাঁ, ১৯৮২-৮৩ সালে অর্থ দেওয়া হয়েছে কিন্তু ১৯৮৩-৮৪ সালে কোন অর্থ দেওয়া হয় নি।

(খ) প্রথম কিস্তি হিসাবে সোলেজিয়াম ফাণ্ড অথরিটির কাছ হতে এ পর্য্যন্ত দেড় লক্ষ টাকা পাওয়া গেছে ১৯৮২-৮৩ অর্থনৈতিক সালে। অন্য রাজ্যকে দেয় অর্থের পরিমাণ জানা নেই।

খড়িবাড়ী হইতে বাবুঘাট অবধি এক্সপ্রেস বাস বন্ধ হওয়ার কারণ

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৩।) **শ্রীসরল দেবঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি খড়িবাড়ী হইতে বাবুঘাট অবধি এক্সপ্রেস সরকারী বাসটি বন্ধ হওয়ার কারণ কি?

শ্রীরবীন মুখার্জীঃ সাময়িকভাবে বন্ধ করা হইয়াছে, কারণ :—

(১) অতি কমসংখ্যক যাত্রীর যাতায়াত,

(২) কিলোমিটার প্রতি আয় কম।

(৩) বাস প্রতি আয় কম।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় সাময়িক বলতে কি বোঝেন সেটা আমি বুঝতে পারছি না। এই বাস গত ৬ বছর ধরে বন্ধ হয়ে আছে, এই বাস কবে চালু হবে সেটা জানাবেন কি ?

শ্রীরবীন মুখার্জী ঃ আপনি যেখানকার কথা বললেন সেখানে বাসের রোজগার এতো কম যে বাস চালাবার ব্যাপারে ভেবে দেখতে হবে এখানে নূতন কিছু করা যায় কিনা। খড়িবাড়ি এক নম্বর বাসের এ্যাভারেজ আরনিং পার কিলোমিটার ৬৮ পয়সা এবং খড়িবাড়ি দু-নম্বর বাসের এ্যভারেজ ইনকাম পার কিলোমিটার ৯৩ পয়সা। এই দুটি রুটের পার বাস ইনকাম এ ডে হচ্ছে ৯৯ টাকা এবং ১৭২ টাকা। আর আমাদের ইউজুয়ালী নর্ম হচ্ছে ৩ টাকা পার কিলোমিটার এবং ৮০০ টাকা পার বাস এ ডে। সেখানে এই দুটি বাস রুটের ৯৯ টাকা এবং ১৭২ টাকা রোজগার হচ্ছে। এতো কম রোজগার বলে ভাবতে হচ্ছে।

[1-40—1-50 p.m.]

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি, ওখানে এখন যে এক্সপ্রেস বাস আছে, তাকে পরবর্ত্তীকালে 'এল' টাইপ করবার কোন পরিকল্পনা আপনার আছে ?

শ্রীরবীন মুখার্জী ঃ ওখানে নতুন করে কিছু করা যায় কিনা তা বিবেচনা করে দেখা হচ্ছে, এ বিষয়ে পরে বলা যাবে।

শ্রীসরল দেব ঃ আপনি লোকসানের পরিমাণ ১৫ কোটিতে দাঁড়িয়েছে বল্লেন এবং সেজন্যই আপাততঃ বাস বন্ধ করে রেখেছেন। আমার প্রশ্ন হচ্ছে এই বাসকে পুনরায় চালু করবার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

(কোন উত্তর নাই)

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ এখানে প্রশ্নটা সরলবাবু করেছেন, কিন্তু এলাকাটি আমার এলাকার মধ্যে পড়ে বলে আমার এবিষয়ে একটা প্রশ্ন আছে। জনসংখ্যার যে রিপোর্ট আমার কাছে

Rs. 12/- per col. cm. for 8001-and above circulation.

In respect of share, the State Govt. accepted the recommendations in revised form namely for district papers 15% and for medium newspapers 35% of the State Govt's advt. allotment. The State Govt. implemented the recommendations in the revised from as aforesaid.

(No supplementary)

পশ্চিমবঙ্গ এবং ওয়েষ্ট বেঙ্গল পত্রিকা

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "পশ্চিমবঙ্গ" এবং "ওয়েস্ট বেঙ্গল" পত্রিকা দুটি কত কপি ক'রে ছাপান হচ্ছে ;

(খ) উহার মধ্যে বিনামূল্যে কিছু বিলি হয় কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, তা কাদের দেওয়া হয় এবং তার সংখ্যা কত ? (পৃথক্‌ভাবে।)

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ (ক) "পশ্চিমবঙ্গ" পত্রিকা (সাপ্তাহিক) প্রতি সংখ্যায় ৬৪,০০০ কপি এবং "ওয়েস্ট বেঙ্গল" পত্রিকা (পাক্ষিক) প্রতি সংখ্যায় ৮,০০০ কপি ছাপান হয়ে থাকে।

(খ) হ্যাঁ।

(গ) রাজ্যপাল, মন্ত্রী, এ রাজ্যের বিধানসভাও লোকসভার সদস্যগণ, সংবাদপত্র প্রতিনিধিগণ ও সম্পাদকগণ এবং পশ্চিমবঙ্গ ও অন্যান্য রাজ্য সরকারের উচ্চপদস্থ কর্মচারীদিগকে, শিক্ষা প্রতিষ্ঠান, ভারতের সমস্ত বিশ্ববিদ্যালয়, বিদেশী দূতাবাস, রাজ্যের গ্রন্থাগার, রাজ্য সরকারের অধীনস্থ উদ্যোগগুলি, বিভিন্ন গণসংগঠন ও প্রতিষ্ঠান, ট্রেড ইউনিয়ন এবং কর্মচারী সংস্থাসমূহ, সব বি. ডি. ও., রাজনৈতিকদল সমূহ, চেম্বারর্স অব কমার্স, বিধানসভার প্রাক্তন সদস্যগণ, রেডিও, টি. ভি., বিভিন্ন রাজ্যের তথ্যকেন্দ্রসমূহ ইত্যাদি পত্রিকা দুটি বিনামূল্যে দেওয়া হয়ে থাকে।

এই সংখ্যা "পশ্চিমবঙ্গ" এর ক্ষেত্রে ৪,৫০০ কপি এবং "ওয়েস্ট বেঙ্গল" এর ক্ষেত্রে ৬,৯০০ কপি।

[1-10—1-20 P.M.]

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় কি খোঁজ খবর নেবেন লেখকদের যে টাকা দেওয়া হয় সেই টাকা তাঁরা পাচ্ছেন না, ২/৩ বছর ধরে লেখকদের প্রাপ্য টাকা বকেয়া থেকে গেছে।

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : আমি খোঁজ খবর নিয়ে যথা সত্বর যথোপযুক্ত ব্যবস্থা নেব।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় এটারও খোঁজ খবর নেবেন যে আপনি বলেছেন বিধানসভার সদস্যগণকে পত্রিকা দুটি বিনামূল্যে দেওয়া হয়ে থাকে, বিধানসভার সদস্য অন্ততঃ আমি যথাযোগ্যভাবে নির্বাচিত বিপুল ভোটে, আমি পাইনি। এই ব্যাপারে একটু খোঁজ খবর দেবেন কি ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : আপনার ঠিকানা দেবেন, আমি নিজস্বভাবে পাঠিয়ে দেব।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় : আমার এটা সাপ্লিমেণ্টারী নয়, এটা রিকোয়েস্ট ফর এ্যাকসান। যেহেতু পত্রিকাগুলি ডাকে পাঠান হয় সেজন্য ডাক বিভ্রাটের ফলে পত্রিকাগুলি পেতে গোলমাল হয়। সেই বিষয়ে দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি 'পশ্চিমবঙ্গ' এবং 'ওয়েষ্ট বেঙ্গল' এই দুটো পত্রিকা ছাপাবার জন্য বার্ষিক রাজ্য সরকারের কত ব্যয় হয় ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : বিশেষ বিষয়ে বিশেষভাবে জানতে গেলে নোটিশ দিতে হবে।

শ্রীকৃপাসিন্ধু সাহা : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি 'ওয়েষ্ট বেঙ্গল' এবং 'পশ্চিমবঙ্গ' ১৯৭৭ সালের আগে কত করে প্রকাশিত হত, তার সংখ্যা কত ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : ১৯৭৭ সালের আগে যে সংখ্যা ছিল এগজ্যাক্ট এই মুহূর্তে বলতে পারছি না, বিষয়টি নজরে আনলে বিশেষভাবে বলা হবে। তবে এখন সংখ্যাটা যথেষ্ট বেড়েছে।

মহানন্দা ও তিস্তা খাল থেকে সেচের জল না দেওয়ার কারণ

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪।) **শ্রীঅমলেন্দ্র রায় :** সেচ ও জলপথ বিভাগের

মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-৮৪ সালে মহানন্দা ও তিস্তা খাল থেকে সেচের জল না দিতে পারার কারণ কি ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ "তিস্তা ব্যারেজ"-এর ও সেচ খালের নির্মাণ কাজ সম্পূর্ণ না হওয়ার দরুণ ১৯৮৩-৮৪ সালে তিস্তা ব্যারেজ প্রকল্প থেকে সেচের জল দিতে পারা যায় নি।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কেন্দ্র টাকা না দেওয়ায় টাকার অভাবে এই প্রকল্পের কাজ বন্ধ হয়ে যেতে বসেছে কি এবং প্রচর পরিমাণে খরচ খরচাটা বেড়ে যাচ্ছে কি ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ কেন্দ্রের কাছ থেকে ১৯৮১-৮২, ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ সালের জন্য যে টাকা চেয়েছিলাম সেই টাকা পাইনি, সেটাও একটা বাধা যার ফলে কাজটা যেরকম তড়িত গতিতে এগিয়ে নিয়ে যাওয়ার দরকার ছিল সেই রকম এগিয়ে নিয়ে যেতে পারিনি। এছাড়া সিমেণ্ট, ষ্টিল সাপ্লাই-এর ক্ষেত্রে অসুবিধা, ল্যাণ্ড এ্যাকুইজিসানের ক্ষেত্রে কিছু বিলম্ব এইসব বাধা ছিল, এগুলি কাটিয়ে উঠবার চেষ্টা করছি। সবচেয়ে বড কথা হচ্ছে তিস্তা ব্যারেজের সমস্ত গেটগুলি কমপ্লিট হয়নি যার ফলে এ পর্যন্ত জল দিতে পারছি না। তবে আশা করছি ১৯৮৪ সালের ডিসেম্বরের মধ্যে ১০ হাজার একর কভার করে জল ছাড়তে পারব।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি বললেন ডিসেম্বরের মধ্যে জল দেবার ব্যবস্থা হবে, এটা কি ডানদিক, বামদিক দু'দিকের খাল দিয়ে জল দেবার ব্যবস্থা হবে, না একদিকের খাল দিয়ে ব্যবস্থা হবে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ ডানদিক দিয়ে দিয়ে জল দেবার ব্যবস্থার কথা বলা হয়েছে মহানন্দার লিঙ্ক ক্যানেল দিয়ে। বাঁ দিক দিয়ে জল দেবার কথা ছিল না। ফাষ্ট ফ্রেজের সাব ষ্টেজে এই জল দেবার কথা ছিল। এটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য, তাড়াতাড়ি বাঁ দিকের খাল দিয়ে জল দেবার জন্য, ১১১ কোটি টাকার খাল খনন করার প্ল্যান করা হয়েছে। এজন্য কেন্দ্রীয় জল পরিষদ এবং কেন্দ্রীয় ইরিগেসন দপ্তরকে এটা অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এই অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এই অনুমোদনের অপেক্ষা না করে যাতে মন্ত্রী সভার অনুমোদনে একে এগিয়ে নিয়ে যাওয়া যায় তারও ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মন্ত্রী মহাশয় বললেন বাঁ দিক দিয়ে জল দেবার ব্যবস্থা ছিল না। এবং এও বললেন যে কেন্দ্রের অনুমোদন না পেলেও একে এগিয়ে নিয়ে যাবার জন্য চেষ্টা করা হচ্ছে। তাহলে সার্ভের কাজ কি শুরু করা হয়েছে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ কেন্দ্রের অনুমোদন না পেলে—একথা আমি বলি নি, আমি বলেছি ইন এন্টিসিপেসন যাতে আরও একটু গো-এ্যাহেড করা যায় তার জন্য আলাপ আলোচনা হচ্ছে। ইতিমধ্যে কিছু কিছু সার্ভের কাজ আরম্ভ হয়েছে। প্রিলিমিনারী ওয়ার্ক—কিছু কনষ্ট্রাকসন-এর কাজ সুরু করা হয়েছে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ আমি জানতে চাইছি যে তিস্তার জল বণ্টনের ব্যাপারে বাংলাদেশের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে কথাবর্তা হয়েছে তার সর্বশেষ রিপোর্ট আপনি জানাতে পারবেন কি ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এটা যেহেতু দুটি দেশের ব্যাপার একেবারে এ সম্বন্ধে সঠিক প্রশ্ন না দিলে ঠিক ঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। আপনি নোটিশ দেবেন।

শ্রীসুরেশ সিংহ ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি যে তিস্তা ব্যারেজ যেভাবে গঠন করা হচ্ছে তাতে আশঙ্কা করা হচ্ছে এটা বালি দিয়ে তৈরী হয়েছে বলে এটা ভেঙ্গে গিয়ে বন্যা হতে পারে। সিমেণ্ট দিয়ে এটা তৈরী করলে সুবিধা হবে এই রকম আলোচনা আপনি ইসলামপুরে মিটিংয়ে আলোচনা করেছিলেন কিনা ?

শ্রীননী ভট্টাচার্য ঃ ইসলামপুরে মিটিংয়ে এই কথা উঠে। এ সম্বন্ধে একটা হাই টেকনিক্যাল কমিটি বিচার করে দেখছেন।

Resolution for removal of B.D.O, of Raninagar-II Panchayat Samiti

*215. (Admitted question No. *316.) **Shri Somendra Nath Mitra :** Will the Minister-in-charge of the Panchayat and Community Development Department be pleased to state—

(a) wheather the State Government has any information about the decision of the Raninagar-II Panchayat Samiti in Lalbagh sub-division of Murshidabad district taken through a resolution for removal of the local B.D.O., and the resultant tension between the administration and the Panchayat functionaries in the district and

(b) if so,—

(i) what is the present position in the matter ; and

(ii) the steps taken and/or is contemplated by the State Government ?

Shri Binoy Krishna Chowdhury : (a) Yes, Raninagar-II Panchayat Samiti has adopted a resolution recalling the Block Development Officer and Officio Executive Officer of the said Panchayat Samiti under proviso to section 119(1) of the West Bengal Panchayat Act, 1973.

(b) (i) The whole matter is now under examination by the Govt.

(ii) Does not arise.

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এই সম্বন্ধে বিভিন্ন পত্র পত্রিকায় আলোচিত হয়েছে যে জেলা শাসকরা সরকারী নির্দেশ না মেনে তাদের নিজস্ব ব্যাখ্যা দিয়ে অন্যভাবে কাজ করেছেন ? এবং জেলা শাসকরা এইভাবে সরকারী নির্দেশ অমান্য করতে পারেন কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : এটা তো পরিষ্কার যে তারা সরকারী আদেশ অমান্য করতে পারেন না। আমি জেলা শাসকদের ডেকেছিলাম এবং চীফ সেক্রেটারী ও যেহেতু এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট এর সঙ্গে জড়িত, সেই হেতু এগ্রিকালচার সেক্রেটারীকে ডেকেছিলাম আর পঞ্চায়েত বিভাগকেও ডেকেছিলাম। তারা বলেছে এটা ভুল হয়েছে। গভর্ণমেণ্টের অর্ডার কোন জেলা শাসক পরিবর্তন বা পরিবর্ধন করতে পারেন না। এ্যাট দি মোষ্ট ক্লারিফিকেসন করতে পারেন এবং কোন সাজেসন থাকে তাহলে তা লিখে পাঠাতে পারেন। গভর্ণমেণ্ট ইজ টু ডিসাইড। গভর্ণমেণ্ট ভারসেস ডি এম'স অর্ডার ভ্যারী করবে এটা হতে পারে না। সেইজন্য বিডিও ষ্ট্যাণ্ড নিয়েছিল যে হাইয়ার অফিসারের অর্ডার মানতে হবে।

[1-20—1-30 P. M.]

এটা আণ্ডার কনসিডারেশনে ছিল, এই হচ্ছে ঘটনা এবং সেখানে অন্য দিক থেকে—এই জিনিসটা পরে দেখবেন—আমি নিজে মুর্শিদাবাদে গিয়েছিলাম, সব আলোচনা হয়েছে এবং আমরা একটা সলিউশন করবার চেষ্টা করছি। আমরা চাই না যে কোনও অপ্রীতিকর ঘটনা ঘটুক। পারফেক্টলি বলা আছে ওখানে যে নট ওনলি বি. ডি. ও., এমনকি জেলা পরিষদ এবং ইকয়্যালি একজিকিউটিভ অফিসারদের প্রভিশন অনুযায়ী কাজ করতে হবে। লাস্ট জিনিস তো অনেক দূর যায়, পার্লামেণ্টেও ইমপিচমেণ্ট হয়, সেটা তো এক্সট্রিম ষ্টেপ। এটা সব সময় নেওয়া উচিত কি ?

শ্রীআতাহার রহমন : মাননীয় অধ্যক্ষ মহাশয় জানাবেন কি, যে রেজলিউশন করা হয়েছে, আপনি তার উত্তর দিলেন। কিন্তু যে ঘটনাকে কেন্দ্র করে রেজলিউশন করা হয়েছে, ডি. এম. গভর্ণমেণ্টের নির্দেশ অমান্য করেছে। একজন ডি. এম. গভর্ণমেণ্টের এই রেজলিউশনকে অমান্য করতে পারে কি ? এবং করলে, সেই অফিসারের এগেনষ্টে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : পারেন না। তাঁকে আমরা ডেকেছিলাম। চীফ সেক্রেটারী, এবং অন্যান্য দু তিন জন সেক্রেটারী তাঁর সঙ্গে আলোচনা করেছেন, এবং তাঁকে বুঝিয়ে দেওয়া হয়েছে। আলোচনার মাধ্যমে তাঁকে বুঝিয়ে দেওয়া হয়েছে যে তাঁর অর্ডার ঠিক নয় এবং সেটা তিনিও স্বীকার করেছেন যে ভুল হয়েছে। তারপর ঐ অর্ডারটা আর থাকছে না। এই জিনিস হয়েছে।

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাণী নগর দু নং পঞ্চায়েতের বি. ডি. ও. যে অগণতান্ত্রিক কাজ করলো, এই অগণতান্ত্রিক কাজের জন্য কংগ্রেস আই ঐ বি. ডি. ও.কে মদত দিয়েছিল কি না ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : এই সব আমার জানার কথা নয়। এটা জানা সম্ভব নয়।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : আমার প্রশ্ন হচ্ছে, এই ঘটনার পর ডি. এম. আমাদের ডি. এল. সি. সি.'র মিটিং এ বলছেন যে সরকারী নির্দেশ যদি এ্যাক্ট বিরোধী হয়, তাহলে সেটা

ইম্প্লিমেণ্ট করার দায়িত্ব থাকছে না এবং ডি. এল. সি. সি.'র মিটিং-এ এই সম্পর্কে তাঁর নোটও আছে। এবং ওর প্রশ্ন, মিনিকীট বিতরণকে কেন্দ্র করে যে গোলমাল হয়েছে গ্রাস রুট থেকে, তার মানে গ্রাম পঞ্চায়েত থেকে, সেটা এ্যাক্ট বিরোধী হয়েছে।

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : একটা জিনিস, এটা খুব ডিটেলে আমরা আলোচনা করেছিলাম, কারণ সেখানে চীফ সেক্রেটারী, এগ্রিকালচার সেক্রেটারী এবং অন্যান্য কয়েকজন সেক্রেটারীও সেই আলোচনায় ছিলেন। কারণ এই অর্ডারটা নুতন অর্ডার নয়, এই অর্ডার অনুযায়ী তিন বছর ধরে কাজ চলছে। এই তিন বছরে শুধু মুর্শিদাবাদ জেলা ছাড়া আর ১৫টি জেলায় কোথাও গোলমাল হয়নি। গভর্ণমেণ্টের এই অর্ডারের এনটারপ্রিটেশন যদি কোন অফিসার করতে চান তাহলে তাঁকে লিখিত ভাবে জানাতে হবে, তাঁর ঐ ইণ্টারপ্রিটেশনটা ঠিক কি না এবং তিনি সাজেসন দিতে পারেন। কিন্তু ডি. এম. যদি ১৫ রকম ভাবে এই অর্ডারের ব্যাখ্যা করেন ১৫ রকম ভাবে এবং ১৫ রকম ভাবে ইমপ্লিমেণ্ট করতে চান তাহলে সেটা একটা শিয়ার ক্যায়স সৃষ্টি হবে।

Programme for self employment

*216. (Admitted question No. *622.) **Shri Atish Chandra Sinha** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether the State Government has launched programmes to help skilled and qualified young men and women to organise themselves as enterpreneurial groups and or for self employment and

(b) if so, what are the programmes undertaken in this regard since 1980-81?

Shri Pralay Talukdar : (a) Yes.

(b) The tate Government in the C. & SSIS Department have taken up the following programmes for Self employment of unemployed youth :

(i) Additional Employment programme ;

(ii) Entrepreneurship Development programme ;

(iii) TRYSEM under IRDP.

(iv) Training and Servicing programmes in handicrafts, coir, lac and SSI sector ;

(v) The scheme for providing Self-employment to educated unemployed youth.

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : এণ্টারপ্রেনিওরসিপ ট্রেনিং-এর কি কি উদ্যোগ নেওয়া হয়েছে এবং ক'টি জায়গায় ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে ?

শ্রীপ্রলয় তালুকদার : এই মুহূর্তে আমার পক্ষে এটা বলা সম্ভব নয়, আপনি নোটিশ দেবেন, আমি পরে আপনাকে জানিয়ে দেব। এণ্টারপ্রেনিওরসিপ ডেভেলাপমেণ্টের জন্য বিভিন্ন এজেন্সি আছে এবং তাদের দিয়েই এই ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয়। এস. আই. এস. আই. ব্যাঙ্ক আছে, রামকৃষ্ণ মিশন আছে, সেণ্ট্রাল গ্লাস এ্যাণ্ড সেরামিক ইনসটিটিউট আছে। এই রকম বিভিন্ন অর্গানাইজেসনের মাধ্যমে এণ্টারপ্রেনিওরসিপ ডেভেলাপমেণ্ট প্রোগ্রামে ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়।

শ্রীদেবরঞ্জন সেন : বর্ধমান জেলার অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, আপনি দরখাস্ত নিলেন; বিচার করলেন, ব্যাঙ্কের কাছে রেফার করে দিলেন বলে জানালেন। কিন্তু ব্যাঙ্ক সবাইকেই তাড়িয়ে দিচ্ছে, টাকা দিচ্ছে না—এই সম্বন্ধে আপনার বক্তব্য কি ?

শ্রীপ্রলয় তালুকদার : আনি কোন্ স্কীমের কথা বলছেন সেটা বললে আমি জিনিসটা হয়ত বোঝাতে পারব।

শ্রীদেবরঞ্জন সেন : এ্যাডিসন্যাল এমপ্লয়মেণ্ট স্কীমে ২০ দফা কর্মসূচীর ব্যাপারে ২৫ হাজার টাকার বিষয়ে আপনার ডিপার্টমেণ্ট থেকে এ্যাডভার্টাইজমেণ্ট দিয়ে দরখাস্ত নেওয়া হয়েছে। এই বিষয়ে আপনার বক্তব্য আমাদের বলুন।

শ্রীপ্রলয় তালুকদার ঃ এটা এ্যাডিসন্যাল এমপ্লয়মেণ্ট স্কীম নয়। এটা হচ্ছে স্কীম ফর প্রোভাইডিং সেল্‌ফ এমপ্লয়মেণ্ট টু দি আনএমপ্লয়েড্‌ ইউথস। এটা আলাদা স্কীম। এই স্কীম সম্বন্ধে আমরা বহুবার বলেছি যে, ব্যাঙ্কের সহযোগিতার উপর এর সাফল্য নির্ভর করছে। এই বিষয়ে ব্যাঙ্কের সঙ্গে আমাদের ধারাবাহিক ভাবে আলোচনা চলছে। এই বছরের ৩১শে মার্চ হচ্ছে এর লাষ্ট ডেট। জেলায় জেলায় ব্যাঙ্কের সঙ্গে আমরা আলোচনায় বসছি, ষ্টেট লেভেলেও বসছি। যেমন গতকাল বীরভূম জেলায় ব্যাঙ্কের সঙ্গে আমরা আলোচনায় বসেছিলাম। আমাদের এডুকেটেড্‌ ইউথ্‌ যা আছে তাতে ওয়েষ্ট বেঙ্গলের টার্গেট হচ্ছে ২৫ হাজার ৫০০ এবং আমরা প্রায় ৪০ হাজার এ্যাপ্লিকেসান ব্যাঙ্কের কাছে পাঠিয়েছি। ব্যাংক এ পর্যন্ত ৫ হাজার স্যাংসাণ্ড দিয়েছে এবং ২০ হাজারের মত স্যাংসাণ্ড দিতে বাকি আছে। এপ্রিল মাসে এই সম্বন্ধে বিস্তারিত তথ্য আপনাদের দিতে পারব। এই টার্গেট আমরা যাতে পূরণ করতে পারি সেই জন্য ব্যাঙ্কের সঙ্গে আমাদের আলোচনা চলছে।

শ্রীদেবরঞ্জন সেন ঃ যারা টাকা পেয়েছে তাদের কাছ থেকে ৬ হাজার ৫০০ টাকা কেটে নিয়ে ফিক্সড্‌ ডিপোজিট করে রেখে দিচ্ছে। তাদের বলা হচ্ছে তোমরা জীবনে টাকা ফেরত দেবে না, সেই জন্য ১০ বছরের এফ. ডি. করে রেখে দেওয়া হল, এর ইণ্টারেষ্টে ঐ টাকাটা মেক আপ হয়ে যাবে। ২৫ হাজার টাকার মধ্যে প্রকৃত পক্ষে ১৮/১৯ হাজার টাকার মত পেমেণ্ট করা হচ্ছে—এই সংবাদ কি আপনার জানা আছে ?

শ্রীপ্রলয় তালুকদার ঃ স্কীমটা হচ্ছে টোটাল টাকার ২৫% সাবসিডি—অর্থাৎ ২৪ হাজার টাকার সাবসিডি হচ্ছে ৬ হাজার টাকা এবং এটা বাদ দিয়ে এণ্টারপ্রেনিওরসিপ পাচ্ছে ১৮ হাজার টাকা। এই ৬ হাজার টাকাটা এফ. ডি. করা থাকবে এবং এণ্টারপ্রেনিওর এই ইণ্টারেষ্টটা পাবে। এই কথা কোথাও বলা হচ্ছে না যে টাকা শোধ দিতে হবে না। আমরা প্রত্যেকটি জায়গায় বলে দিচ্ছি এবং আমি নিজে যতগুলি জায়গায় গেছি সেখানে এণ্টারপ্রেনিওরকে বলেছি টাকা শোধ দিতে হবে এবং টাকা শোধ দিতে পারলে পরবর্তীকালে আমরা আরো ব্যাঙ্কের কাছে দাবী জানাতে পারবো। পশ্চিমবাংলায় আমাদের টার্গেট হচ্ছে ২৫ হাজার ৫০০ এবং ব্যাঙ্কের সঙ্গে আমরা বারে বারে মিটিং করছি যাতে করে এই টার্গেট ফুলফিল করা যায়। আমরা ব্যাঙ্কের কাছে সহযোগিতা চেয়েছি। এ পর্যন্ত ৫ হাজার স্যাংসাণ্ড হয়েছে, ২০ হাজার বাকি আছে। এই বিষয়ে ধারা-বাহিক ভাবে আলোচনা চলছে এবং আমি নিজে প্রত্যেক জেলায় যাচ্ছি, কথাবার্তা বলছি। তবে এই বিষয়ে আমি বিস্তারিত তথ্য আপনাদের এপ্রিল মাসে দিতে পারব।

বক্রেশ্বর উষ্ণ প্রস্রবণের স্নানার্থীদের নিকট হইতে কর আদায়

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৮।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বক্রেশ্বরে অবস্থিত উষ্ণ প্রস্রবণে স্নানার্থী জনসাধারণের নিকট হইতে কর আদায়ের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, (১) কবে নাগাদ ইহা কার্যকরী হইবে (২) এবং জনপ্রতি কর ধার্যের পরিমাণ কত হইবে?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) কোন নির্দিষ্ট প্রস্তাব এখন নাই।

(খ) (১) ও (২) এ বিষয়ে প্রশ্ন উঠে না।

(No Supplementary)

ব্রিটেনিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর লাভ/লোকসান

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১২২।) **শ্রীসরল দেব ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৩-১৯৮৪ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) আর্থিক বৎসরে ব্রিটেনিয়া ইঞ্জিনিয়ারিং কোম্পানীর লোকসানের/লাভের পরিমাণ কত?

শ্রীনির্মল কুমার বসু ঃ ১৯৮৩-৮৪ (১-১-৮৩ হইতে ৩১-১২-৮৩ পর্যন্ত) আর্থিক বৎসরে সংশ্লিষ্ট শিল্প উদ্যোগটির সাময়িক (প্রভিশনাল) হিসাব অনুযায়ী ১২ লক্ষ ১০ হাজার টাকা লাভ হইয়াছে।

[1-30— 1-40 P.M.]

শ্রীসরল দেব ঃ এই কম্পানিটি লাভে পরিচালিত হচ্ছে এবং এই কম্পানিটির একটি ফাউণ্ডি ও আছে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর সম্প্রসারণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীনির্মল কুমার বসু ঃ এই কম্পানিটি সরকার হাতে নেবার পর ক্রমাগতই লাভ হয়ে আসছে—১৯৮০/৮১/৮২/৮৩ পরপর লাভ হয়েছে। এইসব বিবেচনা করে এটা যাতে আরো ভালোভাবে চালানো যায় তারজন্য এই প্রতিষ্ঠানটি জাতীয়করণের সিদ্ধান্ত হয়েছে এবং বিধানসভার

এই অধিবেশনেই জাতীয়করণের বিলটি আমরা পাশ করতে চাই। বিলটির কপি মাননীয় সদস্যদের মধ্যে বন্টন করা হয়েছে।

শ্রীদেবরঞ্জন সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ব্রিটানিয়ার সঙ্গে নিক্কো ইত্যাদিকে এ্যালায়েড করে টোটাল জাতীয়করণের সিদ্ধান্ত করছেন কি ?

শ্রীনির্মল কুমার বসু ঃ এখনও এ বিষয়ে বিবেচনা করা হয়নি। আপাততঃ একে জাতীয়করণ করে ভালোভাবে চালানোর কথা হয়েছে।

বারাসাতের সুতী নদী সংস্কার

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭।) **শ্রীসরল দেব ঃ** বিগত ২৩-৩-৮৩ তারিখের প্রশ্ন নং *৭৩ (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি বারাসাতের 'সুতী" নদী সংস্কারের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ সুতী নদীর সংস্কারের কাজ হাড়োয়াগাঙ—কুলটিগাঙ ড্রেনেজ স্কীমের অন্তর্ভূক্ত। স্কীমটির Survey ও Invertigation এর কাজ প্রায় শেষ হয়েছে। Project Report তৈরী হচ্ছে।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এটা কি সত্য, লোকসভার সদস্য শ্রীচিত্ত বসু, তিনি আপনাকে এই পরিকল্পনা সম্পর্কে একটি চিঠি দিয়েছিলেন এবং তার জবাবে আপনি বলেছিলেন, ডিসেম্বরের মধ্যে সার্ভে রিপোর্ট সম্পন্ন হবে এবং ১৯৮৪ সালের ফেব্রুয়ারী মাসে কাজ শুরু হবে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ তখন এটা মনে করেছিলাম এবং সেইভাবেই তাঁকে জানিয়েছিলাম যে ডিসেম্বরের মধ্যে এটা তৈরী হয়ে যাবে এবং গঙ্গা ফ্ল্যাড কনট্রোল কমিশনের কাছে পাঠানো হবে। আমরা আশা করছি, দু / তিন মাসের মধ্যে ঐ স্কীমের প্রজেক্ট রিপোর্ট তৈরী করতে

পারবো এবং ঐ স্কীম তৈরী হবার সঙ্গে সঙ্গে গঙ্গা ফ্ল্যাড কনট্রোল কমিশনের কাছে অনুমোদনের জন্য পাঠানো হবে।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, দু / তিন মাসের মধ্যে রিপোর্ট তৈরী হয়ে যাবে। আমার প্রশ্ন, কাজটা কবে শুরু হবে—৭ম পরিকল্পনায়, না ষষ্ঠ পরিকল্পনায় ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ এ পর্য্যন্ত আমবা ঠিক করেছি সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা এটা নেব এবং তারজন্য ইতিমধ্যে একটা ববাদ্দ ধরে রাখা হয়েছে, ১॥ কোটি টাকার মতন।

জলদাপাড়া অভয়ারণ্যে গণ্ডারের সংখ্যা

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৬।) **শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৭৭ সালের ডিসেম্বর মাসে জলপাইগুড়ি জেলার জলদাপাড়া অভয়ারণ্যে কতগুলি গণ্ডার ছিল ; এবং

(খ) ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত উক্ত অভয়ারণ্যে কতগুলি গণ্ডার ছিল ?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) ১৯টি।

(খ) ১৯৮০ সালের গণনা অনুযায়ী ২২টি।

(No Supplementary)

বামফ্রন্ট সরকারের ষষ্ঠ বর্ষ পূর্তি উপলক্ষ্যে বিভিন্ন রাজ্যে অনুষ্ঠান

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বামফ্রন্ট সরকারের ষষ্ঠ বর্ষ পূর্তি উপলক্ষ্যে কোন্ কোন্ রাজ্যে অনুষ্ঠান করা হয়েছে/ হচ্ছে ; এবং

(খ) উক্ত বাবত এ পর্যন্ত রাজ্য সরকারের মোট খরচের পরিমাণ কত ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ (ক) নিম্নলিখিত রাজ্যগুলিতে অনুষ্ঠান হয়েছে :

১। ত্রিপুরা

২। মধ্যপ্রদেশ

৩। কর্ণাটক

৪। দিল্লী

৫। তামিলনাড়ু

৬। কেরালা

৭। অন্ধ্রপ্রদেশ

এছাড়াও এপ্রিল মাসের ২য় সপ্তাহে গুজরাটে এই পূর্ত্তি উৎসব হবার কথা আছে। পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতেও এই পূর্ত্তি উৎসব হয়।

(খ) ২,৭৮,৭০০

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে দিল্লীতে বামফ্রন্টের ষষ্ঠ বর্ষ পূর্তি উপলক্ষে যে অনুষ্ঠান হল তাতে এই রাজ্যের লোকসভা এবং রাজ্যসভার সদস্যরা কোন আমন্ত্রণ লিপি পাননি ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ আমন্ত্রণ লিপি পাঠান হয়েছে। আমি ব্যক্তিগতভাবে কিছু কিছু যোগাযোগ করেছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই বর্ষপূর্তি উৎসব উপলক্ষে রাজনৈতিক প্রশ্নে, সাংস্কৃতিক প্রশ্নে এবং শিক্ষানৈতিক প্রশ্নে বক্তা হিসাবে কারা ছিলেন ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার ঃ সেখানে আলোচনা চক্র হয়েছিল তাতে বিশিষ্ট ব্যক্তিদের আমন্ত্রণ জানান হয়েছিল।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে দিল্লীর এই অনুষ্ঠানে আমাদের রাজ্যের কোন কোন মন্ত্রী অংশ গ্রহণ করেছিলেন ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ দিল্লীর এই অনুষ্ঠানে আমাদের মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী উদ্বোধন করেছিলেন এবং আলোচনা চক্রে আমি নিজে উপস্থিত ছিলাম।

Regulation of Grants and State Loans to Panchayat Raj Institutions

*224. (Admitted question No. *807.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to constiture Finance Commission or to create any Statutory Body to regulate Grants and State Loans to the Panchayati Raj Institutions on the principles of equity or on other norms of rationality ; and

(b) if so, what is the present position ?

Shri Binoy Krishna Chowdhury : (a) No.

(b) Does not arise.

(No Supplementary)

হুগলী জেলায় গঙ্গার তীর বাঁধাইবার পরিকল্পনা

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৪।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে হুগলী জেলায় গঙ্গার তীর বাঁধাইবার জন্য সরকার পরিকল্পনা, গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) করিয়া থাকিলে, (১) উক্ত পরিকল্পনার রূপরেখা কিরূপ ও (২) উক্ত বিষয় কতদূর অগ্রসর হওয়া গিয়াছে ?

শ্রীননী ভট্টাচার্য্যঃ (ক) হাঁ, সত্য।

(খ) (১) হুগলী নদীর পশ্চিম তীরে হুগলী জেলায় বিভিন্ন স্থানের সংরক্ষণের জন্য বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে ৯ কিলোমিটার পাড় বাঁধানো হইয়াছে এবং কিছু পরিকল্পনা রচনা করা হইয়াছে।

(২) ১৬টি পরিকল্পনা Technical Committee-র অনুমোদন লাভ করিয়াছে। প্রশাসনিক অনুমোদন লাভ করিলে এবং প্রয়োজনীয় অর্থ মঞ্জুরী হইলে কাজ আরম্ভ করা যাইবে। আমি এই নামগুলি এখানে পড়ে দিচ্ছি—

1.	Protective work along the right bank of river Hooghly	at Gondalpara.
2.	,,	at Dharmatala Ghat.
3.	,,	at Bansberia Wemen's Home, Dist. Hooghly.
4.	,,	in between Teurpara Jalia Ashram, Dist. Hooghly.
5.	,,	at Uttar Chandernagore in between sils burning Ghat to Tulpatty Ghat, Dist. Hooghly (remaining portion).
6.	,,	at Patalbari at Hatkhola, Dist. Hooghly.
7.	Protective work along the right bank of river Hooghly	at Boraichanditala, Dist. Hooghly.
8.	,,	at Dargatal Ghat, Dist. Hooghly.
9.	,,	at Bankim Sarani, Dist. Hooghly.
10.	,,	at Rakeshpur, Dist. Hooghly.
11.	,,	at Rashbehari Sakti Samity, Dist. Hooghly.
12.	,,	at Ghutia Bazar Burning Ghat to Jublee Bridge, Dist. Hooghly.
13.	,,	at Bhudev Bhavan, Dist. Hooghly.
14.	,,	at Bhadrakali Multipurpose High School, Dist. Hooghly.

15.	Protective work along	at Uttar Chandernagore Strand Road, Dist. Hooghly.
16.	,,	at Gopinath Ghat to Rani Ghat.
17.	,,	at Khairamari Char.
18.	Protective work along the right bank of river Hooghly	at Paranpur in P. S. Balagarh, Dist. Hooghly.
19.	,,	at Hatikanda in P. S. Balagarh, Dist. Hooghly.
20.	,,	Sukheria in P. S. Balagarh, Dist. Hooghly.

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যেগুলির টেকনিক্যাল এ্যাপ্রুভাল পাওয়া গেছে, সেটা কোন সাল নাগাদ পাওয়া গেছে ?

শ্রীননী ভট্টাচার্য ঃ এই ব্যাপারে আপনি নোটিশ দিলে আমি জানিয়ে দেব।

[1-40—1-50 P.M.]

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ আর্থিক অসুবিধার জন্য কি এই কাজগুলিতে হাত দেওয়া যাচ্ছে না ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ হ্যাঁ, আর্থিক অসুবিধার জন্য অনেক দিন ধরে কাজগুলি আটকে আছে, গঙ্গা ভাঙন এবং ভাগীরথী ভাঙন রোধ করা কঠিন হয়ে পড়েছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ এই কাজের সমস্ত খরচ কি শুধুমাত্র রাজ্য সরকারের বাজেট থেকে খরচ করা হচ্ছে।

শ্রীননী ভট্টাচার্য্য ঃ হ্যাঁ, শুধুমাত্র রাজ্য সরকারের বাজেট থেকেই খরচ করা হচ্ছে।

সুন্দরবন হইতে মধু আহরণের পরিমাণ

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নঃ *১১৬০।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) গত ১লা জানুয়ারী ১৯৮৩ সাল হইতে ২১শে ফেব্রুয়ারী, ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে সুন্দরবন হইতে কি পরিমাণ মধু সরকার আহরণ করিয়াছেন ; এবং

(খ) ঐ মধুর ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য কত ?

শ্রীপরিমল মিত্রঃ (ক) ৫০,৭০০ কেজিঃ।

(খ) ক্রয়মূল্য—৯, টাকা প্রতি কিলোগ্রাম।

বিক্রয়মূল্য—

অশোধিত—১২.৫০ টাকা প্রতি কিলোগ্রাম।

শোধিত—গড়ে ২০ টাকা প্রতি কিলোগ্রাম।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ সুন্দরবনে যারা মধু সংগ্রহ করতে যায় তাদের বাঘের হাত থেকে রক্ষা করবার জন্য সরকারের পক্ষ থেকে তাদের কোন প্রোটেকসন দেওয়া হয় কি ?

শ্রীপরিমল মিত্রঃ সুন্দরবনে যারা মধু আহরণের জন্য যায় তাদের বাঘের হাত থেকে বাঁচাবার জন্য যেরকম প্রোটেকসনের প্রয়োজন সে রকম প্রোটেকসন দেওয়া খুবই মুসকিল। তা সত্ত্বেও যারা যায় তারা দলবদ্ধ হয়ে যায় এবং তাদের পেছনে ফরেষ্ট গার্ডরা যায়। কিন্তু তা সত্ত্বেও মধু খুঁজতে খুঁজতে তাদের মধ্যে থেকে কেউ কেউ যখন খুব দূরে চলে যায় তখন কাউকে কাউকে বাঘের আক্রমণের মুখে পড়তে হয়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ গত ৬ মাসের মধ্যে সুন্দরবনে কত জন মধু সংগ্রহকারী বাঘের আক্রমণে আহত বা নিহত হয়েছে ?

শ্রীপরিমল মিত্রঃ এই বিষয়টির ওপরে আরো একটি প্রশ্ন আছে, তখন আমি এটা বলব।

শ্রীপ্রবোধ পুরকাইত ঃ মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, সুন্দরবনে যারা মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের আক্রমণে মারা যায় তাদের পরিবারকে কি কোন ক্ষতিপূরণ দেওয়া হয় এবং যদি দেওয়া হয় তাহলে তার পরিমাণ কি ?

শ্রীপরিমল মিত্র ঃ ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা নেই। আমি এই বিষয়টি নিয়ে ইনসিয়োর কোম্পানীর সঙ্গে আলাপ আলোচনা করেছিলাম, কিন্তু তাঁরাও রাজী হ'ননি।

শ্রীআবদুল কাইয়ুম মোল্লা ঃ মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, সুন্দরবন থেকে যে মধু আহরণ করা হয় তা কোথায় পিউরিফাই করা হয় ?

শ্রীপরিমল মিত্র ঃ সুন্দরবনে দু'রকমের মধু আহরণ করা হয় এবং দু'রকমের মধুই গোপালনগরে পিউরিফাই করা হয়, ২৪-পরগনার ডি. এফ. ও'র আণ্ডারে এই কাজ করা হয়।

হলদিয়ার উপর ডকুম্যাণ্টারী ফিল্ম নির্মাণ

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭২।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ার উপর ডকুম্যানটারী ফিলম্ নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ (ক) হ্যাঁ।

(খ) কাজটি শুরু করার জন্য ১৭-১-৮৪ তারিখে সরকারী আদেশপত্র প্রচার করা হয়েছে। এ বছরের মধ্যে কাজটি শেস হবে বলে আশা করা যায়।

শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ এই তথ্য চিত্রটি নির্মাণ করতে আনুমানিক কত টাকা খরচ হবে ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার ঃ তথ্য চিত্র নির্মাণের খরচ নির্ভর করে চিত্রের দৈর্ঘ এবং লোকেশান স্যুটিং-এর ওপর। সুতরাং খরচটা দৈর্ঘ কতটা হবে ফাইনালি তার ওপর নির্ভর করবে।

গ্রাম এলাকায় রাস্তা নির্মাণের কাজ গ্রাম পঞ্চায়েতকে যুক্তকরণ

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৩।) **শ্রীনবনী বাউরী:** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি পশ্চিমবঙ্গের গ্রাম এলাকায় নূতন রাস্তা নির্মাণ / পুরাতন রাস্তা সংস্কার করার কাজের সাথে গ্রাম পঞ্চায়েতগুলিকে যুক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী: এই কাজে পঞ্চায়েতগুলি ইতিমধ্যে যুক্ত আছে। পঞ্চায়েত বিভাগের পরিচালনাধীন সি. ভি. আর. স্কীমে পশ্চিমবঙ্গের গ্রাম এলাকায় রাস্তাঘাট নির্মাণ। সংস্কার ইত্যাদি কাজ জিলা পরিষদের মাধ্যমে করা হয়ে থাকে। এ ছাড়া উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের পরিচালনাধীন জাতীয় গ্রামীন কর্মসংস্থান প্রকল্পের মাধ্যমেও গ্রাম এলাকায় রাস্তাঘাট নির্মাণ। সংস্কার করার কাজ গ্রাম পঞ্চায়েতগুলির মাধ্যমে করা হয়ে থাকে।

বাঘ, হাতি, গণ্ডার, হরিণ প্রভৃতির পরিসংখ্যান

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮১।) **শ্রীমনোহর তিরকী:** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ রাজ্যের বন্যজন্তুদের মধ্যে বাঘ, হাতি, গণ্ডার, হরিণ প্রভৃতির সংখ্যা সম্পর্কে সরকারী কোনও পরিসংখ্যান আছে কিনা ;

(খ) থাকিলে বর্তমানে উহাদের সংখ্যা কত (পৃথকভাবে) ; এবং

(গ) উক্ত প্রাণীদের রক্ষণাবেক্ষণের এ বংশবৃদ্ধির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ;

শ্রীপরিমল মিত্র: (ক) কেবলমাত্র বাঘ ও গণ্ডারের পরিসংখ্যান আছে। অন্য কোন বন্য জন্তুর নাই।

(খ) ১৯৮৩ সালের গণনা অনুযায়ী ২৪ পরগনা বনভুক্তিতে ২৩টি এবং সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এলাকায় ২৬৪টি বাঘ আছে। ১৯৭৯ সালের গণনা অনুযায়ী জলপাইগুড়ি জেলায় ৫৮টি এবং দার্জিলিং জেলায় ১৩টি বাঘ আছে। অতএব সর্ব্বমোট বাঘের সংখ্যা ৩৫৮টি। ১৯৮০ সালের গণনা অনুযায়ী গণ্ডারের মোট সংখ্যা ৩০টি।

(গ) (১) বন্যপ্রাণীর বাসপোযোগী পরিবেশ গঠনে সকল প্রকার যত্ন নেওয়া হয়।

(২) বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষনাবেক্ষনের জন্য বনরক্ষীদের সাহায্যার্থে জাতীয় স্বেচ্ছা-সেবক বাহিনী নিয়োগ করা হয়।

(৩) বন্যপ্রাণী অবৈধ শিকার বিষয়ে কর্মচারীদের সতর্ক করা হয়েছে এবং তাহারা অবৈধভাবে হত্যা রোধের জন্য নিয়মিত টহল দিতেছে।

(৪) খবরাখবর আদান প্রদানের জন্যে বেতার যন্ত্র স্থাপন করা হয়েছে।

(৫) অবৈধ হত্যার বিষয়ে ১৯৮০ সালের বন্যপ্রাণী সংরক্ষণ আইন মোতাবেক যথোযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রীআবদুল কইয়ুম মোল্লা: মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সজনেখালি ব্যাঘ্র প্রকল্পে কত বাঘ আছে ?

শ্রীপরিমল মিত্র: আমি আগেই বলেছিলাম এইরকমভাবে বাঘ গণনা করা যায় না। সুন্দরবন এলাকা এবং ২৪-পরগণার যে টেরিটোরিয়াল এলাকা সেই কথা আমি বলেছিলাম। ২৪-পরগণা বনভুক্তিতে ২৩টি আর সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এলাকার মধ্যে ২৬৪টি। এছাড়া কোথায় ছড়িয়ে আছে সেটা বলতে পারবো না।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কেবলমাত্র বাঘ ও গণ্ডারের পরিসংখ্যান আছে, অন্য কোন বন্য জন্তুর নাই। আমার প্রশ্ন হচ্ছে, বাঘ হাতি গণ্ডার ইত্যাদি ছাড়া কোন্ কোন্ জন্তুর প্রটেকসানের ব্যবস্থা সরকার করে থাকেন ?

শ্রীপরিমল মিত্র: আমি আগেই বলেছি গণনার ব্যাপারে বাঘ এবং গণ্ডারের পরিসংখ্যান আছে, আর কোন বন্য জন্তুর নাই।

*২৩১। (হেল্ড ওভার)

*২৩২। (হেল্ড ওভার)

পুরুলিয়া জেলার কুইলাপাল হাটে খোলাবাজারে জঙ্গলের কাঠ বিক্রয়

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৫।) **শ্রীরামপদ মাণ্ডি:** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পুরুলিয়া জেলার বাঁদোয়ান ব্লকে কুইলাপাল গ্রামে

হাটের দিনে খোলাবাজারে সরকারী জঙ্গল হইতে কাঠ আনিয়া বিক্রয় করা হয় এই মর্মে সরকারের নিকট কোন খবর আছে কি ?

শ্রীপরিমল মিত্র ঃ হ্যাঁ।

শ্রীনবনী বাউরী ঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি, হাটের দিনে খোলাবাজারে যে কাঠ বিক্রি হয় সেটা বৈধভাবে না অবৈধভাবে বিক্রি হয় ?

শ্রীপরিমল মিত্র ঃ বৈধভাবে না অবৈধভাবে সেটা আমি কি করে বলবো ? প্রশ্ন ছিল, কুইলাপান গ্রামে হাটের দিনে খোলা বাজারে সরকারী জঙ্গল হইতে কাঠ আনিয়া বিক্রয় করা হয়, এই মর্মে সরকারের নিকট কোন খবর আছে কী ? আমি বলেছি, হ্যাঁ।

প্রকল্প রূপায়ণে গ্রামপঞ্চায়েতের অনুমতি

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৯।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত সমিতি গ্রামপঞ্চায়েত এলাকায় কোন প্রকল্প গ্রহণ করিতে গেলে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের অনুমতি গ্রহণ করার আবশ্যকতা আছে কি , এবং

(খ) অনুরূপভাবে জেলা পরিষদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির অনুমতি গ্রহণ করার প্রয়োজন আছে কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ (ক) পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের ১০৯(২) ধারা অনুসারে কোন একটি গ্রাম পঞ্চায়েতের এলাকায় নিবদ্ধ কোন প্রকল্প পঞ্চায়েত সমিতি গ্রহণ করতে পারবে না, যদি না প্রকল্পটি রূপায়ণ আর্থিক বা অন্যান্য দিক দিয়ে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের সাধ্যতীত হয় এবং গ্রাম পঞ্চায়েত সেই মর্মে প্রস্তাব গ্রহণ করে।

(খ) ঐরূপ নিয়ম জেলা পরিষদের ক্ষেত্রে পঞ্চায়েত সমিতির প্রকল্প বিষয়ে প্রযোজ্য। এব্যাপারে পঞ্চায়েত আইনের ১৫৩(৩) ধারা উল্লেখ্য।

মেদিনীপুর জেলার শালবনীতে কাজুবাদাম চাষের জন্য অধিগৃহীত জমি

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৪।) **শ্রীসুন্দর হাজরা ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলাব শালবনীতে কাজু বাদাম প্রকল্প চালু করার জন্যে মোট কত বর্গ কিলোমিটার জমি গ্রহণ করা হয়েছে ;

(খ) উক্ত কাজুবাদাম প্রকল্পে রাজ্য সরকারের মোট দেয় অর্থের পরিমাণ কত ; এবং

(গ) এ পর্যন্ত মোট কত পরিমাণ কাজুবাদাম চারা উৎপন্ন হয়েছে ?

শ্রীপরিমল মিত্র : (ক) এ পর্য্যন্ত ৫৮০ হেক্টর জমি কাজুবাদাম প্রকল্পের আওতায় আনা হয়েছে।

(খ) কাজুবাদাম প্রকল্পে রাজ্যসরকারের কোনও অর্থ বিনিয়োগের কথা নেই। ব্যাঙ্কের সহায়তায় এই প্রকল্প রূপায়ণ করেছেন পশ্চিমবঙ্গ বন উন্নয়ণ নিগম।

(গ) দুই লক্ষ দশ হাজার।

পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক ও সমষ্টি-উন্নয়ন আধিকারিকের কাজের পার্থক্য

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৮।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিকের সাথে সমষ্টি-উন্নয়ন আধিকারিকের কাজের পার্থক্য কি ;

(খ) সমষ্টি-উন্নয়ন আধিকারিকের সাথে পঞ্চায়েত সমিতির কাজের সুষ্ঠু সমন্বয়ের ব্যাপারে চিন্তাভাবনা করা হচ্ছে কিনা ; এবং

(গ) প্রত্যেক ব্লকে জয়েন্ট বি ডি ও নিয়োগের কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী : ক) সমষ্টি উন্নয়ন আধিকারিক পদাধিকার বলে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক। সুতরাং এই দুই আধিকারিক একই ব্যক্তি। পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক হিসাবে তিনি সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত করতে দায়বদ্ধ ও এই আধিকারিক হিসাবে তিনি সভাপতি মারফতে সমিতির নিকট দায়ী। আর ব্লক উন্নয়ন আধিকারিক হিসাবে তিনি ব্লক স্তরে সাধারণ প্রশাসন এবং অন্যান্য সরকারী কাজ রূপায়িত করে থাকেন ও এই আধিকারিক তিনি মহকুমা শাসক ও জেলা শাসকের মারফতে সরকারী প্রশাসন কর্তৃপক্ষের নিকট দায়ী।

(খ) সমষ্টি উন্নয়ন আধিকারিকের পথে পঞ্চায়েত সমিতির কাজের সুষ্ঠু সমন্বয় আছে।

(গ) হ্যাঁ।

[1-50—2-00 P. M.]

শ্রীপ্রশান্তকুমার প্রধান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—আপনি যে বললেন কাজের সমন্বয় আছে। কিন্তু অনেক জায়গাতেই কাজের সমন্বয় পাওয়া যায় না। এই দুই কাজের সমন্বয়ের জন্য কোন আলাদা একজিকিউটিভ অফিসারের পদের জন্য কোন রকম চিন্তা ভাবনা করছেন কি ?

শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী ঃ আলাদা করে কোন অফিসারের প্রশ্ন আসে না। কাজের সমন্বয় করতে গেলে উভয় পক্ষেরই মনেসিকতা প্রয়োজন। সেজন্য আমরা কল্যাণী ট্রেনিং ক্যাম্পগুলি করেছি। সেখানে সরকারী কর্মচারী বি. ডি. ও., জয়েণ্ট বি. ডি. ও. পঞ্চায়েতের ইলেকটেড মেম্বার, সভাপতি ইত্যাদি থাকেন। সেখানে পরস্পরের সহযোগিতায় কিভাবে কাজ হতে পারে তা ভাল করে শেখান হয়। তাই, আগের থেকে একটু উন্নত হয়েছে। আইন করে যেমন ভাব ভালবাসা করা যায় না, তেমনি পরস্পরের কো-অপারেশনও আইন করে করা যায় না, যতক্ষণ না জিনিষটার গুরুত্ব উপলব্ধি করে পরস্পরের মধ্যে সহযোগিতার মনোভাব সৃষ্টি করা না যায়।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এই জয়েণ্ট বি. ডি. ও. কি প্রমোশনের ভিত্তিতে হয়ে থাকে, সেই দেবব্রত বাবুর আমল থেকে আপনার সময় পর্য্যন্ত—যদি প্রমোশনের বেসিসে হয়—তাহলে তাদের প্রমোশনের ফাইল এখন বস্তা বন্দী হয়ে থাকার কারণ কি ?

(কোন উত্তর নাই)

নতুন শিশু উদ্যান

*২৩৮, *২৩৯, *২৪০, *২৪১ (হেল্ড ওভার)

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০।) **শ্রীসুভাষ গোস্বামী ঃ** বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে নূতন কোন শিশু উদ্যান তৈয়ারীর পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার জন্য কোন্ কোন্ স্থান নির্বাচন করা হয়েছে ?

শ্রীপরিমল মিত্র ঃ (ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত স্থানে শিশু উদ্যান তৈরী করার কাজ শুরু হয়েছে ১৯৮৩-৮৪ সালে এবং আগামী বছর কাজ শেষ হবে—

১। রামপুরহাট—বীরভূম।

২। বিষ্ণুপুর—বাঁকুড়া।

এছাড়া শিশু উদ্যান তৈয়ারী করার জন্য প্রাথমিকভাবে নিম্নলিখিত স্থান নির্বাচন করা হয়েছে—

১। বীর পাড়া, জলপাইগুড়ি

২। ফালাকাটা, জলপাইগুড়ি

৩। ছাতনা, বাঁকুড়া

৪। ঝাড়গ্রাম, মেদিনীপুর

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—শিশু উদ্যান নির্মাণের জন্য আপনার দপ্তর যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করছেন তাতে সামগ্রিকভাবে বিভিন্ন জেলার দিকেও একটু দৃষ্টিপাত করবেন কি ?

শ্রীপরিমল মিত্র ঃ আপনার প্রশ্নটা অন্য ছিল। আপনার প্রশ্ন ছিল ১৯৮৪-৮৫ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে নতুন কোন শিশু উদ্যান তৈরীর পরিকল্পনা আছে কিনা তা, আমি এখন কি করে বলব।

হুগলী জেলার তেলুয়া-ভেলুয়ার জলা সংস্কার

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৫।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার আরামবাগ মহকুমায় তেলুয়া-ভেলুয়া জলা সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কার্যকরী করিবার জন্য কোন ব্যবস্থা লওয়া হইয়াছে কিনা ?

শ্রীননী ভট্টাচার্য ঃ (ক) তেলুয়া ভেলুয়ার জলা সংস্কারের পরিকল্পনা সরকারের আছে।

(খ) তেলুয়া ভেলুয়ার জলা সংস্কারের পরিকল্পনাটি বর্তমানে সরকারের সমীক্ষাধীন আছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাতে পারবেন কি—এই সমীক্ষাকার্য মোটামুটি কবে নাগাদ শেষ হয়ে সরকারের এই পরিকল্পনা বাস্তবে রূপ পাবে ?

শ্রীননী ভট্টাচার্য্য ঃ তেলুয়া ভেলুয়া মুণ্ডেশ্বরী নদীতে পড়েছে। এই নদী সংস্কাবের ফলে সংশোধিত নিম্ন দামোদর প্রকল্পের উপর কোন বিরূপ প্রতিক্রিয়া হচ্ছে কিনা সেটাই সমীক্ষা করে দেখা হচ্ছে।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ আরামবাগ মহকুমা ফ্লাড্ প্রোণ এরিয়া। অবশ্য নর্থবেঙ্গলের দিকটাও আছে। বিষয়টি 'রিকোয়েষ্ট ফর এ্যাকশন, হিসাবে ট্রিট করবার জন্য আপনার কাছে বিশেষভাবে আবেদন করছি।

(নো রিপ্লাই)

চা-বাগান মালিকদের মূলধন অন্য রাজ্যে স্থানান্তর

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭২।) **শ্রীমনোহর তিরকী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বহু চা-বাগান মালিক এ রাজ্য থেকে অন্যত্র তাঁহাদের মূলধন সরানোর জন্য চেষ্টা করছেন ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে উক্ত ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রীনির্মল কুমার বোস ঃ (ক) না, এই ব্যাপারে কোন নির্দ্দিষ্ট তথ্য সরকারের কাছে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীপরিমল মিত্র ঃ ফাইলটা আনিনি স্যার। উত্তর দিতে পারছি না।

Mr, Deputy Speaker : So, starred question No. 245 is held-over. Starred question Nos- 246 and 247 are also held-over. There are no more questions to-day. There is no Adjournment Motion to-day.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

Mr, Deputy Speaker : I have received two notices of Calling Attentions namely ;

1. Alleged attack on the Rabindra Memorial Column at Chourasta in Bolepore, Birbhum on 3.2.84 from Shri Debaprasad Sarkar.

2. Untoward incident in the Emergency Department of S.S.K.M. Hospital on 12.3.84 from Shri Santasri Chattopadhyay.

I have selected the notice of Shri Deba Prasad Sarkar on the subject of alleged attack on the Rabindra Memorial Column at Chourasta in Bolepore, Birbhum on 3.2.84.

The Minister-in-charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 23rd, Sir.

শ্রীবিজয় পাল ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় চিফ্ মিনিষ্টারকে করা একটি টেলিগ্রাম সম্পর্কে দু'একটি কথা বলতে চাচ্ছি। গতকাল বলেছিলেন জিরো আওয়ারে আমায় বলতে দেবেন।

মিঃ ডেপুটি স্পীকার ঃ বলুন।

শ্রীবিজয় পাল ঃ ব্যাপারটা হচ্ছে—Ashok Das, a scooter—Commuter crushed under dumper by C I.S.F. jawn on 26th February near Barabani Railway Station. Agitation mounting Immediate intervention solicited for withdrawal of C.I.S.F. এটা পাঠিয়েছেন অল্ ইণ্ডিয়া কোল্ ওয়ার্কার্স ফেডারেশনের জেনারেল সেক্রেটারী শ্রীসুনীল বসু রায় চিফ্ মিনিষ্টারের কাছে। আমি এই সম্পর্কে দু'একটি কথা বলতে গিয়ে বলছি যে সি. আই. এস. এফ. ইতিপূর্বে এইভাবে খুন করেছে। সি আই. এস. এফ.-কে কোল্ বেল্টে এই অর্থেই পাঠান হয়েছিল যাতে তারা বেআইনী কয়লা পাচার বন্ধ করতে পারে। কিন্তু দেখা যাচ্ছে সেগুলোতো বন্ধ হয়ইনি, বরং ওয়ার্কার্স এবং ভিলেজার্সদের নানাভাবে

তারা নির্যাতন করছে। আর এই অত্যাচার যদি বন্ধ করা না হয় তাহলে সি. আই. এস. এফের সঙ্গে আমাদের সংঘর্ষ হতে পারে—আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

MENTION CASES

[2-00—2-10 P.M.]

শ্রীআতাহার রহমান ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার রানীপুর থানার রাজাপুর গ্রাম পঞ্চায়েতের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার উল্লেখ করতে চাই এবং এই বিষয়ে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই গ্রামটি পদ্মা নদীর ধারে অবস্থিত। এই গ্রামে অন্তত পাঁচশো পরিবার বসবাস করে। এই পদ্মা নদীর খরস্রোতের ফলে এই গ্রামের প্রায় একশোরও বেশী ঘর ভেঙ্গে শেষ হয়ে গেছে। এই এলাকার সমস্ত মানুষ তাদের জমি জায়গা হারিয়ে ফেলেছে। এই অবস্থা সৃষ্টি হওয়ার পরেও সেখানে কোন সরকারী সাহায্য পৌছায় নি। সেচ দপ্তর থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং পুনর্বাসনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত জায়গায় উপযুক্ত সাহায্যের ব্যবস্থা করা হয়।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলার ডে লেবারদের ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা প্রত্যেকেই জানেন যে মুর্শিদাবাদ জেলার আম বিখ্যাত। কিন্তু সেখানে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে কয়েক মাসের মধ্যে আমগাছ আর থাকবে না। আমি জানিনা কি করে আম গাছের মালিকরা রাইটার্স বিল্ডিং থেকে আম গাছ কাটার লাইসেন্স নিয়ে যাচ্ছে। তারা লাইসেন্স নিয়ে গিয়ে ব্যপক হাতে সমস্ত আম গাছ কেটে ফেলছে। এর মধ্যে কিছু কিছু লাইসেন্সধারী আছে এবং অনেকে আছে যারা বেআইনী ভাবে আম গাছ কেটে ফেলছে। এই আম বাগান থেকে ঐ এলাকার কিছু মানুষ তাদের রুজি-রোজগার সংগ্রহ করে। সেখানে আম গাছ এমনভাবে কেটে ফেলা হচ্ছে যাতে কিছুদিনের ভেতর ঐ এলাকার আম গাছ শূন্য হয়ে যায়। একদিকে আমরা দেখতে পাচ্ছি আমগাছ বা অন্যান্য গাছ লাগানোর কথা বলা হচ্ছে এবং অপর দিকে দেখতে পাচ্ছি আমগাছ কেটে শেষ করে ফেলা হচ্ছে। প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও, পুলিশকে বলা সত্ত্বেও, এস. ডি. ও এবং জে. এল. আর. ও কে বলা সত্ত্বেও কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। ব্যপক খরায় যেখানে সারা পশ্চিমবাংলা জলজে সেখানে এইভাবে ব্যপক হারে আমগাছ কাটা হচ্ছে। এখানে একটা দুর্বিষহ পরিস্থিতির সৃষ্টি হতে চলেছে। সেইজন্য এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে আমি এই বিষয়ে রুল ২২৬ অনুযায়ী প্রিভিলেজ মোশান উৎথাপন করেছিলাম। কিন্তু দুদিন বিধানসভার অধিবেশন হতে পারেনি বলে এই প্রসঙ্গ হাউসে উৎথাপন করতে পারিনি। উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন, কলকাতার কয়েকটি সিনেমা হলে 'আজ কা এম. এল. এ.' ছবিটি চলেছে। এটির প্রডিউসার, ডিরেক্টর হচ্ছেন দিশারী নারায়ণ রাও। ছবিটিতে বিষয়বস্তু হিসাবে যেভাবে দেখানো হচ্ছে, তাতে এম. এল. এ-দের মান সম্মান ভূলুণ্ঠিত হচ্ছে। এম. এল. এ-দের ওখানে দেখানো হয়েছে কনস্পিরেটর হিসেবে। করাপসনের সঙ্গে তাঁরা জড়িত। গরু বাছুরের মত যে কোন সময় তাঁদের কেনাবেচা হয় বলে ছবিটিতে দেখানো হয়েছে। এইভাবে বিধানসভার সদস্যদের মর্যাদা ক্ষুণ্ণ করা হচ্ছে বলে আমি মনে করি। অন্য রাজ্যের বিধানসভাতেও এই ব্যাপারে পরীক্ষা করে দেখা হচ্ছে যে, প্রকৃতপক্ষে সদস্যদের মান-সম্মান ক্ষুণ্ণ হচ্ছে কিনা। এখানে বিধানসভার ভেতরে যেভাবে আচরণ করা হচ্ছে, তাতে সাধারণভাবেই মানুষ আস্থা হারিয়ে ফেলতে পারে। ঠিক একই সময়ে এই ছবিটিতে দেখানো হচ্ছে এম. এল. এ-রা কোরাপ্ট এবং কন্সপিরেটর। উপরন্তু এম. এল. এ-দের যে কোন সময়ে কিনে নেওয়া যায়। তাই আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি, এই সিনেমা প্রদর্শনীটি বন্ধের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হোক। আমি বিষয়টি প্রিভিলেজ হিসাবে উৎথাপন করেছি। পরবর্তী-কালে প্রায়াজনবোধে আরও বিস্তারিত ঘটনা আমি হাউসের সামনে উৎথাপন করবো।

Shrimati Renu Leena Subha : মিঃ স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে Kalimpong Subdivisional hospital is running without anaesthetist for a long time posting difficulties at the time of operation of patients. I request the Hon'ble Health Minister to appoint an anaesthetist immediately. গতবার আমি ওঁর কাছে একটা চিঠি দিয়েছিলাম। তার একটা কপি আমি হাউসের সামনে পড়ে, আপনার কাছে জমা দিচ্ছি।

Kalimpong, 12th March, 1984

To

The Hon'ble Minister, Health, West Bengal

Sub : Appointment of an anaesthetist

Dear Sir,

Kalimpong Subdivisional Hospital is running without anaesthetist for a long time posing difficulties at the time of operation of patients. I would

like to cite one particular case that occured a week back. A child of my neighbour got his arm fractured. He was taken to the Subdivisional Hospital where the doctor did not dare operate—rather he set the arm in its proper place and suggested the patient to rush down to Siliguri, for want of anaesthetist here. Eventually the child was taken to one village (indigenous) Vidya who set the broken arm and applied herbal medicine. This is not the lone case. There are other cases also. How long the people of Kalimpong will tollerate. I therefore request you to take action without further delay, otherwise you will be gheraod in the Assembly Chamber.

শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মেদিনীপুর জেলার অন্তর্গত ভগবানপুর পশ্চিম বাড় রাস্তাটির ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৮ সাল থেকে এই রাস্তাটির কোন কাজ হয় নি। অনেকদিন আগে থেকেই রাস্তাটিতে কাজ হওয়ার কথা ছিল। কিছু মাটি কোথাও পড়েছে, কোথাও বা পড়েনি। রাস্তাটির বিভিন্ন জায়গায় পুল তৈরী হওয়ার কথা ছিল, তা আজ পর্যন্ত হয় নি। ফলে গ্রামাঞ্চলের বিস্তীর্ণ এলাকার লোকেদের খুবই অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। কাজের ব্যাপারে বারে বারে আলোচনা হয়েছে। কিছু টাকাও সে ব্যাপারে স্যাংশন হয়েছিল। কাজ না হওয়ার দরুণ সম্ভবতঃ এবারের বাজেটে টাকা ফেরত যাবে। কেন সেখানে কোন কাজ হল না, এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষা মন্ত্রীমহাশয়ের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃটি আকর্ষণ করতে চাই। সুতাহাটি অঞ্চল তপশীল জাতি অধ্যুষিত এলাকা বলে চিহ্নিত। ঐ এলাকায় রামপুর বিবেকানন্দ কলেজ ১৯৭০ সাল থেকে শুরু হয়েছে। কিন্তু আজ পর্যন্ত সেখানে বিজ্ঞান বিভাগ এবং কোন অনার্স কোর্স চালু করা হয় নি। আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেখানে যাতে অবিলম্বে বিজ্ঞান বিভাগ সহ অনার্স কোর্স চালু হয় সেদিকে যেন তিনি দৃষ্টি দেন এবং এর প্রতিকার করেন।

[2-10—2-20 P. M.]

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ১৯৬১ সালে রবীন্দ্র শতাব্দী পূর্তি বর্ষে বোলপুর

জেলায় তাদের শ্রদ্ধাঘ্য হিসেবে তাঁরা রবীন্দ্র স্মৃতি স্তম্ভ স্থাপন করেছিলেন। শান্তিনিকেতনে দেশী ও বিদেশী লোকেদের যাতায়াতের রাস্তার উপরে এটি একটি আকর্ষনীয় এবং দর্শনীয় বস্তু। কিন্তু দুঃখের বিষয় গত ৩রা ফেব্রুয়ারী পূর্ব পরিকল্পিতভাবে দুষ্কৃতকারীরা স্মৃতি স্তম্ভ সংলগ্ন উদ্যানটি ধ্বংস স্তুপে পরিণত করে। বোলপুর পৌরসভা ৪০ হাজার টাকা ব্যয় করে এটিকে আলোকে সজ্জিত করেছিল। এটা শুধু পাবলিক প্রপার্টি ডেসট্রাকসন নয়, ভারতবর্ষের ঐতিহ্যের উপর এবং রবীন্দ্রনাথকেও অবমাননা করা হয়েছে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে এতবড় অপরাধের জন্য দুষ্কৃতকারীদের শাস্তি দেবার ব্যবস্থা হল না। এর কারণ দুষ্কৃতকারীদের মধ্যে ৪ জন সি পি এমের দলভুক্ত। আমার বক্তব্য হচ্ছে সঙ্কীর্ণ দলীয় দৃষ্টিভঙ্গীর উপরে উঠে দুষ্কৃতকারীদের উপযুক্ত শাস্তি বিধান করুন এবং স্মৃতি স্তম্ভটি পুনর্ণবীকরণের ব্যবস্থা করতে অনুরোধ জানাচ্ছি। এটা না হলে পশ্চিমবাংলার লোকের ধারণা হবে যে রবীন্দ্রনাথ, বঙ্কিমচন্দ্র, রামমোহনকে ধ্বংস করার পেছনে আপনাদের একটা সিম্বলিক এক্সপ্রেসানের সমর্থন আছে। আশা করি এই দৃষ্টিভঙ্গী থেকে মুক্ত হয়ে দুষ্কৃতকারীদের শাস্তিবিধানের ব্যবস্থা মুখ্যমন্ত্রী করবেন। আপনি আমাকে এলাও করেছেন বলে আপনাকে ধন্যবাদ।

মিঃ স্পীকার ঃ কলিং এটেনসান দিলে মেনসান হয়? যদি আগে বলতেন কলিং এটেনসান দিয়েছি তাহলে মেনসান দিতাম না।

শ্রীদীনেশচন্দ্র ডাকুয়া ঃ স্যার, আপনার মাধ্যমে ঈদানিংকালের একটা বড় ঘটনার দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি ভারতবর্ষের পূর্বাঞ্চল সাধারণভাবে উপেক্ষিত-এর মধ্যে উত্তরবঙ্গ আরও বেশি উপেক্ষিত। স্বাধীনতার পর থেকে উত্তরবঙ্গের চা, বিদ্যুৎ ইত্যাদি কোন বিষয়ে উন্নয়নের চেষ্টা করা হয়নি। এর ফলে কয়েক বছর ধরে উত্তরবঙ্গের পশ্চাতপদতার সুযোগ নিয়ে কিছু বিচ্ছিন্নতাবাদীরা সুযোগ নিয়েছে এবং জাতীয় সংহতি নষ্ট করার চেষ্টা করছে। সেজন্য উত্তরবঙ্গের গণতান্ত্রিক মানুষ গত ১৯শে ফেব্রুয়ারী থেকে কুচবিহার থেকে কোলকাতা পর্যন্ত দীর্ঘ পথ অতিক্রান্ত করে আসছে কেন্দ্রের বিরুদ্ধে ১২ দফ দাবী নিয়ে। প্রত্যেক জেলা থেকে স্বেচ্ছাসেবক এদের সঙ্গে যোগ দিয়েছে। আগামীকাল তাঁরা কোলকাতায় আসবেন। তাঁদের ১২ দফা দাবী উত্তরবঙ্গের জীবনের দাবী। এই ১২ দফার মধ্যে আছে চা শিল্প জাতীয়করন, তপশীলি জাতিও উপজাতি যারা না কি উত্তরবঙ্গের প্রধান ইনগ্রিডিয়েন্ট তাদের উন্নতির দাবী। তিস্তা প্রকল্প যারা কথা আজকে কোয়েশ্চেন আওয়ারে আলোচনা হল, যে প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যে অনেক টাকা খরচ করেছেন, কিন্তু কেন্দ্রের কাছ থেকে কোন টাকা পাননি। চা, কাঠ, তামাক, পাট ইত্যাদি থেকে কেন্দ্রের রাজকোষ পূর্ণ হয়। অথচ কেন্দ্রের কাছ থেকে তারা কোন সাহায্য পায় না। তাঁরা এই সমস্ত দাবিতে এই দীর্ঘ ঐতিহাসিক পদযাত্রা করেছেন। আগামীকাল তাঁরা শহরে প্রবেশ করবেন। এই রকম একটা বিরাট ঘটনার প্রতি পশ্চিমবঙ্গ

সরকারের মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। আমি আশা করব পশ্চিমবঙ্গ সরকার এই বিষয়ে যথেষ্ট গুরুত্ব দেবেন এবং কেন্দ্রীয় সরকারকে বিশেষ করে এই ১২ দফা দাবির কথা অবহতি করবেন।

শ্রীসুখেন্দু খাঁন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫-৩-৮৪ তারিখে বাঁকুড়া জেলার সোনামুখী কলেজ ছাত্র সংসদে সাধারণ সম্পাদক কাঞ্চনময় চট্টোপাধ্যায়কে বাস থেকে টেনে নামিয়ে একটা ঘরের মধ্যে নিয়ে যায়। এই নিয়ে যাওয়ার মূলে ছিল ওখানকার স্থানীয় কংগ্রেসী নারায়ণ গোপাল চট্টোপাধ্যায়ের দ্বিতীয় পুত্র সমীর চট্টোপাধ্যায় সহ কিছু সমাজ বিরোধী ছেলে। তারা তাকে একটা গোপন জায়গায় নিয়ে গিয়ে মারধোর করেছে। তার একমাত্র অপরাধ হল সে সি পি এম থেকে এস এফ আই-এ যোগদান করেছে। এই ঘটনা ঘটার ফলে ওখানকার সাধারণ মানুষ এবং কিছু ছাত্র থানায় গিয়ে ডায়রী করে এবং ডায়রী করা সত্বেও পুলিশ কোন এ্যাকসান নেয়নি। পরে এস এফ আই-এর ছেলেরা তাকে সেই ঘর থেকে বের করে নিয়ে আসে। এখন পর্যন্ত পুলিশ প্রশাসন থেকে যারা এই কাজ করল তাদের গ্রেপ্তার করা হয়নি। স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার আবেদন অবিলম্বে এই বিষয়ে তদন্ত করে বিহিত ব্যবস্থা করা হোক এবং যারা এই ঘটনা ঘটাচ্ছে তাদের গ্রেপ্তার করা হোক।

শ্রীমাধবেন্দু মহান্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে নদীয়া জেলার তেহট্ট থানার নাজীরপুর বিদ্যাপীঠের একজন মেধাবী ছাত্র দিলীপ রায় এবারে পরীক্ষার্থী ছিল। ১লা মার্চ তারিখে যখন তার পড়ার ঘরে রাত্রিবেলায় পড়াশুনা করছিল তখন কয়েকজন দুষ্কৃতকারী সেই সেই ঘরের মধ্যে ঢুকে তার উপর নানা রকম দৈহিক নির্যাতন করে। শেষ পর্যন্ত তার মুখের মধ্যে জোর করে একটা বিষাক্ত জিনিষ ঢেলে দেয় এবং তারপর তার হাত-পা বেঁধে তাকে সেখানে ফেলে রেখে চলে যায়। পরের দিন সকালের দিকে তাকে অজ্ঞান অবস্থায় পাওয়া যায় এবং পাওয়ার পর তার জ্ঞান কিছুটা ফিরেছে কিন্তু এখন তার মুমূর্ষু অবস্থা। এই ঘটনার প্রতিবাদে ছাত্ররা এবং শিক্ষকরা ওখানে মিছিল করেছে, ধিক্কার জানিয়েছে, কিন্তু এপর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। এই বিষয়ে যাতে পূর্ণ তদন্ত হয়, দুষ্কৃতকারীরা যাতে গ্রেপ্তার হয় তারজন্য স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা ব্যবস্থা অবলম্বনের দাবি জানাচ্ছি।

শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আনন্দ বাজার পত্রিকার একটা সিস্টার সংগঠন আনন্দ বাজার অফ সেট ছাপাখানা আছে। তার দর দাম এবং কাঁকুড় গাছিতে দুটো ইউনিট আছে। দমদমের

যে ইউনিট তার একটা পোরসান পুড়ে যায় এবং মজার ব্যাপার হচ্ছে দমকল বাহিনী যখন আগুন নেভাতে আসে তখন তার ভেতর লোক থাকা সত্বেও সেখানকার গেট কেউ খুলে দেয়নি। তখন পাশের কারখানার দেওয়াল ভেঙ্গে দমদমের ঐ কারখানাকে বাঁচাবার চেষ্টা করা হয়। পরে আমরা খবর নিয়ে জানলাম ঐ কারখানাটা ইনসিওরড ছিল। যাইহোক, আমাদের কথা হচ্ছে ইউনিয়ন বার বার মলিক পক্ষের কাছে আবেদন-নিবেদন করেছে, মালিকপক্ষ বিরাট একটা গোষ্ঠী, মালিক পক্ষের কাছে ইউনিয়ন থেকে বার বার বলা হয়েছে যে আনন্দ বাজার অফ সেট ছাপা-খানার আর একটা ইউনিট কঁকুড়গাছিতে চালু আছে, সেখানে এখানকার শ্রমিকদের কাজ দেওয়া হোক।

[2-20—2-30 P.M.]

এবং ৬৪/৬৫ জন শ্রমিক আজকে তারা রাস্তায় রয়েছে, অনাহারে দিন কাটাচ্ছে। তাদের প্রতি কারও লক্ষ্য পড়ছে না। সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে তিনি অবিলম্বে যাতে তারা একটা সুষ্ঠু মিমাংসায় আসতে পারে তার একটা ব্যবস্থা করুন।

শ্রীবিকাশ চৌধুরী ঃ অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যে রাণীগঞ্জের বেঙ্গল পেপার মিল গত ১লা নভেম্বর থেকে ক্লোজার হয়ে আছে। এই বেঙ্গল পেপার মিলের মালিক শ্রমিক কর্মচারীদের প্রায় ৭০ লক্ষ পাওনা টাকা না দিয়ে বন্ধ করে রেখেছে। এমন কি আমাদের সরকারের শ্রম দপ্তরের মন্ত্রী অনেক মিটিং ডেকেছেন, অনেক চাপ সৃষ্টি করেছেন। কিন্তু তা সত্বেও মালিকরা শ্রমিকদের বকেয়া বেতন দিতে রাজী হচ্ছে না। মালিকরা এই রকম অনমনীয় মনোভাব নিয়ে চলেছেন। আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে এই বেঙ্গল পেপার মিলকে জাতীয়করণ করা যায় এবং শ্রমিকদের বকেয়া বেতন মালিকরা দিতে বাধ্য হয় তার ব্যবস্থা করার জন্য।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হোল বাঁকুড়া জেলার রায়পুর এবং ওন্দা এই দুটি জায়গায় রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীম চালু হবার কথা বহু দিন থেকে শুনে আসছি। এবং এই স্কীম রাজ্য সরকার কেন্দীয় সরকারের কাছে পাঠিয়েছেন। গতকাল মাননীয় সদস্য কাশীবাবু এ সম্বন্ধে এখানে প্রশ্নও দিয়েছেন। এটা হবে হবে এই কথা অনেক দিন থেকে শুনে আসছি—প্রায় ১৯৭৭ সাল থেকে শুনে আসছি। এই স্কীম আমরা ডিষ্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটি থেকে বহুবার পাশ করেছি। আমাদের মন্ত্রী এবং চীফ ইঞ্জিনীয়ার মহাশয় ঐ কেন্দ্রে গিয়েছিলেন এবং তাঁরা বলেছিলেন যে এটা হবে। কবে হবে এটা আপনার মাধ্যমে আমরা জানতে চাই। মাননীয়

মন্ত্রী মহাশয় একটু আগে ছিলেন—তিনি আমাদের আশ্বাস দিন কবে হবে। কবে এই স্কীম কার্যকরী হবে এটা যদি তিনি বলেন তাহলে ঐ রায়পুরের ও ওপ্তার লোকেরা খুবই উপকৃত হয়।

শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলী জেলার খানাকুল জগৎপুর মায়াপুর পর্যন্ত যে রাস্তা আছে, সেই রাস্তা দিয়ে বাস চলাচল করছে। কিন্তু দীর্ঘ দিন যাবত সেই রাস্তা মেরামত না হওয়ার জন্য সেই রাস্তার ব্লাক টপটি এখন রেড টপে দাঁড়িয়েছে। সেই রাস্তা যাতে অবিলম্বে মেরামত করে মানুষদের দুর্গতির হাত থেকে রক্ষা করা যায় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের মাননীয় মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে বর্তমান মাসের ২ তারিখে পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্তরে পরীক্ষা আরম্ভ হয়েছিল এবং গত পরশুদিন সেই পরীক্ষা শেষ হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, আমরা ইংরাজী ভাষা শিক্ষার ব্যবস্থা ক্লাস সিক্স থেকে শুরু করার ব্যবস্থা করেছি। ক্লাস সিক্স থেকে এ, বি, সি, ডি, শেখানো হচ্ছে, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে স্ট্যাণ্ডার্ডের ইংরাজী প্রশ্ন পত্র এসেছে এবারের মাধ্যমিক পরীক্ষায়, তাতে দেখা যাচ্ছে, ছেলেরা ক্লাস ওয়ান থেকে নয়, তারা মাতৃ গর্ভে ভ্রূণের আকারে থাকবে তখন থেকে ইংরাজী শেখালেও এই প্রশ্নের উত্তর তারা করতে পারবে না। গত পাঁচ বছরের মধ্যে এই রকম ইংরাজী প্রশ্ন আসেনি। আমার দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু ছেলে আশা করেছিল, তারা স্ট্যাণ্ড করবে, ফার্স্ট, সেকেণ্ড, থার্ড, ফোর্থ, টেন্থ এই সব হবে। কিন্তু আপনি দেখলে অবাক হয়ে যাবেন, যে ভাবে অঙ্কের প্রশ্ন পত্র এসেছে, মৌখিক প্রশ্ন যদি দেখেন, তাহলে দেখবেন এক একটা মৌখিক প্রশ্নের উত্তর লিখতে অধিকাংশ ছেলের তো হিমসিম খেতে হয়েছিল, শুধু তাই নয়, অনেক অভিজ্ঞ শিক্ষক, যাঁরা ম্যাথেমেটিক্সে এক্সপার্ট, তাদেরকেও ঘেমে যেতে হয়েছে। সুতরাং পরীক্ষার ঐ তিন ঘণ্টা টাইমের মধ্যে ঐ বাচ্চা ছেলেরা, যাদের এখনও মস্তিষ্কের পূর্ণ বিকাশ ঘটেনি, তাদের ক্ষেত্রে ঐ রকম ম্যাথেমেটিক্সের প্রশ্ন এবং ইংরাজীর প্রশ্নের উত্তর দেওয়া অত্যন্ত কষ্টকর হয়েছে এবং অনেকেই উত্তর দিতে পারেনি। কাজেই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যে এই সম্বন্ধে বোর্ডের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে পাশের হার সম্পর্কে একটু বিবেচনা করেন।

শ্রীরবীন্দ্রনাথ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমার হাসপাতালটি হচ্ছে ২১০টি বেডের হাসপাতাল, ওখানে দীর্ঘদিন যাবৎ কোন মেডিকেল অফিসার বলে কিছু নেই।

সেখানে এস. ডি. এম. ও'র পোস্ট দীর্ঘদিন ধরে খালি পড়ে রয়েছে। একজন অর্ডিনারী ডাক্তার সেখানে এস. ডি. এম. ও'র চার্জে আছেন। শুধু তাই নয়, ঐ হাসপাতালে দীর্ঘদিন ধরে কোন রেডিওলজিস্ট নেই। কোন মেডিসিন ঐ হাসপাতাল থেকে পাওয়া যায় না। ঐ হাসপাতালের আউট ডোরে প্রায় তিন চার শত রোগী চিকিৎসা করাতে আসেন, কিন্তু তারা কোন চিকিৎসা পায় না, ওষুধপত্র পায় না। আগে যিনি মেডিকেল অফিসার ছিলেন, তিনি ট্রান্সফার হয়ে গেছেন। বর্তমানে একজন ডাক্তার আছেন, তাঁর নাম ডাঃ ব্যানার্জী তিনি বাইরে থেকে আসেন এবং ১২ টার সময় হাসপাতালে যান এবং দুটো আড়াইটের সময় বাড়ি চলে যান। ঐ হাসপাতালে ডাক্তারের অভাবে, রেডিওলজিস্টের অভাবে রোগীরা চিকিৎসার অভাবে মারা যাচ্ছে। লেবোরেটারীতে ভালভাবে কাজ হয় না, আই ডিপার্টমেন্টের অবস্থা অত্যন্ত শোচনীয়। ঐ হাসপাতালে বহুদূর থেকে বহু রোগী ট্রেনে এবং অন্যান্য যানবাহনে করে চিকিৎসার আশায় আসে কিন্তু তারা নিরাশ হয়ে ফিরে যায়। সুতরাং ঐ হাসপাতালে ঐ সব গরীব রোগীরা যাতে সুষ্ঠু ভাবে চিকিৎসা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে সেখানে এস. ডি. এম. ও. এবং রেডিওলজিস্টের পোস্ট ফিল আপ করার জন্য দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-43 P. M.]

শ্রীউপেন্দ্র কিসকু : মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে শ্রমদপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বাঁকুড়া জেলায় ছেঁদাপোতায় একটি খনি আছে। এই খনিটি দীর্ঘদিন বন্ধ করে রেখে দিয়েছে। এই খনি থেকে অত্যন্ত মূল্যবান ধাতু পাওয়া যায় এবং এই ধাতু ভারতবর্ষের আর একটি জায়গায় রাজস্থানে পাওয়া যায়। রাজস্থান সরকারের অনুরোধে কেন্দ্রীয় সরকার এটা জাতীয়করণ করে নিয়েছে। দীর্ঘদিন ধরে দাবী করা সত্ত্বেও বাঁকুড়া জেলার এই খনিটিকে জাতীয়করণ করা হচ্ছে না এবং এই মূল্যবান খনিটি চালাবার ব্যাপারে জাতীয়করণের কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না। আপনারা হয়ত শুনে থাকবেন গত ৯ তারিখ থেকে ১১ তারিখ পর্যন্ত ৩ দিন ধরে ওখানকার ৪০০ খনি শ্রমিক ৯০ কিলোমিটার পদযাত্রা করে জাতীয়করণের দাবী জানিয়েছে। আমি তাই আপনার মাধ্যমে শ্রমদপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই মূল্যবান খনিটি জাতীয়করণ করার ব্যাপারে উদ্যোগ গ্রহন করে ৪০০ শ্রমিককে বাঁচাবার চেষ্টা করুন।

শ্রীকমল সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয় এখানে বারংবার আলোচিত হয়েছে, আমি আবার পুনরায় আজকে সেটি আপনার মাধ্যমে সভায় উত্থাপন করছি। কারণ এতে দেশের অর্থনীতি বিশেষ করে পশ্চিমবাংলার অর্থনীতি বিপর্যস্ত হতে চলেছে। আমি চটকল

শ্রমিকদের ধর্মঘটের কথা উল্লেখ করতে চাইছি। চটকল শ্রমিকদের ধর্মঘট ৫৮ দিন হতে চলল, এখন পর্যন্ত মীমাংসার কোন লক্ষণ দেখা যাচ্ছে না ভারতবর্ষে ৭০ কোটি মানুষ বাস করে। অথচ ৬টি পরিবার এই শিল্প নিয়ন্ত্রন করে। এই ৬টি পরিবারকে লালন পালন করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এটা একটা বড় শিল্প এবং ৪০ লক্ষ কৃষক এর সাথে জড়িত। সমগ্র পশ্চিমবঙ্গের অর্থনীতি এর সাথে জড়িত। এই ধর্মঘটের ব্যাপারে মালিকরা অনমনীয় মনোভাব নিয়ে বসে আছেন। এই অনমনীয় মনোভাব ভাঙতে হবে। অনমনীয় মনোভাব ভাঙতে যাতে কেন্দ্রীয় সরকার বাধ্য হন সেই চেষ্টা চালাতে হবে। রাজ্য সরকার বিশেষ করে মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী যা করার করছেন। কিন্তু সমস্ত দেশের মানুষের মনোভাব মালিকদের বিরুদ্ধে যে চলে যাচ্ছে সেটা বোঝাতে হবে। এরা সমস্ত কিছু গ্রাস করছেন, অথচ শ্রমিকদের ন্যায্য দাবী দিচ্ছেন না। সব চেয়ে বড় কথা হল এই শিল্পের সাথে কয়েক লক্ষ লোকের ভাগ্য জড়িত। শ্রমমন্ত্রী এবং ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে মালিকদের বোঝানোর চেষ্টা করা হয়েছে। কিন্তু মালিকরা অস্বীকার করেছেন। গ্রেড, স্কেল, ছাড়া ওয়ার্ক লোড কাজের বোঝা কতখানি বেড়েছে—আগে একজন শ্রমিক কি কাজ করতেন এখন কি কাজ করছেন সেটা বুঝতে হবে। আগে কত শ্রমিক ছিল, এখন কত শ্রমিক কাজ করেন এটা মালিকরা কিছুতেই বুঝতে চাচ্ছেন না। সরকার পক্ষ থেকে যথেষ্ট চাপ দেওয়া সত্ত্বেও মালিকরা এটা বুঝতে চাচ্ছেন না। তাই অবিলম্বে দেশের মানুষের স্বার্থে বিষয়টি মীমাংসা করার জন্য আমি পুনরায় আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহাজারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম. এল. এ. হস্টেলের প্রশ্নে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৭/৭৮ সালে ডাক্তারের ব্যবস্থা ছিল, দীর্ঘদিন ধরে দেখা যাচ্ছে কোন ডাক্তারের ব্যবস্থা নেই। অতি সত্বর অভিজ্ঞ ডাক্তার এবং ওষুধপত্র সরবরাহের দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। টেলিফোন ব্যবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। সব সময়ই ফোন ব্যবস্থা খারাপ হয়ে থাকে, ফোন করা যায় না এদিকে আপনার দৃষ্টি আকর্ষন করছি।

শ্রীবিভূতি ভূষণ দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিচার-মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার দাঁতন ১নং ব্লকে একটি দেওয়ানী মুনসেফ কোর্ট আছে। পটাশপুর, বেলদা, দাঁতন ১নং, ২নং, নয়াগ্রাম ইত্যাদি ব্লক থেকে মানুষ বিচার প্রার্থী হয়ে এখানে আসেন। কিন্তু মুসকিল হচ্ছে এখানে কোন ক্রিমিন্যাল কোর্ট নেই। সিভিল কোর্টের বিচার প্রার্থী হয়ে অনেকে এখানে আসছেন, কিন্তু ক্রিমিন্যাল কোর্টের জন্য তাঁদের মেদিনীপুর যেতে হচ্ছে। এতে সাধারণ মানুষের খরচ অনেক বেশী হয়ে যাচ্ছে। ওখানে ক্রিমিন্যাল কোর্ট করার জন্য হাই কোর্ট থেকে অনুমতি পাওয়া গেছে এবং কিছুদিন আগে মাননীয় বিচারমন্ত্রী সেখানে নিজে গিয়ে জায়গা পরিদর্শন করে এসেছেন। তাই ঐ সমস্ত এলাকার মানুষের স্বার্থে ওখানে অবিলম্বে ক্রিমিন্যাল কোর্ট চালু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় বিচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশান্তশ্রী চ্যাটার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলী জেলাতে ৫টি বড় বড় হাসপাতাল আছে, এই হাসপাতালগুলির উপর শুধু হুগলী জেলা নয়, হাওড়া ও ২৪ পরগণা জেলার একটা অংশও নির্ভরশীল। এই ৫টি হাসপাতালের এ্যাম্বুলেন্সের অবস্থা অত্যন্ত শোচনীয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমরা কৃতজ্ঞ, কারণ, তাঁর দৃষ্টিতে আনলে কিছু ব্যবস্থা হয়। কিন্তু স্যার, ঐ দপ্তরের যারা এটা কার্যকরী করবেন এই কাজগুলি করতে তাদের এমনই অনিহা যে তার ফলে এ্যাম্বুলেন্সের অভাবের জন্য হাসপাতালগুলিকে নানান অপ্রীতিকর অবস্থার সম্মুখীন হতে হচ্ছে। সেখানে মুমূর্ষু কোন রোগীকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা যাচ্ছে না। স্যার, যথাযোগ্য অগ্রাধিকার দিয়ে বিষয়টি দেখার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুভাষ বোস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী ও শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার সবচেয়ে বড় চিনি কল রামনগর সুগার মিল—যার মালিক কেডিয়া, তিনি এই কারখানাটি গত বছর বন্ধ করে দিয়েছিলেন। ৩৩ হাজার বিঘা জমি ঐ মালিকের অধীনে আছে। সেই জমিতে তিনি আখ চাষ না করে অন্য জিনিষ চাষ করেছিলেন এবং তা করে সেখানে উৎপাদন বন্ধ করে রেখে দিয়েছিলেন। মাননীয় মন্ত্রীদ্বয়ের হস্তক্ষেপের ফলে ঐ কারখানাটি আবার খোলে এবং গত ফেব্রুয়ারী মাস থেকে সেখানে আবার আখ চাষ করা সুরু হয়। কিন্তু মার্চ মাসের প্রথম সপ্তাহ থেকে সেই কারখানাটি আবার বন্ধ করে দেওয়া হয়েছে। ঐ কারখানাটিতে বিহার থেকে প্রায় এক হাজার শ্রমিক প্রতি বছর কাজ করতে আসেন। তারা বেতন পাচ্ছেন না অথচ সেখানে চিনি উৎপাদন করে ঐ জায়গায় রেখে দেওয়া হয়েছে। বেতন না পাবার ফলে তারা বাড়ী যেতে পারছে না, এমন কি তাদের খাবার টাকা পর্য্যন্ত নেই। সেখানকার স্থায়ী শ্রমিক কর্মচারী এবং হেড অফিসের কর্মচারীদের ৪ মাসের বেতন বাকী, তাদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকাও বাকি। ইতিমধ্যে ঐ মালিক চিনি বিক্রি করে ঐ টাকা নিয়ে রাজস্থানে কেটে পড়ার চেষ্টা করছে। অবিলম্বে মালিককে ডেকে আগের মতন মিটিং করে বিহারের কর্মচারীরা যাতে তাদের নায্য বেতন পান এবং স্থায়ী শ্রমিক, কর্মচারীরা যাতে তাদের ৪ মাসের বেতন ও প্রভিডেন্ট ফাণ্ডের টাকা পান তার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়দের অনুরোধ জানাচ্ছি।

শ্রীদীপক সেনগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার পক্ষেও বটে এবং রাজ্যের প্রশাসনের পক্ষেও বটে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার তথা মাননীয় সদস্যদের এবং আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার নিয়ম অনুসারে রাজ্যপাল

শ্রমিকদের ধর্মঘটের কথা উল্লেখ করতে চাইছি। চটকল শ্রমিকদের ধর্মঘট ৫৮ দিন হতে চলল, এখন পর্যন্ত মীমাংসার কোন লক্ষণ দেখা যাচ্ছে না ভারতবর্ষে ৭০ কোটি মানুষ বাস করে। অথচ ৬টি পরিবার এই শিল্প নিয়ন্ত্রন করে। এই ৬টি পরিবারকে লালন পালন করার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এটা একটা বড় শিল্প এবং ৪০ লক্ষ কৃষক এর সাথে জড়িত। সমগ্র পশ্চিমবঙ্গের অর্থনীতি এর সাথে জড়িত। এই ধর্মঘটের ব্যাপারে মালিকরা অনমনীয় মনোভাব নিয়ে বসে আছেন। এই অনমনীয় মনোভাব ভাঙতে হবে। অনমনীয় মনোভাব ভাঙতে যাতে কেন্দ্রীয় সরকার বাধ্য হন সেই চেষ্টা চালাতে হবে। রাজ্য সরকার বিশেষ করে মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী যা করার করছেন। কিন্তু সমস্ত দেশের মানুষের মনোভাব মালিকদের বিরুদ্ধে যে চলে যাচ্ছে সেটা বোঝাতে হবে। এরা সমস্ত কিছু গ্রাস করছেন, অথচ শ্রমিকদের ন্যায্য দাবী দিচ্ছেন না। সব চেয়ে বড় কথা হল এই শিল্পের সাথে কয়েক লক্ষ লোকের ভাগ্য জড়িত। শ্রমমন্ত্রী এবং ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে মালিকদের বোঝানোর চেষ্টা করা হয়েছে। কিন্তু মালিকরা অস্বীকার করেছেন। গ্রেড, স্কেল, ছাড়া ওয়ার্ক লোড কাজের বোঝা কতখানি বেড়েছে—আগে একজন শ্রমিক কি কাজ করতেন এখন কি কাজ করছেন সেটা বুঝতে হবে। আগে কত শ্রমিক ছিল, এখন কত শ্রমিক কাজ করেন এটা মালিকরা কিছুতেই বুঝতে চাচ্ছেন না। সরকার পক্ষ থেকে যথেষ্ট চাপ দেওয়া সত্ত্বেও মালিকরা এটা বুঝতে চাচ্ছেন না। তাই অবিলম্বে দেশের মানুষের স্বার্থে বিষয়টি মীমাংসা করার জন্য আমি পুনরায় আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহাজারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এম. এল. এ. হস্টেলের প্রশ্নে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৭/৭৮ সালে ডাক্তারের ব্যবস্থা ছিল, দীর্ঘদিন ধরে দেখা যাচ্ছে কোন ডাক্তারের ব্যবস্থা নেই। অতি সত্বর অভিজ্ঞ ডাক্তার এবং ওষুধপত্র সরবরাহের দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। টেলিফোন ব্যবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। সব সময়ই ফোন ব্যবস্থা খারাপ হয়ে থাকে, ফোন করা যায় না এদিকে আপনার দৃষ্টি আকর্ষন করছি।

শ্রীবিভূতি ভূষণ দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিচার-মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার দাঁতন ১নং ব্লকে একটি দেওয়ানী মুনসেফ কোর্ট আছে। পটাশপুর, বেলদা, দাঁতন ১নং, ২নং, নয়াগ্রাম ইত্যাদি ব্লক থেকে মানুষ বিচার প্রার্থী হয়ে এখানে আসেন। কিন্তু মুসকিল হচ্ছে এখানে কোন ক্রিমিন্যাল কোর্ট নেই। সিভিল কোর্টের বিচার প্রার্থী হয়ে অনেকে এখানে আসছেন, কিন্তু ক্রিমিন্যাল কোর্টের জন্য তাঁদের মেদিনীপুর যেতে হচ্ছে। এতে সাধারণ মানুষের খরচ অনেক বেশী হয়ে যাচ্ছে। ওখানে ক্রিমিন্যাল কোর্ট করার জন্য হাই কোর্ট থেকে অনুমতি পাওয়া গেছে এবং কিছুদিন আগে মাননীয় বিচারমন্ত্রী সেখানে নিজে গিয়ে জায়গা পরিদর্শন করে এসেছেন। তাই ঐ সমস্ত এলাকার মানুষের স্বার্থে ওখানে অবিলম্বে ক্রিমিন্যাল কোর্ট চালু করার জন্য আপনার মাধ্যমে মাননীয় বিচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

March, 1984, in my Chamber, recommended the following programme of business from 19th March, 1984 to 22nd March, 1984.

Monday, 19.3.1984.	— General Discussion on Budget	5 hours
Tuesday, 20.3.1984.	— (i) Presentation of Supplementary Estimates for the year 1983-84	
	(ii) General Discussion on Budget	5 hours
Wednesday, 21.3.1984.	— General Discussion on Budget	5 hours
Thursday, 22.3.1984	— (i) Motion for Vote on Account	
	(ii) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)	1 hour
	(iii) The West Bengal Court Fees (Amendment) Bill, 1984 (Introduction, Consideration & Passing)	1 hour

The House will sit at 12 noon on the 19th, 20th and 21st March, 1984.

There will be no quesrions for Oral Answer on the 19th and 21st March, 1984 and no Mention Cases on 20th March, 1984.

I now request the Minister-in-charge of Parliamentary Affairs to move the resolution for acceptance of the House.

শ্রীপতিতপাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৬ তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা অধিগ্রহনের জন্য সভায় পেশ করছি।

Mr. Speakers : I now take it that the House agree to it.

(Voices : Yes)

It is agreed.

The time for taking notices of cut motions is now extended to 2 P. M. on 21st March, 1984.

Adjournment

The House was then adjourned at 2-43 P. M. till 12 noon on Monday the 19th March, 1984, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative assembled Assembly under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 19th March 1984 at 12 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 14 Ministers, 12 Ministers of State and 129 Members.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received two notices of adjournment motion on the subject of reported murder of Shri Binod Kumar Mehta, Deputy Commissioner of Calcutta Police (Portion Division) tabled by Shri Ambika Banerjee and Shri Abdul Mannan.

The Members will get ample opportunity to discuss the matter during the general discussion on budget commencing from today. Moreover, the matter relates to day-to-day administration. Members may also raise the matter in the House by way of calling attention, mention, question etc.

I, therefore, withhold my consent to the above motion.

One member of the party may, however, read out the text of the motion as amended.

Shri Abdul Mannan : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—

The brutal murder of Shri Binod Kumar Mehta, Deputy Commissioner of the Port Division of Calcutta Police and his body guard Mr. Mukhtar

Ahmed Khan who were hacked to death at Fatehpur village in Garden Reach area on 18.3.84. Tension is prevailing in the area which has compelled the Government to impose curfew and to enforce Section 144 Cr. P.C. in some areas.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 2 notices of Calling Attention, namely :

1. Reported murder of Shri Binod Kumar Mehta, Deputy Commissioner of Calcutta Police of the Port Division and his body guard at Fatehpur, Garden Reach on 18.3.84. —Shri Ambika Banerjee, Shri Abdul Mannan, Shri Asok Ghosh and Shri Saral Deb.

2. Alleged constant bombing in front of the Howrah Station on 18.3.84. —Shri Saral Deb.

I have selected the notice of Shri Ambika Banerjee and others on the subject of Reported murder of Shri Binod Kumar Mehta, Deputy Commissioner of Calcutta Police of the Port Division and his body guard at Fatehpur, Garden Reach on 18.3.84.

I now request the Hon'ble Chief Minister to make a statement today, if possible, or give a date.

শ্রীজ্যোতি বসু ঃ কালকে (২০.৩.৮৪) বলব।

MENTION CASES

(উল্লেখ)

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় স্পীকার স্যার, আমি যে বিষয়টি এখানে উল্লেখ করছি সেটা নিয়ে একটা মুলতবী প্রস্তাব উত্থাপন করতে চেয়েছিলাম, কিন্তু আপনি অনুমতি দেননি এবং

বিষয়টির ওপর আমি ও অন্যান্য কয়েকজন মাননীয় সদস্য কলিং এ্যাটেনসন মোশান দিয়েছি, মাননীয় মুখ্যমন্ত্রী আগামী কাল তার উত্তর দেবেন বললেন। স্যার, তবুও বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি এখানে উল্লেখ করছি। গত কাল প্রকাশ্য দিবালোকে ডেপুটি কমিশনার অফ পুলিশ এবং তাঁর বডি গার্ড খুন হয়েছেন। তাঁদের বাঁচানো তো দূরের কথা তাঁদের ডেড বডি পর্যন্ত অনেকক্ষণ পাওয়া যায়নি। তাঁদের ডেড বডি খুঁজতে পুলিশ কমিশনারকে পর্যন্ত ঘটনাস্থলে যেতে হয়েছিল। কিছুদিন আগে ঠিক এরকম একটা ঘটনায় আমরা দেখেছি তিলজলা থানার ও. সি. গঙ্গাধর ভট্টাচার্যকে খুন হ'তে হয়েছিল। বার বার সমাজবিরোধীরা পুলিশের ওপর আক্রমন চালাচ্ছে, সমাজবিরোধীরা সরকারী প্রোটেকসনে এই সমস্ত ঘটনা ঘটিয়ে চলেছে। খিদিরপুরে গার্ডেনরীচে যে ঘটনা ঘটেছে—আমরা জানি—বামফ্রন্ট সরকারের এক মাঝারি শরীক দলের নেতৃত্বে ওখানকার স্মাগলাররা বেশ কিছুদিন ধরে অশান্তি সৃষ্টি করে চলেছে। যেহেতু ঐ শরিক দলের প্রশ্রয়ে ঐ স্মাগলায়রা আছে সেহেতু তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি, পুলিশ তাদেরকে গ্রেপ্তার করেনি। আজকে পুলিশের ডেপুটি কমিশনার খুন হলো, খুন হওয়ার পরেও দেখা যাচ্ছে ইনডিসক্রিমিনেন্টলি নিরীহ মানুষদের গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের এই ব্রুটাল এ্যটাক এটা অত্যন্ত নিন্দনীয়। এটা ভাবতে অবাক লাগে, যেখানে দেখছি আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নতি আছে বলে, আইন-শৃঙ্খলা সন্তোষজনক বলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দাবী করেন, সেখানে দেখছি, পুলিশ অফিসার খুন হয়ে যাচ্ছে, ডেপুটি পুলিশ কমিশনার খুন হয়েছে এবং সন্ত্রাস সৃষ্টি হচ্ছে। ওখানকার মানুষের মনে নিরাপত্তা জাগিয়ে তোলার জন্য, সরেজমিনে তদন্ত করার জন্য লিডার অফ দি হাউস, লিডার অফ দি অপোজিসান এবং সর্বদলীয় এম. এল. এদের নিয়ে একটা টীম ঐ এলাকায় ভিজিট করুক। ঐ এলাকায় যাতে শান্তি-শৃঙ্খলা বজায় থাকে এবং মানুষের মনে যাতে আস্থা ফিরে আসে তার জন্য চেষ্টা করা হোক। পুলিশ যাতে নিরীহ মানুষদের টরচার করতে না পারে সেটা দেখা উচিত আর দোষী ব্যক্তিরা তারা যে কোন রাজনৈতিক দলের হোক না কেন, যে কোন শরিক দলের প্রশ্রয় থাকুক না কেন অবিলম্বে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিৎ।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় স্পীকার মহাশয়, গতকাল গার্ডেনরীচে যে ঘটনা ঘটেছে, তাতে আমরা সবাই জেনে গেছি যে এ পর্যন্ত ডি. সি. পোর্ট এবং তাঁর দেহরক্ষীকে অত্যন্ত নৃশংসভাবে খুন করা হয়েছে। সংবাদপত্রের মারফত যে বিবরণ বেরিয়েছে তাতে ঘটনাটি যেমন মারাত্মক তেমনি হচ্ছে ভয়াবহ। ঐ এলাকা সম্পর্কে মান্নানসাহেব বলেছেন যে দীর্ঘদিন ধরে ঐ এলাকায় ঐ ধরণের সমাজবিরোধী কার্যকলাপ চলে আসছে এবং একথা আমরা কিছুতেই মেনে নিতে পারি না যে ওখানে ডাব পাড়ার ঘটনাকে কেন্দ্র করে এই ঘটনাটি ঘটেছে। আমরা জানতে পেরেছি যেটা হচ্ছে, ঐ এলাকায় একদল সমাজবিরোধী দীর্ঘদিন ধরে তারা অবাধে কাজকারবার চালিয়ে আসছে এবং সাধারণ নাগরিকদের জীবনের নিরাপত্তা বিপন্ন করে তুলছে। এটা

স্বাভাবিকভাবে খুবই স্পর্শকাতর এবং দুটি কমিউনিটির প্রশ্ন জড়িয়ে আছে। সুতরাং অগ্র-পশ্চাৎ ভেবে অগ্রসর হতে হবে। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও ভুললে চলবে না, আমরা যদি এই মুহূর্তে অত্যন্ত দ্রুততার সঙ্গে ঐ এলাকায় ক্রিমিন্যালদের বিচ্ছিন্ন করতে না পারি, সমাজ-বিরোধী স্মাগলারদের বিচ্ছিন্ন করতে না পারি, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করতে না পারি তাহলে ভবিষ্যতে ভয়াবহ ঘটনা ঘটতে পারে। রাজ্যের বিভিন্ন জায়গায় প্রতিরোধ গড়ে তুলতে হবে। আমার ধারনা হচ্ছে, পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় সমাজবিরোধিরা, চোরাকারবারিরা এইসব ঘটনা ঘটাচ্ছে এবং তাদের পিছনে কোন সুপরিকল্পিত চক্রান্ত আছে বলে মনে হয়। গোটা পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুণ্ণ আছে সাধারণ মানুষের জাগ্রত মানুষের প্রচেষ্টায়। আমার ধারণা হচ্ছে, এই যে ঘটনাগুলি ঘটছে এইসব ঘটনার পিছনে অর্থাৎ এইসব সমাজবিরোধী এবং স্মাগলারদের পিছনে বড় চক্রান্ত কাজ করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আগামীকাল এই ব্যাপারে একটা ষ্টেটমেন্ট দেবেন বলেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো, সেখানে যে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করা হয়েছে তার সাথে সাথে পরবর্তী কাজগুলি অর্থাৎ সমাজবিরোধীদের আটক থেকে শুরু করে অন্যান্য কাজগুলি দ্রুত করতে হবে এবং সঙ্গে সঙ্গে সভার সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি, যেহেতু ঘটনাটি স্পর্শকাতর এবং সংবেদনশীল সেহেতু এই ঘটনাটিকে কেন্দ্র করে আমাদের অত্যন্ত সজাগ হতে হবে।

[12-10—12-20 P. M.]

(উল্লেখ)

সেজন্য এই ঘটনাকে কেন্দ্র করে আমাদের অত্যন্ত সংযত হতে হবে। মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেব অভিযোগ করেছেন যে বামফ্রন্টের একটি মাঝারি ধরণের দল তাদের নেতৃত্বে এই ঘটনা ঘটেছে, সেই দল এইসব কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত। এই অভিযোগ অত্যন্ত মারাত্মক, তাই যদি হয় সেই সম্পর্কে তদন্ত করতে হবে। বামফ্রন্টের নেতাই হোন, আর বিরোধীপক্ষের নেতাই হোন, যারা সমাজবিরোধীদের মদত দিয়ে সমাজের শান্তি শৃঙ্খলা বিঘ্নিত করছে, যারা নাগরিকদের জীবনযাত্রার নিরাপত্তা নষ্ট করছে, তাদের দৃঢ়তার সঙ্গে ধরতে হবে এবং তাদের মোকাবিলা করতে হবে। আমি এই কথা বলতে চাই যে এই বিষয়টির গুরুত্ব অনুধাবন করে আমরা সবাই এই স্পর্শকাতর বিষয়টির সম্পর্কে সংযত হয়ে বক্তব্য রাখব এই আবেদন করছি এবং এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মিঃ স্পীকার স্যার, একজন ডেপুটি কমিশনার খুন হয়েছে। অবশ্য বিধানসভায় আমরা আজকে খুবই দুঃখ প্রকাশ করছি, ব্যাপারটি খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু সেখানে শত শত সংখ্যালঘু সম্প্রদায়—খুব পরিষ্কার করে খুলে বলছে না, বিধানসভায় খুলে বলা

উচিত—এই ঘটনার পরে শত শত লোক এই ঘটনার পরে ঘর ছেড়ে চলে গেছে। স্পর্শকাতরতার কথা নয়, এই বিধানসভায় সত্য কথাটা বলা ভাল। তাদের অনেকের ঘরে আগুন দেওয়া হয়েছে, একটা ছোট মসজিদে আগুন লাগান হয়েছে। আমাদের কাছে এ সংবাদ এসেছে, এটাতো বিচ্ছিন্ন ঘটনা নয়। মুখ্যমন্ত্রী মহশয় তখন—আমরা কাগজে দেখেছি—আলিমুদ্দিন ষ্ট্রীটে ছিলেন। আমি জানিনা, রাজ্যের পুলিশ মন্ত্রী মহশয়ের কাছে কোন খবর ছিল কিনা, যদি না থাকে তাহলে খুবই দুর্ভাগ্যজনক ব্যাপার। দুদিন আগে থেকে ওখানে বোমাবাজি হচ্ছিল, এবং যে কটি লোক ওখানে সমাজবিরোধী বলে চিহ্নিত এবং তারা পোর্ট ব্ল্যাক মার্কেটিয়ার্সদের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত এবং তারা একটি রাজনৈতিক দলের আশ্রয় নিয়ে আছে, এটা যদি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় না জানেন তাহলে খুবই দুর্ভাগ্যজনক ব্যাপার, তাঁর না জানার তো কোন কারণ নেই। কিন্তু আমি আপনার কাছে অত্যন্ত বিনীতভাবে বলব, যেহেতু ডেপুটি পুলিশ কমিশনার—এই কলকাতার ইতিহাসে—প্রথম খুন হল, আমরা বিধানসভায় মার খাই এটা ছোট কথা, কিন্তু এটা তো ছোট কথা নয়, ডেপুটি পুলিশ কমিশনার কে খুন করল, তার বডিগার্ডকেও খুন করল, এটাতে আজকে পুলিশের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হয়েছে, স্বাভাবিক, পুলিশ খুন হয়, দারোগা খুন হয়, বিচার হয় না, তারা কিছুই পায় না, আজকে যদি লালবাজার থেকে বন্দুক নিয়ে এসে বিধানসভা আক্রমণ করে তাতেও আশ্চর্য্য হবার কিছু নেই, আমি আশ্চর্য্য হব না। আমি এটা খুব ছোট করে দেখতে চাই না। মুখ্যমন্ত্রী মহাশয় দেখবেন, পুলিশ মন্ত্রী হিসাবে এটা তাঁর চরম ব্যর্থতা। পশ্চিমবঙ্গের ইতিহাসে এর চেয়ে চরম ব্যর্থতা আর কেউ রাখেন নি। তিনি অনেক নজির সৃষ্টি করেন, এটাও করেছেন। আমি আপনার কাছে, শুধু টীম নয়—একটা কমিশন করার জন্য বলছি। লেট দেয়ার বি এ্যান এনকোয়ারী কমিশন অন দিস পয়েন্ট। একটা কমিশন গঠন করা হোক, আমরা পাচ জন সেখানে গিয়ে যদি সেখানে শান্তি ফিরিয়ে আনতে পারি, স্পীকার হিসাবে আপনিও আমাদের সঙ্গে চলুন বিধানসভা বন্ধ রাখুন, চলুন গিয়ে সেখানকার অবস্থা দেখি। বহু লোক হিন্দু মুসলমান সকলেই ঘর ছেড়েছে। সকলেই ভয়ে, ত্রাসের সঙ্গে রয়েছে। পুলিশ সেখানে বেপরোয়া এ্যারেষ্ট করছে। ১৮০ জনকে রাত্রে গ্রেপ্তার করে নিয়ে গেছে অনেকেই জানেন পুলিশ সেখানে রেষ্টলেসলি এ্যারেষ্ট করছে, মারধোর করছে, অত্যাচার করছে। যেহেতু পুলিশ খুন হয়েছে সেহেতু পুলিশ পাগল হয়ে গেছে। এই রকম ভাবে রাজত্ব চলে? পুলিশ খুন হলে, পুলিশ পাগল হয়ে যাবে, ও যাকে তাকে মারধোর করবে ধরে নিয়ে আসবে? সুতরাং আমি এই কথা বলব, স্পর্শকাতরতার কথা নয় যেটা সঠিক ব্যাপার তার তদন্ত করা হোক। আমি আপনাকে অনুরোধ করব যে এনকোয়ারী কমিশন বাই এ জাজ অফ ক্যালকাটা হাই কোর্ট, ধরা হোক এর সূত্রটা কোথায়? কোন রাজনৈতিক দলের এতে হাত আছে? অনেকেই জানেন, বলতে পারেন না প্রিভিলেজের প্রশ্ন আছে, বাইরে হলে আমরা বলব, কিন্তু আমি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে কিছু বলছি না. আমি আপনাকে বলছি যে বিষয়টি দেখুন, এর সম্বন্ধে কিছু করতে পারেন কিনা।

শ্রীসরল দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকালের ঘটনা যেমন বেদনা দায়ক তেমন দুঃখজনক। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়, স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় ঐ অঞ্চলে যাতে শান্তি ফিরে আসে সেজন্য কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। একজন ডি সি না পাওয়া গেলে ৬ ঘণ্টা তাঁর কোন খোঁজ পাওয়া গেল না, আমাদের গোয়েন্দা দপ্তরের ব্যর্থতার জন্য এই রকম হচ্ছে। ১০ মিনিটের মধ্যে এখানে বসে খবর পাওয়া যায়। যাই হোক স্বাভাবিক ভাবেই ঐ অঞ্চলের মানুষ বিক্ষুব্ধ হয়ে পড়েছে, সেখানে পুলিশের অত্যাচার হচ্ছে, পুলিশ খুন হল, সব জায়গায় হয়, এখানেও হয়েছে, কিন্তু প্রকৃত দোষী যাতে রেহাই না পায় তার জন্য চেষ্টা করতে হবে এবং আমাদের বন্ধু বিশেষ করে জয়ন্তবাবু এবং অন্য সদস্যরা একটি মাঝারি দলের কথা বললেন। আমি আমাদের দলের পক্ষ থেকে দ্ব্যর্থহীন ভাবে সেই কথা বলছি যে যারা এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত মুখ্যমন্ত্রী মহাশয় তাঁদের গ্রেপ্তার করুন এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিন। এটা হঠাৎ রাতারাতি গজিয়ে উঠেছে তা নয়। পোর্ট এরিয়া সমাজ-বিরোধীদের এলাকা বলেই পরিচিত এবং চিরকালই পুলিশকে তারা পয়সা দিয়ে আসছে। এর আগেও ছোট ছোট পুলিশ সেখানে খুন হয়েছে। আর এবারে হোল বড় পুলিশ খুন। আমরা চাই প্রকৃত হত্যাকাণ্ডের সঙ্গে যারা জড়িত তাদের অবিলম্বে গ্রেফতার করা হোক এবং কঠোর শাস্তি দেওয়া হোক। সঙ্গে সঙ্গে, যাঁরা নিরপরাধী মানুষ তাঁরা যাতে নির্বিচারে গ্রেফতার না হন সে দিকটাতেও নজর রাখতে হবে এবং সেই অঞ্চলে শান্তি ফিরিয়ে আনতে হবে—এই আবেদন আমার দলের পক্ষ থেকে আপনার মারফৎ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে রাখছি।

শ্রীফজলে আজিম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে যে গুরুত্বপূর্ণ বিষয়টির উপর আলোচনা হচ্ছে, ঘটনাটি খুবই দুঃখজনক। কিন্তু ঘটনাটি স্থানীয় কয়েকজন নেতার ইঙ্গিতেই বিরাট আকার ধারণ করেছে। গতকাল সকাল ৯টার সময় ডাব পাড়াকে কেন্দ্র করে দুটি সম্প্রদায়ের মধ্যে গণ্ডগোল বাধে। ওখানকার স্থানীয় নেতা—এক্স চেয়ারম্যান এবং পিনাক্ষী মজুমদার, ওঁরা দুজন ঘটনাস্থলে ছিলেন।

মিঃ স্পীকার ঃ তিনি মেম্বার নন, তাঁর নাম নেবেন না।

শ্রীফজলে আজিম মোল্লা ঃ ওঁরা যদি চেষ্টা করতেন তাহলে সঙ্গে সঙ্গেই ঘটনাটি মিটে যেতো। কিন্তু ওঁদেরই ইঙ্গিতে ঘটনা প্রসার লাভ করে। ইতিমধ্যে ডেপুটি কমিশনার অফ পুলিশ (পোর্ট) শ্রী বি. কে. মেহতা এসে পড়েন। তাঁর উপস্থিতিতেই ঘটনাটি বাড়তে থাকে। তিনি ঠিকভাবে বিষয়টা কণ্ট্রোল করতে পারেন না, ফলে উত্তেজিত হয়ে পড়েন। পুলিশকে গুলি চালাতে বলেন। গুলি চালানোর ফলে সুব্রত ভট্টাচার্য্য এবং অপর একজন মুসলিম যাঁর নাম জানা যায়নি—মোট দুজন মারা যান। এই ঘটনার পরিপ্রেক্ষিতে স্থানীয় এলাকার সমস্ত

জনতা মারমুখী হয়ে ওঠে এবং সাম্প্রদায়িক ব্যাপার না হয়ে তারা পুলিশের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়ে পড়ে। সেই সময় পুলিশ সেখানে গুলি চার্জ করে এবং জনতার পক্ষে থেকেও বোমা-টোমা চার্জ করা হয়। ঘটনা এমন পর্যায়ে গিয়ে পৌছোয় যে পুলিশ ঘটনাটা কণ্ট্রোল করতে পারেনা, দুর্ঘটনাটা ঘটে। এরফলে সেখানে শ্রী বি. কে. মেহ্‌তা সহ অপর একজন পুলিশ প্রাণ হারান। এই ঘটনার জন্য আমরা দুঃখিত। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি যে ঐ এলাকাটা এমন-ভাবে ডিমার্কেশন করা আছে যার ফলে পাহাড়পুর রোড এবং ফলেপুর ভিলেজ রোড—রাস্তার ওপার মেটিয়াবুরুজ পুলিশ ষ্টেশনের অধিনস্ত এবং রাস্তার অপর পার গার্ডেনরীচ থানা এলাকাভুক্ত। স্বভাবতঃই যখন ওখানে কোন ঘটনা ঘটে, তখন উভয় থানার পুলিশরা ইতঃস্তত করে যে ঘটনাটা কার জুরিস্‌ডিকশনে ঘটেছে। আর এই অবস্থার সুযোগ গ্রহণ করে সমাজবিরোধীরা। তার জন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বপ্রথম ঐ এলাকাটা ডিমার্কেশন করা দরকার। আজকে সবচেয়ে দুঃখজনক ঘটনা হচ্ছে—সমাজবিরোধী, যারা ঘটনাটি ঘটালো, ১২টি ঘর জালিয়ে দেওয়া হোল, একটি মসজিদ জালিয়ে ছারখার করা হোল, এবং দুজন পুলিশ অফিসার নিহত হোলেন, সেখানে পুলিশ কিন্তু সেইসব সমাজবিরোধীদের এ্যারেষ্ট করতে পারছে না। কিন্তু সাধারণ নিরীহ মানুষদের রাতের অন্ধকারে থানায় ধরে নিয়ে গিয়ে টর্চার করা হচ্ছে। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আমার নিবেদন, ওখানকার ঘটনার পরিপ্রেক্ষিতে বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হোক।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল গার্ডেনরীচে সামান্য একটি ঘটনাকে সূত্র করে যে দাঙ্গা-হাঙ্গামা এবং হত্যাকাণ্ড হয়ে গেল সেটা খুবই মর্মান্তিক এবং দুঃখজনক। আমি আজকে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই কথা বলতে চাই যে এই ঘটনা জিইয়ে রেখে এবং এর সুযোগ নিয়ে যারা হাঙ্গামা বাধাবার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে পুলিশ কঠোর ব্যবস্থা নিক। কিন্তু একে কেন্দ্র করে সাধারণ নাগরিকের উপর যাতে কোন এক্সেস্ না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখা দরকার। একটি সামান্য ঘটনাকে কেন্দ্র করে, যেখানে দুটি কম্যুনিটির ব্যাপার আছে এবং এটা আমি স্পর্শকাতর ব্যাপার বলেই মনে করি—সেখানে এইরূপ ঘটনা ঘটা খুবই দুঃখজনক। এই ঘটনাই প্রমান করে যে পুলিশ বাহিনীর পীঠস্থান পশ্চিমবাংলায় আজ সমাজবিরোধীরা মাথা চাড়া দেবার চেষ্টা করছে এবং আজকে এ সম্পর্কে সকলকে সতর্ক থাকা দরকার।

[12-20—12-30 P. M.]

আজকে বামপন্থীদের এই গনতান্ত্রিক আন্দোলনের দুর্বলতার সুযোগ নিয়ে এই অশুভশক্তি মাথা চাড়া দিয়ে ওঠার চেষ্টা করছে। এই ব্যাপারে যথেষ্ট সচেতন থাকা প্রয়োজন। সমাজ-

বিরোধীদের দৌরাত্ম যে বাড়ছে এই ঘটনা হলো তার নিদর্শন। এর পেছনে যে সমস্ত শক্তি রয়েছে—এই হাউস থেকে নানা বক্তা যে কথা বললেন—এই সম্পর্কে যথা সম্ভব নিরপেক্ষ তদন্তের দাবি করছি। এখানে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে সেটা অত্যন্ত পরশকাতর, এটা আমি মেনে নিচ্ছি। এই সমস্ত দিক বিচার করে, ঘটনা যাতে আর বাড়তে না পারে তার জন্য দাবি রাখছি।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে এই হাউসে যে ঘটনার কথা উল্লেখ করা হয়েছে সেই ঘটনা অত্যন্ত মর্মান্তিক, ঘৃণ্য এবং বেদনাদায়ক। এই গার্ডেনরিচে ডি. সি. মারা গেলেন এবং তাঁর বডি গার্ড মারা গেলেন, এই ঘটনা স্বভাবতঃই দুঃখজনক। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলি, পশ্চিমবাংলার মাটিতে এই ধরনের ঘটনা নিয়ে গণ্ডোগোল করার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। এই এলাকায় আমি জানি এ্যান্টি-সোসাল বেশী বাস করে। এই জন্য দলমত নির্বিশেষে সাধারন মানুষ এবং সমস্ত রাজনৈতিক দল মিলে তাদের বিরুদ্ধে প্রতিবাদ করা উচিৎ। দোষীদের গ্রেপ্তার করা হোক এই আবেদন আমি রাখছি। তার সঙ্গে আমি আরো জানাতে চাই এই যে কংগ্রেস দল, এই কংগ্রেস দলের আশ্রয়পুষ্ট এই সমাজ-বিরোধীরা। এই সমাজবিরোধীদের তাদের নেতারা আশ্রয় দেন। সেই দিকে মুখ্যমন্ত্রীকে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

ডাঃ অমর আলিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অন্য একটি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদিও গাডেনরিচের ঘটনা অত্যন্ত মর্মান্তিক এবং দুঃখজনক। এই ব্যাপারে কলিং এ্যাটেনসনে আমি এবং অন্যান্য মেম্বাররা এই ঘটনা তুলেছি। জানি মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে একটা বিবৃতি দেবেন আগামীকাল। আমার এই ধারনা এবং বিশ্বাস আছে যে একটা সঠিক চিত্র সেখান থেকে প্রকাশ পাবে। এই বিশ্বাস রাখি যে ঐ এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাকে আরো জোরদার করার তিনি চেষ্টা করবেন। আমি যে প্রসঙ্গ আপনার মাধ্যমে উৎথাপন করতে চাই সেটা হলো আমাদের মেদিনীপুর জেলায় ৫ মাস ধরে বৃষ্টি হচ্ছে না। ফলে প্রচণ্ড জলের সংকট দেখা দিয়েছে। সেচের জলের সংকট দেখা দিয়েছে এবং পানীয় জলের সংকট দেখা দিয়েছে। খড়গপুরের মিউনিসিপ্যালিটি এলাকায় এবং মেদিনীপুরের মিউনিসিপ্যালিটি এলাকায় বাইরে থেকে ট্রাকে করে এনে জল সরবরাহ করতে হচ্ছে। এখানে ভুগর্ভস্থ জলের যে স্তর সেটা অনেক নিচে নেবে গেছে। ফলে শ্যালো টিউবওয়েল থেকে জল তুলে যে সমস্ত চাষীরা চাষ করেছিল তাদের চাষ এখন মরতে বসেছে। কথা ছিল যে কংসাবতী ব্যারেজ থেকে মেন মেদিনীপুর ক্যানেল সিসটেমে ২০ হাজার একর জমিতে জল দেওয়া হবে। সেই জল খড়গপুর লোকাল, ডেবরা এবং পাঁসকুড়া ইরিগেটেড হবে। কিন্তু জল সরবরাহে খুব অনিশ্চিত দেখা দিয়েছে। কিছু দিন আগে হঠাৎ মেদিনীপুর

মেন ক্যানেল সিসটেমে পাঁচ দিনের জন্য জল সরবরাহ বন্ধ করে দিল মেদিনীপুরের সেচ বিভাগ। সেই জল ঘাটাল এবং দাসপুরে পাঠিয়ে সেখানে বন্যার অবস্থার সৃষ্টি করে দিল। চাষীরা যাঁরা গম চাষ করেছিলেন এবং আলু চাষ করেছিলেন তাঁরা খুব ক্ষতিগ্রস্ত হলেন। সুতরাং একদিকে জলের প্রচণ্ড অভাব, যে জলের জন্য মানুষ তো দূরের কথা গবাদি পশু জল পাচ্ছে না, স্নানের জল পাওয়া যাচ্ছে না, এই রকম একটা অবস্থায় যেখানে হাজার হাজার একর বোরো চাষের জমি শুকিয়ে যাচ্ছে তখন জল অন্য জায়গায় পাঠিয়ে বন্যার সৃষ্টি করা হচ্ছে। হাজার হাজার একর জমির জল নষ্ট করে দেওয়া হচ্ছে এটা অত্যন্ত দুঃখজনক। এই সমস্ত ঘটনার আমি প্রতিকার চাইছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকের ঘটনা সম্পর্কে আমরা সংবাদপত্র মারফৎ জানতে পেরেছি। এ বিষয়ে সবাই বলেছেন, আমাকেও আপনি বলবার সুযোগ দিয়েছেন, এজন্য আপনাকে ধন্যবাদ জানাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই ঘটনা সম্বন্ধে আগামী কাল সংবাদ সংগ্রহ করে এখানে একটি বিবৃতি দেবেন। কিন্তু আমরা সব চাইতে আশ্চর্যবোধ করছি যে, ওখানে এতবড় একটা ঘটনা ঘটে গেল, অথচ আমাদের ইণ্টেলিজেন্স বিভাগ জানতে পারল না। কলকাতার উপকণ্ঠে এতবড় একটা ঘটনা ঘটে গেল, অথচ পুলিশের ইনটেলিজেন্স দপ্তর কোন খোঁজ পেল না। এলাকাটি আবার ক্যালকাটা কর্পোরেশন এরিয়ার মধ্যে পড়ে, অথচ এখানকার কোন খবর স্বরাষ্ট্র দপ্তরে পৌছল না। মাননীয় মুখ্যমন্ত্রী অবশ্য অনেক ধৈর্য নিয়ে কাল রাত্রে ওখানে বৈঠক করেছেন। স্বরাষ্ট্র সচিবকে তিনি নির্দেশ দিয়েছেন যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য। দায়িত্ব কিন্তু এখানেই শেষ হয়ে যাচ্ছে না। ও পক্ষের মাননীয় সদস্য বীরেন রায় মহাশয় বলেছেন, কংগ্রেসীরা ওখানে এই ঘটনা ঘটিয়েছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি—এটা কংগ্রেস বা কমিউনিষ্টের কোন প্রশ্ন নয়, যারা ঐ ঘটনার সঙ্গে জড়িত ও অপরাধী কংগ্রেসের যদি কেউ থাকে, তাদের ধরা হোক। আমরা সকলকেই—যারা ঐ ঘটনায় অপরাধী তাদের নিন্দা করতে চাই। শুধু তাই নয়, আপনি যে ধরনেব শাস্তি দেওয়া উচিত বলে মনে করেন, দিন। আমি সুপারিশ করব—রাইটার্স বিল্ডিংসে বসে তো সব রকম ব্যবস্থা নেওয়ার ক্ষমতা আছে—এই ঘটনার একটা তদন্তের ব্যবস্থা করুন। তাহলে কংগ্রেসীরা এই ঘটনার জন্য দায়ী কিনা তা উৎঘাটন করা সম্ভব হবে। হাউসের সদস্যদের নিয়ে নিরপেক্ষ একটা কমিটি গঠন করে ওখানে চলুন না, ঘুরে দেখে আসি. কে প্রকৃত দোষী? লেট আস ফাইণ্ড দি ফ্যাকটস—সেখানে কি অবস্থা প্রকৃতপক্ষে ঘটেছিল, তা দেখার সুযোগ করে দিন। যদি দেখা যায়, ওখানে ঐ ঘটনার জন্য কংগ্রেস দায়ী, দেন দি চিফ মিনিষ্টার ক্যান ডিক্লিয়ার ইট। আর যদি দেখা যায়, এটা কমিউনিষ্টরা করেছে, কাউণ্টার অবস্থা যদি সেখানে দেখায়, তো সেইভাবে সেখানে ব্যবস্থা নেবেন। এটা আদৌ কোন ছোট ঘটনা নয়, বহু জায়গায় এই রকম ঘটনা এর আগে ঘটেছে। আপনার কাছে, আমি গ্রাফিক্যালি তা তুলে ধরছি। ১৯৮১ সালে ৩৭টি রায়ট হয়েছে। ১৯৮২ সালে হয়েছে ৫৭, ১৯৮৩ সালে কমিউন্যাল রায়ট হয়েছে

এখানে। এখন চলছে ১৯৮৪ সাল, কমিউন্যাল রায়ট 'এর ব্যাপারে বলা যায়, ইট ইজ অন দি ইনক্রিজ, লেট দেয়ার উইল বি এ জুডিসিয়াল ইনকোয়ারি, উই উইল অল পার্টিসিপেট। আপনি বরং হাউস এ্যাডর্জন করুন, আমরা সকলে মিলে সেখানে ঘুরে আসি, তদন্ত করে দেখি। আজকে আমরা আতংকিত। পশ্চিমবঙ্গের মানুষের একটা সুনাম আছে, ১৯৪৬ সাল আমরা পার হয়ে এসেছি। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি, দলমতের উর্দ্ধে উঠে দায়িত্বশীল রাজ্যের একজন নেতা হিসাবে এই সমস্যার মোকাবিলায় এগিয়ে আসবেন। কোন উস্কানি মূলক আচরণে প্রলুব্ধ না হয়ে দায়িত্বজ্ঞানহীন কোন উৎস থেকে আপনি প্ররোচিত হয়ে এ ব্যাপারে কিছু করবেন না। যদি ঐ রকম কোন উৎস থেকে ব্যবস্থা গ্রহণের জন্য আপনার কাছে কোন প্রস্তাব আসে, তবে তা আপনি প্রত্যাখ্যান করবেন বলে বিশ্বাস রাখি। আশাকরি, প্রকৃত সত্য উৎঘাটন করে এখানে আপনি বিবৃতি দেবেন। এটাই আমরা চাই। আর যদি সাহস থাকে তো আসুন—হাউস এ্যাডর্জন করুন।—আমরা সকলে মিলে ওখানে গিয়ে তদন্ত করে দেখি। আপনিই আমাদের নেতৃত্ব দেবেন। এত বড় একটা ঘটনা ওখানে ঘটেছে, তা সত্ত্বেও আমি দায়িত্ব নিয়ে বলতে চাই যে, ঐ ঘটনার সঙ্গে কংগ্রেস দলের কোন সংশ্রব নেই। সমাজবিরোধীরা সব সময়েই ক্ষমতাসীন দলের আশ্রয়ে থাকে, এ কথা আমরা সকলেই জানি। ওরা তাদেরই আশ্রয়ে সংগঠিত হয়ে এই ঘটনা ঘটিয়েছে। অন্যান্য অনেক জায়গাতেও এই ধরণের ঘটনা আগে ঘটেছে। এই ঘটনার সত্য উৎঘাটন হওয়ার দরকার আছে। আপনার কাছে আমাদের সব চাইতে বড় অভিযোগ, আপনার ইনটেলিজেন্স দপ্তর ফেল করেছে, কোন সংবাদ তাদের কাছ থেকে আসছে না। মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, আপনি দুরদর্শিতা দেখিয়ে যদি ব্রেক ডাউন অফ ইনটেলিজেনসকে পুর্নগঠিত করতে চান, তবে পুলিশ বাজেটে যদি চান তো আরও কিছু অর্থ বরাদ্দ বাড়াতে পারেন। আমি আশা করব, পশ্চিমবাংলার মানুষের যে সুনাম আছে, তা রক্ষার্থে আপনি যথাযথ উদ্যোগ নেবেন। ধন্যবাদ।

শ্রীসুরেশ সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই গতকাল লোমহর্ষক ঘটনায় মর্মান্তিকভাবে পুলিশ অফিসার এবং তাঁদের সহকর্মী মারা গেছেন, তাঁদের আত্মীয়বর্গের কাছে আমার আন্তরিক শ্রদ্ধা ও সহানুভূতি জ্ঞাপন করছি। এই প্রসঙ্গে আমার ইসলামপুরের ঘটনার কথা মনে পড়ছে। সেখানে একজন পুলিশকর্মী নিহত হওয়ার ফলে ১৭টি বাড়ী সম্পূর্ণ পুড়িয়ে দেওয়া হয়েছিল, বহু ঘরবাড়ী বিনষ্ট করা হয়েছিল। ওয়াটগঞ্জ হচ্ছে বন্দর এলাকায়। আমরা জানি বন্দর এলাকা চোরাকারবারীদের পীঠস্থান। ওখানে শুধুমাত্র রাজনৈতিক দল নয়, সমাজ-বিরোধীদেরও চক্রান্ত আছে বলে মনে হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, ঘটনাটি সম্পর্কে তদন্ত হওয়া প্রয়োজন এবং সঠিক কারণ কি তা উৎঘাটিত হোক। সেই সঙ্গে যে সমস্ত পুলিশ অফিসার ও কর্মচারী নিহত হয়েছেন, তাঁদের পরিবারবর্গকে উপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-30—12-40 P. M.]

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, I am very sorry for the accidental death of the Deputy Commissioner of Police and his Guard and of those two persons who died due to police firing. The news has appeared in all the newspapers. Sir, I had been in the area at about 5-30 P.M. in the evening and met the local M.L.A., Shri Fazle Azim Molla and visited some spots there. It is a fact that the area where it has happened is a smugglers' paradise. But the smugglers spread there not within a day or two. It took long time to be such. The local police station must have prior knowledge about the happenings there. Sir, it was not only yesterday that the incident happened there. Even the day before yesterday something wrong happened there—some disturbance took place there. The authorities must have been alert. The most unfortunate part of the situation is that the Chief Minister and other Ministers who must have full information did not visit the area. If immediately they wouuld have rushed to the spot to see the situation, the situation might have been controlled and would not take a serious turn. I expected that the Chief Minister would go to the spot. Sir, those smugglers wherever they may be—they are in minority, I mean small in numbers. But how this happened ? An enquiry would only reveal the truth as to who were behind this. I do not understand how the smugglers get the courage to do all these things unless they get patronisation from the political parties, the local Netas and the ruling party. Sir, last evening some houses had been damaged and properties had also been damaged. Innocent persons have been arrested. Sir, I want that the culprits should be arrested and punished and innocent persons should not be harassed. Sir, as proposed by Dr. Zainal Abedin, I would request you to send a team from this Assembly which should go and visit the disturbed places to bring confidence among the residents there. At the same time, let there be a judicial enquiry. Sir, I received telephones from various parts of the city in the morning. I find the minorities are very much panicky. They are enquiring as to what would happen to them. So, I request the Chief

Minister to be alert and to place police pickets at sensitive points as also where there are joint or mixed population. This is my request to the Chief Minister, Sir.

শ্রীরবীন্দ্র ঘোষ ঃ স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে যে ঘটনায় পুলিশ অফিসার খুন হয়েছেন তাঁর পরিবারের প্রতি শান্তি জানাই এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে গার্ডেনরীচে যে ঘটনা অনেকদিন ধরে ঘটছে তার পেছনে কোন বিরাট রাজনৈতিক দল আছে। কাল যে ঘটনা ঘটেছে তারজন্য দুঃখ প্রকাশ করছি। আমি স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমার এলাকা উলুবেড়িয়া থানার হাটগাছা অঞ্চলে যে একটা হেলথ সেণ্টার আছে সেটা ধ্বসে পড়ে যাচ্ছে, রোগী আহত হচ্ছে। দীর্ঘদিন যাবত এই হেলথ সেণ্টারটি অচল অবস্থায় আছে। সাধারণ রোগী যারা যায় তাদের দাঁড়াবার মত জায়গা নেই। আপনার মাধ্যমে তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এখুনি তদন্ত করে হেলথ সেণ্টারটি যাতে রিপেয়ারের ব্যবস্থা হয় তার সুব্যবস্থা করুন।

শ্রীনীরোদ রায়চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। হাবড়া ১ নং অঞ্চলের গোটা অঞ্চলটার পানীয় জলের দুষ্প্রাপ্যতা দেখা দিয়েছে। টিউবওয়েলগুলি শুকিয়ে গেছে, কোন টিউবওয়েল জল নেই। অঞ্চলের মধ্যে ৩টি টিউবওয়েল আছে, গত পরশু দিন থেকে সেই ৩টি টিউবওয়েলে জল নেই। প্রায় ২৫ হাজার মানুষ বিনা জলে আছে। ডিপ টিউবওয়েল দু' একটা আছে, সেখানে জল উঠেছে কম। ৩/৪ মাইল দুর থেকে লোককে জল সংগ্রহ করতে হচ্ছে। মাঠের জল শুকিয়ে যাচ্ছে, ধান সব শুকিয়ে যাচ্ছে। মানুষ ১০/১৫ দিন ধরে স্নান করতে পারছে না। এই রকম একটা ভয়াবহ অবস্থা সেখানে দেখা দিয়েছে। এই অবস্থার অবসানের জন্য আমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মেনসান অন্য, তার আগে একটা কথা বলি যে যে গভীর দুঃখজনক ঘটনার প্রতি শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী দৃঢ় এবং বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তাতে পশ্চিমবঙ্গের মানুষ আশ্বস্ত এবং ব্যক্তিগতভাবে আমরা সকলেই খুশী। সেজন্য আমরা তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আজকে আমার উল্লেখের বিষয় হল আমার রাজার হাট কেন্দ্রে কয়েকদিন আগে উল্লেখ করেছিলাম যে ২১১ নং বাস বন্ধ আছে। গত ১৬ তারিখে আবার একটা এ্যাক্সিডেণ্ট হয় ৯১ নং বাসে, সেই এ্যাক্সিডেণ্টে একজন মারা যায়, সঙ্গে সঙ্গে বাস মালিকরা

বাস বন্ধ করে দেয়। ২১৭ নং বাস গতকাল একজনকে ধাক্কা দিয়েছে, ফলে বাসের মালিকরা বাস বন্ধ করে দিয়েছে। এইভাবে বাসের মালিকরা ১।২।৩ করে বাস বন্ধ করে দিচ্ছে, এতে ঐ এলাকার লোকের যথেষ্ট অসুবিধা হচ্ছে। আমি আগের দিন পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি, আজকে আবার নতুন করে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি যাতে অবিলম্বে এই বাসগুলি চালানোর জন্য তিনি সমস্ত রকম পদক্ষেপ গ্রহণ করেন। তা না হলে ঐ অঞ্চলে প্রচণ্ডভাবে একটা অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। বাসের মালিকরা হঠাৎ বাস বন্ধ করে দিচ্ছে, তাদের সম্পর্কে কিছু ব্যবস্থা গ্রহণ করুন, এই বিষয়ে আমরা সব সময় সাহায্য করবার জন্য প্রস্তুত আছি। এই বিষয়ে বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার দরকার আছে। এই বিষয়ে আমি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Presentation of the Second Report of the Committee of Privileges (1982-84)

Shri Kalimuddin Shams (Deputy Speaker): I, the Chairman of the Committee of Privileges, having been authorised by the Committee to submit the Report on their behalf, present the Second Report to the House on the question of privilege raised by Shri Banamali Das, M.L.A regarding alleged ill-taeatment caused to him by the Officer-in charge of Nanoor Police station, district Birbhum, in his office on the 25th April, 1983.

The matter was referred to the Committee of Privileges by the Speaker on the 7th May, 1983 under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Committee held four sittings to consider the matter and finalised its recommendation on the 30th November, 1983.

At the meeting held on the 27th January, 1984 the Committee considered their draft Report on the matter and adopted it.

Presentation of the Third Report of the Committee of Privileges (1982-84)

Shri Kalimuddin Shams (Deputy Speaker) : I, the Chairman of the Committee of Privileges, having been authorised by the Committee to submit the Report on their behalf, present this third Report to the House on the question of breach of privilege and contempt of the West Bengal Legislative Assembly arising out of a press release dated the 13th September, 1983 made by Shri Bachan Singh Saral General Secretary, Akali Dal, Bengal, 31, Rash Behari Avenue, Calcutta-26, contradicting and criticising the statement of Shri Subrata Mukhopadhyaay, M.L.A. in the state Assembly regarding a demonstration inside the office of the Hindi daily newspaper, "Sanmarg".

The matter was referred to the Committee of Privileges by the Speaker on the 21st September, 1983 under rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Committee held two sittings to consider the matter and finalised its recommendation on the 30th November, 1983.

At the meeting held on the 27th January, 1984, the Committee considered the draft Report on the issue and adopted it.

LAYING OF REPORTS

The Annual Report on Working and Affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1981-82.

Shri Patit Paban Pathak : Sir, with your permission, I beg to lay the Annual Report on working and affairs of the State Fisheries Devolopment Corporation Limited for the year 1981-82.

[12-40—12-50 P. M.]

শ্রীননী কর ঃ মিঃ স্পীকার স্যার, আমি একটিখুব জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে গত দোলের দিন অর্থাৎ ১৭-৩-৮৪ তারিখে হাবড়া অঞ্চলে নয়টি জায়গায় গোলমাল হয়েছে। গোবরডাঙায় গোলমাল হয়েছে, মসলন্দপুর, জয়গাছি, দত্তরী, বনবনিয়া, আসরামাবাদ, তাজপুর—এইসব জায়গাতেই গোলমাল হয়েছে। ঘটনাক্রমে দেখা যায় এই সব কয়টি গোলমালই করেছে কংগ্রেস আই-এর পরিচিত লোকেরা। আমি জানি না এটা তাদের পরিকল্পিত ব্যাপার কিনা। তারা সব জায়গাতেই এই রকম গোলমাল কি করে যাবে? তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এই দিকে একটু নজর দেন। যদি এই রকম এদের পরিকল্পনা থাকে তাহলে নিশ্চয়ই এর প্রতিকার করতেই হবে।

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অসুস্থ্য হয়ে এসেছি। তবুও আমার কিছু বলার কথা, তাই আমি বলছি। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট এই হাউসে রেখেছেন, তা আমি সমর্থন করতে পারছি না বলে আমি দুঃখীত। তার কারণ এই বাজেট জনবিরোধী বাজেট এবং এই বাজেট পড়লেই দেখা যাবে এটা হতাশায় ভরা হতাশাব্যাঞ্জক। এই বাজেটে অর্থমন্ত্রীর পাণ্ডিত্যের ছাপ আছে—তিনি তো পণ্ডিতের পণ্ডিত একটু মনোযোগ সহকারে এই বাজেট পড়লেই দেখা যাবে এতে আছে পাণ্ডিত্যের ছাপ এবং তা দিয়ে আসল ঘটনাকে অর্থমন্ত্রী মহাশয়, চাপা দেবার চেষ্টা করেছেন। আর তিনি তার বক্তৃতার ৪৬ নং প্যারাতেই বলেছেন যে, কিছু অনিশ্চয়তা থেকেই যাচ্ছে—অনেক ক্ষেত্রে অদল বদল হবে। অর্থাৎ তিনি যে নিজেই যে বাজেট এই হাউসে রেখেছেন তাতে তিনি নিজেই বলেছেন যে এটা অনিশ্চিত বাজেট। আমি দেখাবার চেষ্টা করবো যে এই বাজেট খুব বড় আঘাত হেনেছে গরীব মধ্যবিত্ত মানুষদের উপর। এই সাত বছরে রাজ্যের অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছে—জরাজীর্ণ হয়ে পড়েছে। এই বাজেটে পশ্চিমবাংলার মানুষের জন্য কোন আশার আলো তো নাই-ই, বরং আমি বলবো পশ্চিম-বাংলার সর্বহারা এবং শিক্ষিত বেকারদের সামনে ঘোর অন্ধকার।

গত বছর ২১শে মার্চ যখন তদানিন্তন রাজ্যপাল মিঃ পাণ্ডে মুখ দিয়ে বলেছিলেন যে রাজ্যের অর্থনৈতিক বিকাশকে গতিময় করে তুলতে এবং ন্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা গঠণ করতে বর্তমান সরকার আত্মনিয়োগ করেছেন। কিন্তু এই বাজেট থেকে আমি বলবো, ন্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা গড়তে, তাঁরা যে আত্ম নিয়োগ করেছেন, তার কোনও ছবি এর মধ্যে নেই। লোকে

বলে, এবং সংবাদ পত্রেও বের হয় যে বর্তমান অর্থমন্ত্রী আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অর্থনীতিবিদ, তাঁর বাজেট ভাষণে অর্থনৈতিক বিকাশের গতিময় করে তোলার কিংবা ন্যায় ভিত্তিক সমাজ ব্যবস্থা প্রবর্তনের কথা কোন জায়গায়, কোথাও তিনি আভাস দেননি। তিনি গতানুগতিক ভাবে তাঁর বাজেট রেখেছেন। বরং আমি ১৯৮৩-৮৪ সালের ইকনমিক রিভিউ থেকে দেখাবার চেষ্টা করবো, তিনি যে অর্থনৈতিন পর্য্যালোচনা আমাদের সামনে রেখেছেন, তার থেকে দেখা যাবে যে এখানকার অর্থনৈতিক অবস্থা জরাজীর্ণ এবং অন্য রাজ্যের তুলনায় আমরা অনেক পিছিয়ে আছি। এখন আমি বাজেটের বিভিন্ন অনুচ্ছেদ নিয়ে আলোচনা করার চেষ্টা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর এই বাজেটের সবচেয়ে বড় কৃতিত্ব, পশ্চিমবাংলার মানুষের ঘাড়ে অতিরিক্ত ৭৫ কোটি টাকা ট্যাক্স। তিনি ৭৫ কোটি টাকার ট্যাক্স দেখিয়ে বলেছেন একবার, উদ্বৃত্ত হতো, যদি গত বছর জ্যোতি বোস অর্থমন্ত্রী না থাকতো। এত ঘাটতি তিনি রেখে গেছেন, যার ফলে এবার ২৩ কোটি টাকার ঘাটতি থেকে গেছে। সাম্প্রতিক কালে এমন করের বোঝা অভূতপূর্ব। এই রাজ্যের পাশে যান, ত্রিপুরাতে, সেখানে কোন করের বোঝা নেই, উড়িষ্যায় যান, সেখানে কোন কর নেই, মহারাষ্ট্রে যান, সেখানে কোন কর নেই, নুতন করের কোনও প্রস্তাব নেই। এখানে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর পশ্চিমবাংলার মানুষের কাছে অনুদান, এর পরেও বাজেট ঘাটতি থাকছে, ২৩ কোটি ২৩ লক্ষ ২৫ হাজার টাকা। নিশ্চয়ই বাজেট যখন হয়, বাজেট কখনও উদ্বৃত্ত হয়, কখনও ঘাটতি হয়, এটাই হচ্ছে নিয়ম। আমি ঘাটতি হয়েছে বলে বলছি না, আমাদের অর্থমন্ত্রীকে, যে তাঁর বাজেট খুব বাজে বাজেট। কিন্তু এই বাজেটের অন্যান্য সব কিছু দেখলে দেখা যাবে, যে ভাবে কর চাপিয়েছেন, যে ভাবে রেহাই দিয়েছেন, এইগুলি যদি আমরা আলোচনা করে দেখি তাহলে দেখবো যে যাদের যাদের রেহাই দিয়েছেন, তাদের রেহাই দেবার কোন কারণ ছিলনা এবং যে যে জিনিষে উপর তিনি কর চাপিয়েছেন সেইগুলি মানুষের ঘাড়ে কি ভাবে আঘাত করবে, সেইগুলো আমি একে দেখাবার চেষ্টা করব। যেমন, যে আয়ের হিসাব দিয়েছেন, গত বছর রেভেনিউ থেকে ৮৮৪ কোটি ৯৬ লক্ষ টাকা আসার কথা ছিল। মাননীয় অর্থমন্ত্রী বলবেন কি,—গত বছরের কথা বলছি আমি, অর্থাৎ এই বছর সেখানে আসছে ৭৯৯ কোটি ৩৬ লক্ষ টাকা। অর্থাৎ রাজস্ব থেকে যে টাকা আসার কথা ছিল সেটা আসছে না। সুতরাং আপনি যে আদায় করার কথা ভাবছেন, সেটা যে আদায় হবে, কি রাজস্ব, কি অন্যান্য খাতে, তার কোনো নিশ্চয়তা নেই। ৭৫ কোটি টাকা নিয়ে—এই ব্যাপার নিয়ে এখন বলার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্যারা সিক্সে তিনি বলেছেন,—

[12-50—1-00 P.M.]

During the Six Year period between 1977-78 to 1982-83, 74, 270 small units with fresh employment 5, 41, 180 persons were formed in West

Bengal. স্যার, আপনি ৬ প্যারাটা একটু দেখুন। এখানে দেখা যাচ্ছে আপনাদের আমলে এভারেজে ১২ হাজার ৩৯৪টি নতুন ইউনিট তৈরী হয়েছে এবং এতে ৯০ হাজার ১৯৭ জন মানুষের ফ্রেস এমপ্লয়মেণ্ট হয়েছে। আপনি ১৯৭২/৭৩ সাল থেকে ১৯৭৬/৭৭ সালের দিকে একটু ফিরে তাকিয়ে দেখুন—অবশ্য আপনি দেখবেন কিনা জানিনা, কিন্তু ঐ সময় ৫ বছরের মধ্যে স্মল স্কেল ইনডাষ্ট্রিতে দারুণ অগ্রগতি হয়েছিল এবং সেই সময় আমাদের মন্ত্রী ছিলেন ডাঃ জয়নাল আবেদিন এবং অতীশ সিংহ। এ ৫ বছরে ৭১ হাজার ৯১১টি নতুন ইউনিট তৈরী হয়েছিল এবং ৫ লক্ষ ৫৫ হাজার ৩৯৮ জন মানুষের এমপ্লয়মেণ্ট হয়েছিল। আর আপনাদের ৬ বছরে ৫ লক্ষ ৪১ হাজার ১৮০ জন মানুষের এমপ্লয়মেণ্ট হয়েছে। সেই সময় এ্যাভারেজে ১৪ হাজার ৩৪৫টি নতুন ইউনিট প্রতি বছর হয়েছিল এবং এ্যাভারেজ ১ লক্ষ ১১ হাজার ৮৯ জন মানুষের পার ইয়ার এমপ্লয়মেণ্ট হয়েছিল। মোটামুটি স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিতে সেই সময় এত লোকের এমপ্লয়মেণ্ট হয়েছিল। সুতরাং আপনাদের কৃতিত্বের কোন ছাপ এতে নেই। আপনারা এসে রেভলিউসান নিয়ে আসবেন বলেছিলেন, বিপ্লব নিয়ে আসবেন বলেছিলেন। কিন্তু সত্যিকারের কোন বিপ্লব নিয়ে আসতে পারেন নি। বরং কংগ্রেস আমলে ৫ বছরে যা হয়েছিল আপনাদের ৬ বছরেও তা সম্ভব হয়নি, অথচ আপনি ৬ দফাতে খুব বড় বড় কথা বলেছেন। স্যার, এর পর আপনি ৪৭ দফায় আসুন। এখানে আপনি ৭৫ কোটি টাকা নিয়ে আলোচনা করেছেন। আপনি বলেছেন, While raising these additional resources care must be taken and the middle classes are not at all inconvenienced. এই এ্যাডিশন্যাল রিসোর্সেসের ব্যাপারটায় আপনি নিশ্চয় খেয়াল রেখেছেন—আসলে কিন্তু আপনি গরীব, মধ্যবিত্ত মানুষদের দিকে যে তাকান নি, সেটা আমি আপনাকে দেখাবার চেষ্টা করব। আপনি ৫০ দফায় কিছু কনসেসন দিয়েছেন। আমি কি আপনাকে জিজ্ঞাসা করতে পারি—Is the poor man going to be benefitted by the Tax concessions on iron and steel safes, cushions, mattresses, pillows made of rubber from, linoleum voftage stabilisers, electro magnetie recording tapes, dictaphones and opera glasses? আপনার অফিসে ডিকটাফোন নেই, বড় বড় কমার্শিয়াল অফিসে আছে। এগুলিতে আপনি কনসেসন দিয়েছেন। গরীব মানুষের জন্য কি এই কনসেসন দেওয়া হয়েছে? আপনি বলেছেন এতে আপনার বছরে ৫॥ কোটি টাকা ক্ষতি হবে। এখানে আপনি যদি কনসেসান না দিতেন তাহলে আপনার ৫॥ কোটি টাকা আরো আসত এবং এর ফলে আপনাকে ৭৫ কোটি টাকার ট্যাক্স বসাতে হতো না, ৬৯॥ কোটি টাকায় নেমে আসত।

মাননীয় অর্থনন্ত্রীর কাছে আমার নিবেদন, তিনি যে সব জিনিষ কনসেসান দিচ্ছেন, dictaphone, opera glass, binoculars, electro-magnetic recording tape. এগুলি কি গরিব মানুষের ব্যবহার করা জিনিষ? পশ্চিমবাংলার মানুষ যেখানে খেতে পায় না সেখানে

কাদের দিকে তাকিয়ে তিনি এইসব জিনিষে কনসেসান দিচ্ছেন? তাই আমি বলছি, The interest of the rich and the privilege classes of the people is being served by the Left Front Government. আপনারা ধনী মানুষদের স্বার্থের দিকে তাকিয়ে এইসব করছেন। এতে আমার বন্ধু রাজকুমার বীরেনবাবুর মতন লোকের লাভ হতে পারে কিন্তু গরিবদের কোন লাভ হবে না। আমি জানি না ঐ রকম রাজকুমার আর কে কে আপনাদের মধ্যে আছেন তবে একটা রাজকুনার কে আমি চিনি যেহেতু একই জায়গায় আমাদের বাড়ী। সেই রাজকুমারদের লাভ হতে পারে কিন্তু রাজকুমারদের অধীনে যে সমস্ত প্রজারা আছেন, যারা দিন আনেন দিন খান, ঐ ক্ষেতমজুর, অল্প জমির মালিক, তিনি কি বলতে পারেন ঐ যে ৫॥ কোটি টাকা রেহাই দিচ্ছেন সেটা দিয়ে তিনি এদের উপকার করছেন কিনা? আমি আশা করি এর একটা উত্তর তিনি দেবেন তিনি যদি বলেন ঐ সব জিনিষ গরিব লোকরা ব্যবহার করেন তাহলে অবশ্য আমার কিছু বলার নেই। এরপর আপনি আসুন প্যারা ৫২, ৬২তে। আপনি tyre, tube. flaps এর উপর রেটটা রিভিউস করেছেন। ভালো কথা। যারা কনজিউমার তাদের নিশ্চয় ভোগ করার কথা কিন্তু আমি বলছি, আসলে যারা কনজিউমার এর দ্বারা তাদের কোন লাভই হবে না। তার কারণ হচ্ছে, আর একটা জায়গায় motor vehicles taxes and taxes on the spare parts এটা বাড়িয়েছেন। কাজেই কনজিউমারদের লাভ হবে না। আসলে যাদের লাভের জন্য আপনারা ব্যস্ত, ঐ ডানলপ, মালটি ন্যাশানাল, মোদি, জে. কে ইত্যাদি সব মনোপলি হাউস তাদের লাভ হবে। কনজিউমারদের যে লাভ হবে না সেটা আমি এরপর দেখাবার চেষ্টা কয়বো। সেখানে মোটর ভেহিকল ও পার্টসের উপর যে ট্যাক্স চাপিয়েছেন তার থেকেই এটা প্রমানিত হবে। তারপর আসুন ৫২ নং প্যারাতে। সেখানে আপনি শিশুর দুধ বাদ দিয়ে অন্যান্য মিল্ক পাউডারের উপর ট্যাক্স চাপিয়েছেন। স্যার, এই প্রসংগে আপনাকে জানাই, পি. এ. কমিটির চেরারম্যান হিসাবে আমি এবং তার সদস্য হিসাবে ডাঃ জয়নাল আবেদিনের প্রশ্নের জবাবে অফিসাররা জানিয়েছিলেন যে বাজারে সরকার যে দুধ বিক্রি করেন তার ৭৫ ভাগ পাউডার মিল্ক এবং ২৫ ভাগ কোনরকমে গ্রাম থেকে পাওয়া যায়। সেই ২৫ ভাগ দুধও কোন সময় পাওয়া যায় আবার কোন সময় পাওয়া যায় না। তারা বললেন, ধরে নিন সবটাই পাউডার মিল্‌ক দিই। তারপর তাতে জল মেশানো হয় কিনা সেসব কথায় আমি যাচ্ছি না। কাজেই পাউডার মিল্‌কের উপর ট্যাক্স করে আপনি গরিব মানুষদের যে দুধ সরবরাহ করা হয় তার দাম বাড়িয়ে দিচ্ছেন। তারপর স্যার, মাননীয় অর্থমন্ত্রী তাঁর পাণ্ডিত্যের জোরে ঘুরিয়ে ট্যাক্স করছেন। তিনি যে ট্যাক্স চাপাচ্ছেন তাতে গরিব মানুষের কোন উপকার হচ্ছে না। যেমন tax on batteries other than those used in vehicles as original equipments is proposed to be enhanced.

[1-00—1-10 P.M.]

এটা তিনি নিয়েছেন। অর্থাৎ বিড়লা যখন এ্যামব্যাসাডর করবে, টাটা যখন তার ট্রাক কিম্বা অন্য ভিহকলস করবে তখন ট্যাক্স লাগবে না। ট্যাক্স লাগবে কখন? যখন সাধারণ মানুষ

এই ব্যাটারী করতে যাবে তখন লাগবে। এটা হচ্ছে Tax on batteries other than those used in vehicles as original equipment is proposed to be enhanced. এখানে অরিজিন্যাল ইকুইপমেণ্ট হিসাবে তার ট্যাক্স চাপছে না। ট্যাক্স চাপছে কখন? ট্যাক্স চাপবে তখনই যখন ষ্টোরেজ ব্যাটারিজ সাধারণ মানুষ কিনবে। কিন্তু যখন বিড়লা কিনবে, যখন টাটা কিনবে তখন লাগছে না। আপনারা আবার গরীবের সরকার, গরীবের বন্ধু বলেন, এই হচ্ছে সত্যিকারের গরীবের বন্ধু। তিনি আবার আর একটা জিনিস নুতনভাবে করেছেন। প্যারা ৫৩-তে ফার্টিলাইজার সম্পর্কে বলা হয়েছে। এই সারে ট্যাক্স কনসেসান ছিল। এখন তিনি বলছেন, যে কনসেসান ছিল, দ্যাট মে বি ডিসকনটিনিউড। এই সার ব্যবহার করে কারা? এই সার ব্যবহার করে চাষীরা, মধ্যবিত্তরা, গরীবরা, কৃষকরা। আজকে যে সারের উপরে কনসেসান ছিল, সেই কনসেসান ডিলাররা ভোগ করতো, দ্যাট উইল বি ডিসকনটিনিউড। আমি প্যারা ৫৩টা সব পড়েছি। আপনি বলার সময়ে এই বিষয়ে আমাদের বলবেন। আমার মনে হয় দিস উইল ইনক্রিজ দি প্রাইস অব ফার্টিলাইজার। তারপরে প্যারা ৫৬ দেখুন। সেখানে আপনি ২০ পারসেনট ট্যাকস করেছেন পশ্চিমবাংলার লটারীর উপরে। আপনি বলেছেন যে কর্ণাটককে অনুসরন করে এটা করেছেন। লটারীর টিকিট কিনে গরীব মানুষেরা অনেক সময়ে ভাবেন যে একদিন তারা বড় লোক হতে পারেন এবং সেজন্য তারা টিকিট কেনেন। সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যে লটারীর টিকিট পশ্চিমবাংলায় বিক্রয় হয় তাদের ক্ষেত্রেও এটা হবে সেকথা কিন্তু বলেননি। আপনি বলেছেন, 'লটারী টিকিট অব বেঙ্গল'। আমি আপনাকে বলছি যে এই আইন এনে আপনি মারা পড়বেন। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের লটারীর টিকিট এখানে বিক্রয় হলে তার উপরেও ২০ পারসেণ্ট লাগবে—সেকথা আপনি বলেন নি। আজকে পশ্চিমবাংলার লটারীর টিকিটের উপরে যদি ২০ পারসেণ্ট ট্যাক্স চাপে তাহলে এখানকার লটারীর টিকিট বিক্রি হবে না। পশ্চিমবাংলার বাইরের যে সমস্ত রাজ্য আছে, সেখানকার লটারীর টিকিট বিক্রয় হবে। তারপরে প্যারা ৫৮-তে আসুন। গ্রামের দিকে মানুষ যাত্রা, থিয়েটার, এগুলি আমোদের জন্য দেখে। এটার উপর থেকে ট্যাক্স উঠিয়ে দেওয়া হয়েছিল যাতে তারা থিয়েটার দেখতে পারে, যাত্রা দেখতে পারে। একেই যাত্রায় যারা যায় তারা অনেক টাকা নিয়ে যায় এবং তাদের টাকা দিতে গিয়ে টিকিটের হারও বেড়ে যায়। আমাদের অর্থমন্ত্রী গ্রামে বাস করেন না, তিনি শহরে বাস করেন। তিনি আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন একজন অর্থনীতিবীদ হিসাব পরিচিত বলে গ্রামের মানুষের কথা একবারও চিন্তা করলেন না। একজন মানুষ যাত্রা দেখবে, যার উপর থেকে ট্যাক্স উঠিয়ে দিয়েছিল, সেটা আবার বসবে। আপনি কত নিষ্ঠুর এটা বোধ হয় গ্রামের মানুষ জানেনা।

স্যার, আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি এবং ওঁকে বিষয়টি ভাল করে দেখাবার জন্য অনুরোধ করছি। গত বছর অর্থমন্ত্রী ছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী

নিজেই এবং তিনি তখন একটি কাজ করেছিলেন যারজন্য আমরা তাঁকে ধন্যবাদ জানিয়েছিলাম অথচ আজকে মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট প্রস্তাবের ফলে সেই ধন্যবাদ আমাদের ফিরিয়ে নিতে হচ্ছে। চা-এর ও-পর যেখানে গত বছর জ্যোতি বসু ট্যাক্স কমিয়ে দিয়েছিলেন সেখানে বর্তমান অর্থমন্ত্রী আবার ট্যাক্স বাড়িয়ে দিয়েছেন। গত বছর মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বলেছিলেন,

"The plight of the tea gardens in the State has been engaging our attention for some time past. The industry did not make any significant investment in an important area, namely, replantation of new bushes in those favourable years when there were increases both in the quantity and unit value of exports The failure of the industry to take a long terms development perspective has led to the present crisis in the industry. In the bargain, the State and the workers have been badly hit—the State for non-receipt of their tax dues and the workers because of lay-off, closure of gardens etc. Keeping in mind the plightt of the workers I propose the following concession relating to cess on tea. There will be a blanket exemption from payment of cess on the first 1,00,000 kilograms of made tea or the first 4,50,000 kilograms of green tea leaves for a garden in one year."

অথচ আজকে মাননীয় অর্থমন্ত্রী ডাঃ মিত্র, তাঁর বাজেট বিবৃতি ৬৩/৬৪ নং প্যারায় বলছেণ, "এই রাজ্যে চা বাগান থেকে সরাসরি প্রেরিত চা চালানের উপর কিলোগ্রাম পিছু দেড় টাকা হারে অনুরূপ কর্মসংস্থান তথা উৎপাদন সেস আছে এই সেসের হার বাড়িয়ে আমি কিলোগ্রাম পিছু তিন টাকা রাখতে চাই।" অর্থাৎ দেড় টাকা ছিল, তিন টাকা করলেন, অর্থাৎ ১০০% বাড়িয়ে দিলেন। অর্থাৎ থ্রি পারসেণ্ট concesion is proposed to be discontinued. তার পরে আবার উনি বলছেন, "তৈরী চায়ের ক্ষেত্রে প্রথম এক লক্ষ কিলোগ্রাম এবং চা পাতার ক্ষেত্রে প্রথম ৪৫০,০০০ কিলোগ্রাম হারে এই সেসের যে ছাড় আছে তা আমি কমিয়ে এনে যথাক্রমে প্রথম ৫০,০০০ এবং প্রথম ২২৫,০০০ কিলোগ্রাম রাখতে চাই।" অর্থাৎ জ্যোতিবাবু যেটাকে ১ লক্ষে নিয়ে গিয়েছিলেন চা বাগানকে বাঁচাবার জন্য সেটাকে উনি আবার কমিয়ে চা বাগানকে ধ্বংস করবার জন্য ৫০,০০০ নিয়ে এলেন। বিগত এক বছর আগে মার্চ মাসেব এই সময়ে জ্যোতি বাবু যেটা বাড়িয়ে ছিলেন, সেটাকে উনি কমিয়ে আনলেন। এক লক্ষ কিলোগ্রামের জায়গায় ৫০,০০০ কিলোগ্রাম এবং ৪৫০,০০০ কিলোগ্রামের জায়গায় ২২৫,০০০ কিলোগ্রাম করলেন।

সেস ছাড়ের হারটাকে উনি এইভাবে কমিয়ে দিলেন। এই তো হলো অবস্থা! স্যার, কেবল তাই নয়, তার পরে শুনুন, Exemption of this limit from this cess is being reduced to half. যেটা অর্ধেক করা হয়েছিল সেটাকে পুরোপুরি আবার নেবার জন্য চা'এর ওপর নতুন একটা ট্যাক্স বসছে এবং সেই ট্যাক্সটাকে শিক্ষা সেস হিসাবে নেওয়া হবে। অর্থমন্ত্রী বলছেন, "তবে চা উৎপাদনের ক্ষেত্রে এবার আমি শিক্ষা সেসও বসাতে চাই, চা বাগান থেকে সরাসরি প্রেরিত চায়ের উপর কিলোগ্রাম প্রতি ১ টাকা, প্যাকেট পাঠানোর উপর কিলোগ্রাম প্রতি ২৫ পয়সা এবং নীলাম কেন্দ্রে পাঠানো চায়ের ক্ষেত্রে এই সেস হবে কিলোগ্রাম প্রতি ১০ পয়সা।" স্যার, অর্থমন্ত্রীর এই প্রস্তাবের ফলে কি হবে জানেন, ওয়েষ্ট বেঙ্গলের চা শিল্প, এর এফেক্ট হিসাবে ক্ষতিগ্রস্থ হবে, প্রতি কিলোগ্রাম চা'এর ৪ টাকা করে দাম বাড়বে।

[1-10—1-20 P.M.]

প্রতি কিলেগ্রাম ৪ টাকা করে বাড়বে। আমি বলছি, এই চা গরীব মানুষেরা খায়। গরীব মানুষেরা এক কাপ চা খেয়ে কোন রকমে খিদে মেটায়। সেই চায়ের উপর ট্যাক্স বসিয়েছেন। অন্ততঃ এই সরকারের পক্ষে—যারা সর্বহারার সরকার বলে, যারা গরীব মানুষের সরকার বলে—তাদের লজ্জা করা উচিত। স্যার, এরপর আপনি আসুন, Sales Tax on motor vehicles, spares and accessories are being increased. Motor vehicles tax on commercial vehicles is proposed to be increased by forty percent. Tax on cars proposed to be increased by over fifty precent. এই যে আপনি ৪০ পারসেন্ট কর্মাশিয়াল ভিহিকিল্‌সের উপর বাড়ালেন এতে করে ট্রান্সপোর্টেসান কষ্ট নিশ্চয়ই বাড়বে। আর ট্রান্সপোর্টেসান কষ্ট বাড়া মানে জিনিষপত্রের দাম বাড়া এবং জিনিষ পত্রের দাম বাড়া মানে গরীব মানুষের ক্ষতি হওয়া। সেখানে এবার যখন রেলের ফ্রেট চার্জ কমলো, আপনি সেই সময়ে এই ট্যাক্স বাড়িয়ে দিলেন। ইনডায়েরেকট ট্যাকসেসান সম্পর্কে এনকোয়ারী করার জন্য এল. কে. ঝা'র একটি কমিটি হয়েছিল। সেই কমিটির একটা রিপোর্ট ১৯৮০ সালে বেরিয়েছিল। সেই রিপোর্টে বলছে,—

Road transport serves a basic personal need of the people. The cost of transportation affects the prices of all products and has a perceptible impact on the lowest expenditure groups as it raises the cost of every necessity. These taxes though initially borne by the Transport Operators is ultimately passed on to the consumers. A strong case would thus seen to exist both on social and economic consideration for a reduction

in the total burden of the various levies so as to reduce the cost of road transport. The L. K. Jha Committee felt that at least some move should be initiated to relieve the economy of the burden which the heavy taxation of the road transport industry imposes. The L. K. Jha Committee has suggested that there should be no increase in Motor Vehicles Taxes for at least ten years. স্যার, উনি তো বাড়ালেন, ৫ বছর বাড়াননি সেই জন্য বাড়ালেন। Additional Employment Programme entrepreneurs who have received margin money assistance from the State Government and borrowed money from the Banks will be very badly hit by such levies. Additional annual burden of over 3000/- is likely to be imposed on then for each conventional truck owned by them. The rates of Motor Vehicles Tax in Orissa are much lower. উড়িষ্যায় যদি ট্যাক্স কম হয় তাহলে সাধারণতঃ গাড়ী রেজিষ্ট্রী হবে উড়িষ্যাতে, আপনার এখানে হবে না। আপনি যে ইনকাম আশা করছেন সেই ইনকাম হবে না। অথচ আপনি প্যারা ৬৭-তে বলছেন, "এই রাজ্যে রেজিষ্ট্রিকৃত এখন মোটর গাড়ী, ট্রাক ইত্যাদির অন্তত শতকরা চল্লিশ ভাগের ক্ষেত্রে এখন কোনো কর আদায় করা যাচ্ছে না"।

আপনি যদি বলে থাকেন যে ৬৭ দফা কর আদায় হচ্ছে না ৪০ ভাগ। আপনি দয়া করে যদি সেটা আদায় করতেন ট্যাক্স না চাপিয়ে তাহলে ভাল হোতো। আপনি নিজে স্বীকার করেছেন যে ৪০ ভাগ ফাঁকি দেয়, অথচ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি আবার ট্যাক্স চাপাচ্ছেন ৪০ পারসেন্ট ৫০ পারসেন্ট। আমি জানিনা কেন চাপাচ্ছেন? আপনার পিছনে তো কোন লোক নেই, অফিসার ইত্যাদি আপনি তো শুনেছি নিজেই সব করেন। এর ফলে প্রায় এক কোটি টাকা আপনি আদায় করতে চাইছেন। ৪০ পারসেন্ট গাড়ী যদি,—আপনি শতকরা ৪০ ভাগের ক্ষেত্রে যদি কোন ট্যাক্স আদায় করতে না পারেন তো এ আপনার অপদার্থতা। আপনি এদিকে আদায় করতে পারছেন না আর, আর এক দিকে ট্যাক্স বাড়াচ্ছেন ৪০ ভাগ ৫০ ভাগ, এটা কেমন কথা? এবারে অসুন ৬৯ এন্ট্রি ট্যাক্স, এবারে আপনি নতুন জিনিষ আমদানী করেছেন। ৬৯ এন্ট্রি ট্যাক্স, আপনি এই ট্যাক্সে দেখবেন—ডাঃ ভবতোষ দত্ত, তাঁর রিপোর্ট নিয়েই নাকি করেছেন—এতদিন মিউনিসিপ্যাল এরিয়ায় কোন জিনিষ ঢুকলে ট্যাক্স লাগতো না। বর্ত্তমান সরকার সুরু করলেন। সুরু করেছেন দুর্গাপুর, আসানসোল থেকে আরম্ভ করে ওদিকে শিলিগুড়ি, জলপাইগুড়িতে যদি কোন মাল বিক্রির জন্য যায় কিম্বা আসানসোল কিম্বা দুর্গাপুরে যদি কোন মাল বিক্রির জন্য যায় সেখানে এন্ট্রি ট্যাক্স লাগবে। তবে আপনি বলেছেন ১০ লাখের উপরে হলে। কিন্তু আপনি জানেন যারা ব্যবসায়ী তারা আপনার চেয়েও চালাক। আপনি অর্থমন্ত্রী হতে পারেন কিন্তু কি করে ফাঁকি দিতে হয় ব্যবসায়ীরা আপনার চেয়ে বেশী

জানে। যখন তারা দেখবে ১০ লাখের উপরে ট্যাক্স লাগবে তখন তারা ঐ তাদের ব্যবসাকে ভাগ ভাগ করে নেবে, কিছুতেই ১০ লাখ হতে দেবে না। ফলে আপনি দেখবেন ১০ লাখের উপরে ট্যাক্স চাপিয়ে আপনি যে টাকার আশা করছেন, যেটা এর থেকে পাবেন বলেছেন—১০ কোটি টাকা পাবেন বলেছেন—আপনি তা পাবেন না, ১০ কোটি কেন এক পয়সাও পাবেন না, কাজেই আঙুল চোষা ছাড়া আপনার আর করার কিছু থাকবে না। এর পরে আপনি নাকি আরম্ভ করেছেন যে প্রতি মিউনিসিপ্যাল এরিয়ায় এই ধরণের মাল ঢুকলে নাকি আপনি ট্যাক্স চাপাবেন, আপনি গরীব মানুষের বন্ধু, আপনি কত দয়ালু। আপনি আজকে কনসেসন দিলেন, সব বড়-লোকের জিনিষের উপর আপনার এই সব ট্যাক্স চাপিয়ে। যখন ট্যাক্স চাপবে আপনি জানবেন এই মাল বিক্রির উপরে তখন সেই ট্যাক্স ব্যবসায়ীরা ঘর থেকে দেবে না, সেই ট্যাক্স সাধারণ মানুষের ঘাড়ে চাপবে। সাধারণ মানুষের ঘাড়ে চাপবে। সাধারণ মানুষের ঘাড়ে চাপিয়ে আদায় করবে, সুতরাং সাধারণ মানুষ এ্যাফেকটেড হবে। আপনি ট্যাক্স চাপিয়ে দেবেন, ১০ কোটি টাকা পাবেন, ভাবছেন কিন্তু আসলে—আপনি পাবেন কি'না জানিনা—ব্যবসায়ীরা এই ট্যাক্স দেবেনা। আজকে মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে জিনিষ ঢুকলে এন্ট্রি ট্যাক্স নেওয়া হবে এবং এতে কোরা-পসান বাড়বে, যেমন অকট্রয়েতে বেড়েছে, অকট্রয় যেমন কোরাপসান বাড়িয়েছে এতেও তেমনি কোরাপসান বাড়বে। আপনি সেই কোরাপসানের প্রশ্রয় দিচ্ছেন। এখন আসুন, আমি আপনার কাছে আর একটি বিষয় নিয়ে আলোচনা করছি। আপনি ২৭ দফাতে বলেছেন—২৭ দফাটা পড়ে দেওয়া ভাল—'কমিশনের রিপোর্ট পেতে দেরি হচ্ছে, আমাদের ১৯৮৪-৮৫ সালের বাজেট প্রস্তাব তৈরী করতেও তাই একটু অসুবিধা দেখা দিয়েছে। পরিকল্পনা কমিশনেয় সঙ্গে আমাদের কয়েকটি বৈঠক হয়েছে ; ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বার্ষিক যোজনার পরিমাণ কত হবে তা নিয়ে কিন্তু আমরা মতৈক্যে পৌছতে পারি নি। আমরা অতএব প্রধান সমস্যাগুলি নিয়ে আলোচনার জন্য জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠক ডাকার অনুরোধ জানিয়েছি। অর্থ কমিশনের রিপোর্ট হাতে না পাওয়াও পরিকল্পনার পরিমাণ নির্ণয়ে অসুবিধার একটি বড় কারণ। মাননীয় সদস্যদের কাছে আজ যে যে প্রস্তাব রাখা হচ্ছে, তাতে ১৯৮৪-৮৫ সালের পরিকল্পনার পরিমাণ ৭৪৮ কোটি টাকা দেখান আছে।

[1-20—1-30 P. M.]

আপনি এই ৪৪৮ কোটি টাকা সম্পর্কে বলতে গিয়ে এটা ১৯৮৪-৮৫ আর্থিক বছরের জন্য বার্ষিক যোজনা--তা কিন্তু বলছেন না। বলছেন এটা দেখানো আছে। বলছেন জাতীয় উন্নয়ন পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজন হলে এই আর্থিক ব্যাপারটার পরিবর্তন হবে। জানিনা কোথায় যাবেন আপনারা! অনুরূপ অবস্থা ১৯৭৯-৮০ সালেও হয়েছিল। আপনারা আজ কথায় কথায় কেন্দ্রীয় সরকারকে দোষ দিচ্ছেন। আমিও চাই কেন্দ্রের কাছ থেকে আরও

টাকা রাজ্যের জন্য আহুন। কিন্তু আজকে নিজেদের গাফিলতি ঢাকবার জন্য কেন্দ্রের উপর দোষ চাপিয়ে যে কথা বলছেন, আগে নিজেদের সংশোধন করুন! সেটা কতটুকু হয়েছে তা দেখা দরকার। আপনি জানেন ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গোটা ভারতবর্ষে ২২টি ষ্টেটের জন্য বরাদ্দ হয়েছিল ৪৭,২০৪ কোটি টাকা। তার মধ্যে আপনার দেওয়া হয়েছিল ৩,৫০০ কোটি টাকা Rupees three thousand five hundred plan outlay for West Bengal out of Rupees forty seven thousand two hundred four for all the 22 states ৫টি ষ্টেটের মধ্যে ৪টি ষ্টেট আমাদের চেয়ে বেশী পেয়েছিল। বাদবাকি ১৭টি ষ্টেট আমাদের চেয়ে কম পেয়েছিল এবং এই ৩,৫০০ কোটি টাকার ভেতর দিস্ গভর্ণমেণ্ট হ্যাড টু রেইজ রুপিজ ২১৭৮ ক্রোরস্ ২১৭৮ কোটি টাকার রূপ দেবার কথা এঁদের, ৬৪২ কোটি টাকা আসবে ফ্রম লোনস্, ওপেন মার্কেট অর এল. আই. সি. থেকে। আর সেণ্ট্রাল এ্যাসিষ্টেনস্ আসবে ৬৮০ কোটি টাকা। এই সবটা মিলিয়ে হচ্ছে ঐ ৩,৫০০ কোটি টাকা। ১৯৮০-৮১ সালের পর যে বছর আরম্ভ হয় সেই বছর ৫৭৫ কোটি টাকা আমাদের বার্ষিক যোজনা বরাদ্দ হয়েছিল। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী, নিশ্চয়ই আপনার মেমরি সর্ট নয়! হিউম্যান মেমরি ইজ ভেরি সর্ট বাট আই থিঙ্ক দ্যাট ইওর মেমরি ইজ নট সো সর্ট এ্যাণ্ড ইউ হ্যাভ ফরগটন্ দ্যাট। এই ৫৭৫ কোটি টাকার ভেতর আপনারা খরচ করতে পারলেন মাত্র ৪২০ কোটি টাকা, অর্থাৎ ৫৭৫ কোটি টাকা যা প্ল্যান আউটলে ফর দ্যাট ইয়ার—আপনারা খরচ করলেন মাত্র ৪২০ কোটি টাকা। ১৫৫ কোটি টাকা আপনারা খরচ করতে পারলেন না ১৯৮০-৮১ সালে! ১৯৮১-৮২ সালে সেণ্ট্রাল এ্যাসিষ্টেনস্ সহ পশ্চিমবাংলার প্ল্যান আউটলে ছিল ৬৩৮ কোটি টাকা। আউট অফ ৬৩৮ ক্রোড়স্, দি ষ্টেট গভর্ণমেণ্ট হ্যাড স্পেণ্ট অনলি রুপিজ্ ৪৫০ ক্রোড়স্। তার মানে দি ষ্টেট গভর্ণমেণ্ট কুড্ নট্ স্পেণ্ড রুপিজ ১৮৪ ক্রোরস্। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, সে সময়ে আপনি অর্থমন্ত্রী ছিলেন না। মাঝখানে এক বছর আপনাকে আমরা পাইনি—সেজন্য আমরা দুঃখিত ছিলাম। ঐ দুই বছরের মধ্যে আপনারা রিজার্ভ ব্যাঙ্ক থেকে ৩৪০ কোটি টাকা ওভারড্রাফ্ট নিয়েছেন।

তারপর আসি স্যার, ১৯৮১-৮২ সালে। যখন আপনারা পারছেন না, বার বার পারছেন না তখন ৬৩৮ কোটি টাকার জায়গায় হয়েছে ৪৫০ কোটি টাকা। এই বছর ঠিক হলো ৪৯০ কোটি টাকা। ১৯৮২-৮৩ সালে ঠিক হলো ৪৯০ কোটি টাকা। কিন্তু সেই সময় কেন্দ্র এগিয়ে এসেছিল এবং আপনাদের এডভান্স এ্যাসিসটেন্স দিয়েছিল ১৪৩ কোটি টাকা। এই কথা নিশ্চই আপনাদের মনে আছে, আপনি নিশ্চই ভুলে যান নি। অথচ আপনাদের রাগ সেই কেন্দ্রের উপর। ১৪৩ কোটি টাকা এবং তার সঙ্গে ৪৯০ কোটি টাকার যখন প্লান আউটলে হয় তখন ১৪৩ কোটি টাকা একটা এ্যাডভান্স এ্যাসিসটেন্স দেওয়া হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় স্যার, এই ১৪৩ কোটি টাকা এ্যডভান্স এ্যসিসটেন্স পাওয়া সত্ত্বেও আপনারা ৪৯০ কোটি টাকার মধ্যে খরচ করতে পারলেন মাত্র ৪৫০ কোটি টাকা। ফলে আবার আপনি ওভার ড্রাফ্ট নিলেন ৮২ কোটি টাকা।

আর জানিনা আমরা হলে কেন্দ্র কি করতেন, কিন্তু আপনাদের উপর কত দয়া। আপনারা যখন যান তখন সেখানে অনেক ভাল কথা বলেন আর বাইরে এসে কেন্দ্রকে গালিগালাজ দেন। আবার আপনাদের ৮২ কোটি টাকা ওভার ড্রাফ্‌ট দিয়েছিল। সুতরাং স্যার, এই তিন বছরে, ১৯৮০-৮১, ১৯৮১-৮২, ১৯৮২-৮৩ সালে দেখা গেল খরচ করেছেন কত? টেকিং ম্যাসিভ এ্যাসিসটেন্স ফর্ম দি সেন্টার ১৩২৩ কোটি টাকা। অর্থাৎ যে ভাগে যে প্লান আউটলে ছিল—৩৫০০ কোটি টাকা—তার মধ্যে ৩ বছরে আপনারা খরচ করতে পারলেন ১৩২৩ কোটি টাকা। অর্থাৎ ৩৮ পারসেন্ট অফ ফাইভ ইয়ার্স এপ্রুভড প্ল্যান। Out of 1323 crores of plan expenditure 1289 crores was from the Centre as central advance. ১২৮৯ কোটি টাকা এসেছে ফর্ম দি সেন্টার অর সেন্ট্রাল সোর্স। ১২৮৯ কোটি টাকা এসেছে সেন্টার থেকে এবং সেন্ট্রালী যে সমস্ত সোর্স আছে সেই সমস্ত জায়গা থেকে। আর ৩৪ কোটি টাকা মাত্র আপনার খরচ করেছেন। অর্থাৎ আপনার কীর্ত্তি অমর হয়ে থাকবে। ১৩২৩ কোটি টাকার মধ্যে ১২৮৯ কোটি টাকা কেন্দ্র দিয়েছিল। কেন্দ্রের কাছ থেকে নিলেন—সে লোন হিসাবেই নেন আর এ্যাসিসটেন্স হিসাবেই নেন। আর আপনাদের কনট্রিবিউসান ৩৪ কোটি টাকা মাত্র স্যার, এই সব কথা বলতে আমার লজ্জা লাগে। স্যার, আপনি শুনে খুসি হবেন State Government's budgetary and public sector conribution to this expenditure in three years ৩৪ কোটি টাকা।

(এই সময় লাল বাতি জ্বলিয়া ওঠে)

স্যার, আমাকে অন্ততঃ ১ ঘণ্টা সময় দেবেন।

১৯৮৩-৮৪ সালে আসুন স্যার, তখন পজিসান আরো খারাপ। আমি বলছিলাম না যে এই পশ্চিমবাংলাকে দেউলিয়া করে দিয়েছে। পশ্চিমবাংলার অর্থনীতি জরাজীর্ণ, আরো জরাজীর্ণ হতো না যদি না আপনারা এই মহা পণ্ডিতকে নিয়ে আসতেন। Current year (1983-84) is worse- The Centre approved a plan outlay of Rs. 540 crores once again giving an extra plan assistance of Rs. 69 crores. এই কথা অস্বীকার করতে পারবেন? স্যার, এই সব ফিগার আমি দিল্লী থেকে এনেছি বলে আপনাকে বলছি। জানিনা দিল্লী যদি ভুল করে—আপনারা ঠিক না দিল্লী ঠিক সেটা একটু দেখে নেবেন।

[1-30—1-40 P. M.]

The State Government promised that with this assistance, the plan would be fully financed without any further overdrawal from the R. B. I. But it

was revelated in December, 1983 thar the State Government would overdraw another Rs. 140 crores from R. B. I--, if they have to achieve this plan outlay.

এই কয়েক মাস আগে, গত ডিসেম্বর মাসে ১৪০ কোটি টাকা ওভারড্রাফট নিয়েছিলেন। Oviously, in that context, speaking about a plan of Rs. 748 crores verges on the absurd. সুতরাং এই পরিপ্রেক্ষিতে আপনি ৭৪৮ কোটি টাকা নিচ্ছেন কোন ভরসায়? গত ৪ বছরের ইতিহাস হচ্ছে ব্যর্থতার ইতিহাস। বছরে বছরে যে প্ল্যান আউটলে হয়েছে—মাত্র ৫৪০ কোটি টাকা নিয়ে ১৮৫ টাকা খরচ করতে পারেননি। বারবার আপনি টাকা নিয়েছেন এবং বারবারই ব্যর্থ হয়েছেন। বারবার আপনাকে ওভারড্রাফট নিতে হয়েছে বলে প্লান এক্সপেণ্ডিচার হয়নি, মাথাপিছু খরচ কম হয়েছে। সারা ভারতবর্ষে যেখানে প্লান এক্সপেণ্ডিচার বেশী হয়েছে, সেখানে এই পশ্চিমবঙ্গে মাথাপিছু ব্যয় আমরা কম হয়েছে দেখেছি। এর কারণ হচ্ছে, উৎপাদনমুখী নয়, এমন খাতে আপনি বেশী ব্যয় করেছেন। হাসপাতালে ব্যয় করুন, কোন আপত্তি নেই। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, হাসপাতালের জন্য কোন বিল্ডিং হয়েছে বলতে পারেন? সেখানে ওষুধের কোন ব্যবস্থা হয়েছে কিনা বলতে পারেন? স্কুলের ব্যাপারে ব্যয় হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে ক'টা স্কুলের সংখ্যা বেড়েছে বলতে পারেন? সেখানে বইয়ের দাম প্রচুর হয়েছে। সুতরাং ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে ৩,৫০০ কোটি টাকা প্লান এক্সপেনডিচার আছে, সেখানে ২,৪০০ কোটি টাকাতে আপনি পৌছুতে পারবেন না। এটা ধরেও আপনি যেটা ৩,৪০০ কোটি টাকা ধরেছেন আমি বলছি, এটা ব্যর্থ হয়েছে তাহলে এই ব্যর্থতা কার ব্যর্থতা? আপনার বা আপনাদের নয়? হ্যা, একই আওয়াজ কেন্দ্র। স্যার, ১৯৭৯-৮১ সালে যখন প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যাপারে টাকা দেওয়া হয়, তখন কেন্দ্র আগেকার ১২৬ কোটি টাকা, যেটা রিকভারী লোন ছিল, সেটা তখন পোসপণ্ড করা করা হয়েছিল। During the 1st 2nd year of plan, the Centre gave a medium term loan of Rs. 340 crores against total of Rs. 1743 crores. যেখানে গোটা ভারতবর্ষের জন্য মিডিয়াম টার্ম লোন ছিল ১,৭৪৩ কোটি টাকা, সেখানে মিডিয়াম টার্ম লোন হিসাবে কেবল পশ্চিমবাংলা পেল ৩৪০ কোটি টাকা। অথচ আপনারা বলছেন, কেন্দ্র দিচ্ছে না। সারা ভারতবর্ষের হিসাবে দেখা যাচ্ছে পশ্চিমবাংলা পেয়েছে ১৯%। তারপরে আসুন ১৯৮২-৮৩ সালের কথায়।

In 1982-83, while trying to protect the State's minimum plan against the tragic effect of the poor financial performance of the State Government in the previous 2 years. the Centre gave an extra Central assistance Rs. 143 crores as advance.

আপনারা বলছেন সেণ্ট্রাল দিচ্ছে না। যখন মিনিমাম প্ল্যান প্রোটেক্ট করতে পারছে না, তখন কেন্দ্র সে সময়ে ১৪৩ কোটি টাকা সেণ্ট্রাল এ্যাসিসটেন্স দিয়েছে। তবুও বলছেন কেন্দ্র দিচ্ছে না। এই এ্যাসিস্টেন্সে সারা ভারতবর্ষে যে সাইজে দেওয়া হয়েছে সেই হিসেবে সেকেণ্ড হাইয়েষ্ট য়্যামং ২২ ষ্টেটস। (এ ভয়েস :—এটা কারুর পৈতৃক সম্পত্তি নয়?) এটা কারুর পৈতৃক সম্পত্তি নয়—সি পি এম বা বামফ্রন্টের নয়। ২২টা ষ্টেটের মধ্যে যে টাকা দেওয়া হয়েছে ইজ দি সেকেণ্ড হাইয়েষ্ট। এটা কংগ্রেস সরকার নয়। এ ছাড়া সেই বছরে ৬৯ কোটি টাকা এডভানস দেওয়া হয়েছিল।

In the first four years of the plan, the State Government has received Rs 715 crores of Central assistance, though the original allocation for the full five-year period for the State was only Rs. 680 crores.

It is found that the State's performance was such that but for the Central intervention once again in releasing over Rs. 40 crores in the first week of March, 1984, ১৯৮৪ সালের মার্চে আবার ৪০ কোটি টাকা। all the State Government's payments would have come to a halt even while the State's budget for the next year was being presented. এই বাজেট আজকে আপনারা দেখতে পেতেন না। সামনের মাসে আপনারা ডিউ স্লিপ দেবেন কেন্দ্র থেকে যদি না আসে। ৪০ কোটি টাকা তাঁরা দিচ্ছেন। সুতরাং

West Bengal is the only State where the quantum of resources additionally mobilised has actually gone down in the last four years;

All the reveues the State Government generates is eaten up by the administrative costs, subsiyies and on account of Salary.

স্যার, আপনি জানেন এই সরকার ভরতুকীর সরকার। ভরতুকী দিতে দিতে এমন অবস্থা হয়েছে যে প্লানের ব্যাপারে ডেভালাপমেণ্টের কাজ পশ্চিম বাংলায় আর হয় না। ৩।৪ বছর তিনি স্বপ্ন দেখেছিলেন। বাজেটে তিনি বলেছেন 'কৃষিক্ষেত্রে প্রাণ সঞ্চারের পাশাপাশি রাজ্যের অর্থ ব্যবস্থার অন্যান্য কয়েকটি ক্ষেত্রেও অনুরূপ জোয়ার দেখা দিয়েছে। ফলে বর্তমান বছরে রাজ্যের সামাগ্রক উপার্জন বৃদ্ধির হার ১২ শতাংশ অতিক্রম করে যাবে বলে মনে হয়। মাথাপিছু আয়ও সমস্ত ১০ শতাংশ হারের চেয়ে বেশি বাড়বে। "মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি কি স্বপ্ন দেখে-

ছিলেন যে সময়ে আপনি ড্রাফট করেছিলেন যে ১২ শতাংশ বাড়বে? আপনার ইকনমিক রিভিয়ু থেকে দেখা যাক ভারতবর্ষের অবস্থা কি এবং আপনার অবস্থা কি?

The per capital income of West Bengal has declined by 13% from Rs. 794·21 in 1977-78 to Rs. 689·95 in 1982-83.

During the same period the per capita income at National Level in the country has increased bp 2.38% from Rs. 695/- in 1977-78 to Rs. 712.1 in 1982-83.

[1-40—1-50 P.M]

During the period between 1973-74 to 1977-78 the per Capital Income of West Bengal had increased. এটা আমাদের সময়ের কথা বলছি, বাই ৯.৬০ পার্সেন্ট from Rs. 714·7 in 1973-74 to Rs. 783.8 in 1977-78. During the same period the per Capita Income in India had increased by 11·70% from Rs 621 in 1973-74 to Rs. 697/ in 1977-78.

আমি ইকনমিক রিভিউএর পাতাগুলি বলে দিতে পারি—২০, ২১, ২২ এবং তারপর ১৭ পাতা পাতা আপনি দেখবেন, এই হিসাব পেয়ে যাবেন। তারপর ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন কিছু নেই, কমে গেছে। আমি এরপর আসছি ফ্লাইট অব ক্যাপিট্যাল, প্রবলেম অব আন এমপ্লয়মেণ্টে। আরো আছে, সেগুলি আমি বলব না।

During the period between 31st December 1977 to 30th the number of applicants on the life registers of Employment Exchanges in West Bengal had increased by over (160%) or 22 lakhs 82 thousands from 14,03,900 as on 31.12.1977 to 36,85,100, as on 30th June 1983

The annual rate of placements in Employment has declined from 18,100 in 1977 to 14,100 in 1982. অর্থাৎ চাকুরি দেওয়ার ক্ষেত্র কমে গেছে। এখন আসুন। During the period between 1978 to 1982 total employment

in the Organised sectors in West Bengal has increased by 89,000 or 3.55% from 25,30,000 in 1978 to 26,19,000 in 1982. আমাদের আমলে During the 5 years period between 1972 to 1976 it has increased by 1,41,000 or 5% from 23,54,000 in 1972 to 24,95,000 in 1976.

স্যার, আমি এটুকু বলতে চাই সর্ব দিক থেকে সর্ব অবস্থায় এই সরকার ব্যর্থ হয়েছে। আজকে পশ্চিমবঙ্গকে দেউলিয়া করার মূল কারণ হচ্ছে এই সরকার আজকে পশ্চিমবঙ্গের জরাজীর্ণ অর্থনীতির মূল কারণ হচ্ছে এই সরকার। এই যে বাজেট বক্তৃতা অর্থমন্ত্রী রেখেছেন এই বক্তৃতার মধ্যে অনেক সুন্দর ভাষা আছে, কিন্তু ভেতরে কিছু নেই, সব ফাঁকা। আজকে আপনি যে কথা বলছেন সেকথা সত্যের অপলাপ, অসত্যে ভরা। সেজন্য আমি আপনার বাজেটের বিরোধিতা করছি।

শ্রীশচীন সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উথাপিত বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের বিরোধী দলনেতার বক্তৃতা শুনলাম। অবশ্য বিগত কয়েক বছরেও ওঁর বক্তৃতা শুনেছি এবং এবারেও বক্তৃতা শুনলাম। একেবারে জোলো বক্তৃতা, বাস্তবের সঙ্গে তার কোন সম্পর্ক নেই, একেবারে মেঠো বক্তৃতা দিয়ে গেলেন, কতকগুলি ভুল তথ্য পরিবেশন করে গেলেন। বিগত বক্তৃতায় যা বলেছিলেন, তা খানিকটা পড়ে গেলেন। তিনি বললেন জিনিস পত্রের দাম বাড়ছে এবং কয়েকটি ক্ষেত্রে সেস বসানো হয়েছে। একটি সংবাদপত্রে মন্তব্য বেরিয়ে গেল। এ সম্পর্কে তাদের কোন চিন্তা-ভাবনা দেখলাম না। বললেন সারের দাম বাড়ানো হয়েছে। আমরা সারের দাম চার পারসেন্টের জায়গায় তিন পারসেন্ট কমিয়েছি। সারের উপর সেস বসানো হয়েছে। কিন্তু এটা ওঁদের জানা উচিত যে দামের সঙ্গে সেস যুক্ত হয় না। কয়লার সেস বসালে সেটা কয়লার দামের সঙ্গে যুক্ত হয় না। এটা আমাদের অর্থমন্ত্রী ভাল করে পড়ে এবং উপমা দিয়ে বুঝিয়ে দিয়েছেন যে আইন অনুযায়ী সেস বসালে সেটা দামের সঙ্গে যুক্ত হয় না। এটা আমাদের করার একটা উদ্দেশ্য আছে। কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকা বাজেট বর্হিভূতভাবে প্রশাসনিক কায়দায় ট্যাক্স বসিয়ে দিলেন রাজ্যগুলিকে বঞ্চিত করার জন্য। বছরে চারবার করে ট্যাক্স বসালেন—পেট্রোলের উপর ডিজেলের উপর ট্যাক্স বসালেন। হাজার হাজার কোটি টাকা কেন্দ্রের তহবিলে চলে গেল, যার ৪০% অংশ রাজ্যগুলিকে দিতে হয়। এইভাবে রাজ্যগুলি বঞ্চিত হয়ে থাকে এবং এটা হয়েই চলেছে। চায়ের কথা বলেছেন—গরীবদের জন্য প্রাণ গলে গেল। কিন্তু তাদের দেশের ব্যবসায়ীরা যে চাষের দাম ডবল করে দিলো কৈ তাদের কথা তো বললেন না। আমরা আশা করেছিলাম আপনারা তাদের সম্বন্ধে কিছু বলবেন। কেন্দ্রীয় সরকারের বাজেট সম্পর্কে বলেছেন যে এবারের কেন্দ্রীয় সরকারের বাজেট নাকি একটা প্রগতিশীল বাজেট এবং তার সঙ্গে আমাদের

তুলনা করলেন। এ সম্বন্ধে আমি দু একটা দৃষ্টান্ত দেবো। কেন্দ্রীয় সরকারের মূল নীতি হচ্ছে ধনীদের তোষণ করা। আমরা দেখতে পাচ্ছি আয়কর ছাড় দেওয়া হয়েছে ১৮০ কোটি টাকা এবং মাত্র ৫৬ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে ফিক্সড ইনকাম গ্রুপের উপর আর বাকী ছাড় দেওয়া হয়েছে উচ্চ আয় সম্পন্ন ধনিকদের উপর। আসলে এটা হচ্ছে একটা প্রবঞ্চনা মূলক বাজেট, প্রতারণামূলক বাজেট। কারণ যাদের বার্ষিক আয় ১৬ হাজার টাকা তাদের ছাড় দেওয়া হচ্ছে ৫৬ কোটি টাকা—আর বাকী পাঁচ লক্ষ টাকা আয় সম্পন্ন লোকেদের ২১ হাজার টাকা করে ছাড় দেওয়া হচ্ছে। ওঁরা আবার গরীবদের কথা বলেন। এখানে কিরকমভাবে বলা হয়েছে যে পলিষ্ট্যাল কটনের উপর কর ছাড় দেওয়া হয়েছে। এই জিনিস কারা ব্যবহার করে—এটা তো বড় লোকরা ব্যবহার করে।

[1-50—2-00 P. M.]

গ্রামের চাষীরা, না, অন্য কার? সেই সব জিনিসে ছাড় দেওয়া হয়েছে। সাউণ্ড রেকর্ডেড ক্যাসেট ট্যাক্স, সেটায় তাঁরা ছাড় দিয়েছেন, গ্রামোফোন, রেকর্ড প্লেয়ার্স, এই সব জিনিসের উপর ছাড় দেওয়া হয়েছে, এই সব কারা ব্যবহার করেন, যারা উচ্চ বিত্ত, তাদের জন্য এই সব করা হয়েছে, গরীবদের জন্য নয়। এবং এদিক থেকে বলবো, আমাদের এই রাজ্য সরকারকে কোন্ দৃষ্টিতে কোন্ বাজেট উপস্থিত করতে হয়েছে। ১৯৮২-৮৩ সালে অভূত পূর্ব খরা হয়েছিল, যেমন ১৯৭৮ সালে প্রলয়ঙ্কর বন্যা হয়েছিল, যা ১০০ বছরের ইতিহাসে দেখা যায়নি, এর মধ্যে দাঁড়িয়ে, নীতি ঠিক করতে হয়েছে এবং সেই নীতি কি ভাবে করা হলো? গ্রাম বাংলার খরা ক্লিষ্ট মানুষ, গরীব কৃষক, তাদের সুযোগ সুবিধা দেওয়ার জন্য পদক্ষেপ নিলেন আমাদের সরকার এবং পঞ্চায়েতের সাহায্যে ব্যাপক ক্ষুদ্র সেচ পরিকল্পনা, মাইনর ইরিগেশনের উপর জোর দেওয়া হলো, এটা করার জন্য রেকর্ড উৎপাদন হয়েছে, তার ফিগার এখানে আছে, আমি তার মধ্যে যেতে চাই না। রেকর্ড উৎপাদন হয়েছে, স্টেট ডোমেষ্টিক প্রডাক্ট দ্বারা উপার্জন বৃদ্ধির হার বেড়ে গেছে প্রায় ১২॥ পার্সেণ্ট। আর মাথাপিছু আয় গড়ে বেড়েছে ১০ পার্সেণ্টেরও বেশী। এই সব জিনিষ অর্থমন্ত্রীর বক্তৃতার মধ্যে আছে, ওঁরা এর ধারে কাছে যাননি। অর্থাৎ মাথাপিছু গড় আয় ৭৬১ টাকার মত দাঁড়িয়েছে এই দুর্দিনের মধ্যেও রেকর্ড উৎপাদন হওয়ার দরুণ এবং গরীব মানুষদের সুযোগ সুবিধা বেশী হয়েছে। অন্য দিকে সর্ব ভারতীয় ক্ষেত্রে মাথা পিছু গড় আয় ১৯৮২-৮৩ সালে যেখানে ৭১২, সেটা পশ্চিমবঙ্গে বেড়ে দাঁড়িয়েছে ৭৬১। সুতরাং ৭৬১ টা না, ৭১২ টা বেশী, সাত্তার সাহেব এটা একটু খতিয়ে দেখুন। দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে বলেই এটা সম্ভব হয়েছে। আপনাদের দৃষ্টিভঙ্গী হচ্ছে বড়লোকেদের সুবিধা করে দেওয়া, আর আমাদের দৃষ্টিভঙ্গী হচ্ছে গরীব মানুষদের সুযোগ-সুবিধা করে দেওয়া। সেই জন্যই মাইনর ইরিগেশনের প্রসার ঘটানো হয়েছে এবং সেটা করা হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে। এর ফলে গরীব মানুষ

উপকৃত হয়েছে। এই জিনিস করার ফলে যদি জমিদার জোতদারদের কোর উপকার না হয়, তাহলে আমাদের কোন উপায় নেই। এর ফলে আজকে কৃষকেরা উৎসাহিত হয়েছে, চাষের কাজ জোর কদমে চলছে। আর একটা জিনিস করা হয়েছে উদ্বৃত্ত জমি চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। প্রায় ১২ লক্ষ ৬০ হাজার গরীব মানুষ, ভূমিহীনদের মধ্যে এই উদ্বৃত্ত জমি বিলি করা হয়েছে, এর ফলে তারা উপকৃত হয়েছে, এবং প্রায় ১৪॥ লক্ষ গ্রামের মানুষ, এরা উপকৃত হয়েছে এবং তাদের প্রচেষ্টায় এই রেকর্ড উৎপাদন সম্ভব হয়েছে। কাজেই গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করা, গরীব মানুষের সুযোগ সুবিধা করে দেওয়া, এইটাই হচ্ছে আমাদের নীতি। সেদিক থেকে আমরা চাঙ্গা করতে চাই গ্রামের কৃষকদের, তাদের সুযোগ সুবিধা দিয়ে। এটা আপনারা জানেন যে বর্গা অপারেশন মারফত প্রায় ১২॥ লক্ষ বর্গা রেকর্ড সাকসেসফুল হয়েছে, চাষীরা তাদের নাম রেকর্ড করাতে পারছে। কাজেই কৃষকদের জমিদার, জোতদাররা আর জোরজবস্তী করে তাদের উপর ডাণ্ডা চালিয়ে উচ্ছেদ করতে পারছে না। এটা হয়েছে ১৯৮২-৮৩ সালে, খরার বছরে প্রায় ৫৬ হাজার হেক্টর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় আনা হয়েছে।

শ্রীশচীন সেন ঃ ১৯৮২-৮৩ সালে খরার বছরে প্রায় ৫৬ হাজার হেক্টর জমিকে ক্ষুদ্র সেচ, মাইনর ইরিগেসনের আওতায় আনা হয়েছে। এই রকম অভূত পূর্ব খরা পশ্চিমবাংলায় আর কখন হয়নি। সেই সময় ৫৬ হাজার হেক্টর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় আনা হয়েছে। ১৯৮৩-৮৪ সালে সেটাকে বাড়িয়ে ৬১ হাজার হেক্টর করার ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ গরীব মানুষদের সুযোগ সুবিধা করে দেওয়াই হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গী এবং তার ফলে উৎপাদনও বেশী হয়েছে। এবারে রেকর্ড উৎপাদন হয়েছে। গ্রামাঞ্চলের ব্যাপক গরীব মানুষদের সব রকম ব্যবস্থায় উৎসাহিত করাই হচ্ছে বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গী এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়েই বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছে। সাত্তার সাহেব এখানে নেই, তিনি চলে গেছেন। আমরা গ্রামাঞ্চলের জমিদার জোতদারদের সুযোগ সুবিধা করে দিতে পারব না, আপনাদের আমলে যে বেশী সুযোগ সুবিধা পাচ্ছিল সেটাকে কেটে নিয়ে গরীব মানুষদের আমরা বেশী সুযোগ সুবিধা করে দেব। গ্রামের ক্ষেত মজুরদের মজুরী বৃদ্ধি ঘটেছে এবং প্রতি বছরই এটা বেড়ে বেড়ে যাচ্ছে। আমি এই ব্যাপারে দু একটি দৃষ্টান্ত এখানে তুলে ধরছি। গ্রামের সর্বত্রই এটা ঘটেছে। কারণ গ্রামের অর্থনীতিকে চাঙ্গা করতে হলে সামগ্রিক ভাবে এটা বিচার করতে হবে। মজুরী বৃদ্ধি কিভাবে ঘটেছে সেটা একটু তুলে ধরছি। ২৪ পরগনায় ১৯৮২-৮৩ সালে মজুরী ছিল ৮'৫৪ পয়সা, ১৯৮৩-৮৪ সালে ৮'৭১ পয়সা হয়েছে, বর্ধমানে ১৯৮২-৮৩ সালে ৮'১০ পয়সা ছিল, ১৯৮৩-৮৪ সালে ৯'৬৮ পয়সা হয়েছে, মেদিনীপুরে ১৯৮২-৮৩ সালে ৮'৬০ পয়সা ছিল, ১৯৮৩-৮৪ সালে ১০'৫০ পয়সা হয়েছে। এই রকম ভাবে দেখা যাচ্ছে প্রতিটি জেলায় মজুরী ক্রমশঃ বাড়তির দিকে এগিয়ে চলেছে এবং এতে গরীব মানুষ উপকৃত হচ্ছে। সেইজন্যই তো ওদের এত বেশী গাত্রজ্বালা ধরেছে। আমরা গরীব মানুষদের সংগঠিত করছি। আর অন্যদিকে ব্যবসাদার, জোতদার, জমিদারদের ক্ষমতা

খর্ব করা হচ্ছে। এইখানেই হচ্ছে দৃষ্টিভঙ্গীর তফাৎ। আপনাদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য এইখানে এবং সম্পূর্ণ যে উল্টো, সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন। তিনি শিল্পের কথা বলেছেন। শিল্প তো একেবারে শেষ করে দেওয়া হয়েছে। ইন্দিরা গান্ধীর আমলে নয়, তার বাবার আমলে ২৫ বছর আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সমস্ত ফিন্যানসিয়্যাল ইনষ্টিটিউসনগুলির কাছে ফতোয়া জারী করা হয়েছিল শিল্প বাড়াবার জন্য পূর্বাঞ্চলকে টাকা পয়সা দিতে হবে না। সেই ২৫ বছর আগের কথা এখনো চালু আছে। ফলে অবস্থাটা কি দাঁড়িয়েছে? এই ফতোয়া জারী করার জন্য সমগ্র পূর্বাঞ্চল উপেক্ষিত হয়েছে। পশ্চিমবাংলা হচ্ছে শক্তিশালী আন্দোলনের ঘাঁটি, আমরা না হয় লড়াই করে সংগ্রাম করে কেন্দ্রের কাছ থেকে আদায় করব। তাই কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা বললেই আপনারা এত জ্বলে ওঠেন। কেন্দ্রীয় সরকারের চিরকালের নীতির জন্য এই অসম বিকাশ ঘটেছে। সেইজন্যই তারা আজকে আঁতকে উঠছেন। শিল্পগুলির অবস্থা কি হয়েছে, কোথায় গেছে? আমরা না হয় আন্দোলন করে পশ্চিমবাংলার জন্য আদায় করতে পারব। কিন্তু বিহার, উড়িষ্যা, আসাম পারবে, যারা অনেক পিছনে পড়ে আছে? কাজেই সমস্ত দিক থেকে পূর্বাঞ্চলকে বঞ্চিত করার পরিকল্পনা করা হয়েছে। আমি একটি বড় শিল্পের উদাহরণ দিচ্ছি। চট শিল্প আমাদের একটা বড় শিল্প। ২ মাসের উপর এখানে ধর্মঘট চলেছে। কয়েকটি মালিক এই শিল্পকে কুক্ষীগত করে রেখেছে এবং সেইজন্যই এমন অবস্থা সৃষ্টি করা হয়েছে। আজকে শ্রমিকরা অনুভব করছে যে জাতীয়করন ছাড়া তাদের বাঁচাবার আর অন্য কোন রাস্তা নেই। এই সম্পর্কে এক সময় একটি বিস্তারিত রিপোর্ট বেরিয়েছিল। ষষ্ঠ লোকসভায় পাবলিক আণ্ডার টেকিং কমিটির চেয়ারম্যান স্বর্গতঃ জ্যোতির্ময় বসু মহাশয় এই চট শিল্প এবং অন্যান্য শিল্প সম্পর্কে একটি বিস্তারিত রিপোর্ট পেশ করেছিলেন যে, কিভাবে এই শিল্পগুলিকে ধ্বংস করা হচ্ছে। সেখানে আরো বলা হয়েছিল যে, কিভাবে ২॥ লক্ষ শ্রমিকের সর্বনাশ করা হচ্ছে এবং বিদেশী মুদ্রা অর্জনের ক্ষেত্রে কিভাবে ক্ষতি করা হচ্ছে।

[2-00—2-10 P. M.]

এবং বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে যে কিভাবে ক্ষতি হচ্ছে তার বিস্তারিত রিপোর্ট ষষ্ঠ লোকসভার পাবলিক আণ্ডারটেকিং কমিটির চেয়ারম্যান হিসাবে স্বর্গতঃ জ্যোতির্ময় বসু মহাশয় দিয়ে গিয়েছেন। সেখানে পূর্বাঞ্চলকে যে বঞ্চিত করা হচ্ছে তথ্য দিয়ে তা বোঝানো হয়েছিল কিন্তু সে সম্পর্কে কিছুই করা হয়নি। সাত্তার সাহেব বললেন, সবই নাকি বড়লোকদের জন্য করা হচ্ছে। আমার মনে হয় কাদের বড়লোক বলে সে সম্বন্ধে ওঁর কোন আইডিয়া নেই। এখানে মূল বাজেটের যে দৃষ্টিভঙ্গী সেটাই উনি ধরতে পারেন নি, সে দিকে তিনি যান নি। এই প্রসঙ্গে আমি ক্ষুদ্রশিল্পের কথা বলতে পারি। ১৯৮২-৮৩ সালে যেখানে তার উৎপাদন মূল্য ছিল ১১২ কোটি টাকা সেখানে

১৯৮৩-৮৪ সালে তার উৎপাদন মূল্য দাঁড়িয়েছে ২০৬ কোটি টাকায়। এক বছরে ১৪ কোটি টাকার উৎপাদন মূল্য বেড়েছে। এটা কি কম কথা? এক্ষেত্রে যে উন্নতি হয়েছে তার সুযোগ পাবে গরিবরাই কারণ ক্ষুদ্রশিল্পে যারা অংশীদার হ'ন তারা টাটা বিড়লা নন, সেখানে গরিব মানুষরাই তার সুবিধা ভোগ করেন। কাজেই এ ক্ষেত্রে বাড়তি উন্নতি হয়েছে। তারপর গ্রামাঞ্চলে কৃষিক্ষেত্রে গরীব মানুষদের সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য ব্যাপক পরিকল্পনা নেওয়া হয়েছে। সেখানে মাইনর ইরিগেসান ইত্যাদির মাধ্যমে যেমন সুযোগ সুবিধা বৃদ্ধির চেষ্টা হচ্ছে তেমনি শহরাঞ্চলেও গরীব মানুষরা যাতে সুযোগ সুবিধা বেশী পান তার উপরও জোর দেওয়া হয়েছে। আর বড় শিল্প তো ওঁরা বাড়তে দেবেন না, সে যখন ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেণ্ট সম্পর্কে আলোচনা হবে তখন তা নিয়ে আলোচনা করা যাবে এবং তখন সে বিষয়ে সরকার থেকেও বিস্তারিত তথ্য দেওয়া হবে। তারপর শিক্ষা সম্পর্কে উনি বলেছেন, শিক্ষাকে নাকি একেবারে ডুবিয়ে দেওয়া হচ্ছে। শিক্ষা খাতের আলোচনা যখন হবে তখন বিস্তারিত আলোচনা করা যাবে, আমি এখন সামান্য দু একটি কথা বলতে চাই। শিক্ষা সম্পর্কে সাত্তার সাহেব কতকগুলি ফিগার দিয়ে বললেন, ওঁদের সময় অনেক ভালো কাজ হয়েছে। স্যার, আমি একটা হিসাব দিচ্ছি ১৯৭৬-৭৭ সালে শিক্ষা খাতে যেখানে ১১২ কোটি টাকা [illegible] করা হয়েছিল সেখানে ১৯৮৩-৮৪ সালে খরচ ধরা হয়েছিল ৪১৭ কোটি টাকা এবং রিভাইজড বাজেটে [illegible] খরচ হচ্ছে ৪২৯ কোটি টাকা। আর ১৯৮৪-৮৫ সালে এই অঙ্কটা হচ্ছে ৪৫৯ কোটি টাকা। বামফ্রন্ট সরকারের পরিকল্পনা আছে প্রতিটি গ্রামে স্কুল করার। বামফ্রন্টের আমলে গ্রামাঞ্চলে যত স্কুল হয়েছে ওঁদের আমলে গত ৩৫ বছরে তত ওঁরা করতে পারেন নি।

তারপর [illegible] মরা দেখছি শিক্ষাকে জোর করে কেন্দ্রীয় সরকার কনকারেণ্ট লিষ্টে নিয়ে গিয়েছেন। [illegible] সংক্রান্ত যে সব আইন এখানে পাশ হবে সেই আইন যাতে শেষ পর্য্যন্ত বলবত না হয় সেইজন্যই এটা করা হয়েছে। সেখানে রাষ্ট্রপতি সই দেবেন না, ফলে বলবত হবে না সেইজন্যই এটা করা হয়েছে। তাদের খুশী মতন তারা যাতে চলতে পারেন সেইজন্য শিক্ষার মতন একটা সাবজেক্ট যেটা ষ্টেটের সাবজেক্ট হওয়া উচিত তাকে জোর করে কনকারেণ্ট লিষ্টে নিয়ে যাওয়া হয়েছে। সাত্তার সাহেবের কিছু কিছু বক্তব্যের মধ্যে বলা হয়েছে যে বামফ্রন্ট সরকার, বামফ্রন্ট আমাদের মধ্যে কনসিষ্টেনসি নেই। এইভাবে তিনি একটা ফারাক টানবার চেষ্টা করেছেন। সারা ভারতবর্ষের অর্থনীতি যে আজকে ভাঙ্গবার মুখে, ক্রমাগত যে সংকট হচ্ছে সেটা কেন্দ্রীয় সরকারের নীতির জন্য হচ্ছে। আর এর মধ্যে দিয়ে লড়াই করে আমরা যেটুকু পারি আদায় করার চেষ্টা করছি। আমরা কনসিসটেণ্টলি কাজ করছি। আমরা ধারাবাহিক ভাবে যেখানে জাতিয় সংহতির জন্য আন্দোলন সংগঠিত করার চেষ্টা করি, এটাতে বাধার সৃষ্টি কিভাবে হয়? না, অসম বিকাশ থেকে। পূর্বাঞ্চলকে এক রকম দেখবো, আর উত্তরাঞ্চলকে আর একরকম দেখবো, এই অসম বিকাশ থেকে ঘটে এবং তারফলে সুবিধাবাদিরা মাথাচাড়া দিয়ে উঠে এবং জাতীয়তাবাদের

বিপদ দেখা যায়। আসামের ক্ষেত্রে তাই হয়েছে, হরিয়ানার ক্ষেত্রেও তাই হয়েছে, পাঞ্জাবের ক্ষেত্রেও তাই হয়েছে এবং বিহারের ক্ষেত্রেও তাই হয়েছে। এগুলি সম্পর্কে আমরা ধারাবাহিক ভাবে লড়াই করছি। এই অসম বিকাশের জন্য কেন্দ্রের এই নীতির বিরুদ্ধে আমরা লড়াই করছি। সুতরাং এখানে সাত্তার সাহেবের চোখের জল ফেলে কোন লাভ নেই। আর একটা কথা এখানে বলবো। আমাদের অর্থমন্ত্রী একটা প্রস্তাব রেখেছেন। আমরা যেখানে ট্যাক্স বসাবার চেষ্টা করেছি তাতে গরীব মানুষের উপরে আক্রমণ করা হয়নি, বড় লোকদের উপরেই হচ্ছে। কিন্তু গরীব মানুষের যাতে সুবিধা হয়, তারা যাতে সুবিধাদরে নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি কিনতে পারে তারজন্য এক হাজার কোটি টাকা কেন্দ্রীয় বাজেটে বরাদ্দ করার জন্য একটা প্রস্তাব রেখেছেন। এটা একটা নতুন জিনিস। এটার জন্য তাঁকে ধন্যবাদ জানান উচিত ছিল। কিন্তু এটা তাদের চোখে পড়বে না। দীর্ঘদিন ধরে বামফ্রন্ট সরকার বলে আসছে এবং তার আগেও বলা হয়েছে যে সারা ভারতবর্ষে যদি একই দামে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি রেশনের মাধ্যমে সস্তা দামে বিলি করতে হয় তাহলে সেই দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হয়, রাজ্য সরকার একা পারে না। আর নিতে হলে তাদের কিছু অর্থ খরচ করতে হয়, জিনিসের যোগান দিতে হয়। এইজন্য প্রস্তাব রেখেছেন ১ হাজার কোটি টাকা কেন্দ্রীয় বাজেটে রাখার জন্য। কেননা, হাজার হাজার কোটি টাকা দেশের বড় বড় ব্যবসায়ীদের চিনির ব্যবসায়ীদের, চটের ব্যবসারীদের, চায়ের ব্যবসায়ীদের যেখানে ভরতুকী দেওয়া হয়, সেখানে ভারতবর্ষের কোটি কোটি মানুষের জন্য যদি তার কিছুটা বাজেটে বরাদ্দ করা হয় তাহলে তারা উপকৃত হবে এবং এই যে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস তেল, ডাল, চিনি, দেশলাই কাপড় ইত্যাদি, এগুলি গরীব মানুষ, সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষেরা এটা একটা যুগান্তকারী প্রস্তাব। এটা সমস্ত জায়গায় করা উচিত। এতে শুধু পশ্চিমবাংলাই নয়, কংগ্রেস রাজ্যগুলিও উপকৃত হবে। কেন্দ্রীয় সরকার তাদের সমস্ত সম্পদ তাদের কাছ থেকে নিয়ে জড়ো করবেন, আর রাজ্যগুলি বঞ্চিত হবে। সমস্ত রাজ্যগুলিতে এই ব্যবস্থা আছে। কাজেই মাননীয় অর্থমন্ত্রীর এই যে প্রস্তাব, এই প্রস্তাবে কোন ন্যারো আউটলুক নেই। এই প্রস্তাব হচ্ছে সর্বভারতীয় ক্ষেত্রে গরীব মানুষ, সাধারণ মানুষদের সুযোগ সুবিধার জন্য, এটা তার নজরে আছে।

[2-10—2-20 P.M.]

পরিশেষে আমি আর একটি কথা এখানে উল্লেখ করে আমার বক্তব্য শেষ করছি। আমাদের বিরোধী দলের নেতা আবার সেই ওভারড্রাফ্‌ট সম্পর্কে বক্তব্য রেখেগেলেন। আমি এ সম্পর্কে তাঁকে শুধু স্মরণ করিয়ে দেব যে, কেন্দ্রীয় সরকারও ঘাটতি বাজেট সংসদে পেশ করেছেন। যদিও তাঁদের ঘাটতির হিসাবের মধ্যে যথেষ্ট প্রতারণা আছে। তাঁরা বলছেন মাত্র আড়াই হাজার কোটি টাকার ঘাটতি, কিন্তু হিসাব করলে দেখা যাবে যে, চার হাজার কোটি টাকার ওপর ঘাটতি হবে। তবে তাঁদের ঘাটতি বাজেট নিয়ে কোন অসুবিধা ভোগ করতে হবে না, কারণ তাঁরা তাঁদের ইচ্ছে মত নোট ছাপিয়ে, যা খুশি তাই ছাপিয়ে ঘাটতি পূরণ করবেন। অবশ্য ফলে ইনফ্লেসন হবে.

তার পরেও রাজ্যগুলির যত ওভারড্রাফ্‌ট দরকার হয়, তার চেয়ে ১০০ গুণ বেশী ওভারড্রাফ্‌ট দরকার হয় কেন্দ্রীয় সরকারের। এ খবর কি সাত্তার সাহেব রাখেন? এই ভাবে তো দেশ চলছে! নোট ছাপিয়ে তাঁরা দেশ চালাচ্ছেন। এর ফলে রাজ্যের অর্থনীতি ভেঙে পড়ছে। অথচ রাজ্যের অর্থনীতি যাতে ভেঙে না পড়ে তার জন্য ব্যবস্থা রেখে সে-ভাবে রাজ্যের বাজেট করলে তাঁদের অসুবিধা হয়। এই অবস্থায় তাঁরা ব্যবস্থা করে দিন না, যে রাজ্যগুলি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন যেসমস্ত ব্যাঙ্ক আছে এবং বিভিন্ন ফিনানসিয়াল ইনসটিটিউসন আছে তাদের কাছ থেকে প্রয়োজন মত টাকা নিতে পারবে। ঐ সমস্ত সংস্থা গুলিকে একটু বলে দিন না, তাহলে তো আর ওভারড্রাফ্‌টের প্রয়োজন হয় না এবং সেই সঙ্গে আমাদের রাজ্যের নিজস্ব ব্যাঙ্ক করার যে পরিকল্পনা আছে তাকে কার্যকরী করেদিন, তাহলে তা আর আমাদের কোন অসুবিধা হবে না। এই সমস্ত বিষয়ে কোন কথা না বলে, সাত্তার সাহেব গতবারে যা বলেছিলেন এবারেও তাই বলেগেলেন, সেই সমস্ত পুরোনো কথা বলে চলেগেলেন। আর কোথা থেকে কতগুলি ভুল তথ্য সংগ্রহ করে নিয়ে এসে এখানে পরিবেশন করলেন। আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকারের মারফত যে সমস্ত অর্থ বিভিন্ন পরিকল্পনায় খরচ করার জন্য এখানে আসে সে-সমস্ত অর্থ কতটুকু উপকারে লাগে, সেটাও আজকে আলোচনা করে দেখার প্রয়োজন আছে। যেমন মেট্রো রেল'এর জন্য প্রচুর টাকা খরচ করা হচ্ছে, অথচ জানিনা এর দ্বারা আমাদের কতটা উপকার হবে! অথচ এই প্রকল্পের কাজের ফলে আমাদের এক যুগ ধরে দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। অপর দিকে কেন্দ্রীয় সরকার আমাদের তিস্তা প্রকল্পের জন্য টাকা দিচ্ছেন না। অর্থাৎ তাঁদের পরিকল্পনা যাই থাকনা কেন, রাজ্যগুলিকে যত দূর সম্ভব তাঁরা বঞ্চিত করে চলেছেন। রাজ্য নিজের ইচ্ছে মত তার উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করে নিজেই উন্নয়নের ব্যবস্থা করুক, এ জিনিষ তাঁরা করতে দেবেন না। কাজেই এই পরিপ্রেক্ষিতে বামফ্রন্ট সরকারের বাজেটের মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করা। সেই উদ্দেশ্যেই এই জনমুখী বাজেট এখানে পেশ করা হয়েছে। এর দ্বারা ক্ষুদ্র শিল্পের প্রসার ঘটিয়ে গরীব মানুষদের আর্থিক উন্নতির চেষ্টা করা হবে, তাদের জন্য বিভিন্ন রকম সুযোগ সুবিধা সৃষ্টি করা হবে। আমরা লক্ষ্য করছি কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে আমাদের দেশের পুরোনো শিল্প গুলিও ধ্বংস হতে বসেছে। কেন্দ্রীয় সরকার বিগত ২৫ বছর ধরে ইচ্ছাকৃত-ভাবে পশ্চিমবঙ্গ তথা সমগ্র পূর্বাঞ্চলের শিল্পগুলির প্রসার না ঘটিয়ে, সেগুলিকে ধ্বংস করে পূর্বাঞ্চলের এই অবস্থা সৃষ্টি করেছে। কাজেই সাত্তার সাহেব এখানে কতগুলি ভুল তথ্য পরিবেশন করে তাঁর বক্তব্য রাখলেন, তিনি সেই তথ্যগুলি কোথা থেকে পেয়েছেন জানি না! আমার মনে হয় বাস্তব তথ্য না জেনেই তিনি যে সমস্ত পুস্তকগুলি পেয়েছেন সেগুলি দেখেই বক্তব্য রেখেগেছেন। অর্থমন্ত্রীর বক্তব্যের মূল সুর তিনি বুঝতে পারেননি এবং বুঝতে না পারার ফলেই তিনি ঐ সমস্ত উল্টো-পাল্টা কথা বলেগেছেন। এই কয়টি কথা বলে অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় বক্তব্য রাখবার সময়ে বুকে ব্যাথা নিয়ে বক্তব্য রাখতে হচ্ছে কারণ সেদিন পুলিশ লাঠি চার্জ করেছিল এবং সেইজন্য আমি মাননীয় সদস্যদের ঠিক সেইভাবে হয়তো বলতে পারবো না। আমি দেখলাম, শ্রীসুনীতি চট্টরাজের হাতেও ব্যাণ্ডেজ বাঁধা। বিধানসভায় বিধান হয় কিন্তু এই রক্তাক্ত বিধানসভায় যেখানে বিধায়কদের রক্তে কলঙ্কিত সেই বিধানসভায়…

মিঃ স্পীকার : আপনাকে আমি স্মরণ করিয়ে দিই, আলোচনার মধ্যে ছিল দেয়ার উইল বি নো ফারদার রেফারেন্স টু দিজ ম্যাটার।

Shri Satya Ranjan Bapuli : It is most unfortunate that your Chief Minister after these happenings made several hopeless statements regarding this House outside. You say that there should not be any discussion but as a Member of the Assembly I must say this.

Mr. Speaker : You should not reopen this discussion. I again appeal to you please don't do that.

Shri Satya Ranjan Bapuli : I shall speak on this. You have the authority to expunge this.

মাননীয় স্পীকার স্যার, বিধানসভায় বিধান হয়, তারজন্য আমরা এখানে এসেছি। আমি এটাকে গণতন্ত্রের মন্দির বলে বিশ্বাস করতাম। এখন এটা গণতন্ত্রের মন্দির না ফ্যাসিষ্ট মন্দির সেটাই আমি জানি না। এটা গণতন্ত্রের মন্দির না যে গণতন্ত্র শ্মশানে পরিণত হয়েছে সেই শ্মশানে দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছি সেটা আমি জানি না। গণতন্ত্র যদি শ্মশানে পরিণত হয়, এই যদি গণতন্ত্রের রূপ হয় আর সেই গণতন্ত্রের ধারক এবং বাহক বর্তমান বামফ্রন্ট সরকারের মন্ত্রী এই বিধানসভায় যে বাজেট বিবৃতি দিয়েছেন তা অত্যন্ত ঘৃনার সঙ্গে প্রত্যাখ্যান করে আমি আমার বাজেট বক্তৃতা সুরু করছি। যে সরকারের গণতন্ত্রের উপর আস্থা নেই, যে সরকার দূর্নীতিতে ভরা সেই সরকারের বাজেটে অংশ গ্রহণ করতে হবে—কারণ, গণতন্ত্রের বিশ্বাসী বলে তাই অংশ গ্রহন করে দু-একটি কথা বলতে চাই। আমরা জানি, বামফ্রন্ট সরকার ফ্যাসিষ্ট কায়দায় সরকার চালাচ্ছেন এবং এই ফ্যাসিষ্ট কায়দায় সরকার চালাবার জন্য যা যা করণীয় তাই করছেন। কালকে একজন পুলিশ অফিসার মারা গেছেন, এটা একটা ঐতিহাসিক ব্যাপার। বিধানসভার বাইরে বক্তৃতা

রেখেছিলাম যে আমরা প্রস্তুত হয়েছি কিন্তু এখানে বলতে পারবো না যে পুলিশ আমাদের মেরেছে। এদের জন্য বাজেটে টাকা ধরা আছে এবং তা খরচ হবে, সেই অর্থমন্ত্রীর বাজেটে অংশ গ্রহন করতে হবে এবং অংশ গ্রহন করে বক্তৃতা দিতে হবে। আজকে গণতন্ত্রের রক্ষক হিসাবে যারা পরিচয় দেন সেই বর্তমান সরকার প্রতিষ্ঠা করেছেন পুলিশী রাজ। এই পুলিশী রাজ কায়েম করে যে সরকার গণতন্ত্র চালাচ্ছেন সেই সরকারের অর্থমন্ত্রীর বাজেট ভাষনে অংশ গ্রহন করতে গিয়ে ঘৃণা হচ্ছে, লজ্জা হচ্ছে। যে সরকার পুলিশী রাজ কায়েম করে পুলিশ দিয়ে গণতন্ত্রকে ধ্বংস করছে সেই বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রীর বাজেট বিবৃতিতে অংশ গ্রহন করাতে অত্যন্ত বেদনাদায়ক বলে মনে হচ্ছে। কয়েকদিন আগে আমার চোখের সামনে বিধানসভার সদস্যা শ্রীমতী ছায়া ঘোষ যখন এম. এল. এ. হোষ্টেলের কাছে আন্দোলন করছিলেন তখন পুলিশ তাকে চ্যাঙ-দোলা করে টানতে টানতে নিয়ে চলে গেল। সুতরাং আপনাদের জন্য দুঃখ হয় যে কোথায় আপনারা গিয়ে পৌছে গেছেন। (এ ভয়েস ফর্ম ট্রেজারী বেঞ্চ—দরদ হচ্ছে?) দরদ নয়, করুণা নয়, দয়া নয়, দুঃখ হয়।

[2-20—2-30 P. M.]

সেদিন শ্রীমতী ছায়া ঘোষকে পুলিশ টানতে টানতে নিয়ে চলে গেল। আমাদের তো নিয়ে যাবেই, সেটা আলাদা কথা। কিন্তু বিধানসভায় বিধান হয় সেখানে আলোচনা করব, কিন্তু যদি চারিদিকে পুলিশ দেখি তাহলে কি করে ভাঙ্গা মন নিয়ে আলোচনা করব? কি বক্তব্য রাখব, আজ এখানে বক্তব্য রাখব, তারপর বাড়ী গিয়ে কালকে দেখব পুলিশ আমাকে ডাণ্ডা মেরে ঠাণ্ডা করে দেবে। সমালোচনা করব, যদি স্বাধীনভাবে সত্য কথা বলতে না পারি তাহলে খুবই দুর্ভাগ্য, কি আলোচনা করব? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট রেখেছেন, দুর্নীতি গ্রস্ত সরকার, সম্পূর্ণ দুর্নীতির উপরে দাঁড়িয়ে আছে, সম্পূর্ণ দুর্নীতির দ্বারা গঠিত হয়েছে, এবং সম্পূর্ণ দুর্নীতির সাহায্যে রাজত্ব চালাচ্ছেন। যদি কোটি কোটি টাকা তাঁদের দেওয়া হয় এবং তা যদি চুরি করেই উড়িয়ে দেয় তাহলে বলুন, কোন রাজ্যের উন্নতি হতে পারে? দুর্নীতির তথ্য দিয়েই তাঁরা নিজেদের বাজেট পেশ করেছেন। মাননীয় সাত্তার সাহেব অনেক তথ্য দিয়েছেন, আমি কোন তথ্যের মধ্যে যাব না, শুধু অর্থমন্ত্রী মহশয়ের বক্তব্যের কয়েকটি অংশ আপনাদের কাছে তুলে ধরতে চাই।

(নয়েজ)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা চীৎকার করবেন জানি, কিন্তু কোন উপায় নেই। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের ৫নং প্যারাগ্রাফে কয়েকটি বক্তব্য রেখেছেন সেটা বলছি, উনি তাতে বলেছেন যে শিল্পক্ষেত্রে অগ্রগতি অবশ্য ঈষৎ মিশ্র ধরণের। আমি একটি তথ্য

দিলেই আপনারা বুঝতে পারবেন যে অর্থমন্ত্রী মহাশয় এই বিধানসভায় ঠিক বলেন নি। পশ্চিমবঙ্গে ১৯৭৭-৭৮ সালে শিল্প এবং কৃষি এইসব মিলিয়ে মোট যে পরিমাণ উৎপাদন হয়েছিল সেটা ৪০৫০ কোটি টাকা। ১৯৭০-৭১ সালে দ্রব্যমূল্য অনুযায়ী এই হিসাব একই সময়ে ১৯৮২ থেকে ১৯৮৩ পর্য্যন্ত পশ্চিমবঙ্গে মোট উৎপাদন হয়েছে ২৮৪৬ কোটি টাকা, অর্থাৎ ১৪৪ কোটি টাকা মোট উৎপাদন কমে গেছে। আমি জানিনা, এই তথ্যটি উনি কোথা থেকে পেলেন? একটু আগে মাননীয় শচীন সেন মহাশয় বললেন, আমার দুঃখ হচ্ছে, ওঁর একটু পড়াশোনা করলে ভাল হোত। সারা ভারতবর্ষে যখন উন্নতি হচ্ছে— ১৯৭০-৭১ সালের হিসাব অনুযায়ী ১৯৭৭-৭৮ সালে যেখানে উৎপাদন হয়েছিল ৪৬ কোটি ৬২ লক্ষ টাকা সেখানে ১৯৮২-৮৩ সালে গিয়ে দাঁড়িয়েছে ৫০ কোটি ৮৬ লক্ষ্য টাকা। সুতরাং দেখা যাচ্ছে যেখানে সারা ভারতবর্ষে উন্নতি হচ্ছে সেখানে পশ্চিমবঙ্গের অবনতি হচ্ছে। যদিও তাঁরা বলবেন এখানে নাকি মিশ্র প্রতিক্রিয়া হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ওঁরা ওঁদের বক্তব্যের মাঝখানে বলে থাকেন যে ওঁদের ক্ষমতা সীমিত। আমি একটা ছোট্ট পরিসংখ্যান দিচ্ছি, কিছু না দিলে চলে না কারণ ওনারা বলেন যে সেণ্ট্রাল দেন না।

কেন্দ্র বঞ্চিত করছে। ডিমাণ্ড অফ মোর পাওয়ার যার জন্য বন্ধ ডাকা হয়েছিল। আরও ক্ষমতা দিতে হবে। তার জন্য পরে কি হল? আমি আপনাকে কিছু পরিসংখ্যান দিচ্ছি। ১৯৬০-৬১ সালে টোটাল রেভিনিউ অফ দি সেণ্টার যেটা রিসিভ করা হচ্ছে ১৮৯৭ কোটি টাকা, ট্রান্সফার টু দি ষ্টেট ৪৭১ কোটি টাকা যদি ধরে নিই ২৪.৮ পারসেণ্ট ১৯৮২-৮৩ সালে সেণ্টার রিসিট যেটা হোতো ৩৫ হাজার কোটি টাকা সেখানে টোটাল ট্রান্সফার টু দি ষ্টেট হচ্ছে ১২,৮২২ কোটি টাকা, পারসেণ্টেজ হচ্ছে ৩৬.৮ পারসেণ্ট।

সুতরাং রাজ্যকে দেয় কেন্দ্রীয় সরকারের অর্থ দিনের পর দিন বেড়েই গেছে। রাজ্যকে কেন্দ্র টাকা দিচ্ছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে একটি প্রশ্ন করি। তবে এই প্রশ্নের উত্তর দেবার সময় নিশ্চয়ই তিনি বলবেন যে তাঁরা রেভিনিউ এ্যাসেস্ করতে পারেন না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে

Out of total gross domestic income, 40 p. c. comes from the agricultural sector and 60 p. c. comes from the industrial sector and other sources. The entire 40 p. c. is left to the State Government. The Union Government has no authority to tax on this 40 p. c. So, the 40 p. c. is earmaked for the State Government to impose tax, levy, etc. etc.

সেখানে কেন্দ্রীয় সরকারের কোন ক্ষমতা নেই। সুতরাং দেখা যাচ্ছে ৪০ পারসেন্ট ট্যাক্স আদায় রাজ্য সরকার করতে পারেন। তাতে কোন বাধাই নেই। কিন্তু ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট সব সময় একটি কথা বলেন ; আমাদের বঞ্চিত করছে, আমাদের দিচ্ছে না। আমি জানতে চাই এই ৪০ পারসেণ্ট ট্যাক্স আপনারা করতে পারেন এবং যেভাবে খুশী করতে পারেন ! সেখানে কত আয় করেছেন আপনারা ? আমি যদি হিসাব দেখি তাহলে দেখবো যে আপনাদের ১৯৭৭-৭৮ সালে রিভাইজড এষ্টিমেট ছিল ৪৬০'৪২ ক্রোড়স, এ্যাকচুয়ালি সেখানে হয়েছে ৪১৫'০৯ ক্রোড়স। অর্থাৎ টোটাল শর্ট কালেকশন অফ্ রেভেনিউ হয়েছে ৪৪'৫২ কোটি টাকা। ১৯৭৯-৮০ আর্থিক বছরে এষ্টিমেট যেটা ধরেছিলেন তাতে ছিল কত ? ছিল ৫৯৭'৪৭ ক্রোড়স্। এ্যাকচুয়ালি সেখানে হোল ৫৪৯'৭১ ক্রোড়স্, অর্থাৎ সেখানে টোটাল শর্ট দাঁড়াল ৪৭'৭৬ ক্রোড়স্। আমি যদি ১৯৭৭-৭৮ থেকে ১৯৮৩-৮৪ পর্যন্ত একসঙ্গে ধরি, তাহলে কি দাঁড়াবে ? যেখানে টোটাল রিভাইজড এষ্টিমেট ছিল ৪৬৪৮'৭৭ ক্রোডস, সেখানে এ্যাকচুয়ালি আদায় হয়েছে ৪৩১৯'৮১ ক্রোড়স দ্যাট ইজ, টোটাল শর্ট ফল ফর দি ইয়ার ১৯৭২-৮৪ ইজ ৩২৮'৯৪ ক্রোড়স্। আপনারা রেভেনিউ আদায় করবেন বলেন ঠিকই, কিন্তু আদায় করবার ক্ষমতা আপনাদের নেই। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বঞ্চনার কথা বলছেন। আমি একটি প্রশ্ন করি, হোয়াট ইজ দি সেণ্ট্রাল সেকটর ? ইজ দেয়ার এনি ষ্টেট উইদিন ইণ্ডিয়া কলড সেণ্টার ? কোন রাজ্য আছে আছে কি যেটাকে আপনারা সেণ্টার বলেন ? আমি বুঝতে পারিনা আপনারা কি করে বলেন যে এতগুলো টাকা সেণ্টার খরচ করলো, আমাদের দিল না ! আমার মনে হয় আপনাদের মগজে ঢোকেনা যে 'সেণ্টার' বলে কোন টেরিটোরী নেই। সেণ্টার হ্যাজ নো টেরিটরী অফ ইটসেলফ। সেণ্টার যা করে তা রাজ্যগুলোর জন্যই করে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলি,

Is there any power project in centre sector ? Is there any agricultural project in Centre Sector ? These must be located either in West Bengal or in Bihar or some other States in India কিন্তু সেখানে যে ৮৪ পারসেণ্ট টাকা কেন্দ্রীয় সরকার খরচ করে সেগুলো কোথায় যায় ? সেণ্টারের সেই টাকায় হয় পশ্চিমবঙ্গে কারখানা হচ্ছে, না হয় রাজ্যগুলির এগ্রিকালচারাল সেক্টরে খরচ হচ্ছে। ডিফেন্সের স্বার্থে হয়তো পাঞ্জাবকে দিতে হচ্ছে। ইন দি সেণ্টার সেক্টর্স, দে আর স্পেণ্ডিং মানি ইন ডিফারেণ্ট ষ্টেটস। সেণ্টারের কোন নিজস্ব সেক্টর নেই। রাজ্যগুলোতেই সমস্ত টাকা খরচ হয়। যেমন ধরুন পাওয়ার প্রজেক্ট। Several crores of rupees have been spent on the power projects which are located either in West Bengal or in Bihar or in U. P. or in some other states ?

[2-30—2-40 P.M.]

কিন্তু দুর্ভাগ্যের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনাদের আজ পর্যন্ত জ্ঞান হলো না কেন্দ্রের বঞ্চনার কথা ওনারা বলেন কেন্দ্রের বঞ্চনা করার কথা বলার চেয়ে বড় কথা হলো নিজেরা কি করছেন সেটা দেখা। এই ওয়ার্থলেস গভর্ণমেণ্ট কি করেছে? ডেভলপমেণ্ট করতে গেলে উন্নয়নমূলক খাতে খরচ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একশো টাকার যদি আমরা হিসাব করি—

Out of every 100 rupees, capital and revenue expenditure, 31 rupees are spent on development in Uttar Pradesh, 22 rupees are spent in Rajasthan for development, Andhra Pradesh spends 25 rupees and Maharashtra spends 29 rupees. And in the State of West Bengal, for every 100 rupees of budget expenditure only 17 rupees are spent for development. একশো টাকার মধ্যে যেখানে অন্য একটা স্টেটস ডেভেলপমেণ্ট খাতে খরচা করে ৩১ টাকা সেখানে ওয়েষ্ট বেঙ্গল খরচা করে ১৭ টাকা। এই যদি খরচা করে তাহলে এই রাজ্যে বেকার বাড়বে না তো কি হবে? এই বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ঘোষনা করেছিলেন যে বেকারদের বেকারভাতা দেওয়া হবে সেই সময় সরকার পক্ষের সদস্যরা তাঁকে টেবিল চাপড়ে হর্ষধ্বনির মাধ্যমে সমর্থন করেছিলেন। কিন্তু এখন বলছেন বেকারভাতা দেওয়া হবে না। সেটাকে অন্যভাবে এডজাষ্ট করা হচ্ছে। ব্যাংকের মাধ্যমে সেলফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম-এর মাধ্যমে বেকারদের সাহায্য করা হবে। সেইদিন আপনারা বলেছিলেন বেকারদের বেকারভাতা দেওয়া হবে এবং তারজন্য আপনারা টেবিল চাপড়েছিলেন। সেইদিন আমরা বলেছিলাম আপনারা ক্ষতি করছেন। শত শত কোটি টাকা আপনারা নষ্ট করে দিচ্ছেন। ঐ কোটি কোটি টাকা দিয়ে যদি আপনারা কোন সংস্থা গড়ে তুলতেন তাহলে হাজার হাজার বেকার ছেলেদের স্থায়ী চাকুরী হতো। বেকারভাতা আপনারা কেন দিয়েছেন? পাইয়ে দেওয়ার রাজনীতি করার জন্য আপনারা বেকার ভাতা চালু করেছিলেন। শেষ পর্যন্ত এটা কোথায় গিয়ে দাঁড়ালো? এই বেকার ভাতা দেওয়া তুলে দিতে হলো। মাননীয় অধ্যক্ষ মহাশয় কেন্দ্র বঞ্চনা করছে এই কথা ওনারা বলেন। খরচ করার ক্ষমতা আপনাদের আছে? হোয়াট স্যুড আই সে? আপনাদের খরচ করার ক্ষমতা আছে কিনা দেখুন।

Their total requirement for West Bengal for the five years, we have given them in 4 years. But what was the total demand? The demand was 3500 crores and the entire amount was given by the Central Government within four years. But they could not spend the amount. They spent only 1900 crores of rupees out of 3500 crores.

খরচ করতে পেরেছেন ? খরচ করতে পেরেছেন মাত্র ১৯০০ কোটি টাকা ৩৫০০ কোটি টাকার মধ্যে। ৫ বছরের টাকা কেন্দ্র ৪ বছরে দিয়েছেন, খরচ করতে পেরেছেন আপনারা এক হাজার নশো কোটি টাকা আউট অফ ৩৫০০ কোটি টাকা। কেন্দ্র টাকা দিল আর আপনারা খরচ করতে পারলেন না। আই. আর. ডি. পি স্কীমের মাধ্যমে প্রতিটি ব্লকে লক্ষ লক্ষ টাকা আসছে। এই আই. আর. ডি. পি স্কীমের টাকা আপনারা কার্যকরী করতে পারছেন না। কারণ স্টেটের যে যে ডেভেলপমেণ্ট দরকার সেটা আপনাদের কিনাপ্স মিনিষ্টার দেখাতে পারেন নি। ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচী রূপায়িত করতে গেলে যে সমস্ত প্রোগ্রাম নেওয়া হয়েছে সেই সমস্ত প্রোগ্রামের টাকা আদায় করতে পেরেছেন ? ম্যাচিং গ্রাণ্ট দিতে পেরেছেন ? মাচিং গ্রাণ্ট না দেওয়ার জন্য কোটি কোটি টাকা ফেরৎ চলে যাচ্ছে। আপনাদের টাকা নেই। অর্থ ভাণ্ডার আপনারা শূন্য করে ফেলেছেন, অর্থ ভাণ্ডারে কিছু নেই। পশ্চিমবাংলার বুকে আপনারা একটা কথাই শুধু তুলে ধরেছেন যে আমাদের বঞ্চনা করা হচ্ছে, আমাদের কিছু দেওয়া হচ্ছে না। একটু আগে শচীন সেন মহাশয় বললেন যে নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে দিতে হবে। আপনারা বিধানসভায় আলুর দাম বেঁধে দিয়েছিলেন যে এক টাকা কেজি দরে আলু বিক্রি করতে হবে। কিন্তু আপনারা কি রাখতে পেরেছিলেন এক টাকা কিলো আলুর দর ? তারপর বাজারে দেখা গেল আলু দেড় টাকা করে কেজি বিক্রি হচ্ছে। পচা আলু, যেগুলি এক টাকা করে কেজি বিক্রি করা হয়েছিল সেই আলু লোকেরা বলেছিল এইগুলি জ্যোতি আলু। Because you have no basic sense, You should have the sense. because the Finance Minister. আপনারা বারে বারে বলেছেন ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে দেওয়া হোক। যে সরকারের, যে রাজ্যের, সেই রাষ্ট্রের প্রোডাকসানের উপর কোন কনট্রোল নেই হি ক্যান নট কনট্রোল দি প্রাইস।

এটা কমিউনিষ্ট দেশ নয়। তাই তো জ্যোতিবাবুর ছেলের বিস্কুটের ফ্যাক্টরী হল। ওঁরা নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বেঁধে দেওয়ার কথা বলেন। আবার বলেন কি, না ভরতুকী দিয়ে সস্তা দামে জিনিষের যোগান দিতে হবে। আমি প্রশ্ন করি, জবাব দেবেন If you have no control over the production can you control the price ? In Russia in China it may be possible because there is no private sector business. সেখানে কোন মুখ্যমন্ত্রীর ছেলে বিস্কুটের কারখানা করতে পারে না। সেখানে আপনার, আমার কারুরই কোন কারখানা করার সুযোগ নেই। সেখানে রাজ্য সবকিছু তৈরী করে, রাজ্যই বিক্রি করে। ওনলি দে ক্যান কনট্রোল দি প্রাইস। এখানে আপনারা টাটা বিড়লার দালালী করবেন, আবার কমিউনিষ্ট দেশের মত এই গনতান্ত্রিক দেশে ইচ্ছামত ব্যবসাও করতে চাইছেন। ভারতের মত গনতান্ত্রিক দেশে এটা ভাবা ভুল হচ্ছে। আপনারা কমিউনিষ্ট সেজেছেন, কিন্তু এটা কোন কমিউনিষ্ট দেশ নয়। এটা একটা গনতান্ত্রিক দেশ। ভুল হয়ে যাচ্ছে, আপনাদের মাঝে মাঝে কমিউনিষ্ট দেশ ভেবে। সস্তা দামে জিনিষপত্র দিতে আপনারা বলেছেন, কিন্তু ইউ হ্যাভ নো ডিউটি টুওয়ার্ডস্ দি পিপ্‌ল অফ ওয়েষ্ট বেঙ্গল। আপনারা রাজ্যের হাতে যেটুকু

ক্ষমতা আছে, তারমধ্যে দিয়েও সস্তা দামে কিছু দিতে পারেন না? আপনারা বলেছেন আমাদের কিছু করার ক্ষমতা নেই। সব ক্ষমতাই হচ্ছে কেন্দ্রের। কেন্দ্রের কাছে সেই জন্য দাবী করেছেন বারে বারে। যদি কেন্দ্র না দেয়, তাহলে বন্ধ ডাকা হবে—এই আওয়াজ তুলেছেন। দুর্ভাগ্যের বিষয়, আমাদের যিনি অর্থমন্ত্রী তিনি একজন মামলাবাজ। উনি কেন্দ্রের বিরুদ্ধে মামলা করবেন বলে কয়েকবারই হুংকার দিয়েছেন। কেন্দ্রের বিরুদ্ধে নানা কথা বলেছেন। কেন্দ্রের সরকারকে বলেছেন, শঠের সরকার, জোচ্চোরের সরকার। এখন আমি যদি আজকে বলি, শঠের সরকার বা জোচ্চোরের সরকার হচ্ছে এই পশ্চিমবাংলার বর্তমান সরকার, তাহলে বোধহয় ভুল বলা হবে না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে রাজ্যের কোন সঙ্গতি নেই বলে ও সেই সঙ্গে কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার করেছেন। কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার করে চলেছে সেই সেদিন থেকে, যেদিন থেকে এখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসীন হয়েছে। ক্ষমতায় আসীন হওয়ার পর থেকে কেন্দ্রের বিরুদ্ধে এই রকম আওয়াজ তুলে, কেন্দ্রের বিরুদ্ধে দোষ দিয়ে পশ্চিমবাংলার মানুষকে ভুলিয়ে রাখতে চেয়েছেন এই বামফ্রন্ট সরকার। আমি এখানে আপনার বক্তৃতার মাঝখানে আর একটা কথা বলি—আপনি প্লান করেছেন কেন্দ্রের কাছ থেকে ৭৪৮ কোটি টাকা আদায় করবেন—যে প্লান আপনি করেছেন, তাতে আপনি ভাল ভাবেই জানেন যে, কেন্দ্র ঐ পরিমাণ টাকা দেবে না। সেই সঙ্গে এও ঠিক করে রেখেছেন—জনগণকে বলবেন—আমরা কেন্দ্রের কাছে পশ্চিমবাংলার উন্নতির জন্য টাকা চেয়েছিলাম, কিন্তু কেন্দ্র তা দেয়নি। ফলে সব দায়িত্ব হচ্ছে কেন্দ্রের। এর জন্য বাংলা বনধ করা দরকার। পশ্চিমবাংলা সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা এখানে রেখেছেন, এর মধ্যে সারবত্তা কি আছে? বক্তৃতার মধ্যে উনি বলেছেন, কেন্দ্রের বিরুদ্ধে এই করা উচিত ছিল, এই আমরা করতে চাই এবং আমাদের ক্ষমতা সীমিত। সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পাশের রাজ্য উড়িষ্যা, মহারাষ্ট্র কি করেছে? কি করেছে উইদিন দি ফেডারাল স্ট্রাকচার? সীমিত ক্ষমতার মধ্যে থেকেও তারা সেখানে উন্নতি করছে, তারা এগিয়ে যাচ্ছে। আপনারা সেখানে বলে চলেছেন, আমাদের ক্ষমতা সীমিত। আপনারা সবক্ষেত্রেই পিছিয়ে যাচ্ছেন। আমাদের আমলে যে পাওয়ার প্লান্ট করেছিলাম, পাওয়ার দেওয়ার যে ব্যবস্থা আমরা করেছিলাম, সেগুলোকে কি আপনারা চালু করতে পেরেছেন? আপনারা সব সময়েই বলে চলেছেন, পাওয়ার প্লান্ট, পাওয়ার এবং পাওয়ার প্রজেক্টে আমরা আর কয়েক বছরের মধ্যেই এগিয়ে যাবো। দুর্ভাগ্যের কথা, আমাদের আমলের পাওয়ার প্রজেক্টগুলিতে পাওয়ার জেনারেশান আপনারা এখনও করতে পারেন নি। কারণ কি টাকা? টাকা দিলেই সব কিছু হয় না। টাকা খরচ করার জন্য যে মানসিকতা, যে সততা ও নিষ্ঠা দরকার, তা আপনাদের নেই। পাওয়ার দপ্তরের চেয়ারম্যান ছিলেন মিঃ লুথার। তাঁকে আপনারা চাঁটি মেরে তাড়িয়ে দিয়েছেন। ডি. ভি. সি. যদি আজকে অনুগ্রহ করে বিদ্যুৎ না দেয়, তাহলে সারা পশ্চিমবাংলা অন্ধকারে ডুবে যাবে। মিঃ লুথারকে তাড়াবার জন্য তাঁর ঘরের বিদ্যুতের লাইন কেটে দিয়ে বাড়ী ছাড়া করেছেন। আর একটা কথা উল্লেখ

করা দরকার—গনতান্ত্রিক দেশের অন্তর্গত এই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের বাজেটে একটা ব্যয় ধরা হয় নি, সেটা হচ্ছে বিধায়কদের মারার জন্য কত টাকা দরকার, তা বলা হয় নি। গনতন্ত্রকে ভাঙ্গার জন্য আর কোন প্রজেক্ট বা প্লান আছে কিনা, সেই ব্যাপারে কত টাকা দরকার তার উল্লেখ অর্থমন্ত্রী করেন নি। সেগুলো থাকা উচিত ছিল। অজয় মুখার্জী এক সময়ে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন। ঐ সময়ে তিনি তাঁর সরকারকে বরবর সরকার বলে উল্লেখ করেছিলেন—একথা আশাকরি, মাননীয় সদস্যদের স্মরণে আছে। আজকে একথা বিধানসভার বাইরে বললেও বলব যে, এই সরকার হচ্ছে দূর্নীতিপরায়ণ ও অত্যাচারী এক সরকার।

[2-40—2-50 P.M.]

এবং এই সরকারের অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন তাতে গনতন্ত্র ধ্বংস হবে। মুখ্যমন্ত্রী উক্তি করেছেন আমাদের না কি কারা পাঠিয়েছে? ভোটার লিষ্ট অনুযায়ী ওকে যারা পাঠিয়েছে আমাদেরও তারা পাঠিয়েছে। উনি যেভাবে জোচ্চুরী করে জিততে পারেন আমাদের সে অবকাশ নেই। আমাদের যারা এখানে পাঠিয়েছে আমাদের তাদের হয়ে কথা বলছি। মুখ্যমন্ত্রী বিধানসভার বাইরে ছাত্র, যুবক, শ্রমিকদের আন্দোলনকে পুলিশ দিয়ে ভেঙেছেন। এসব দুর্ভাগ্যের বিষয়। এই বাজেটে য়্যাডমিনিষ্ট্রেশান খাতে টাকা ধরা হয়েছে বলে এসব বলছি। বাজেটের কথা গতবার বলেছি বলে বলতে বেদনা লাগে। প্রত্যেকটা গনতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করা হচ্ছে পুলিশ দিয়ে। এসব বাজেটে থাকা উচিত ছিল যে আমাদের সরকার গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করার জন্য বাজেটে পরিকল্পনা রেখেছেন এবং তারজন্য অর্থের প্রয়োজন। আমরাও তাহলে দুহাত তুলে সমর্থন করতে পারতাম। বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী একবার হেরে গিয়েছিলেন, আবার এসেছেন। তিনি পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে গেছেন তা আপনি জানেন, আমরাও জানি। আপনি বলতে পারবেন না, আমরা বলতে পারবো বলে এখানে আছি। পশ্চিমবাংলার অর্থনীতি সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে নীচে, শিল্পেও নীচের দিকে। কোন উদ্যোগ যদি না থাকে এবং শুধু যদি কেন্দ্রের উপর দোষারোপ কোন রাজ্য সরকার যদি চালায় তাহলে কিছু হবেনা। তাই অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ বিধানসভায় দিয়েছেন তা শুধু ভুলে ভরা নয়, অসত্য তথ্যে ভরা এবং তাই এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলার সাধারণ গরিব মানুষের কোন উন্নতি হবেনা। আমি তাই তাঁর এই বক্তব্য সমর্থন করতে পারছি না।

শ্রীভক্তি ভূষণ মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট বরাদ্দকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে কিছু বলছি। আমি মনে করি এই বাজেট হচ্ছে বেষ্ট বাজেট আউট অফ দি ওয়ারষ্ট সিচুয়েসান। এজন্য বলছি যে আমাদের দৃষ্টিভঙ্গীতে যে বাজেট হওয়া উচিত ছিল সে বাজেট এটা নয়। কিন্তু সিচুয়েশান, সারকামসট্যানসেস এবং সীমাবদ্ধতার কথা চিন্তা করে বলতে

পারি ইট ইজ দি বেষ্ট বাজেট আউট অফ দি ওয়ারষ্ট সিচুয়েসান। সেজন্য এটা ঠিক আমাদের মনঃপুত বাজেট নয়। আমি এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে কয়েকটি কথা বলবো। বাজেট বলতে গেলে তার কোষ্ঠিপাথর হচ্ছে কয়েকটি বিষয় সম্বন্ধে আলোচনা করা এবং সেই আলোচনার কোষ্ঠিপাথর দেখতে হবে যে এটা ঠিক আছে কিনা এবং উইদিন দি ফোর কর্ণার অফ দি কনষ্টিটিউসান অফ ইণ্ডিয়া আমরা কতদূর যেতে পারি সেটা আমরা চিন্তা করবো।

বাজেট সম্বন্ধে বক্তব্য রাখতে গেলে প্রথমে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ, এগ্রিকালচারাল গ্রোথ, আনএমপ্লয়মেণ্ট, ইনফ্লেশান এবং ডেফিসিট বাজেট এগুলি চিন্তা করতে হবে এবং সেই সঙ্গে এক্সপোর্ট, ইমপোর্ট এবং আমাদের ফরেন এক্সচেঞ্জের কথা ভাবতে হবে। আর ভারতবর্ষের বাজেট যখন আমরা আলোচনা করব তখন ফরেন ডেট এবং ব্ল্যাক মানিও আমাদের আলোচনা করে দেখতে হবে। আমরা যদি আজকে বিশ্বের মানি মার্কেট সম্বন্ধে আলোচনা করি তাহলে আমরা কি দেখতে পাচ্ছি—আমরা দেখতে পাচ্ছি যে সব ইম্‌পিরিয়ালিস্ট পাওয়ারগুলি আছে যার লিডারসিপে আছে আমেরিকা, পশ্চিমী জোট এবং আরো অন্যান্য তাদের সমস্তগুলি সম্বন্ধে আমরা যদি আলাপ আলোচনা করি তাহলে দেখব যে ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তাদের অবস্থা খুবই খারাপ ছিল এবং তারপর কিছু ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ করার পরে ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত খারাপের দিকে যাচ্ছে। অর্থাৎ এই ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথের যদি আমরা ডেমোগ্র্যাফিক গ্রোথটা আলোচনা করি তাহলে দেখব যে এই সমস্ত জায়গায় আজকে অবস্থা হচ্ছে টেনডেন্সিটা টুওয়ার্ডস দি লোয়ার লেভেল এসে যাচ্ছে। কেবল একটা জায়গায় এর ব্যতিক্রম আছে সেটা হচ্ছে ইণ্ডাষ্ট্রিয়াল দেশ জাপান। এর কারণ দুটি—একটা হচ্ছে মার্শাল প্ল্যানিংএ যে টাকাটা দিয়েছিল আমেরিকানরা, অর্থাৎ প্রগতিশীল মুভমেণ্টকে রুখবার জন্য আমেরিকানরা যে টাকাটা দিয়েছিল, তারা এই টাকাটা ভালভাবে সদ্ব্যবহার করেছিল এবং তাদের ডিফেন্সের খরচ খুব কম, এজন্য তারা ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথকে এগিয়ে নিয়ে যেতে পেরেছে। এবং সেখানে আরো কতকগুলি কারণ আছে—যেমন কুটিরশিল্প এবং অন্যান্য বিষয়ের জন্য ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথের যে কার্‌ভ সেই কার্‌ভ নিচের দিকে না এসে উপরের দিকে গেছে, আর পৃথিবীর অন্যান্য দেশের ক্ষেত্রে সেই পিরিয়ডে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ নিচের দিকে নেমে এসেছে। আমরা যদি এগ্রিকালচার দেখি তাহলে দেখব আমেরিকায় এই এগ্রিকালচারাল প্রোডাকসানটা উপরের দিকে গেছে, বাকি অধিকাংশ দেশে ঠিকভাবে এই প্রোডাকসান করতে পারেনি এবং এগ্রিকালচারাল প্রোডাকসানটা নিচের দিকে নেমে এসেছে, এমনকি বলতে পারি ইউ এস এস আর এবং ইষ্টার্ণ কান্ট্রি যেগুলি আছে তাদের মধ্যেও এগ্রিকালচারাল প্রোডাকসানের কার্‌ভটা নিচের দিকে নেমে এসেছে, এটা অস্বীকার করা যায় না। কিন্তু আমরা দেখি যে সমস্ত পৃথিবীতে যার কিছু বেড়েছে, ভারতবর্ষেও কিছু বেড়েছিল, এখন প্রায় স্ট্যাগন্যাণ্ট অবস্থায় আছে। আর আমরা যদি আনএমপ্লয়মেণ্ট সম্বন্ধে

বলতে যাই তাহলে এটা দেখা যাবে প্রায় সব দেশই আনএমপ্লয়মেণ্ট এগিয়ে যাচ্ছে অর্থাৎ বেশীর ভাগ লোক আনএমপ্লয়েড হচ্ছে।

[2-50—3-00 P.M.]

সেগুলি হচ্ছে ইম্পিরিয়ালিষ্টটিক কানট্রিতে যাদের ষ্ট্রাকচার ধনতান্ত্রিক, সেই সমস্ত দেশে আন-এমপ্লয়মেণ্টের ফিগার অনেক বেশী বেড়ে যাচ্ছে এবং সেই সংগে সংগে ইনফ্লেশানটা যদি দেখি তাহলে দেখবো ঐসব জায়গাতে ঐ কার্বটা উঁচুতে চলে গেছে। এই রকম এমন একটাও দেশ নাই যেখানে ইনফ্লেশনটা নীচের দিকে এসেছে। এটা ধনতান্ত্রিক মনভাব সম্পন্ন দেশেই হয়েছে। আনএমপ্লয়মেণ্টের ক্ষেত্রে একটা একসেপসন আছে, সেটা হচ্ছে ক্যানাডা। সেখানে আন এমপ্লয়-মেণ্টের সংখ্যা বাড়েনি। এই সমস্ত বিষয়গুলি আলাপ আলোচনা করে দেখতে হবে। কেবল পশ্চিমবাংলার বাজেট দেখলেই হবে না। ভারতবর্ষের বাজেটের অবস্থা দেখতে হবে, সারা পৃথিবীর অবস্থা দেখতে হবে। সেগুলি না দেখলে প্রকৃত অবস্থা বোঝা যাবে না এবং সেটা না দেখে প্রকৃত বাজেট আলোচনা করা যায় না। তাই আপনাদের কাছে বলতে চাচ্ছি যে আজকে বাজেট আলোচনার সময় এটা ঠিক করে দেখতে হবে যে সারা বিশ্বের অবস্থা কি এবং সেই অবস্থার পরি-প্রেক্ষিতে আমাদের কি অবস্থা হবে সেটা না ভেবে দেখলে আমার মনে হয় সঠিকভাবে বাজেট আলোচনা করা যাবে না। কতকগুলি ফিগার আছে জাগলারী অব ষ্ট্যাটিক্‌টিক্স আমি দু চারটি এ সম্বন্ধে বলতে পারি সবগুলি বলে সময় নষ্ট করার মত সময় আমার নাই, টাইম লিমিটেড। মোটা-মুটিভাবে বলছি যে সারা বিশ্বের যে অবস্থা সেই অবস্থায় দেখা যাচ্ছে যে মনিটারী সিসটেমটা একেবারে ভেঙ্গে পড়েছে। এবং তা নিরসনের দুটি পথ খোলা আছে। একটি হচ্ছে বিশ্বের মুক্তির জন্য মানুষ বিপ্লবের দিকে যাবে, আর একটি হচ্ছে, এই ক্রাইসিস থেকে বাঁচবার জন্য মানুষ যুদ্ধের অবতারনা করবে এবং দেখবেন ধনতান্ত্রিক দেশগুলি যেহেতু তাদের বাজার কমে যাচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ তেমন হচ্ছে না, মনিটারী পোজিসন খারাপের দিকে, সেই হেতু তারা আজকে সারা পৃথিবীতে যুদ্ধ লাগাবার জন্য ছুটে আসছে এবং এই দিকেই তারা বেশী করে জোর দিচ্ছে। এবার আমি ভারতবর্ষের বাজেট সম্বন্ধে কিছু আলোচনা করি। ভারতবর্ষের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের দেখতে হবে যে যে জিনিসটা ভারতবর্ষকে দেওয়া আছে সেটা হচ্ছে সাধারণত article 246 list 1 and 3-তে অধিকাংশ ইনকাম-এর ব্যাপারটা বলা আছে। এটা আমি পরে বলছি। আজকে ভারতবর্ষের অবস্থা কি? ভারতবর্ষের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথটা যদি দেখি তাহলে দেখবো ১৯৬০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত সেটা কমে আসছে। ১৯৮৩ সালে ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন একেবারে কমে গেছে। এবং এগ্রিকালচার্যাল প্রোডাকসনটা আমাদের ষ্ট্যাণ্ডষ্টীল অবস্থায় খানিকটা আছে। আন এমপ্লয়মেণ্ট

সম্বন্ধে আপনারা সবাই জানেন, কি রকম বেড়ে গেছে এবং এটা আপনারা চিন্তা করে দেখবেন। আর ইনফ্লেসন কি বলবো, যদি ১৯৫৯ সালকে বেস ইয়ার ধরি তাহলে আমরা দেখতে পাবো ইনফ্লেসন কিভাবে বেড়ে গেছে। ১৯৬০-৬১ সালে ইনফ্লেসন হয়েছে ২৯%, ১৯৭০-৮১ সালে ২২৪% বেড়েছে, আর ১৯৮০-৮১ সালে সেটা হয়েছে ৫১০%।

এবার আমরা আসি, জি. এন. পি. তে, যে জি. এন. পি. দেখেছি, দিস ইজ অলসো ওয়ান অব দি ইনডেকস, জি. এন. পি. ১৯৭৪-৭৫ টু ১৯৭৭-৭৮ এর যে জি. এন. পি., সেটা ৫'২ পার্সেন্ট ছিল। ১৯৭৮-৭৯ এবং ১৯৮১-৮২ সালে এটা কমে ৩'১ পার্সেন্ট হয়েছে এবং ১৯৮২-৮৩ সালে ২ পার্সেন্ট হয়েছে। বানিজ্য ঘাটতি যদি দেখি, তাহলে আমরা দেখবো. ১৯৬০-৬১ সালে ৩ হাজার ২৮০ কোটি টাকা ছিল এবং ১৯৮০-৮৩ সালে এটা ৫ হাজার কোটিতে এসে গেছে। আর ফরেন ডেট যেটা, সেই ফরেন ডেট ১৯৫০-৫১ সালে ১০০ কোটি ছিল। এখন ১৯৭০-৭১ সালে ৯২২ কোটি টাকায় দাঁড়ায় এবং ১৯৮৩ সালে ২৫ হাজার কোটি হয়েছে। এইগুলো সমস্ত আলোচনা করে না দেখলে আমরা ঠিক মত জিনিসটা বুঝতে পারবো না এবং সেইজন্য আমি কয়েকটি জিনিস আপনাদের কাজে রাখছি। পরে ভারতবর্ষের বাজেটের কথা কিছু বলবো এবং তারপর পশ্চিমবাংলার বাজেটে আসবো। বারবার একটা জিনিস লক্ষ্য করেছি, ডেফিসিট বাজেট এই ডেফিসিট বাজেট, এটা একটা চলতি প্রথা হয়ে গেছে। এই ডেফিসিট বাজেট সত্যিকারের ভারতবর্ষের কি যে ক্ষতি করে, সেটা আপনারা সকলেই জানেন এবং এর সঙ্গে সঙ্গে আরও কতকগুলো জিনিস আছে, সেইগুলোও আমাদের ভাবতে হবে, সেটা হচ্ছে এই, যে, ডেফিসিট বাজেট ছাড়াও ইনফ্লেশন এবং আরও অনেকগুলো পথ আছে, সেইগুলো সেন্ট্রাল গভর্ণমেণ্ট সবই ব্যবহার করছে। যেমন নোট ইশ্যু, যেমন ওপেন মার্কেটে যে ব্যাংকিং অপারেশন, সেই ব্যাংকিং অপারেশনের টার্ন ওভার যদি বাড়িয়ে দিতে পারেন, ওটা রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়া পারে, তাহলে অনেক টাকা যদি চলতে আরম্ভ করে তাহলে দেখা যাবে, এই অবস্থা চলবে। আরও অনেকগুলো কথা আছে আমি কতকগুলো কথা বলছি, ব্ল্যাকমানি ব্ল্যাকমানি আমেরিকাতেও যে একেবারে নেই, তা নয়, আমেরিকাতে ব্ল্যাকমানি ২২ পার্সেন্ট আছে, ইটালীতে আছে ২০ পার্সেন্ট, কানাডায় ২০ পার্সেন্ট আছে এবং ভারতবর্ষে এটা ৪৮ পার্সেন্ট অফিসিয়্যালি আছে, আন অফিসিয়্যালি ১০০ পার্সেন্টও যদি হয় তাহলে কোন আশ্চর্য্য হওয়ার কারণ নেই। এই ১০০ পার্সেন্ট যদি ব্ল্যাকমানি হয়, তাহলে অবস্থাগুলো কিভাবে আসে সেটা আমাদের মধ্যে ভাবা উচিত এবং দেখা উচিত। এইগুলো আমি এইজন্য বললাম, আপনাদের কাছে এইগুলো যদি না বলি তাহলে ভারতবর্ষের বাজেট সম্বন্ধে এখানে আলোচনা করে কোন লাভ হবে না, এবং পশ্চিমবাংলার বাজেটটা ঠিক হয়েছে কি না বুঝতে পারবো না। পৃথিবীর বাজেটও যদি আমরা না দেখি, পৃথিবীর ইকনমিক কণ্ডিশন যদি আমরা না দেখি, ভারতবর্ষের বাজেট যদি না দেখি তাহলে কেবল এখানকার বাজেট নিয়ে চিৎকার করলে হবে না। অনেক কিছু বলা যায়,

বলতে যাই তাহলে এটা দেখা যাবে প্রায় সব দেশই আনএমপ্লয়মেণ্ট এগিয়ে যাচ্ছে অর্থাৎ বেশীর ভাগ লোক আনএমপ্লয়েড হচ্ছে।

[2-50—3-00 P.M.]

সেগুলি হচ্ছে ইম্পিরিয়ালিষ্টটিক কানট্রিতে যাদের ষ্ট্রাকচার ধনতান্ত্রিক, সেই সমস্ত দেশে আন-এমপ্লয়মেণ্টের ফিগার অনেক বেশী বেড়ে যাচ্ছে এবং সেই সংগে সংগে ইনফ্লেশানটা যদি দেখি তাহলে দেখবো ঐসব জায়গাতে ঐ কার্বটা উঁচুতে চলে গেছে। এই রকম এমন একটাও দেশ নাই যেখানে ইনফ্লেশনটা নীচের দিকে এসেছে। এটা ধনতান্ত্রিক মনভাব সম্পন্ন দেশেই হয়েছে। আনএমপ্লয়মেণ্টের ক্ষেত্রে একটা একসেপসন আছে, সেটা হচ্ছে ক্যানাডা। সেখানে আন এমপ্লয়-মেণ্টের সংখ্যা বাড়েনি। এই সমস্ত বিষয়গুলি আলাপ আলোচনা করে দেখতে হবে। কেবল পশ্চিমবাংলার বাজেট দেখলেই হবে না। ভারতবর্ষের বাজেটের অবস্থা দেখতে হবে, সারা পৃথিবীর অবস্থা দেখতে হবে। সেগুলি না দেখলে প্রকৃত অবস্থা বোঝা যাবে না এবং সেটা না দেখে প্রকৃত বাজেট আলোচনা করা যায় না। তাই আপনাদের কাছে বলতে চাচ্ছি যে আজকে বাজেট আলোচনার সময় এটা ঠিক করে দেখতে হবে যে সারা বিশ্বের অবস্থা কি এবং সেই অবস্থার পরি-প্রেক্ষিতে আমাদের কি অবস্থা হবে সেটা না ভেবে দেখলে আমার মনে হয় সঠিকভাবে বাজেট আলোচনা করা যাবে না। কতকগুলি ফিগার আছে জাগলারী অব ষ্ট্যাটিক্‌টিক্স আমি দু চারটি এ সম্বন্ধে বলতে পারি সবগুলি বলে সময় নষ্ট করার মত সময় আমার নাই, টাইম লিমিটেড। মোটা-মুটিভাবে বলছি যে সারা বিশ্বের যে অবস্থা সেই অবস্থায় দেখা যাচ্ছে যে মনিটারী সিসটেমটা একেবারে ভেঙ্গে পড়েছে। এবং তা নিরসনের দুটি পথ খোলা আছে। একটি হচ্ছে বিশ্বের মুক্তির জন্য মানুষ বিপ্লবের দিকে যাবে, আর একটি হচ্ছে, এই ক্রাইসিস থেকে বাঁচবার জন্য মানুষ যুদ্ধের অবতারনা করবে এবং দেখবেন ধনতান্ত্রিক দেশগুলি যেহেতু তাদের বাজার কমে যাচ্ছে, ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ তেমন হচ্ছে না, মনিটারী পোজিসন খারাপের দিকে, সেই হেতু তারা আজকে সারা পৃথিবীতে যুদ্ধ লাগাবার জন্য ছুটে আসছে এবং এই দিকেই তারা বেশী করে জোর দিচ্ছে। এবার আমি ভারতবর্ষের বাজেট সম্বন্ধে কিছু আলোচনা করি। ভারতবর্ষের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের দেখতে হবে যে যে জিনিসটা ভারতবর্ষকে দেওয়া আছে সেটা হচ্ছে সাধারণত article 246 list 1 and 3-তে অধিকাংশ ইনকাম-এর ব্যাপারটা বলা আছে। এটা আমি পরে বলছি। আজকে ভারতবর্ষের অবস্থা কি? ভারতবর্ষের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথটা যদি দেখি তাহলে দেখবো ১৯৬০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত সেটা কমে আসছে। ১৯৮৩ সালে ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন একেবারে কমে গেছে। এবং এগ্রিকালচার্যাল প্রোডাকসনটা আমাদের ষ্ট্যাণ্ডষ্টীল অবস্থায় খানিকটা আছে। আন এমপ্লয়মেণ্ট

কাজেই বিবেকের বিরুদ্ধে তাঁকে এগুলি করতে হচ্ছে। বিবেকের বিরুদ্ধে হলেও তা না করলে ট্যাকসেসান থেকে যে টাকা আসে সেটা আসবে না। তাঁর নোট ছাপানোর ক্ষমতা নেই, বিদেশী ঋণ যে নেবেন তারও ক্ষমতা নেই। স্যার, শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন যে বিদেশী ঋণ যদি কোন প্রজেক্টের জন্য দেওয়া হয় তাহলে তার ১২ আনা তারা সার্ভিস চার্জ হিসাবে দেন কিন্তু কেন্দ্রীয় সরকার সেখানে ৭।৮ পারসেন্ট ইন্টারেষ্ট হিসাবে চার্জ করে নেন। কাজেই এগুলি যদি চিন্তা করা যায় তাহলে দেখা যাবে যে আউট অব দি ওয়ার্ষ্ট এটা বেষ্ট বাজেট করা হয়েছে। এরপর আমি ট্যাকসেসানের কথায় আসছি। গতবারেও যেমন সত্যি সত্যি কতকগুলি ট্যাকস বাদ দিলেও করা যেত বলে আমরা বলেছিলাম এবারেও তেমনি বলছি, ফাইনান্স মিনিষ্টার কনসিডার করে দেখুন যে চায়ের ব্যাপারে তিনি কিছু করতে পারেন কিনা। চায়ের ব্যাপারে তাঁর একটু চিন্তা ভাবনা করা দরকার। চায়ের ব্যাপারে যদি কিছু করা যায় তাহলে ভালো হয়। এখনও ফুল বাজেট পাশ হয়নি কাজেই এখনও চিন্তা ভাবনা করার সময় আছে। তারপর বিল্ডিং ট্যাকস্, যেটা উইদিন দি জুরিসডিকসান অব দি ষ্টেট গভর্ণমেণ্ট সেটা দেখছি কখনও বাড়ানো হচ্ছে না। বিশেষ করে কোলকাতা শহরে যে সব বড় বড় বাড়ী আছে সেখান থেকে নানানভাবে উইণ্ড ফল প্রফিট আসছে। ধরুন এক কাঠা জমি দু হাজার টাকায় একজন কিনেছিল আজকে সেই জমি সে এক লক্ষ টাকা কাঠায় বিক্রি করছে এবং এইভাবে সেই লোকটি একেবারে বড়লোক হয়ে যাচ্ছে। এটা উইদিন দি জুরিসডিকসান অব দি ষ্টেট গভর্ণমেণ্ট কাজেই এ সম্বন্ধে কিছু করা যায় কিনা চিন্তা করে দেখুন। যদিও এর ভেতরে কিছু লিগ্যাল কম্পেলকসিটির কথা উঠতে পারে কিন্তু তবুও বলছি, এই যে ক্যালকাটার প্রপার্টি যেটা থেকে উইণ্ডফল প্রফিট আসছে সেটা আমাদের ক্যাপাসিটিতে এনে স্কেল ডাউন করে সাধারণ মানুষের উপকারে লাগাতে পারি কিনা সেটা ভেবে দেখবেন। তারপর সিলিং-এর ব্যাপার যেটা আছে সেটা কোলকাতার ব্যাপারে একটা ফার্সে পরিণত হয়ে গিয়েছে। গ্রামে যেখানে ৭৫/৮০ ভাগ লোক থাকেন সেখানে জমির সিলিং যদি করা হয় তাহলে কোলকাতার ক্ষেত্রেও সিলিংটা ঠিকভাবে করার প্রয়োজন আছে এবং তাহলে অনেক টাকা আমরা পেতে পারি। এই বিষয়টা নিয়ে ফাইনান্স মিনিষ্টারকে আলোচনা ও বিবেচনা করে দেখতে অনুরোধ জানাচ্ছি। পরিশেষে আমি আর একটি কথা বলব। আমাদের ট্যাকসেসানের দিকটা যেমন দেখা দরকার তেমনি এক্সপেনডিচারের দিকটাও দেখা দরকার। এক্সপেনডিচারটা যদি অধিকাংশই আরবান ইন্টারেষ্টে লাগানো হয় তাহলে রুর‍্যাল ইন্টারেষ্টটা অনেকাংশে কার্টেল করে দেওয়া হচ্ছে না কি ?

[3-10—3-45 P. M. including adjournment]

আমি একটা উদাহরণ দিচ্ছি। এই যে কলকাতা টিউব রেল বলুন, আর যাই বলুন, এতে কোটি কোটি টাকা খরচ করছেন। অথচ গ্রামে ইরিগেশনের অভাবে অধিকাংশ জমিতে ফসল

হচ্ছে না। আপনি চিন্তা করে দেখবেন, যে টাকাটা এখানে দেওয়া হয়েছে তাতে পশ্চিমবাংলার যে ১৫টি জেলা আছে, সেই জেলাগুলিতে ইরিগেটেড করে দেওয়া যেত। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেটা হচ্ছে না। এক একটা প্রোজেকটে, অর্থাৎ ইরিগেশান প্রোজেকটে কত কোটি টাকা লাগে সেটা নিশ্চয়ই আপনারা জানেন। আমার মনে হয় সেদিক থেকে সবচেয়ে বেশী প্রাইওরিটি দিয়ে এই বাজেট তৈরী করা উচিত। আমি আর একটা কথা বলতে চাই। তিস্তা করেছেন এবং সেটা ভাল হয়েছে। এই রকম বহু করা যায়। আর একটা হচ্ছে সিদ্ধেশ্বরী প্রকল্প। এই প্রকল্পে ৫৫ হাজার একর জমি চাষ হবে অথচ এতে টাকা খুব বেশী নেই। এই প্রকল্পটি আজকে ৫ বছর ধরে হয়ে আছে, সে সম্পর্কে কিছু বলা হল না। এই রকমভাবে অনেক জায়গায় মিডিয়াম সাইজের যে ইরিগেশান প্রজেকট, আমি সেই প্রজেকট ইরিগেশানের কথা বলছি। মেকানিক্যাল ইরিগেশান সব সময়েই কষ্টলি হয়। সেজন্য গরীব মানুষের জন্য মেকানিক্যাল ইরিগেশানের চেয়ে প্রজেকট ইরিগেশান অনেক ভাল। কাজেই এগুলি আরো বেশী করে ইম্পলিমেণ্ট করা দরকার। সেজন্য এগ্রিকালচার ইম্পলিমেণ্টস বা অন্যান্য যেগুলি আছে সে সম্পর্কে আমি এই কথা বলবো যে অন্ততঃ জমিগুলিতে যদি ইরিগেশানের ব্যবস্থা করা হয় তাহলে গ্রামের লোকেদের সুবিধা হবে এবং এর দ্বারা ফাণ্ডামেনটালি একটা বেসিক সুখ সুবিধা তাদের এনে দেওয়া যেতে পারে বলে আমি মনে করি। আজকে বেশির ভাগ টাকা যদি আর্বান ইণ্টারেণ্টে এবং ক্যালকাটার ইণ্টারেষ্টে খরচ করা হয় তাহলে এটা ঠিক হবে না। এটা আপনাকে বিবেচনা করে দেখার জন্য বলবো। আমি আপনাকে এই সমস্ত কথার পরে এই কথা বলতে চাই, This budget is, under the worst situation the best budget. সেজন্য আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ এখন বিরতি। হাউস আবার ৩·৪৫ মিনিটে বসবে।

(At this stage the House was adjourned till 3·45 p.m.)

[3-45—3-55 P. M.]

শ্রীঅতীশ চন্দ্র সিন্‌হা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সভায় একজনও মন্ত্রী উপস্থিত নেই।

মিঃ স্পীকার ঃ আমি খবর পাঠিয়েছি, ওঁরা আসছেন, ততক্ষণ আলোচনা চলুক।

শ্রীআনন্দ মোহন বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি এই বিধানসভার শুধু অধ্যক্ষই নন, আপনি ব্যক্তিগত জীবনে এই রাজ্যের একজন ব্যবহারজীবী, বুদ্ধিজীবী, সুতরাং আপনি নিশ্চয়ই এই রাজ্যের বর্তমান সার্বিক অর্থনৈতিক অবস্থাটা জানেন। আমরা দেখছি রাজ্যে ক্রমবর্দ্ধমান বেকারত্ব, যার হিসাব এই সরকারের কাছে নেই। এখানে আমাদের দলের

নেতা জনাব আবদুস সাত্তার সাহেব বলেছেন এবং ভক্তি-বাবুও বলেছেন যে, এই রাজ্যে পার ক্যাপিটা ইয়ারলি ইনকাম কিভাবে ফল্ করছে। ১৯৭১ সালের আর্থিক মূল্যমানে এই রাজ্যে পার ক্যাপিটা ইয়ারলি ইনকাম ছিল ৬৬১ টাকা। তার পরে বিগত কয়েক বছরে সেই ইনকাম ফল্ করে দাঁড়িয়েছে ৫৯০ টাকায়। জাতীয় জীবনে যেখানে ৩ টাকা ফল্ করেছে, সেখানে এই রাজ্যে পার ক্যাপিটা ইনকাম ৭১ টাকা ফল্ করেছে। উৎপাদনের ক্ষেত্রে, শিল্পে, বানিজ্যে, কৃষিতে বিগত কয়েক বছরে ১৪৪ কোটি টাকা মূল্যের উৎপাদন হ্রাস পেয়েছে। এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বাজেট উত্থাপন করেছেন তাতে It is my personal observation. This budget is too weak to combat the economic situation. So far as I know, the salient features of this budget are, firstly, it is non-productive and secondly, it is non-planoriented. These are the salient features—non-productive and nonplan-oriented. It is rather, I should say, nothing but crude accountancy and full of mathematical deceptions.

আমরা জানি এবং আপনারা সবাই জানেন যে ৭৫ কোটি টাকা ঘাটতি এবং সমুদয় ঘাটতি পরোক্ষ করের উপর দিয়ে তোলা হবে। ভক্তিবাবু বলেছেন—আই এনডোরস হিজ ভিউস—মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন What are the demerits of indirect taxation ? আজকে এই ৭৫ কোটি টাকা পরোক্ষ কর হিসাবে আমার আপনার পকেট থেকে এমন কি গৃহস্থ বধুর আঁচল থেকে ব্যবসায়ীদের হাত দিয়ে তুলে নেওয়া হবে। অনেক সদস্য আছেন যারা চিরদিনই ইনডায়েরেকট ট্যাকসেসানের বিরোধিতা করে বলেন। আজকে অত্যন্ত দুঃখের বিষয়, আমাদের সমাজ ব্যবস্থায় যখন ইনটারমেডিয়ারী ইনটারেষ্টের বিরোধিতা করে সবাই বলছে, যখন মিডিলমেন সিসটেমের এ্যানিহিলেসান করার চেষ্টা করছে তখন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের ঘাড়ে চড়ে অসাধু ব্যবসায়ীরা সেই ইনটারমিডিয়ারী ইনটারেষ্ট যখন অবলুপ্তির পথে তখন-তাকে পুনরায় প্রতিষ্ঠিত করছে। এটা আমার কথা নয়, বাইরের লোকেরা বলেন - আমি সংবাদপত্রে দেখলাম—He is the sweet darling of the Chambers. আজকে এই ব্যবসায়ীদের হাতে শোষনের অস্ত্র তুলে দিয়েছেন। এখানে শচীনবাবু উপস্থিত নেই। তিনি খুব উঁচু স্বরে অনেক এ্যানালিসিস করে আমাদের দেশের স্মল স্কেল ইনডাসট্রির ডেভেলপমেণ্টের কথা বলেছেন। তিনি শাক দিয়ে মাছ ঢাকার চেষ্টা করেছেন। আসলে তিনি শিল্পের কথা বলছেন না যেটা জাতীয় জীবনে অগ্রগতির ক্ষেত্রে যেটা বেসিক ইনডাসট্রি, কি ইনডাসট্রি—সে কথা তিনি বললেন না। আজকে আনডার ডেভেলপড্ ইকোনমিতে বেসিক ইষ্টডাসট্রি, কি ইনডাসট্রির অত্যন্ত প্রয়োজন আছে। আজকে তাই দুর্গাপুর, ভিলাই রাউরকেল্লা গড়ে উঠেছে। এই সরকারের ইকোনমিক রিভিউতে কোন ইনডাসট্রিয়াল

বেফিনিট এবং পজিটিভ কোন পলিসির কথা বলা নেই। অনলি নেগেটিভ এ্যসপেকট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন। আজকে কনস্ট্রেন্স-এর কথা বলেছেন, অর্থাৎ আজকে অন্তরায়ের কথা বলেছেন, প্রতিবন্ধকতার কথা বলেছেন। এই শিল্পে কোন সোস্যাল কনট্রোল নেই। সারকামসটেন্সের যেকথা বলেছেন সেই কথা পরিষ্কারভাবে বলেন নি। সারকামটেন্সের কথা বলতে গিয়ে ঘুরিয়ে ঘুরিয়ে নাক দেখানো হয়েছে। এখানে ভক্তিবাবু সেণ্টারের কথা বলেছেন, সেণ্টার লিষ্ট, ষ্টেট লিষ্ট এবং কংকারেণ্ট লিষ্টের কথা বলেছেন। কিন্তু একথা আজকে জানতে হবে হোয়াট আর দি সারকামসটান্সেস? ঘুরিয়ে বলেছেন সেণ্টারের বিমাতাসুলভ আচরণ—একটা ডিসক্রিমিনেসান, রিজিওন্যাল ইমব্যালেন্সের কথা হয়তো বলতে চাচ্ছেন। কিন্তু কতটুকু ডিসক্রিমিনেসান করেছে তার ডিটেলস কিন্তু ইকোনমিক রিভিউতে বলা হয়নি। সোস্যাল কনট্রোলের কথা বলা আছে। আমরা জানি, আজকে শিল্পপতিরা, বিগ্ বিসনেসম্যানরা যারা কোটিপতি, যারা পুঁজিপতি, যারা ক্যাপিটালিষ্ট মনোপলি তারা হয়তো বিসনেসকে কনট্রোল করে, ইনডাসট্রিকে কনট্রোল করে কিন্তু অর্থমন্ত্রী মহাশয়কে আমি প্রশ্ন করতে চাই যেখানে যেখানে সোস্যাল কনট্রোল আছে তার কি ব্যবস্থা আপনি করেছেন?

আজকে ১৩/১৪টি পাবলিক আনডারটেকিং আছে। এ্যগ্রো এনডসট্রি কথা বলি, দুর্গাপুর কেমিক্যাল লিমিটেডের কথা বলি, দুর্গাপুর প্রজেকটের কথা বলি গ্রেট ইষ্টার্ণ হোটের কথা বলি—প্রতি বছর যেখানে বেকারত্ব বাড়ছে, যেখানে অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়ছে—সেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা ভরতুকি দেওয়া হচ্ছে। একমাত্র হোটেল ব্যবসায় আপনাদের কিছু লাভ হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন বলেছিলেন কিছুটা লাভ হয়েছে। ধরলাম এই সরকার কিচেন বিসনেসে অত্যন্ত পারদর্শি। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি, চিড়িয়াখানার কাছে একজন বিরাট ব্যবসাসীকে, বিরাট একজন শিল্পপতিকে কেন হোটেলের জন্য জমি তাকে বিক্রি করে দেওয়া হয়েছে? কোনটা ঠিক? শিল্প ইনডাসট্রি ডেভেলপ করছে না, কোন সোস্যাল কনট্রোল নেই, অথচ পুঁজিপতিদের সাবধান করা হচ্ছে।

[3-55—4-05 P. M.]

অথচ সরকার হোটেলে যেখানে লাভ করছেন, সেখানে সেই হোটেলের জমিকেই একজন শিল্পপতির হাতে তুলে দিচ্ছেন। আজকে ইণ্ডাসট্রিয়ালের ক্ষেত্রে ডেফিনিট পলিশি নেই। তাঁর যে বক্তব্য সেই বক্তব্যকে সেলফ কনট্রাডিকটরী বলে আমি মনে করি। এখানে সেনট্রাল ডিসক্রিমিনেসনের কথা বলা হচ্ছে, আমরা জানি কোন কোন রাষ্ট্রের প্রধান যদি মিলিটারী

জেনারেল হন তাহলে তিনি নিজের ক্ষমতাকে অব্যাহত রাখবার জন্য দেশের মধ্যে একটা ওয়ার সাইকোসিস সৃষ্টি করেন। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় ডেফিনিট কনষ্টিটিউসন্যাল প্রভিসন কিছু বলছেন না, কেন্দ্র দিল না, কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাব, কেন্দ্রের যে সমস্ত ক্ষমতা বিভাজন করা হয় সেই সমস্ত কনষ্টিটিউসন্যাল প্রশ্ন তুলে একটা এ্যানটি সেনট্রাল সাইকোজিসট এই রাজ্যের সাধারণ মানুষের কাছে তুলে ধরেন নিজের ক্ষমতাকে অব্যাহত রাখবার জন্য। এখানে রিলিফ আণ্ডার টেকিং আমরা দেখতে পাচ্ছি এই সরকার ৭ বছর আসার পরে এমপ্লয়-মেণ্ট পোটেনসিয়ালিটির নামে রিলিফ আণ্ডার টেকিংয়ে ৪৪টি শিল্প সংস্থাকে রিলিফ আণ্ডার টেকিংয়ের আওতায় নিয়ে এসেছেন। অবশ্য তাঁদের কথা, আমাদের দেশের এমপ্লয়মেণ্ট পোটেনশিয়ালিটিকে রেসটোর করার জন্য আমরা একটা করতে বাধ্য হচ্ছি। আমরা চাই এমপ্লয়মেণ্ট পোটেনশিয়ালিটি বাড়ুক। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি এই সমস্ত কোম্পানী যারা সিক হয়ে পড়ছে তারা ইনষ্টিটিউসন্যাল ফাইনানসের কাছ থেকে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা ব্যবসার জন্য নিয়েছে। কিন্তু টাকা নেওয়ার পরে আমরা দেখছি, কবে কোম্পানীর সিক পার্সেন, কবে যে তারা সিক হচ্ছে কবে কোম্পানীর মৃত্যু হচ্ছে, বা স্বাভাবিক মৃত্যু, না অপমৃত্যু আমরা কিছুই দেখতে পাচ্ছি না পরে কোম্পানীর মৃত্যুর পরে কোম্পানীর ডাইরেকটার হি ইজ ওয়ান অফ দি এমপ্লায়ার অফ দি কোম্পানী, আর্থিক দিক দিয়ে অত্যন্ত হৃষ্টপুষ্ট হচ্ছেন। এই সরকার সেণ্ট জনস এ্যাম্বুলেনসের ভূমিকা নিয়েছেন। সাধারণ মানুষ এ্যাম্বুলেনস আসছে দেকছেন, আর ডাইরেক্টার সেই এম্বুলেনসে করে রাইটার্স বিল্ডিংসে চলে যাচ্ছেন। আজকে আমরা এই সামাজিক শ্রেণীবিন্যাস চাই। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেকে প্রোলিটারিয়েট বলে দাবী করেন, হি ইজ নট প্রোলিটারিয়েট, প্রোলিটেরিয়েট তিনি নন, তাঁকে একজন পেটী বুর্জোয়া বলে আমি মনে করি। ককাস যেমন ধরে থাকে ডাইরেকটাররা তাঁকে ককাসের মত ধরে আছে। এ্যাটমিনিষ্ট্রেটিভ কোটারী গঠন করেছেন এই-ভাবে আজকে রিলিফ আণ্ডার টেকিংয়ের নাম করে কিছু কিছু ইণ্ডাসট্রিকে হেলপ করেছেন সেখানে এমপ্লয়মেণ্ট পোটেনসিয়ালিটি কোথায় আর হোয়াট ইজ দি কনসিডারেসন বিহাইণ্ড ইট। আমরা জানতে চাই। ওখানে ফরেষ্ট মিনিষ্টার রয়েছেন, অত্যন্ত পরিতাপের সংগে লক্ষ্য করেছি ইণ্ডাস্ট্রী বাড়ছে, ইণ্ডাস্ট্রী কোথায় বাড়ছে ?

ঐ নর্থবেঙ্গলে স-মিল ইণ্ডাস্ট্রী হচ্ছে। আমরা সংবাদপত্রে দেখেছি ৪০০টি স মিল ঐ হিল কাল রোডে ৪০০টি আন লাইসেনসডস স মিল গড়ে উঠেছে। সরকার হয়ত বলবেন নর্থ বেঙ্গলে বনজ সম্পদ আছে। মেদিনীপুর, সুন্দরবন, গিধনী, শালবনী, ঝাড়গ্রাম সেখানেও তো বনজ সম্পদ পাওয়া যায়। বিস্তীর্ণ সুন্দরবন এলাকায় বনজ সম্পদ পাওয়া যায়, সেখানে তো ৪০০টি স-মিল গড়ে উঠল না ? যেহেতু নর্থ বেঙ্গলের মন্ত্রী আছেন, সেজন্য ওখানে হল। আজকে ডেনসিটি অফ ফরেষ্ট কি অবস্থায় আছে ? কোথা থেকে প্রতিদিন র মেটিরিয়েলস সাপ্লাই হচ্ছে, কি করে সেখানে আইলাইসেনসড মিল চলছে। সে সম্বন্ধে সরকার সম্পূর্ণ নীরব। আর একটি ইণ্ডাষ্ট্রি বাড়ছে

আমার জেলার মন্ত্রী মহাশয়কে দেখছি না। কানটিলিকার বাড়ছে। ৭৭ সাল পর্যন্ত ২৪ লক্ষ লিটার প্রোডাকসান হোত কিন্তু বিগত ৭ বছর ধরে আর ৪০ লক্ষ লিটার ওখানে প্রোডাকসান হচ্ছে না।

সরকার বলছেন কিছু না, এটা রেভিনিউ কালেকশনের একটি সোর্স মাত্র। অথচ আজ সারা পশ্চিমবাংলার ঘরে ঘরে ভাটিখানা তৈরী হয়ে গেল, সারা পশ্চিমবাংলা ভাটিখানায় ছেয়ে গেল। আমি জানিনা মার্কসিজিমের একটা ওপিয়াম পলিসি কি না। আজকে এই অবস্থা এখানে চলছে। আমরা জানি এখানে কো-অপারেটিভ আছে, অনেক ইনষ্টিটিউশনাল ফিনান্স, পাবলিক ক্রেডিট আছে। সেই পাবলিক ক্রেডিটের আজকে কি অবস্থা? ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্কের আজ কি অবস্থা জেলাগুলোতে? সেনট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের কি অবস্থা। আজকে এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি গুলির কি অবস্থা? আজকে সরকার সেদিকে লক্ষ্য করছেন না। সরকার কি করছেন? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বসে আছেন, ষ্ট্যাটিসটিকস তাঁর কাছে আছে। আজকে ৫০০০ মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে। ওঁরা বলছেন ; আমরা শোষণমুক্ত সমাজ ব্যবস্থা গড়ে তুলতে চাই। ২৪ পারসেণ্ট ইণ্টারেষ্টে ওঁদের লাইসেন্স দেওয়া হয়েছে। ইনষ্টিটিউশনাল ফিনান্স থেকে তাঁরা টাকা নিয়েছে এবং সেই টাকা ৩৬ পারসেণ্ট, কোথায়ও বা চক্রবৃদ্ধি হারে ৭২ পারনেণ্টে সেই টাকা সেখানে খাটানো হচ্ছে। এর সঙ্গে সেখানে কত ব্ল্যাক মানিও খাটছে। হয়ার আর দি চেকস এ্যাণ্ড ব্যালেনস? আজকে সরকার সেখানে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? সে কথা আজকে এখানে বলা নেই। এখানে ভক্তিবাবু অনেক কথা বলেছেন। আমি নিশ্চয়ই তাঁকে শ্রদ্ধা করি ম্যান অফ সেম প্রফেশন বলে। তিনি আমার সিনিয়রও বটে। তিনি এখানে ওয়ার্ল্ড ইকোনমির কথা বলেছেন। ওয়ার্ল্ড ইকোনোমির ডেটিরিওরেটিং সিচুয়েশন সম্পর্কে তিনি খুবই উদ্বিগ্ন। আই শ্যাল নট ডিসকাস দিস ম্যাটার কারণ এটা একটা ফিলানথপিক কথা। তিনি এখানে দাঁড়িয়ে ভারতবর্ষের অর্থনীতির কথা বলেছেন, ইণ্ডিয়ান বাজেট সম্পর্কে বলেছেন ; ইনফ্লেশনের কথা বলেছেন ; ইনফ্লেশনের তিনি অনেক কারণ দেখিয়েছেন। কিন্তু একটি কথা বলেননি। বলতে পারেনও না, কারণ হি ইজ অলসো এ পার্টি টু দিস গভর্ণমেণ্ট। সরিক হিসাবে সে কথা তিনি বলতে পায়েন না। এই সরকারের বিগত ৭ বছরে নন-প্ল্যান এক্সপেনডিচার কত? সেই নন্-প্ল্যান এক্সপেনডিচারের কথা যদি ভক্তিবাবু বলতেন তাহলে এই সরকারও যে মুদ্রাস্ফীতিজনিত সমস্যার ক্ষেত্রে অনেকটা দায়িত্ব আছে সেটা সরিক দল হিসাবে স্বীকার করতে হোত। তাই তিনি সেটা ট্যাকটফুলি এ্যাভয়েড করেছেন। তিনি এখানে প্রভিশন সম্বন্ধে বলেছেন, কংকারেন্স লিষ্ট এবং ষ্টেট লিষ্টের কথা বলেছেন। কিছু কিছু ক্ষেত্রে ষ্টেট লিষ্ট এবং কংকারেন্স লিষ্ট থাকবার ফলে হয়তো সরকারের ক্ষমতা সীমিত। কিন্তু কোন উপায় নেই, কারণ দিস ইজ কনষ্টিটিউশনাল প্রভিশন। আমরা জানি এটা ফেট্ এ্যাকমপ্লাই, কনষ্টিটিউশন সেইভাবেই করা এবং কনষ্টিটিউশন একটা

ফেডারেল দিয়েছে। কখনও কখনও ইমারজেন্সীর ক্ষেত্রে, জাতির সংহতির ক্ষেত্রে যদিও এটা ফেডারেল ক্যারেকটার, তবে অনেক সময় ইউনিটারী ফর্মে আনতে গেলে এইভাবেই বিভাজন করতে হয়। এটা আলোচনার বাইরে বলেই মনে করি। এখানে সরকারের কোন এগ্রেরিয়ান পলিসি অর্থাৎ কৃষি-নীতি আমরা দেখতে পাচ্ছি না। বাজেট বক্তৃতার প্রথমেই সুরু হয়েছে এবার ভাল-ভাবে মনসুন হয়েছে, তারফলে বাম্পার হারভেষ্ট হয়েছে। অত্যন্ত ভাল কথা। কিন্তু একটি সরকার যখন ন্যাচারাল ক্যালামিটিস ফেস করছে, খরার মোকাবিলা করছে, তখন কিন্তু আমাদের সরকার কম ব্যাট করতে পারছে না। তাহলে এইক্ষেত্রে সরকারের কোন ক্রেডিট আছে বলে আমি তো মনে করছি না। আমরা পুরোপুরিভাবে মনে করি এগ্রিকালচার ইস ওয়েষ্ট বেঙ্গল এণ্টায়ারলি ডিপেণ্ডস অন দি গ্যাম্বলিং অফ দি মনসুন। এটা বহু পুরাতন কথা। আজ দিকে দিকে ইণ্ডাস্ট্রীয়ালাইজেশন একসপ্যাণ্ড করছে, কমার্শিয়ালাইজেশন হচ্ছে, কৃষিতে মর্ডানাইজেশন হচ্ছে। কিন্তু এখানে কৃষি মনসুনের দিকে পা বাড়াচ্ছে! আজকে এখানে দাঁড়িয়ে বলতে হয় যেখানে ওয়েষ্ট বেঙ্গলে ৩৮ হাজার গ্রামে শতকরা ৭৫ জন মানুষ ডাইরেকটলি এবং ইনডাইরেকটলি কৃষির উপর নির্ভরশীল, সেখানে আমাদের বলতে হচ্ছে দি এনটায়ার এগ্রিকালচারাল ইকোনোমি অফ দি স্টেট ডিপেণ্ডস আপন দি গ্যাম্বলিং অফ দি মনসুন। আজকে শুধু কৃষির কথাই বলা হচ্ছে, কিভাবে কৃষির উৎপাদন হবে সেকথা বলা হচ্ছে।

[4-05—4-15 P. M.]

১ কোটি ৩৮ লক্ষ একর জমি হচ্ছে কালটিভেব্‌ল ল্যাণ্ড। তার মধ্যে কতটা জমিতে এ্যাসিয়োর্ড ইরিগেসান পৌছাতে পেরেছেন তার শতকরা হিসাব এই বাজেট বইতে দেওয়া হয় নি। কৃষিতে যেটা প্রাইম ফ্যাক্টর সেই প্রাইম ফ্যাক্টর হচ্ছে কৃষক। কৃষকদের উদ্যমের ফলেই কৃষি অগ্রগতির দিকে এগিয়ে যায়। সেই কৃষকের শিক্ষা এবং বাসস্থানের সম্বন্ধে এখানে কিছু বলা হয় নি। এখানে বই-এর একটা জায়গায় লেখা আছে—"জনগনের জয়যাত্রা"। কোথায় জনগন, কোথায় তার জয়যাত্রা! এই পশ্চিমবাংলার শতকরা ৩০ জন মানুষ তফশীলিজাতি এবং অদিবাসী সম্প্রদায় ভুক্ত। নদীয়া, মুর্শিদাবাদ, সুন্দরবন, ২৪-পরগনা, উত্তরবংগ, কুচবিহার, জলপাইগুড়ি, ওয়েষ্টদিনাজপুর সেখানে রাজবংশী, লাভা এবং হাজার হাজার মৎসজীবী মানুষ অত্যন্ত পিছনে পড়ে আছে। তাদের খাদ্য নেই শিক্ষা নেই। এই সমস্ত মানুষ মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে রাইটার্স বিল্ডিংস পৌছে দেবার সুযোগ করে দিয়েছে। আজকে তাদের সম্বন্ধে কোন কথা ইকনমিক রিভিউতে বলা নেই। তাদের বাসস্থানের কথা বলা নেই, তাদের শিক্ষার কথা বলা নেই, তাদের কর্মসংস্থানের কথা বলা নেই গোটা বাজেট বই-এর ভেতর। আমরা বলি It is not a budget it is a good accountancy full of mathematical deception, এই বাজেট বই-এর ভেতর

কোন উন্নতির কথা বলা আছে ? আজকে যদি এই সমাজের বাঙ্ক পপুলেশন – শতকরা ৩০ ভাগকে যদি পেছনে রেখে সরকার যদি মনে করে যে এটা জনগনের জয়যাত্রা; আমি এটা বিশ্বাস করি না। আমি মনেপ্রাণে এটাকে বিশ্বাস করি না। এটা জনগনের জয়যাত্রা নয়। এটা সি. পি. এম. ডোমিনেটেড লেফ্‌ট ফ্রন্ট গভর্ণমেণ্ট ডোমিনেটেড, অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী সহ কয়েকজন মন্ত্রীর রথযাত্রা বলে আমি মনে করি। হ্যাঁ, জনযাত্রা নয়, রথযাত্রা। বক্তব্যের প্রথমেই আমি সুরু করেছিলাম এমপ্লয়মেণ্ট নিয়ে। এখানে সেণ্ট্রাল এ্যাসিসটেণ্ট স্কীম এন. আর. ই. পি. এবং এস. ই. বি. এইগুলি বিগত কয়েক বছর ধরে চালু করা হচ্ছে। এই ব্যাপারে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে খাদ্যের বদলে কাজ—মাটি কাটিয়ে মানুষকে কিছু অর্থ দেওয়া হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর এই বাজেটের ভিতর তাকে একটা এমপ্লয়মেণ্ট পোটেনসিয়াল হিসাবে ট্রিট করেছেন। আমি মনে করি দিজ ইজ নট এমপ্লয়মেণ্ট এ্যাট অল। কোন এমপ্লয়মেণ্ট পোটেনসিয়াল এর ভেতর নেই। যার কোন পারমানেনসি নেই যার কোন পোটেনসিয়্যালিটি নেই—এই it is nothing but a subsedy given to the poorers. আজকে যেখানে গরীব মানুষের গায়ের ক্ষমতাকে শুধু এ্যাসিলেট করার জন্য এই কাজের বদলে খাদ্য, এই সরকার তাকে বলছে এমপ্লয়মেণ্ট পোটেনসিয়ালিটি। এটা সম্পূর্ণ অসত্য এবং অবাস্তব। সাধারন মানুষ যারা, বেকার যারা তাদের এই ভাবে ভুল বোঝানো হচ্ছে। আমি অত্যন্ত আনন্দিত যে মাননীয় অর্থমন্ত্রী এবং তাঁর সরকার বুঝতে পেরেছেন—যে কথা সত্য বাপুলি মহাশয় বলেছেন—যে ৫০ টাকা করে বেকার ভাতা এটা একটা নন-প্রোডাকটিভ এক্সপেনডিচার। আজকে সেটা রিভাইজ করে সীড মানি হিসাবে বিশেষ কোন পরিকল্পনা, যে পরিকল্পনার উপর নির্ভর করে একটা বেকার যুবক অর্থনৈতিক ক্ষেত্রে নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করবে, আজকে সেখানে সীড মানি হিসাবে দেওয়া হচ্ছে, এটা অত্যন্ত আনন্দের কথা। বেকারভাতা দেওয়ার ব্যাপারে সরকার নিজের ভুল যে নিজেই বুঝতে পেরেছেন এর জন্য আমি অত্যন্ত আনন্দিত। আমি যে কথা বলতে চাই সেটা হলো খাদ্যের বদলে কাজ। এখানে খাদ্যের বদলে কাজ কেমন হয়েছে ? আমরা জানি এবং আপনারা সকলেই জানেন যে এটা খাদ্যের বদলে কাজ নয়, ভোটের বদলে কাজ। আজকে এই স্কীমগুলোকে এই ভাবে ব্যবহার করা হচ্ছে। আবার এখানে বলা হয়েছে ডেমক্রেসির কথা। ইকনমিক রিভিউ-এর ফাষ্ট চ্যাপ্টারে বলা হয়েছে ডেমোগ্রাফিক ফিচার্স-এর কথা। আজকে এই বাজেটের ভিতর, এই ইকনমিক রিভিউ-এর ভেতর পশ্চিমবাংলায় ১৯৮১ সালের আদুমসুমারীতে কত লোক সংখ্যা সেই লোক সংখ্যার কথা বলা হয় নি। বাজেটের ভিতর বলা হয়েছে আমাদের গ্রোথ রেট কমেছে, বার্থ রেট কমেছে। ফ্যামিলি ওয়েল ফেয়ার ডিপার্টমেণ্টের যে প্রোগ্রাম সেই প্রোগ্রামে অন্যান্য রাজ্যের তুলনায় এখানে সাকসেসফুল। আমরা ধরে নিলাম এটা সরকারের ক্রেডিট। কিন্তু যতক্ষণ না পর্যন্ত সরকারের এটাকে ক্রেডিট বলবো যতক্ষণ না পর্যন্ত যেভাবে বার্থ রেট কমেছে, ফ্যামিলি ওয়েল ফেয়ার প্রোগ্রাম সাকসেসফুল হয়েছে এটাকে জনসংখ্যার কষ্টি পাথরে যাচাই করতে পারছি।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অত্যন্ত চাতুরীর সঙ্গে টোট্যাল পপুলেশন অফ দিস স্টেট এড়িয়ে গেছেন। এই রাজ্যের বর্তমানে জনসংখ্যা কত তা তিনি বলতে পারেন নি। তিনি বলতে পারেন নি কি ভাবে এখানে জনসংখ্যা বেড়েছে। ১৯৭৭ সালে নর্থ বেঙ্গলের ৫টি জেলায়—নদীয়া, মুর্শিদাবাদ এবং ২৪ পরগণা, যেগুলোকে আমরা বর্ডার ডিষ্ট্রিক্ট বলে জানি—সেখানে গত ৭ বছরে ৪৪ লক্ষ মানুষের সংখ্যা বেড়েছে। সেখানকার মানুষ প্রকৃতপক্ষে কোথাকার? যদি আমরা ধরে নেই, আমাদের বার্থ রেট কম, যদি বলি আমাদের ফ্যামিলি ওয়েলফেয়ার প্রোগ্রাম সাকসেসফুল হয়েছে, তাহলে ১০ বছরের মধ্যে জনসংখ্যা কি এই ভাবে বাড়তে পারে? একথার জবাব উনি দিতে পারেন নি। কারণ ওখানে বহিরাগত মানুষ আছেন। বিশেষ করে বর্ডার জেলাগুলিতে তাঁরা এসে বসতি স্থাপন করেছেন। তাঁদের মাথায় হাত দিয়ে রাজনৈতিক দলের লোকেরা বিশেষ করে পার্টি ইন পাওয়ার, তাঁরা ভোট ব্যাংক সৃষ্টি করে নিজেদের পক্ষে ভোট পাওয়ার জন্য ভোটার লিস্ট তৈরী করেছেন। সেই সঙ্গে সমস্ত রকম সুযোগ সুবিধা তাঁরা গ্রহণ করেছেন। তাঁদের যদি পপুলেশন এ্যাকাউন্ট করতে হয়, তাহলে তো এই হিসাব ধরতে হয়। তাই ডেমোগ্রাফিক ফিচার্সের কথা এবং টোট্যাল পপুলেশানের কথা ইকনমিক রিভিউতে নেই। তপশীল অধিবাসীদের সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। এখানে একটা অংকের চাতুরীর আশ্রয় নেওয়া হয়েছে—একটা নাইস ব্যালান্স সীট আছে এর ভেতরে। একটা রাজ্যে যেখানে মানুষের আর্থিক সামর্থ ক্রমশঃ নীচের দিকে চলেছে, যেখানে ইণ্ডাষ্ট্রি চলছে মন্থর গতিতে, যেখানে ক্রমবর্ধমান বেকারত্ব, যেখানে এর সঙ্গে সামঞ্জস্য বিধান করে বাজেট রাখা উচিত ছিল, তা আসলে হয় নি। আমি আমার তরফ থেকে এবং দলের তরফ থেকে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। আমাকে বেশী সময় বলার সুযোগ দেওয়ার জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উৎথাপিত বাজেট বিবৃতি এবং ব্যয় বরাদ্দের যে দাবী পেশ করেছেন, আমি তাকে পরিপূর্ণ সমর্থন করছি। এই বাজেট বিবৃতি পড়ার সময়ে আমার যেটা মনে হয়েছে, সেটা হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী মহোদয় সীমাবদ্ধতার মধ্যে গোটা ভারতবর্ষের এই রাষ্ট্র কাঠামোর মধ্যে তথা ফেডারেল স্ট্রাকচারের মধ্যে থেকে একটা অঙ্গ রাজ্যের বাজেট প্রণয়নের ক্ষেত্রে যে সমস্যা দেখা দেয়, সেগুলোকে ধরে নিয়েই তিনি চেষ্টা করেছেন। তিনি জনসাধারণের উপর নতুন করে কোন কর ভার না চাপিয়ে বাজেটকে কতটা জনমুখী করা যায় এবং অঙ্গ রাজ্যের আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্বেও, ভারতবর্ষের এই রাষ্ট্র কাঠামোর মধ্যে থেকে কতখানি বাস্তবোচিত করা সম্ভব, তা করবার চেষ্টা করেছেন। ভারতবর্ষের রাষ্ট্র কাঠামোর বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতেই তিনি ভেবেছেন, পশ্চিমবাংলার অর্থনীতিকে কিভাবে চাঙ্গা করে তোলা যায়। এই দৃষ্টিভঙ্গীতে কথা বলতে গিয়ে যে সমস্ত কথা বলেছেন, সেকথা আমাদের দলের পক্ষ থেকেও বারবার করে বলা হয়ে থাকে। তিনি কেন্দ্র রাজ্যের সম্পর্কের

পুনর্বিন্যাসের কথা বলেছেন। এই সম্পর্কের পুনর্বিন্যাস ছাড়া আমাদের দেশের মানুষের উন্নতির গতি ব্যাহত হতে বাধ্য। একথা আজ সর্বজন স্বীকৃত হয়েছে। উনিও সে কথা বলেছেন। উনি বলেছেন যে, বর্তমানে ভারতবর্ষের যে কাঠামো এই রাষ্ট্র ব্যবস্থায় পুঁজিবাদী অবস্থা থেকে যদি মুক্তি পেতে হয়, সেক্ষেত্রে একটা অঙ্গ রাজ্যের জনগণের কল্যানমুখী কাজ পরিকল্পনার মধ্যে অবশ্যই রাখতে হবে। এ কথা অর্থমন্ত্রী মহাশয় পরিষ্কার করেই বলেছেন। এতদ্‌সত্ত্বেও ওঁরা বলছেন, পশ্চিমবাংলাকে নাকি বিচ্ছিন্নভাবে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। পশ্চিমবাংলার বাজেটে ওঁরা বিচ্ছিন্নতার ছবি খুঁজে পেয়েছেন। সমগ্র ভারতবর্ষের অর্থনীতিকে আজ ওঁরা কোন পর্যায়ে নিয়ে এসেছেন এবং তারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ যে একটা অঙ্গরাজ্য, সেই হিসাবে যদি পশ্চিম-বাংলার অর্থনৈতিক অবস্থার কথা বিচার বিবেচনা করতেন, তাহলে কখনই যেভাবে বলেছেন, তা বলতে পারতেন না। এই ব্যাপারে কোন সন্দেহ নেই যে পশ্চিমবাংলায় দরিদ্র মানুষের সংখ্যা, ক্ষেত-মজুর এবং বেকারত্বের সংখ্যা ক্রমবর্ধমান। এ সম্পর্কে আমাদেরও কোন দ্বিমত নেই বা থাকতে পারে না। এ ব্যাপারে তাঁরা সমালোচনা নিশ্চয়ই করতে পারেন। কিন্তু ১৯৪৭ সালের পর থেকে তো তাঁদেরই নেতা বা নেত্রী রাজত্ব চালাচ্ছেন। তাঁরা আজ দেশকে কোন পর্য্যায়ে নিয়ে এসেছেন সে কথা বিচার বিবেচনা করে দেখা দরকার। খুব সংক্ষিপ্ত ভাবে কয়েকটি পরিসংখ্যান এখানে আমি উল্লেখ করছি। ভারতবর্ষের জনসংখ্যার প্রায় ৫০ ভাগ দারিদ্র সীমার মধ্যে বাস করছে।

[4-15—4-25 P. M.]

শুধু তাই নয় ২০ শতাংশ মানুষ আজকে উদ্বৃত্ত জনসংখ্যায় পরিণত হয়েছে অর্থনীতির পরি-ভাষায় রিডানডান্ট পপুলেশান। ওদের ৩০।৩৫ বছরের রাজত্বকালে, ধনতান্ত্রিক কাঠামোর ফলে ২০% মানুষ উদ্বৃত্ত জনসংখ্যায় পরিণত হয়েছে। পশ্চিমবাংলার বেকারের সংখ্যা আনন্দবাবু জানতে চেয়েছেন। পশ্চিমবাংলার শুধু জানলে হবে না ভারতবর্ষে ২ কোটির উপর রেজিষ্ট্রিকৃত বেকার। ভারতবর্ষের যে পুঁজিবাদী অর্থনীতি তার কল্যাণে এখানে ২ কোটির উপর রেজিষ্ট্রিকৃত বেকার। আমাদের দেশে ১ কোটি ২০ লক্ষ মানুষ যক্ষা রোগাক্রান্ত। অর্থাৎ সারা পৃথিবীর ৮ কোটির মধ্যে ভারতে ১ কোটি ২০ লক্ষ। এর সঙ্গে সঙ্গে পুঁজিবাদী অর্থনীতির কল্যানে, ওদের নেতাদের অনুসৃত অর্থনীতির কল্যানে ভারতে ভূমিহীনের সংখ্যা ৬ কোটি। এইভাবে সারা ভারতবর্ষের অর্থনীতিকে ওরা বিপর্যস্ত করেছেন। আজকে এখানে পশ্চিমবাংলার অর্থনৈতিক কর্মকাণ্ড নিয়ে তাঁরা প্রশ্ন করেছেন। অর্থমন্ত্রী স্বীকার করেছেন শিল্পের বিকাশ হয়নি। কিভাবে হবে? শিল্পের বিকাশের জন্য যে মূলধনের প্রয়োজন তাতে কেন্দ্রের বৈষম্যের কথা বলবো। ইণ্ডাষ্ট্রীয়াল ডেভালাপমেণ্ট ব্যাংক ১৯৮২ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত বিভিন্ন রাজ্যে যে টাকা বরাদ্দ করেছেন তার হিসেবে দেখা যাচ্ছে মহারাষ্ট্রকে এই সময় পর্যন্ত দিয়েছে ১৩২৬ কোটি টাকা,

গুজরাটকে ১০৯০ কোটি টাকা, আর পশ্চিমবাংলাকে ৪৫৬ কোটি টাকা। এই যে বৈষম্য এটা কার নিয়ন্ত্রণে, কার নির্দেশে, কার অঙ্গুলী হেলনে? পশ্চিমবাংলার মানুষ হিসেবে পশ্চিমবাংলার জনসাধারণের কাছে যখন যাচ্ছেন তখন পশ্চিমবাংলার স্বার্থে এইসব কথা তাদের বলা দরকার। বিরোধীপক্ষের নেতা বারবার এখানে ওভারড্রাফটের কথা বলেছেন। এই ওভারড্রাফটের বিষয়ে অর্থমন্ত্রী বারবার উত্তরও দিয়েছেন যে অর্থনৈতিক সংকটের ফলে পশ্চিমবাংলাকে ওভারড্রাফট নিতে হবে। কেন্দ্রীয় সরকার কি করেন? ভারতবর্ষের অর্থমন্ত্রী এক বিবৃতিতে বলেছিলেন ভারতবর্ষের সমস্ত রাজ্য মিলিয়ে ওভারড্রাফটের পরিমান হচ্ছে ২০০০ কোটি টাকা, সেখানে কেন্দ্রীয় সরকার গত ২।৩ বছরের মধ্যে ১০ হাজার কোটি টাকার নোট ছাপিয়েছেন। এর ফলে মুদ্রাস্ফীতি হয়েছে। রাজ্য সরকার নোট ছাপাতে পারেন না বলে ওভারড্রাফ্ করতে হয়। সমস্ত রাজ্যের মিলিত ওভারড্রাফট হচ্ছে ২০০০ কোটি টাকা, সেখানে কেন্দ্র নোট ছাপিয়েছেন ১০ হাজার কোটি টাকার। ওভারড্রাফট প্রসংগে এটাও জানা দরকার। এখানে বারবার বলা হয়েছে ৭৫ কোটি টাকা কর ভার ধার্য করা হয়েছে। করভার কাদের উপর, কোন শ্রেণীর উপর করা হয়েছে সে সম্পর্কে পরে বলছি ৭৫ কোটি টাকা কর বসাতে হয়েছে তা না হলে আমরা পরিকল্পনার টাকা পাব না। এ নিয়ে যখন তাঁরা চিৎকার করছেন তখন তাঁদের এসব কথা চিন্তা করা দরকার। আমাদের সঙ্গে শর্ত যে যদি এডিশানাল রিসোর্স মবিলাইজেশান না হয় তাহলে টাকা পাওয়া যাবে না। কোন কোন ক্ষেত্রে কর বসান হয়েছে। লটারীর টিকিটের উপর কর বসানো হয়েছে, তাতে ব্যাপক জনসাধারণের কি ক্ষতি হবে?

সাধারন নিম্ন মধ্যবিত্ত মানুষ লটারীর টাকায় ভাগ্য ফেরাতে চায় না? সেক্ষেত্রে যদি ক্ষতি হয় হবে, লটারী ব্যবসায়ীদের যদি ক্ষতি হয় তাহলে তাতে বৃহত্তর জনসাধারণের কিছু এসে যাবে না। আর কোথায় কর বাড়ান হয়েছে ক্যাবারে নাচে বাড়ান হয়েছে। এতে ওদের কারোর কারোর হয়ত অসুবিধা হতে পারে, কিন্তু সাধারণ মানুষ, গরীব ক্ষেত মজুরদের এতে অসুবিধা কোথায়? সেজন্য ক্যাবারে নাচে বাড়ান হয়েছে। তাছাড়া যাত্রা থিয়েটারের ব্যাপারে বাড়ান হয়েছে। ওরা বলছিলেন যাত্রা থিয়েটারের উপর বাড়ানোর ফলে সাধারণ মানুষ কিছুটা ক্ষতিগ্রস্ত হবে। হ্যাঁ, এটা কমানোর জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন রাখব। কেননা আজকে যাত্রা থিয়েটার গ্রাম বাংলায় অত্যন্ত জনপ্রিয়। গ্রামের মানুষের চিত্ত বিনোদনের এই যাত্রা থিয়েটার একটা উপায় হয়ে দাঁড়িয়েছে। সেজন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এইক্ষেত্রে একটু বিচার বিবেচনা করবেন। আর কোথায় কর বাড়ান হয়েছে দেশী এবং বিদেশী মদের উপর কর বাড়ান হয়েছে। এতে অসুবিধা কোথায়? ওদের অসুবিধা হচ্ছে, কারণ ঐসব গান্ধীবাদীরা ঐ ব্যাপারে খুব আসক্ত। এই ৭৫ কোটি বাড়তি টাকাটা আসছে এইসব ক্ষেত্র থেকে দেশী বিদেশী মদের উপর করভার চাপান হয়েছে। এতে ওদের কিছু অসুবিধা হতে পারে, কিন্তু ব্যাপক জনসাধারণের অসুবিধার কোন কারণ নেই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় করের যেসব ক্ষেত্রগুলি নির্বাচন করেছেন

তারজন্য তাঁকে অভিনন্দন জানাই। পশ্চিমবঙ্গ একটা অঙ্গ রাজ্য, তার বাজেট তৈরী করার সময় সমাজের নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত, কৃষক, শ্রমিক তাদের উপর কোন অর্থনৈতিক আঘাত না এনে যেভাবে তিনি করের ক্ষেত্রগুলি বাছাই করেছেন তারজন্য তাঁকে আমারা ধন্যবাদ জানাচ্ছি। তিনি মোটর গাড়ী, স্কুটার, মফেটের উপর কর বাড়িয়েছেন, এতে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ কোটি কোটি গরীব মানুষ, নিম্ন মধ্যবিত্ত, শ্রমিক মজুরের কি এসে যায়? তারা কি মোটর গাড়ী, স্কুটার মফেটে চাপে? মফেটের দাম ৪ হাজার টাকার উপর, সুতরাং যাদের হাতে অর্থ আছে তাদের হাত থেকে যদি কিছু টাকা আদায় করে আনা যায় তাহলে সেটা ঠিকই হয়েছে। তবে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা নিবেদন আছে কৃষির ক্ষেত্রে তিনি ঘোষণা করেছেন বাড়তি কর ধার্য করা হয়নি। এবারে সব শেষ যে ঘোষণা তাতে কৃষির উৎপাদন বেড়েছে, বিশেষ করে পাটে ধনী কৃষকরা বাড়তি টাকা অর্জন করেছে। সুতরাং ধনী কৃষকের উপর বাড়তি কর বসালে এটা বাধা হত না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অর্থনীতির লোক, ভারতবর্ষের অর্থনীতি ধনতান্ত্রিক অর্থনীতি, গ্রাম বাংলার যে শ্রেণীতন্ত্র তার রকম ফের হয়ে গেছে, মূল যে তন্ত্র তার পরিবর্তন ঘটে গেছে, মূল তন্ত্র হচ্ছে গরীব কৃষক, ক্ষেত মজুর, তার পরিবর্তন ঘটেছে। মাননীয় অর্থমন্ত্রী ধনী কৃষকের উপর কর ধার্য করলেন না, কৃষির উপর আয়কর বাড়িয়ে দিলেন না, অথচ সেই সুযোগ তাঁর ছিল। গ্রামের দিকে ধনী কৃষকরা ১৯৪৭ সালে যে জায়গায় ছিল তারপর বছরের পর বছর ফুলে ফেঁপে যেভাবে ধন দৌলত বাড়িয়েছে সেটা গ্রামের চেহারা দেখলে স্পষ্ট বোঝা যায়। গ্রামে আজ নতুন শ্রেণী গড়ে উঠেছে। যারা গ্রামের কুলাক শ্রেণী তাদের অর্থ-নৈতিক ভাণ্ডার স্ফীত হয়েছে সেই বিষয়ে কোন সন্দেহ নেই।

[4-25—4-35 P.M.]

মাননীয় অর্থমন্ত্রী মহোদয় এই বিষয়টি বিবেচনার মধ্যে আনলে পারতেন। ধনী কৃষকরা বামফ্রন্টের বন্ধু নয়, তারা বামফ্রন্টের বিপক্ষ শক্তির পক্ষে। শুধু বিপক্ষ শক্তির পক্ষে বলে এটা বলছি না। তাদের হাতে যে বাড়তি টাকা এসে যাচ্ছে, সেই টাকা থেকে রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতির স্বার্থে, সেই কর ধার্য করলে আপত্তি ছিল না। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তা করেন নি। আর একটি বিষয় অর্থমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে রাখতে চাই। বিশেষ করে গ্রামাঞ্চলের শিক্ষকদের ডবল ট্যাক্স দিতে হচ্ছে। তাদের বৃত্তি কর দু ধরণে দিতে হয়। এমনিতে শিক্ষকরা বৃত্তি কর দিচ্ছে তার উপর আবার পঞ্চায়েত থেকেও বৃত্তি কর নেওয়া হচ্ছে। এবং আমি জানি যে এই ডবল বৃত্তি কর নেবার ক্ষেত্রে আইনগত কোন বাধা নাই। হাইকোর্টে একটা আপত্তি উঠেছিল—কিন্তু সুপ্রীম কোর্ট বলে দিয়েছে ডবল বৃত্তি কর হতে পারে। এতে ব্যাপক শিক্ষক সমাজকে বৃত্তি কর বিশেষ করে গ্রামাঞ্চলের শিক্ষকদের দিতে হচ্ছে। এই বিষয়টির ক্ষেত্রে তাঁকে বিবেচনার জন্য আবেদন জানাচ্ছি। এই সঙ্গে বলতে চাই যে

সারের উপর দাম কমানো হয়েছে—ভাল কাজ হয়েছে—গ্রামাঞ্চলের অর্থনৈতিক প্রগতির স্বার্থে অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সারের দাম কমাতে হবে এবং সেই দিক থেকে তিনি ঠিকই করেছেন। কিন্তু সারের দাম যে কমালেন তাতে ধনী কৃষকদেরই সুবিধা হয়ে গেল—গ্রামাঞ্চলের ধনী কৃষকরাই সুবিধা পেয়ে গেল। আর এ দিকে ধনী কৃষকদের উপর কৃষি আয়কর বাড়ালেন না। এই বিষয়টি পরবর্তীকালে তাঁকে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া আর একটি ভাল কাজ তিনি করেছেন। অনেক ভাল পদক্ষেপের সঙ্গে সঙ্গে আর একটি ভাল কাজ তিনি করেছেন। এ্যালুমিনিয়াম বাসন পত্র পাখা তেল সাবান ইত্যাদির উপর তিনি কর চাপান নি। এটা ভাল কাজ হয়েছে। এতে মধবিত্ত, নিম্নমধ্যবিত্ত সাধারণ মানুষ খুশী হবেন এবং সে দিক থেকে অর্থমন্ত্রী মহাশয়ের এই দৃষ্টিভঙ্গি অভিনন্দনযোগ্য। কিন্তু এর সঙ্গে সঙ্গে একটা অভিযোগের কথা আছে। শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড সম্পর্কে শিক্ষকদের মধ্যে বিভ্রান্তি তৈরী হয়েছে। প্রভিডেন্ট ফাণ্ডের টাকা রাজ্য সরকার নেবেন বলেছেন, আপত্তির কিছু কারণ নেই। কিন্তু একজন শিক্ষক হিসাবে ব্যাপক শিক্ষক সমাজের সঙ্গে আমার যোগাযোগ হয়, তাতে যে অভিযোগের প্রশ্নটা উঠেছে সেটা আপনার কাছে উত্থাপন করতে চাই। প্রথম কথা যে শিক্ষকদের উপর একটা আঘাত হোল যে তাদের ৬৫ থেকে ৬০ বছরে রিটায়ারমেণ্টের এজ আনা হোল। আপত্তির কারণ নাই। যদি আপনারা মনে করেন যে ৬৫ বছর পর্যন্ত মানুষের কর্মক্ষমতা থাকে না, তাই শিক্ষকদের ক্ষেত্রে সরকারী কর্মচারীদের মত এজটা কমিয়ে আনা দরকার। তাই ৬০ বছর করা হোল। কিন্তু আসলে শিক্ষকরা যেভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন সেটা একটু দেখা দরকার। ১নং হচ্ছে যে একথা আপনাদের পরিষ্কারভাবে ঘোষণা করতে হবে যে প্রভিডেণ্ড ফাণ্ড রাজ্য সরকার উইথড্র করে নেবার ফলে শিক্ষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন কিনা। আর ২নং হচ্ছে শিক্ষকরা এতদিন পর্যন্ত কনট্রিবিউটারী প্রভিডেণ্ড ফাণ্ডের অধিকারী ছিলেন। এখন জেনারেল প্রভিডেন্ট ফাণ্ড করলেন। শিক্ষকরা কনট্রিবিউটারী প্রভিডেণ্ডফাণ্ডের ক্ষেত্রে যে ডবল টাকা পেতেন, সেই টাকা তারা পাচ্ছেন না। স্বভাবত সমস্ত যোগ করলে যেটা দাঁড়াচ্ছে প্রভিডেণ্ড ফাণ্ড আগে যা ছিল তার সঙ্গে গ্রাচুয়িটি যে যোগ করা হচ্ছে তাতে আমরা হিসাব করে দেখেছি যে এই রিটায়ারমেণ্ট এজ পাঁচ বছর কমে যাবার ফলে এবং প্রভিডেণ্ট ফাণ্ড গ্রাচুয়িটি করার ফলে কনট্রিবিউটারীর জায়গায়, শিক্ষক টাকা কম পাচ্ছে। প্রতিটি শিক্ষক অন্তত ৭/৮ হাজার টাকা কম পাচ্ছে, যখন অবসর গ্রহণ করবেন। এখন টাকার অঙ্কটা বেড়েছে—এখন চোখে পড়ছে না। কিন্তু যখন অবসর গ্রহণ করবেন তাতে এই টাকা কমে যাবে। এই বিষয়টি দেখা দরকার এবং এতে শিক্ষক সমাজের মধ্যে ব্যাপক আন্দোলন, ব্যাপক বিক্ষোভ তৈরী হয়েছে শিক্ষক সমাজ বামফ্রণ্টের পক্ষের মানুষ, তারা মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষ। তাদের মধ্যে একটা আশঙ্কা তৈরী হয়েছে। প্রভিডেণ্ড ফাণ্ড থেকে এই সমস্ত শিক্ষকরা বিভিন্ন সময়ে তাদের ছেলে-মেয়েদের বিয়ের সময় কিংবা হঠাৎ কোন কাজের সময় তারা যেভাবে পি এফ থেকে টাকা নিতেন, আজকে সরকার প্রভিডেণ্ট ফাণ্ড থেকে টাকা নিলে শিক্ষক সমাজ সেই সুযোগ থেকে বঞ্চিত হবে কিনা। এই ব্যাপারে কিছুটা অন্তত নিশ্চয়তা দরকার, যাতেকরে সেই রকমভাবে তারা টাকা

পেতে পারে তার একটা নিশ্চয়তার বিধান দরকার। মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় অর্থনীতিবিদ বলে এটা সম্ভব হয়েছে যে বেকার ভাতার উপর জোর না দিয়ে—অনুৎপাদন ব্যাপারে জোর না দিয়ে তিনি এবারে বেকার ছেলেমেয়েদের কর্মসংস্থানের সুযোগ করার জন্য ব্যাঙ্কের মাধ্যমে সুনির্ভর কর্মসংস্থানের একধা চেষ্টা তিনি নিয়েছেন।

স্বভাবতঃই এটা খুব দৃঢ় পদক্ষেপ। আমরা বহুদিন ধরে, সেই আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়ের সময়ের কথা বলছি, আমরা শুনতাম, তিনি লিখতেন যে বাঙালী ব্যবসা বিমুখ। আজকে এই কথা ঠিক যে শুধু চাকরির মধ্যে দিয়ে সমস্ত কর্মসংস্থান হবে না। এইসবের মধ্যে দিয়ে যদি বেকার ছেলেরা কর্মোদ্যোগ তৈরী করেনিতে পারে এবং ব্যবসা বাণিজ্যের মধ্যে তারা যদি অগ্রসর হয় তাহলে তাদের স্বনির্ভরতা বাড়বে। সেদিক থেকে তিনি একটা ভাল পদক্ষেপ গ্রহণ করেছেন। আমার ধারণা আজকে বাঙালী বেকার ছেলেরা অভিজ্ঞতার মধ্যে দিয়ে শিখেছে এবং তারা বুঝেছে যে সমস্ত করণিক হওয়া জীবনের একমাত্র কাম্য নয় এবং সেই জন্য তারা ব্যবসার ক্ষেত্রে উদ্যোগী হবেন, এইসব ব্যাপারে কোন সন্দেহ নেই এবং এই কর্মসূচীকে কার্যকরী করার জন্য ব্যাঙ্কের সাহায্য প্রয়োজন। ব্যাঙ্ক যাতে যথাযথভাবে সাহায্য দিতে পারেন সেইদিকেও মন্ত্রী মহাশয়ের দৃষ্টি রাখতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, এখানে সাত্তার সাহেব একটা পরিসংখ্যান দিলেন। ওঁর যেটা মনে আসে সেটাই তাঁর পরিসংখ্যান হয়ে যায় উনি বলতে বলতে যেটা ওঁর মাথায় এসে যায় সেটাই হচ্ছে পরিসংখ্যান। আনন্দ বাবুরও তাই, সত্য বাপুলী মহাশয়েরও তাই। পরিসংখ্যানের ক্ষেত্রেও ওঁরা অন্য কিছু ধার ধারেন না, যেটা বলতে বলতে মনে চলে আসে সেটাই ওঁদের পরিসংখ্যান হয়ে যায়। তাঁরা বললেন যে স্কুল বাড়েনি। বামফ্রন্ট সরকারের আমলে নূতন করে স্কুল বাড়েনি। আমি বলছি, ওঁরা জেনে রাখুন, আগে ওরা যখন ক্ষমতায় ছিলেন কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন এই রাজ্যে নূতন স্কুল ইত্যাদি বাড়ানোর ক্ষেত্রে ব্যবহার করা হতো ৯০ কোটি টাকা। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর সেই টাকার অঙ্ক অনেক বাড়িয়ে দেওয়া হয়েছে এবং তা হচ্ছে বার্ষিক ৩০০ কোটি টাকা এবং এই কথা ওঁরা জেনে রাখুন এই টাকা বাড়ার ফলশ্রুতি হিসাবে দেখবেন প্রতিটি গ্রামে—স্কুল লেস ভিলেজ আর নেই, স্কুল লেস ভিলেজ আর কোথাও নেই। তপশীলিদের এলাকায় নূতন স্কুল তৈরী হয়েছে এবং নূতন নূতন স্কুল আপ গ্রেড হয়েছে, এইসব ঘটনা হয়েছে। কোথাও দেখাতে পারবেন না যে স্কুল লেস ভিলেজ আছে গোটা পশ্চিমবাংলায়। বামফ্রন্টের দৃষ্টিভঙ্গী খুব পরিষ্কার ছিল। এক নম্বর তাঁরা বলেছিলেন যে গ্রামে স্কুল নেই সেই গ্রামে স্কুল হবে। দু নম্বর কথা তাঁরা বলেছিলেন তপশীলী এবং অনগ্রসর অঞ্চলে বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে এবং সেই দৃষ্টিভঙ্গীতে বিগত ৫/৬ বছরে কাজ হয়েছে, যার ফলে পশ্চিমবাংলায় আজকে স্বাক্ষরতার সংখ্যা বেড়ে যাচ্ছে ব্যাপকভাবে। আজকে পড়াশোনা যেহেতু গরীব মানুষের মধ্যে ব্যাপকভাবে বেড়ে গেছে, ঠিক খুব স্বাভাবিক ভাবেই যেসব তথ্য দিচ্ছেন সেই তথ্যের সঙ্গে সাধারণ মানুষের মিলবে না। দেশের যে বাস্তব ঘটনা সেই ঘটনার সঙ্গে মিলবে না।

আর একটা কথা আজকে বলতে ভুলে গেছেন খুব সম্ভব ওঁরা, সাত্তার সাহেব, বাপুলী মহাশয় এবং আনন্দ মোহন বিশ্বাস মহাশয়, তাঁরা একটা অভিযোগ বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে করে থাকেন, প্রায়শঃই বলে থাকেন এবং রাজীব গান্ধীও এখানে এসে বলে গেছেন, আরো অনেক নেতারা বলেছেন যে এই রাজ্যে অনুৎপাদক ক্ষেত্রে ব্যয় বেশী হয় এবং আজকেও বলেছেন যে এখানে পরিকল্পনা খাতের ব্যয় করা হয় না, যার ফলে রাজ্যের অর্থনীতি দেউলিয়া হয়ে যাচ্ছে। এই কথা ওঁরা অনেকবার বলেছেন। আমি একটা পরিসংখ্যান দিই, ওঁদের আমলে যোজনা খাতে কি পরিমাণ টাকা ব্যয় হোতো আর বর্তমানে কি হচ্ছে, সেই হিসাবটা জেনে রাখা ভাল। ১৮৭১-৭২ সালে ওঁরা ক্ষমতায় ছিলেন তারপর ১৯৭৩-৭৪ সালে ধারাবাহিকভাবে ক্ষমতায় ছিলেন কারচুপি করে হোক, বা যেভাবেই হোক ওঁরা এসেছিলেন, তাঁরা যোজনা খাতে কত টাকা বরাদ্দ করতেন? আমি ১৯৭১-৭২ সালের হিসেবটা দিচ্ছি। তাঁরা সেইসময় পরিকল্পনা খাতে ব্যয় করতেন ১৪'৯৯ ভাগ এটা তাঁরা তখন খরচ করতেন। আর এখন কি হচ্ছে, বামফ্রন্ট ক্ষমতায় আসার পর? বামফ্রন্ট প্রথম ক্ষমতায় এল ১৯৭৭-৭৮ সালে, তখন এই পরিকল্পনা খাতে টাকাটা বেড়ে কি পরিমাণ দাঁড়াল? বেড়ে দাঁড়াল ৩১'৮১। আর সর্বশেষ ১৯৮২-৮৩ সালে কি হয়েছে? সেখানে বেড়ে হয়েছে ৩১'৫২। স্বভাবতই ওনারা যে অভিযোগ করে থাকেন যে অনুৎপাদক ক্ষেত্রে রাজ্যের টাকা পয়সা ব্যয় হচ্ছে যার ফলে এই রাজ্যের অর্থনীতি দেউলিয়া হয়ে যাচ্ছে, সেইসব কথা বাস্তবে ঠিক নয়। আর একটা জেনে রাখুন যে কেন্দ্রীয় সরকারের যেসব সাহায্য আছে, সেই কেন্দ্রের সাহায্যগুলো বিশেষ করে এন. আর. ই. পি., আই. আর. ডি. পি.-র কথা বললেন ঐ আনন্দ মোহন বিশ্বাস মহাশয়—এই এন. আর. ই. পি.র টাকা, আই. আর. ডি. পি.-র টাকা, ঐগুলো রিলিফের জন্য ব্যয় হয় এইসব কথা বললেন। কিন্তু হিসেবটা তাঁর জেনে রাখা ভাল যে এই টাকার ফলে উত্তর প্রদেশ এবং বিহার এন. আর. ই. পি, আই. আর. ডি. পি., ডি. আর. ডি. এ. সমস্ত ক্ষেত্রে অন্যান্য রাজ্য পশ্চিমবাংলার থেকে বেশী টাকা পেয়েছে এবং তা সত্ত্বেও গত ক'বছরে কিছু করতে পারে নি কিন্তু বামফ্রন্ট সরকারের রাজত্বকালে ২১ কোটি ম্যানডেজ এখানে তৈরী হয়েছে।

[4-35—4-45 P. M.]

কিন্তু তাসত্ত্বেও গত কয়েক বছরে বামফ্রন্টের রাজত্বকালে এখানে ২১ কোটি ম্যান ডেজ তৈরী হয়েছে। ২১ কোটি নতুন শ্রম দিবস তৈরী হয়েছে, এবং সম্পদ তৈরী হয়েছে। সম্পদ কাকে বলব? আজকে গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীন অর্থনৈতিক কাঠামোকে দৃঢ় করার জন্য জোরদার করার জন্য যে কাজ হয়েছে তার দ্বারা নতুন নতুন সম্পদ তৈরী হয়েছে। গ্রামে যে সম্পদ তৈরী হয়েছে সেই কথা ওরা জানেন। কিন্তু তাসত্ত্বেও এখানে যখন বক্তব্য রাখতে ওঠেন তখন তারা এই বাস্তব

অবস্থাকে অস্বীকার করার চেষ্টা করেন। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের আমলে গ্রাম বাংলার যে শ্রীবৃদ্ধি ঘটেছে, শ্রী ফিরে গেছে, শ্মশানের মত যে পরিবেশ তৈরী হচ্ছিল সেটা বদলে গিয়ে নতুন পরিবেশ যে তৈরী হচ্ছে, মানুষের মধ্যে যে নতুন উদ্যোগ সৃষ্টি হয়েছে সেটাকে অস্বীকার করার জন্য এখানে এসে এই কথা বলছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন সেই বিবৃতি সম্বন্ধে আমি প্রথমে যে কথা বলেছি সেই কথা শেষ করার আগে আবার বলি—অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় এই কথা বলেছেন যে, তিনি একে গনমুখী করার জন্য চেষ্টা করেছেন যাতে করে এই রাজ্যের গরীব, মধ্যবিত্ত মানুষদের উপর করভার না চাপে এবং সঙ্গে সঙ্গে তিনি এই কথাও বলেছেন গোটা ভারতবর্ষের অর্থনৈতিক পরিবেশ যে সৃষ্টি হয়েছে সেই পরিবেশের মধ্য দিয়ে এই রাজ্যের অর্থনীতিকে গতিশীল করা যায় না, ফেডারাল স্ট্রাকচার হলেও যায় না, কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস হলেও যায় না, তবে কিছু কাজ করা যায়। ভারতবর্ষের রাষ্ট্র ব্যবস্থায় গরীব মানুষদের ভাগ্য বদলাবার জন্য যে সংগ্রাম শুরু হয়েছে সেই সংগ্রামে মানুষকে সংগঠিত করার জন্য বামফ্রন্ট সরকার পরীক্ষামূলকভাবে অগ্রসর হচ্ছেন, এই কথা অভিজ্ঞতার মধ্য দিয়ে প্রমানিত হচ্ছে। পশ্চিমবাংলার লক্ষ কোটি জনসাধারণ তারা ঐক্যবদ্ধ হচ্ছেন এবং আগামী দিনে ভারতবর্ষে শ্রমজীবী মানুষের রাজত্ব প্রতিষ্ঠা করার জন্য যে সংগ্রাম শুরু হয়েছে সেই সংগ্রামকে তরান্বিত করছেন মদত দিচ্ছেন বামফ্রন্ট এবং এই খানেই বামফ্রন্টের স্বার্থকতা—তাই মাননীয় অর্থমন্ত্রী যে দৃষ্টিভঙ্গী নিয়ে বাজেট প্রণয়ন করেছেন তার সেই বিবৃতির প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আমি একটি পয়েন্ট অব প্রিভিলেজ তুলতে চাইছি। স্যার, আমরা এখানে বসে আছি, আর আমাদের সামনে সেদিন যাদের মুখ দেখেছি সেই সব আই. বি. অফিসাররা উপরে বসে আছেন। আমাদের চোখের সামনে তারা যাতে না বসেন সেটা আপনি অনুগ্রহ করে তাদের বলে দিন।

মিঃ স্পীকার : ঠিক আছে, অপনি বসুন।

শ্রীঅমলেন্দ্র রায় : গ্যালারিতে কে বসে আছে, না আছে সেটা হাউসের দেখা উচিত নয়।

শ্রীহেমেন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তকরনে সমর্থন করছি। এই বাজেট পশ্চিমবাংলার জনজীবনে বিশেষ করে গরীব মানুষের উপর একটা বিরাট প্রভাব সৃষ্টি করবে, গত কয়েক বছর ধরে যা চলেছে। পশ্চিমবাংলা হচ্ছে ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। ভারতবর্ষের পরিস্থিতি ক্রমশঃ শোচনীয় থেকে

শোচনীয়তরর দিকে চলে যাচ্ছে, এই কথা প্রতিটি অর্থনীতিবিদ আজকে স্বীকার করছেন। ডঃ অমর্ত্য সেনের মত লোক এই কথা স্বীকার করছেন, যিনি বলছেন ভারতবর্ষের অর্থনীতি একটা অচল অবস্থায় এসে গেছে। এই অচল অবস্থা দূর করার জন্য যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার দরকার ছিল সেই ব্যবস্থা নেওয়া হয়নি। এই অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে গানার মিড্যালের মত অর্থনীতিবিদ্‌ও প্রশ্ন তুলেছেন এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকার স্বাধীনতা আন্দোলনের জোয়ারের মধ্যে ভারতবর্ষেও যে সুযোগ এসেছিল সেই সুযোগ ভারতবর্ষ গ্রহন করেনি। স্বাধীনতার পরবর্তীকালে যে ব্যাপক গন আন্দোলনের সুযোগ সৃষ্টি হয়েছিল, সেই সুযোগ গ্রহন করে, কিছু আইনের সুযোগ গ্রহন করে ভূমি সংস্কারের কিছু কাজ করা যেত, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার তখন তা করেন নি। স্বভাবতঃই একটা পঙ্গু অর্থনীতি ভারতবর্ষে কায়েম হয়ে গেছে এবং ৩৭ বছর ধরে আমাদের জনজীবনে, গরীব মানুষের জীবনে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি করে চলেছে। ইসলোর রিপোর্টে বলা হচ্ছে পৃথিবীতে যে ১০০ কোটি অভুক্ত মানুষ আছে তার এক তৃতীয়াংশ ভারতবর্ষে আছে এবং এটাই হচ্ছে পৃথিবীর সব থেকে বেশী অংশ।

সেই ভারতবর্ষকে যে রাজনৈতিক দল পরিচালনা করেন সেই রাজনৈতিক দলের পশ্চিমবঙ্গের নেতৃত্ব যারা বঙ্গ বিরোধী বঙ্গ সন্তান তারা এখানে বক্তৃতা করে এই বাজেটের বিরোধীতা করছেন এবং এই বাজেটকে আক্রমন করছেন। একটা নেগেটিভ এ্যাপ্রোচ থেকে তারা মনে করছেন এই করলেই বোধ হয় সত্যকে অস্বীকার করে উঠিয়ে দেওয়া যাবে। এই অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারকে অভিমন্যুর মতন সংগ্রাম করে বাঁচতে হচ্ছে। কেন্দ্র থেকে অর্থ দেওয়া হবে না, সাহায্য দেওয়া হবে না, কেন্দ্র থেকে শিল্প গড়ার ব্যবস্থা করা হবে না, বিদ্যুতের জন্য অর্থের ব্যবস্থা করা হবে না বা ছিঁটে ফোঁটা করা হবে এই অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারকে সম্পদ সংগ্রহ করতে হচ্ছে ভারতবর্ষের অনেক রাজ্যের থেকে বেশী, বোধহয় সর্বাধিক। এই পরিস্থিতির মধ্যে অভিমন্যুর মতন সংগ্রাম করে তাকে সম্পদ সংগ্রহ করতে হচ্ছে। আমরা দেখছি এই বাজেটে ধনীদের উপর থেকে যতটুকু সম্পদ সংগ্রহ করা যায় তার চেষ্টা প্রতিফলিত হয়েছে। এই পরিস্থিতিতে ওদের যে আক্রমন সেটা কোন নীতি থেকে আক্রমন তা আমরা বুঝি। পুঁজিবাদী পথের যে বিপদ ওরা সৃষ্টি করেছেন ভারতবর্ষে সেই পুঁজিবাদী পথকে ওরা রক্ষা করার চেষ্টা করছেন। সেখানে আমরা যেহেতু একটা পৃথক পথের কথা বলছি যদিও সেটা মৌলিক হতে পারে না তাই তারা আক্রমন করেছেন এমন নকক্কারজনক ভাবে যে এই বিধানসভাকে একটা দাঙ্গার জায়গায় পরিনত করছেন। পশ্চিমবাংলার বিধানসভায় এমন একটা পরিস্থিতির তারা সৃষ্টি করেছেন যে শিশুরা যদি তা দেখে তাহলে বিরোধীপক্ষের চেহারা দেখে তারাও লজ্জা পাবে এই ভেবে যে বুড়ো খোকারা এইরকম গুণ্ডামি করতে পারেন। এই দৃষ্টিভঙ্গী নিয়ে তারা আক্রমন করছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে এই আক্রমন কিসের জন্য, কাদের উপর ? শ্রীমতী ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধী বক্তৃতা করে বললেন যে পশ্চিমবাংলার দুর্গতি ঘটাচ্ছে বামফ্রন্ট সরকার। আমি স্যার, এই প্রসঙ্গে 'আনন্দবাজার পত্রিকা' যেটা

ওদের বেদ সেই বেদ থেকে কয়েকটি কথা তুলে ধরছি। তারা লিখছেন, "১৯৫১ সালে পশ্চিমবঙ্গ শিল্পের উৎপাদনে মহারাষ্ট্র থেকে কিছু নিচে ছিল কিন্তু কৃষি ও বানিজ্যে বেশ এগিয়ে ছিল। ১৯৬১ সালের মধ্যেই চাকা ঘুরে গেল। অর্থনীতির সর্বক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান মহারাষ্ট্রের পেছনে চলে গেল। শ্রীমতী গান্ধী, রাজীব গান্ধী, প্রণব মুখার্জী, আর কিছু না পারুন অন্ততঃ ডাঃ বিধানচন্দ্র রায়, প্রফুল্লচন্দ্র সেন এবং শেষে সিদ্ধার্থ শংকর রায়ের মুখ্যমন্ত্রীত্বের আমলের রাজ্য সরকারের পক্ষ হতে অর্থ কমিশনের কাছে পাঠানো স্মারকলিপিগুলি পড়ে দেখতে পারেন। তা হলেই রাজ্যের অধঃপতনের এবং কবে থেকে পতন শুরু হোল সে সম্পর্কে তাঁরা কিছুটা ধারণা করতে পারবেন।" তারা তা করবেন না তাই একটা নেগেটিভ এ্যাপ্রোচ নিয়ে চলেছেন। আমরা সেইজন্যই দেখছি পশ্চিমবাংলাকে সব দিক থেকে বঞ্চিত করা হচ্ছে—তার শিল্পায়নে বাধা দেওয়া হচ্ছে, কৃষিতে প্রতিবন্ধতার সৃষ্টি করা হচ্ছে, সেচ ব্যবস্থায় গুরুতর দুর্গতির সৃষ্টি করা হচ্ছে ফলে বেকার বাহিনী এখানে বৃদ্ধি পাচ্ছে। যত পরিকল্পনা বাড়ছে ততই বেকার বাড়ছে। আমরা দেখছি এখানকার শিল্পের জন্য যে কাঁচা মাল এবং অন্যান্য জিনিষপত্র তার দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে। এই অবস্থার মধ্যেও কিন্তু অপরাধবোধে বিবেকের দংশনে ওরা ভুগছেন না বরং এখানে এসে বামফ্রন্টের বিরুদ্ধে গালিগালাজ করছেন। কেন্দ্রীয় সরকারের এই নীতির বিরুদ্ধে বিধান রায়ের আমলে, প্রফুল্ল সেনের আমলে যে প্রতিবাদ করার দরকার ছিল এই নপুংসকের দল তা কখনও করতে পারেননি। তারা তা করতে পারেন নি তার কারণ তাদের হাত জোড় করে সেখানে যেতে হয় তাই এসব করার কোন উপায় তাদের নেই এবং এটাকেই তারা মনে করেন তাদের দেশপ্রেম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটে ধনীদের উপর কর বসানোর চেষ্টা করা হয়েছে এবং গরীবদের কি করে বাঁচানো যায় তা দেখার চেষ্টা করা হয়েছে। যে সব জিনিস ধনীরা ভোগ করেন বা একটু অন্তত আর্থিক ব্যাপারে স্বচ্ছল ব্যক্তিরা ভোগ করেন সেগুলির উপর আমাদের মাননীয় অর্থমন্ত্রী সুন্দরভাবে এবং সুকৌশলে কর বসিয়েছেন। আমরা দেখছি, ধনীদের উপর কর বসানোর ফলেই আঁতকে উঠেছেন ধনিক শ্রেণীর প্রতিনিধিরা, এটাই স্বাভাবিক। কিন্তু তা সত্বেও এখানে উন্নয়নের ব্যয় ব্যাপকভাবে বাড়ানোর চেষ্টা করা হয়েছে এবং উন্নয়নের জন্য যে সমস্ত ব্যয়বরাদ্দ রাখা হয়েছে তা গরীব মানুষের স্বার্থের দিকে তাকিয়ে এবং পশ্চিমবাংলার স্বার্থের দিকে তাকিয়েই রাখা হয়েছে। বর্তমানের এই চৌহদ্দির মধ্যে থেকে যে সীমাবদ্ধ ক্ষমতার কথা আমরা বলি তার মধ্যে থেকে এবং সংবিধানের এই বাধার মধ্যে থেকে এর থেকে ভালো আর কি করা যেতে পারতো সে সম্পর্কে কোন বক্তব্য ওরা রাখেন নি।

[4-45—4-55 P.M.]

আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবাংলার অর্থনীতির ক্ষেত্রে যে প্রধান প্রশ্ন ভূমি, এই ভূমি সম্পর্কে একটা দৃষ্টিভঙ্গী যা ভারত সরকার গ্রহণ করেন নি, রাজ্যের

শোচনীয়তরর দিকে চলে যাচ্ছে, এই কথা প্রতিটি অর্থনীতিবিদ আজকে স্বীকার করছেন। ডঃ অমর্ত্য সেনের মত লোক এই কথা স্বীকার করছেন, যিনি বলছেন ভারতবর্ষের অর্থনীতি একটা অচল অবস্থায় এসে গেছে। এই অচল অবস্থা দূর করার জন্য যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার দরকার ছিল সেই ব্যবস্থা নেওয়া হয়নি। এই অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে গানার মিড্যালের মত অর্থনীতিবিদ্‌ও প্রশ্ন তুলেছেন এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকার স্বাধীনতা আন্দোলনের জোয়ারের মধ্যে ভারতবর্ষেও যে সুযোগ এসেছিল সেই সুযোগ ভারতবর্ষ গ্রহন করেনি। স্বাধীনতার পরবর্তীকালে যে ব্যাপক গন আন্দোলনের সুযোগ সৃষ্টি হয়েছিল, সেই সুযোগ গ্রহন করে, কিছু আইনের সুযোগ গ্রহন করে ভূমি সংস্কারের কিছু কাজ করা যেত, কিন্তু পশ্চিমবঙ্গ সরকার তখন তা করেন নি। স্বভাবতঃই একটা পঙ্গু অর্থনীতি ভারতবর্ষে কায়েম হয়ে গেছে এবং ৩৭ বছর ধরে আমাদের জনজীবনে, গরীব মানুষের জীবনে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি করে চলেছে। ইসলোর রিপোর্টে বলা হচ্ছে পৃথিবীতে যে ১০০ কোটি অভুক্ত মানুষ আছে তার এক তৃতীয়াংশ ভারতবর্ষে আছে এবং এটাই হচ্ছে পৃথিবীর সব থেকে বেশী অংশ।

সেই ভারতবর্ষকে যে রাজনৈতিক দল পরিচালনা করেন সেই রাজনৈতিক দলের পশ্চিমবঙ্গের নেতৃত্ব যারা বঙ্গ বিরোধী বঙ্গ সন্তান তারা এখানে বক্তৃতা করে এই বাজেটের বিরোধীতা করছেন এবং এই বাজেটকে আক্রমন করছেন। একটা নেগেটিভ এ্যাপ্রোচ থেকে তারা মনে করছেন এই করলেই বোধ হয় সত্যকে অস্বীকার করে উঠিয়ে দেওয়া যাবে। এই অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারকে অভিমন্যুর মতন সংগ্রাম করে বাঁচতে হচ্ছে। কেন্দ্র থেকে অর্থ দেওয়া হবে না, সাহায্য দেওয়া হবে না, কেন্দ্র থেকে শিল্প গড়ার ব্যবস্থা করা হবে না, বিদ্যুতের জন্য অর্থের ব্যবস্থা করা হবে না বা ছিঁটে ফোঁটা করা হবে এই অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারকে সম্পদ সংগ্রহ করতে হচ্ছে ভারতবর্ষের অনেক রাজ্যের থেকে বেশী, বোধহয় সর্বাধিক। এই পরিস্থিতির মধ্যে অভিমন্যুর মতন সংগ্রাম করে তাকে সম্পদ সংগ্রহ করতে হচ্ছে। আমরা দেখছি এই বাজেটে ধনীদের উপর থেকে যতটুকু সম্পদ সংগ্রহ করা যায় তার চেষ্টা প্রতিফলিত হয়েছে। এই পরিস্থিতিতে ওদের যে আক্রমন সেটা কোন নীতি থেকে আক্রমন তা আমরা বুঝি। পুঁজিবাদী পথের যে বিপদ ওরা সৃষ্টি করেছেন ভারতবর্ষে সেই পুঁজিবাদী পথকে ওরা রক্ষা করার চেষ্টা করছেন। সেখানে আমরা যেহেতু একটা পৃথক পথের কথা বলছি যদিও সেটা মৌলিক হতে পারে না তাই তারা আক্রমন করেছেন এমন নকক্কারজনক ভাবে যে এই বিধানসভাকে একটা দাঙ্গার জায়গায় পরিনত করছেন। পশ্চিমবাংলার বিধানসভায় এমন একটা পরিস্থিতির তারা সৃষ্টি করেছেন যে শিশুরা যদি তা দেখে তাহলে বিরোধীপক্ষের চেহারা দেখে তারাও লজ্জা পাবে এই ভেবে যে বুড়ো খোকারা এইরকম গুণ্ডামি করতে পারেন। এই দৃষ্টিভঙ্গী নিয়ে তারা আক্রমন করছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে এই আক্রমন কিসের জন্য, কাদের উপর ? শ্রীমতী ইন্দিরা গান্ধী ও রাজীব গান্ধী বক্তৃতা করে বললেন যে পশ্চিমবাংলার দুর্গতি ঘটাচ্ছে বামফ্রন্ট সরকার। আমি স্যার, এই প্রসঙ্গে 'আনন্দবাজার পত্রিকা' যেটা

বৃদ্ধি করা হচ্ছে তখন তারা আমাদের বিরুদ্ধে চিৎকার করে মনে করছেন যে বোধ হয় লোককে তারা ভুল বুঝিয়ে দিতে পারবেন, তারা সত্যকে অসত্য বলে প্রমান করিয়ে দিতে পারবেন। এই জিনিস কখনও হতে পারে না। কাজেই প্রত্যেকটি বিষয়ে তাদের মুখোশ খুলে দেওয়া প্রয়োজন।

বিখ্যাত অর্থনীতিবিদ অমর্ত্য সেন বলেছেন, 'আমাদের দেশে দারিদ্রের বিরুদ্ধে সংগ্রাম করতে শিক্ষার প্রয়োজন।' কারণ শুধু মাত্র এলিট এডুকেটেড্ সোসাইটি দিয়ে উন্নয়নের চেষ্টা করা হলে সে উন্নয়ন বাধা-প্রাপ্ত হতে বাধ্য। ভারতবর্ষের শাসক শ্রেণী যে এলিট সোসাইটি গড়ে তুলেছেন, তার সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে। সেই জন্য কোঠারী কমিশন যে সুপারিশ গুলি করেছিল সেগুলি আমরা গ্রহণ করেছি। অথচ আজকে আমাদের বিরোধী পক্ষে যাঁরা রয়েছেন তাঁরা কোঠারী কমিশনের সুপারিশগুলি কোনদিনই গ্রহণ করেননি। ওঁদের গ্রহণ না করার কারণ হচ্ছে, গ্রহণ করলে ইউনিভার্সালাইজেসন অফ্ এডুকেসন-এর দিকে যেতে হ'ত এবং তাহলেই গরীব লোকেরা লেখা পড়া শিখে যেত, ফলে এলিট্ সেকসন এবং আমলারা অসুবিধায় পড়ত। ওঁরা দেশকে যেদিকে নিয়ে যেতে চাইছেন তাতে বড় বিপদজনক পরিস্থিতির উদ্ভব হচ্ছে। ওঁরা গরীব মানুষদের শিক্ষিত করে তুলতে পারেননি। ওঁদের এই মানসিকতা সম্পর্কে বলতে গিয়ে আমার রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কথা মনে পড়ে যাচ্ছে। রবীন্দ্রনাথ লিখেছেন, "১৯১০ সালে আমি যখন প্রস্তাব করিলাম সার্বজনীন শিক্ষার, তখন একজন আসিয়া বলিলেন, যদি আমাদের সকলকে শিক্ষিত করিয়া দেন, তাহলে আমরা চাকর পাইব কোথায়?" অর্থাৎ ওঁরা সেই চাকর পাবার জন্য এলিট্ সোসাইটি গড়তে চান এবং তাকে রক্ষা করতে চান। এটাই স্বাভাবিক। কিন্তু আমরা জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়েছি তা রক্ষা করার জন্য এগিয়ে যাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকার মৌলিক দিকগুলিতেই বেশী গুরুত্ব দিচ্ছে এবং বরাদ্দ বৃদ্ধি করেছে। গতবারে করেছিল এবং এবারেও করেছে। সেই হিসাবেই আমরা দেখতে পাচ্ছি বরাদ্দের প্রথম স্থানে রয়েছে শিক্ষা। শিক্ষা ক্ষেত্রে আমাদের এই পিছিয়ে থাকার মূল কারণ হচ্ছে আমাদের পুরোনো শিক্ষা নীতি। এটা আমার কথা নয়, কোঠারী কমিশনের মেম্বার সেক্রেটারী, জে. পি. নায়েক, তিনি বলেছিলেন, আমাদের পুরোনো শিক্ষা নীতিই এখনো আমাদের দেশে চালু রয়েছে। আজকে আমরা পশ্চিমবাংলায় সেই পুরোনো শিক্ষা নীতির পরিবর্তন করতে চাইছি। কোঠারী কমিশনের নির্দেশকে গ্রহণ করে আমরা নতুনভাবে মানুষকে শিক্ষিত করতে চাইছি। ঐ নির্দেশে ন্যাশনাল এডুকেশনের যে দায়িত্ব দেওয়া হয়েছে সেই দায়িত্ব পালন করবার অন্তত চেষ্টা করছি। আমাদের দেশে কলোনিয়াল এডুকেশনের যে ধারা দীর্ঘদিন ধরে বয়ে আসছিল তার আমরা পরিবর্তন করতে চাইছি। তাই তো ওঁরা বিপন্ন বোধ করছেন। অবশ্য এটাই স্বাভাবিক। শ্রেণী স্বার্থে ওঁরা আমাদের উন্নয়নের গতিকে রোধ করতে চাইবেন। পুঁজিপতি-শ্রেণী চেষ্টা করে শিক্ষাকে যাতে তাঁরা নিজেদের কুক্ষিগত করে রাখতে পারেন। যাই

হোক, আজকে আমরা যে শিক্ষা নীতি গ্রহণ করেছি তার ফলাফল কি হয়েছে ? ফলাফল হচ্ছে, ক্রমশঃ স্কুল কলেজের সংখ্যা বাড়ছে। কত বাড়ছে ? ১৯৮১-৮২ সালে যেখানে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ৪০ হাজার, গত বছর সেটা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৪৩ হাজারে। আর পুরোনো আমলের হিসাব কি ? এই সংখ্যাটা ওঁদের আমলের তুলনায় অনেক বেশী বেড়েছে। সুতরাং এটা তো অন্তত ওঁরা স্বীকার করবেন। বছরে ১০০০ করে প্রাথমিক স্কুলের সংখ্যা বাড়ছে। ১৯৮১-৮২ সালে সেকেণ্ডারি এডুকেশন দেওয়ার জন্য যেখানে স্কুলের সংখ্যা ছিল ৯৪৯০টি, সেখানে বিগত এক বছরে সেই সংখ্যাটি বেড়ে হয়েছে ১০১৯০টি। আর ওঁদের আমলে ছিল ৮৫৫৮টি। বছরে প্রায় ২২৫টি করে মাধ্যমিক স্কুল বাড়ান হচ্ছে। এটা কি শিক্ষাক্ষেত্রের অগ্রগতি নয় ? এই অগ্রগতি আজকে ওঁদের বড় বিভ্রান্ত করছে, বড় বিপদে ফেলে দিচ্ছে। কলেজের সংখ্যা অন্তত ১৯টি বৃদ্ধি করা হয়েছে। এটা ওঁরা জানেন। আমরা জানি আমাদের দেশের সম্পদ হচ্ছে আমাদের দেশের মানুষ, এই মানুষদের আমরা গড়ে তুলতে চাই। বিজ্ঞানকে হাতিয়ার করে এই মানুষগুলিকে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই। তা যদি আমরা পারি তাহলে কৃষি, শিল্প প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের বিভিন্ন দিক খুলে যাবে। শিক্ষিত মানুষ নতুন নতুন ব্যবস্থা গ্রহণ করবেন, নতুন নতুন পথ আবিস্কার করবেন, যার দ্বারা দেশের গোটা অর্থনীতি প্রভাবিত হবে। এই সমস্ত কারণেই আজকে আমাদের বিভিন্ন নীতি এবং কাজের ফলাফল লক্ষ্য করা দরকার। ১৯৭৬ সালে যখন ওঁদের আমলে ফার্ষ্ট ডিভিশনে পাশ করা ছাত্রের হার ছিল ২·৫% তখন গত বছর আমাদের আমলে ৪·৮% ছাত্র ফার্ষ্ট ডিভিশনে পাশ করেছে। এই হিসাব প্রমান দিচ্ছে যে আমরা অনেক বেশী সংখ্যক ছাত্রকে ভালভাবে লেখা পড়া শেখার সুযোগ করে দিতে পারছি। শিক্ষা ক্ষেত্রে একটা সুষ্ঠু ধারা সৃষ্টি হয়েছে। ছাত্রের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সঙ্গে আমরা একথা বলেছি, অর্থমন্ত্রী বলেছেন, ১৯৯০ সালের মধ্যে আমরা ইউনিভার্সাল প্রাইমারি এডুকেসনের মধ্যে যেতে চাই। এখন যেখানে ৯২ ভাগ আছে, সেখানে আমরা তাকে আরো এগিয়ে নিয়ে গিয়ে ১৯৯০ সালে ১০০ ভাগ শিশুকেই প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করার ব্যবস্থা করতে চাই। বর্তমানে আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাতে কিছু কিছু সমস্যা আছে, আমরা জানি এই সমস্যা থাকতে বাধ্য, কারণ আমাদের আমলাতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে কাজ করতে গিয়ে সমস্যার সৃষ্টি হচ্ছে, কিন্তু এই সমস্যার সমাধান করতেই হবে।

[4-55— 5-02 P.M.]

কিন্তু প্রশ্ন উঠেছে ইউনিভার্সালাইজেসান অফ এডুকেসান আমাদের স্বাধীনতা আন্দোলনের স্বপ্ন ছিল এবং এ ব্যাপারে অনেকেই অনেক কথা বলেছেন। অনেকে অনেক উদ্ধৃতি এবং বিবৃতি দিয়েছেন, স্বাধীনতা আন্দোলনে সাংস্কৃতিক শিক্ষার যে দাবী সেই দাবী বারবার আমাদের কানে ভাসে কিন্তু তা পূরনের কোন ব্যবস্থা করা হয়নি। এই পশ্চিমবাংলায় অন্তত: এই সরকার তার

জন্য ব্যয়-বৃদ্ধি করেছেন, স্কুলের সংখ্যা বৃদ্ধি করেছেন। শিক্ষার ব্যাপারে মানুষকে যাতে উদ্বুদ্ধ করে তোলা যায় তারজন্য সব রকমের চেষ্টা করেছেন। পাঠাগার বৃদ্ধি থেকে আরম্ভ করে বয়স্ক শিক্ষা কেন্দ্র প্রভৃতি বিভিন্ন দিক দিয়ে চেষ্টা চলছে। কেন্দ্রীয় সরকারের একটি তথ্য আমি আপনাদের সামনে উল্লেখ করছি, এটা আমাদের তথ্য নয়, কেন্দ্রীয় সরকার বলছেন, এ্যানালিসিস অফ বাজেটেড এক্সপেনডিচার অন এডুকেসান-এর উপর আমরা ব্যয় বাড়িয়েছি অন্য রাজ্য থেকে অনেক বেশী। অন্ধ্র যেখানে ৫৫·৩৯ টাকা, গুজরাট ৬০·৪৪ টাকা, হরিয়ানা ৬৫·৯২ টাকা, কর্ণাটক যেখানে ৬৩·১২ টাকা, মহারাষ্ট্র ৬৯·১৯ টাকা ইউ. পি. যেখানে ৩৬·৬৩ টাকা, বিহার ৪৭·৩৯ টাকা, কেন্দ্র যেখানে খরচ করছে ৪·৫ টাকা সেখানে আমরা মাথা পিছু শিক্ষার জন্য ব্যয় করছি ৭০·১৫ টাকা। এই ১৯৮৩-৮৪ সালে সেটা আরোও বাড়ানো হয়েছে। শিক্ষার জন্য যে ব্যয় বৃদ্ধি করা হয়েছে আগামী দিনে আমরা যে মানুষ পাবো সেই মানুষ আমাদের পশ্চিমবাংলার ভবিষ্যৎ ভাগ্য নির্ধারণ করবে। আমরা সেই কারণে এগিয়ে যেতে চাই এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন আমরা সেই কারণে সর্বান্তকরণে সমর্থন করছি। আমরা এই বিধানসভায় যে বিলগুলি পাশ করেছি সেই বিলগুলি আজও পর্যন্ত (১৫টি বিল) কনসেন্ট দিয়ে পাঠাননি কি কারণে? প্রশ্ন হচ্ছে, তাহলে বিধানসভার কি প্রয়োজন? তাহলে নির্বাচনের কি প্রয়োজন? ফেডারেল ষ্ট্রাকচারের যে ব্যবস্থা আছে তার কি প্রয়োজন? আমাদের ল্যাণ্ড বিল ফেরৎ এলো না, প্রাইমারী এডুকেসান বিল কবে আসবে তার ঠিক নেই। যারা আজকে এই ব্যাপারে বাধা সৃষ্টি করছে এবং যারা এদের কাছে আত্মসমর্পণ করছে তারা জাতীয়তা বিরোধী, পশ্চিমবাংলার মানুষের বিরোধী, তারা আজকে আমাদের এখানে এসে চক্রান্ত করছে এবং নানাভাবে বাধা সৃষ্টি করছে। আমাদের এডুকেশন্যাল ইনষ্টিটিউশান এবং লোক্যাল বডিস প্রভিডেন্ট ফাণ্ড বিল ফেরৎ আসেনি। আমি আনন্দমোহন বিশ্বাস মহাশয়কে একটি কথা জিজ্ঞাসা করি—তিনি একদা রাষ্ট্রমন্ত্রী ছিলেন—তাঁর একটি খবর আপনাদের সামনে রাখতে চাই। উনি ইসলামিক হিষ্ট্রির ছাত্র ছিলেন। উনি ইসলামিক হিষ্ট্রিতে পি. এইচ. ডি. করার জন্য কোথায় নাম রেজিষ্ট্রী করলেন ভাবতে পারেন? বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে। একজন ছাত্র ইসলামিক হিষ্ট্রিতে পি. এইচ. ডি. করতে যাচ্ছেন কৃষি বিশ্ববিদ্যালয়ে—ভাবতে পারেন? কিভাবে হয়েছিল? রেজিষ্টারকে তিনি প্রভাবিত করেছিলেন। ভট্টাচার্য কমিশনের রিপোর্টে এই কথা বলা ছিল। আমি ব্যক্তিগতভাবে কাউকে বিরোধিতা করছি না। আমি আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই, ওনারা বলেছেন, উনবিংশ শতাব্দীতে শিক্ষা সংস্কৃতির আন্দোলন পশ্চিমবাংলায় বিপন্ন হয়ে গেছে। ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশন তারা অনেক ঐতিহ্যের কথা বলেছেন, পশ্চিমবাংলায় যা হচ্ছে সেই তুলনায় অন্য রাজ্যগুলিকে মিলিয়ে দেখলেই তা পরিস্কার হয়ে ফুটে উঠবে। ওনারা রবীন্দ্রনাথের কথা তো অনেক বলেন। কিন্তু রবীন্দ্র রচনাবলীর জন্য রয়্যালটিপ টাকা তো কমিয়ে দিতে পারলেন না? এদিকে রবীন্দ্রনাথের জন্য তো গদগদ হয়ে গেলেন।

আর একটি কথা আমি জিজ্ঞাসা করতে চাই। ইউনিভার্সিটি গ্রাণ্ট কমিশন কয়েকটি সিদ্ধান্ত নিয়েছেন, সিদ্ধান্তটি হচ্ছে এই কলেজগুলিতে এখন থেকে—বিশেষ করে কেন্দ্রীয় সরকারের কলেজগুলিতে—পুলিশের ঘাঁটী তৈরী করে রেখে দেওয়া হবে। ওঁরা এখানে গণতন্ত্রের কথা বলে চীৎকার করেন। মুরগীর হাড় ছাড়িয়ে রাত্রি ১১টা অবধি হল্লা করেন। ওঁরা গণতন্ত্রের সম্বন্ধে অধিকার দাবী করেন। ইউনিভার্সিটি গ্রাণ্টস কমিশনের প্রস্তাবে কেন্দ্রীয় কলেজগুলিতে পুলিশের থানা বসাবার পরিকল্পনা কি ইঙ্গিত দিচ্ছে? কোঠারি কমিশন নির্দেশ দিলেন ডেমোক্রেটাইজেসন অফ এডুকেশন শিক্ষকদের জন্য, ছাত্রদের জন্য, কর্মচারীদের জন্য এই ডেমোক্রেটাইজেসন অফ এডুকেশন এর রাস্তা, সেই রাস্তায় আমাদের নিয়ে যাবে। নাসা, এসমা করে একদিকে যেমন জনসাধারণের জীবন বিপর্যস্ত, তেমনি এদিকেও এই ব্যবস্থা করতে চলেছেন। এ্যাকাডেমিক কাউন্সিল করতে চলেছেন, সেটা ইলেকটেড হবে না, এখানে চেঁচাচ্ছেন। নির্বাচন হচ্ছে সেই নির্বাচনের জন্য ওঁরা ওঁদের গণতন্ত্রের অধিকার দাবী করেন, তা যান না, একটু উপরে গিয়ে দিদিমণিকে বলুন না ভারতবর্ষের শিক্ষানীতি আজকে কি হয়েছে? আজকে ছাত্র, কর্মচারী, শিক্ষক সকলকে কোন পথে নিয়ে চলেছেন? এই কারণে এই যে বাজেট প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং আমি মনে করি এই একমাত্র প্রস্তাব যা পশ্চিম-বঙ্গের অর্থনৈতিক জীবনে কিছু আশার আলো দিতে পারে। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House stands adjourned at 5·2 P.M. till 12 noon on Tuesday, the 20th March, 1984 at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 20th March 1984, at 12 noon.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 18 Ministers 15 Ministers of State and 152 Members.

HELD OVER STARRED QUESTIONS

(To which oral answers were given)

[12-00—12-10 P. M.]

Step taken to increase the role of State Transport Undertakings

*9. (Admitted question No. *255.) **Shri Suniti Chattaraj :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has taken steps to increase the role of State Transport Undertakings and/or to minimise dependance on private buses in meeting the requirement of the commuters in the City ; and

(b) if so,—

(i) the steps taken by the State Government and the results thereof, and

(ii) the number of route permits issued by the RTA Calcutta during 1983-84 (up to 31st January, 1984) to (i) Calcutta State Transport Corporation and (ii) Private Operators ?

Shri Rabin Mukherjee : (a) In the interest of the commuters and in view of the increasing demands permits for private buses have been issued liberally at the same time augmenting the number of CSTC buses.

(b) (i) Dose not arise.

(ii) (i) Nil

(ii) 380

(No Supplementary)

STARRED QUESTIONS

(To which oral answers were given)

Grievances of W. B. Government Drivers' and Mechanical Employees Association

*248. (Admitted question No. *1832.) **Shri Dhirendranath Sarkar** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has information about the decision of the West Bengal Government Drivers' and Mechanical Employees Association to resort to 'Work to Rule' agitation if the Government does not settle the dispute ; and

(b) if so—

(i) what are the grievances of the Association :

(ii) what assurances have been sought by the Association from the State Government ; and

(iii) the steps taken and/or contemplated by the State Government in the matter ?

Shri Rabin Mukherjee : (a) Yes.

(b) (i) Alleged physical torture on a driver of the Pool Car by a security Personnel was reported,

(ii) Amicable settlement of the dispute was sought.

(iii) The Minister in charge of L.G. & U.D. Department has since amicably settled that dispute.

(No Supplementary)

কলকাতার রাস্তাঘাট মেরামত

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, খানাখন্দে ভরা কলকাতার রাস্তাঘাটের জন্য জণগণকে অশেষ দুর্গতি ভোগ করতে হচ্ছে ;

(খ) সত্য হলে, কলকাতার রাস্তাঘাট মেরামত করে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে রাজ্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ; এবং

(গ) এই উদ্দেশ্যে কোন সময়সীমা নির্ধারিত হয়ে থাকলে, কবে নাগাত রাস্তাঘাট মেরামতের কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

শ্রীপ্রশান্ত কুমার শূর : (ক) ইহা সম্পূর্ণ সত্য নয়। বিভিন্ন জনকল্যাণমূলক সংস্থা ও সি.এম.ডি.এ.-র নানাপ্রকার উন্নয়নমূলক কর্মসূচী রূপায়নের জন্য এবং মেট্রোরেল কর্তৃক ভূগর্ভ রেলের কাজের জন্য কয়েকটি রাস্তা কাটা ছাড়া বাকী রাস্তাগুলির অবস্থা মোটামুটি সন্তোষজনক।

(খ) জনসেবামূলক সংস্থাগুলি এবং সি.এম.ডি.এ.-র সঙ্গে প্রতি সপ্তাহে কর্পোরেশনের জেলা অফিসে রাস্তা কাটাকাটি নিয়ে এলাকাভিত্তিক আলোচনা হয় এবং কাটা রাস্তাগুলির মেরামতী করার জন্যে বিভিন্ন সংস্থাগুলিকে সময়সীমা বেঁধে দেওয়া হয়। উপরন্তু কর্পোরেশন বাৎসরিক প্রোগাম অনুযায়ী রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণ, মেরামত ও উন্নতি-সাধন করে থাকে।

(গ) রাস্তাঘাটের মেরামতির কাজ হলো নিরবচ্ছিন্ন প্রক্রিয়া যখন যে যে রাস্তা কাটা হয় তাহার মেরামতির ব্যবস্থা করা হয়। যে সংস্থাগুলি তাদের প্রকল্প রূপায়নের জন্য রাস্তা কাটে, সেই রাস্তাগুলি সারাবার মূল দায়িত্ব তাদেরই, এই বছরে যে রাস্তাগুলি

কাটা হয়েছে, সেগুলি মেরামতীর কাজ আগামী জুন মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায় ॥

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন যে, যে রাস্তাঘাটগুলি কাটা হয়েছে সেইগুলি আগামী জুন মাসের মধ্যে মেরামত হবে। আপনি আগেও এইরকম প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যে রাস্তাগুলি কাটা হচ্ছে সেইগুলি জুন মাসের মধ্যে মেরামত হবে। আমার জিজ্ঞাস্য হলো গতবারে আপনি যে রকম প্রতিশ্রুতি লংঘন করেছিলেন এইবারেও সেই রকম আশংকা আছে কি ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ গতবারে যে প্রতিশ্রুতি ছিল সেটা অক্ষরে অক্ষরে রূপায়িত হয়েছে তবে স্পেশ্যালি যে সব জায়গা একান্ত প্রয়োজন সেই সব জায়গায় অনুমতি নিয়ে কাজ হয়েছে। আবার সেটা সময় অনুযায়ী রিপেয়ার করে দেওয়া হয়েছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে রাস্তাঘাট মেরামতের কাজ হয়েছে। কিন্তু রাস্তার অভিজ্ঞতায় আমরা দেখতে পাচ্ছি যে রাস্তাঘাটে খানা-খন্দ সৃষ্টি করার ব্যাপারে একটা নিরবচ্ছিন্ন প্রক্রিয়া কাজ করছে। আমার জিজ্ঞাস্য যে গতবারের রাস্তার অবস্থার কথা আপনি অস্বীকার করলেন—গতবারে আপনি প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও রাস্তাঘাট মেরামতের কথা দূরে থাক, করর্পোরেশান কলিকাতায় এমন কি কাজ করেছে যারফলে রাস্তাঘাটে খানা-খন্দে ভরে গেছে ? এই অবস্থার হাত থেকে কলকাতার নাগরিকদের বাঁচাবার কি ব্যবস্থা করেছেন ? আপনি ভালো করে খোঁজ খবর নিয়ে দেখবেন রাস্তাঘাটে খানা-খন্দ থাকার জন্য হাজার হাজার মানুষের হাত-পা ভেঙ্গে গেছে। কত লোক এরজন্য বিকলাঙ্গ হয়ে গেছে তার স্ট্যাটিসটিক্স দিতে পারবেন কি ?

শ্রীপ্রশান্ত কুমার শূর ঃ বাস্তব ভিত্তিতে কথা বলুন, কাল্পনিক কথা বলবার জায়গা এটা নয়। কথাটা হলো যদি কলিকাতা শহরের উন্নতি করতে হয় তাহলে রাস্তাঘাট খোঁড়াখুড়ি করতে হবে, আরেকদিকে মেরামত করতে হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় পৌরমন্ত্রী মহাশয়, জানালেন যে রাস্তাঘাট খোঁড়া হবে। কিন্তু পার্ক সার্কাস এরিয়ায় আমি বুঝতে পারছি না একবার ডাইনে খোড়ে তো আরেকবার

বাঁয়ে খোঁড়ে, একবার ডাইগোন্যালি খোঁড়ে তো আরেকবার হরাইজেন্টালী খোঁড়ে, এই ভাবে নিরবচ্ছিন্ন ভাবে খুঁড়ে চলেছে। এই ব্যাপারে আপনার অনুমতি নেয় কিনা জানাবেন কি? আবার এটা মেরামত হচ্ছে না পড়ে আছে। উই ক্যান নট মুভ। এখানে আমাদের রাস্তা চলাচল করতে অসুবিধা হচ্ছে। এখানে একেবারে বেধড়ক খোঁড়াখুঁড়ি হচ্ছে। যাত্রি সাধারণের কথা মনে রেখে যদি র‍্যাসানালাইজ ওয়েতে কাজ করেন তাহলে বোধ করি ভাল হয়।

শ্রীপ্রশান্ত কুমার শূর: মাননীয় সদস্য আপনি জানেন যে কলিকাতার বুকের উপর অন্ততঃ ১৫/১৬টি সংস্থা কাজ করে। বর্তমানে পুরানো ট্রাম লাইন গুলিকে মেরামত করতে হচ্ছে। অনেক লাইন বসে গেছে, দেবে গেছে। যেমন ধরুন বিধানসরণী, রফি আহমেদ কিদাই ষ্ট্রিট, মহাত্মা গান্ধী রোড, মানিকতলা মেন রোড এখানে নতুন লাইন বসানো হচ্ছে। এইকথা বলতে পারি যে বর্ষা কালের মধ্যে মেরামতের কাজ শেষ হবে। আবার ধরুন সি.এম.ডি.এ. কাজ করছে রাজা মনিন্দ্র চন্দ্র রোড, কাশিপুর রোড, বেলেঘাটা মেন রোড, নেতাজী সুভাষ রোড, আনন্দ পালিত রোড, গড়িয়াহাট রোড, সুন্দরী মোহন এভিনিউ, বালিগঞ্জ সার্কুলার রোড, প্রিন্স আনোয়ার সাহ রোড, পটারী রোড। এইগুলির কাজ ৩০ জুনের মধ্যে শেষ হয়ে যাবে। এরসঙ্গে মেট্রো রেলেরও কাজ চলছে। মেট্রো রেলের কাজ কবে শেষ হবে না হবে সেটা তো আমি বলতে পারবো না। কতদিন এরজন্য দুর্গতি ভোগ করতে হবে সেটা বলতে পারছি না। আপনারা কেন্দ্রীয় মন্ত্রী গণিখান চৌধুরীর কাছে যান, কবে শেষ হবে জিজ্ঞাসা করুন। মেট্রো রেলের জন্য শ্যামাপ্রসাদ মুখার্জী রোড, আশুতোষ মুখার্জী রোড, জওহরলাল নেহেরু রোড, চিত্তরঞ্জন এভিনিউ, বেলগাছিয়া রোড, ভূপেন বোস এভিনিউ এইসব জায়গায় কাজ চলেছে। এই সমস্ত জায়গায় খোঁড়াখুঁড়ি কবে শেষ হবে সেটা আমি ঠিক বলতে পারবো না।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বললেন তারসঙ্গে আমি একমত, আমি নিজেও স্বীকার করি এটা আনপ্ল্যাণ্ড সিটি, এখানে খোঁড়াখুঁড়ি হবে, এটা বাস্তব সত্য কথা। আমার প্রশ্ন হচ্ছে এই যে খোঁড়াখুঁড়ি হচ্ছে এরমধ্যে কি কোন কোয়াডিনেসান কমিটি আছে? আপনারা অনুমতি নিয়ে এই সব খোঁড়া হয় কিনা জানাবেন কি?

শ্রীপ্রশান্ত কুমার শূর: আমাদের একটা সংস্থা আছে যারা এই ব্যাপারে আগেই শুনিয়েছি—প্রতি বৃহস্পতিবার, শুক্রবার, এবং মঙ্গলবার কলিকাতার বিভিন্ন অফিসে বসে এবং তারা বিভিন্ন জেলা অফিসেও বসে। এমন কি কলিকাতা পুলিশের ডি.সি., ট্রাফিক থাকেন এবং প্রতিটি সংস্থার লোক থাকেন। সেখানে যে সভা হয় সেই সভায় আগে থেকে জানাতে হয়

যে কোন সংস্থা কোন রাস্তা কাটতে চাইছে। পরে সেই অনুযায়ী প্রোগ্রাম ঠিক হয় এবং সেখানে সময়সীমা ঠিক করে দেওয়া হয়। সেই সংস্থাকে বলতে হয় যে এই সময়ের মধ্যে কাজ শেষ করে দেব। সেই সময়ের মধ্যে সেই সংস্থা যদি কাজ করতে না পারে তাহলে আবার অনুমতি নিতে হয় যে আমার আরো এক সপ্তাহ সময় বেশী লাগবে। এইভাবে কাজ হয়। আমি জয়নাল সাহেবকে বলছি আপনি যদি কোথাও দেখেন যে বহুদিন অবহেলিত হয়ে পড়ে আছে কাজ হচ্ছে না, রেসটোরেশান হয়ে পড়ে আছে তাহলে আমার নজরে আনবেন, আমি নিশ্চয়ই দেখবো।

[12-10—12-20 P.M.]

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, জনসাধারণের দুর্গতি দূর করার জন্য মেট্রো রেল যে সমস্ত জায়গা খুঁড়েছে, তা কবে শেষ হবে ; এবং রাস্তার উপরে যে সমস্ত পুরানো লোহা, জয়েন্ট বিম ইত্যাদি রেখেছে, সেগুলি কবে নাগাত অপসারিত হবে ?

শ্রীপ্রশান্ত কুমার শূর : গত কয়েক বছর ধরেই ভবানীপুর অঞ্চলের ব্যবসায়ীরা আমাদের কাছে রিপ্রেজেনটেশান দিয়েছেন। তাঁরা বারে বারেই আমাদের কাছে বলে আসছেন, রাস্তা প্রায় বন্ধ হয়ে থাকার জন্য তাঁদের ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে যেতে বসেছে। আমরাও এই ব্যাপারে পুলিশ-এর প্রধানের সঙ্গে, মেট্রো রেলের চিফ ইনজিনিয়ারের সঙ্গে বৈঠকে বসেছি, তাঁদের কাছে অনুরোধ জানিয়েছি যে, যে রাস্তাগুলো আপাতত ব্যবহার করা যাচ্ছে, সেগুলোর উপর থেকে মালামাল সরিয়ে পরিস্কার করে দিন। আমরা তাঁদের জেনারেল ম্যানেজারের কাছেও অনুরোধ করেছি, তাঁরা যেন রাস্তার উপরকার জিনিসপত্র রেস্টোর করার চেষ্টা করেন। কিন্তু আজ পর্যন্ত তাঁরা কিছু করছেন না। শেষ পর্যন্ত তাঁরা আমাকে জানিয়েছেন, আগামী জুলাই মাসে তাঁরা এসপ্লানেড ও ভবানীপুরের জগুবাবুর বাজার পর্যন্ত মেট্রো রেল চালাবেন, সুতরাং ঐ সময়ের মধ্যে তাঁরা সারফেস রেস্টোর করে দেবেন। মেট্রো রেল চালাবার ব্যাপারে আমরাও তাঁদের সহায়তা করব। কিন্তু রাস্তার সারফেস যদি রেস্টোর না করে দেন, তাহলে আমরা কখনই মেট্রো রেল চালাবার অনুমতি দেব না।

শ্রীআব্দুল রউফ আনসারী : উইল দি অনারএব্যল মিনিষ্টার বি প্লিজড্ টু লেট আস নো—উনি তো এখানে বলে দিয়েছেন রাস্তাঘাট খোঁড়াখুঁড়ি হবে এবং তা মেরামত হবে—কলকাতার ৭০ পারসেন্ট রাস্তা কয়েক বছর হয়ে গেল, তা আজ পর্যন্ত মেরামত হল না, এ

ব্যাপারে ওঁর কাছে কি কোন লিষ্ট আছে? ওঁর কাছে কি লিষ্ট আছে, কলকাতার ৭০ পারসেন্ট খোঁড়াখুঁড়ি অবস্থায় কোন কোন রোড, লেন বাই-লেন এ্যাণ্ড আদার বাই লেনস্ আর লায়িং আনরিপেয়ারড্ ফর দি লাষ্ট ৬/৭ ইয়ারস্?

শ্রীপ্রশান্ত কুমার শূর: এসব বক্তৃতা এখানে না বলে মাঠে দেওয়া উচিত। এসব বক্তৃতা এখানে দেওয়া যায় না।

আখচাষ

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২।) **শ্রীঅমলেন্দ্র রায়:** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আহম্মদপুর চিনিকলে আখের সরবরাহ বৃদ্ধির জন্য আহম্মদপুর/লাভপুর সংলগ্ন মুর্শিদাবাদ জেলার বড়ঞা ব্লকে, বিশেষতঃ ময়ূরাক্ষী ও লাঙ্গালহাট বিল অঞ্চলে আখচাষ বৃদ্ধির জন্য কি কর্মসূচী গ্রহণ করা হয়েছে?

শ্রীকমল কান্তি গুহ: অহম্মদপুর চিনিকলে আখ সরবরাহ ব্যবস্থা বৃদ্ধির জন্য আখ-চাষ উন্নয়নের নিম্নলিখিত বিশেষ ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে।

(ক) উক্ত অঞ্চলের আখচাষীদের উন্নতজাতের বীজ সরবরাহ করা হয়েছে। তাছাড়া ময়ূরাক্ষী গ্রামীন ব্যাংক, সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত ব্যাংক এবং চিনি কল থেকেও কৃষি উপকরণ ঋণের যথোপযুক্ত ব্যবস্থা করা হয়েছে।

(খ) ঐ অঞ্চলে একর প্রতি আখের ফলন বাড়ানোর জন্যে পূর্বে এবং বর্তমানেও প্রদর্শন ক্ষেত্রের ব্যবস্থা নেওয়া হয়েছে ও হচ্ছে। আখ চাষ সম্প্রসারণের জন্যে চাষের এলাকা পরিদর্শন, প্রশিক্ষণ, সভা-সমিতির আয়োজন এবং প্রদর্শন ক্ষেত্রের মাধ্যমে আখ চাষের নতুন প্যাকেজ কার্যক্রম অনুসরণ করার ব্যবস্থাও করা হয়েছে।

শ্রীঅমলেন্দ্র রায়: এই সমস্ত ব্যবস্থা গ্রহণের ফলে আখের উৎপাদন কি পরিমাণ বেড়েছে এবং চিনিকলে যত পরিমাণ আখ দরকার, তার মধ্যে কত পরিমাণ স্থানীয়ভাবে সংগৃহীত হচ্ছে?

শ্রীকমল কান্তি গুহ: লাভপুরে আখের ফলন হয়েছে ১২ হাজার ৫০০ শত মেট্রিক টন, সাঁইথিয়াতে ১০ হাজার মেট্রিক টন এবং ময়ূরেশ্বরে ৩ হাজার·৭৫০ মেট্রিক টন। আমরা আখের

এই ফলন বাড়াবার জন্য লাভপুরে ২০টি, সাঁইথিয়ায় ১৪টি এবং ময়ূরেশ্বরে ১৭টি প্রদর্শনী ক্ষেত্র করেছি। ওখানে প্রশিক্ষণের এবং আলোচনা চক্রের ব্যবস্থা করা হয়েছে। এগুলোর সংখ্যা হচ্ছে, ১৯৮৩-৮৪ সালে যথাক্রমে ৪০, ৫০ এবং ২৫টি। আখের ফলন আমরা এইভাবে বাড়াবার চেষ্টা করছি। উন্নয়ন কার্যসূচীর ফলে বীরভূমে ইক্ষুর উৎপাদন প্রতি হেকটরে ১৯৮২-৮৩ সালে যেখানে ছিল ৫১ লক্ষ ৮৪ হাজার মেট্রিক টন, সেখানে ১৯৮৩-৮৪ সালে বেড়ে ৬১ লক্ষ ১ হাজার মেট্রিক টনে পৌছুবার লক্ষ্য স্থির হয়েছিল। এই ভাবে আখের উৎপাদন বাড়ছে।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ আমার প্রশ্নে যে এলাকা ছিল সে এলাকা বাদ পড়ে গেছে। আমি জানতে চাই কমাণ্ড এরিয়া মিলে যে এরিয়া সেই এরিয়ায় যে আখ উৎপন্ন হোত সেই উৎপাদিত আখ মিলে পৌছে দেবার জন্য চাষীদের যে অসুবিধা হচ্ছে লিঙ্ক রোড না থাকার জন্য সেখানে আপনার লিঙ্ক রোডের যে স্কীম আছে সেই অনুযায়ী রাস্তা নির্মাণ করার ব্যবস্থা করবেন কি ?

শ্রীকমল কান্তি গুহঃ আমেদপুর চিনিকলে আখ মাড়াইয়ের ক্ষমতা হচ্ছে ৬০ হাজার মেট্রিক টন, বীরভূম জেলায় ১ লক্ষ ৮২ হাজার মেট্রিক টন, মুর্শিদাবাদে ৬৮ হাজার মেট্রিক টন। তাসত্বেও দেখা যাচ্ছে আমেদপুরে আখ কম আসছে—মাঝখানে ফড়েরা মিলে মাল আসতে দিচ্ছে না। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে মিলের চারপাশে আখ উৎপাদন বাড়িয়ে তোলা যাতে মিলে আখ যেতে পারে এবং সে ব্যবস্থা করা হচ্ছে। সেজন্য আমি ঐ এলাকার নামগুলি বলেছিলাম। রাস্তার জন্য টাকা অল্প বলে আমরা কত কাছাকাছি করতে পারি যাতে ২/১টি রাস্তা করলে কাজ হবে।

শ্রীসুভাষ বসুঃ গত আর্থিক বছরে কত মেট্রিক টন চিনি সেখানে হয়েছিল ?

মিঃ স্পীকারঃ প্রশ্ন হয় না।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ আপনি যে কমাণ্ড এরিয়ার কথা বললেন এবং তার যে ষ্ট্যাটিসটিক্স দিলেন তাতে গত বছরে আখ মাত্র ৪৫ হাজার টন কম হবার জন্য এবং ইরিগেশান না হবার জন্য আখ কমে গেছে এবং ২০ মাইলের মধ্যে যেটা বললেন সেটা বিশেষ কিছু হয়নি সেটা কি জানেন ?

শ্রীকমল কান্তি গুহঃ বীরভূম জেলার হিসেব আগে দিয়েছি লাভপুরে ১২ হাজার মেট্রিক টন, সাঁইথিয়ায় ১০ হাজার মেট্রিক টন, ময়ূরেশ্বরে ১০ হাজার মেট্রিক টন। আখ চাষ

যাতে বাড়ে তার জন্য সেচ ব্যবস্থা, মিনিকীটের ব্যবস্থা, ডিমনস্ট্রেশানের ব্যবস্থা আমরা গ্রহণ করেছি।

শ্রীজয়ন্ত বিশ্বাস : সয়েল এক্সপার্টদের যে ওপিনিয়ন তাতে বীরভূম, লাভপুর, এবং মুর্শিদাবাদের রাঢ় অঞ্চল আখ চাষের উপযুক্ত নয়, কিন্তু তা সত্ত্বেও ঐ এলাকায় আখ চাষের জন্য পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে কেন ?

শ্রীকমল কান্তি গুহ : ভূমি সংরক্ষণের যিনি অধিকর্তা তিনি কৃষি অধিকর্তা। তিনি যখন এই পরিকল্পনাগুলি নিয়েছেন তখন আপনার আশঙ্কা ভিত্তিহীন।

শ্রীদেবশরণ ঘোষ : আখ চাষীরা যে আখ বিক্রি করছে ঠিক সময়ে তারা টাকা পাচ্ছে না এটা কি জানেন ?

শ্রীকমল কান্তি গুহ : শিল্পমন্ত্রী এর যথাযথ উত্তর দিতে পারবেন।

ইষ্টার্ণ মেট্রোপলিটন বাইপাসের কাজ

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫১।) **শ্রীশ্যামল চক্রবর্তী :** মহানগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ইষ্টার্ণ মেট্রোপলিটন বাইপাসের কাজ কবে নাগাত শেষ হবে বলে আশা করা যায় ?

শ্রীপ্রশান্তকুমার শূর : ইষ্টার্ণ মেট্রোপলিটন বাইপাসের কাজ মার্চ, ১৯৮৬ সাল নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

Expenditure under the Head of Account 307—Soil and Water Conservation

*252. (Admitted question No *719.) **Shri Abdul Karim Chowdhury :** Will the Minister-in-charge of the Agriculture (Minor Irrigation) Depart-

ment be pleased to refer to the estimated provisions in State's Budget Estimates for 1980-81, 1981-82 and 1982-83 in respect of the Sixth Five-Year Plan Schemes under the Head of Account 307—Soil and Water Conservation and to state—

(a) whether the estimated grants could be fully utilised during the above periods ; and

(b) if not, the reason thereof ?

শ্রীকমলকান্তি গুহ :

বছর		বাজেট বরাদ্দ (লক্ষ টাকায়)
১৯৮০-৮১	...	২০০·০০
১৯৮১-৮২	...	২৪৭·০০
১৯৮২-৮৩	...	২৩৫·০০

(ক) না ; উক্ত তিন বৎসরের গড় হিসাবে মোট বাজেট বরাদ্দের মাত্র শতকরা ৩৩·৩৩ ভাগ ব্যয়িত হয়েছিল।

(খ) (১) কার্য্যনির্বাহক সংস্থার (Field Execution units) অপ্রতুলতা,
(২) চালু-সংস্থাগুলিতে বিভিন্ন প্রযুক্তিবিদ পদে শূন্যতা,
(৩) কেন্দ্রীয় সাহায্যপ্রাপ্ত বিশেষ প্রকল্পগুলিতে কেন্দ্রীয় অর্থমঞ্জুরীতে বিলম্ব ;
(৪) শিক্ষণপ্রাপ্ত কর্মীসংখ্যার অপ্রতুলতা।

[12-20—12-30 P.M.]

শ্রীঅনিল মুখার্জী : অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। এই যে ২৫২ নং কোয়েশ্চেনে যেটা এলিসিট ইনফর্মেশান লিখিতভাবে দিয়েছেন সেটা বাজেটে অলরেডি এ্যালটমেণ্ট দেওয়া আছে। সেই সব বিষয়ে কি প্রশ্ন করা যাবে ?

মিঃ স্পীকার : এটা বাজেটে প্লেস করার আগে এসেছে।

(নো সাপ্লিমেণ্টারী)

Financial assistance to C.S.T.C

*253. (Admitted question No. 728.) **Shri Lutfal Haque :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether it is a fact that financial assistance to Calcutta State Transport Corporation during the current year has exceeded the budgeted subsidy ; and

(b) if so,

(i) the reasons thereof ; and

(ii) what was the position in the matter during 1980-81, 1981-82 and 1982-83 ?

Shri Rabin Mukherjee : a) No. Rs. 1531·98 lakhs have been released to CSTC as subsidy against the budget estimate of Rs, 1620 lakhs. so far.

b) i) The budgeted subsidy has not been exceeded so far.

ii) The amount of subsidy received during the years are as follows :

	Budgeted amount	Received
1980-81	Rs. 10,50·62 lakhs	Rs. 1016·14 lakhs
1981-82	Rs. 11,00·00 „	Rs. 1079·16 „
1982-83	Rs. 13,50·00 „	Rs. 1299·63 „

(No Supplementary)

Budget Provision of Sewerage and Water Supply Schemes under Minimum Needs Programme

*254. (Admitted question No. *759.) **Shri Satyaranjan Bapuli :** Will the Minister-in-charge of the Health and Family Welfare (Rural

Water Supply) Department be pleased to refer to the estimated provisions in the Budgets and the outlay for 1980-81, 1981-82, and 1982-83 as approved by the Planning Commission, in respect of the Sewerage and Water Supply Schemes included in the Minimum Needs programmes under the Sixth Five-Year Plan (1980-85) and to state—

(a) what was the target and actual achievements under the Sewerage and Water Supply Schemes of the Minimum Needs Programme during 1980-81, 1981-82 and 1982-83 ;

(b) wheather estimated grants could be fully utilised during the above periods ; and

(c) if not, the reasons thereof ?

শ্রীকমল কান্তি গুহ : বাজেট বরাদ্দ (লাখ টাকার অঙ্কে)

১। মিনিমাম নীডস্ প্রোগ্রাম—নলবাহী জল সরবরাহ প্রকল্প (গ্রামীন এলাকার জন্য)—

১৯৮০-৮১	—	৩০০
১৯৮১-৮২	—	৪২০
১৯৮২-৮৩	—	৪০০

২। মিনিমাম নীডস্ প্রোগ্রাম—

গ্রামীন জল সরবরাহ প্রকল্প (জল উৎস প্রকল্প)

১৯৮০-৮১	—	৩০০
১৯৮১-৮২	—	৪০১
১৯৮২-৮৩	—	৩৯০

ক) সমস্যা সঙ্কুল গ্রামগুলির জন্য লক্ষ মাত্রা এবং সাফল্য—

বৎসর	লক্ষমাত্রা		সাফল্য	
	নলবাহী জলসরবরাহ প্রকল্প অনুযায়ী	জল উৎস স্থাপন প্রকল্প অনুযায়ী	নলবাহী জল সরবরাহ প্রকল্প অনুযায়ী	স্থানীয় জল উৎস স্থাপন প্রকল্প অনুযায়ী
১৯৮০-৮১	২১	১১৭০	২১	×
১৯৮১-৮২	৯	১২১৮	৯	×
১৯৮২-৮৩	৮	৫১৩৪	৮	×

* পঞ্চায়েতগুলি হইতে এ ব্যাপারে এখনও কোন তথ্য পাওয়া যায় নি। এই প্রকল্প এখন পঞ্চায়েতগুলি দ্বারা রূপায়িত হচ্ছে।

(খ) এবং (গ)—ঐ বৎসরগুলিতে ব্যয় নিম্নরূপ :

(লাখ টাকার অঙ্কে)

	গ্রামীন নলবাহী জলসরবরাহ	জল উৎস প্রকল্প
১৯৮০-৮১	১৪১·৬৫	১৫৩·০০
১৯৮১-৮২	২৮১·৩৮	২৭২·৫৩
১৯৮২-৮৩	৪০০·০০	৩৯০·০০

হিসাবে গৃহীত ব্যয়ের অঙ্কে আপাতঃ ঘাটতির কারণ কিছু মালপত্রের ক্রয়ের খরচ না ধরা।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এই যে রুর‍্যাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম যেটা কংগ্রেস আমলে হয়েছিল সেটা ঠিক পরিকল্পিতভাবে হয় নি এবং যার ফলে একটা ব্লকে তিন চারটি হয়েছে আবার কোন কোন ব্লকে একেবারে হয়নি। আমার প্রশ্ন হচ্ছে বর্তমানে এই কাজ হাতে নেবার আগে যাতে এটা নিয়মমাফিক সুপরিকল্পিতভাবে হয় তার জন্য নূতন করে আপনি ভাবছেন কিনা ?

শ্রীকমল কান্তি গুহ : আমরা এটা লক্ষ্য রাখছি যে যেখানে ঠিক প্রয়োজন আছে, বা যেখানে ঘন বসতি সেখানে যাতে হয় তার দিকে লক্ষ্য রেখেছি। এটা কংগ্রেস আমল বা বামফ্রন্ট আমলে কি হয়েছে, না হয়েছে সে প্রশ্ন নয়। আমি এই কথা বলতে চাই যে যদি মাননীয় সদস্যরা চাপ না দেন তাহলে ঠিক ঠিক মত করতে পারবো।

আসাম হইতে বিতাড়িত উদ্বাস্তু

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭১০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে আসাম হইতে বিতাড়িত উদ্বাস্তুদের সংখ্যা কত ; এবং

(খ) ঐ উদ্বাস্তু ক্যাম্পগুলি পরিচালনার জন্য ৩১ ডিসেম্বর, ১৯৮৩ পর্যন্ত কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : (ক) ১৬,৮০০ জন যার মধ্যে ১৯৭৯-৮০ সালে আগত শরণার্থীর সংখ্যা ১০,৮০৪ জন এবং ফেব্রুয়ারী, ১৯৮৩ থেকে আগত শরণার্থীর সংখ্যা ৫৯৯৬ জন।

(খ) প্রথম দফায় আগত শরণার্থীদের জন্য ৫০ লক্ষ টাকা ঋণ এবং দ্বিতীয় দফায় আগত শরণার্থীদের জন্যে ৪৭·০৯ লক্ষ টাকা যার মধ্যে ৩২·৯৬৩ লক্ষ টাকা ঋণ হিসাবে এবং ১৪·১২৭ লক্ষ টাকা অনুদান হিসাবে কেন্দ্রীয় সরকার মঞ্জুর করিয়াছেন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মন্ত্রী মহোদয়ার কাছে আনতে চাইছি—১নং হচ্ছে আসাম থেকে বিতাড়িত উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিলেন সেটা পর্যাপ্ত কিনা—এবং দ্বিতীয় হচ্ছে এই ব্যাপারে ১৯৮৩ সাল পর্যন্ত রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছেন ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : আমাদের যে টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, তাতে সম্পূর্ণ ব্যবস্থা করা যায় না। আর আমরা ইতিমধ্যে যে টাকা খরচ করেছি তার হিসাব আমি পরবর্তী সময়ে দিতে পারি। আপনি নোটিশ দেবেন। মোট ২৯ হাজার ১৪ জন এখানে এসেছিলেন এবং এ পর্যন্ত তার মধ্যে ২৫ হাজার ৬ শত মত আমরা শিবিরে রেখেছিলাম আর বাকী তারা বাইরে কোথায় চলে গিয়েছিল। আমরা তাদের মাথাপিছু আড়াইশ গ্রাম চাল-গম জামা কাপড়, এবং মাথাপিছু ৫ টাকা করে দিয়েছি—তাদের ঔষধপত্রের ব্যবস্থাও আমরা করেছিলাম।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মন্ত্রী মহোদয়ার কাছে জানতে চাইছি যে আসামের মুখ্যমন্ত্রী হিতেশ্বর শইকিয়া এখানে এসেছিলেন এবং তিনি আলিপুরদুয়ারের ক্যাম্পগুলি ঘুরে দেখেছিলেন এবং বলেছিলেন যে এদের আসামে ফিরিয়ে নেওয়া হবে এবং তার জন্য সেখানে অনুকুল পরিবেশ সৃষ্টি করা হবে। তার সেই প্রচেষ্টা ফলপ্রসূ হয়েছিল কিনা এবং সেখানে বাস্তবে সেই রকম পরিবেশ আসামে তৈরী হয়েছিল কিনা ?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি : আমিও গিয়েছিলাম এবং আমাদের মুখ্যমন্ত্রীও বিশেষভাবে বলেছিলেন যে আপনাদেরই সেখানে একটা সুস্থ মানসিকতা গড়ে তুলতে হবে। আমরা তাদের বলেছিলাম যে আমরা যেমন এই পশ্চিমবাংলায় গণতন্ত্রকে রক্ষা করার জন্য এবং আমাদের অধিকারকে রক্ষা করার জন্য যে রকম লড়াই করেছি, আপনাদেরও সেই রকম লড়াই করতে হবে। এই সমস্ত বিষয়ই তখন আলোচনা হয়েছিল এবং তাদের মধ্যে কিছু চলেও গিয়েছিলেন।

উলুবেড়িয়া-হলদিয়া জল সরবরাহ প্রকল্প

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৬।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া থেকে হলদিয়া জল সরবরাহ প্রকল্প গ্রহণের জন্য রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকলে, ঐ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার এবং বিশ্বব্যাঙ্কের কাছে আর্থিক সাহায্য চাওয়া হয়েছে কিনা , এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কেন্দ্রীয় সরকার ও বিশ্বব্যাঙ্ক আর্থিক সাহায্য দিতে রাজী হয়েছেন কি ?

শ্রীপ্রশান্ত কুমার শূর: (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) এখনও হয়নি। প্রস্তাবটি আলোচনা ও সমীক্ষার স্তরে আছে।

জেলের কয়েদীদের খাবারের জন্য অর্থ বৃদ্ধির পরিকল্পনা

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জেলের কয়েদীদের দৈনিক মাথাপিছু কত টাকার খাবার দেওয়া হয়। এবং

(খ) ঐ খাবারের জন্য অর্থ বৃদ্ধি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায়: (ক) ৩ টাকা ৭৮ পয়সা।

(খ) হ্যাঁ, আছে।

[12-30—12-40 P. M.]

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, জেলের মধ্যে যারা বিকৃত মস্তিষ্ক, ল্যুন্যাটিক নন্ ক্রিমিন্যাল আছেন, তাদের সম্পর্কে সংবাদপত্রে বিভিন্ন সময়ে বিভিন্ন রিপোর্ট বেরোচ্ছে, তাদের প্রতি অমানবিক ব্যবহার করা হচ্ছে, তারা জেলের মধ্যে কোন সুযোগ সুবিধা পাচ্ছে না। এটা কি সত্য ? এবং তাদের জন্য মাথা পিছু কত ব্যয় করা হচ্ছে ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : প্রশ্নটা অন্য দিকে চলে গেল। তবুও এটা সম্পর্কে বলবার চেষ্টা করছি, তাদের দমদম সেণ্ট্রাল জেল এবং আলিপুরের প্রেসিডেন্সি জেলে রাখা হয়েছে। সম্প্রতি একটা ব্যবস্থা নেওয়া হয়েছে, নন-ক্রিমিন্যাল ল্যুন্যাটিক যারা আছেন, তাদের জন্য একটা ইনষ্টিটিউশন অব হেল্‌থ আমরা গঠন করেছি এবং ৬ মাস ধরে সেটা চালু হয়েছে। বর্ত্তমানে ২০০ জন ল্যুন্যাটিক পেশেণ্ট সেখানে আছেন এবং ৬০০ জনকে সেখানে রাখার ব্যবস্থা হচ্ছে। সেখানে নাম করা সাইকিয়াটিস্ট আছেন, নাম করা ডাক্তার আছেন, নার্সিং ষ্টাফ আছেন, তারা সেই সব ল্যুন্যাটিকদের চিকিৎসা ব্যবস্থা পরিচালনা করেন।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, জেল কাস্টডিতে যে খরচ হয় এবং পুলিশ কাস্টডিতে যে খরচ হয়, সেটা একই পর্য্যায় ভুক্ত কি না, অর্থাৎ একই রেটে হচ্ছে কি না ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : সুব্রত বাবুরা যখন মন্ত্রী ছিলেন, সেই সময়ে ২.৪২ পয়সা খরচ হতো, আজকে খরচ হচ্ছে ৩.৭৮ পয়সা। এছাড়া চিকিৎসা এবং কাগড় চোপড়ের জন্য ৮.২৬ পয়সা খরচ হচ্ছে। মোট ১২.৯৯ পয়সা আমরা খরচ করে থাকি।

শ্রীহাজারী বিশ্বাস : জেলখানা পরিদর্শন করবার জন্য কোন কমিটি আছে কি না, মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায় : কমিটি সম্প্রতি গঠিত হতে শুধু করেছে।

শ্রীশেখ ইমাজুদ্দিন : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, জেলে কয়েদীদের মধ্যে কোন শ্রেণী বিভাগ আছে কি ? যদি শ্রেণী বিভাগ থাকে তাহলে কোন্ শ্রেণীর কয়েদীদের জন্য কত খরচ হয় ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায়ঃ ক্লাসিফায়েড যারা প্রিজনার রয়েছেন তাদের মধ্যে একটু তফাত রয়েছে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য্যঃ মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আমরা জেলে দেখেছি, ১৫০ গ্রাম চালের ভাত এবং একটু শুকনো মাছ দেওয়া হতো, সেই ব্যবস্থার পরিবর্তন হয়েছে কি ?

শ্রীদেবব্রত বন্দোপাধ্যায়ঃ বর্তমানে যা দেওয়া হয়, তা হচ্ছে সকাল বেলা ১১৭ গ্রাম চাল দেওয়া হয়, নুন রয়েছে ৩৩ গ্রাম, ডাল ১৪৬ গ্রাম, তেল ২৫ গ্রাম—এই ভাবে রয়েছে। লেবার এবং নন-লেবারদের মধ্যে একটু তফাত রয়েছে।

Water crisis in Central and South Calcutta

*258. (Admitted question No. *252) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether the Calcutta Municipal Corporation authorities are aware of the difficulties faced by the people of some areas in Central and South Calcutta due to severe water crisis ; and

(b) if so, the action taken and/or is contemplated by the Corporation authorities ?

Shri Prasanta Kumar Sur : (a) Yes. (b) Regarding Central Calcutta the old system of distribution is being renovated and reconstructed. After completion of this work and after commissioning of Subodh Mullick Square Booster Station, the problem will be solved. Regarding South Calcutta the fault at Auckland Square Booster station was detected and attended to timely resulting in restoration of normal water supply.

Installation of defective machines at the Auckland booster station

*259 (Admitted question No- *1105.) **Shri Abdul Mannan**: Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) wheather it is a fact that installation of defective machines at the Auckland booster station has resulted in non-functioning of some pumps and is creating water crisis in South Calcutta ; and

(b) if so, the steps taken by Calcutta Municipal Corporation and the results thereof ?

Shri Prasanta Kumar Sur : (a) No. (b) Dose not arise.

শ্রীঅবদুল রউফ আনসারি : আপনি লাষ্ট ইয়ার হাউসে এ্যাসিওরেন্স দিয়েছিলেন রাজা সুবোধ মল্লিক স্কোয়ার বুসটিং ষ্ট্রেশন ওপেন হলে ২ মাসের মধ্যে আপনারা জল পাবেন। ঘারোৎঘাটনের ছবি বেরল, অথচ এক বছর হয়ে গেল এখন পর্যন্ত জল বেরল না—এর কারণ কি ?

Mr. Speaker : What is the question ?

Shri Abdur Rauf Ansari : Sir, he opend the boosting station on 30th May last year, and gave assurance that within 2 months the people of central and south Calcutta would get water, but they are not getting it.

Shri Prasanta Kumar Sur : The question was, whether the Calcutta Municipal Corporation authorities are aware of the difficulties. But he is now putting a new question. It is not fair. After opening of the boosting Station trial run was given—it was not a regular run.

Shri Abdur Rauf Ansari : People is not getting water though on 30th May last the boosting station was opened.

Shri Prasanta Kumar Sur : That was a trial run. But because of mechanical fault the boosting station was not working. We are really looking after that and the Calcutta Electric Supply Corporation has been entrusted to make investigation into it.

Number of casual workers, drivers and conductors appointed in C.S.T.C

*260. (Admitted question No *743) **Shri Mahabubul Haque :** Will the Minister-in charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether it is a fact that some casual workers, drivers and conductors have been appointed in C.S.T.C. during the period between April 1982 and December, 1983 ; and

(b) if so,—

(i) the number of casual workers, drivers and conductors appointhe in C.S.T.C. durlng this period ; and

(ii) the reasons of such casual appointments

Shri Rabin Mukherjee : (a) Yes.

(b) (i) 35 workers.

(ii) Driver — nil.

(iii) Conductor — nil.

(c) (i) 35 workers were engaged in different terminal points when sweepers proceeded on leave.

(ii) & (iii) Dose not arise.

শ্রীশেখ ইমাজুদ্দিন : এদের রেগুলার ওয়ার্কার হিসাবে নিয়োগ করার পরিকল্পনা আছে কি ?

আপনি এখানে বলবেন বিনয়বাবু এখানে একটা বিল এনেছিলেন এবং সেই বিলে রাষ্ট্রপতি এখনও সম্মতি দেননি আপনি হয়তো বলবেন But that cannot be panaces of all economic degree of West Bengal. You cannot rectify your industrial inequality, industrial sickness. আমাদের এখানে সত্য বাপুলী মহাশয় কালকে দেখাবার চেষ্টা করেছিলেন 40% agriculture, Transport services and industrial production 60% এবং প্রসঙ্গক্রমে তিনি বলেছেন সারা ভারতবর্ষে যেখানে ৪০% ইণ্ডাসট্রিয়াল প্রোডাকসন বেড়েছে সেখানে আমাদের এখানে ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন ৪০% কমে গেছে। এর ঐতিহাসিক কারণ আছে। এখানে প্রথমে যে ইণ্ডাষ্ট্রি সেট-আপ হয়েছিল, সেই সব ইণ্ডাষ্ট্রি আউটডেটেড হয়ে গেছে—সাফিসিয়েণ্টলি রিসার্চ এণ্ড টেকনোলজিক্যাল ডেভেলপমেণ্ট হয় নি। আজকে মডার্ণাইজেসন সাফিসেয়েণ্ট হয়নি। আপনার কোথায় সেই এনকারেজমেণ্ট ? আপনি একাধিক বার বলেন যে যদি সোস্যালিজম আনতে হয় তাহলে public sector should take common link of the economy. মাননীয় অর্থমন্ত্রীকে সরাসরি জিজ্ঞাসা করতে চাই কোথায় আপনাদের কৃতিত্ব স্টেট আণ্ডারটেকিং যেখানে আছে সেগুলি সবই কংগ্রেস আমলে প্রতিষ্ঠিত হয়েছে।

You have not be able to multiply a single one by now কি আপনার অবস্থা ? আমি ফিগার পড়ে দিতে পারি। ইলেকট্রো-মেডিক্যাল এ্যালায়েড যেখানে প্রফিটে ছিল সেখানে

লস, It has sustained a loss Saxbee Farmer. স্যাক্সি ফারমার সেখানে ২০·২% লস আমরা যে লসে রেখে এসেছিলাম আপনারা তার অনেক বেশী লস করেছেন। কল্যাসী স্পীনিং মিল লস ইনক্রিজড বাই 10 crores during your regime of seven years. Durgapur Project Ltd. যেটা প্রফিটে আমরা রেখে এলাম সেখানে ৩৭ কোটি টাকা লস। 18 crores between 1980 81 and 81-82. Loss increased by 18 crores 84 lakhs and seven thousand. দুর্গাপুর কেমিক্যাল লস হচ্ছে ১৬.১৭ কোটি টাকা। এগুলি কি ইন্দিরা গান্ধী এসে করেছে ?

কংগ্রেসীরা উৎপাত করেছে ? স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন, যেখানে প্রফিট ছিল ২৯ লক্ষ ৮৪ হাজার টাকা, সেখানে It has now sustained a loss of Rs 33 lakhs 61 thousand. During your regime. তারপর দেখুন, In West Bengal Ceramic Development Corporation, loss increased by Rs. 93 lakhs 10 thousand. In West Bengal Sugar Development Corporation loss increased by 2 crores 36 lakhs 77 thousand and in State Fisheries Development Corporation loss increased by 1 crore 50 lakh 14 thousand. এইগুলো আপনাদের পরিচালন ব্যবস্থায় হয়েছে, কেন হয়েছে এটা ? এই জন্য হয়েছে, because you have trained so long, since the birth of commnuism here, while it was not divided into CPI-CPM. আপনাদের একটা প্রিচিং ছিল ওয়ার্কিং ক্লাসের প্রতি, যে কাজ করতে হবে না। ডোন্ট ওয়ার্ক। শুধু আন্দোলন কর, don't work, but claim for wages and you have instigated them not to work. শুধু আন্দোলন কর, আপনারা কোন ওয়ার্কিং এফার্ট, ওয়ার্কিং এনথুয়াসিজ্‌ম দেননি। এখন আপনাদের যখন রাজত্ব এসেছে, ঐ সব ওয়ার্কিং ক্লাস আপনাদের মাথায় চেপে বসেছে। তোমরা মন্ত্রী হয়েছো, তাই কাজ হবে না। আপনারা লীন করে দিয়েছেন ওয়ার্ক এফার্ট, ওয়ার্ক এনথুয়াসিজ্‌ম। সেই জন্য বহু নিন্দিত কংগ্রেসের আমলে যে লস হয়েছিল, আপনাদের আমলে সেই লস কোথাও দু গুণ, কোথাও তিন গুণ, কোথাও চার গুণ দাঁড়িয়েছে। আপনাদের ব্যর্থতার জন্য আজকে এখানে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। আমি জিজ্ঞাসা করতে চাই, এখানে বিদ্যুৎ মন্ত্রী নেই, বিদ্যুৎ মন্ত্রী এখানে উত্তর দিন যে কেন দুর্গাপুরে সিক্স্থ ইউনিট আজ পর্যন্ত কমিশণ্ড হলো না ? Normal gestation period of a power plant is minimum 36 month, i e 3 years. আমরা যেখানে ইনফ্রাস্ট্রাকচার করে এলাম কোলাঘাটে, আপনারা নাকি ফাইল পত্র ধুলো থেকে বার করে এনেছেন, ব্যাণ্ডেলের ফিপ্‌থ ইউনিট আপনারা এখনও কমিশন করতে পারেন নি। অন দি আদার হ্যাণ্ড, আপনারা কোন ইনফ্রাস্ট্রাকচার ডেভলপ করতে পারেন নি। ইনডাষ্ট্রি ডেভলপ করতে গেলে, ইনফ্রাস্ট্রাকচার করতে গেলে, ফাস্ট কণ্ডিশন হচ্ছে কমিউনিকেশন। রোড বেড়েছে কোথাও ? কমিউনিকেশন

বেড়েছে এখানে? সেকেণ্ড নেসেসিটি হচ্ছে পাওয়ার। ইনস্টলেশন আপনাদের বেড়েছে, কিন্তু পাওয়ার জেনারেশন কমেছে এবং আরও রহস্যের কথা, এখানে ইকনমিক রিভিউ যা দিয়েছেন, তাতে দেখতে পাচ্ছি জেনারেশন এবং ডিস্ট্রিবিউশনের মধ্যে একটা বিরাট ফারাক। যদি জেনারেশন বাড়ে তাহলে ডিস্ট্রিবিউশন কেন বাড়ে না, এটা আপনার কাছ থেকে জানতে চাই। ইলেকট্রিসিটি বেড়েছে কি? ইলেকট্রিসিটি না বাড়লে no industry can come out.

থার্ড, ইনডাস্ট্রিয়াল ইনডিসিপ্লিন ইনস্টিগেট করেছেন এখানে। There is no climate for industrial investment here. এ্যাজ সাচ, এখানে কোন ইনডাস্ট্রি বাড়ছে না। রেজাল্ট, আনএমপ্লয়েড যেখানে ছিল ডিউরিং আওয়ার রেজিম ১.৫ মিলিয়ন, During your regime, Dr Mitra, you have susccessfully been able to multiply the number of educated unemployed to 3.7 million by 1983. যারা নাম লিখিয়েছে, তাদের অবস্থা এই দাঁড়িয়েছে। এখন হয়তো বলবেন, এই সমাজ ব্যবস্থায় এই রকম হয়। On the other hand, economic services is zero. সোশ্যাল সার্ভিসের দিকে যদি যাই তাহলে সেখানে একই অবস্থা দেখতে পাবো। বেসিক এ্যামিনিটিজ ছাড়া আজকে হাসপাতাল চলে না, you have not been able to supply regular medicines to the hospitals আপনারা বলেছেন ডাক্তারদের মেণ্টালিটি নেই গ্রামে যাওয়ার SSKM, the premier institution of Asia, you have reduced the teaching grants আজকে বলার কি আছে? আজকে এডুকেশন নিয়ে আপনারা গর্ব বোধ করেন, আপনি কিছু বই দিয়েছেন, সাহায্য করেছেন, Rupee -How it comes and How it goes. আমরা দেখছি এডুকেশনে কিছু টাকা খরচ করেছেন। আজকে এডুকেশনে টাকা খরচ করলে কি হবে, কোয়ালিটি বেড়েছে কি? Is the quality of education has changed? Have you been able to incorporate vocal and vocational education? ভোকেশন্যাল এডুকেশন আজ পর্য্যন্ত প্রবর্ত্তিত করতে পারেন নি। But to fight with poverty in any stage. আজকে স্যায়েন্স এ্যাণ্ড টেকনলজি—কালকেও চন্দ্রশেখর কক্কতা করেছেন, Only science and technology can be able to remove poverty. এখানে সায়েন্সের কিছু অগ্রগতি হয়েছে কি? জিরো। এখানে টেকনলজির কোন অগ্রগতি হয়েছে কি? জিরো। নাথিং অব দি সর্ট, এই কথা কি বলতে পারেন, ৪১৮ কোটি টাকার বাজেট দিয়েছেন, আজকে লিটারারীর পার্সেণ্টেজ বেড়েছে কি? Still we are lagging far behind than kerala.

[1-40 - 1-50 P.M.]

আপনারা কিছুদিন এখানে রাজত্ব করেছিলেন। You have not been able to eradicate illiteracy to the extent of 60%.

এখানে লিটারেসির পারসেন্টেজ কত ? নিরক্ষরতা দূর করতে পারেন নি। ৩১% লিটারেসি। গ্রামের দিকের চেহারা ভয়াবহ। আমি যে জায়গা রিপ্রেজেন্ট করি সেখানকার ফিমেল এডুকেসনের পারসেন্ট হচ্ছে ইট ইজ লেস দ্যান ৪%। আপনাদের কোন দায়িত্ব নেই ? আমি ইনফরম্যাল এডুকেসনে আসছি। ইনফরম্যাল এডুকেসন আপনারা এ্যাট্রাক্ট করাতে পারেন নি। ইউ হ্যাভ বিন এবল্ টু ওয়েষ্ট দি রিসোর্সেস। During your regime for seven years, there has been a total wastage of resources, there has been a total wastage of time. রিসোর্স নষ্ট হতে পারে, সময় নষ্ট হতে পারে—গোটা দেশের মধ্যে আমরা একটি অঙ্গ রাজ্যে বাস করি। We are to live in a Federal State. India is a Republic State. India is a Fedaration of several States. We are lagging behind due to mis-management, we are lagging behind due to bad management and we are lagging behind due to motivated management. আপনাদের সময় ইউনিভার্সিটির উপর আঘাত পড়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর নিয়োগ করতে পারেন নি বলে আপনারা ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যামেণ্ডমেণ্ট বিল নিয়ে এসেছেন। বিকজ ইউ হ্যাভ দি ব্রুট মেজরিটি। আজকে আপনাদের শক্তি ক্ষয় হচ্ছে কোথায়, ষ্টেটের শক্তি ক্ষয় হচ্ছে কোন্ প্রোগ্রামে ? রাজ্যপালের বিরুদ্ধে কালো পতাকা দেখিয়ে। ইট ইজ আনফরচুনেট ফর আস বাজেট বক্তৃতায় এই কথা রাখেন নি যে রাজ্যপালকে কালো পতাকা দেখানোর জন্য ১ কোটি টাকা মঞ্জুর করা হল, এটা আমাদের সাত পুরুষের ভাগ্য। আজকে ওয়েষ্টেজ অব এনার্জি, নন-ডেভেলাপমেণ্টাল, নন-প্রোডাকটিভ এণ্টারপ্রাইজেসেস-এ হচ্ছে—এই অবস্থা হয়েছে। আপনি একবার বলবার চেষ্টা করেছেন স্কুল মাষ্টারদের মাইনে বাড়বে না।

Why have you linked it up with production ? Why have you not linked it up with efficiency ? You have not been able to improve the quality of bureaucracy, you have not been able to improve the quality of administration, you have not been able to improve the quality of the services rendered by the wage earners in the mills and factories especially in the Public Sector.

এর জবাব আপনাদের কাছ থেকে চাই, বামফ্রণ্টের নেতৃবৃন্দ যারা আছেন তাদের কাছ থেকে এর জবাব আমরা চাই। আজকে সাধারণ মানুষের কি অবস্থা হয়েছে ? সাধারণ মানুষ চরম দারিদ্র্যের মধ্যে চলে গেছে। আর অন্য দিকে আপনারা পুলিশ খাতে গত বছর ১২১ কোটি টাকা চেয়েছিলেন, রিভাইজড বাজেটে ১২৪ কোটি টাকা করেছেন, আর এবারে সে জায়গায় দেখছি ১৩১ কোটি টাকা চেয়েছেন। রেজাল্ট কি হচ্ছে ? পুলিশের এফিসিয়েন্সি কোথায়

গেছে ? আমি সহানুভূতি জানাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী গাস্টলি মার্ডারের কথা বলেছেন। সবাই উদ্বিগ্ন। আজকে পুলিশের এফিসিয়েন্সি কোথায় নিয়ে গেছেন ? ডেপুটি কমিশনারের নিজের আত্মরক্ষা করার ক্ষমতা নেই। In this world, it seems that intelligence has totally gone from Calcutta and its metropolitan areas only.

আপনারা দলবাজী করতে গেছেন। ষ্টেট রিসোর্সেসে আপনাদের দল বেড়েছে, কিন্তু রাজ্যের সমৃদ্ধি বাড়েনি। সরকারী কর্মচারীদের এফিসিয়েন্সি বাড়েনি। আইন শৃঙ্খলার রক্ষক যারা, তাদের আজকে এমন জায়গায় নিয়ে গেছেন দলবাজী করতে গিয়ে, টু সার্ভ দি পার্টি ইন্টারেষ্ট, তারা নিজেদের আত্মরক্ষা করবার ক্ষমতাই হারিয়ে ফেলেছে। পশ্চিমবাংলার এই অধঃপতন অতীতে ছিল না। আপনারা এই অধঃপতন নিয়ে এসেছেন। আপনারা এর কি জবাব দেবেন ? দেখা যাচ্ছে পুলিশ খাতে ১৩১ কোটি টাকা এবারে চেয়েছেন। জেল এ্যাড-মিনিষ্ট্রেসন, এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসে ১৩% অব দি রুপিস আপনারা খরচ করেন। কিন্তু এ্যাডমিনিষ্ট্রেসনের উৎকর্ষতা বেড়েছে কোথায় ? District Magistrate is here, District Magistrate is there আপনাদের বিরুদ্ধে অভিযোগ—আপনাদের কথা না শুনলে মার-ধোর দিচ্ছেন।

Mr. Deputy Speaker, as a Chairman of the Privilege Committee, আপনি বিগত দিনের একটি রিপোর্ট এখানে প্লেস করেছেন। তাতে দেখলাম পুলিশ অফিসারের বিরুদ্ধে এম. এস. এর অভিযোগ—এটা হাউসের প্রপার্টি বলে আপনি বলেছেন, The Committee diserves that the case need not be pursued, as there is no element of complaint.

আজকে কোন পুলিশ ষ্টেশনের ওসি সম্ভবতঃ নানুর থানার পুলিশ অফিসার যেহেতু রুলিং পার্টির সদস্যকে সেলাম ঠোকেনি সেই জন্য তার বিরুদ্ধে কমপ্লেন ঠুকে দিলেন। দি এণ্টায়ার পুলিশ এ্যাডমিনিষ্ট্রেসন বদান্যতা করে গেলেন। তার ফলে হল কি ? এ্যাডমিনিষ্ট্রেসন নাই, ইনটেলিজেন্স নিল, ওয়ার্ক ইজ নিল, পাবলিক সিকিউরিটি নেই, মানুষের নিরাপত্তা নেই। এখানকার কথা তো স্পীকার মহাশয় বলতে দেবেন না—কিন্তু Article (19) of the Constitution gives as the authority.

আমার মনে হয় ঐ চেয়ারে বসে থেকে আমাদের ফ্রিডম অব স্পিচ কার্টেল করার ক্ষমতা আপনাদের কারুর নেই। আমি শুধু এই কথাটাই জানিয়ে দিতে চাই, পুরানো কথায় যেতে চাই না। স্যার, আমরা দেখতে পাচ্ছি সিকিউরিটি নিল এভরিহোয়ার, বিকজ এতবড় একটা সংস্থা

তার রক্ষীবাহিনীকে ওরা নিজেদের দলীয় তাঁবেদারে পরিণত করতে চাইছেন। এখানে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় আছেন বলে বলতে উৎসাহিত বোধ করছি যে আমরা যে অভিযোগ করেছিলাম এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীও যে অভিযোগ করেছেন যে কংগ্রেস আমলে যারা পাট্টা পেয়েছিল তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে সেই সব ভুরি ভুরি অভিযোগের কোন প্রতিকার করেছেন কি? আই হ্যাভ রিটিন টু ইউ পারসোন্যালি কিন্তু তার কোন প্রতিকার করেছেন কি? আপনারা ক্যানসেল করে দিচ্ছেন তার কারণ, প্রশাসনের মধ্যে যেমন আপনারা একটা তাঁবেদার গোষ্ঠী চান সেই রকম কৃষক ও শ্রমিক সমাজের মধ্যেও আপনারা একটা তাঁবেদার গোষ্ঠী চান। আজকে দল পুষ্ট হচ্ছে, দল ফুলে ফেঁপে উঠছে কিন্তু পশ্চিমবাংলার ঐ দরিদ্র লোকের দল, আরো গরিব হচ্ছে। It is becoming poorer, it is becoming insolvant, unfortunate. আপনারা আপনাদের ডিপেণ্ডেণ্ট। ষ্টেট রেভিনিউ, তার ১৩ পারসেণ্ট সেলস ট্যাক্স থেকে আসে, মেজর সোর্স অব রেভিনিউ, ৬ পারসেণ্ট অন্য ট্যাক্স থেকে আসে আর বাকি ৮০ পারসেণ্টের জন্য আপনাদের নির্ভর করতে হয় ফাইনানসিয়াল ইনষ্টিটিউসানের উপর। আজকে অবস্থাটা কোথায় নিয়ে দাঁড় করিয়েছেন? আমরা স্বীকৃতি জানিয়েছিলাম যে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষ চলবে প্ল্যাণ্ড ইকনমিক ডেভালপমেণ্টের দিকে। কিন্তু কি করেছেন আপনারা? আপনারা বলছেন, পরিকল্পনা ২/৩ গুণ বেড়েছে। I like to draw your attention to 1967-68.

তখন এখানে কংগ্রেসী সরকার ছিল না। আমরা বারবার যে কথা বলি সেকথা আবার বলছি। প্রথম পরিকল্পনার আয়তন ছিল ৭২ ক্রোরস, দ্বিতীয় পরিকল্পনার আয়তন ছিল ১৫৪ ক্রোরস টাকার, তৃতীয় পরিকল্পনার আয়তন ছিল ৩০৫ ক্রোরস টাকার, চতুর্থ পরিকল্পনার সময় তার রচনার দায়িত্ব ছিল আজকের মুখ্যমন্ত্রী সেদিনের অর্থমন্ত্রী জ্যোতিবাবুর উপর। এখন মন্ত্রী হলে তো আর কোন বাধা নেই, সব বিষয়েই পণ্ডিত হওয়া যায়, পুলিশ মন্ত্রীও হতে পারেন, অর্থমন্ত্রীও হতে পারেন, সব বিষয়েই পারদর্শিতা এসে যায়। সেদিন কিন্তু বাংলার পরিকল্পনা ৬১০ কোটি টাকার হয়নি, হয়েছিল ৩১৭ কোটি টাকার। পরবর্তীকালে ১৯৭২—৭৭ সালে যে সরকার ছিল, যে সরকার আপনাদের মতে বহু নিন্দিত সরকার, যে সরকারের বহু নিন্দা আপনারা করেন সেই সরকারকে চেষ্টা করতে হয়েছিল to multiply three times, four times, six times. ৬ষ্ঠ পরিকল্পনাকে আপনারা স্বীকৃতি জানিয়েছিলেন ৩ হাজার ৫০০ কোটি টাকার। তারমধ্যে ২ হাজার ৮৬০ কোটি টাকা আপনারা দেবেন আর কেন্দ্র দেবে মোটামুটি ৬০০ কোটি টাকা। চতুর্থ বছর পর্য্যন্ত আপনারা কি করেছেন? Institutional finance, R. B. I. loan, overdraft সব মিলিয়ে ১৯০০ কোটি টাকা। এবারে ৫৪৩ কোটি টাকা যদি ব্যয় করতে পারেন তাহলে আপনারা ব্যয় করবেন ৫ কম ১৯০০ কোটি টাকা। তার মধ্যে আপনারা রিসোর্স মবিলাইজেসান করেছেন কত? সেটা less than 3 hundred crores.

কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন ফিনানসিয়াল ইনষ্টিটিউসান, রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে ওভারড্রয়াল ইত্যাদিতে ১৬০০ কোটি টাকা হচ্ছে। পঞ্চম বর্ষে আপনাদের ৭৪৮ কোটি টাকার অঙ্কটাও যদি মেনে নেওয়া যায় তাহলে বাংলার পরিকল্পনা ২৭ শো কোটি টাকার বেশী হয়না। How do you explain the shortfall of 800 crores ? আপনি বাংলাকে হত্যা করার জন্য পেছন থেকে ছুরি মারছেন শাসন ক্ষমতায় থেকে। আপনারা সংবিধান অনুযায়ী শপথ নিয়েছেন to uphold the Constitution as by law established আজকে বাংলাকে আপনারা দুর্বল করে দিচ্ছেন, ইকনমিক্যালি আরো উইক করে দিচ্ছেন। এখানে একটা অগ্নিগর্ভ অবস্থা, you are creating artificial volcano, erruption is possible at any time. যে কোন সময় বিস্ফোরণ ঘটে যেতে পারে। তার কারণ, আপনাদের কোন উৎপাদনমুখী পরিকল্পনা নেই, এগ্রিকালচারের অবস্থা মুমূর্ষু, বিদ্যুত নেই, জলসেচের ব্যবস্থা নেই। আজকেই ক্ষুদ্র সেচমন্ত্রী একটি প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন, ২০০ টি ডিপ টিউবওয়েল করার পরিকল্পনা আছে, তার একটিও এখনও হয়নি। মার্চ মাসের আজ ২০ তারিখ, আজও একটিও হয়নি।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, এর মধ্যেই আমার সময় শেষ হয়ে গেল ?

[1-50—2-00 P.M.]

শ্রীনব কুমার রায়ঃ স্যার, আমার সময়টা ওনাকে দিয়ে দিন।

মিঃ ডেপুটি স্পীকারঃ মিঃ আবেদিন, আপনার সময় শেষ হয়ে গেছে। আপনি আর কতটা সময় চান। আপনার ৫ মিনিটে হবে ?

ডঃ জয়নাল আবেদিনঃ No Sir, I am told that fifty minutes will be given to me but it has been reduced to thirty minutes only and the funny thing is that our Chief Whip is absent at the appropriate moment. However, I will sit down whenever you will ask. আমি আপনাকে দুটো কথা জিজ্ঞাসা করছি। আজকে পরিকল্পনার যদি এই অবস্থা হয় তাহলে বাংলার ভবিষ্যত বলে কি কিছু থাকলো ? প্রাইভেট সেক্টর এক্সপান্স করছে না, এগ্রিকালচারাল প্রোডাকসান সিংকিং, ইণ্ডাষ্ট্রিজ প্রোগ্রেস করছে না, এদিকে ফ্যামিলি ওয়েলফেয়ার প্লানিংয়ের নূতন নাম হচ্ছে। মাননীয় ননীবাবু এক সময়ে স্বাস্থ্যমন্ত্রী ছিলেন। সেখানে আপনাদের স্যাটিসফ্যাক্টরী প্রোগ্রেস

তার রক্ষীবাহিনীকে ওরা নিজেদের দলীয় তাঁবেদারে পরিণত করতে চাইছেন। এখানে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় আছেন বলে বলতে উৎসাহিত বোধ করছি যে আমরা যে অভিযোগ করেছিলাম এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীও যে অভিযোগ করেছেন যে কংগ্রেস আমলে যারা পাট্টা পেয়েছিল তাদের কাছ থেকে পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে সেই সব ভুরি ভুরি অভিযোগের কোন প্রতিকার করেছেন কি? আই হ্যাভ রিটিন টু ইউ পারসোন্যালি কিন্তু তার কোন প্রতিকার করেছেন কি? আপনারা ক্যানসেল করে দিচ্ছেন তার কারণ, প্রশাসনের মধ্যে যেমন আপনারা একটা তাঁবেদার গোষ্ঠী চান সেই রকম কৃষক ও শ্রমিক সমাজের মধ্যেও আপনারা একটা তাঁবেদার গোষ্ঠী চান। আজকে দল পুষ্ট হচ্ছে, দল ফুলে ফেঁপে উঠছে কিন্তু পশ্চিমবাংলার ঐ দরিদ্র লোকের দল, আরো গরিব হচ্ছে। It is becoming poorer, it is becoming insolvant, unfortunate. আপনারা আপনাদের ডিপেণ্ডেণ্ট। ষ্টেট রেভিনিউ, তার ১৩ পারসেণ্ট সেলস ট্যাক্স থেকে আসে, মেজর সোর্স অব রেভিনিউ, ৬ পারসেণ্ট অন্য ট্যাক্স থেকে আসে আর বাকি ৮০ পারসেণ্টের জন্য আপনাদের নির্ভর করতে হয় ফাইনানসিয়াল ইনষ্টিটিউসানের উপর। আজকে অবস্থাটা কোথায় নিয়ে দাঁড় করিয়েছেন? আমরা স্বীকৃতি জানিয়েছিলাম যে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষ চলবে প্ল্যাণ্ড ইকনমিক ডেভালপমেণ্টের দিকে। কিন্তু কি করেছেন আপনারা? আপনারা বলছেন, পরিকল্পনা ২/৩ গুণ বেড়েছে। I like to draw your attention to 1967-68.

তখন এখানে কংগ্রেসী সরকার ছিল না। আমরা বারবার যে কথা বলি সেকথা আবার বলছি। প্রথম পরিকল্পনার আয়তন ছিল ৭২ ক্রোরস, দ্বিতীয় পরিকল্পনার আয়তন ছিল ১৫৪ ক্রোরস টাকার, তৃতীয় পরিকল্পনার আয়তন ছিল ৩০৫ ক্রোরস টাকার, চতুর্থ পরিকল্পনার সময় তার রচনার দায়িত্ব ছিল আজকের মুখ্যমন্ত্রী সেদিনের অর্থমন্ত্রী জ্যোতিবাবুর উপর। এখন মন্ত্রী হলে তো আর কোন বাধা নেই, সব বিষয়েই পণ্ডিত হওয়া যায়, পুলিশ মন্ত্রীও হতে পারেন, অর্থমন্ত্রীও হতে পারেন, সব বিষয়েই পারদর্শিতা এসে যায়। সেদিন কিন্তু বাংলার পরিকল্পনা ৬১০ কোটি টাকার হয়নি, হয়েছিল ৩১৭ কোটি টাকার। পরবর্তীকালে ১৯৭২—৭৭ সালে যে সরকার ছিল, যে সরকার আপনাদের মতে বহু নিন্দিত সরকার, যে সরকারের বহু নিন্দা আপনারা করেন সেই সরকারকে চেষ্টা করতে হয়েছিল to multiply three times, four times, six times. ৬ষ্ঠ পরিকল্পনাকে আপনারা স্বীকৃতি জানিয়েছিলেন ৩ হাজার ৫০০ কোটি টাকার। তারমধ্যে ২ হাজার ৮৬০ কোটি টাকা আপনারা দেবেন আর কেন্দ্র দেবে মোটামুটি ৬০০ কোটি টাকা। চতুর্থ বছর পর্য্যন্ত আপনারা কি করেছেন? Institutional finance, R. B. I. loan, overdraft সব মিলিয়ে ১৯০০ কোটি টাকা। এবারে ৫৪৩ কোটি টাকা যদি ব্যয় করতে পারেন তাহলে আপনারা ব্যয় করবেন ৫ কম ১৯০০ কোটি টাকা। তার মধ্যে আপনারা রিসোর্স মবিলাইজেসান করেছেন কত? সেটা less than 3 hundred crores.

অতি মন্থর অগ্রগতি কলকাতা তথা গোটা পশ্চিমবঙ্গের আর্থিক তথা সামাজিক জীবনযাত্রার উপর কালো ছায়া ফেলেছে। আমরা একাধিক বার বিভিন্ন ভাবে বলেছি। কাশীবাবু যখন লীডার অব দি অপোজিশান ছিলেন, তখন তিনি ক্রিটিসাইজ করেছেন, কেন্দ্রীয় মন্ত্রী ক্রিটিসাইজ করেছেন। মেট্রো রেলওয়ে রাইট প্রজেক্ট হয়েছে কিনা, যে টাকা ইনভেষ্ট হচ্ছে কষ্ট বেনিফিট রেশিওতে—How dose it affect the economy present in West Bengal. আপনাকে এই কথা বলছি যে আজকে হায়ার সেকেণ্ডারী মিনিষ্টার এর সাহিত্যিক মূল্য বিচার করে আপনাকে পুরস্কৃত করতে পারেন। কিন্তু আমি দুঃখিত, আপনার সমস্ত প্রস্তাব জনবিরোধী, আপনার সমস্ত বাজেট জন বিরোধী, আপনার বাজেট গরীব মানুষের শোষণের একটা প্রধান হাতিয়ার, সে জন্য আপনার এই বাজেটকে আমি প্রত্যাক্ষান করছি। I do oppose the budget with all the energy at my command. এই কথা বলে বাজেট বিবৃতির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীদেবী বসু : অধ্যক্ষ মহাশয়, আবেদিন সাহেব, তাঁদের সময়ের সরকারের পোষ্ট-মর্টেম্ রিপোর্ট এখানে উত্থাপন করেছেন, তারজন্য তাঁকে ধন্যবাদ।

শ্রীহৃষিকেশ মাইতি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করতে উঠেছি। একটু আগে ডাঃ জয়নাল আবেদিন সাহেব বক্তৃতা করে গেলেন। এখনো তাঁর কতগুলি কথা আমার কানে প্রতিধ্বনিত হচ্ছে। আমরা জানি ডাঃ জয়নাল আবেদিন সাহেব একজন শিক্ষিত ব্যক্তি। উনি বললেন, উনি আশা করেছিলেন, আমরা প্ল্যাণ্ড ইকনমি গড়ে তুলব। এ বিষয়ে আমি তাকে বলছি, একটা ক্যাপিটালিষ্ট ষ্ট্রাকচারের মধ্যে দাঁড়িয়ে আমরা কখনই তাঁর স্বপ্নকে সার্থক করতে পারি না। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, একটা ক্যাপিটালিষ্ট ষ্ট্রাকচারের ওপর দাঁড়িয়ে কি প্ল্যাণ্ড ইকনমি গড়ে তোলা যায়? তাই আমি তাকে বলব যে, এখানে শুধু কথার ফুলঝুরি উড়িয়ে অসাল সত্যকে চেপে দেওয়া যায় না। কিভাবে আমরা সে রকম সুন্দর বাজেট তৈরী করব তা উনি একটু আমাদের বলে দিন না। আমরা দেখছি এক দিকে ওঁদের শ্রদ্ধেয়া নেত্রী ইন্দিরাজীর নেতৃত্বে গঠিত কেন্দ্রীয় সরকার ক্রমশঃ মোনোপলি বুর্জোয়াদের সম্পদ বৃদ্ধিতে সাহায্য করছে, সেখানে অপর দিকে আমরা কিভাবে রাজ্যে একটা সুন্দর বাজেট তৈরী করব! আজকে মোনোপলি বুর্জোয়াদের কি রকম সম্পদ বৃদ্ধি পাচ্ছে? ১৯৭২ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত হিসাব হচ্ছে, পূর্বে টাটার সম্পদ যেখানে ছিল ৬৪১ কোটি ৯৩ লক্ষ টাকা, সেখানে পরবর্তীকালে হয়েছে ১৮৪০ কোটি ১৬ লক্ষ টাকা। বিড়লার যেখানে সম্পদ ছিল ৫৮৯ কোটি ৪২ লক্ষ টাকা সেখানে তা বেড়ে হয়েছে ১৬৯১ কোটি ৬৯ লক্ষ টাকা। এছাড়া কতগুলি বিগ বিজনেস ম্যানের সম্পদ যোগ করলে দেখা যাবে যে, ১৯৭২ সালে যা ছিল ২৮৮৩

কোটি ৬৯ লক্ষ টাকা, তা ১৯৮১ সালে বেড়ে হয়েছে ৮৯৮৯ কোটি ৩২ লক্ষ টাকা। এই তো অবস্থা! ওঁরা বিগ মোনোপলিদের সম্পদ বৃদ্ধি করবেন, আর আমরা সুন্দর বাজেট তৈরী করব! ডাঃ জয়নাল আবেদিন সাহেব বক্তব্য রেখে চলে গেলেন, এখন আর তাঁকে দেখতে পাচ্ছি না। তবুও আমি তাঁর উদ্দেশ্যে বলছি যে, এরই পাশাপাশি আমরা আর একটি চিত্র দেখছি যে, গোটা ভারতবর্ষে ক্রমশঃ একটা বিরাট সংখ্যক মানুষ দারিদ্র সীমার নীচে নেমে যাচ্ছে ইন্দিরাজীর রাজত্বে। এই অবস্থায় আমরা এখানে এসে খুব সুন্দর একটা বাজেট তৈরী করব! দারিদ্র সীমার নীচে যে মানুষেরা নেমে যাচ্ছে, তাদের একটা হিসাব আমি এখানে উল্লেখ করছি। উড়িষ্যায় ৬৬·৪০% মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছে। মধ্যপ্রদেশে ৫৭·৭৩% মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছে। ত্রিপুরায় ৫৯·৭৩% মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছে। বিহারে ৫৭·৪৩% মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছে। পশ্চিমবঙ্গে ৫২·৫৪% মানুষ দারিদ্র সীমার নীচে বাস করছে। এই হিসেব থেকে দেখা যাচ্ছে যে, এক দিকে বিগ্ মোনোপলিদের সম্পদ বৃদ্ধি হচ্ছে, অপর দিকে বেশীরভাগ সাধারণ মানুষ দারিদ্র সীমার নীচে নেমে যাচ্ছে। এই অবস্থার জন্য দায়ী ইন্দিরাজীর দল, কারণ তাঁরা ভারতবর্ষের কেন্দ্রীয় ক্ষমতায় বসে আছেন। আর তাঁদের দলের লোকেরাই এখানে এসে আমাদের অনেক কথা বলছেন, আমাদের সুন্দর বাজেট তৈরী করতে বলছেন। তা এই অবস্থার মধ্যে আমরা কি করে সুন্দর বাজেট তৈরী করব? তা করা যায় না এবং সে কথা ডঃ মিত্র আমাদের এখানে লিখে জানিয়ে দিয়েছেন।

[2-00—2-10 P. M.]

ওরা টাকা পয়সা কিছু দেবে না অথচ বাজেট তৈরী করতে হবে। লিখে দিয়েছেন অনেক কথা, ১৯৭৬-৭৭ সাল থেকে শুরু করে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত আয় কর, করপোরেশন কর এবং কেন্দ্রীয় অন্তঃ শুল্ক বাবদ ৬ হাজার ৯৫২ কোটি ৪০ লক্ষ টাকা সংগ্রহ করেছে আর আমরা ফেরৎ পেয়েছি ১ হাজার ৫৮৩ কোটি ৭২ লক্ষ টাকা। সুতরাং টাকা দেবেন না, পয়সা দেবেন না অথচ বলবেন জনগনের জন্য বাজেট তৈরী করুন। আপনারা দেশকে শোষণ করছেন। শুধু পশ্চিমবঙ্গ নয়, সমস্ত রাজ্যগুলিকে কেন্দ্রীয় সরকার শোষণ করছে। এবারে আসছি শিল্প উন্নয়নের কথায়। শিল্প উন্নয়ন কি করে হবে? শিল্প উন্নয়ন করতে গেলে একচেটিয়া পুঁজিপতিদের খর্ব করতে হবে। অথচ ওরা ওদের জন্য দরজা খুলে দিয়েছেন। এর মধ্যে দাঁড়িয়ে রাজ্যগুলি শিল্প-উন্নয়ন করতে পারে কখনও? শিল্প তৈরী করার জন্য পারমিসান চাওয়া হয়েছে কিন্তু কেন্দ্র লাইসেন্স দিচ্ছে না। আপনারা বলুন না ইন্দিরা গান্ধীকে যে লাইসেন্স দিন। আমরা এখানে বিভিন্ন কলকারখানা গড়ে তুলতে চাই। আমরা হলদিয়াতে পেট্রো কেমিক্যাল কমপ্লেকস গড়ে তুলতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এটা করলে লক্ষাধিক লোককে চাকরী দেওয়া যেত। কাজেই এখানে বক্তৃতা দেবার আগে সেখানে গিয়ে বলুন না দয়া করে

অনুমতি দিন যাতে দেশের আর্থিক উন্নতি হয়, বেকারত্ব যাতে ঘুচতে পারে, এ ব্যাপারে সাহায্য করুন না? তা করবেন না। ওরা তো জনগণকে সাহায্য করতে শেখেনি, মালিক-শ্রেণীকে সাহায্য করতে শিখেছে। আমাদের বাজেট ওরা বুঝতে পারেনি। জনগণের স্বার্থে গঠিত এই বাজেট, তাদের দিকে লক্ষ্য রেখে এই বাজেট তৈরী করা হয়েছে। আমি সেইজন্য বলছি, ওরা আমাদের কথা বস্তুতঃ কিছুই বুঝতে পারেনি। মুদ্রাস্ফীতির কথা বলেছেন। মুদ্রাস্ফীতি কি হারে বেড়ে যাচ্ছে সেটা আপনারা একবার চিন্তা করুন। ১৯৬০ সালে ১ টাকার মূল্যকে যদি বেসিস ধরা হয় তাহলে ইন্দিরা কংগ্রেস সেই টাকার মূল্যকে কোথায় নামিয়ে নিয়ে এসেছে সেটা একবার ভাবুন, টাকার মূল্য ১২ পয়সায় নেমে গেছে। সুতরাং এই সমস্ত কথার জবাব ওদের দেওয়া দরকার এবং তারপর আমরা তার কাউন্টার জবাব ওদের দেবো। ওরা জবাব দিন কেন জনগণের এই হাল করলেন? অত্যাবশ্যকীয় জিনিষপত্রের দাম কেন বাড়িয়েছেন। ফতোয়া জারী করে অর্থাৎ সার্কুলার দিয়ে জিনিষপত্রের দাম বাড়িয়ে দিয়েছেন। দেশে আপনারা মূল্যবৃদ্ধি ঘটাচ্ছেন, মুদ্রাস্ফীতি হচ্ছে। সুতরাং কি করে আপনারা কম টাকায় বাজেট আশা করেন? ইন্দিরা গান্ধীর কাছ থেকে টাকা পয়সা আদায় করার কেন চেষ্টা করছেন না? আমরা জনগণের স্বার্থে যেসব আইন পাশ করছি, প্রেসিডেন্ট সেগুলিকে এ্যাসেন্ট দিচ্ছেন না। কারণ আপনারা পিছনের দরজা দিয়ে গোপনে চোরের মতন তদবির করছেন যাতে আইনগুলি পাশ না হয়। সুতরাং এই জিনিষ আপনারা করছেন। জনগণের জন্য আমাদের তো কাজ করতেই হবে। এই মুদ্রাস্ফীতি এবং দ্রব্যমূল্য বৃদ্ধি ঠেকাবার জন্য কিছু ভরতুকি আমাদের তো দিতেই হবে। আমরা দেবো ভরতুকি। এই ভরতুকি দিয়ে কিছু জিনিষপত্র আমরা রেশনের মাধ্যমে মানুষকে দিচ্ছি।

তারজন্যে কিছু খরচ হচ্ছে এবং সেই খরচ হচ্ছে জনগণের জন্য। সুতরাং জনগণের ভালবাসা ওরা বুঝবেন না। জনগণের যারা শত্রু তারা এই জিনিস বুঝবেন না। আমরা উল্টোটা বলছি। আমরা ভর্ত্তুকী দিচ্ছি, তা ইন্দিরাজী কিছু ভর্ত্তুকী দিন না। উনি কি প্রস্তাব করেছেন? এক হাজার কোটি টাকার ফাণ্ড করার কথা বলেছেন, আমার মনে হয় এক হাজার কোটি টাকার ফাণ্ড করে কিছুই হবে না, যে রকম ভাবে মূল্যবৃদ্ধি হচ্ছে তাতে দু হাজার কোটি টাকার ফাণ্ড করা দরকার। ভর্ত্তুকী দিয়ে মানুষকে সুস্থভাবে র‍্যাশনের মাধ্যমে জিনিষপত্র যদি দিতে চান, তাহলে একটা ফাণ্ড করার দরকার। রাজ্য সরকারের কতটুকু ক্ষমতা, তবু সেই সামান্য ক্ষমতার দ্বারাই আমরা যতটুকু পারছি করছি। মূল্যস্তর ঠিক করেন কে? রাজ্য সরকার কি করেন? তাঁকেই ঠিক করতে হবে, গোটা দেশের সমস্ত জিনিষের মূল্যস্তর তাঁকেই ঠিক করতে হবে, তা না করে তিনি মূল্যবৃদ্ধির সুযোগ করে দিচ্ছেন। আমরা সামাল দিতে চেষ্টা করছি, সুতরাং কি ঠিক করবেন, একটা রাজ্য সরকারের কাছ থেকে আর কি আশা করা যাবে? আপনারা তো এই সরকারের কথা বলছেন। আমাদের সামান্য সম্পদ, আমাদের সামান্য সামর্থ্য। আমাদের দেশের গ্রামের অধিকাংশ মানুষই কৃষির উপরে নির্ভরশীল। আমরা কি করে কৃষক জনগণের নিরাপত্তার

ব্যবস্থা করব, শিল্পোন্নয়ন বা বেকার সমস্যার সমাধান করার চেষ্টা করব, প্রতি পদে তো আপনারা বাধা দিচ্ছেন। এই পশ্চিমবঙ্গ সরকার সেই বাধার মধ্যেও কিছু করেছেন। আপনারা ভাল করে বোঝবার চেষ্টা করেছেন কি? ৩০ বছরের কংগ্রেস আমলে আপনারা যা করতে পারেননি, বামফ্রন্ট সরকার এই সময়ের মধ্যে তাই করেছেন। একটু বোঝবার চেষ্টা করুন আমরা কি কি করেছি। আমরা বর্গা রেকর্ড করেছি, যে ভাগচাষীদের আপনারা উচ্ছেদ করতেন। আমাদের রাজত্বে ইংরেজী ১৯৮৩ সালের জুন মাসের মধ্যে ১২ লক্ষ ৮৪ হাজার—ইতিমধ্যে আরও বেশী হয়েছে, ১৩ লক্ষ একর ধরে নিতে পারেন আমরা করেছি। ওঁদের আমলে সেটেলমেণ্ট এর খাতায় ভাগচাষীদের নাম থাকত না। আমরা সেইসব লোককে নিরাপত্তা দানের ব্যবস্থা করেছি। ভেষ্টেড জমি ডিসট্রিবিউসন করেছি ৭ লক্ষ ৫১ হাজার একর জমি ১৪ লক্ষ ৫৬ হাজার মানুষকে ডিষ্ট্রিবিউসন করেছি—ইংরাজী ১৯৬৯ সালের আগে ভেষ্টেড জমি ডিষ্ট্রিবিউসনের কথাই ছিল না। আপনারা গরীব মানুষকে দেওয়ার কথাই ভাবেন নি। আমরা ভিতরে—বাইরে সংগ্রাম করছি, জনগণকে দিচ্ছি। শুধু তাই নয়, আমরা ভাগচাষীদের ঋণ দেওয়ার ব্যবস্থা করেছি। গভর্ণমেণ্টের তরফ থেকে সাবসিডি দেওয়ার ব্যবস্থার কথাও হচ্ছে যাতে করে ঐ মানুষগুলো চাষ করতে পারে। এইগুলি আপনারা বোঝবার চেষ্টা করুন। কিন্তু আপনারা বাজেটের এইসব কথাগুলো বুঝতে পারবেন না, আপনারা উচ্ছেদের বাজেট বোঝেন।

আপনাদের আমলে বার বার উল্লেখ করতে হতো যে দল বেঁধে পুলিশ দিয়ে জোতদারদের সাহায্য করছেন, এই তথ্য উপস্থিত হতো। আজকে বিধানসভায় অন্য তথ্য উপস্থিত হচ্ছে। ভেষ্টেড জমি গরীব মানুষকে দিয়ে তার জীবনকে গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। কাজেই এই বাজেটকে অন্যভাবে দেখতে হবে, বুঝতে হবে। একটু আগে জয়নাল সাহেব, মাননীয় সদস্যের কথা শুনলাম, উনি নেই, থাকলে ভাল হতো। উনি কি জানেন ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সাল পর্য্যন্ত যে হিসাব আছে তাতে আমরা ৪ লক্ষ ৩৪ হাজার হেক্টর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় নিয়ে এসেছি।

[2-10—2-20 P. M.]

আগামী বছরের মধ্যে আমরা প্রায় ৫০ পারসেণ্ট জমি ক্ষুদ্র-সেচের আওতায় আনতে পারবো। কিন্তু ১৯৭৭ সালের আগে যখন ওঁদের হাতে ক্ষমতা ছিল তখন ক্ষুদ্র সেচের ব্যবস্থা করতে পেরেছিলেন লেস্ দ্যান্ ২০ পারসেণ্ট। আজকে এর জবাব কি কংগ্রেস পক্ষ দিতে পারবেন? এই প্রতিবন্ধকতার সামনে দাঁড়িয়ে, কেন্দ্রীয় সরকারের বিরোধীতার মুখে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার প্রায় ৫০ পারসেণ্ট করতে চলেছেন এবং এত জমি ক্ষুদ্র সেচের আওতায় এনেছেন—এজন্য আমরা গর্বিত। কৃষি উৎপাদন কি রকম বেড়েছে? খুব একটা হিসেব দিচ্ছিনা।

একটি হিসেব দেখুন—১৯৮১/৮২ সালে এই রাজ্যের কৃষিজাত ফসলের মূল্য ১,৪৯২ কোটি টাকায় দাঁড়াল। তারপর আবার বেড়ে গেল। ১৯৮৩/৮৪ সালে কৃষিজাত পণ্যের মূল্য ১,৭৬৯ কোটি টাকায় এসে পৌছল। কোন দিন এটা কল্পনা করতে পেরেছেন আপনারা? পারেননি। শুনে বেসামাল হয়ে পড়ছেন তো! বামফ্রন্ট সরকার আজ কৃষক, গরীব ক্ষেত-মজুর, শ্রমিক, মধ্যবিত্ত, মেহনতী মানুষদের জন্য সংগ্রাম করছে, তেমনি তাদের স্বার্থ রক্ষার জন্য আজ এই বাজেটও রচনা করেছে। এরজন্য আমাদের সরকারকে সাধুবাদ দিন। খরার বছর আমরা আশঙ্কা করেছিলাম হয়তো ২০০ কোটি টাকারও বেশী ফসলের ক্ষতি হবে। কিন্তু বামফ্রন্ট সরকার চার দিক থেকে নানাভাবে কৃষকদের সাহায্য করেছে যাতে বিপন্ন এলাকার চাষীরা কোন না কোনভাবে চাষবাস করে বাঁচতে পারেন। আর আমাদের বামফ্রন্ট সরকারের এই উদ্যোগের ফলে সে বছর উৎপাদন কমেছে মাত্র ৯২ কোটি টাকার

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে শ্রম-দিবস সৃষ্টি করছি, মানুষকে কাজকর্ম দিচ্ছি। ও পক্ষের মাননীয় সদস্যরা এটা বুঝবার চেষ্টা করুন। এটা বামফ্রন্ট সরকারই করেছেন। ১৯৮১-৮২ সালে পঞ্চায়েতের মধ্যে দিয়ে আমরা ১,৯৫,৩৮,০০০ শ্রম-দিবস সৃষ্টি করেছি। ১৯৮২-৮৩ সালে, যেটা খরার বছর, সে বছর শ্রম-দিবসের সংখ্যা দাঁড়িয়েছে ৩,৬০,২২,০০০। আর ১৯৮৩-৮৪ সালে শ্রম-দিবসের সংখ্যা দাঁড়িয়েছে ১,৭৪,৯৫,০০০। অর্থাৎ ১৯৭৭ সাল থেকে ১৯৮৪ সালের এই পর্যন্ত মোট ২৫ কোটি শ্রম-দিবস সৃষ্টি করেছেন এই সরকার। বামফ্রন্ট সরকার জনগণের সরকার, তাই আমরা গর্ব অনুভব করি। জনগণের স্বার্থেই এই সমস্ত শ্রম-দিবস সৃষ্টি করা হচ্ছে। এক্ষেত্রে কি করেছেন ওঁরা? আজকে ওঁরা এখানে অনেক কথাই বলছেন। কিন্তু গড় আয় যেখানে পশ্চিমবাংলায় ১০ পারসেন্ট বেড়ে গেছে--সেখানে সারা ভারতবর্ষে গড় আয় লেস্ দ্যান ৫ পারসেন্ট। আজকে ওঁরাই আবার আমাদের বিষয় দিয়ে তুলনা করছেন! ফ্যাক্টস্ এ্যাণ্ড ফিগার্স দিয়ে বক্তৃতা দিন! ওঁরা নানা কায়দায় বলছেন। জয়নাল আবেদিন মহাশয়ও ওয়েষ্টেজ অফ রিসোর্সেসের কথা বলতে গিয়ে বলেছেন যে আমরা নাকি ননপ্ল্যানে টাকা খরচ করছি। সেটা কি? আজকে আমরা শিক্ষক অশিক্ষক কর্মচারীদের মাইনে বৃদ্ধি করেছি এবং এটা করে আমরা নাকি শিক্ষা-খাতে অপব্যয় করছি! আমরা গরীব কৃষকদের বার্ধক্য-ভাতা, কৃষি পেনশন দিয়েছি এবং এই ভাবেই নাকি আমরা ননপ্ল্যানে খরচ করছি! আর এটা করা নাকি আমাদের অন্যায় হচ্ছে! আচ্ছা, বলুন তো আমরা কি করবো? কাদের জন্য আমরা এখানে এসেছি? আজকে জনগণের জন্য, শিক্ষক, শ্রমিক-কর্মচারীদের জন্য আমরা কিছু করতে পারবোনা? নন-প্ল্যানের দোহাই দিয়ে, ওয়েষ্টেজ বলে সবটা উড়িয়ে দেবেন? আজকে তাঁদের জন্য কিছু করতে পেরেছি বলে আমরা গর্বিত। তাঁদের জন্য আরও অনেক কিছু করতে হবে আমাদের। আপনারা নন-প্ল্যান একসপেনডিচারের কথা বলছেন! আমরা প্রাথমিক শিক্ষকদের জন্য যেমন খরচ করেছি, সেই সঙ্গে ১৯৭৭ থেকে '৮৩ সাল পর্যন্ত ৪,০০০ নতুন প্রাথমিক স্কুলও

করেছে এই বামফ্রন্ট সরকারের আমলে। নতুন মাধ্যমিক স্কুল করতে পেরেছেন ২,০০০। আজকে শিশুদের শিক্ষার আওতায় আনা গেছে এইভাবেই। আজ ৭৫ লক্ষ ছাত্র-ছাত্রীকে বিনা মূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হচ্ছে। কংগ্রেস আমলেতো এটা আমরা দেখিনি!

অনুশীলি আদিবাসী সম্প্রদায়ের জন্য ওদের নাকি বুক ফেটে কান্না আসে, চোখ ফেটে কান্না আসে। এদের জন্য আমরা কি করেছি? সমস্ত ছেলেকে বিনা পয়সার পড়াবার ব্যবস্থা করা হয়েছে। এই সব আমরা করেছি। টোটাল শিক্ষা খাতে ওদের আমলের চেয়ে আমাদের আমলে বেশ ব্যয় করা হয়ে থাকে। ওদের আমলে শিক্ষা খাতে ব্যয় করেছেন ১১২ কোটি টাকা। আর আমরা ১৯৮২-৮৩ সালে ৩৮৫ কোটি টাকা ব্যয় করেছি। ১৯৮৩-৮৪ সালে ব্যয় করেছি ৪১৮ কোটি টাকা। এইগুলি নন-প্লানের দোহাই দিয়ে উড়িয়ে দেবেন না। এটা অপ্রয়োজনীয় বলবেন না। আমরা শিক্ষক কর্মচারী এবং মধ্যবিত্তদের জন্য চিন্তা করছি। তার জন্য আমরা লক্ষ করছি, ওদের গায়ের জ্বালা ধরেছে। এইসব করে ওঁরা পশ্চিমবাংলার অগ্রগতিকে ব্যহত করবার চেষ্টা করছেন গোটা দেশের সঙ্গে তুলনা করলে দেখা যাবে আমাদের পশ্চিমবাংলায় ট্যাকসেসান সব থেকে কম। সব থেকে কম ট্যাক্স এই পশ্চিম-বাংলায়। এখানকার কষ্ট অফ লিভিং সব থেকে কম। আমরা সেই জন্য গর্বিত। ওনারা কথায় কথায় বলেন সুন্দরবন ডেভলপমেন্টের কথা। কি বললেন, না বললেন সেটা বোঝাই গেল না, আমি এর কি জবাব দেব? সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের আমরা যখন প্রথম রাজ-নৈতিক ক্ষমতায় গেলাম তখন গিয়ে দেখলাম যে কৃষক এবং জনগণের জন্য কোন কিছু করা হয় নি সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের তরফ থেকে। সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডে কয়েক জন মাত্র সদস্য আছেন দেখলাম। দেখলাম যে মুষ্টিমেয় কিছু ইন্দিরা কংগ্রেসের সদস্য সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের থেকে হাজার হাজার টাকা নিয়েছেন সুন্দরবন উন্নয়নের নাম করে। আজ পর্যন্ত তারা সেই টাকা ফেরত দিচ্ছে না। তাকে যদি টাকা মারা না বলা হয় তাহলে কি বলা হবে আমি জানিনা। তাদেরকে ওরা রিপ্রেজেন্ট করে, তারা এই সব টাকা দিচ্ছে না। আমরা এসে বলি, না, এই সব চলবে না। সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের যা কিছু অর্থ তা কৃষকদের মধ্যে দিতে হবে। তাদের বিনা পয়সায় সার দিতে হবে, বিনা পয়সায় বীজ দিতে হবে এবং অন্যান্য সমস্ত কিছু বিনা পয়সায় দিতে হবে। চাষীদের কি ভাবে সুযোগ করে দেওয়া যায় তার ব্যবস্থা করে দিতে হবে। তখন ওঁরা ভাবেন নি বা চিন্তা করেন নি যে সুন্দরবন ডেভলপমেন্ট বোর্ডের জন্য ওয়ার্ল্ড ব্যাংক থেকে টাকা পাওয়া যেতে পারে। কোটি কোটি টাকা আনা হয়েছে, ওঁরা এই সব হিসাব জানেন না। সুন্দরবনের তরফ থেকে আমরা যে ওয়ার্ল্ড ব্যাংক থেকে টাকা পেতে পারি এই কথা ওদের চিন্তার মধ্যেই ছিল না। একটা ব্যাংক করে রেখেছিলেন কিছু টাকা দিয়ে, ওদের কর্মীদের কিছু টাকা দেবার জন্য। আমাদের রাজত্বে এই সব হয় না, আমরা এই সব করতে দেব না। ইতিমধ্যে কোটি কোটি টাকা খরচ করা হয়েছে সুন্দরবন ডেভলপমেন্টের

জন্য। সেচের ব্যবস্থা করা হচ্ছে, জল সংরক্ষণের ব্যবস্থা করা হচ্ছে, বাঁধ তৈরী করা হচ্ছে, অসংখ্য স্লুইজ গেট তৈরী করা হচ্ছে এবং পরে আরো করা হবে। এইগুলি সুন্দরবন ডেভলপমেণ্ট বোর্ডের তরফ থেকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবারের বাজেটে আরো খরচ করা হবে। সব শেষে আমি এই কথা বলতে চাই এখান থেকে যা কিছু করা হচ্ছে, আমাদের বক্তব্যের মধ্যে দিয়ে আমরা নিশ্চই বুঝতে পেরেছি আমাদের এই বামফ্রণ্ট সরকার জমিদার জোরদার এবং মালিক শ্রেণী যারা আছেন তাদের বিরুদ্ধে এই বাজেট রচনা করেছেন। আমরা যখন কৃষককে জমির মালিক করি, তাকে যখন ভেসটেড জমি দিই, তাদের যখন বর্গাদার রেকর্ড করানো হয় তখন আমরা দেখেছি গ্রামাঞ্চলেব জমিদাব জোরদার চিৎকার করছে। কারণ এতো দিন তারা জমিটা মেরে খাচ্ছিল, আমরা সেটা টেনে বের করে ভেসটেড জমি হিসাবে রেকর্ড করেছি। এতো দিন জমিদাররা ভাগচাষীদের স্বীকৃতি দিচ্ছিল না। এই সব করলে তাতে ওঁরা কেন চিৎকার করেছেন? যদি তীবটা ছুঁড়ি জমিদার, জোরদার এবং মালিক শ্রেণীর দিকে তাহলে গায়ের জ্বালা তো তাদের হবে। এই বিধানসভার মধ্যে ওনাদের এতো গায়ের জ্বালা হচ্ছে কেন? এটা ভালো করে জানা দরকার। জমিদার, জোরদার এবং মালিক শ্রেণীর স্বার্থে কেন্দ্রীয় সরকার বাজেট রচনা করেন। কারণ ওঁরা তাদের রিপ্রেজেণ্ট করেন। সেই দৃষ্টিকোন থেকে আমাদের এই বাজেটকে ওঁনারা বিশ্লেষণ করতে পারবেন না। আমাদের বাজেটকে বিশ্লেষণ করতে গেলে তাকে গরীব মানুষদের দরদী হতে হবে, তাদের প্রতি কর্তব্য পরায়ন হতে হবে। এই হচ্ছে আমাদের বাজেট। তাই এই বাজেটকে আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-20—2-30 P. M]

শ্রীদেবপ্রসাদ সরকার: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার জন্য যে বাজেট পেশ করেছেন, তাতে তিনি যে কর প্রস্তাব করেছেন তা অতীতের সমস্ত নজীরকে ম্লান করে দিয়েছে। অতীতের সমস্ত নজীরকে ম্লান করে দিয়ে এবারে তিনি করের প্রস্তাব করেছেন। বর্তমান বছরে কেন্দ্রীয় বাজেটে যেখানে ৩০০ কোটি টাকা কর চাপান হয়েছে, সেখানে পশ্চিমবাংলার মত একটা অঙ্গরাজ্যের বাজেটে কর চাপান হয়েছে ৭৫ কোটি টাকা। এটা প্রত্যক্ষ করলে বোঝা যায়, বর্তমানে যে ক্ষমতা রাজ্যের হাতে আছে, তার সাথে যখন রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে বলে যখন দাবী করেন, এবং সেই মত সত্যিই অধিক ক্ষমতা পেলে পশ্চিমবাংলার মানুষের অবস্থা কোথায় যাবে! আতঙ্কের সঙ্গে একথা চিন্তা করতে হয় যে, অধিক ক্ষমতা পেলে তার দাপটে পশ্চিমবাংলার মানুষের অবস্থা কি হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কর প্রস্তাবের ফলে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন ভোগ্য পণ্যের উপর বিক্রয় মূল্য বৃদ্ধি করার ব্যবস্থা হয়েছে। চায়ের উপর, কয়লার উপর সেস্ ধার্য হয়েছে ও

বিভিন্ন ভোগ্য পণ্যের উপর কর বসানো হয়েছে। এর অনিবার্য পরিণতি হচ্ছে পশ্চিমবাংলায় জিনিষপত্রের দাম বাড়বে। অর্থমন্ত্রী আমাদের যতই বোঝান না কেন, জিনিষপত্রের দাম বাড়বেই। অর্থমন্ত্রী বাজেটে অসত্য ভাষণ রেখেছেন এবং কারচুপি পূর্ণ তথ্যে পরিপূর্ণ বাজেট এখানে পেশ করেছেন। যেমন, বাজেটের ৪ নং প্যারাতে বলেছেন, পশ্চিমবাংলার সামগ্রিক উৎপাদন তথা মাথাপিছু আয় বৃদ্ধির এই হার জাতীয় গড় হারের চেয়ে অনেকটাই বেশী। আমরা জানি এর মধ্যে সরকারের কৃতিত্ব কতখানি! ইকনমিক রিভিউতে দেখা যায়, ১৯৭৮-৭৯ সালে পশ্চিমবাংলার মাথাপিছু আয় যেখানে ছিল ৭৬১ কোটি টাকা, ১৯৮২-৮৩ তে তা নেমে দাঁড়িয়েছে ৬৯০ কোটি টাকা। অর্থাৎ ৭১ কোটি টাকা কম। পাশাপাশি, ভারতবর্ষের ক্ষেত্রে দেখা যায়—১৯৭৮-৭৯ তে যেখানে ছিল ৭১৫ কোটি টাকা, সেখানে ১৯৮২-৮৩ তে দাঁড়িয়েছে ৭১২ কোটি টাকায়। অর্থাৎ মাথাপিছু জাতীয় আয় কমেছে মাত্র ৩ টাকা। অতএব দেখা যাচ্ছে, পশ্চিমবাংলার গড় আয় মাথাপিছু হারে অনেক খারাপ। মোট উৎপাদনের ক্ষেত্রে ইকনমিক রিভিউতে দেখা যাচ্ছে, ১৯৭৮-৭৯ তে (টাকার হিসাবে) ৩,৯৪২ কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে তা হয়েছে ৩,৮৮৬ কোটি টাকা। সারা ভারতবর্ষে ১৯৭৮-৭৯ সালে উৎপাদন ছিল ৪৬,৩১৬ কোটি টাকার এবং ১৯৮২-৮৩ সালে তা বেড়ে হয়েছিল ৫০,৪৮৬ কোটি টাকা। অথচ পশ্চিমবাংলায় ঐ সময়ে উৎপাদন কমেছে। সামগ্রিক উৎপাদন জাতীয় উৎপাদনের চেয়ে কম হয়েছে। শুধু তাই নয়,—কৃষির ব্যাপারে বলেছেন, রেকর্ড পরিমাণ ফলন হয়েছে এবারে। কিন্তু আমরা জানি, এর কারণ হচ্ছে প্রকৃতি। দেশে সুসম বর্ষা হওয়ার জন্য ফলন সর্বত্রই বেড়েছে। আপনি দাবি করছেন যে, সেচ ব্যবস্থার সম্প্রসারণের জন্যই ফলন বেড়েছে। এরজন্য রাজ্য সরকার কৃতিত্ব দাবী করেছেন। দেশে সুসম বৃষ্টির জন্য এবারে সকল স্থানেই বাম্পার ক্রপ হয়েছে। পশ্চিমবাংলার নিশ্চয়ই এর ব্যতিক্রম হতে পারে না। সুতরাং কৃতিত্ব যদি দিতে হয় তো সে কৃতিত্ব প্রকৃতিকেই দিতে হয়।

রাজ্য সরকারের ক্রেডিট কোথায়? বরং রাজ্যসরকার চরম অপদার্থতার পরিচয় দিয়েছেন কৃষির ক্ষেত্রে। কৃষি মন্ত্রী এখানে বসে আছেন, তিনি নিজে কৃষি সম্মেলনে কর্মীদের বলেছেন বামফ্রন্ট সরকার কৃষি ক্ষেত্রে চরম অবহেলা করেছেন, কৃষির উন্নির জন্য কোন পরিকল্পনা নেননি এবং বাজেটে কৃষি দপ্তর যেসব পরিকল্পনা নিয়েছেন কৃষির উন্নতির জন্য সেগুলি ড্যাসটিক্যালি কার্টেল করা হয়েছে। এই হচ্ছে কৃষি ক্ষেত্রে অবদান। আর আপনি বড়াই করছেন কৃষির জন্য। আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন অর্থ ব্যবস্থায় জোয়ার এসেছে। এমন জোয়ার এসেছে যে বর্তমানে মাস গেলে পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারীরা মাইনে পাবে কিনা সন্দেহ। আজকে ওভার ড্রাফটের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের সমস্ত রাজ্যকে ছাড়িয়ে গেছে। কে না জানে যে আজকে অর্থাভাবে যোজনা খাতে ব্যয় কার্টেল করতে হচ্ছে, উন্নয়নমূলক কাজকর্মে ব্যয় কমাতে হচ্ছে। তাহলে কোন মুখে আপনারা বলছেন যে অর্থ ব্যবস্থায় জোয়ার এনেছেন? ভূমি সংস্কারের প্রশ্নে আপনি দাবি করেছেন, ২১ নং বাজেটের ১৮ পৃষ্ঠায় আপনি বলেছেন যে ১৯৮৩ সালের ৩০শে জুন

পর্যন্ত রাজ্য সরকারের হাতে ১২'৬০ লক্ষ একর জমি ভেস্টেড হয়েছে এবং ১৪'৫৬ হাজার পরিবারকে আপনারা জমি বিলি করেছেন এবং দাবি করেছেন বাসভূমি বণ্টনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম স্থানের অধিকারী। কিন্তু বাস্তব চিত্র কি—যেখানে কৃতিত্ব দাবি করছেন সেখানে বাস্তব চিত্র তুলে ধরলে দেখা যাবে জমি বিলি বণ্টনের প্রশ্নে বামফ্রন্ট সরকার চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন। আপনার ১৯৭৪-৭৮ সালের ইকনমিক রিভিউ আর বর্তমান ইকনমিক রিভিউ যদি মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে বামফ্রন্ট সরকারের আমলে যে ভেস্টেড ল্যাণ্ড এসেছিল সেই ভেস্টেড ল্যাণ্ডের মাত্র ৩০ শতাংশ আপনারা বিলি করেছেন, বাকি ৭০ শতাংশ আপনারা হাতে রেখে দিয়েছেন, বিলি করেননি। যদি ফিগার চান আমি ফিগার দিয়ে দিতে পারি। বিগত ৬ বছরে বামফ্রন্ট সরকার বিলি করেছে মাত্র ১ লক্ষ ৪০ হাজার ৩০১ একর, আর বিলি না করে যেটা হাতে ফেলে রেখেছে তার পরিমাণ ৩ লক্ষ ১৩ হাজার ৫০৯ একর জমি। এই হচ্ছে আপনাদের বিলি বণ্টনের নমুনা। বড়াই করছেন যে ১২ লক্ষ ৬০ হাজার একর জমি আপনাদের আমলে ভেস্টেড হয়েছে, কিন্তু আপনাদের আমলে ভেস্টেড হয়েছে মাত্র ১ লক্ষ ৯৭ হাজার ৭১১ একর জমি। ফলে এই ভাষণ অসত্যে ভরা। শিল্পনীতি প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পাট শিল্পের সংকটের প্রশ্নে বলেছেন কেন্দ্রীয় সরকার যদি এই পাটশিল্পকে জাতীয়করণের পথে না যায় তাহলে এই শিল্পকে বাঁচান যাবে না। আমরাও এই দাবি সমর্থন করি। আমরা মনে করি এই দাবির যৌক্তিকতা আছে। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে প্রশ্ন করি আপনারা শিল্পের জাতীয়করণের দাবি কেন্দ্রের কাছে রাখছেন তাহলে আপনাদের রাজ্য সরকারের ক্ষেত্রে অধিগৃহীত শিল্প রাজ্যসরকার আবার বেসরকারী মালিকদের হাতে তুলে দিতে চাইছেন কেন? তাহলে কি আমরা বলতে পারি কেন্দ্রীয় সরকার যেমন পাট শিল্পকে জাতীয়করণের দাবি না মেনে জুট ব্যারনদের কাছে আত্মসমর্পণ করেছেন তেমনি বামফ্রন্ট সরকার অনুরূপভাবে রাজ্য সরকারের এইসব অধিগৃহীত শিল্প বেসরকারী মালিকদের হাতে তুলে দিয়ে তাদের কাছে আত্মসমর্পণ করছেন?

[2-30—2-40 P. M.]

এই কথা বলা কি অন্যায় হবে? আপনারা বেসরকারী মালিকদের কাছে আত্মসমর্পণ করছেন না? আপনারা মালট্রিন্যাশনাল করপোরেসন বিদেশী সংস্থাগুলির কাছে আত্মসমর্পন করছেন। ঐ বিদেশী সংস্থা ডানলপ ইণ্ডিয়ার একটা প্ল্যান্ট উদ্বোধন করতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী কি ভাষণ দিয়েছিলেন? তিনি বলেছিলেন যে শ্রমিকদের স্বার্থে বিদেশী সংস্থাগুলিকে আধুনিকীকরণ করা সম্প্রসারণ করা আশু প্রয়োজন। এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার তৎপরতা দেখাচ্ছেন না বলে উনি গোসা প্রকাশ করেছেন। অর্থাৎ দেখা যাচ্ছে মালটি ন্যাশনালকে তোয়াজ করা হচ্ছে। এই ব্যাপারে আজকে বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারকে টেক্কা দিতে চাইছে। আপনারা মালিক

দোষনের চূড়ান্ত দৃষ্টান্ত সৃষ্টি করেছেন। তারপর মূল্যবৃদ্ধির প্রশ্ন। মূল্যবৃদ্ধির প্রশ্নে মাননীয় অর্থ মন্ত্রী কেন্দ্রীয় সরকারের কর নীতি দুর্নীতি মুদ্রাস্ফীতি এবং আই এম এফ-এর যে জনবিরোধী নীতি, শুধুমাত্র এইগুলিকেই মূলাবৃদ্ধির জন্য দায়ী করেছেন। মূল্যবৃদ্ধির প্রশ্নে রাজ্য সরকারের কর দর নীতি যে, এক অংশে দায়ী এই কথা কিন্তু আমাদের অর্থ মন্ত্রীর ভাষণে নাই। আমি তাঁকে প্রশ্ন করতে চাই, যে আজকে এই যে ৭৫ কোটি টাকার কর চাপাচ্ছেন, এরজন্য জিনিসপত্রের দাম বাড়বে না? অতীতের বাজেটগুলিতে আপনি যেভাবে কর চাপিয়েছেন তাতে জিনিষপত্রের দাম বাড়েনি? আই এম এফ শুধু কি জনবিরোধী? ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণ—সেটাও কি কম জনবিরোধী? এই সব গুলি মূল্যবৃদ্ধিতে সাহায্য করবে না? এই প্রশ্নের জবাব চাই আপনার কাছ থেকে। আজকে মজুতদার কালোবাজারীদের এখানে স্বর্গ রাজ্য সৃষ্টি করেছেন। এবার বাম্পার ক্রপ হোল। আমি প্রশ্ন করতে পারি কি যে পশ্চিমবাংলার মানুষদের পক্ষ থেকে যে কেন খাদ্য শস্যের দাম কমছে না। আপনি বছরের পর বছর ধরে ইণ্টারন্যাল প্রকিওরমেণ্ট যেমন প্রফুল্ল সেনের আমলে পর্যন্ত ৫ লক্ষ টন প্রকিওরমেণ্ট হয়েছিল, সেইভাবে অন্তত করছেন কি? আপনার ১ লক্ষের উপর টারগেটই নয়। আর সেই জায়গায় আপনি প্রকিওরমেণ্ট করছেন মাত্র কয়েক হাজার। বছরের পর বছর ধরে জোতদারদের লেভির হাত থেকে মকুব করে দিচ্ছেন কেন? কেন চাল কলের মালিকদের লেভি ৬০ শতাংশ থেকে কমিয়ে ৩০ শতাংশ নিয়ে এসেছেন? এগুলি কি মূল্য বৃদ্ধিতে সাহায্য করছে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা প্রায়ই শুনতে পাই বামফ্রণ্ট সরকার বড়াই করেন যে শিক্ষা খাতে তারা ব্যয় বাড়িয়েছেন। হ্যাঁ, শিক্ষাখাতে ব্যয় বেড়েছে। ৪৮ কোটি টাকার শিক্ষা বাজেট। কিন্তু তার মধ্যে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের জন্য ৩০০ কোটি টাকা। একবার ভেবে দেখুন অন্যান্য শিক্ষার অগ্রগতিতে কত পারসেণ্ট তাহলে ধরা হয়েছে। ছাত্রছাত্রী আনুপাতিক হারে বাড়ছে। বাড়ছে না পাঠ্য পুস্তক এবং তা বিতরণেরও সুব্যবস্থা হচ্ছে না। আজও আকাশের তলায় স্কুল হচ্ছে এবং স্কুল বাড়ী সারানো হচ্ছে না। বাড়ছে যেটা সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষকদের হাজিরা খাতায় নাম। অর্থাৎ ক্যাডার পোষার কিছু ব্যবস্থা হচ্ছে। ফলে শিক্ষা বাজেট বৃদ্ধির যে কথা বলছেন, এটা একটা অদ্ভুত ব্যাপার। এক ঢিলে দুই পাখী বৃদ্ধির যে কথা বলছেন এটা একটা অদ্ভুত ব্যাপার। এক ঢিলে দুই পাখী মারার ব্যবস্থা করে যাচ্ছেন। শিক্ষা বাজেট বৃদ্ধি হয়েছে বলে প্রগতিশীল সরকার বলা হচ্ছে। আবার ক্যাডার পোষার ব্যবস্থা হচ্ছে। আসলে আপনারা জনবিরোধী শিক্ষা ব্যবস্থা নিয়েছেন। আজকে শিক্ষার মানসিকতা, শিক্ষা সংস্কৃতিকে ধ্বংস করে দিচ্ছেন। প্রাথমিক স্তর থেকে ইংরাজী শিক্ষাকে তুলে দিয়ে আজকে দেশের সাধারণ মানুষের ইংরাজী শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করে, মুষ্টিমেয় আমলাদের ঘরের ছেলেমেয়েদের মন্ত্রীর ঘরের ছেলেদের ভালভাবে লেলাপড়া শেখার ব্যবস্থা করে দিচ্ছেন। আজকে দুমুখী শিক্ষা ব্যবস্থা চালু করেছেন। যোজনা ব্যয়ের প্রশ্নে আপনি বলেছেন প্যারাগ্রাফ ১৮তে বলেছেন পরিকল্পনায় সাহায্যের গড় প্রতি পরিমাণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সর্বনিম্ন।

হ্যাঁ, আমি মানি পশ্চিমবাংলার ক্ষেত্রে গড়পড়তা সাহায্যের পরিমাণ নিম্ন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে কথাটা পুরো বলা হল না, অর্দ্ধ সত্য বলেছেন, বাকিটা বলেন নি। কেন সর্বনিম্ন। হু উইল রেসপনসিবল্? এরজন্য দায়ী কে? আপনাদের তো এটা অজানা থাকার কথা নয় যে, প্রচলিত নিয়ম অনুযায়ী পরিকল্পনা খাতের ব্যয়, উন্নয়নমূলক খাতের ব্যয় কেন্দ্র এবং রাজ্যকে সমানুপাতিক হারে নির্বাহ করতে হয়। আজকে রাজ্য যদি তার আনুপাতিক ব্যয় বরাদ্দ করতে অক্ষম হয় তাহলে কেন্দ্রীয় বরাদ্দও সেখানে ঠিকমত পাওয়া যায় না। ফলে এই সমস্যা থেকেই যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ সংকট আজ পশ্চিমবাংলায় আর একটা সর্বনাশ ডেকে এনেছে। আপনারা বলেছেন বিদ্যুতের হাল ফিরতে পারে। কিন্তু আমরা বর্তমানে বিদ্যুতের যে হাল দেখতে পাচ্ছি তাতে আপনাদের এই প্রতিশ্রুতিতে পশ্চিমবাংলার মানুষ কোন ভরসা পাচ্ছে না। এইক্ষেত্রে আমি বলতে বাধ্য হচ্ছি, এমন কি সিদ্ধার্থ রায়ের আমলে বিদ্যুতের যেটুকু অগ্রগতি হয়েছিল আপনাদের এই বামফ্রন্ট সরকারের আমলে তার থেকে আরো চরম অবনতি দেখা যাচ্ছে। এই ইকনমিক রিভিয়ুর স্ট্যাটিস্টিক্স থেকে দেখা যাচ্ছে ১৯৭৭-৭৮ সালে ১৯৫টি গভীর নলকূপে বৈদ্যুতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে ১১৪টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৬ হাজার ৮২৬টি অগভীর নলকূপে বৈদ্যুতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে ১ হাজার ৭০৪টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৩১টি রিভার লিফট পাম্প হয়েছিল, ১৯৮২-৮৩ সালে ২২টি হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ৪৮টি স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে নিল—শুধু নিল নয়, ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত বামফ্রন্টের আমলে মোট ২৩টি স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিকরণ হয়েছে। ইকনমিক রিভিয়ুতে এই সব তথ্য দেওয়া হয়েছে। ১৯৭৭-৭৮ সালে ১২টি হরিজন বস্তিতে বৈদ্যুতিকরণ হয়েছিল, ১৯৮২-৮৩ সালে নিল। আপনাদের এই ষ্ট্যাটিস্টিক্স বলছে সিদ্ধার্থ রায়ের আমলে যা ছিল আপনারা তার থেকে আরো অবনতির জায়গায় নামিয়ে নিয়ে এসেছেন। ফলে কোন ভরসা পাওয়া যাচ্ছে না। এই সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী সি. ই. এস. সির টিটাগড় বিদ্যুৎ প্ল্যান্টের উদ্বোধন করতে গিয়ে বক্তৃতা দিয়ে বলেছেন রাজ্য বিদ্যুৎ পর্ষদ এরজন্য দায়ী। কিন্তু শুধু এই কথা বলে মাননীয় মুখ্যমন্ত্রী পার পাবেন না। রাজ্য বিদ্যুত পর্ষদের যে ব্যর্থতা সেটা পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা নয়? বামফ্রন্ট ক্ষমতায় এসে তারা তিনবার এই বিদ্যুত পর্ষদকে নতুনভাবে গড়েছেন, পরিবর্তন করেছেন। তারজন্য ফল্ট যদি থেকে থাকে তো সেটা সরকারের ফল্ট এটা অস্বীকার করবেন কি করে? আমরা বারম্বার দাবী করেছি যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে এই চরম বিদ্যুৎ সংকটের মোকাবিলা করা দরকার এবং এরজন্য কমিটি তৈরী করা হোক। সেই কমিটির মধ্যে শিল্প সংস্থার প্রতিনিধি, ট্রেড ইউনিয়ন প্রতিনিধি, শ্রমিক কর্মচারীদের প্রতিনিধি নেওয়া হোক, বিশেষজ্ঞদেরও এর মধ্যে নেওয়া হোক এইভাবে সবাইকে নিয়ে একটি কমিটি করুন এবং এই বিদ্যুত সংকটের কারণ কি, সেটা তারা উদ্ঘাটন করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিন। বছরের পর বছর আমরা এই প্রস্তাব রাখিনি? কিন্তু আমাদের সেই প্রস্তাব উপেক্ষিত হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই যে, এই কথা ঠিক

পশ্চিমবাংলা থেকে কেন্দ্র যে রাজস্ব সংগ্রহ করে তার সিংহ ভাগ কেন্দ্রীয় সরকার নিয়ে নেয় এবং রাজ্য সরকারকে তার ন্যায্য প্রাপ্য অংশ থেকে বঞ্চিত করে। কিন্তু এই বঞ্চনার বিরুদ্ধে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের এই দাবী আদায় করার জন্য রাজ্য সরকার কি কোন কার্যকরী পদক্ষেপ নিয়েছেন? কেন্দ্রের বিরুদ্ধে তারা এই বিষয়ে আন্দোলন করবার জন্য এগিয়ে এসেছেন। তারা যদি আন্দোলন করতে চান তাহলে আমাদের দলের পক্ষ থেকে আমি দ্ব্যর্থহীন ভাষায় বলব যে আমরাও সেই আন্দোলনের সামিল হব। কিন্তু আমরা জানি আপনারা সেই আন্দোলনের পথে যাবেন না। কারণ, শুধু স্ট্যান্ট দেবার জন্য, খবরের কাগজে বিবৃতি দেবার জন্য কেন্দ্রের বিরুদ্ধে বলবেন, কিন্তু সত্যিকারে কেন্দ্রের বিরুদ্ধে আপনারা আন্দোলনে যাবেন না। কারণ, এমনিতেই আপনাদের পাওয়ার, মন্ত্রীত্বের গদি পেয়ে বসেছে, কাজেই সেইক্ষেত্রে আপনারা কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলন করবেন না, এটা আমরা জানি।

[2-40—2-50 P.M]

এ আমরা জানি। সেজন্য আমরা দেখলাম, এ. আই. সি. সি'র যে সেশান হল সেই সেশানে কংগ্রেস কর্মীদের যত না ব্যস্ততা তার থেকে বেশী ব্যস্ততা আমাদের মুখ্যমন্ত্রীর সমস্ত ব্যবস্থাপনার জন্য। তাছাড়া আমরা বদান্যতার নজীরও দেখলাম। এ. আই. সি. সি'র যে সেশান হয়েছিল বিধাননগরে তার দরুন কংগ্রেসের কাছে পশ্চিমবঙ্গ সরকারের ৭ লক্ষ টাকা পাওনা ছিল, সরকার তা মকুব করে দিলেন। জনগণের পয়সা দিয়ে এইভাবে বদান্যতা দেখানো হল। তাই আমরা দেখলাম এবারের এ. আই. সি. সি'র অধিবেশনে বামফ্রন্টের বিরুদ্ধে কোন প্রস্তাব গ্রহন করা হল না। সবই বোঝাপড়ার ব্যাপার, খালি এখানে বাক্যের চাতুরি আমরা দেখছি। এসব জিনিষ আমাদের জানা আছে। স্যার, আপনাকে ধন্যবাদ দিয়ে এই জনবিরোধী বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরাম চ্যাটার্জী ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে এই বাজেটকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এখানে দেখছি কংগ্রেসীরা খুব চিৎকার করেছেন এবং সঙ্গে সঙ্গে এস. ইউ. সি'র সুরও দেখছি কেমন কেমন, তারাও চিৎকার করছেন। একটু আগে লেখাপড়া সম্বন্ধে আক্ষেপ করে ওরা বক্তব্য রাখলেন। এ সম্বন্ধে বক্তব্য রাখতে গিয়ে জয়নাল সাহেব অনেক কথাই বললেন। স্যার, আমরা জানি, দীর্ঘদিন ধরেই ওরা চেষ্টা করছেন পশ্চিমবঙ্গের মাটিতে পশ্চিমবাংলার কালচার চুরমার হয়ে যাক, এখানে যেন লেখাপড়া কেউ না শেখে। আমরা তো মাত্র ৬ বছর ক্ষমতায় আছি, এই সময়ের মধ্যে সকলকে একেবারে দিগগজ পণ্ডিত করে দেব এটা ওরা কি করে ভাবলেন? জয়নাল সাহেব তাঁর এলাকার কথা বললেন। উনি তো প্রথম

থেকে ওখান থেকে নির্বাচিত হয়ে আসছেন, তো কংগ্রেস আমলে ৩৬ বছরে উনি নিজের এলাকায় সবাইকে দিগগজ পণ্ডিত করে দেননি কেন ? অবশ্য তা যদি করতেন তাহলে ওঁকে আর নির্বাচিত হয়ে আসতে হ'ত না। স্যার, আমরা জানি, দীর্ঘদিন ধরে অপশাসন ও কুশাসনের মধ্যে থেকে গরিব মানুষের উপর লাঞ্ছনা, বঞ্চনা বেড়েছে। ঐ গরিব মানুষদের রক্তের বিনিময়ে স্বর্ণ আহরণ করে যারা তারাই স্থান পেয়েছে কংগ্রেসী কুশাসনে। তাদের হাত থেকে রেহাই পাবার জন্যই মানুষ আমাদের কয়েকবার ক্ষমতায় এনেছেন। মানুষের প্রত্যাশা অনেক আমাদের কাছে, তাই আমাদের এম. এল. এরা এবং আমাদের লোকেরা চেষ্টা করেন তারা আর কিছু করতে পারুন আর নাই পারুন তাদের দুঃখের কিছুটা ভাগ নেবার। ওদের কাছে যখন মানুষ যায় তখন ওরা কিছুই তাদের জন্য করতে পারেন না, তাই আমরা মানুষকে বলি, পাথর দিয়ে ওদের বুক বাধানো, ওদের কাছে গেলে কোন ফল পাওয়া যাবে না। আমরা মানুষকে বলি, পাথর বাঁধানো বুক ওদের, মানুষের কান্নায় ওরা গলে না। তাই তো ওরা চুরমার করতে চায় আমাদের দেশের গরীব মানুষগুলোকে। খাদ্য আন্দোলনের সময় আমরা দেখেছি, গ্রাম থেকে যে গরিব মানুষগুলি এখানে এসেছিল তাদের পিটিয়ে তাদের রক্তে কালো রাজপথকে ওরা লাল করে দিয়েছিল। এই যাদের ইতিহাস আজকে আবার তাদের দেখছি এখানে চিৎকার করছেন। কিন্তু চিৎকার করলে হবেটা কি ? গোটা ভারতবর্ষে তো যুক্তফ্রন্ট নেই বা বামফ্রন্ট নেই তাহলে গোটা ভারতবর্ষের অবস্থা এইরকম কেন ? এরজন্য দায়ী কে ? গোটা ভারতবর্ষকে আজ টুকরো টুকরো করার চেষ্টা করছে ঐ কংগ্রেস সরকার। গোটা ভারতবর্ষের উপর একটানা জুলুম চালিয়ে ওরা ভারতবর্ষকে নিঃশেষ করে দিতে চাইছে। সেই নিঃশেষ করার বিরুদ্ধে আমরা দাঁড়িয়ে আছি এবং থাকবো। কংগ্রেস যতদিন আছে ততদিন দুঃখ থাকবে, বঞ্চনা থাকবে সেটা ওরা জানে কারণ ওরাই তো তৈরী করেছে এই কাঠামো। জোয়ান ছেলেগুলোকে ওরা বলতো, বামপন্থীদের পোষ্টার ছিঁড়ে দাও, এত করে পাবে। যখন প্রথম রিফিউজিরা এল তখন তাদের ছেলেদের বললো, তোমাদের ডোল দেব, দিল, তারপর বললো তোমরা বামপন্থীদের পোষ্টার ছিঁড়ে দাও এত করে পাবে। দিতে দিতে তাদের গুণ্ডা তৈরী করলো।

আজকে দেখা যাচ্ছে যে সমস্ত সমাজবিরোধীদের ওরা সৃষ্টি করেছে। জোয়ান ছেলেরা চাকরী বাকরি পায়নি, তাদের ওরা এক্সপ্লয়েট করেছে এবং এক্সপ্লয়েট করে তাদের সমাজবিরোধীতে পরিণত করেছে। এরজন্য আজকে সম্পূর্ণভাবে কংগ্রেস দায়ী। আজকে এরা এখানে চিৎকার করছে। বহুদিনের যে একটানা, একঘেয়েমী জিনিস চলছিল, আজকে আর তা চলছে না। আমরা তাদের ফিরিয়ে আনছি। আমরা গরীব মানুষের মনে বাঁচবার আকাঙ্খা এনে দিয়েছি। গরীব মানুষের মনে আশা জাগিয়েছি। তাই, আজকে দেখা যাচ্ছে যে গরীব মানুষরা সংগঠিত হয়ে এগিয়ে চলেছে। তারা অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে শিখেছে। আজ তারা অন্যায় দেখলে ছাড়ে না। ঐ জয়নাল সাহেব অন্যায় করলে আগে যেমন চলতো, এখন আর সেইভাবে চলে না।

তারা আজ বলতে শিখেছে। আমরা তাদের শিক্ষিত করে তুলেছি। আপনারা যে শিক্ষা দিতেন সেটা আমরা ভেঙ্গে দিয়েছি। আমরা তাদের নতুনভাবে শিক্ষা দিচ্ছি। তাদের মধ্যে একটা নতুন আলো এনে দিয়েছি। আমরা বলছি, তোমরা ওঠ, জাগো, এই লোকগুলিকে চিনে নাও। তোমরা যে শিক্ষা দিয়েছো তাতে তোমরা নিজেরা ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। মান্নান সাহেবকে বলি যে, তোমরা যে বিদ্যা শিক্ষা দিয়েছো, সেই বিদ্যা আজকে তোমাদের উপরেই পড়ছে। লোকে তোমাদের চিনে ফেলেছে। তোমরা শুধু পরিকল্পনাই করেছে—পাঁচ সালা, ৬ সালা, ১২ সালা পরিকল্পনা করে। কিন্তু কিছুই বাস্তবে রূপায়িত করনি। শুধু কল্পনাই করা হয়েছে। আমাদের পরিকল্পনাকে আমরা কার্যকরী করতে চলেছি, বাস্তবে রূপায়িত করতে চলেছি। বামফ্রন্ট সরকারের একটা নীতি আছে, আমরা সেই নীতি নিয়ে এগিয়ে চলেছি। আজকে ভুলত্রুটি নিশ্চয়ই আছে। ভুলত্রুটি না থাকলে তোমরা রয়েছ কি করে? আজকে ভুলত্রুটি না থাকলে কংগ্রেস ভোট পায় কি করে? আমরা তোমাদের কার্যক্রমকে লোকের কাছে বোঝাতে পারিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের দেখে আমার একটা পাখীর কথা মনে পড়ে গেল। আফ্রিকায় একটা পাখী ছিল, তার নাম 'ভ্যামপায়ার'। মানুষ যখন রাস্তা হারিয়ে বসে পড়তো, গাছের তলায় গিয়ে শুয়ে পড়তো তখন সেই ভ্যামপায়ার পাখা তুলে তাকে হাওয়া দিত। তারপরে যখন সে ঘুমিয়ে পড়তো তখন ঠোঁট দিয়ে তার রক্ত চুষে নিত। এরাও সেইরকম ভাবে গরীব মানুষের রক্ত চুষে নিয়েছে। আজকে এই অবস্থা তোমরা সৃষ্টি করেছ। তোমরা কাঙ্গালী তৈরী করে আবার কাঙ্গালী বিদেয় কর। আমরা তা করিনা। আমরা মানুষকে বাঁচাতে চেষ্টা করছি। আজকে পশ্চিমবাংলার এই অবস্থা কে করেছে? পশ্চিমবাংলার কোনায় কোনায় জোয়ান ছেলেরা খেতে পায়নি, তাদের তোমরা সমাজবিরোধিতে পরিণত করেছে। (জ্ঞান সিং সোহন পাল : খড়্গপুরে কি হয়েছে?) জ্ঞান সিং সোহন পাল, আপনি বসে থাকুন। খড়্গপুরে কটেজ ইণ্ডাষ্ট্রি আপনার আমলে কিছু ডেভেলপ হয়েছে।

[2-50—3-00 P.M.]

আপনি যেমন তেমনি থাকুন। অত চেঁচিয়ে লাভ নেই। এই অবস্থা আপনারা তৈরী করেছেন। আর নিজেদের ব্যর্থতা এইভাবে ঢাকবার চেষ্টা করছেন। তাই আমি বলছি যে সেই ব্যর্থতা ঢাকতে গ্রামে যান, সেখানে মানুষের জন্য কিছু করুন। তবে হবে। সেইজন্যই আজকে আপনারা বিচ্ছিন্নতাবাদ তৈরী করেছেন। আপনারাই কোলোনিয়ালিজম তৈরী করেছেন। আপনারাই দায়ী। সেজন্য এই ধরণের রাজত্বে কি ধরণের বাজেট আশা করা যাবে? আপনারা সব এত ওঁজলা ফেলে গেছেন, সেই ওঁজলাকে সাফ করা যায় না। তাকে আগুন দিয়ে পুড়িয়ে তবে সাফ করতে হয়। সেজন্যই আমরা আজকে ঝাঁটা আর কোদাল দিয়ে তাকে সাফ করছি। এত ওঁজলা থাকলে এই কাঠামোতে বাজেট এর চেয়ে ভাল হবে? যেখানে বেকারীর সংখ্যা বেড়েই

চলেছে, লোকে খেতে পায় না, ছেলেরা পড়তে পায় না, মূর্খের সংখ্যা এত, বেকারীর সংখ্যা এত, গরীব মানুষ অন্নহীনের দল এত কোথা থেকে ভাল হবে? এ যেন সেই রোদে বসে পিঠে খাব রাত্তির বেলায়। উনি রাত্রে রোদে বসে পিঠে খাবেন। এ কি আবদার নাকি? বাজেট ভাল করতে হবে। সে রকম ভাল বাজেট হলে তোমরা আসতে পারতে না। তোমরা আসবে কি করে? কাজেই এই যে বাজেট এটা গরীব মানুষের ভাল করার চেষ্টার বাজেট। গরীব মানুষের ভাল আমরা করতে চাই, বাজেটে কি লেখা আছে সেইসব চেষ্টার কথাই লেখা আছে। সেজন্য আমি বলছি যে কেন্দ্রের কাছ থেকে আরও ক্ষমতা চাই। কারণ আমি মনে করি যে যদি ক্ষমতা না পাওয়া যায়, টাকা না পাওয়া যায় কাজ করা যায় না। সেজন্য আমরা ক্ষমতা চাই, কেন্দ্রকে ভাঙ্গতে চাই না। আমরা, এই বামফ্রন্ট সরকারে যারা আছি তারা আপনাদের চেয়ে দেশকে বেশী ভালবাসি। সেজন্যই তো আমরা কেন্দ্রকে দুর্বল করতে চাই না। কিন্তু থামগুলো যদি নড়বড়ে হয় ছাতটা টিকবে কি করে? এটা কি ন্যাকামি। ছাত যাতে পড়ে না যায় সেজন্য থামগুলোকে মানে প্রত্যেকটি প্রদেশকে শক্ত করতে হবে। আমাদের প্রয়োজন মত টাকা আমাদের দিলে এর চেয়ে ভাল বাজেট করব। যেদিন কেন্দ্র আমাদের পুরো ক্ষমতা দেবে তাতে বাজেট অনেক ভাল হবে, মূখরোচক হবে। তাতে গরীব মানুষের উপকার হবে। সেজন্য এই বাজেটকে পুরোপুরি সমর্থন করছি। কারন এই কাঠামোতে এর চেয়ে ভাল বাজেট হয় না। এই ঘুণধরা কাঠামোটা তাই আমরা পাল্টাবার চেষ্টা করছি। আপনারা ঘুণ ধরাতে এসেছেন, সেজন্য কেন্দ্র এবং রাজ্য থেকে আপনাদের অপসারণ চাই। কারন ঘুণধরা কাঠামোতে এর চেয়ে ভাল বাজেট করা যায় না। এই কথা বলে এই বাজেট কে পুরোপুরি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন। আমি ওনাকে জানি, আমি ওনার পাশের এলাকা থেকে জিতে এসেছি। ওখানে ওনার পরিচয় 'প্রভু' বলে। প্রভুর সাধারণতঃ অনেক ভৃত্য থাকে, ভৃত্যরা প্রভুর বক্তব্য শোনে। কিন্তু এখানে এই জনগণের আশ্রয়ে প্রভুর ভৃত্যরা আসতে পারে না। উনি ওনার এক ভৃত্যকে আমার সঙ্গে প্রতিযোগিতা করিয়ে ব্যর্থ হয়েছেন। তাই ওনার বক্তব্য শোনার কেউ নেই। আমিও শুনিনি, কেননা তার মধ্যে সারবস্তু কিছুই নেই। যাইহোক আমরা এই বাজেট ডিসকাসনে অংশ গ্রহণ করেছি পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী, ডঃ অশোক মিত্র, যিনি নিজেকে একজন বিশিষ্ট অর্থনীতিবিদ হিসাবে জাহির করেন, নিজেকে কমিউনিষ্ট বলে গর্ব বোধ করেন, সেই সংগে নিজেকে ভদ্রলোক বলে স্বীকার করেন না, তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে বিরোধী দলের সদস্য হিসাবে যে বিরোধিতা করছি তা নয়, কারণ সেই বাজেট পুরোপুরি বন্ধ্যা। অন্তঃসারশূন্য, এবং পশ্চিমবঙ্গের অর্থনীতির বিকাশের পথে এক বিরাট বাধা স্বরূপ হয়ে আছে। আজকে পশ্চিম-বঙ্গের অর্থনৈতিক অবস্থা পুরোপুরি নৈরাশ্য ব্যঞ্জক। একদা সমৃদ্ধ পশ্চিমবঙ্গ আজকে পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিতা তথাকথিত সমাজবাদের হাতে পড়ে দেউলিয়া হয়ে গেছে। আমরা বললে হয়ত

সরকার পক্ষের সদস্যরা বাধা দিয়ে উঠবেন, আমি জানি অনেকে শিক্ষকতা করেন, এ. বি. টি. এ.-র সঙ্গে অনেক শিক্ষক জড়িত আছেন।

কিন্তু আজকে সেই শিক্ষকরা বলছেন যে সত্যিই রাজ্যসরকার দেউলিয়া হয়ে গেছে। সত্যিই তো, যাঁরা মাষ্টারদের পকেট কেটে তাঁদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা তুলে খরচ চালাতে সঙ্কোচ বোধ করেনা—সেই সরকারকে দেউলিয়া সরকার ছাড়া কি বলবেন? প্রভিডেন্ট ফাণ্ডের টাকা রাজ্য সরকার নিয়ে নিলেন তাঁদের খরচ চালাবার জন্য। আমি জানিনা অর্থমন্ত্রী মহাশয় প্রভিডেন্ট ফাণ্ড থেকে লোন নিয়ে মেয়ের বিয়ে দেবেন কি না, অথবা আত্মীয়-স্বজনের চিকিৎসা করাতে হবে কিনা। তবে আমি নিজে শিক্ষকতার সঙ্গে জড়িত। আমি জানি অনেক মাষ্টারমশাইকেই প্রভিডেন্ট ফাণ্ড থেকে লোন তুলে চিকিৎসা ইত্যাদি করাতে হয়। হয়তো আমার বাড়ীর কারো অসুখ হয়েছে, সেই অবস্থায় হেড্‌মাষ্টার মহাশয়ের কাছে সকাল ১১ টায় চিঠি দিলাম। তার উপরে সেক্রেটারীর সই হয়ে বিকেল ৪টার মধ্যেই লোনের টাকা পেয়ে যেতাম। কিন্তু সেই প্রভিডেন্ট ফাণ্ডের টাকা সরকার নিয়ে নিলেন। এই অবস্থায় সেই সমস্ত শিক্ষকদের বাড়ীর কারো চিকিৎসা বা মেয়ের বিয়ের জন্য যখন তাঁরা টাকা তুলতে যাবেন, টাকা পাবেন কি? এদিকটা চিন্তা করেছেন কি? অর্থমন্ত্রী মহাশয় সেদিকটা চিন্তা করলেন না, আইন করে তাঁদের সেই সুযোগ আজ কেড়ে নেওয়া হোল। আজ যদি বেসরকারী সংস্থাগুলো তাদের শ্রমিক-কর্মচারীদের ঐ টাকা এইভাবে ব্যবসার কাজে লাগাতো, তাহলে ভারত সরকার আইন করে তা বন্ধ করতেন। আমরা জানি বহু শিক্ষক প্রভিডেন্ট ফাণ্ডের টাকা ব্যাঙ্কে ফিক্সড্ ডিপোজিট্ করে, রেকারিং ডিপোজিট করে কিছু টাকা ইণ্টারেষ্ট পেতেন। কিন্তু রাজ্য সরকার আজ তাঁদের সেই টাকা নিয়ে নেবার ব্যবস্থা করলেন। সেই কারণেই এই সরকারকে দেউলিয়া সরকার বলছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত ব্যাপারেই ওঁরা কেন্দ্রীয় সরকারের দোষ দেন। স্কুলে পড়ার সময় রবীন্দ্রনাথের একটি কবিতায় পড়েছিলাম—'যা কিছু হারায় গিন্নী বলে কেষ্টা বেটাই চোর'। এখানেও মাননীয় অর্থমন্ত্রী সব সময় কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে বলেন যে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না, সব ব্যাপারেই কেন্দ্রীয় সরকারের দোষ। আজ যাঁরা কেন্দ্রীয় সরকারে আছেন তাঁরা বিভিন্ন রাজ্য থেকে নির্বাচিত হয়েই এসেছেন এবং জনগণের রায়েই নির্বাচিত হয়েছেন। আপনারা আজ যদি ৪।৫ কোটি জনসাধারণের প্রতিনিধি হয়ে থাকেন, তাহলে কেন্দ্রীয় সরকারও তো ৭০ কোটি মানুষের প্রতিনিধি! জনস্বার্থের কথা চিন্তা করে তাকে বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যবস্থা নিতে হয়। প্রত্যেকটি রাজ্যকেই সমান চোখে দেখতে হয় এবং আমরা দেখতে পাচ্ছি—এই দৃষ্টিভঙ্গী নিয়েই ভারত সরকার আজ চলছেন। কিন্তু আজকে পশ্চিমবাংলার অর্থনীতিকে এমন এক পর্যায়ে এনে দাঁড় করিয়েছেন, যার ফলে সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল হয়ে

পড়েছেন আপনারা। আজকে কেন্দ্রীয় সরকার যদি উদারতা না দেখান তাহলে রাজ্য সরকারী কর্মচারীদের বেতন ও দিতে পারতেন না আপনারা। আমি জানি মাননীয় অর্থমন্ত্রীর কিছু করবার নেই এবং সেইজন্যই উনি বলেন কেন্দ্রীয় সরকারই সবকিছুর জন্য দায়ী। আপনারা যা বলেন সেটা হাস্যকর বলেই আমি মনে করি। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশন সারা ভারতের ২২টি রাজ্যে মোট ৪৭,২০৪ কোটি টাকা যোজনা বরাদ্দ ঠিক করেছেন। এর মধ্যে পশ্চিমবাংলার জন্য বরাদ্দ হয়েছে ৩,৫০০ কোটি টাকা। কিন্তু প্রকৃত ঘটনা কি? এই বরাদ্দের ব্যাপারে মাত্র ৪টি রাজ্য পশ্চিমবাংলার চেয়ে এগিয়ে আছে। তবুও পশ্চিমবাংলার অর্থমন্ত্রী বলবেন ভারত সরকার সব ক্ষেত্রেই আমাদের সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করছেন! আজ যে বাজেট উনি পেশ করেছেন—আমরা ভেবেছিলাম আপনারা কম্যুনিষ্ট পার্টির লোক—হয়তো এর মধ্যে সমাজতান্ত্রিক চিন্তা-ভাবনার কথা বলবেন, যদিও তা কার্যকরী করবার কথা বলবেন না। কিন্তু বাজেটের মধ্যে কোথাও সমাজতান্ত্রিক চিন্তা-ভাবনা দেখতে পেলাম না। উল্টে দেখলাম গরীব মানুষের উপর ট্যাক্স চাপাবার চেষ্টা করলেন। অশোক মিত্র মহাশয় জনগণের 'মিত্র' হবেন ভেবেছিলাম। কিন্তু দেখা যাচ্ছে উনি তা নন, তিনি জনগণের উপর 'কর' চাপাচ্ছেন। কাজেই তাঁকে অশোক মিত্র না বলে অশোক কর বললে ভাল হোত।

[3-00—3-10 P.M.]

যাই হোক উনি বাজেটের যে সমস্ত বই দিয়েছেন, আমাদের যে সমস্ত ইকনমিক রিভিউ-এর বই দেওয়া হয়েছে সেখান থেকে কিছু হিসাব এর আগে মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব বলেছেন। তবে ভাবতে অবাক লাগে যে যখন নূতন করে ৭৫ কোটি টাকা ট্যাক্স বসানো হচ্ছে সেই ৭৫ কোটি টাকা দেওয়া হচ্ছে কোথায়? শুধু স্টেট ট্রান্সপোর্টে লোন বাবদ ৭৩ কোটি টাকা দেওয়া হচ্ছে। একটুও লজ্জা করে না অর্থমন্ত্রীর? এই স্টেট ট্রান্সপোর্টে নিজেদের দলের এম. এল. এ-কে চেয়ারম্যান করার জন্যে এই বিধানসভায় আইন পাল্টাতে হলো। তাঁকে আপনারা চেয়ারম্যান করলেন চুরি বন্ধ করার জন্য। কংগ্রেস আমলে নাকি সব চুরি হয়ে যেত, অফিসাররা নাকি সব চুরি করে নিতেন। অতএব নিজের দলের এম. এল. এ-কে সেখানে চেয়ারম্যান করে দাও। চেয়ারম্যান করা হলো, তার জন্য আইন পাল্টাতে হলো। তারপর আবার ভাড়া বাড়িয়ে দিলেন। এক পয়সা ভাড়া বাড়াবার জন্য বিধান রায়কে—ভিয়েনায় তিনি চোখ চিকিৎসা করার জন্য গিয়েছিলেন—বিনা চিকিৎসায় তাকে ফিরে আসতে হয়েছিল। কারণ সারা পশ্চিমবাংলায় আপনারা এমন আগুন জালিয়ে ছিলেন। কিন্তু আপনাদের সরকারের তরফ থেকে বাসের ভাড়া বাড়িয়ে দিলেন এবং ভাড়া বাড়িয়ে দেবার পর সেই সি. এস. টি. সি-তে দিতে হচ্ছে ৭৩ কোটি টাকা। এই সব কথা ভাবতে অবাক লাগে। সরকারী প্রতিটি সংস্থাতে ১০৬ কোটি টাকা লোন দিতে

হচ্ছে। আজকে কি এর জন্য ইন্দিরা গান্ধি দায়ী? এখানে তো আর চেয়ারম্যান হিসাবে জয়নাল সাহেব নেই, এখনো তো আর চেয়ারম্যান হিসাবে জয়নাল সাহেব নেই, এখানে তো খোদ একজন কমরেড শ্যামল চক্রবর্ত্তীকে বসিয়ে দিয়েছেন। আজকে সেখানে জনগনের টাকা নিয়ে তছরুপ করা হচ্ছে। আজকে তার কৈফিয়ত অশোক মিত্র মহাশয় দিন। আমি জানি এর উত্তর উনি দিতে পারবেন না। প্রতিটি ক্ষেত্রে আজকে এই রকম অবস্থা চলছে। সরকার রাজস্ব আদায় করতে পারছে না, তার জন্য ইন্দিরা গান্ধিকে দায়ী করছেন। গত আর্থিক বছরে রাজস্ব যা আদায় করার কথা ছিল তার থেকে ৪৫ কোটি টাকা রাজস্ব কম আদায় হলো। বলুন না এর জন্য কে দায়ী? আপনারা সব সময় একটা আঙ্গুল দেখিয়ে রেখে দিয়েছেন ঐ ইন্দিরা গান্ধির দিকে। জানি ইন্দিরা গান্ধির সামনে গিয়ে আপনারা উল্টো কথা বলেন। ইন্দিরা গান্ধির সামনে যে কথাগুলো বলেন সেইগুলো এই হাউসে কোন দিন বলেন না। সেখানে কড়োজড়ে ক্ষমা চেয়ে বলেন ম্যাডাম আমরা ভুল করেছি, তুমি আমাদের ক্ষমা করো। আমাদের কিছু অর্থনৈতিক সাহায্য করো। এই সব আমরা জানি। আজকে সত্যি কথা বললে কমরেডদের রাগ হবে জানি। ওনারা নিজেদের গরীব মানুষের প্রতিনিধি বলেন! হঠাৎ শেষকালে রামবাবুর মুখ থেকে গরীব মানুষের কথা শুনলাম। ভাবতে অবাক লাগে যখন ওনারা গরীব মানুষের কথা বলেন। আপনাদের মুখ্যমন্ত্রীর ছেলে কান্নার রোল তুললে তাকে বিস্কুটের কারখানা তৈরী করে দেওয়া যায়। সে আবদার করলে তাকে বিস্কুটের ফ্যাকটারি করে দেওয়া যায়। পাড়া গাঁয়ের লোক যারা তাদের ছেলেরা যদি কান্নার রোল তোলে তাহলে সেই ছেলেকে বাজার থেকে একটা চকলেট কিনে দিয়ে সান্তনা দেয়। কারণ বিস্কুট কারখানা করে দেবার তো ক্ষমতা নেই। গ্রামাঞ্চলে সাধারন মানুষের সেই ক্ষমতা নেই। সেই জন্য তাকে একটা চকলেট কিনে দিয়ে সান্তনা দেয়। সেটা গরীব মানুষ যাতে না পারে সেই জন্য চকলেটের উপর ট্যাক্স বসিয়ে দিলেন, গুঁড়ো দুধের উপর ট্যাক্স বসিয়ে দিলেন। জুতো পালিশের উপর ট্যাক্স বসিয়ে দিলেন। আমরা অনেকে ট্রেনে যাতায়াত করি। কয়েক দিন আগে একজন ছেলে বলছিল—সে জুতো পালিশ করে—আমি এই জুতো পালিশ করে আমার যে ভাই আছে তাকে পড়াই। আমি তো পড়াশোনা করতে পারিনি, তাই তাকে পড়াই। আমি জুতো পালিশ করে যে পয়সা রোজগার করি তার থেকে ভাইকে পড়াই এবং মায়ের হাতে কিছু দিই, তার থেকে মা আমাদের কিছু খাবার করে দেয়। সেই ছেলেটাও এই ট্যাক্সের হাত থেকে রেহাই পেল না। সেভিং সেটের উপর ট্যাক্স বাড়িয়ে দিলেন। বুঝতে পারছি না আমাদের অর্থমন্ত্রী কি সমাজতন্ত্র আনতে চাইছেন। এই সমস্ত জিনিষের দাম বাড়িয়ে দিলেন। প্রতিটি ক্ষেত্রে আমরা জানি সরকারের ব্যর্থতা যখন প্রকাশ পায় তখন সেই ব্যর্থতা ঢাকবার জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দোষারোপ করা ছাড়া ওঁদের আর কোন পথ নেই। আমরা এই ধরনের আজব রাজ্যে রাস করছি। সব ব্যাপারে মনে হয় পশ্চিমবাংলা ইতিহাস সৃষ্টি করবে। শিক্ষা সম্বন্ধে এডুকেশান বাজেটে বলা যাবে। তবুও বলে রাখি ওনারা শিক্ষার ক্ষেত্রে অবস্থাটা কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন?

মাষ্টার মহাশয়দের মাইনে আপনারা বাড়িয়েছেন। আমরাও জানি, মাষ্টার মহাশয়দের মাইনে বাড়িয়েছেন। কিন্তু শুধু মাইনে বাড়ালেই কি শিক্ষার উন্নতি হয়ে যায়? এরপরে কি হয়েছে একবারও তো দেখছেন না? স্কুলে স্কুলে ছাত্রদের পড়াশোনার একেবারে বারোটা বাজিয়ে দিয়েছেন। খুব বেশীদিন হয়নি আমি স্কুল জীবন শেষ করেছি। ক্লাস ওয়ানেই আমি ভর্ত্তি হয়েছিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিও তো এক সময়ে স্কুলের ছাত্র ছিলেন, বলুন তো, তখন স্কুলে যে অবস্থা ছিল, এখন তা আছে কিনা? এখন স্কুলের ষ্টাণ্ডার্ড অনেক নীচে নেমে গেছে। এখন একজন ছাত্রকে ক্লাস সিকস থেকে এ, বি, সি, ডি শিখতে হচ্ছে। আমরা যখন ছাত্র ছিলাম, তখন ক্লাস ওয়ান থেকেই অ, আ; ক, খ শিখতে হত, তখন থেকেই এ, বি, সি, ডি শিখতে হ'ত। শিক্ষার ক্ষেত্রে ক্লাস ওয়ান থেকে ফোর পর্যন্ত ডিটেনশান প্রথা তুলে দিয়েছেন, পরীক্ষাতে ফেল করেও অনায়াসে একজন ছাত্র ক্লাস ফোরে পড়েছে। তারপর যখন ক্লাস ফাইভে ভর্তি হতে যাচ্ছে, তখন ভর্তি হওয়ার সুযোগ সে পাচ্ছে না। মার্কসবাদ কি এইভাবে শিক্ষার কথা বলে? আপনারা বলছেন, শিক্ষার মূল্যায়ন করতে হবে। আমাদের এর আগে কান্তিবাবু শিক্ষার মূল্যায়ন করার কথা বলেছেন। একজন ছাত্র ক্লাস ওয়ানে ভর্ত্তি হওয়ার পর সে সারা বছর স্কুলে গেল কি গেল না, তা দেখার প্রয়োজন আপনারা বোধ করছেন না, তাকে বছরের শেষে উঁচু ক্লাসে তুলে দেওয়ার ব্যবস্থা করেছেন। শিক্ষার অগ্রগতি সম্পর্কে আপনারা ব্যবস্থা নিচ্ছেন। এডুকেশনের হার আপনারা এইভাবে বাড়াতে চাইছেন। কিন্তু একবারও ভেবে দেখার প্রয়োজন বোধ করছেন না যে. ছাত্র এ থেকে কি শিক্ষা লাভ করছে? শিক্ষা ব্যবস্থাকে এইভাবে আপনারা নামিয়ে এনেছেন। ক্লাস ওয়ান থেকে ফোর পর্যন্ত পড়ার পর ছাত্রটি যখন ক্লাস ফাইভে ভর্তি হতে স্কুলে যায়, তখন দেখা যায় সে ভর্ত্তির সুযোগ পায় না। ভর্ত্তি হবে কোথায়? এই রেটে ক্লাস ফাইভে ভর্তি হতে চাইলে তারজন্য তো জায়গা চাই। রাইটার্সের ঠাণ্ডা ঘরে বসে ব্যবস্থা নিলে তো ছাত্র ভর্ত্তির ব্যবস্থা করে দেওয়া যায় না। ছাত্র পড়াতে গেলে তারজন্য চাই শিক্ষক। দলের লোকেদের চাকুরী দেবার জন্য প্রাইমারী স্কুল আপনারা খুলেছেন, বহু লোককে সেখানে এ্যাপয়েণ্টমেণ্টও দিয়েছেন। মাষ্টার মহাশয়দের মাইনে আপনারা দিচ্ছেন, কোন ক্ষতি নেই। কিন্তু শেস কালে যাদের জন্য মাইনে দিচ্ছেন, তাদের অবস্থার কথা একবার চিন্তা করে দেখুন। শিক্ষা ঠিকমত চলছে কিনা সেটা একবার দেখুন। শিক্ষাক্ষেত্রে আপনারা ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার কথা আমরা জানি, আপনারা কখনই স্বীকার করবেন না। সব ক্ষেত্রেই ঢাকা দেবার চেষ্টা করবেন। ইতিহাসের পাঠ্যপুস্তকে আমরা কি দেখলাম? ইতিহাসের পাঠ্য পুস্তকে আমরা দেখলাম ক্লাস সিক্স এবং সেভেনে বিশ্বের ইতিহাস পড়াবার ব্যবস্থা করেছেন। আমরা দেখলাম এর বিরুদ্ধে কোর্টে কেস পর্যন্ত হয়েছে। সুপ্রিম কোর্টেও মামলা চলছে। এর কারণ কি? কারণ হচ্ছে, ছেলেদের বেশী বেশী করে বিশ্বের ইতিহাস পড়াবার ব্যবস্থা করেছেন। রাজ্যের ইতিহাস বা ভারতবর্ষের ইতিহাস তারা বেশী করে শিখতে পারবে না।

ছাত্ররা মাও-সে-তুঙ' এর কথা বেশী করে শিখবে, কিন্তু গান্ধীজীর কথা জানবে না এই ব্যবস্থা আপনারা রেখেছেন। প্রত্যেকটি ক্ষেত্রেই আপনারা ব্যর্থ, একথা স্বীকার করবেন না। রাজ্য সরকার বলছেন, তাঁরা অনেক কিছুতেই উন্নতি ঘটিয়েছেন। খাদ্যশস্যের ফলন রেকর্ড পরিমাণ করেছেন। শিল্পের ক্ষেত্রে প্রভূত অগ্রগতি ঘটিয়েছেন। মাননীয় হৃষিকেশ বাবু বলেছেন মনোপলি বুর্জোয়ার কথা। আমার লেখাপড়া বা জ্ঞান কম। তবে মনোপলি বুর্জোয়া বলে কোন শব্দ আমি পাইনি। উনি এ ল্যাংগোয়েজ কোথায় পেয়েছেন তা জানি না। জানলে উত্তর দিতে পারতাম। শিল্পের অগ্রগতি সম্পর্কে অনেক কথা বলেছেন। এই প্রসঙ্গে আমাদের একজন মাননীয় সদস্যের আন্-স্টারড প্রশ্নের উত্তরে (১৩ই মার্চ, ১৯৮৪) মাননীয় শিল্পমন্ত্রী উত্তর দিয়েছেন During the period between 1972 to 1977, 373 Letters of Intent and 383 Industrial licences were granted এটা হচ্ছে ৭২-৭৭ সাল পর্যন্ত। During the Corresponing period between 1978 to 1983 only 245 Letters of Intent and 216 Industrial licences were granted to West Bengal. এরপরেও বলবেন শিল্পে অগ্রগতি হয়েছে? এরপরেও কি বলবেন কংগ্রেসীরা কিছু করেনি? আপনারাই তো এখানে লিখিত উত্তরে একথা জানিয়েছেন। হাওড়াকে শিল্প উপনগরী হিসাবে আমরা জানি। এক সময়ে এই জেলাকে বলা হ'ত বার্মিংহাম। সেখানে শিল্পের আজ কি অবস্থা আমরা দেখতে পাচ্ছি? বিদ্যুতের উৎপাদনকে আজ কোথায় নিয়ে এসেছেন আপনারা? সারা পশ্চিমবাংলায় আজ বিদ্যুতের হাহাকার দেখা দিয়েছে। চটকল এখন ধর্মঘটের আওতায়, বিদ্যুৎ সেখানে ব্যবহৃত হচ্ছে না। তা সত্ত্বেও গৃহস্থ বাড়ীতে বিদ্যুতের যোগান দিতে পারছেন না। সব জায়গাতেই চলছে লোডশেডিং। প্রথম তিন, চার বছর মানুষের কাছে বলেছেন, এরজন্য আগের সরকার দায়ী। তারা কিছু করেনি, সমস্ত কিছু নষ্ট করে রেখে গেছে। কোলাঘাট' এর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করা হয়নি বলে কংগ্রেস সরকারকে দোষ দিয়েগেছেন। জ্যোতিবাবু অবশ্য পরে বলেছেন, না, এরজন্য দায়ী আমাদের সরকারী কর্মচারীর গাফিলতি। এরজন্যই আমাদের লোকসানের মাত্রা বেড়েছে। শিল্পের অবনতির জন্য আপনারা ঠিকভাবে উত্তর দিতে পারছেন না। বিদ্যুৎ সংকট আজ রাজ্য সরকারের আয়ত্বের বাইরে চলে গেছে। কল-কারখানায় আজ ধর্মঘট চলছে, কোথাও মীমাংসা হতে দেখা যাচ্ছে না। শ্রমিকরা আজ চরম অবস্থার সম্মুখীন। একদিন আপনারা শ্রমিকদের সাথে ধর্মঘটের সামিল হয়ে লড়াই করেছেন, তারাই আপনাদের মন্ত্রীত্বে বসিয়েছেন। আজ সেই সব শ্রমিকদের আপনারা ভুলে গেছেন। কারখানার শ্রমিকরা আজ লড়াইয়ে মালিকদের কাছে পরাস্ত হচ্ছে, অথচ আপনারা তাদের পাশে থাকতে পারছেন না। আমরা জানি, সরকারী ক্ষমতায় থাকলে এই রকম হয়। আপনাদেরও তাই হয়েছে। মার্কসবাদ এই ব্যাপারে কি বলে? আপনাদের সেই আগের বিপ্লবের কথা কোথায় গেল? কংগ্রেসীরা শিল্পের বা রাজ্যে স্টেডিয়াম নির্মাণের জন্য কিছু করেনি বলে বলেছেন। কিন্তু আপনারা আজ কি করছেন? ঠাণ্ডা ঘরে থেকে বিপ্লবের সব বাণী ভুলে যেতে বসেছেন। গ্রামাঞ্চলের গরীব মানুষ আপনাদের নির্বাচনে জয়ী করেছেন, তাদের কথা এখন ভুলে গেছেন।

তাদের আর্থিক অবস্থার কথা একবারও ভাবতে চাইছেন না। শুধু বারবার ভাঙা রেকর্ড বাজিয়ে চলেছেন কেন্দ্র দায়ী. কেন্দ্র দায়ী।

[3-10—3-45 P. M. including adjournment]

আমরা দেখেছি কিছুদিন আগে পূর্ত মন্ত্রী মহাশয় উত্তর দিচ্ছেন টাকা নেই, কিছু করতে পারব না। তাহলে টাকাগুলি যাচ্ছে কোথায়? আপনি বলুন পি ডবলু ডি থেকে কত মাইল নতুন রাস্তা তৈরী হয়েছে? আমার জেলায় তো এক মাইলও নতুন রাস্তা তৈরী হয়নি। আপনারা ৭ বছর ক্ষমতায় রয়েছেন, এই ৭ বছরে একটাও নতুন রাস্তা তৈরী করতে পারলেন না। বরং কংগ্রেস সরকার যে রাস্তা তৈরী করে গিয়েছিলেন সেই রাস্তা মেন্টেন পর্যন্ত আপনারা করতে পারছেন না। আমি ৩৪ নং জাতীয় সড়কে গিয়েছিলাম, সেখানে দেখেছি রাস্তার এমন অবস্থা যে লরী যেতে পারছে না। সেখানে পিচের বদলে বাঁকুড়া থেকে লাল মাটি এনে বিছিয়ে দেওয়া হচ্ছে। আমরা যা করেছিলাম সেগুলি আপনারা যদি মেননেট করতে পারতেন তাহলে আজকে এই অবস্থা হত না। প্রতিটি ক্ষেত্রে আপনারা ব্যর্থ হয়েছেন। আমরা ছাত্র অবস্থায় শুনেছিলাম যে পুলিশ খাতে খরচ কমাতে হবে, শিক্ষা খাতে ব্যয় বাড়াতে হবে। কিন্তু পুলিশ বাজেট আমাদের চেয়ে অনেক বেশী বাড়িয়েছে। অথচ আজকে আইন-শৃঙ্খলা পরিস্থিতি কোথায় এসে দাঁড়িয়েছে দেখুন—কালকে যে ঘটনা ঘটল তাতে একজন ডি সি-কে পর্যন্ত খুন করা হয়েছে। এই অবস্থা সারা পশ্চিমবঙ্গে চলছে। প্রত্যেকটি জায়গায় এই রকম একটা অরাজক অবস্থা চলছে মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় কিছুদিন আগে কত খুন হয়েছে তার উত্তর দিয়েছেন। অথচ পুলিশ বাজেটে আমরা প্রচুর টাকা দিয়ে যাচ্ছি। তারপর কংগ্রেস আমলে দুর্নীতি যেগুলি হয়েছে সি পি এম'র আমলে তার চেয়ে অনেক বেশী দুর্নীতি হয়েছে। কংগ্রেস আমলে মন্ত্রীর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ এলে তাঁর বিরুদ্ধে ওয়াংচু কমিশন করা হয় কিন্তু আপনাদের মন্ত্রীর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ এলে আপনারা সেই অভিযোগের তদন্ত করেন না। আমরা জানি এইসব ব্যর্থতা আপনারা স্বীকার করবেন না। শ্রীমতী ইন্দিরা গান্ধী আই আর ডি পি এবং এন আর ই পি প্রোগ্রামে কোটি কোটি টাকা দিয়েছেন, আপনারা সেখানে কি কাজ করেছেন। এই স্কীমের মাধ্যমে প্রতি ব্লকে ৬ শো জন লোকের খাবারের ব্যবস্থা হবে, আই আর ডি পি স্কীমের মাধ্যমে তাদের কাজ দেওয়ার ব্যবস্থা হবে, আপনারা সেই টাকা আত্মসাৎ করলেন। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরীব মানুষের কাছে ক্ষমতা বিলিয়ে দিয়েছেন, কিন্তু জিজ্ঞাসা করতে পারি কি গ্রাম পঞ্চায়েতের কোন প্রোগ্রামের মধ্যে ষ্টেট গভর্ণমেণ্টের কোন প্রোগ্রাম আছে কিনা? সমস্ত সেনট্রাল গভর্ণমেণ্ট প্রোগ্রাম। আমার জেলায় এন আর ই পি প্রোগ্রাম বন্ধ হয়ে গেছে, কারণ, আপনারা টাকার হিসাব দিতে পারছেন। ইন্দিরা গান্ধী যে কোটি কোটি টাকা দিয়েছেন সেই টাকা আপনারা

তছরূপ করেছেন। আপনারা পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের গরীব মানুষের কাছে ইন্দিরা গান্ধীর দেওয়া কোটি কোটি টাকা পৌঁছে দিতে পারলেন না। সেই টাকা যদি মানুষের কাছে পৌঁছে দিতে পারতেন তাহলে গ্রামবাংলার প্রচুর উন্নতি হত। আমাদের দুর্ভাগ্য যে পশ্চিমবঙ্গে এমন একজন অর্থমন্ত্রী এসেছেন যিনি পশ্চিমবঙ্গের গরীব মেহনতী মানুষের দুঃখ কষ্টের কথা বোঝেন না, গ্রামের গরীব মানুষের দুঃখ দুর্দশা কি করে দূর করতে হয় সেই কথা চিন্তা করেন না। তিনি জনগণ কর্তৃক পরিত্যক্ত হলে ওয়েষ্টার্ণ কাট্রিতে চলে যাবেন কিন্তু আমাদের এই দেশে থাকতে হবে, আমাদের এই দেশের কথা চিন্তা করতে হবে। সেজন্য আমরা তাঁর এই বাজেটের বিরোধিতা করছি!

(At the stage the House was adjourned till 3·45 p. m.)

[3-45—3-55 P. M.]

(After adjournment)

Financial

Presentation of Supplementary Estimates for the year 1983-84.

Dr. Ashok Mitra : Sir, I beg to present the Supplementary Estimates for the year 1983-84.

Mr. Speaker : The notices of Cut Motions on the Supplementary Estimates for the year 1983-84 will be received in this Secretariat upto 2 P. M. on the 22nd March, 1984.

শ্রীসরল দেব ঃ মিঃ স্পীকার স্যার, আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলতে চাই। বিগত দু দিন ধরে বিরোধী দলনেতাদের বক্তৃতা গভীর মনোযোগসহকারে শুনলাম। সবচেয়ে দুর্ভাগ্যের কথা এস. ইউ. সি. দলের বক্তৃতা, যারা আন্তর্জাতিকতাবাদে, মার্কসবাদে বিশ্বাস করেন। তারা কি করে ভাবলেন যে পশ্চিমবাংলার আলাদা একটা সমাজতান্ত্রিক বাজেট পেশ করতে পারে? বিশ্ব পুঁজিবাদীর সাথে ভারতবর্ষের অর্থনীতি গাধা বোটের মত জড়িয়ে আছে এবং তা থেকে পশ্চিম-

বাংলা কখনই রেহাই পেতে পারে না। আমি একটার পর একটা ঘটনা উল্লেখ করে বলতে চাই যে এই কিছুক্ষণ আগে মান্নান সাহেব বললেন কেন্দ্রীয় সরকার টাকার পর টাকা দিয়ে যাচ্ছেন আর আমরা তাদের উপর দোষারোপ করে যাচ্ছি। কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন ঠিকই—কিন্তু কিভাবে? আমি সে সম্বন্ধে পরে আসছি। গত ১৯৮২-৮৩ সালে প্রচণ্ড খরা হয়েছে—কিন্তু তা সত্ত্বেও এখানে ৫৮ লক্ষ মেট্রিক টন খাদ্য উৎপাদন হয়েছে, ১৯৮৩-৮৪ সালে ৮৫ লক্ষ মেট্রিক টন খাদ্য উৎপাদন হয়েছে, ১৯৮৩-৮৪ সালে ৮৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য হয়েছে। এর পরেও ওঁরা বলছেন পশ্চিমবাংলা গোল্লায় গেল। তার পর ওঁরা বলছেন যে এখানে রাজ্য চলছে কেন্দ্রীয় সরকারের অনুদানে। আর কেন্দ্রীয় সরকারের অনুদানেই তো পশ্চিমবাংলা চলছে। আপনারা দেখুন ষষ্ঠ যোজনা খাতে মাথাপিছু গুজরাট পেয়েছে ৫৬ টাকা, হরিয়ানা পেয়েছে ৪৬ টাকা সেখানে পশ্চিমবাংলা পেয়েছে মাত্র ৩২ টাকা। এই সব বললে ওঁরা বলবেন গালি দেওয়া হচ্ছে। ওঁরা বলছেন পশ্চিমবাংলায় ভরতুকি দেওয়া হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এখান থেকে ইনকাম ট্যাক্স, পণ্য শুল্ক, করপোরেসন ট্যাক্স ইত্যাদি সব নিয়ে ৬৯৩১ কোটি টাকা তুললেন।

আর রাজ্যগুলিকে কি দিলেন? ১ হাজার ৫৩৩·৭২ কোটি টাকা। তারপর বললেন ভরতুকি দেওয়া হচ্ছে। রিজার্ভ ব্যাংকের রিপোর্ট বলছে পশ্চিমবাংলায় শ্রমিক অশান্তির জন্য ২% ইউনিট বন্ধ আছে, অথচ ওরা বলছেন শ্রমিক অশান্তির জন্য পশ্চিমবাংলায় শিল্প বিকাশ ঘটছে না। সুতরাং ১৭৬২ কোটি টাকার ঘাটতি বাজেট করলেন। ওখানকার ঘাটতির জন্য কেন্দ্র নোট ছাপাতে পারে, কিন্তু রাজ্যের নোট ছাপাবার অধিকার নেই। বিগত ৩ বছরে কেন্দ্রীয় সরকার ১০ হাজার কোটি টাকার নোট ছাপিয়েছেন। এতে মুদ্রাস্ফীতি হবে না? এর জবাব কে দেবে, রাজ্য সরকার এর জবাব দেবে? এত টাকার নোট ছাপালেন—আর রাজ্যগুলির ওভারড্রাফট ইত্যাদি মিলিয়ে ২৫০০ কোটি টাকা হয়েছে। ১০ হাজার কোটি টাকার নোট ছাপালেন, এছাড়া কালো টাকার হিসাব বহির্ভূত—কেউ বলছেন ২০ হাজার কোটি, কেউ বলছেন ৫০ হাজার কোটি। ওরা ২৫ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ নিলেন। আই. এম. এফ. লোনের শেষ কিস্তি নিলেন না ও ওরা ফরেন ব্যাংক, প্রাইভেট ব্যাংক থেকে লোন নিলেন। ১৯৮৩-৮৪ সালের দিল্লী বাজেটে প্রণববাবু বলেছেন রেকর্ড প্রোডাকসান হয়েছে। কিন্তু পণ্য দ্রব্যের দাম হোলসেল প্রাইস ১০ শতাংশের উপর বেড়ে গেল। উৎপাদন বাড়ল, অথচ জিনিসের দাম কমছে না। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য। কেন্দ্র একটা পুঁজিবাদী অর্থনীতি অনুসরণ করবেন, আর আমরা একটা সুন্দর বাজেট পেশ করব, তা কেমন করে হয়? পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা সর্বাঙ্গসুন্দর একটা সমাজতান্ত্রিক বাজেট হয়েছে, এই কথা আমরা কখন বলিনি। আমি আগেই তথ্য দিয়ে বলেছি যেহেতু আন্তর্জাতিক পুঁজিবাদের সঙ্গে ভারতবর্ষের অর্থনীতি গাধা বোটের মত বাঁধা আছে, সেই

জন্য আমরাও এর সঙ্গে জড়িত আছি। সেই জন্য স্ফীতি ঘটছে। ২৫ হাজার কোটি টাকা বৈদেশিক ঋণ নিলেন, আই. এম. এফ. লোন নিলেন, তারপর দ্বিগুণ টাকা ফরেন ব্যাংক, প্রাইভেট ব্যাংকের কাছ থেকে নিলেন। রেকর্ড প্রোডাকসান করলেন, অথচ কনজিউমার প্রাইস দ্বিগুণ বেড়ে গেল। ২০ মিলিয়ন বেকার, যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছে। এছাড়া শহর, গ্রামের এমন বহু সংখ্যক বেকার আছে যারা নাম লেখায় নি। ওরা এই সব কথার ধারে কাছেও গেলেন না স্যার, আপনি জানেন শ্রীমতী গান্ধী ক্ষমতায় এসে বলেছিলেন আমরা মুদ্রা-স্ফীতি বন্ধ করব। জনতা সরকার গোটা ভারতবর্ষকে গোল্লায় দিয়ে গেছে। কিন্তু বিগত ৩ বছরে ওরা ১৫ হাজার কোটি টাকার ঘাটতি দেখিয়েছেন। মুদ্রাস্ফীতি হবে না? অশোকবাবু অর্থনীতিবিদ্ হোন, আর যাই হোন পুঁজিবাদী অর্থনীতির রথচক্রে যেখানে তারা নিষ্পেশিত হচ্ছেন সেখানে উনি কেমন করে পি. সি. সরকারের যাদু দেখাবেন? ওদেরই আশীর্বাদপুষ্ট টাটা কোম্পানীর টাকা বেড়েছে কত? ২ হাজার ৪৩০·৮০ কোটি টাকা হয়েছে। বিড়লার ২ হাজার ৪·৭৪ কোটি টাকা হয়েছে, নির্বাচনী তহবিলে এরা টাকা দেয়। জে. কে. সিংহানিয়ার ৬২০·৩১ কোটি, মফতলালের ৬১০·৬৯ কোটি টাকা, রিলায়েন্সের ৫২·৭৪ কোটি টাকা, থাপার ৪৬৪·৫৫ কোটি টাকা হয়েছে। এই সব পরিবারের টাকা ক্রমশঃ বেড়েই চলেছে। এই সব পরিবারের টাকার পরিমাণ স্বাধীনতার পূর্বে কত ছিল? কারো ৬০০ কোটি টাকা, কারো ৫০০ কোটি টাকা, কারো ৪৪৫ কোটি টাকা ছিল। স্বাধীনতার পরে এই অবস্থা দাঁড়িয়েছে। ওরা বলছেন রাজ্যসরকারের সমস্ত দায় দায়িত্ব—ওরা ৩ বছরে পরপর ৪ বার এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডারে পেট্রল, ডিজেলের দাম প্রাইস বাড়িয়েছেন, ট্রেনের ভাড়া বৃদ্ধি করেছেন। এগুলি হতে বাধ্য। তারপর ওরা বলছেন বিদ্যুৎ বিভ্রাটের জন্য পশ্চিমবঙ্গের শিল্প বিকাশ ঘটছে না। আমি ৭ বছরের হিসাব দিচ্ছি না, দু বছরের হিসাব দিচ্ছি যে এই সরকার ক্ষমতায় আসার পরে পশ্চিমবঙ্গের কি উন্নতি হয়েছে। বিগত ২ বছরে এখানে ১০৩টি মাঝারি শিল্প, ১ হাজার ৭৭৪টি কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপিত হয়েছে।

[3-55—4-05 P. M.]

মাদার ইনডাষ্ট্রিজ যেগুলি ডেভালপ করতে পারতো সেগুলি করলো না। দেশটা যে দলের থেকেও বড়, দুর্ভাগ্য আমাদের কংগ্রেসীরা তা বুঝলেন না। ঐ কংগ্রেসী বন্ধুরা যারা বারবার পশ্চিমবঙ্গের মানুষের কাছে যান তারা একবারও শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বললেন না যে সল্ট লেকে যে একশো একর জমি রাখা আছে ইলেকট্রনিকসের কারখানা করার জন্য তা করা হোক। হলদিয়াতে যে পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স করার কথা আমরা বারবার বলেছি সেটা এখনও হচ্ছে না। বারবার সেখানে কেন্দ্র বলছেন প্ল্যান এষ্টিমেট পাল্টাও। অরিজিন্যালি প্ল্যানটা ছিল ৪২৮ কোটি টাকার কিন্তু প্রাইস এসকালেসানের জন্য সেই প্ল্যানটা আজকে দাঁড়িয়েছে ৭০০

কোটি টাকায়। ওরা বলছেন, পশ্চিমবাংলা সীমান্ত রাজ্য, বাংলাদেশের সঙ্গে এর সীমান্ত রয়েছে অথচ আমরা জানি বাংলাদেশ আমাদের বন্ধু রাষ্ট্র। সেখানে গুজরাটের সঙ্গে পাকিস্থানের সীমান্ত থাকা সত্বেও সেখানে তা করা গেল অথচ আমাদের এখানে করা হল না। ১৯৭৮ সালের পর সেখানে দু দুটো পেট্রো কেমিক্যালস গড়ে উঠলো অথচ আমাদের এখানে হল না। হলদিয়া রিফাইনারির সম্প্রসারনের কথা বারবার আমরা বলেছি সেটা কিন্তু হল না অথচ মথুরা আমাদের অনেক পরে হলেও তা দ্বিগুন সম্প্রসারিত হল। দুর্ভাগ্য আমাদের কংগ্রেসী বন্ধুরা এসব কিছুই দেখতে পেলেন না। কথায় বলে যাদের জনডিস হয় তারা সব পরিষ্কার দেখতে পায় না। এক কান কাটা গ্রামের বাইরে দিয়ে যায় আর দু কান কাটা গ্রামের মাঝখান দিয়ে যায়। ওরা বললেন, এবারে প্রণব মুখার্জী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা নাকি যুগান্তকারী বাজেট। উনি ১৮০ কোটি টাকা ইনকাম ট্যাক্সে রেহাই দিয়েছেন। সেখানে সেই টাকার মধ্যে যে মাত্র ৫৬ কোটি টাকা চাকরিজীবীদের ক্ষেত্রে এবং বাকি টাকাটা ঐ টাটা, বিড়লা, সিংহানিয়া প্রমুখদের ক্ষেত্রে রেহাই দেওয়া হয়েছে সেকথা ওরা বললেন না। স্যার, এই যেখানে অবস্থা সেখানে এই ধনবাদী সমাজ ব্যবস্থার মধ্যে থেকেও পশ্চিমবাংলার লোকের মাথাপিছু আয় কিন্তু বেড়েছে। মাথাপিছু আয় যেখানে ছিল ৭১২ টাকা সেটা ১৯৮৩-৮৪ সালে তা হয়ে দাঁড়িয়েছে ৭৬১ টাকায়। বিদ্যুতের ব্যাপারে ওরা অনেক কথা বলেছেন, আমি বলি, ডাঃ বিধান চন্দ্র রায়ের মৃত্যুর পর ১৯৬৫ থেকে ১৯৭৫ বিদ্যুতের জন্য ওরা কিছুই করেন নি এবং তার জবাবদিহি আজও আমাদের করতে হচ্ছে। আমি কয়েকটি পরিসংখ্যান দিচ্ছি। ১৯৭০-৭১ সালে যেখানে আমাদের ইনসটল্ড ক্যাপাসিটি ছিল ১ হাজার ৫৩০ মেগাওয়াট এবং ১৯৭৬-৭৭ সালে ইন্দিরা গান্ধীর জরুরী অবস্থার সময় তিনি যখন বলেছিলেন কথা কম, কাজ বেশী তখন যেটা হয়েছিল ১ হাজার ৬২৫ মেগাওয়াটে আজকে ১৯৮৩-৮৪ সালে সেই ইনসটল্ড ক্যাপাসিটি হয়েছে ২ হাজার ৫৫৩ মেগাওয়াটে।

আমরা জানি প্রয়োজন যা তার তুলনায় এটা যথেষ্ট নয় কিন্তু তা সত্বেও বলব আমাদের সময় এটা অনেক বেড়েছে। ১৯৬৫-৭৫ সাল এই ১০ বছর ঐ কংগ্রেসী, যারা ক্ষমতায় ছিলেন তারা কিছুই করেন নি, আজকে তার জবাবদিহি আমাদের করতে হচ্ছে। আমি তথ্যের জাল দিয়ে দেখাতে পারি আমাদের এখানে ইনডাষ্ট্রিজ সামান্য বেড়েছে কিন্তু তবুও একথা বলব, এটা ঠিক, সারা ভারতবর্ষের তুলনায় ইনডাষ্ট্রিয়াল প্রডাকসান আমাদের বাড়েনি। এর কারণ কিন্তু আমাদের কংগ্রেসী বন্ধুরা একবারও বলেন নি। আমাদের যে ট্রাডিশন্যাল ইনডাষ্ট্রিজ, চটশিল্প সেই চটশিল্প সম্পর্কে আমরা বারবার রাজ্যসরকারের পক্ষ থেকে বলেছি যে ২০০ কোটি টাকা রিজার্ভ ব্যাংক থেকে তাদের দেওয়া হোক মর্ডানাইজেসানের জন্য দেওয়া হইয়াছিল কিন্তু মালিকরা তা কিছুই করেন নি। এই চটশিল্পের সঙ্গে শুধু ২॥ লক্ষ শ্রমিকই জড়িত নন, এর সঙ্গে ৪০ লক্ষ পাটচাষী এবং গোটা পূর্ব ভারতের অর্থনীতির প্রশ্নও জড়িত। আমরা এই বিধানসভা থেকে প্রস্তাব

গ্রহন করে সমস্ত দলের পক্ষ থেকে প্রতিনিধি গিয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রীকেও এ সম্পর্কে বলেছিলাম, তিনি বলেছিলেন, হ্যাঁ, আমি এগজামিন করবো কিন্তু তার ফলশ্রুতি আজও দেখতে পেলাম না। ৪০/৫০ লক্ষ লোকের জীবিকার প্রশ্ন যার সঙ্গে জড়িত সেই বিষয় সম্পর্কে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর সুচিন্তিত মতামত পশ্চিমবাংলা তথা পূর্ব ভারতের মানুষরা জানতে পারলো না। তিনি নির্বিকার।

আর ওরা বারে বারে বলছেন, আমরা নাকি কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করছি। আমরা একথা মনে করি এবং আমাদের মেডিকেল সায়েন্সে এই কথা বলে যে একটা মানুষের সারা দেহে যদি রক্ত না থেকে শুধু মুখমণ্ডলে রক্ত থাকে তাহলে সেই মানুষটাকে সুস্থ মানুষ বলতে পারি না, সেই মানুষকে বলি অসুস্থ মানুষ। আজকে ঠিক তেমনি ভাবে গোটা ভারতবর্ষের রাজ্যগুলি যদি দুর্বল হয়, রাজ্যগুলির অর্থনীতি যদি ভেঙ্গে পড়ে তাহলে সেই দুর্বল রাজ্যগুলি রেখে একটা শক্তিশালী কেন্দ্র গড়ে তোলা যায়না। তাই আমরা বারে বারে বলেছি যে রাজ্যগুলির হাতে অধিক ক্ষমতা দিতে হবে। ১৯৭৭ সাল থেকে আমরা যে কথা বলে আসছিলাম, আজকে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়ে সরকারিয়া কমিশন বসিয়েছেন এবং সেই কমিশন বসানোর পরে গত বছর আমরা কিছু টাকার অংক বেশী পেয়েছি। কাজেই আমাদের বক্তব্যে যে যুক্তি ছিল সেটা এ থেকে বোঝা যায়। আমরা শুধু কেন্দ্রের বিরুদ্ধে জিগির তুলি এটা সঠিক কথা নয়। আমাদের মাননীয় অর্থমন্ত্রী, অশোকবাবু যে বাজেট এখানে পেশ করেছেন, সেই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার নিপীড়িত, পদদলীত মানুষের সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে পি. সি. সরকারের যাদুর মত—একথা আমরা বলিনা। এই ধরণের একটা পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে এর থেকে আর কি ভাল বাজেট তৈরী হতে পারে? আমি ওদের কাছে জানতে চাই। গতকাল সত্য বাপুলী মহাশয় কিছু না পড়ে শুনে কতকগুলি বস্তাপচা বুলি এখানে বলে গেলেন। তিনি বলেছেন, পরিকল্পনা খাতে আমরা নাকি টাকা কমিয়ে দিয়েছি। না, আমরা শিক্ষকদের বেতন বাড়িয়েছি। আমরা শিক্ষা খাতে ৪১৮ কোটি টাকা খরচ করছি এবং সে জন্য আমরা গর্বিত। আজকে মূল্যবোধগুলি ইরোডেড হচ্ছে। ওরা যে সব কথা বলছেন, তার মধ্যে কি ওদের শিক্ষক নেই? হ্যাঁ, আছে। আজও অনেক শিক্ষক আছে এবং তাদের মধ্যে কিছু কিছু ত্রুটি বিচ্যুতি দেখা দিয়েছে। কিন্তু তার জন্য সকলকে দায়িত্ব গ্রহণ করতে হবে। শুধু মাত্র শিক্ষক মহাশয়রা পড়ান না, শুধু মাত্র সরকারী কর্মচারীরা কাজ করেন না, এই সব কথা বলে দায়িত্ব এড়ান ছাড়া আর কিছু নয়। ওরাতো এতকাল ক্ষমতায় ছিলেন। সেদিন কেন্দ্রে এবং রাজ্যে কংগ্রেস সরকার থাকা সত্বেও পশ্চিমবাংলা বারে বারে বঞ্চিত হয়েছে। আমি কংগ্রেসী বন্ধুদের জিজ্ঞাসা করি, যখন ব্রীটিশ এই দেশ থেকে চলে যায় তখন আমরা শিল্পে ছিলাম প্রথম, আজকে কেন চতুর্থ হয়েছি? সেদিন শিক্ষায় আমরা দ্বিতীয় ছিলাম, আজকে কেন দ্বাদশে গেছি? এর জবাবদিহি কে করবে? এর জবাবদিহি কি আমাদের করতে হবে? কাজেই শুধু মাত্র আইন-

শৃঙ্খলার কতকগুলি কথা বলে বাহবা পাওয়া যেতে পারে, সংবাদপত্রের হেডলাইন পাওয়া যেতে পারে, তাছাড়া আর কিছু নয়। আজকে যে প্রশ্ন এসে দাঁড়িয়েছে সেটা হচ্ছে, ভারতবর্ষের অর্থনীতি আজকে বিদেশী পুঁজিবাদীদের সঙ্গে গাঁটছড়া বাঁধছে। তাই তার সংকট ঘনিভূত হচ্ছে। আজকে গোটা ভারতবর্ষ জুড়ে সংকট দেখা দিয়েছে। প্রণববাবু সেদিন বাজেট বক্তৃতায় বলেছেন, 'এবার সারা ভারতবর্ষে রেকর্ড প্রোডাক্সান হয়েছে।' তাই যদি হবে তাহলে এই অবস্থা এসে দাঁড়িয়েছে কেন? ওরা বলেছেন যে আমরা নাকি পরিকল্পনা খাতে টাকা কমিয়ে দিয়েছি। আমি ওদের একটু বলি। ১৯৭৬-৭৭ সালে যেখানে ৩১·৫২ শতাংশ খরচ করা হয়েছে এবং ১৯৭৭-৭৮ সালে ৩১·৮১ শতাংশ খরচ করা হয়েছে, সেখানে ১৯৮০-৮১ সালে ৩৩·৪৭ শতাংশ আমরা খরচ করতে পেরেছি। ১৯৮১-৮২ সালের অভূতপূর্ব খরাতে পরিকল্পনা খাতে একটু কমে গিয়েছিল। আবার ১৯৮২-৮৩ সালে ৩১·৫২ শতাংশ আমরা খরচ করতে পেরেছি।

[4-05—4-15 P.M.]

কেন্দ্র সেদিন বার বার চাপ দিয়েছে যে আমরা কেন ওভার ড্রাফট করেছি। রাজ্যগুলির যা ন্যায্য অংশ, এই রাজ্যগুলি থেকে কেন্দ্র ট্যাক্স যা নেয় তাতে আমরা আমাদের ন্যায্য অংশ পাচ্ছি না। জনসংখ্যার ৮ শতাংশ—গোটা ভারতবর্ষের জনসংখ্যার পশ্চিমবাংলায়, বিশ শতাংশ বেকার এই পশ্চিমবাংলায় রয়েছে। কংগ্রেসী বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই সেই পুরনো দিনের কথা। এই পশ্চিমবঙ্গের উপর প্রায় এক কোটির মত ছিন্নমূল মানুষ অপর বাংলা থেকে এসেছে। তখন আপনারা তাদের দায় দায়িত্ব নেবেন বলেছিলেন, কিন্তু তাদের উপর আপনারা কতটুকু সহানুভূতি দেখিয়েছেন? আজ পশ্চিমবঙ্গের এনিমি প্রোপার্টির জন্য বোম্বেতে যেতে হয়, অপর বাংলা থেকে যাঁরা তাঁদের বাপ ঠাকুর্দার সম্পত্তি ছেড়ে এসেছেন এদেশে হেড অফিস ওখানে তাদের ক্ষতিপূরণের দাবী জানাতে গেলে বোম্বেতে যেতে হয়। অদ্ভুত কথা। লজ্জা করে না? যখন দেশ ভাগ করেছিলেন তখন তো বলেছিলেন যে আপনারা তাঁদের দায় দায়িত্ব নেবেন। স্বাধীনতার বেদীমূলে যাঁরা আত্মত্যাগ করেছেন তাঁদের দায় দায়িত্ব আমরা বহন করব। সেজন্য আজকে পশ্চিমবঙ্গের স্যাটুরেটেড অবস্থা দাঁড়িয়েছে। আজকে আপনারাই পশ্চিমবঙ্গের অর্থনীতিকে ভাঙ্গছেন, পশ্চিমবঙ্গের অর্থনীতি ভেঙ্গে পড়ছে আপনাদেরই জন্য, আজকে কি বামফ্রন্ট সরকার সেই দায়িত্ব নেবে? মাননীয় সদস্যগণ শ্রীআবদুস সাত্তার, ডাঃ জয়নাল আবেদিন, শ্রীসত্য বাপুলী মহাশয় তাঁরা বারবার বলেছেন আজ অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন সেই বাজেট হচ্ছে পশ্চিমবঙ্গের সর্বনাশা বাজেট। তাই এঁরা নাকি তার বিরোধীতা করেছেন। আমি জিজ্ঞাসা করি, প্রণব বাবুর বাজেট, গোটা ভারতবর্ষের বাজেট সেটা কি সুন্দর বাজেট? আমি বলি সেটা হচ্ছে একটা নির্বাচনী বাজেট। এই ধনবাদী সমাজ ব্যবস্থার মধ্যে আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করছেন তাতে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের যে বাজেট তারই মধ্যে একটু ভাল বাজেট তিনি পেশ

করেছেন, সেজন্য আমি অর্থমন্ত্রী মহাশয়ের এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদেব শরণ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮৪ এবং ১৯৮৫ সালের যে ব্যয় বরাদ্দ দাবী এই সভায় উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এই বাজেটকে এই সরকার পক্ষীয় যে সমস্ত দলের প্রতিনিধিরা বক্তব্য রেখেছেন তাঁরা সকলেই মন্তব্য করেছেন যে এটা প্রগতিশীল বাজেট। অন্য দিকে বিরোধী পক্ষে প্রায় সকল সদস্যই এই বাজেটকে প্রতিক্রিয়াশীল গরীব মানুষের স্বার্থ বিরোধী বাজেট বলে অভিহিত করেছেন। আমি নিজে মনে করি যে বাজেট হচ্ছে To cut your coat according to your cloth.

এই নীতিটাকে সামনে রেখেই এই বাজেট রচনা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধ অনেক থাকে কিন্তু যদি সাধ্য না থাকে তাহলে অনেক সাধকেই পরিত্যাগ করতে হয়। এই বাজেট আলোচনার দুটো দিক। একটা আয়ের দিক এবং অপরটা ব্যয়ের দিক। আমি যদি আয়ের দিকটা দকটা লক্ষ্য করি তাহলে দেখব একটা অঙ্গ রাজ্য আয়ের যে মূল জায়গাগুলি আছে সেই জায়গাগুলি কেন্দ্রের একতিয়ারভুক্ত। বেশীরভাগ ক্ষেত্রে বা প্রায় সকল ক্ষেত্রেই মূল আয় কেন্দ্রের আওতা ভুক্ত। রাজ্য সরকারের যে সমস্ত জায়গা থেকে কোন ক্রমেই কোন সম্পদ সংগ্রহ করতে পারেন না। কিন্তু আমরা যেটা বলি. কেন্দ্রের বিরুদ্ধে যে অভিযোগটা আমরা প্রায়শই করি যে আমাদের রাজ্য থেকে কোটি কোটি টাকা আয় প্রত্যক্ষ করের মাধ্যমে কেন্দ্রীয় সরকার আদায় করছেন, কিন্তু আমাদের যেটা পাওনা রাজ্য সরকারের যেটা পাওনা সেই পাওনা থেকে পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার বঞ্চিত করছেন।

এটা শুধু আমাদের কথা নয়। আপনি জানেন যে স্বর্গীয় বিধানচন্দ্র রায়ের আমল থেকে শ্রীসিদ্ধার্থ রায়ের আমল পর্যন্ত যাঁরা সকলেই কংগ্রেস দলের মুখ্যমন্ত্রী ছিলেন—সকলেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এই অভিযোগ করেছিলেন। সেই সময় ১৯৬২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত অর্থাৎ স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে শ্রীপ্রফুল্ল সেন মহাশয়ের আমল পর্যন্ত এই বিধানসভায় থাকবার সৌভাগ্য আমার হয়েছিল। তখন আমরা তাঁদের কাছ থেকে শুনেছি যে পশ্চিমবঙ্গের যা ন্যায্য পাওনা সেই পাওনা থেকে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে বঞ্চিত করে রেখেছে। আজকে ঠিক সেই কথাই আমরা বলছি এবং এটা আজকে প্রমাণিত সত্য যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাংলা তার ন্যায্য পাওনা পাচ্ছে না। অর্থের মূল যোগান যেখান থেকে আসে সেটা যদি বন্ধ হয়ে যায় তাহলে সেই সীমাবদ্ধ ক্ষমতায় এবং অর্থ আদায়ের জায়গাগুলো

যেখানে সঙ্কুচিত—সেই জায়গায় দাঁড়িয়ে আজকে এঁদের আয় যদি ব্যাপক না হয়, যদি আয়ের পরিমান বেশী না হয় তাহলে তার জন্য রাজ্য সরকারকে কোন মতেই দায়ী করা যায় না এবং আমরা এও জানি যে একটি রাজ্যকে সুষ্ঠুভাবে পরিচালনা করতে গেলে ব্যয়ের পরিমানটাও সীমাহীন। বিশেষ করে পশ্চিমবাংলার মত একটি সমস্যা জর্জরিত রাজ্যকে যদি একটা সুষ্ঠু অর্থনৈতিক পর্যায়ে দাঁড় করাতে হয় তাহলে খরচের পরিমানটাও হবে সীমাহীন। কাজেই বর্তমান অবস্থার মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন—একে অবাস্তব, অযৌক্তিক আখ্যা দেওয়াটা যুক্তিসঙ্গত হচ্ছে না বলেই আমার মনে হচ্ছে। বিরোধী পক্ষের তরফ থেকে বলা হচ্ছে যে পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয়ের পরিমান বেড়েছে এবং পরিকল্পনা খাতে ব্যয় কমেছে। কিন্তু এটা আদৌ ঠিক নয়। যদিও আমরা জানি বর্তমান অর্থনৈতিক কাঠামোতে বিশেষ কিছু করা সম্ভব নয়, তবুও বলি যে পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধি করা নিশ্চয়ই প্রয়োজন। কিন্তু পরিকল্পনা বহির্ভূত খাতে ব্যয় বৃদ্ধি করা বা ব্যয় করা অনুচিৎ—এটা যুক্তিসঙ্গত কথা নয়। জনগণের প্রয়োজনে, রাষ্ট্রের প্রয়োজনে বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে পরিকল্পনার বাইরেও খরচ বৃদ্ধি হওয়াটা স্বাভাবিক। কাজেই তাঁদের এই যুক্তির কোন সারবত্তা আছে বলে মনে করছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমাদের দেশে, শুধু পশ্চিমবাংলাই বা বলি কেন—সারা ভারতে তথা সারা বিশ্বে বেকার সমস্যা আজ একটা ভয়াবহ সমস্যা। আমরা বিশ্বাস করি না যে একটি রাজ্যের বাজেটের মধ্যে দিয়ে, পরিকল্পনার মধ্যে দিয়ে এই সমস্যা সমাধান করা সম্ভব! কিন্তু রাজ্যসরকারের ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু করা সম্ভবপর, এই বামফ্রন্ট সরকার সে ক্ষেত্রে বর্তমান বেকারদের বেকারির কথা চিন্তা করে এবং মানবিকতার দিকে লক্ষ রেখে যখন বেকার-ভাতার পরিকল্পনা গ্রহণ করলেন—আমার মনে আছে—তখন ঐ বিরোধী পক্ষ এই বেকার-ভাতার উদ্দেশ্যে ব্যাঙ্গাত্মক মন্তব্য করেছেন, বিদ্রুপাত্মক উক্তি করেছেন।

[4-15—4-25 P.M.]

কিন্তু আমরা বেকারভাতা চালু করে এই কথা কোন সময় দাবি করি না, এই রাজ্য সরকার দাবি করে না যে এই বেকাভাতা প্রদানের মধ্যে দিয়ে বেকার সমস্যা সমাধান করা সম্ভব। তাদের যে অসহনীয় অবস্থা সেই অবস্থার কথা মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্য সরকার বিবেচনা করছেন এবং সেই জন্য বেকারভাতা চালু করেছিলেন। সেই দিক থেকে আরো কি উন্নততর ব্যবস্থা নেওয়া যায় তার জন্য রাজ্য সরকার তার দৃষ্টি প্রসার করেছেন এবং তা কার্যকারী করার চেষ্টা করছেন। যদিও আমরা জানি নূতন পরিকল্পনার মধ্যে দিয়ে এই ভয়াবহ বেকার সমস্যা সমাধান করা সম্ভব নয়। এটা আমাদের অজানা নয় যে, দেশে শিল্প কারখানা ব্যপক হারে গড়ে যদি না ওঠে তাহলে বেকার সমস্যা সমাধান করা সম্ভব নয়। এই দিক থেকে বিচার করলে

দেখা যায় যে কয়েক বছরের মধ্যে নূতন শিল্প স্থাপনের ক্ষেত্রে অগ্রগতি যতটা হওয়া দরকার ছিল তা হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমাদের সকলের জানা আছে যে আমাদের দেশে শিল্প গড়ে ওঠার ক্ষেত্রে দু-রকম ব্যবস্থা প্রচলিত আছে। সেই গুলি হলো ব্যক্তিগত মালিকানা এবং সরকারী মালিকানা অর্থাৎ পাবলিক সেক্টর এবং প্রাইভেট সেক্টর। এই কথা ঠিক যে বৃটিশ আমল থেকে এখানে শিল্পোন্নয়ন শুরু হয়। শিল্প স্থাপনের ক্ষেত্রে তখন যে রাজনৈতিক পরিবেশ ছিল, আজকে এই কথা জোর করে বলা যায় যে বামফ্রন্ট সরকারের আমলে বৃটিশ রাজত্বের চেয়ে শিল্প স্থাপনের ক্ষেত্রে পরিবেশ অনেক ভালো। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই রাজ্যের শিল্পপতিরা—সরকারের তরফ থেকে সুযোগ সুবিধা দেওয়ার কথা ঘোষণা করা সত্ত্বেও—এখানে কলকারখানা রাখছে না। শুধু তাই নয়, এটা পশ্চিমবাংলার ক্ষেত্রে খুবই ভয়াবহ এবং এই কথা হয়ত কারো অজানা নয় যে বহু শিল্পপতি পশ্চিমবাংলা থেকে মূলধন সরিয়ে নিয়ে গিয়ে অন্য প্রদেশে চলে যাচ্ছে। বড় বড় ইণ্ডাষ্ট্রিগুলোকে লোকসানে পরিণত করে, সিক ইণ্ডাষ্ট্রিতে পরিণত করে তারা মূলধন সরিয়ে নিয়ে যাচ্ছে। আমরা জানি বেসরকারী ক্ষেত্রে মালিকদের শিল্প স্থাপনের ক্ষেত্রে একটা বড় উদ্দেশ্য কাজ করে। সেটা হলো মুনাফা আরো মুনাফা, কর্মসংস্থানের দিকে নজর থাকে না। এই দৃষ্টিভঙ্গি নিয়েই ব্যক্তিগত মালিকানায় শিল্প প্রতিষ্ঠিত হয়। আমরা জানি ধনবাদী ব্যবস্থায় এই অর্থ নৈতিক কাঠামোয় মালিকরা যেভাবে মুনাফা লাভ করে তা হলো উৎপাদনকে বিকৃত করে। অনেক ক্ষেত্রে আমরা দেখেছি উৎপাদন কমিয়ে দিয়ে, উৎপাদন ব্যবস্থা ব্যহত করে মালিকরা লাভ করে। উৎপাদন ব্যবস্থার উন্নতি করা দূরে থাক তারা সেটা ব্যহত করে তাদের মুনাফা করে নেয়। মালিকরা অনেক সময় স্বাভাবিক উৎপাদন কমিয়ে দিয়ে লাভের পরিমান বাড়িয়ে নেয়। বন্ধ কারখানার ক্ষেত্রে আমরা দেখেছি পাবলিক সেক্টারে যে সমস্ত ইণ্ডাষ্ট্রিগুলি আছে ; ব্যক্তিগত মালিকানায় যে সমস্ত কারখানা পরিচালিত হচ্ছে তাদের মালিকরা সেই কারখানার রস নিঃশেষ করে নিয়েছে। তারপর সেটাকে সিক ইণ্ডাষ্ট্রিতে পরিণত করে সরকারের ঘাড়ে চাপিয়ে দিচ্ছে। নানা অসুবিধার মধ্যে দিয়ে যে সমস্ত প্রাইভেট সেক্টরে অর্থ বিনিয়োগ করা হচ্ছে সেখানে লাভ দেখতে পাওয়া যাচ্ছে না। আমি এই বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে পাবলিক সেক্টর ইণ্ডাষ্ট্রিগুলি দিনের পর দিন যে হারে লোকসান বেড়ে চলেছে তাতে এই ইণ্ডাষ্ট্রিগুলি ঠেকিয়ে রাখা যাবে কিনা এই বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে।

আমরা জানি, যে কটা কারখানা নতুন খোলা হয়, সেগুলোর ক্ষেত্রে একটা সময় নির্দিষ্ট থাকে যে পর্যন্ত লোকসান হয়। কিন্তু সেই নির্দিষ্ট সময় পার হয়ে গেলে নো লস, নো প্রফিট অবস্থায় আসে এবং তার পরবর্তী সময়ে আবার লাভ হয়। আমরা জানি, পাবলিক সেক্টরে অনেক কারণেই লস হয়। তার মধ্যে একটা হচ্ছে প্রশাসনিক দক্ষতার অভাব। সেজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করি, যে সমস্ত শিল্প সংস্থায় এই ধরণের প্রশাসনিক ব্যবস্থা চালু আছে, তার দক্ষতা

এবং যোগ্যতা যাতে বাড়ে এবং লাভের পরিমাণ যাতে বাড়তে পারে, সেদিকে যেন তিনি দৃষ্টি দেন। মাননীয় কংগ্রেস পক্ষের সদস্যরা বাজেটে নতুন কর প্রস্তাবের ফলে জিনিষপত্রের দাম বাড়বে বলে আশঙ্কা প্রকাশ করেছেন। এর কারণ আমি বুঝতে পারছি না। জিনিষপত্রের দাম নিশ্চয়ই বাড়ুবে। তবে তা হচ্ছে দেশী এবং বিদেশী মদের দাম। আমাদের এস. ইউ. সি. দলের মাননীয় দেবব্রতবাবু বলেছেন যে নতুন করের প্রস্তাবের ফলে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র —কাপড়চোপড় ইত্যাদির দাম বাড়বে। পশ্চিমবঙ্গ সরকার কয়েকটি নির্দিষ্ট দ্রব্যের উপরেই কর বসাতে চেয়েছেন। এই প্রসঙ্গে কেন্দ্রীয় বাজেটের দিকে লক্ষ্য করলে দেখা যায়, সাধারণ মানুষের ব্যবহার্য প্রত্যেকটি জিনিষের উপরেই তাঁরা কর বসিয়েছেন। বাজেট প্লেস করার সময়ে আমরা দেখেছি, কেন্দ্রীয় সরকার প্রতিটি ভোগ্য পণ্যের উপর কর বসাতে চেয়েছেন। বাজেটের আগে এবং পরে একটা জিনিষ আমরা দেখি। সেটা হচ্ছে, বাজেটের আগে জিনিষপত্রের দাম বেড়ে যায়, আবার বাজেটের পরে বাজেটের সুযোগ নিয়ে ব্যবসায়ীরা আর একবার জিনিষপত্রের দাম বাড়িয়ে থাকেন। কেন্দ্রীয় সরকারের কর ব্যবস্থাই এর জন্য দায়ী। তাঁদের গৃহীত নীতির জন্যই সাধারণ মানুষের প্রয়োজনীয় সমস্ত জিনিষপত্রের দাম বেড়ে যায়। এই ক্ষেত্রে রাজ্য সরকারের বিশেষ কিছু করার থাকে না—একথা মাননীয় সদস্যরা ভাল ভাবেই জানেন। অর্থমন্ত্রীর বক্তব্য থেকে দেখা যায়, এবারে কৃষির প্রডাক্সন অন্যান্য বছরের তুলনায় অনেক বেশী, এটা রেকর্ড পরিমাণ হয়েছে। আনন্দমোহন বিশ্বাস মহাশয় বলেছেন যে, উৎপাদন বৃদ্ধির ব্যাপারে বামফ্রন্ট সরকারের কোন অবদান নেই। তিনি বলেছেন, এ অবদান হচ্ছে খোদা বা ভগবানের। তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই, তাঁদের আমলেও তো খোদা বা ভগবান ছিলেন। কিন্তু তখন তো উৎপাদন বাড়েনি। আমি মনে করি, বামফ্রন্ট সরকার কৃষি ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির জন্য যে পদক্ষেপ গ্রহণ করেছেন, তার জন্যই এই সাফল্য এসেছে। কেন্দ্রীয় সরকারের ভুল নীতির ফলে দেশে উৎপাদন বৃদ্ধি সত্বেও নানা জিনিষপত্র ও কৃষিজ সামগ্রীর দাম বাড়ছে। তাদের দুমুখো নীতিই এর জন্য দায়ী। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। যদিও আমার সময় এখনও আছে, তবুও আমি আপনার অনুমতি নিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35 P. M.]

ডাঃ মানস ভুইঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ৯ই মার্চ এই বিধানসভার কক্ষে ১৯৮৪-৮৫ সালের যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করতে উঠে আমি কতকগুলি গুরুত্বপূর্ণ বক্তব্যের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সম্পূর্ণ হতাশাগ্রস্থ একটা অর্থ-নৈতিক অবস্থায় ৭৫ কোটি টাকা ট্যাক্সের বোঝা চাপিয়ে খুব সুন্দর ভাষার সাধারণ মানুষের কাছে

ধুম্রজাল সৃষ্টি করে তাঁর বক্তব্য রাখতে সক্ষম হয়েছেন, এই ব্যাপারে তিনি নিশ্চয়ই ধন্যবাদ পাবেন। ইকনমিক রিভিউএর প্রথম পৃষ্ঠা যদি উল্টে দেখেন তাহলে দেখতে পাবেন পার ক্যাপিটা ইনকামের ক্ষেত্রে উনি একটা নতুন শব্দ সংযোজন করেছেন। বিগত কয়েক বছরের ইকনমিক রিভিউ উল্টে-পাল্টে এটা কোথাও দেখতে পেলাম না, কিন্তু এবছরে যে প্রোলেকট এসটিমেট করেছেন তাতে দাবি করেছেন পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেছে সারা ভারতবর্ষের তুলনায়। ইকনমিক রিভিউ কিন্তু তা বলে না। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে ১৯৮০-৮১ সালে পার ক্যাপিটা ইনকাম ৭৪৬'৭৯ ; ১৯৮১-৮২ সালে ছিল ৭০৪'৬৭ এবং ১৯৮২-৮৩ সালে কমে গিয়ে হয়েছে ৬৮৯'৯৫। উনি একটা প্রোজেকটেড এসটিমেট করেছেন—একটা প্রিজাম্পসান, একটা এ্যাজাম্পসান, উনি নাকি আবার ইকনমিসট, পার্সোন্যাল কেরিয়ার নাকি সাংঘাতিক. এই ধরণের একটা প্রোজেকটেড এসটিমেট করে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কাছে একটা ধুঁয়াজাল সৃষ্টি করেছেন যে পশ্চিমবঙ্গে পার ক্যাপিটা ইনকাম বেড়ে গেছে। এই অসত্য কথাটা সত্য বলে চালিয়ে দেওয়ার যে বাক চাতুর্য্য, লোকের মধ্যে যেভাবে তিনি এটা উপস্থাপিত করেছেন তাতে তিনি ট্রেজারী বেঞ্চ থেকে বাহবা পেতে পারেন, কিন্তু সচেতনশীল সদস্যদের পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের বাহবা পেতে পারেন না। আমি পরে যে পয়েন্টে আসছি সেটা হচ্ছে উনি দাবি করেছেন যে ইদানিংকালে একটা রেকর্ড কৃষি বিপ্লব হয়ে গেছে পশ্চিমবঙ্গে এবং তার মূলতঃ মূখ্য দাবিদার হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার। স্যার, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য দাবি করলেন যে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এই বছরে একটা বৈপ্লবিক পরিবর্তন আনা হয়েছে। ১৯৭৭ সাল থেকে ১৯৮৪ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ক্ষুদ্র সেচ দপ্তরের অধীনে কি সরকারী হস্তক্ষেপে বলুন কি সরকারী দপ্তরের মাধ্যমে বলুন একটাও ডিপটিউবওয়েল, একটাও স্যালো টিউবওয়েল তৈরী করা হয়নি। তাহলে তৈরী করেছে কারা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ। তারা তাদের নিজস্ব উদ্যোগে নিজস্ব আর্থিক ক্ষমতাকে কাজে লাগিয়ে সারা বছর যে সুন্দর প্রাকৃতিক অবস্থা ছিল, সারা বছর সময়মত যে বৃষ্টি হয়েছে সেটাকে তারা কাজে লাগিয়েছে। এজন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কৃতিত্বের দাবি কতটুকু থাকতে পারে সেই বিষয়ে নিশ্চয়ই ভাববার অবকাশ আছে। স্যার, ওঁরা দাবি করেন কৃষি ক্ষেত্রে এই বিপ্লব আনতে গিয়ে ওঁরা কৃষকদের কাছে সার পৌছে দিয়েছেন। কিন্তু আমরা বিরোধী সদস্যরা জানি এবং সরকার পক্ষের অধিকাংশ সদস্য এটা সমর্থন করবেন যে কয়েকমাস ধরে পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লকে কিভাবে সারের ব্যবসায়ীরা নোরাকারবারে লিপ্ত থেকে সারকে চেপে ক্ষুদ্র চাষী থেকে শুরু করে সমস্ত চাষীদের হায়রানি দিয়েছে এবং পশ্চিমবংগের কৃষি দপ্তর কিভাবে তার মোকাবেলা করেছেন এটা স্যার, আপনি জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন। তারপরেও দাবি করবেন আপনারা কৃষকের বন্ধু, কৃষি ক্ষেত্রে বিপ্লব এনে দিয়েছেন ? উনি কি ভুলে গেছেন কংগ্রেসী আমলে কৃষি উৎপাদন হয়েছিল ৯৮ লক্ষ মেট্রিক টন ?

ওঁরা বলছেন যে এ বছর একটা এষ্টিমেটেড ৮৫ লক্ষ মেট্রিক টন খাদ্য হতে পারে। ওঁরা ভুলে গেছেন কংগ্রেস আমলে ১৯৭৬-৭৭ সালে ৯৮ লক্ষ মেট্রিক টন খাদ্য উৎপাদন হয়েছিল কৃষি বিপ্লব হয়েছিল। এবং তদানীন্তন কৃষি মন্ত্রী সাত্তার সাহেব এবং আনন্দ মোহন বিশ্বাস নিশ্চয় এটা দাবী করতে পারে। ভারতবর্ষের বুকে পাঞ্জাবের সংগে পাঞ্জা লড়ে পশ্চিমবাংলার কৃষিজীবী মানুষ কৃষক সমাজ সত্যিকারের শ্রম দিয়ে সেদিন কৃষি বিপ্লব করেছিল। আজকে ওঁরা ৮৫ লক্ষ মেট্রিক টনের কথা বলছেন। এতে বাহবা নেবার কি আছে? এতে পশ্চিমবাংলার মানুষ বাহবা নিতে পারে। ওঁরা বলছেন কৃষি ক্ষেত্রে নাকি দারুন উন্নতি হয়েছে। আমি একটা এরিয়ার হিসাব দৃষ্টান্ত হিসাবে দিচ্ছি। ১৯৭১-৭২ সালকে বেস ইয়ার হিসাবে যদি ধরি তাহলে দেখবেন এবং এটা ওদেরই ইকনমিক রিভিউতে আছে, পেজ নং ৪০ যে ১৯৭৮-৭৯ সালে হয়েছিল ১০১·১৪, ১৯৮২-৮৩ সালে সেটা কমে হোল ৯৫·৯১। অর্থাৎ ১৯৭৮-৭৯ সালে যা ছিল সেটা ১৯৮২-৮৩ তে কমে গেল। আবার প্রোডাকসন দেখুন ১৯৭৮-৭৯ সালে ছিল ১১৯·৫৭—সেটা ১৯৮২-৮৩ সালে ৯৫·৭০ অর্থাৎ প্রোডাকটিভিটি কমে গেল। এতেও নাকি বিপ্লব হচ্ছে। ১৯৭৮-৭৯ সালে ১১৮·২২, আর ১৯৮২-৮৩ সালে ১৯·৭৮। তবুও নাকি বিপ্লব হচ্ছে। তবুও আমাদের এই কথা শুনতে হবে। আর একটা পয়েন্ট হচ্ছে এগ্রিকালচারের ক্ষেত্রে Contribution in All India production by West Bengal State কমে গেছে। প্রোডাকসনের ক্ষেত্রে ১৯৮০-৮১ সালে চালের ক্ষেত্রে দেখছি ১৩·৯% —১৯৮১-৮২ সালে সেটা কমে এসে ১০.৯%। তার মানে সেটা কমে গেছে। তাতেও ওরা বলছেন বিপ্লব হচ্ছে। টোট্যাল ফুড গ্রেন পশ্চিমবাংলায় ১৯৮১-৮২ সালে নেমে এসেছে ৪·৯%। কি অবস্থা, জুটের ক্ষেত্রে ১৯৮১-৮২ সালে ৫৬·৭% সেটা ১৯৮২-৮৩ সালে নেমে এসেছে ৫৫%। তবুও বিপ্লব হচ্ছে? চায়ের ক্ষেত্রে দেখছি ১৯৮১-৮২ সালে ২৩·৪% আর ১৯৮২-৮৩ সালে সেটা নেমে এসেছে ২২·৯%। এবার ইণ্ডাষ্ট্রির দিকে আসুন ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ কি রকম হচ্ছে? ওনাদেরই ইকনমিক রিভিউতে আছে পেজ নং ৯৬ তে আছে অল ইণ্ডিয়ার ফিগার হচ্ছে ১৩৮·৩% আর ওয়েষ্ট বেঙ্গলে ১৯৭৭ সালে ১২১·৯%, আর ১৯৮২-৮৩ সালে নেমে এসেছে ·৩% আর অল ইণ্ডিয়ার ফিগার বেড়েছে ৩৩·৯%। তবুও ওঁরা বলছেন মানুষের কর্মসংস্থান হচ্ছে। একটা সরকার সুস্থ্য অবস্থায় চলছে তার কি এই প্রমাণ। ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হচ্ছে? বেকার ছেলেদের চাকুরী হবে? সর্বোপরি এতে শান্তি শৃঙ্খলা বজায় থাকবে? সাধারণ নাগরিকরা অনুভব করছে যে কি অবস্থা। sense of security of life, sence of security of property, sense of security of individual existence. এটা প্রমাণ করবে? যদি হিসাব নিকাশ করি তাহলে দেখবো কি অবস্থা। সারা ভারতবর্ষে কি হচ্ছে আর এখানে কি হচ্ছে? ওঁরা নিজেরাই মাঝে মাঝে পাঞ্জাবের কথা ইউ পি-র কথা বিহারের কথা বলেন? ওঁরা বলুন বিহার কিংবা ইউ পি-র এক এক করে উদাহরণ দিন সেই সব রাজ্যে আজকে রাজনৈতিক কারণে যে ধরণের অশান্তি বা বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে, সেই তুলনায় পশ্চিমবাংলার বুকে রাজনৈতিক কারণে অশান্তি বেড়েছে কিনা?

[4-35—4-45 P.M.]

সেটা যদি দেখেন তাহলে অনেক বেশী দেখতে পাবেন এবং রাজনৈতিক বিশৃঙ্খলা, অশান্তি পশ্চিমবাংলার বুকে যদি না থাকতো তাহলে ইণ্ডাষ্ট্রিয়ালাইজেসন হত, নিশ্চয় মূলধন এখানে বিনিয়োগ হত, বেকার ছেলেদের নূতন সৃষ্টি করা কলকারখানায় চাকরি হত এবং নিশ্চয় পার ক্যাপিটা ইনকাম বেড়ে যেত। আজকে পার ক্যাপিটা ইনকাম যদি না বাড়ে, রিসোর্স মবিলাইজেসন যদি না হয়, ডেভেলাপমেণ্ট সেক্টরে কনট্রিবিউসন যদি না বাড়ে তাহলে নিশ্চয় অর্থনৈতিক অগ্রগতি হবে না, মাননীয় অর্থমন্ত্রী তিনি একজন অর্থনীতিবিদ্, এটা নিশ্চয় স্বীকার করবেন। এটা জেনেও তিনি স্বীকার করবেন না, কেন্দ্রের দিকে আঙ্গুল দেখিয়ে বলবেন ওরাই খারাপ করে দিচ্ছে। এগুলি বাজেট বক্তৃতার বাক চাতুর্য্যের মধ্যে সুন্দরভাবে লিখেছেন, পড়তে হবে, উপায় নেই। আর একটি জিনিস আপনি লক্ষ্য করে দেখুন আমরা কি লক্ষ্য করলাম ? স্যার, ওরা বলেন আমরা কৃষক দরদী সরকার। কৃষকদের লেবার ওয়েজ বাড়িয়ে দেবার জন্য বিরাট আন্দোলন নাকি করছেন। কিন্তু স্যার, আপনি ইকনমিক রিভিয়ুজ পেজ নং ৮ টেবল ১·৯ টা একটু দেখুন। সেখানে প্রতি জেলার এগ্রিকালচারাল লেবার ওয়েজ দেওয়া আছে। এরা তো গ্রামের মানুষদের ধোপা, নাপিত বয়কট করার কথা বলেন, কিন্তু গোপনে গোপনে মালিকদের সঙ্গে আঁতাত করে ফেলেছেন। এই আঁতাত করার ফলে বিগত কয়েক বছর ধরে চীৎকার, শ্লোগান তুলেও কিন্তু সত্যিকারে দিন মজুরদের ডেলি ওয়েজ বাড়াতে পারেন নি। স্যার, আমি সব জেলার কথা বলব না, আমার জেলা মেদিনীপুরের কথাটাই এখানে একটু তুলে ধরছি। স্যার, আমি ফিগার ইন রুপিজ বলছি, ১৯৮২-৮৩ সালে রেট ছিল ৮·২৬, আর ১৯৮৩-৮৪ সালে সেটা কমে গিয়ে ৮·০৮ হল। স্যার, এরা কি রকম আঁতাত করে বসে আছেন দেখুন। এরা সমস্ত দালালদের সঙ্গে, বড় লোকদের সঙ্গে, ধনী জোতদারদের সঙ্গে আঁতাত করে বসে আছেন। স্যার, এরা মুখে আন্দোলনের কথা বলবেন, দেওয়াল লিখনে বিপ্লবের কথা লিখবেন, কিন্তু সত্যিকারে শ্রমজীবি মানুষের জন্য কিছু করবেন না। আমি একটি ইণ্টারেষ্টিং ব্যাপার মাননীয় সদস্যদের অবগতির জন্য হাউসের সামনে তুলে ধরছি। কিছুক্ষণ আগে রিটিন্ এ্যানসার কোশ্চেন পেপার দেওয়া হয়েছে। এরা বৈষম্যের কথা বলেন, বিমাতৃসুলভ ব্যবহার করা হচ্ছে ইত্যাদি বড় বড় কথা বলেন। কিন্তু স্যার, আপনি জানেন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার যৌথভাবে প্রকল্প রচনা করেছেন, বিভিন্ন উন্নয়নমূলক প্রোগ্রাম, আই· আর· ডি· পি· ইণ্টিগ্রেটেড রুরাল ডেভেলাপমেণ্ট প্রজেক্ট ইত্যাদি। এর মাধ্যমে প্রতি ব্লকের প্রতি বছর ৬০০ বেনিফিসিয়ারি ফ্যামিলির উপকার হবে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর লিখিত উত্তর কিছুক্ষণ আগে দেওয়া হয়েছে। সেখানে দেখা যাচ্ছে।

No· of persons benefited with assistance both from the Centre and the State are shown below· আমরা কি দেখতে পাচ্ছি ? এখানে ৩৫০টি ব্লক আছে।

এই ৩৫০টি ব্লকের ৬০০ ফ্যামিলি প্রতি বছর কভার করলে ৪ বছরে এ্যাভারেজে ৮ লক্ষ ৪০ হাজার বেনিফিসিয়্যারি ফ্যামিলির উপকার হতে পারত। কিন্তু মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তর দিতে গিয়ে যে তথ্য দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি ৪ বছরে ২ লক্ষ ৬৪ হাজার ৮৯ জন বেনিফিসিয়্যারি ফ্যামিলি উপকৃত হয়েছে। এটাও কি কেন্দ্রের দোষ? কোথায় গেল বিপ্লব? অর্থমন্ত্রী উন্নয়ন দপ্তরেরও মন্ত্রী। আজকে যদি ইণ্ডিভিজুয়্যাল বেনিফিসিয়্যারি অর্থনৈতিক দিক থেকে উন্নতি করতে না পারে, কেন্দ্র রাজ্যের যৌথ উদ্যোগ আই. আর. ডি. পি. অবহেলিত মানুষ, বেকার যুবকদের কাছে পৌছে দিতে না পারা যায় তাহলে সেটা কার দোষ? আমাদের যেখানে টার্গেট পয়েণ্ট হচ্ছে ৮ লক্ষ ৪০ হাজার সেখানে আপনাদের অপদার্থতার জন্য ৪ বছরে মাত্র ২ লক্ষ ৬৪ হাজার ৮৯ জন ফ্যামিলির কাছে সুফল পৌছে দেওয়া সম্ভব হয়েছে, আর বাকি ৫ লক্ষের উপর ফ্যামিলির কাছে এই সুফল পৌছে দেওয়া সম্ভব হল না। এটা কি কেন্দ্রের দোষ? প্রশাসন আপনাদের হাতে আছে, পঞ্চায়েত দপ্তর আপনাদের হাতে আছে, সিলেকসান মেশিনারি আপনাদের হাতে আছে, বেনিফিসিয়্যারি কে কে হবে তাও ঠিক করার ক্ষমতা আপনাদের হাতে আছে, অথচ ৮ লক্ষ ৪০ হাজার টার্গেট পয়েণ্টে আপনারা পৌছতে পারলেন না। এর পরেও আপনারা বলবেন কেন্দ্র কিছু দিচ্ছে না? এই হচ্ছে আজকে সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি এবং এই অবস্থার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থা চলেছে।

এই হ'ল আজকের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি যার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ চলছে। মান্নান সাহেব একটু আগেই বলে গিয়েছেন যে আপনারা চকলেটের উপর পর্য্যন্ত ট্যাক্স বসিয়েছেন। কিসের উপর বসান নি? এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি চায়ের কথাটা আগে বলতে চাই। আপনারা সকলেই জানেন, পশ্চিমবাংলার চাকে আসামের চায়ের সঙ্গে কমপিট করতে হয়। আজকে প্রডাক্সান সেণ্টার অর্থাৎ চা বাগান থেকে শুরু করে নীলাম মার্কেট পর্য্যন্ত প্রতিটি পদক্ষেপে চাকে ধ্বংস করার জন্য অর্থমন্ত্রী চক্রান্ত শুরু করে দিয়েছেন। জানি না আপনার সঙ্গে আসামের চা বাগানের মালিকদের কোন যোগসাজস আছে কিনা কিন্তু আমি এ ব্যাপারে আপনার বিরুদ্ধে অভিযোগ আনছি যে আপনি পশ্চিমবাংলার চাকে একেবারে ধ্বংস করে দিচ্ছেন। আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলার চা শিল্প একটা রুগ্ন শিল্প, পশ্চিমবাংলার চাকে শুধু আসাম নয় বাইরের অন্যান্য রাষ্ট্রের চায়ের সঙ্গেও কমপিট করতে হয়। এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখলাম মাননীয় অর্থমন্ত্রী মহাশয় চায়ের উপর সেসটা ১॥ টাকা থেকে বাড়িয়ে তিন টাকা করে দিলেন এবং প্রডাক্সান সেণ্টার থেকে যে চা প্যাকেট হয়ে আসে এবং অন্য জায়গায় যায় সেখানে কে. জি. প্রতি যেখানে ট্যাক্সটা ৫ পয়সা ছিল সেটা বাড়িয়ে ১০ পয়সা করে দিচ্ছেন। এ এক সাংঘাতিক অবস্থা। আমরা আশা করেছিলাম, উত্তরবঙ্গের প্রতিনিধি যারা সরকার পক্ষে আছেন তারা এরজন্য প্রতিবাদ করবেন এবং এটা সংশোধনের জন্য বলবেন কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ করলাম তা তারা করলেন না। তাদের উঞ্ছবৃত্তি করতে

হচ্ছে হাউসে এসে, প্রতিবাদ করলে চাকরি যাবে তাই তারা তা করতে পারছেন না। আমি আশা করবো চায়ের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একটা ঘোষণা করবেন যাতে ঐ রুগ্ন চা শিল্প আর মার না খায় এবং ঐ ঘোষিত কর নীতির চক্রে পড়ে সে যেন সর্বনাশের কোলে ঢোলে না পড়ে! তারপর মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, টার্ণওভার কর নামে যেটা তিনি চাপিয়েছিলেন সেটা আর নাকি চাপাচ্ছেন না। সার বিক্রেতারা নাকি সেটা আর বিক্রেতাদের উপর চাপাবেন না। উনি কি খোঁজ রাখেন গত ১॥/২ বছর ধরে পশ্চিমবঙ্গের সার বিক্রেতারা কিভাবে কাজ চালিয়ে আসছে? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, 'আমি ধরে নিতে পারি সার বিক্রেতারা এই করটা বিক্রির সময় আর চাপাবে না।' উনি জেনে রাখুন আজকে যে পদ্ধতি উনি অবলম্বন করলেন যে সার বিক্রির উপর সার বিক্রেতাদের সঙ্গে যুক্ত করে যে টার্ণওভার করটা সরিয়ে নিয়ে যেটা করবার চেষ্টা করলেন তাতে ঐ ক্ষুদ্র চাষী, মধ্যবিত্ত চাষী যারা উচ্চ ফলনশীল শস্যের চাষ করে বছরে তিনটি ফসল ফলাচ্ছে এবং যারজন্য আপনারা এখানে বাহবা নিচ্ছেন তার ফলে তারাই সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হবে। আশা করি এর জবাব তিনি একটা দেবেন। তারপর তিনি বলেছেন, সীমিত অর্থনৈতিক অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে এবং অষ্টম অর্থ কমিশনের শেষ রির্পোট পাবার পর আমরা আমাদের সমস্ত পরিকল্পনাকে যখন সঠিকভাবে সাজিয়ে দেব তখন তার উপরই ঠিক করবো আমাদের শেষ কি পরিণতি হবে। পশ্চিমবঙ্গের মতন একটা শিল্পে পিছিয়ে পড়া, অর্থনৈতিক দিক থেকে ছিন্নমূল একটি রাজ্যের অর্থমন্ত্রী হয়ে উনি এ্যাজাম্পসানের উপর ভিত্তি করে বাজেট পেশ করেছেন এবং তা করতে গিয়ে ৭৫ কোটি টাকার ট্যাক্স বসিয়েছেন। তা করতে গিয়ে সেখানে নারকেল দড়ি থেকে আরম্ভ করে চকলেট পর্য্যন্ত কোন কিছুকেই বাদ দেন নি। তা ছাড়া চায়ের সর্বনাশ তো করেছেনই। বাকচাতুর্য্যের মধ্যে দিয়ে তিনি এমনভাবে কর বসিয়েছেন যে সেটা সাধারণ মানুষ যেন বুঝতে না পারে। তারা যখন বাজারে গিয়ে জিনিসপত্র কিনবে তখন তারা সেটা হাড়ে হাড়ে বুঝতে পারবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে তাই আমি বলব, পশ্চিমবঙ্গের এই জরাজীর্ণ, ছিন্নমূল অর্থনৈতিক অবস্থা যার মোকাবিলা করতে হচ্ছে সাধারণ মানুষকে তাদের উপর আবার তাদের অজ্ঞাতসারে চাপিয়ে দেওয়া যে করনীতি সে সম্বন্ধে আপনি গভীরভাবে চিন্তা ভাবনা করুন। আপনি যেহেতু বলেছেন আগামীদিনে কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করে কিছু হয়ত এদিক ওদিক করতে হবে যেহেতু কিছুটা আশার কথা বলেছেন সেইহেতু আপনাকে গঠনমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্ত দিকটা বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং বলছি, পশ্চিমবঙ্গের মানুষের আর শিরচ্ছেদ করবেন না, তাদের আর ঘর থেকে বের করে এনে রাস্তায় দাঁড় করাবেন না, পশ্চিমবঙ্গের মানুষকে আগামীদিনে অন্ততঃ কিছুটা বাঁচার স্বপ্ন দেখান। এই বলে বাকচাতুর্যে ভরা অবাস্তব এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[4-45—4-55 P. M.]

শ্রীশুভেন্দু মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১ই মার্চ যে বাজেট এই বিধানসভায় আপনার মাধ্যমে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বর্তমানে আমাদের দেশের যে অবস্থা অর্থাৎ সারা ভারতবর্ষের অর্থনীতির যে অবস্থা এবং কিছুদিন আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অর্থমন্ত্রী প্রণব মুখার্জী যে বাজেট রেখেছেন, সেই বাজেটের ফলাফল কি দাঁড়াবে সেটা আমাদের বিধানসভার বিরোধীদলের মাননীয় সদস্যরা কিন্তু একবারও বললেন না। তারা আমাদের বাজেটকে আনপ্রোডাকটিভ বাজেট বলে আখ্যা দিয়েছেন এবং সেইভাবে তার ব্যাখ্যা করেছেন। ভারতবর্ষের বাজেট অর্থাৎ কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের ফলে আমাদের দেশে আগামীদিনে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করবে, অর্থনীতির আরো সর্বনাশ করবে এবং তার ধাক্কা পশ্চিমবাংলার উপরে এসে পড়বে। এই সব কথা তারা বিন্দুমাত্র উল্লেখ করলেন না। তারা এমনভাবে কথা বলেন যে পশ্চিমবাংলা একটা স্বাধীন রাজ্য এবং এখানকার অর্থমন্ত্রী একটা স্বাধীন রাজ্যের অর্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করছেন। পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য। ২২টি অঙ্গ রাজ্যের মধ্যে পশ্চিমবাংলা একটা। পশ্চিমবাংলার বিভিন্ন সমস্যা রয়েছে। দীর্ঘদিন ধরে তার সমস্যার সমাধান কেন্দ্রীয় সরকার করেন নি। এই জিনিষগুলি কি তারা কখনও ভেবেছেন? কেন্দ্রীয় সরকারের কি অর্থনীতি, কি কর নীতি, কি মুদ্রা নীতি, কি শিক্ষা নীতি, এই সব নীতির ফলাফল কি দাঁড়াবে সেটা তারা নিশ্চয়ই জানেন। যেহেতু বিধানসভার বিরোধী সদস্য হিসাবে এসেছেন, দেশের কিছু মানুষ এখনও বিভ্রান্ত, তাই তাদের ভোটে এরা জয়যুক্ত হয়ে যান এবং বিধানসভায় এসে সেই ভাবে বক্তব্য রাখছেন। এর ফলে দেশের মানুষ আরো বিক্ষুব্ধ হয়ে ওঠেন। আমি পশ্চিম বাংলার এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কারণ এই বাজেট একটা সুচিন্তিত বাজেট এবং এটা বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে করা হয়েছে। এখানে সোসালিজম করতে যাওয়া হয়নি। বর্তমানে যে বাস্তব অবস্থা তার ভিত্তিতে আগামী এক বছর আমাদের অর্থনীতি কি ভাবে চলছে, কৃষি নীতি কি হবে, কি ভাবে তার উন্নতি করা যাবে, শিল্পের উন্নয়ণ কি ভাবে হবে, সমাজ কল্যাণের কাজগুলি কি ভাবে করা হবে, শিক্ষার কাজগুলি কি ভাবে করা হবে ইত্যাদি তার রূপরেখা এতে দেওয়া হয়েছে। আমাদের কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন সেখানেও দেখা যাবে যে ঘাটতি রয়েছে—২ হাজার ৫০০ কোটি টাকা ঘাটতি রয়েছে। এই ঘাটতির কিছুটা তারা ঋণ হিসাবে তুলবেন। ২৭৩ কোটি টাকা ঋণ হিসাবে সংগ্রহ করবেন। এটা ঋণ হিসাবে সংগ্রহ করলেও দেখা যাবে যে অনেক টাকা ঘাটতি থেকে যাবে। এই ঘাটতি পূরণ করার জন্য আগামীদিনে ট্যাক্স বসান হবে। একটা ফতোয়া জারী করে সরকারী জিনিসগুলিতে—যেমন লোহা, কয়লা, সিমেণ্ট ইত্যাদি জিনিসের দাম বাড়িয়ে এই টাকা সংগ্রহ করা হবে। তাদের টাকা তোলার যে রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে সেই ভাবে টাকা তোলা হবে এবং তার ধাক্কা আবার পশ্চিমবাংলার উপরে এসে পড়বে এবং এর ফলে আবার প্রতিটি জিনিসের দাম বাড়বে। কিন্তু পশ্চিমবাংলার বর্তমান বাজেটে সাধারণ মানুষের

ব্যবহার্য জিনিসের উপরে কোন দর বাড়ান হয়নি এবং তাদের উপরে কোন ট্যাক্স বসান হয়নি। যে জিনিসগুলির উপরে ট্যাক্স বসিলে এই ৭৫ কোটি টাকা আদায় হবে তাতে সাধারণ মানুষের উপরে পড়বে না। কিন্তু আগামীদিনে কেন্দ্রীয় সরকার যে ট্যাক্স বসাবেন তাতে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটবে। এই ঘাটতি বাজেট বরাদ্দের জন্য নোট ছাপানোর ব্যবস্থা হবে এবং তার ফলে আমাদের অর্থনীতিতে আবার একটা আঘাত আসবে। আমরা দেখেছি যে আমাদের রাজ্যসরকার যখনই জনমুখী বাজেটের মাধ্যমে সাধারণ মানুষের পার ক্যাপিটা ইনকাম বাড়াবার ব্যবস্থা করেন, কৃষির উৎপাদন বাড়িয়ে কৃষকের আয় বাড়াবার ব্যবস্থা করেন তখনই কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীর মুদ্রা নীতির ফলে, মূল্য নীতির ফলে অর্থনীতির ফলে সেটা আঘাত প্রাপ্ত হয়। যখন সাধারণ মানুষকে বাঁচাবার জন্য চেষ্টা করা হয়, তাদের শোষণের হাত থেকে বাঁচাবার চেষ্টা করা হয় তখন কেন্দ্রীয় সরকারের জাতাকলের মধ্যে পড়ে সব কিছু বানচাল হয়ে যায় এবং তার বিরুদ্ধে সংগ্রাম করতে পশ্চিমবাংলার মানুষকে হিমসিম খেতে হয়।

হয়ত এক দিকে রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা করছেন কেন্দ্রের সরকারী নীতির ফলে তা কাটা হয়ে যাচ্ছে। আমরা দেখেছি গত বছরে কেন্দ্রীয় সরকারের বাজেটে এক হাজার কোটি টাকা ছাঁটাই হয়ে যায়। সোস্যাল সার্ভিসে প্রায় ৫০০ কোটি টাকা ছাটাই হয়ে যায়। আর এখানে ২ হাজার কোটি টাকার মত বাজেট। এই হচ্ছে কেন্দ্রীয় সয়কারের বাজেটের চেহারা। ছাড়ের কথা, ছাড় তাঁরা কি দিয়েছেন? এখানে ৭৫ কোটি টাকা ট্যাক্সের কথা বলা হয়েছে। কিসে কিসে ট্যাক্স বসানো হয়েছে, সেইসব বিষয় অনেক সদস্যই বলেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার ছাড় দিয়েছেন কাদের? একজন বলেছেন ১৮০ কোটি টাকার মত ছাড় দেওয়া হয়েছে। বড় বড় ধনী, যাদের ইনকাম আছে তাদের উপর ছাড় দেওয়া হয়েছে ইনকাম ট্যাক্স। আর কিছু ফিক্সড ইনকামের মানুষ রয়েছে তাদের উপর ছাড় হয়েছে ৫৬ কোটি টাকা। অর্থাৎ রাজ্য সরকারের ইনকাম ট্যাক্সের অংশ থেকে এখানে যেটা রাজ্য সরকারের তহবিলে আসে, এখানে রাজ্য সরকারগুলি ক্ষতিগ্রস্ত হবে। আর বড় বড় ধনী ব্যক্তিরা এর ছাড় পাওয়ার ফলে লাভবান হবে। কেন্দ্রীয় সরকারের এটাই নীতি। বড় বড় লোক সব সুবিধা পাবে গরীব মানুষের ক্ষেত্রে তা হল না। কেন্দ্রীয় সরকার টেপ রেকর্ডার, ক্যাসেট, গ্রামোফোন রেকর্ড এই সবের উপর ট্যাক্স ছাড় দিয়েছেন। ভাল ভাল চীনে মাটির বাসন যাতে আরও সস্তায় পাওয়া যায় তার ব্যবস্থা করা হচ্ছে। অর্থাৎ ঐ ট্যাক্সের নীতি অন্য রকম, টাটা, বিড়লা এঁরা লাভবান হয়, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ট্যাক্স ছাড়ের বা ট্যাক্সের নীতি অন্য রকম। এই দুই বিরোধী নীতির মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। কেন্দ্রীয় সরকারের ট্যাক্সের নীতির ফলে একচেটিয়া পুঁজিপতিরা কোটি কোটি টাকা লাভ করে এবং দেশে বিদেশে একচেটিয়া কোম্পানী যে সব আছে তাদের লাভের অঙ্ক বেড়ে যায়, আর তার ধাক্কা আমাদের পশ্চিমবঙ্গের উপর পড়ে।

তারপর কৃষি উৎপাদনের কথা, বামফ্রন্ট সরকার আসার পর থেকে কৃষি উৎপাদন বৃদ্ধি করার জন্য যে ব্যবস্থা করা হয়েছে এই বইয়ের মধ্যেই তা দেখা যাবে। বিদ্যুতের কথা বলা হয়ে থাকে, কৃষিতে বিদ্যুৎ বেড়েছে। ডিপটিউবওয়েলের সংখ্যা যা দেওয়া আছে তা এই বইয়ে পাওয়া যাবে। ডিপটিউবওয়েলে বিদ্যুতায়ন করা হয়েছে। শ্যালো টিউবওয়েলে বিদ্যুতায়ন করা হয়েছে। এইভাবে বিদ্যুতায়নের ফলে কিছু কৃষি উৎপাদন বাড়ার সুযোগ এসেছে। সারের ব্যবসার এই পশ্চিমবঙ্গে সারের ব্যবহার হয়। কেন্দ্রীয় সরকার সারের মূল্য বাড়িয়ে দিয়েছেন জনতা সরকারের আমলে সারের দর কমান হয়েছিল আবার ইন্দিরা সরকার আসার পর সারের দর চড়িয়ে দেওয়া হয়েছে, তা সত্ত্বেও এখানে বেশিরভাগ কৃষকেরা সারের ব্যবহার করেছেন। তারপর ভূমিসংস্কার। পশ্চিমবঙ্গে যে ভূমি সংস্কার হয়েছে, এইভাবে ভূমি সংস্কার সারা ভারতের কোন রাজ্যে হয়নি। পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের কাজ এখনো অনেক বাকী আছে হাইকোর্টে ইনজাংসানের ফলে। এখনো অনেক জমি বিলি করা যাচ্ছে না এবং কেন্দ্রীয় সরকার সেই আইনটাতে এখনো সম্মতি দেন নি। তাহলে এতদিন অনেক জমি বিলির কাজ অগ্রসর হতো এবং লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক সামান্য সামান্য জমির মালিক হোতো এবং সেই জমিতে যে মিনিকীট লাগে তা বামফ্রন্ট সরকার ৪৪ লক্ষ মিনিকীট বিতরণ করেছেন জমির উন্নতির জন্য। বামফ্রন্ট সরকার বীজ সংগ্রহের জন্য ৩০ কোটি টাকা বরাদ্দ করছেন। দারুণ খরা, দারুণ বর্ষা তাতে ফসলের ক্ষতি হয়েছে, তা সামলে এই বছর ৫১ লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন হবে। চালের উৎপাদন বাড়ছে সমগ্র খাদ্যশস্য উৎপাদন বাড়ছে। পশ্চিমবঙ্গের অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল এবং সেই কৃষির উন্নতি দীর্ঘদিন ধরে আমরা যতদূর জানি অবহেলিত হয়ে এসেছে। কৃষকের পাশে রাজ্য সরকার কোনদিন দাঁড়িয়েছে? বামফ্রন্ট সরকার গত ৬ বছর ধরে কৃষকের পাশে দাঁড়িয়েছে কিন্তু কৃষিকে মার খাইয়েছে ঐ কেন্দ্রীয় সরকারের অর্থনীতি, তার মূল্যনীতি। কোন রাষ্ট্রীয় কারখানা স্থাপন করা যায়নি। হলদিয়ায় সারের কারখানা হবার কথা, অনেকদিন ধরে ব্যবস্থা হয়ে আছে। কংগ্রেস আমলে তা কার্যকরী হয়নি, বামফ্রন্ট সরকারের আমলেই হলদিয়া সার প্রকল্প চালু হবে। তখন হয়ত দেখা যাবে কেন্দ্রের নির্ধারিত একচেটিয়া সারের মালিক যারা আছে, যেসব কোম্পানী মার্কেট নিয়ন্ত্রণ করে এবং কেন্দ্রীয় সরকারের বড় বড় শিল্পপতি মালিকদের ভর্তুকী দেয়, যাঁরা বলেন আমাদের সরকার নাকি ভর্তুকীর সরকার।

[4-55—5-05 P. M.]

আমাদের বামফ্রন্ট সরকার ভর্তুকীর সরকার নয়, রাজ্য সরকারের টাকায় কেন্দ্রীর সরকারই আজকে ভর্তুকী চালাচ্ছে। তাঁরা বড় বড় ব্যবসায়ীদের ব্যবসা যাতে আরও ফুলে-ফেঁপে ওঠে তার জন্য টাটা বিড়লার কোম্পানীগুলোকে কোটি কোটি টাকা ভর্তুকী দিচ্ছে। আমাদের রাজ্য সরকার ভর্তুকী দেন গরীব কৃষক, ক্ষেতমজুর, প্রান্তিক চাষীকে। চাষীরা চাষের কাজে বিভিন্ন

ব্যাঙ্ক থেকে ঋণ নেয় এবং সেই ঋণের টাকা যদি তারা সময়ে পরিশোধ করেন, তাহলে তাদের সুদের ভর্তুকী দেন এই রাজ্য সরকার। মহাজনের কাছে বাঁধা পড়ার যে রেওয়াজ কংগ্রেস আমল থেকে চলে আসছিল, গত ৪।৬ বছরে সেই রেওয়াজ পাল্টে কৃষকদের সরকার নিজে সুযোগ দিচ্ছে। প্রয়োজনের সময় সে ঋণ নেবে সরকারের কাছ থেকে বা ব্যাঙ্কের কাছ থেকে এবং সময়মত সেই ঋণ ফেরৎ দিলে তার সুদ সরকার দিয়ে দেবে। আজ কোন কৃষক যদি সমবায় সমিতির মেম্বার হতে চায়, তাহলে তার সদস্য-চাঁদা ১০ টাকা রাজ্য সরকার দিয়ে দেবে। এইভাবে কৃষকদের পাশে গোটা ভারতবর্ষের কোথায়ও কোন সরকার দাঁড়িয়েছেন কিনা জানিনা। কিন্তু ১৯৪৭ সাল থেকে কৃষকদের শোষিত হতেই দেখে আসছি। এই অবস্থায় মাত্র ৪।৬ বছরের মধ্যে কৃষকদের মানুষ হিসাবে দাঁড করানো সহজ কাজ নয়। কেন্দ্রীয় সরকারের শোষণ-নীতির ফলে কৃষকদের দাঁড় করানো যাচ্ছে না। আজকে এই রাজ্যে নতুন শিল্প, কলকারখানা করার কথা বলা হোলে বলা হয় যে এই রাজ্যে শিল্প হবে না। হবে কি করে? ওঁরাতো লাইসেন্সই দিতে চান না, লেটার অফ ইনটেন্ট দিতে চান না। এই তথ্য আমাদের কাছে আছে। তথ্য আপনারা দেখাচ্ছেন যে রাজ্য সরকার গত কয়েক বছরে লাইসেন্স চেয়ে কত লেটার অফ ইনটেন্ট পাঠিয়েছিলেন এবং কত মঞ্জুর করা হয়েছে। আমরা স্বীকার করছি, কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই করে কিছু বেশীই আমরা আদায় করেছি। আপনাদের আমলের চেয়ে বামফ্রন্ট সরকারের আমলে বেশী লাইসেন্স করানো গেছে। ফলে ইনষ্টল্ড ক্যাপাসিটিও এখানে বেড়েছে। সে সময়কার ৬ বছর এবং বামফ্রন্ট সরকারের ৬ বছরের তুলনা করলেই এটা পরিষ্কার হবে। আজকে বিদ্যুৎ এবং কলকারখানা যে কোন ব্যাপারেই বলুন না কেন, বৈষম্য ঘোচান যাচ্ছে না। আপনারা যেখানে নির্বাচিত হননি সেখানেও কম ভোট পাননি। আবার যেখানে নির্বাচিত হয়েছেন সেখানেও ভোট পেয়েছেন। কিন্তু মানুষ আজ আপনাদের কাজে বিভ্রান্ত। আজ গোটা দেশের মানুষ কেন্দ্রের অবিচারের বিরুদ্ধে দাঁড়িয়েছেন। আপনারাও তো জনপ্রতিনিধি, এই অবস্থায় আপনারাও যদি কেন্দ্রের এই এই অবিচারের বিরুদ্ধে দাঁড়াতেন তাহলে বুঝতাম! কেন আজ দুর্গাপুরে কারখানা হয় না? কেন হলদিয়ায় জাহাজ মেরামতির কারখানা হচ্ছে না? কেন আজ সল্টলেকে ইলেকট্রনিকস্ কমপ্লেক্স্ হচ্ছে না? কেন সারের কারখানা পশ্চিমবাংলায় হয় না? কেন্দ্রীয় সরকার নানা টাল-বাহানা করে সব কিছু বাদ দিয়ে রেখেছেন। এর থেকে পরিষ্কার হয়ে যায় যে পশ্চিমবাংলার ক্ষেত্রে অবিচার করা হচ্ছে এবং দীর্ঘদিন ধরেই এটা ঘটে আসছে। ১৯৫২ সালের নির্বাচনে পশ্চিমবাংলায় প্রথম ৩০ জন কম্যুনিষ্ট এম. এল. এ নির্বাচিত হবার পর থেকেই এই অবিচার সুরু হয়েছে। তখন থেকেই মার্কসবাদী ট্রেড ইউনিয়নের আওতায় এর বিরুদ্ধে আন্দোলন চলে আসছে।

মার্কসবাদীদের হাতে ট্রেড ইউনিয়ানগুলি চলে যাচ্ছে, বামপন্থীদের দ্বারা ট্রেড ইউনিয়ন আন্দোলন হচ্ছে, সেইজন্য কেন্দ্রীয় সরকার বুঝতে পেরেছে যে পশ্চিমবাংলায় যদি বড় বড় শিল্প কলকারখানা গড়ে তোলা যায় তাহলে কংগ্রেস এম. এল. এ এবং এম. পি যাবে না, বামপন্থীদের

এম. এল. এ এবং এম. পি যাবে। সারা ভারতবর্ষে শ্রমিক আন্দোলন জোরদার হয়ে যাবে, আরো শক্তিশালী হয়ে যাবে। তাই তাঁরা পশ্চিমবাংলায় বড় বড় কলকারখানা, বড় বড শিল্প তৈরী করতে চায় না, পশ্চিমবাংলায় দু-দুটো নির্বাচন হয়েছে পঞ্চায়েত নির্বাচন হয়েছে, লোকসভা নির্বাচন হয়েছে বামপন্থীদের নেতৃত্বে। সেই নির্বাচনে বেশীর ভাগ আসনে বামপন্থী প্রার্থী জয়লাভ করেছে। রাজনীতির দিক থেকে এটা পরিষ্কার হয়ে গিয়েছে যে ওঁদের নীতি আর পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের নীতি আলাদা, আমরা আমাদের নীতি নিয়ে সংগ্রাম করে চলেছি। তার থেকে কেন্দ্রীয় সরকার একটা রাস্তা খুঁজে পেয়েছে। ফেডারেল ষ্টেট হিসাবে, ফেডারাল ব্যবস্থা হিসাবে না চললে, অন্য কোন শাসন ব্যবস্থা চালালে পশ্চিমবাংলাকে জব্দ করে অন্যান্য রাজ্যকে দেখিয়ে দিতে চায় যে আমাদের কথা না শুনলে, আমাদের নীতি সমর্থন না করে বামপন্থী নীতি সমর্থন করে চললে তোমাদের এইভাবে নষ্ট করে দেব। জনসংখ্যার হিসাব ধরলে পশ্চিমবাংলার জনসংখ্যা কম নয়। অন্যান্য রাজ্যের তুলনায় কেবল ৪।৫টি রাজ্য ছাড়া পশ্চিমবাংলায় জনসংখ্যা অন্যান্য রাজ্যের তুলনায় বেশী। পশ্চিমবাংলায় ৫ কোটিরও বেশী মানুষ বাস করে। আমাদের যদি জনসংখ্যা হিসাবে দেখা যায় তাহলে এখানে বেশী সমস্যা আছে। আমাদের যে ন্যায্য পাওনা আছে, কলকারখানা শিল্পের দিক থেকে সেখানে দেখা যাবে আমাদের বঞ্চিত করা হচ্ছে। পশ্চিমবাংলায় কুটির শিল্প নিজের পায়ে কি করে দাঁড়াবে তার চেষ্টা করেছেন আপনারা? পশ্চিম-বাংলার কুটির শিল্পের ক্ষেত্রে দীর্ঘদিন দেখে এসেছি তাঁতীরা তাদের কাজ ছেড়ে দিচ্ছে তারা তাঁতের কাজ ছেড়ে দিয়ে ক্ষেত মজুরের কাজ করতে যেত। এইভাবে ক্রমশ কুটির শিল্প ধ্বংসের পথে চলে যাচ্ছিল। কিন্তু তারপর এই বামফ্রন্ট সরকার আসার পর গ্রামের যারা তন্তুবায় রয়েছে, তাঁতের কাপড়ের যারা কাজ করে তারা একটা নুতন পথ দেখতে পেয়েছে। এই ক্ষুদ্র এবং কুটির শিল্পের মধ্যে তাঁত শিল্প পশ্চিমবাংলায় যত কাপড় লাগে, যত বস্ত্র লাগে তার ৪০ ভাগ তাঁত শিল্প থেকে আসছে। আগে আমরা কোলকাতা এবং গ্রামাঞ্চলে বড় বড় দোকানে শুনতাম পশ্চিম-বাংলায় বিভিন্ন রাজ্য থেকে কাপড় আসতো। কিন্তু এখন তার উল্টোটা হচ্ছে। এখন দেখা যায় কলিকাতায় যে তাঁত শিল্পের মেলা হয়, পশ্চিমবাংলায় যে তন্তুবায় সামগ্রী আছে সেইগুলো সারা পশ্চিমবাংলায় এবং বিভিন্ন রাজ্যে যায়। এই তাঁত শিল্প এবং তাছাড়া অন্যান্য যে সমস্ত শিল্প আছে ক্ষুদ্র এবং কুটির শিল্প যেগুলি এই রাজ্যের এক্তিয়ার ভুক্ত, এই রাজ্য সরকার তার প্রয়োজন মাফিক নীতি নির্ধারণ করছে। তার ফলে শিল্পীরা নিজের পায়ে দাঁড়াতে পারছে এবং লক্ষ লক্ষ মানুষ এর দ্বারা কাজ পাচ্ছে। সেইভাবে যদি বড় এবং মাঝারি শিল্প রাজ্যের হাতে দিত তাহলে ভালো হত। আপনারা বলেন কেন্দ্রীয় সরকারের টাকা ফেরত গেছে, অমুক গেছে তমুক গেছে। সেই দিন সাত্তার সাহেব বললেন অনেক টাকা ফেরত গেছে। আমি জানিনা তিনি এই সব হিসাব কোথা থেকে পান। এইসব কথা না বলে তিনি যদি কেন্দ্রে বলতেন যে কেন বড় কারখানার লাইসেন্স দেওয়া হচ্ছে না, কেন লেটার অফ ইনটেন্টকে লাইসেন্সে পরিণত করা হচ্ছে না। তাহলে এখানে অনেক বড় বড় কারখানা গড়ে উঠতে পারতো। বড় বড় কারখানা গড়ে উঠলে বেকার

সমস্যার কিছু সমাধান হতো। বেকার সমস্যা পশ্চিমবাংলায় বেড়ে এটা আকাশ থেকে পড়ে হয়নি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এসে বিভিন্ন ব্লকে ব্লকে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ খোলার চেষ্টা করছেন। প্রতিটি মহকুমা ভিত্তিক এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ খোলা হয়েছে। তার ফলে বেকার ছেলেরা নাম লেখাতে পারছে। নাম লিখিয়ে তারা চাকুরী পাচ্ছে। তারপর যারা বেকার আছে তাদের স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে কাজ হবে। সেইজন্য তারা নাম লেখাচ্ছে।

[5-05—5-15 P. M]

ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে এই রাজ্যের অনুরূপ নীতি নিয়ে অগ্রসর হয়নি, সেজন্য সেখানে বেকার ছেলেরা কম পরিমাণে নাম লিখিয়েছেন। অতএব, এ কথা লুকিয়ে বলার দরকার নেই যে, একটা বিশেষ নীতি নিয়ে পশ্চিমবাংলার সরকার এগিয়ে চলেছেন। পশ্চিমবাংলার সাধারণ মানুষ বামফ্রন্ট সরকারের এই কল্যাণমুখী নীতির কথা ভালভাবেই বুঝতে পেরেছেন। এখানে মানুষ এও ভাল করে বুঝতে পেরেছেন যে, কেন্দ্রের বিরুদ্ধে যদি সমবেত ভাবে সংগ্রাম না করা যায়, তাহলে এখানে বেকার সমস্যারও কোন সমাধান হবে না। তাঁরা এখানে নতুন শিল্প সংস্থা করার অনুমতি দিতে চাইছেন না। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে বাধার সৃষ্টি করছেন। সাধারণ মানুষ এ কথা বুঝতে পেরেছেন। আগামী দিনে এই সব দৃষ্টি নিয়ে নতুন ভারতবর্ষ গড়ে তোলার জন্য পশ্চিমবাংলার মানুষকে সংগ্রাম চালিয়ে যেতে হবে। এই সমস্ত কথা বলে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন এবং যে বক্তব্য রেখেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপেন্দ্র নাথ শেঠ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা, বিরোধীদলের সদস্যরা দুর্ভাগ্যবশতঃ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ৯ই মার্চ যে বাজেট পেশ করেছিলেন এবং পাঠ করেছিলেন, তা শোনার সৌভাগ্য লাভ করতে পারি নি। তাহলেও, আমরা বাজেটে লক্ষ্য করেছি মোট ৭৭টি প্যারা আছে। এটা পড়ে আমরা তাঁর বক্তব্য কি ছিল, তা জানতে পেরেছি। বাজেটের মধ্যে দেখা যাচ্ছে ৭৫ কোটি টাকা বাড়তি কর ধার্য করার প্রস্তাব রাখা হয়েছে। পশ্চিমবাংলার মানুষ এই কর' এর বোঝা নিয়ে ঘুরবেন এবং জীবনযাত্রা নির্বাহ করবেন। আমরা যাঁরা গ্রাম বাংলা থেকে এসেছি, যাঁদের গ্রাম গঞ্জের মানুষের সাথে সংযোগ আছে, তাঁদের মধ্যে হয়ত এই বাজেট রচনার জন্য অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেবেন। কিন্তু আমরা এতে সম্মতি দিতে পারি না। অর্থমন্ত্রী মহাশয়ের গ্রাম গঞ্জের মানুষের সাথে যদি সংযোগ থাকতো বা থেকে থাকে, তাহলে পরবর্ত্তী কালে এর প্রতিক্রিয়া তিনি বুঝতে পারবেন। এই বাজেটের মধ্যে তিনি বলেছেন, এর মাধ্যমে আগামী দিনে কৃষির উৎপাদন বাড়বে। তাঁদের রচিত বাজেটের মধ্য দিয়েই রেকর্ড

পরিমাণ ফলন এখানে ফলেছে। শুধু তাই নয়, আগামী দিনে কৃষির উৎপাদন আরও বাড়বে। মাননীয় অর্থমন্ত্রীর হয়ত জানা আছে, কৃষি-উৎপাদনে এই সরকারের অবদান কতটুকু আছে। পশ্চিমবাংলার সাধারণ কৃষক, যারা খেতে খামারে কাজ করে, তাদের গত বছর প্রচণ্ড খরা অতিক্রম করতে হয়েছে তাদের ঘরে অন্ন না থাকায়, নিজেদের অনাহারে থাকতে হয়েছে এবং অধিকাংশ পরিবারকেই তা অতিক্রম করতে হয়েছে। তাদের নিজেদের তাগিদেই বেশী ফলনের জন্য মন দিতে হয়েছে। তারা যুদ্ধকালীন অবস্থা হিসাবে ব্যবস্থা নিয়েছে। এরই ফলশ্রুতি হিসাবেই কৃষির উৎপাদন বেড়েছে। সুতরাং একে সর্বকালীন রেকর্ড বলে দাবী করা চলে না। ১৯৭৭ সালে সিদ্ধার্থশংকর রায়ের আমলে পশ্চিমবাংলায় ৯৮ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছিল।

আর আপনি সর্বকালীন সর্বাপেক্ষা বেশী কৃষি উৎপাদন বলে চিৎকার দিচ্ছেন। এতে আপনার কি অবদান আছে? সাধারণ কৃষকের জন্য আপনারা কি দিয়েছেন? আপনারা সাধারণ কৃষকের জন্য কতগুলি স্যালো টিউবওয়েল দিয়েছেন? ১৯৭৭ সালের পরে পশ্চিমবাংলার বুকে নতুন কোন ডিপ টিউবওয়েল সৃষ্টি করতে পারেন নি। কোন আর এল আই-এর ইন্সটলেশান নেই। ক্ষুদ্র সেচ প্রকল্পে যে সমস্ত টাকা কেন্দ্রীয় সরকার থেকে নেওয়া হয়েছে পরিসংখ্যান দেখলে দেখা যাবে সমস্ত টাকা এখান থেকে ফেরত চলে যাচ্ছে। এগজিসটিং ডিপ টিউবওয়েলগুলির ভেতর কতগুলি খারাপ হয়েছে সেই সম্পর্কে অর্থমন্ত্রী মহাশয় কোন সংবাদ রাখেন কিনা? আর এল আই ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে গেছে, ফলে মাঠের ধান মার খাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। আমরা গত বছর বারংবার চিৎকার করেছি যেসব ডিপ টিউবওয়েল ইলেকট্রিসিটির অভাবে বন্ধ হয়ে যাচ্ছে, মেনটেনেন্সের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে সেই সমস্ত ডিপ টিউবওয়েলগুলি সারাই করে আপনারা কৃষি উৎপাদনে সহায়ক হোন। আপনি বলুন আজ পর্যন্ত সেই ডিপ টিউবওয়েলগুলির কতগুলি সারাই করেছেন? আপনারা বলেছেন ৩০ লক্ষ টাকার বীজ ধান ক্রয় করে কৃষকদের মধ্যে বিতরণ করেছেন। ব্লকওয়ারী পরিসংখ্যানে দেখা যাচ্ছে আপনারা ইনপুট লোন দিয়েছেন কৃষকদের মধ্যে যার মধ্য দিয়ে কৃষি বিপ্লব হচ্ছে। আমি ব্লকওয়ারী ডিপ টিউবওয়েল, আর এল আই এর অধীনে যে সমস্ত কমাণ্ড এলাকা আছে এবং সেখানে যে সমস্ত মার্জিন্যাল ফারমার্স আছে তার একটা পরিসংখ্যান দিয়ে বলছি যে একটা ডিপ টিউবওয়েলের অধীনে ৩টি আর এল আই আছে এবং সেই আর এল আই-এর অধীনে ১৭৫ জন মার্জিন্যাল ফারমারদের মধ্যে মাত্র ২০ জন ফারমারকে মিনিকিট দেওয়া হয়েছে। এতে কি সবুজ বিপ্লব হবে? এক একটা ব্লকে ১৬ থেকে ১৭টা অঞ্চল থাকে, সেই অঞ্চলে ইনপুট লোন দিয়েছেন মাত্র ৭৫০ জন লোককে। এই দিয়ে কি আপনারা খাদ্য উৎপাদনে বিপ্লব আনবেন? এই দিয়ে কি আপনারা কৃষকের ঘরে অন্নের ব্যবস্থা করবেন? কৃষি উৎপাদন যদি বেড়ে থাকে তাহলে কৃষকরা নিজেদের তাগিদে নিজেদের ক্ষমতার বলে বাড়িয়েছে।

(এই সময় লাল বাতি জ্বলিয়া উঠিল)

বিভিন্ন পরিসংখ্যান আমাদের কাছে ছিল, গ্রাম থেকে আমরা পরিসংখ্যান এনেছি, এই পরিসংখ্যান আজকে হাউসে পেশ করার সুযোগ মাননীয় অধ্যক্ষ মহাশয় দিচ্ছেন না। আমি বলতে চাই অর্থমন্ত্রী মহাশয় দেশের উন্নয়ন খাতে টাকা দিয়েছেন, তাতে যদি দেশের উন্নয়ন হত তাহলে আমাদের বলার কিছু ছিল না। শিক্ষা খাতে তিনি টাকা দিয়েছেন, তাতে যদি শিক্ষার সুবন্দোবস্ত হত তাহলে আমাদের কিছু বলার থাকত না। কিন্তু অর্থমন্ত্রী মহাশয় কি জানেন নো এগজামিনেশান সিস্টেম চালু হওয়ার ফলে এই বছর প্রাইমারী স্কুলের যেসব আউটগোইং স্টুডেন্ট ছিল তারা মাধ্যমিক স্কুলে ভর্তি হওয়ার সুযোগ পায়নি? এইভাবে বিভিন্ন দিক থেকে পরিসংখ্যান দিলে দেখা যাবে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন সেই বাজেট জনস্বার্থ বিরোধী বাজেট, সেজন্য এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করতে বাধ্য হচ্ছি।

[5-15—5-25 P. M.]

শ্রীপ্রবোধ চন্দ্র সিন্‌হা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের অর্থ মন্ত্রী ১৯৮৪-৮৫ সালে যে বাজেট এই সভার অনুমোদনের জন্য পেশ করেছেন এবং সেই সাথে তাঁর যে বাজেট বক্তব্য আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বাজেটের উপর গত দু দিন ধরে সাধারণ বিতর্ক চলছে এবং বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্যগণ এই বাজেটের বিরোধিতা করে যে বক্তব্য এই সভায় রেখেছেন তা আমি শুনেছি। তাঁদের বক্তব্য থেকে এই ধারণা হওয়া স্বাভাবিক যে তাঁরা যেন পশ্চিমবঙ্গকে ভারতবর্ষ থেকে পৃথক করে আলাদা রাজ্য হিসাবে একটা স্বতন্ত্র রাজ্য হিসাবে বিবেচনা করেছেন। এবং সেই দৃষ্টিভঙ্গিতে পশ্চিমবাংলার অর্থনৈতিক বিষয়টিকে পর্যালোচনা করেছেন। তাঁরা বিস্মৃত হয়ে যাচ্ছেন যে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের অঙ্গরাজ্যগুলির মধ্যে অন্যতম। আমাদের সংবিধানে অর্থনৈতিক ক্ষমতাকে রাজ্য এবং কেন্দ্রের মধ্যে যেভাবে বিভক্ত করে রাখা হয়েছে সেই অর্থনৈতিক নীতির মাধ্যমে পশ্চিম-বাংলাকে চলতে হচ্ছে। এই কথা তাঁরা ভুলে গেছেন। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কোন রকম গোপন না করে প্রকাশ্যে আমাদের সরকারের পক্ষ থেকে বার বার একথা বলা হয়েছে যে এই সংবিধানের গণ্ডির সীমাবদ্ধতার মধ্যে থেকে সম্পূর্ণভাবে যে লক্ষ্যে আমরা পৌছাতে চাই, তা সম্ভব নয়। এই সীমাবদ্ধতার মধ্যে থেকেও যে অর্থনৈতিক ক্ষমতা রাজ্যের হাতে এসে পৌছোবে, সেই ক্ষমতার মাধ্যমে দেশের সাধারণ মানুষের উন্নতি কতটা করতে পারা যায় তার জন্য বামফ্রন্ট সরকার তার সমস্ত শক্তিকে নিয়োজিত করবেন। সরকার পক্ষের মাননীয় সদস্যগণ এ সম্পর্কে বিভিন্ন রকম পরিসংখ্যান উত্থাপন করে কৃষি, ক্ষুদ্র শিল্প, ক্ষুদ্র সেচ, বিদ্যুৎ ও শিল্পের ক্ষেত্রে কতটা অগ্রগতি গত ছয় বছরে করতে পেরেছেন সেটা তুলে ধরেছেন। আমি সেই বিষয়ের দিকে যাচ্ছি না। আমি বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব তাঁর বাজেট বক্তৃতা যে বক্তব্য এখানে রেখে গেছেন, আমি তার দুটি বিষয় সম্পর্কে কিছু বলতে

চাই। তিনি একটা কথা বলেছিলেন কেন্দ্রের বাজেটের কথা উল্লেখ করে যে কেন্দ্রীয় সরকার আর্থিক সনির্ভরতার দিকে এগিয়ে চলে যাচ্ছে এবং কেন্দ্রীয় সরকার যেভাবে আর্থিক স্থিতিশীলতার দিকে এগিয়ে যাচ্ছে, সেদিক থেকে পশ্চিমবাংলা আর্থিক দৈন্যের মধ্যে চলছে এবং তাকে ভিক্ষার ঝুলি নিয়ে আর্থিক সমস্যা সমাধানের জন্য এগোতে হচ্ছে। আর একটা কথা তিনি বলেছিলেন যে শিল্পের দিক থেকে নাকি ভয়ঙ্কর ডেভেলপমেণ্ট হয়েছে। ব্যালেন্স অব ট্রেড নাকি ভারতবর্ষের ফেবারেবল পোজিসনে গেছে। যেটা ভারত সরকার করতে পেরেছে, পশ্চিমবঙ্গ সরকার সেই সুযোগ সুবিধা নিতে পারছে না। কেন সেইভাবে এগোতে পারছে না তা তিনি বুঝতে পারছেন না। ডাঃ জয়নাল আবেদিন সাহেবের মত একজন বিশিষ্ট অভিজ্ঞ পার্লামেণ্টারিয়ান এই সব তথ্য কোথায় পেলেন? এই কয়েক দিন আগে প্রণব মুখার্জি আমাদের কেন্দ্রীয় অর্থ মন্ত্রী ১৯৮৪-৮৫ বাজেট লোকসভায় পেশ করেছেন এবং সেই সব ফিগার খবরের কাগজেও প্রকাশিত হয়েছে। সেটা দেখলে দেখা যাবে কেন্দ্রীয় সরকারেরও রাজস্ব খাতে যে আয় এবং রাজস্ব খাতে যে ব্যয় ২ হাজার ৭শত কয়েক কোটি টাকার মত যে ব্যয়ের পরিমাণ তা সংকুলান হচ্ছে না। রাজস্ব খাতে সেই ব্যয় সংকুলানের জন্য টাকা পাওয়া যাচ্ছে না। সেই ব্যয় মেটানোর জন্য অন্য খাত থেকে টাকা সংগ্রহ করা হচ্ছে। তার মানে হচ্ছে কেন্দ্রীয় সরকারকেও তার দৈনন্দিন খরচ মেটানোর জন্য প্রতিদিন ধার করতে হচ্ছে। আমার কাছে তথ্য আছে, আমি বলে দিতে পারি যে কত টাকা রাজস্ব খাতে আয় হচ্ছে এবং রাজস্ব খাতে মোট কত টাকা ব্যয় হচ্ছে। রাজস্ব খাতে আয় হচ্ছে ২৩,৭৪৪ কোটি টাকা আর ব্যয় হচ্ছে ২৬,৩৪২ কোটি টাকা।

সুতরাং কেন্দ্রীয় সরকারের অর্থ নৈতিক অবস্থা মোটেই ভাল নয়। রেভিনিউ রিসিপ্টস এবং রেভিনিউ এক্সপেনডিচার যদি ধরা যায় তাহলে এই কথা অনস্বীকার্য্য যে কেন্দ্রীয় সরকারকে তাদের তদানীন্তন খরচ পরিচালনার জন্য টাকা ধার করতে হচ্ছে। অন্য দিকে কি হচ্ছে? ওরা তো ফেভারেবল ব্যালান্স অব ট্রেডের কথা বলে দিয়েই চলে গেলেন। ফেভারেবল ব্যালান্স অব ট্রেডের ক্ষেত্রে, বহিঃবানিজ্যের ক্ষেত্রে ভারত সরকার ভাল জায়গায় পৌছতে পেরেছে? আমরা কি দেখতে পাচ্ছি? আমরা যদি কয়েক বছরের এক্সপোর্ট, ইমপোর্টের হিসাব সভায় উত্থাপন করি তাহলে ব্যালান্স অব ট্রেড কোথায় গিয়ে হাজির হয়েছে সেটা দেখতে পাব। যখন জনতা সরকার ছিল তখন আমরা বিদেশ থেকে যে জিনিসপত্র আমদানি করতাম তার বাৎসরিক মোট মূল্য হচ্ছে ৯ হাজার কোটি টাকা কিন্তু শ্রীমতী গান্ধী আসার পরে ১৯৮০/৮১ সালে এই আমদানির মাত্রা আরো বেড়ে গিয়ে ১২ হাজার ৫৬০ কোটি টাকায় গিয়ে দাঁড়াল। ১৯৮১/৮২ সালে ১৩ হাজার ৬৭০ কোটি টাকা, ১৯৮২/৮৩ সালে ১৪ হাজার ২৭৫ কোটি টাকা এবং ১৯৮৩/৮৪ সালে ১৫ হাজার কোটি টাকা হয়েছে। অর্থাৎ জনতা সরকারের আমলে যেখানে ৯ হাজার কোটি টাকা ছিল ৫ বছরে সেটা ১৫ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে, প্রায় দ্বিগুণের কাছাকাছি গিয়ে দাঁড়িয়েছে। যেভাবে আমদানি বেড়েছে সেই ভাবে কিন্তু রপ্তানি বাড়াতে

পারেন নি। রপ্তানির পোজিসন কোথায় রয়েছে? ১৯৭৭ সালে যা টোটাল ডেফিসিট ছিল অর্থাৎ আমদানি, রপ্তানির মধ্যে ৬০০ কোটি টাকার গ্যাপ ছিল, অর্থাৎ ১০% এর মত ছিল। আর ১৯৮০/৮১ সালে ৫০% ট্রেড ডেফিসিট দাঁড়িয়েছে এবং এটা দাঁড়িয়েছে বলেই কেন্দ্রীয় সরকারকে বিভিন্ন সূত্র থেকে ধার করার জন্য এগিয়ে যেতে বাধ্য হতে হয়েছে। ফলে আমাদের টোটাল ডেব্‌ট অর্থাৎ বৈদেশিক ঋণের মাত্রা অনেক বেশী পরিমানে বেড়ে গেছে। ১৯৭৭/৭৮ সালে যেখানে ৯ হাজার কোটি টাকা ছিল এখন সেখানে ১৯ হাজার কোটি টাকা হয়েছে। কেন্দ্রীয় সরকারের অবদান হচ্ছে ইণ্টারন্যাশন্যাল মনিটারি ফাণ্ড থেকে লোন করলেন, তারপর বিদেশী নন-রেসিডেণ্টদের কাছ থেকে ধার করছেন, নেক্সট ডে ব্যাংকের কাছ থেকে ধার করছেন, ফরেন গভর্ণমেণ্টের কাছ থেকে ধার করছেন। অর্থাৎ বিদেশ থেকে ধার হিসাবে পাওয়া যায় এমন কোন সূত্র নেই যেখান থেকে কেন্দ্রীয় সরকার ধার করছেন না এবং এমন কোন সূত্র নেই যে সূত্র কেন্দ্রীয় সরকার অনুসরণ করছেন না বা সেই সূত্রের মাধ্যমে টাকা সংগ্রহ করার চেষ্টা করছেন না। এই যদি পোজিসন হয় তাহলে কি করে বলতে পারি আমাদের ট্রেডের অবস্থা ভাল, ফেভারেবল ব্যালান্স অব ট্রেড হচ্ছে? ভারতবর্ষের অর্থনৈতিক চিত্র কখনই উজ্জ্বল নয়। তাহলে এক্সপোর্ট ইমপোর্টের ফিগার, পারসেনটেজ কোথায় গিয়ে পৌছতে পারত সেটা আমরা সকলেই বুঝতে পারতাম। অন্য দিকে আমরা কি দেখতে পাচ্ছি? আর সব চেয়ে মারাত্মক বিষয় হল কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ বা নিয়ন্ত্রন নেই বলে কালো টাকা প্রচুর পরিমানে বেড়ে গেছে। কালো টাকার উপর সরকারের কোন নিয়ন্ত্রন নেই। ১৯৬৭ সালে মোট জাতীয় আয়ের ১০% ব্ল্যাক মানি ছিল, ১৯৭২/৭৩ সালে সেটা বেড়ে ৩২% হল, ১৯৭৬/৭৭ সালে সেটা ৩৭·৬% হল, আর বর্তমানে সেটা প্রায় ৫০% গিয়ে দাঁড়িয়েছে। সুতরাং আজকে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কালো টাকার উপর কোন নিয়ন্ত্রন নেই। সেদিক থেকে বলতে গেলে বলতে হয় প্রাকটিক্যালি তিনি ফুল ফ্লেজেড ১০০ পারসেণ্ট অর্থমন্ত্রী নন। কারণ পার্লামেণ্টে ফাইন্যান্স মিনিষ্টার বাজেট পেশ করে যে অর্থনীতির কথা বলেছেন তাতে মাত্র ৫০% তাঁর নিয়ন্ত্রণে রয়েছে, আর বাকি ৫০% একটা সমান্তরাল কালো টাকার অর্থনীতি চলেছে, যেটার উপর তাঁর কোন নিয়ন্ত্রন নেই। অর্থাৎ তিনি ৫০% অর্থমন্ত্রী ভারতবর্ষের এবং এই অর্থনীতি নিয়ে তিনি দেশ চালাচ্ছেন। কাজেই যে দেশের এই অবস্থা হয়েছে সেখানকারই একটা অঙ্গ রাজ্য হচ্ছে আমাদের এই পশ্চিমবাংলা আর ওরা আমাদের অর্থনীতি নিয়ে চিন্তা ভাবনার কথা বলছেন। ওদের কথা শুনে আমি একেবারে তাজ্জব হয়ে যাচ্ছি। ওরা ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে বলছেন যে এই মাত্র ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হয়েছে। প্রফেসর রাজকৃষ্ণ, এক সময় যিনি এর মেম্বার ছিলেন ইণ্ডাষ্ট্রিয়্যাল গ্রোথ সম্বন্ধে তিনি একটি আর্টিকেলে বলছেন, "The rate of industrial growth has been continuously declining." মানে ক্রমাগত ইণ্ডাষ্ট্রিয়্যাল গ্রোথ ফল করতে শুরু করেছে। "It was lower in the eighties than it was in the seventies, lower in the seventies than it was in the sixties and lower in the sixties that it was in the fifties."

[5-25—5-35 P. M.]

এবং একথা বলে তিনি কি বলছেন ? ফাষ্ট প্ল্যানে আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ ছিল ৭ পারসেণ্ট, এই ৭ পারসেণ্ট ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ যদি মেনটেন করতে হয় তাহলে কতকগুলি অবসটাকেলস এ্যাণ্ড হাডেলসের কথা তিনি বলেছেন, সেগুলি অতিক্রম করতে হবে। এই হচ্ছে ফিগার এবং ষ্টাটিষ্টিক্স। এই ফিগারের উপর ভিত্তি করে আমি অন্ততঃ বুঝতে পারি না যে আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ কিভাবে বৃদ্ধি হচ্ছে। যেটা বলে গেলেন মাননীয় বিরোধীদলের সদস্য সেটা ঠিক আমি বুঝতে পারছি না। এর ফল কি দাঁড়িয়েছে ? প্রথম পরিকল্পনার সময় কেন্দ্রের যে অর্থনৈতিক কাঠা-মোটা ছিল সেটা পর পর পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে তার রূপান্তর ঘটেছে, রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ডিরেক্ট ট্যাক্স বা প্রত্যক্ষ করের উপর বেশী গুরুত্ব আরোপ করেছিলেন, পরবর্তীকালে দেখা গেল মোট যে ট্যাক্স আদায় হচ্ছে তাতে সেখানে প্রত্যক্ষ করের পরিমাণ কমে যাচ্ছে এবং পরোক্ষ করের পরিমাণ বেড়ে যাচ্ছে। এই বাড়ার পরিমানটা হচ্ছে, প্রথম পরিকল্পনায় ১৯৫০-৫১ সালে যেখানে প্রত্যক্ষ কর হিসাবে আদায় করা হত ৪৪ পারসেণ্ট সেখানে ১৯৮০-৮১ সালে সেই প্রত্যক্ষ কর আদায়ের পরিমাণটা হচ্ছে মাত্র ২০ পারসেণ্ট। পরোক্ষ কর-একসাইজ ডিউটি, ১৯৫১-৫২ সালে যেখানে ১৭ পারসেণ্ট আদায় করা হত ১৯৭০-৭১ সালে সেই পরোক্ষ কর, একসাইজ ডিউটি ৫৫ পারসেণ্ট আদায় করা হচ্ছে। প্রত্যক্ষ কর ইনকাম ট্যাক্স, করপোরাল ট্যাক্স যেগুলি বিত্তশালী মানুষরা দিয়ে থাকেন সেখানে কেন্দ্রীয় সরকারের ধনিক তোষন নীতির জন্য সেই বিত্তবান মানুষদের তারা সুযোগসুবিধা দিচ্ছেন আর অপরদিকে একসাইজ ডিউটি, কাস্টম ডিউটি বেশী মাত্রায় চাপিয়ে দিচ্ছেন এবং তার ফলে প্রতিটি ভোগ্য পন্যে বহু পয়েণ্টে ট্যাক্স বসছে এবং জিনিষপত্রের দাম বাড়ছে। জিনিষপত্রের দাম বাড়ার ফলে কনজিউমার হিসাবে সাধারণ মানুষ তাদের উপর করের বোঝা বেশী চেপে যাচ্ছে এবং তাতে দেশে দারিদ্র বাড়ছে, সাধারণ মানুষ আর্থিক কষ্টে পড়ছেন। এ কথাটা প্ল্যানিং কমিশন নিজেও স্বীকার করেছেন। প্ল্যানিং কমিশন ১৯৭৮ থেকে ১৯৮৩ সালের প্ল্যান এ্যাপ্লাই করতে গিয়ে নিজেই বলেছেন "The most important objectives of planning have not been achieved, the most cherished goods seem to be almost as distant today as when we set out on the road to planned development."

অর্থাৎ যেদিন পরিকল্পিত অর্থ নীতির দিকে আমরা হাঁটতে সুরু করেছিলাম সেদিন আমাদের লক্ষ্যমাত্রা যতদূরে ছিল ৫টা পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরও এবং পরিকল্পিত অর্থনীতি অনুসরণ করার পরও আমরা ঠিক সেই জায়গাতেই দাঁড়িয়ে আছি। সেই চেরিসড গোলগুলি কি ? They are the achievement of full employment, the eradication of poverty and the creation of a more equal society' অর্থাৎ কিছুই অর্জন করা সম্ভব হয়নি। এটা

প্ল্যানিং কমিশন নিজেই তাদের রিপোর্টে বলেছেন। এর ফলে এই সব চাপ রাজ্য সরকারগুলি ঘাড়ে এসে পড়ছে এবং তাদের তা গ্রহণ করতে হচ্ছে। কেন্দ্রীয় ভাণ্ডার থেকে রাজ্যের কাছে যে আর্থিক সাহায্য আসার প্রয়োজন ছিল প্রত্যেক বছরের হিসাব নিলে দেখা যাবে সেই আর্থিক সাহায্যের মাত্রা বছরের পর বছর কমে গিয়েছে এবং তার ফলে রাজ্যগুলি অনেক অসুবিধার মধ্যে পড়ে যাচ্ছে। কিন্তু তা সত্বেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কি করছে? কেন্দ্রীয় ভাণ্ডার থেকে আর্থিক সাহায্য কমা সত্বেও বামফ্রন্ট সরকার তার নিজস্ব শক্তিতে রাজ্যের রাজস্ব বাড়াবার চেষ্টা করছেন। পঞ্চম যোজনার শেষে অর্থাৎ কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন ৫ম যোজনার মোট ব্যয়ের অনুপাতে পশ্চিমবংগের রাজস্ব সংগ্রহের পরিমান ছিল যেখানে ৬২·২ পারসেণ্ট সেখানে ৬ষ্ঠ যোজনাতে এই পরিমান বেড়ে হয়েছে ৮০·৬ পারসেণ্ট। সুতরাং বামফ্রন্ট সরকার কেন্দ্রের কাছে আর্থিক দিক থেকে বঞ্চিত হওয়া সত্বেও সুদৃঢ়ভাবে তার নিজস্ব অর্থনৈতিক বুনিয়াদ তৈরী করবার জন্য চেষ্টা করছেন এবং সেইভাবে এগিয়ে চলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা অনস্বীকার্য যে গ্রামবাংলার মানুষের জন্য যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে তাদের যথেষ্ট অগ্রগতি হয়েছে এবং একথাও অনস্বীকার্য যে শিল্প, কুটিরশিল্প, শিক্ষা প্রভৃতি ক্ষেত্রেও যথেষ্ট অগ্রগতি হয়েছে। এই বাজেট একটা বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে রচিত হয়েছে এবং আমরা আশা করি আগামী দিনে এই বাজেটের মাধ্যমে এই রাজ্য অর্থনৈতিক উন্নতির দিকে আরো এগিয়ে যাবে। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমতী অপরাজিতা পোদ্দার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আজকে দুই দিন ধরে এই বাজেটের উপরে আলোচনা আমি মন দিয়ে শুনেছি। বিরোধী দলের সদস্যরা আলোচনা করতে গিয়ে যেসব কথা বলেছেন, ওদের কথা শুনতে শুনতে আমার একটা কথাই মনে হচ্ছে—'উট যখন মরুভূমির মধ্যে দিয়ে যায় তখন সে বালিতে মুখ ঢুকিয়ে ভাবে যে তাকে কেউ দেখতে পাচ্ছে না। এদের অবস্থাটাও সেই রকম হয়েছে। ওরা যখন আলোচনা করেন তখন ভারতবর্ষের কথাটা এরা ভুলে যান। আজকে ভারতবর্ষের যে রাজনৈতিক পরিস্থিতি সেটা হচ্ছে অগ্নিগর্ভ। সেইরকম একটা পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য সরকার তার অর্থ নৈতিক বাজেট পেশ করছেন। আমরা কখনই বলি না যে এই বাজেট একটা বৈপ্লবিক বাজেট বা সমাজতান্ত্রিক বাজেট। কারণ আমরা জানি সেটা সম্ভব নয়। তবে সংশোধীয় গণতন্ত্রের মধ্যে দিয়ে যে বাজেট করা সম্ভব সেটাই এখানে করবার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেক মাননীয় সদস্য এখানে ষ্ট্যাটিষ্টিক দিয়েছেন। আমি আর তার মধ্যে যাবো না। আমি একটি কথা মাননীয় সদস্যদের শুধু স্মরণ করিয়ে দিতে চাই। আজকে এটা নিশ্চয়ই চিন্তা করার প্রয়োজনীয়তা আছে যে ভারতবর্ষ স্বাধীন হওয়ার ৩৬ বছর পরেও গোটা ভারতবর্ষের অবস্থাটা কি হয়েছে এবং কেন হয়েছে?

পশ্চিমবাংলায় আজকে বামফ্রন্ট সরকার আছে। আমরা যারা সমাজতান্ত্রিক আদর্শে বিশ্বাসী, আমরা মনে করিনা যে বিধানসভায় এসেই সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারবো। আমরা কখনও মনে করি না যে পুঁজিবাদী রাষ্ট্রের মধ্যে থেকে একটা বাজেট পেশ করে বিপ্লব করে ফেলবো। আমরা জানি যে স্বাধীনতার পরে ৩৬ বছর ধরে গোটা ভারতবর্ষের যে পরিকল্পনা গুলি কংগ্রেস গ্রহণ করেছে এবং যে পরিকল্পনার মাধ্যমে গোটা ভারতবর্ষকে নিয়ন্ত্রণ করেছে তার ফলশ্রুতি হচ্ছে আজকের ভারতবর্ষের অগ্নিগর্ভ। অসম অর্থ বণ্টনের জন্য, অসম উন্নয়নের জন্য আজকে গোটা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদের আন্দোলন শুরু হয়েছে। আজকে সেই দিকে আপনাদের নজর দেওয়ার প্রয়োজন ছিল। আপনারা বলছেন যে আমরা ৬/৭ বছর এখানে আছি, আমরা কতটুকু করতে পেরেছি? আমরা যা করতে পেরেছি সেটা বাজেটের মধ্যে আছে। আমরা শিক্ষা খাতে অনেক ব্যয় করেছি। আমি মনে করি যে স্বাধীনতার পরবর্তীকালে শিক্ষা, দারিদ্রতা, বেকার সমস্যার সমাধান, এগুলি মেটাবার প্রয়োজনীয়তা ছিল। ভারতবর্ষের অর্থনৈতিক ক্ষেত্রে একই কংগ্রেস ক্ষমতায় থাকা সত্বেও সেই কাজগুলি কেন করতে পারেননি সেটা ভাবা উচিত ছিল। আজকে পরিকল্পনার জন্য ৭৪৮ কোটি টাকা বাজেটে রাখা হয়েছে। আজকে কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা কেন বার বার আসছে? এই কারণে আসছে যে ১৯৭৬-৭৭ সাল থেকে ১৯৮১-৮২ সাল পর্যন্ত আয়কর, কর্পোরেশান কর এবং আন্তঃশুল্ক বাবদ কেন্দ্র পশ্চিমবাংলা থেকে ৬,৯৫২·৪০ কোটি টাকা সংগ্রহ করেছে। কিন্তু পশ্চিমবঙ্গ তার কতটুকু পেয়েছে? পশ্চিমবঙ্গ পেয়েছে মাত্র ১,৫৩৩·৭২ কোটি টাকা। কাজেই পশ্চিমবঙ্গকে ৭৫ কোটি টাকা রাজস্ব সংগ্রহ করতে হবে। কিন্তু সেটা আসবে কিভাবে? এই রাজস্ব সংগ্রহ করতে না পারলে উন্নয়ন খাতে তারা ব্যয় করতে পারবে না। কেন্দ্র যে টাকা পশ্চিমবঙ্গ থেকে সংগ্রহ করছে, সেই টাকা থেকে রাজ্যের উন্নয়নের জন্য যে টাকা প্রয়োজন সেটা হচ্ছে না। আজকে আমরা তো বিদেশী সরকার নই, আমরা তো নিজেদেরই সরকার। তাহলে আজকে এই অসম বণ্টন কেন? সমস্ত রাজ্যগুলিকে কেন্দ্রের উপনিবেশ হিসাবে পরিচালনা করা হবে। সেই জন্যই কেন্দ্র রাজ্য সম্পর্কের কথা আসে এবং তাই নিয়ে আন্দোলনের সৃষ্টি হয়। স্বাধীনতার পরবর্তীকালে পূর্বাঞ্চলকে যেভাবে বঞ্চনা করা হয়েছে, শোষণ করা হচ্ছে তার ফলশ্রুতি হিসাবে আমরা দেখছি পূর্বাঞ্চলের মানুষ বিক্ষুব্ধ।

[5-35—5-45 P.M.]

আমি উত্তর বাংলার মানুষ। আমি জানি উত্তরবাংলা আজ দীর্ঘদিন ধরে যেভাবে অবহেলিত এবং বঞ্চনা ও শোষণে আজকে তিক্ত অভিজ্ঞতার মধ্যে দিয়ে তার অর্থনৈতিক যে কাঠামো সেই কাঠামো ভেঙ্গে পড়েছে এবং সেখানকার মানুষের মনে যে ক্ষোভের সঞ্চার হয়েছে সেই ক্ষোভ সঞ্চারের ফলে সেখানে আঞ্চলিক আন্দোলন সুরু হয়েছে। আসামে সেই অবস্থা হয়েছে, পশ্চিমবঙ্গে সেই অবস্থা হয়েছে, গোটা ভারতবর্ষে যদি সেই অবস্থা হয় তাহলে সেই অবস্থাকে যদি মোকাবিলা করতে হয় তাহলে সেই মোকাবিলা করার ক্ষেত্রে তাদের কেন্দ্র রাজ্য

সম্পর্কের প্রশ্ন আসে। কারণ কেন্দ্র যদি মনে করেন যে রাজ্যগুলি তাদের একটা উপনিবেশ তাহলে আমি মনে করি আগামী দিনে যে আগুন জ্বলে উঠবে সেই আগুন সহজে নিভবে না। আমাদের দেশে বেকার সমস্যা আছে, শুধু কি পশ্চিমবঙ্গের বেকার সমস্যা আছে? গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন। আজকে ভূমির অবস্থা কি? অর্থমন্ত্রী মহাশয় বলেছেন ৩৬ বছরের মধ্যে ভূমির কোন সংস্কার হয়নি। আমি আপনাকে বলি গতকাল সংবাদপত্রে দেখছিলাম পাঞ্জাবে হাজার হাজার কৃষক রাজভবন অবরোধ করে বসে আছেন, কেন অবরোধ করে বসে আছেন? কৃষকদের দাবী তাদের ফসলের ন্যায্য মূল্য তাঁরা পাচ্ছেন না এবং তাঁরা বলছেন আমাদের ফসলের ন্যায্য মূল্য যদি আমরা না পাই তাহলে যে ফসল গোটা ভারতবর্ষে চলে আমরা সেই ফসল উৎপাদন করব না। কৃষকরা এইভাবে আজকে বিদ্রোহ করছে। সেটাতো পশ্চিমবঙ্গ নয়, সেটা পাঞ্জাব। কাজেই এই ঘটনা গোটা ভারতবর্ষে ঘটতে চলেছে এবং তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের বাজেট রূপায়িত হচ্ছে এবং সেই রূপায়নের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের সঙ্গে একটা অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করেছেন, যেহেতু একই দলের সরকার বিভিন্ন রাজ্যে নেই। দীর্ঘদিন ধরে গোটা ভারতবর্ষে একই দলের সরকার ছিল তাদেরই দলের মধ্যে সংবিধান রচনা করা হয়েছে, সেজন্য কোন জটিলতার সৃষ্টি হয় নি। যেহেতু ভারতবর্ষ গণতান্ত্রিক রাষ্ট্র, আজকে দেখা যাচ্ছে যে অন্য রাজ্যে অন্য দলের সরকার প্রতিষ্ঠিত হচ্ছে, আজকে এই প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে যদি কেন্দ্র মনে করেন যে রাজ্য সরকার তাঁর দলের সরকার নয় বলে তাদের অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে ফেলে তাকে নাজেহাল করবেন তাহলে আমি মনে করি ভারতবর্ষের দুর্দিন ঘনিয়ে আসছে। কারণ আজকে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে সংবিধান সংশোধনের প্রয়োজন আছে। কারণ আজকে যে জিনিষটা আমরা দেখছি তাতে ক্ষোভ, বিক্ষোভ বঞ্চনার প্রশ্নে যে বিদ্রোহ দেখা দিচ্ছে তাতে আগামী দিনে ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়বে। সাধারণ মানুষ শোষণ বঞ্চনার শেষ সীমায় এসে পৌছেছে।

কয়েকটি মুষ্টিমেয় মানুষ কোটি কোটি টাকা মুনাফা করছে। এই বৈষম্যের মধ্যে গোটা ভারতবর্ষকে যদি কেন্দ্র পরিচালনা করতে চায় তাহলে আমি বলব গোটা ভারতবর্ষের মধ্যে আগুন জ্বলে উঠবে। আর সেই অগ্নিগর্ভ ভারতবর্ষের বুকের মধ্যে পশ্চিমবঙ্গ একটা রাজ্য, তার কতটুকু ক্ষমতা আছে? সেজন্য অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেব যে তিনি মোটর যান, রেফ্রিজারেটার এবং ক্যাবারে নাচের উপর কিছু কর ধার্য্য করেছেন। এই ট্যাক্স যদি না ধার্য্য করতেন তাহলে পরিকল্পনাকে কি করে রূপায়ন করবেন? কেন্দ্র আজকে নানাভাবে এই সরকারকে নাজেহাল করবার চেষ্টা করছেন, টাকাগুলি কোথা থেকে আসবে? আজকে মুদ্রাস্ফীতি হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য, সেই দ্রব্যমূল্য কি রাজ্যসরকার নির্ধারণ করেন? আপনারা জানেন যে রাজ্যসরকার ১৯৭৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার দাবী করছেন অত্যাবশ্যকীয় পণ্যের মূল্য বেঁধে দেওয়া হোক। আমাদের দেশের মানুষ অত্যন্ত

গরীব। বিশেষ করে পশ্চিমবাংলার মানুষ আমরা জানি যে অপর বাংলা থেকে অনেক বাঙ্গালী এখানে এসেছেন। আজকে ভারতবর্ষে পুঁজিপতি সমাজ ব্যবস্থায় অনেকে লাখ লাখ কোটি কোটি টাকা মুনাফা লুঠছে আর অপর বাংলা থেকে লাখ লাখ কোটি কোটি মানুষ এই পশ্চিম-বাংলার বুকে এসে বসেছে।

তাঁদের সুষ্ঠু পুনর্বাসন হয়নি। কেন এই বৈষম্য? আজ পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়েছে। এখানে দারিদ্রের সঙ্গে লড়াই করতে হচ্ছে, ফলে মানুষ আজ সমাজ-বিরোধীতে পরিণত হচ্ছে। এই কাঠামোর মধ্যে আমাদের চলতে হচ্ছে এবং বাজেটও পেশ করতে হচ্ছে। আমরা তো বলছি না যে বৈপ্লবিক বাজেট পেশ করেছি! আমরা তো বলছি না সমাজ-তান্ত্রিক বাজেট পেশ করেছি! একথা তো বলিনি! সেটা সম্ভব নয় বলেই বলিনি। তাই মাননীয় অর্থমন্ত্রীকে আজ কর বসাতে হচ্ছে। আজ দেশে বেকার-সমস্যা এবং কালো টাকা ক্রম-বর্ধমান। এই সম্পর্কে আমাদের রাজ্য সরকারের কিছু করবার আছে কি? যে শিল্পকে কেন্দ্র করে এই বেকার-সমস্যা সমাধান করতে পারতো পশ্চিমবাংলার মানুষ, সেক্ষেত্রে কতটুকু করেছেন? আমি বিরোধী পক্ষের সদস্যদের জিজ্ঞাসা করি, গত ৩৬ বছরে কি ঘটেছে ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায়? হ্যাঁ, ৬।৭ বছর আমরা এসেছি। আমরা কি করতে পারিনি সেটা বলছেন? কিন্তু ৩০।৩৬ বছরে পশ্চিমবাংলার মানুষের জন্য কি করেছেন? কেন আজ দারিদ্রের শেষ সীমায় পৌছেছে দেশের মানুষ? কেন পেটের জ্বালায় আজও মেয়েদের দেহ বিক্রি করতে হয়? কেন আকাশছোঁয়া দামের সঙ্গে লড়াই করে পারা যাচ্ছে না? এই বৈষম্য এবং শ্রেণী-বিভক্ত সমাজের মধ্যে কোন মানুষ সত্যিকারের বাঁচতে পারে না। এর বিরুদ্ধে কেন একবারও সোচ্চার হয়ে ওঠেন না? নিশ্চয়ই বেকার সমস্যা সমাধান হোত যদি শিল্প গড়ে উঠতো। আমি সেদিন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় ন্যাশন্যাল প্ল্যানিং কমিশনের একটি বই নিয়ে এসেছিলাম। আজ আমি বইটি আনিনি। নেতাজী সুভাষচন্দ্র যখন কংগ্রেসের সভাপতি ছিলেন, সেই ১৯৩৮ সালে তিনি কংগ্রেসের পক্ষ থেকে একটি কমিশন করেছিলেন। তাতে তিনি কয়েকটি বিষয় উল্লেখ করেছিলেন, বলেছিলেন যে, স্বাধীন ভারতবর্ষে তিনি বেকার সমস্যা, অশিক্ষা, দারিদ্র দূর করবেন এবং বেকার সমস্যা দূর করবার জন্য ব্যক্তি মালিকানায় এখানে কোন শিল্প গড়ে উঠবে না, রাষ্ট্রই সেগুলি গড়ে তুলবে। কোন ব্যক্তি মুনাফা লুটতে পারবে না, রাষ্ট্র এই শিল্প গড়ে তুলে বেকার সমস্যা সমাধান করবে—কংগ্রেস সভাপতি পদে থেকে নেতাজী সুভাষচন্দ্র বসু ন্যাশনাল প্ল্যানিং কমিশনের সামনে এই কথা দিয়েছিলেন। আমি জিজ্ঞাসা করি কংগ্রেস ক্ষমতায় এসে কংগ্রেস সভাপতি থাকাকালীন নেতাজী সুভাষচন্দ্র বসুর প্ল্যানিং কমিশনের কাছে বলা ঐ কথাগুলি আমাদের দেশে রূপায়িত হোল না? কেন শিল্পকে ব্যক্তি মালিকানার পরিবর্তে রাষ্ট্রের আওতায় করা হোল না? কেন আজও দারিদ্র দূর করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোল না? কেন শিক্ষাখাতে অর্থ ব্যয় করে আমাদের দেশের মানুষকে শিক্ষিত করে তোলা হল না? দারিদ্র দূর করার জন্য যে কাজগুলি

সম্পর্কের প্রশ্ন আসে। কারণ কেন্দ্র যদি মনে করেন যে রাজ্যগুলি তাদের একটা উপনিবেশ তাহলে আমি মনে করি আগামী দিনে যে আগুন জ্বলে উঠবে সেই আগুন সহজে নিভবে না। আমাদের দেশে বেকার সমস্যা আছে, শুধু কি পশ্চিমবঙ্গের বেকার সমস্যা আছে? গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন। আজকে ভূমির অবস্থা কি? অর্থমন্ত্রী মহাশয় বলেছেন ৩৬ বছরের মধ্যে ভূমির কোন সংস্কার হয়নি। আমি আপনাকে বলি গতকাল সংবাদপত্রে দেখছিলাম পাঞ্জাবে হাজার হাজার কৃষক রাজভবন অবরোধ করে বসে আছেন, কেন অবরোধ করে বসে আছেন? কৃষকদের দাবী তাদের ফসলের ন্যায্য মূল্য তাঁরা পাচ্ছেন না এবং তাঁরা বলছেন আমাদের ফসলের ন্যায্য মূল্য যদি আমরা না পাই তাহলে যে ফসল গোটা ভারতবর্ষে চলে আমরা সেই ফসল উৎপাদন করব না। কৃষকরা এইভাবে আজকে বিদ্রোহ করছে। সেটাতো পশ্চিমবঙ্গ নয়, সেটা পাঞ্জাব। কাজেই এই ঘটনা গোটা ভারতবর্ষে ঘটতে চলেছে এবং তারই পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের বাজেট রূপায়িত হচ্ছে এবং সেই রূপায়নের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রের সঙ্গে একটা অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করেছেন, যেহেতু একই দলের সরকার বিভিন্ন রাজ্যে নেই। দীর্ঘদিন ধরে গোটা ভারতবর্ষে একই দলের সরকার ছিল তাদেরই দলের মধ্যে সংবিধান রচনা করা হয়েছে, সেজন্য কোন জটিলতার সৃষ্টি হয় নি। যেহেতু ভারতবর্ষ গণতান্ত্রিক রাষ্ট্র, আজকে দেখা যাচ্ছে যে অন্য রাজ্যে অন্য দলের সরকার প্রতিষ্ঠিত হচ্ছে, আজকে এই প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে যদি কেন্দ্র মনে করেন যে রাজ্য সরকার তাঁর দলের সরকার নয় বলে তাদের অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে ফেলে তাকে নাজেহাল করবেন তাহলে আমি মনে করি ভারতবর্ষের দুর্দিন ঘনিয়ে আসছে। কারণ আজকে যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে সংবিধান সংশোধনের প্রয়োজন আছে। কারণ আজকে যে জিনিষটা আমরা দেখছি তাতে ক্ষোভ, বিক্ষোভ বঞ্চনার প্রশ্নে যে বিদ্রোহ দেখা দিচ্ছে তাতে আগামী দিনে ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা ভেঙ্গে পড়বে। সাধারণ মানুষ শোষণ বঞ্চনার শেষ সীমায় এসে পৌছেছে।

কয়েকটি মুষ্টিমেয় মানুষ কোটি কোটি টাকা মুনাফা করছে। এই বৈষম্যের মধ্যে গোটা ভারতবর্ষকে যদি কেন্দ্র পরিচালনা করতে চায় তাহলে আমি বলব গোটা ভারতবর্ষের মধ্যে আগুন জ্বলে উঠবে। আর সেই অগ্নিগর্ভ ভারতবর্ষের বুকের মধ্যে পশ্চিমবঙ্গ একটা রাজ্য, তার কতটুকু ক্ষমতা আছে? সেজন্য অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দেব যে তিনি মোটর যান, রেফ্রিজারেটার এবং ক্যাবারে নাচের উপর কিছু কর ধার্য্য করেছেন। এই ট্যাক্স যদি না ধার্য্য করতেন তাহলে পরিকল্পনাকে কি করে রূপায়ন করবেন? কেন্দ্র আজকে নানাভাবে এই সরকারকে নাজেহাল করবার চেষ্টা করছেন, টাকাগুলি কোথা থেকে আসবে? আজকে মুদ্রাস্ফীতি হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য, সেই দ্রব্যমূল্য কি রাজ্যসরকার নির্ধারণ করেন? আপনারা জানেন যে রাজ্যসরকার ১৯৭৭ সাল থেকে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার দাবী করছেন অত্যাবশ্যকীয় পণ্যের মূল্য বেঁধে দেওয়া হোক। আমাদের দেশের মানুষ অত্যন্ত

বাংলার অর্থের দাবি নিয়ে দিল্লী যান তখন বিরোধী পক্ষ উপহাস করে বলেন যে ইন্দিরা গান্ধীর কাছে তাঁরা নাকি ভিক্ষা করতে যান। আমাদের যে অর্থের প্রয়োজন আছে সেই দাবি নিয়েই তাঁরা যান। আবার যদি না তাঁরা যান তাহলেও বিরোধী পক্ষ বলেন যে কেন ইন্দিরা গান্ধীর কাছে অর্থমন্ত্রী অর্থের জন্যে গেলেন না। পশ্চিমবাংলার অনেক উন্নয়ন এইজন্য ব্যহত হচ্ছে। আবার যখন গিয়েছেন তখন তাঁরা উপহাস করছেন, এটা ঠিক নয়। এই বাজেটকে তাঁদের সমর্থন জানানো উচিৎ। আমাদের গ্রামবাংলায় শিল্প, শিক্ষা এবং কৃষিতে কি করে আরো বরাদ্দ বেশী করা যায় সেই দাবি যদি তারা কেন্দ্রের কাছে পেশ করতেন তাহলে কেন্দ্রের কিছুটা টনক নড়তো এবং তাতে পশ্চিমবাংলা লাভবান হত। আগে বাদশাহী আমলে যে রকম হতো এখনও সেই নীতি চলে আসছে। আগে বাদশাহের সঙ্গে নবাবদের যে রকম সম্পর্ক ছিল এখন কেন্দ্রের সঙ্গে রাজ্যের সেই সম্পর্ক দেখা যাচ্ছে। আগে নবাবরা তাদের রাজত্ব থেকে সমস্ত কিছু সংগ্রহ করে দিল্লীতে যে বাদশা বসে থাকতো তার কাছে পাঠিয়ে দিত। তারপর বাদশা তাদের খেয়াল খুশী মতো নবাবকে কিছু দিত। তার উপর নবাবকে কিছু উপঢৌকন পাঠাতে হতো বাদশার কাছে। আজও সেই জিনিষ চলে আসছে। দেশ ৩৬ বছর স্বাধীন হবার পরেও এই জিনিষ চলে আসছে। আজকে কেন্দ্র যখন বাজেট পেশ করলো তখন দেখা গেল ব্যবসাদাররা অত্যন্ত উৎফুল্ল এবং জনসাধারণ হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। এই কথা কি ওঁরা অস্বীকার করতে পারবেন? কিন্তু এই বাজেটের মাধ্যমে সকল স্তরের মানুষ খুশি, দরিদ্র জনসাধারণ খুশী। এই কথা কারোর অজানা নেই যে কেন তারা ব্যবসাদারদের খুসি করতে চায় এবং ব্যবসাদারদের পেছনে থেকে লাভ কি। ধনী লোকেরা যাতে তাদের কালো টাকা লুকিয়ে রাখাতে পারে তারজন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করছে। তাই তারা আজকে খুসি এই কেন্দ্রীয় সরকারের বাজেট পেসের মাধ্যমে, এটা খবরের কাগজেই দেখেছি। তাদের বাজেট পেসের মাধ্যমে আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে ব্যবসাদাররা খুসি এবং জনসাধারণ হতাশ হয়েছে। কিছুদিন আগে যে রেল বাজেট পেস হলো তাতে দেখা গেছে ট্যাক্স বেড়েছে এবং টিকিটের দামও বেড়েছে। আজকে এখানে ট্যাক্স বাড়লে আপনারা প্রতিবাদ করেন কিন্তু রেল ভাড়া বাড়ার ব্যাপারে আপনারা প্রতিবাদ করেন না কেন? আজকে সেখানে আপনারা বললেন রেলমন্ত্রী যেটা করেছেন ঠিক করেছেন। এইভাবে তাঁরা জোর করে জনসাধারণের কাছ থেকে অর্থ সংগ্রহ কবছেন। ওনারা পশ্চিমবাংলার বেকার সমস্যার কথা বলেছেন। একদিনে তো বেকার সমস্যা আকাশ ছোঁয়া হয়ে যায়নি। কেন্দ্রীয় সরকারও এই বেকার সমস্যার সমাধান করতে পারছে না। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেস করেছেন তার মধ্যে এই বেকার সমস্যার কথা রেখেছেন। আশা করি তিনি এই ব্যাপারে যথেষ্ট উদ্যোগ নেবেন। বেকার সমস্যার সমাধান কি করে হবে? কেন্দ্রীয় সরকার এই পশ্চিমবাংলায় শিল্প উদ্যোগ গড়ে উঠতে না দিয়ে পশ্চিমবাংলাকে বঞ্চিত করেছে।

এই কথা বলা নিশ্চয়ই দরকার যে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে পদক্ষেপ গ্রহণ করেছেন, তার ফলে বেকাররা কর্মসংস্থানের সুযোগ পাবেন এবং সেই দিক থেকে বেকারদের সমর্থন তিনি

নিশ্চয়ই পাবেন। মাননীয় কংগ্রেসী বন্ধুরা যদি তাঁদের আমলে এই ধরণের ব্যবস্থা নিতেন, তাহলে পশ্চিমবঙ্গের অবস্থা কখনই এই রকম হতো না। একটা দুর্ভাগ্যের কথা এই প্রসঙ্গে বলি আমাকে ইউনাইটেড ব্যাংকে গ্রামের বেকার কিছু যুবকের চাকুরীর ব্যাপারে যেতে হয়েছিল। ইউনাইটেড ব্যাংকের ম্যানেজার আমাকে দুঃখ করে জানিয়েছেন যে, দু বছর ধরে ইউনাইটেড ব্যাংকে কোন বাঙালী ছেলেকে নেওয়া হচ্ছে না। কাজেই এই ব্যাপারে আমাদের চিন্তা করে দেখা দরকার। শুধু ইউনাইটেড ব্যাংক নয়, অন্যান্য ব্যাংকগুলিতেও বাঙালী নিয়োগ প্রায় বন্ধ হতে চলেছে। এই যদি অবস্থা হয় তাহলে আমাদের বেকার সমস্যা মিটবে কি করে? মাননীয় অর্থমন্ত্রী বিলাস দ্রব্যের উপর কর বসাবার প্রস্তাব রাখায় আমি অত্যন্ত খুশী হয়েছি। এই কর আরও বেশী হওয়া দরকার, নাহলে ট্যাক্স বাড়বে কি করে। কৃষির জন্য চিন্তা করে কৃষি খাতে কর কমাবার ব্যবস্থা অর্থমন্ত্রী মহাশয় করেছেন। আমি এতে নিশ্চয়ই খুশী হয়েছি। তবু ও বলতে হচ্ছে যে, এই হার আরও হওয়া উচিত ছিল। ডিপ টিউবওয়েলের মাধ্যমে সেচ কার্য্য সম্পাদন হয় বহু জায়গাতে। কিন্তু এর উপরে করের হার অনেক বেশী। অর্থমন্ত্রী মহাশয়কে এদিকে একটু লক্ষ্য দিতে অনুরোধ জানাই। ফসল যারা উৎপাদন করে তারা আমাদের সকলের মুখে অন্ন এনে দেয়, তাদের কথা আমাদের আরও বেশী করে ভেবে দেখতে হবে। ইট ভাঁটাগুলির উপরে অর্থমন্ত্রী মহাশয় কর আরোপের কথা বলেছেন। এই প্রসঙ্গে বলার দরকার আছে যে, গ্রামাঞ্চলে অনেক হাসকিং মিল এবং স্য মিল আছে, যারা সরকারকে কর ফাঁকি দেয়। এদের উপরে আরও কর বৃদ্ধি করা যেতে পারে এবং তা যদি সম্ভব হয়, তাহলে সরকারের হাতে অনেক বেশী অর্থ আসবে। হলদিয়া সম্বন্ধে দু-একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। সেখানে ১৯৮৩-৮৪ সালে জল প্রকল্প বাবদ ১০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। কিন্তু মাত্র ১ কোটি ৪৬ লক্ষ টাকা তাদের হাতে গিয়েছিল। যার ফলে কর্মচারীদের বেতন বাবদ প্রায় সব অর্থ খরচ করা হয়েছিল। কোন পরিকল্পনা মাফিক কাজ সেখানে হতে পারে নি। আমি আবেদন রাখছি, হলদিয়া তথা শিল্পের প্রয়োজনে এই জল প্রকল্প পরিপূর্ণভাবে রূপায়িত হওয়া প্রয়োজন। সেজন্য মাত্র ১ কোটি টাকাই যথেষ্ট নয়, সেখানে এর দু'গুণ অর্থ বরাদ্দ করা দরকার। হলদিয়ার জল প্রকল্প রূপায়িত হলে, শিল্প নগরীর উন্নতির জন্য অনেকখানি সাহায্য হবে বলে আমি মনে করি। এর ফলে হলদিয়ায় সত্যিকারের একটি শিল্প নগরী গড়ে উঠবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, তার প্রতি আমার পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রীঅশোক মিত্র মহাশয় আমাদের কাছে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ১৯৮৪-৮৫ সালের জন্য, আমি তার বিরোধিতা করে কিছু বলতে চাই। আপনারা জানেন, একদিন অর্থমন্ত্রী মহাশয়—বোধ হয় ৩/৪ বছর আগে—দম্ভভরে বলেছিলেন, তিনি ধনী লোকের রাতের ঘুম কেড়ে নেবেন।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ৯ই মার্চ তারিখে এখানে যে বাজেট পেশ করেছেন, তা আগামী এপ্রিল থেকে কার্যকরী হবে। বাজেটের মধ্যে তিনি বিভিন্ন পণ্যসামগ্রীর উপরে যেভাবে কর ধার্য কবেছেন, তাতে এখানকার কোন ধনী নয়, গ্রামের ও শহরের যারা দীন দরিদ্র মানুষ, তাদের রাতের ঘুম চলে যাবে। তিনি রাতের ঘুম কেড়ে নিতে চলেছেন, গরীব সাধারণ মানুষের। তাদের রাতের ঘুম কখনই থাকতে পারে না। কেননা, কর ধার্যের ফলে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম বেড়ে যাবে। এর ফলে গরীব সাধারণ মানুষ রাতে ঘুমাতে পারবে না, ঘুম তাদের থাকতে পারে না। ধনিক শ্রেণীর লোকেরা অবশ্য নিশ্চিন্তে ঘুমাতে পারবেন। অর্থমন্ত্রী মহশয় ধনিকশ্রেণীর স্বার্থ রক্ষা করে চলেছেন। কাজেই ধনিক শ্রেণীর লোকেদের ঘুম আরও সুনিশ্চিত হবে। এই বাজেট তবুও কার্যকর হবে—এও আমরা জানি।

[5-55—6-08 P.M.]

এই বাজেট সম্পর্কে সরকার পক্ষের অনেক সদস্যের বক্তব্য শুনে আমি আশ্চর্য হয়ে গেলাম। তাঁরা মাত্র তিনটি কথা বলেছেন—একটা হল সীমীত ক্ষমতা, এই সীমীত ক্ষমতার মধ্যে পশ্চিমবঙ্গে আমরা কিছু করতে পারব না ; দ্বিতীয় কথা বলেছেন কেন্দ্র নাকি পশ্চিমবঙ্গের প্রতি বিমাতৃসুলভ ব্যবহার করছেন এবং তৃতীয় কথা হল এই সভায় সোচ্চার হয়ে বলতে পারেননি কিন্তু মাঠে ময়দানে বলেছেন যে রাজ্যের হাতে অধিকতর ক্ষমতা দিতে হবে। কিন্তু আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই তাঁরা যে প্রতিশ্রুতি দিয়ে এই বিধানসভায় এসেছেন, সরকার গঠনের জন্য যে ৩৬ দফা কর্মসূচী জনসাধারণের সামনে দিয়েছেন তার কয়টি তাঁরা রূপায়ন করেছেন ? সেই ৩৬ দফা কর্মসূচী সম্বন্ধে একটি কথাও তাঁরা বিধান সভায় বলেননি। একটা কথা আমি তাঁদের কাছে বলতে চাই এই বিধান সভার আয়ুষ্কাল তাঁদের যখন শেষ হবে তখন জনসাধারণের কাছে আবার তাঁদের যেতে হবে, সেই ৩৬ দফা কর্মসূচী যে কার্যকরী করার চেষ্টা করেননি তার জবাবদিহি করতে হবে, আপনাদের যে বাঁধা বুলি—কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণ, সীমীত ক্ষমতা এবং অধিক ক্ষমতা দিতে হবে এই রকম অসত্য বিবৃতি দিয়ে আপনারা জনসাধারণকে ভুলিয়ে রাখতে পারবেন না, পশ্চিমবঙ্গের বিচক্ষণ মানুষ আগামী নির্বাচনে তার জবাব দেবেন। স্যার, বাজেট ভাষণ পড়ে আমার মনে হল ডুবন্ত মানুষ যেমন খড় কুটো আশ্রয় করে বাঁচার চেষ্টা করে তেমনি ডুবন্ত অর্থমন্ত্রী খড়কুটোকে আশ্রয় করে বাঁচার চেষ্টা করছেন। তিনি ৭৫ কোটি টাকা বাড়তি কর বসিয়ে খড়কুটো ধরে বাঁচার চেষ্টা করছেন। কিন্তু জনসাধারণের কাছ থেকে তিনি রেহাই পাবেন না, জনসাধারণ এর জবাব দেবে। কৃষি সম্পর্কে তিনি বিবৃতি দিয়ে বলেছেন যে বামপার ক্রপ হয়েছে, কৃষিতে অনেক উন্নতি হয়েছে, কেন্দ্রের কৃষি উৎপাদনের হার থেকে আমাদের কৃষি উৎপাদনের হার অনেক বেশী, কৃষিতে একটা জোয়ার

এসেছে। এই সম্পর্কে অনেক সদস্য আলোচনা করেছেন, আমি আর বেশী আলোচনা করতে চাই না, আমি শুধু দু' একটা কথা বলতে চাই। সত্যই এই বছরে কৃষি উৎপাদনে অনেক উন্নতি হয়েছে, গম, ধানের আবাদ ভাল হয়েছে। কিন্তু এতে বামফ্রন্ট সরকারের কোন কৃতিত্ব নেই, প্রাকৃতিক আবহাওয়া এর জন্য দায়ী। উপযুক্ত বৃষ্টিপাতের জন্য বামপার ক্রপ হয়েছে। সরকার পরিচালিত যেসব ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল আছে তার ৫০ ভাগ অচল হয়ে আছে প্রতি জেলায়। আজ বিদ্যুৎ নেই, তার চুরি, জেনারেটর চুরি, এইসব জিনিস চলেছে, ফলে ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল থেকে জল দিতে পারছে না। কিন্তু প্রাকৃতিক অবস্থা ভাল হওয়ার জন্য ফসল ভাল হয়েছে। আর একটা কথা সরকার বলেন যে কেন্দ্রীয় সরকার সারের দাম বাড়িয়ে দিলেন, সেজন্য কৃষির উপর খুব চাপ পড়ছে, গরীব কৃষকরা খুব কষ্টের মধ্যে পড়েছে। কিন্তু আপনারা জানেন, হাউস অস্বীকার করবে না, যে সেপ্টেম্বর অক্টোবর মাসে যখন গমের চাষ আরম্ভ হল তখন বাজারে সরকার নির্দিষ্ট যে সারের দাম আছে তার থেকে ৩০/৪০ টাকা বেশী দরে সার বিক্রি হয়েছে। সারের ব্যবসায়ীরা দুর্নীতি করেছে এবং এই দুর্নীতির সঙ্গে আপনারা কিছু জড়িত আছেন এবং সরকারের লোক জড়িত আছে। আমরা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে, ডিষ্ট্রিক্ট লেভেলে কো-অর্ডিনেশান কমিটির মিটিংএ বলেছিলাম যে সারের দাম বেড়ে যাচ্ছে. সারের ব্ল্যাক মার্কেটিং হচ্ছে আপনারা কিছু করুন। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বলেছেন কিছু করার নেই, সরকার কিছু করছেন না, আমাদের কিছু করার নেই।

ওঁরা একটা কথাই কেবল বলেন যে এই রকম একটাও নির্দিষ্ট অভিযোগ নাই। ভূমি রাজস্ব মন্ত্রী একটু আগে ছিলেন, এখন নাই, তিনি হয়তো দেখেছেন সংবাদ পত্রে এই রকম ভুরি ভুরি অভিযোগ এই রকম বেরিয়েছে। কংগ্রেস আমলে যে সমস্ত ভূমিহীনদের জমির পাট্টা দেওয়া হয়েছিল, আপনাদের আমলে তাদের উচ্ছেদ করে আপনাদের সব লোকদের নুতন করে পাট্টা দেওয়া হয়েছে এবং এই সংবাদ আনন্দবাজার পত্রিকায় অনেক বেরিয়েছে। এই সরকার একটা জিনিস বাড়িয়েছে এটা ঠিক যে ১৯৭৭ সালের কংগ্রেস ক্ষমতাচ্যুত হবার আগে এ রাজ্যে বেকারের সংখ্যা ছিল ১১ লক্ষ, এখন আপনারা সেটা বাড়িয়ে ৪০ লক্ষে এনে দিয়েছেন। আপনারা চার কোটি বেকার সংখ্যা করে ফেলেছেন। এই কৃতিত্ব আপনাদের নিশ্চয়ই আছে। আপনাদের ৩২ দফা কর্মসূচী অনুসারে বেকারদের ৫০ টাকা করে বেকার ভাতা দিয়েছেন। কিন্তু তাতে কি হোল? বেকার সমস্যার সুরাহা হোল কি? কিন্তু এই টাকা যদি অন্য রকম পরিকল্পনা নিয়ে একটা ব্যবস্থা করা হোত তাহলে অন্তত কিছু বেকার যুবকদের স্থায়ী কর্মসংস্থান হোত এবং এই কথা আমরা আগেই বলেছিলাম। কিন্তু আপনারা তা কর্ণপাতও করেননি। কিন্তু এবারের বাজেটে দেখছি যে তাদের নাকি সিক মনি দেওয়া হবে বেকার ভাতা আর দেওয়া হবে না। হয়তো এতে কিছু বেকারত্ব কমতে পারে। আমাদের তরফের অনেক সদস্য একথা বলেছেন এবং আমিও বলছি যে আপনারা পশ্চিমবাংলাকে একেবারে আর্থিক দেউলিয়ার মধ্যে টেনে এনেছেন। আপনারা

গ্রামে গঞ্জে যেখানেই যাবেন শুনতে পাবেন সকলেরই মুখে যে পশ্চিমবাংলা দেউলিয়া অবস্থার মধ্যে চলেছে। সরকারী কর্মচারীরা বলছেন যে তারা মার্চ মাসের বেতন পাবেন কিনা সন্দেহ। তাদের মধ্যে আজকে আপনাদের অবস্থা দেখে সংশয় দেখা দিয়েছে। আপনারাই এই সভায় ঘোষণা করেছিলেন যে কেন্দ্রীয় হারে পশ্চিমবাংলার সরকারী কর্মচারীদের ডি এ দেবেন। আপনারা তা দিতে পেরেছেন কি এই প্রশ্ন আমি অর্থ মন্ত্রী মহাশয়কে করতে চাই। তাদের ১০টা কিস্তি পাওনা হয়ে গেছে দিতে পারেন নি। ওনার দম্ভ ভরে এই সব কথা বলে আর লাভ কি? বাস্তব অবস্থাটা একবার চিন্তা করে দেখবেন। আগের চেয়ে আপনাদের সময়ে পশ্চিমবাংলা আরও খারাপ অবস্থায় এসে পড়েছে। পঞ্চায়েতের মাধ্যমে যে আই আর ডি পি বা ডি. আর ডি পি যেসব পরিকল্পনা আছে, এগুলি কেন্দ্রীয় পরিকল্পনা। কেন্দ্রীয় সরকার এই সব পরিকল্পনা করে আপনাদের হাতে এই পরিকল্পনা অনুযায়ী কাজ করবার জন্য পাঠিয়েছেন। কিন্তু গ্রামের মানুষদের আপনারা বলে বেড়ান যে এই পরিকল্পনা নাকি আপনাদের এবং আপনাদের টাকা। এটা আপনারা গ্রামের মানুষদের কাছে গিয়ে খোঁজ খবর নিয়ে জানবেন। আপনাদের দখলে যেসব পঞ্চায়েত আছে, আমি নির্দিষ্ট নাম করে বলতে পারি যে সেখানে দেখা যাচ্ছে ঐ আই আর ডি পি বা ডি আর ডি পি স্কীমে বেনিফিসিয়ারী লিষ্ট করা হোল এবং সেটা আপনাদের সদস্যরাই করলেন। ২০ জনের নাম লিষ্ট করে ব্যাঙ্কে পাঠালেন কিন্তু পেল মাত্র ২জন। কেন পেল না তা আমরা জানি। কেন না যাদের নাম পাঠালেন তাদের কারও হয়তো ৫০ বিঘা জমি আছে, পাবার যোগ্য ব্যক্তির নাম না পাঠানোর জন্য মাত্র দুজন লোন পেল। বি. ডি. ও থেকে লিষ্ট পাঠানো সত্বেও পেল না। যোগ্যতা বিচার করে লিষ্ট করুন।

নিশ্চয় এই লিষ্টের ১৮টা নাম বাদ যাবে না এবং কেন্দ্রীয় সরকারের দেয় টাকা আপনারা ঠিক ঠিক মত খরচ করতে পারবেন। এর ফলে গ্রামের সাধারণ গরীব মানুষের উপকার হবে। আপনারা ৭৫ কোটি টাকা ট্যাক্স ধার্য করেছেন। আপনারা বলছেন সাধারণ মানুষ এর দ্বারা এ্যাফেকটেড হবে না। আর একটি কথা বলি, আপনারা মোটর যন্ত্রাংশের উপর ট্যাক্স বসিয়েছেন, একস্ট্রা ট্যাক্স বসিয়েছেন প্রাইভেট মোটরের মালিকরা বলে বেড়াচ্ছেন যে, তাদের লাভ হচ্ছে না, ভাড়া বাড়াতে হবে। তাদের দাবী মেনে নিয়ে ভাড়া বাড়িয়েছেন। এরপরে আবার মোটর যন্ত্রাংশের উপর কর ধার্য্য করলে বাসের মালিকরা দাবী করবে বাস যাত্রীদের ভাড়া বাড়াতে হবে। তখন আপনারা নিশ্চয় বাসের ভাড়া বাড়াবেন। এতে নিশ্চয় গরীব মানুষ ক্ষতিগ্রস্ত হবে। শিক্ষা সম্বন্ধে বলতে গেলে অনেক কথাই বলতে হয় আমাদের মাননীয় সদস্যরা এই বিষয়ে অনেক কিছু বলেছেন। আমি শুধু একটি কথা বলব, আপনারা পাশ ফেল প্রথা তুলে দিয়েছেন। এতে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। গ্রামে গঞ্জের বহু ছেলে চতুর্থ শ্রেণী পাশ করে নিজের নাম পর্যন্ত লিখতে পারছে না। শেষকালে আমি বলব আপনারা অর্থ ভাণ্ডার একেবারে নিঃশেষ করে দিয়েছেন, আপনাদের

চালাবার টাকা নেই। তাই আপনারা নতুন আইন করলেন শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দিতে হবে। আমরা আগেই বলেছি আবার বলছি এই বিষয়ে শিক্ষকদের প্রচণ্ড বিক্ষোভ আছে। তাদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা নিয়ে নিলে অসুবিধা হবে। তারা সময় মত লোন পাবেন না, অসুবিধায় পড়বেন। তাই শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ডের টাকায় হাত দেওয়া আপনাদের উচিত হবে না এবং এটা জনস্বার্থবিরোধী বলে আমরা মনে করি। আমার আরো অনেক কিছু বলার ছিল, সময় অভাবে সব কিছু কলতে পারলাম না। আপনি আমাকে বার বার বসার জন্য সংকেত দিচ্ছেন, শেষকালে একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। মাননীয় অর্থ-মন্ত্রী অর্থনীতিতে একজন পণ্ডিত ব্যক্তি। পণ্ডিত ব্যক্তিদের যে দোষ হয়। হয়ত ওনারও সেই দোষই হয়েছে। সেইজন্য সব কাজেই ভুল করছেন। তাই আজ পশ্চিমবঙ্গ দেউলিয়া হয়ে যাচ্ছে। সেইজন্য তিনি যে বাজেট বিবৃতি দিয়েছেন আমি তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-08 P. M. till 12-00 noon on Wednesday, the 21st March, 1984 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 21st March 1984 at 12 noon.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 10 Ministers, 13 Ministers of State and 168 Members.

[12-00—12-10 P.M.]

শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ স্যার, ট্রেজারি বেঞ্চ একদম খালি, একজন মন্ত্রীও উপস্থিত নেই।

মিঃ স্পীকার ঃ মন্ত্রীদের খবর দিন।

(মাননীয় স্পীকার মহাশয় মার্শালকে এই নির্দেশ দেন)

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first is from Shri Satya Ranjan Bapuli, Shri Atish Chandra Sinha and Shri Abdul Mannan which deals with the subject of alleged resentment and dissatisfaction among the I.P.S. Oificers in West Bengal and the second motion is from Shri Kashinath Misra which deals with the subject of non-availability of Government text books for classes V, VI and IX throughout the State.

The members will get opportunity to raise both the matters during the General Discussion on the Budget which is continuing, and moreover,

the members can focus their grievances through Calling Attention, Mention and Questions etc.

I, therefore, withhold my consent to the motions. One member of the party may however read out the text of the motion as amended.

Shri Abdul Mannan : Mr. Speaker, Sir this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, viz., serious resentment and dissatisfaction among the I.P.S. Officers of West Bengal, who feel that the failure of the police to protect the D.C. (Port) reflects the gradual deterioration of the police administration in West Bengal and that they would have to reconsider their role in controlling law and order problems of the State.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 7 notices of Calling Attention namely :

1. Non-functioning of a Pump House at Kanchrapara.
—Shri Jagadish Chandra Das
2. Spurt in crimes in Howrah District. —Shri Ambica Banerjee
3. Destruction of the Sluice gate at Sukhia, Bongaon.
—Shri Bhupendra Nath Seth
4. Confrontation between the nurses and lady medical students over possession of the R. G. Kar Medical College Hostel.
—Shri Shaikh Imajuddin
5. Reported Suicide committed by Shri Shambhu Prasad Mukherjee, Partner of Sanchayita in Police Custody on 20.3.1984.
—Shri Asok Ghosh

6. Strike at Calcutta and Haldia Ports. —Shri Kashinath Misra.

7. Acute scarcity of drinking water in Kharagpur.
—Shri Gyan Singh Sohanpal

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of acute scarcity of acute scarcity of drinking water in Kharagpur. The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

Shri Patit Paban Pathak : On the 27th Sir.

মিঃ স্পীকার ঃ আমি পার্লামেণ্টারি এ্যাফেয়ার্সের মিনিষ্টারকে বলছি যে, মন্ত্রীদের এ্যাটেণ্ডেন্স খুব পুয়োর। আপনি এটা চিফ মিনিষ্টারকে বলবেন, অন্ততঃ কয়েকজন মন্ত্রী যেন উপস্থিত থাকেন। কয়েকজন মন্ত্রীর উপস্থিত থাকা উচিত। এখন উল্লেখ।

MENTION CASES

শ্রীনীরোদ রায় চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাজারে খুচরো পয়সার দারুন অভাব দেখা দিয়েছে। খুচরোর অভাবে হাটে বাজারে কেনা-বেচা বন্ধ হয়ে গিয়েছে। দোকানীরা বোর্ড ঝুলিয়ে দিয়েছে যে এক টাকার কমে কোন জিনিস বিক্রি হবে না, যদি তার কমে জিনিস নিতে হয় তাহলে খুচরো দিতে হবে। বড় বাজারে ৮০ টাকার খুচরো দিলে একশো টাকা দিচ্ছে, ৮৫ টাকার এক টাকার নোট দিলে একশো টাকা দিচ্ছে। এইভাবে খুচরো নিয়ে একটা ফাটকাবাজী সেখানে চলছে। এর ফলে যেটুকু খুচরো আছে তাও ফটকাবাজারে চলে যাচ্ছে।

এই অবস্থায় বাজার একেবারে বন্ধ হয়ে যাচ্ছে, অর্থনীতির ওপর দারুন চাপ পড়ছে, হাট বাজারে কেনা-বেচা বন্ধ হয়ে যাচ্ছে। তাই আমি এই বিষয়টির প্রতি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশীশ মহম্মদ ঃ স্যার, মাননীয় সদস্য নীরোদ বাবু যে বিষয়ে এখানে উল্লেখ করলেন, সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমিও এ বিষয়ে দু' একটি কথা বলতে চাই।

অধ্যক্ষ মহোদয় ঃ এ বিষয়ে এখানে এখন কোন ডিবেট্ হতে পারে না। আমরা জানি সমস্যা আছে, কিন্তু এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

Shri Gyan Singh Sohanpal : Sir, I wish to draw the attention of the Government and in particular the Minister-in-charge of Urban Water Supply and Sanitation Department to a grave situation prevailing in Kharagpur which happens to be my constituency. Sir, Kharagpur is in the grip of acute scarcity of drinking water and if the present trend continues, I am afraid, there will be cry for water in every nook and corner of the town during the peak summer months this year. The position is hopelessly hopeless in the areas under Kharagpur Municipality. All the wells and tanks in the area have gone dry. The water supply of the municipality, which is being maintained by the Public Health Engineering Department is on the verge of collapse. This organization has nine tubewells of which six are in working order. The yield from these tubewells is roughly about 4·5 lakh gallons per day as against the daily requirement of 30 lakh gallons. This meagre yield, you will appreciate, is insufficient to the requirement of even 15% of the total population of this area. If the present trend continues, it is feard that during the next two or three months water famine may prevail in Kharagpur.

I appeal to the Government to awake, arise and act in time to fight this unhappy situation.

[12-10—12-20 P.M.]

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, পলাশীতে যে রামনগর সুগার মিল আছে তা পশ্চিমবাংলায় একমাত্র বেসরকারী উদ্যোগাধীন চিনি কল। এই চিনি

কলের যিনি মালিক, মিঃ কেডিয়া সাহেব তিনি ঐ সুগার মিলের নামে বিভিন্ন ইণ্ডাষ্ট্রিয়াল ব্যাঙ্ক থেকে কোটি কোটি টাকা নিয়েছেন এবং সেই টাকা মিলে না লাগিয়ে রাজস্থানে ডালডা কারখানা করেছেন। এবং দক্ষিণ ভারতে অন্যান্য কারখানা করেছেন। ফলে ঐ মিলটি ক্লোজারের উপক্রম হয়েছে। বিগত ৬ মাস ধরে পলাশীর রামনগর সুগার মিলের কর্মচারীরা বেতন পাচ্ছেন না এবং আখ চাষীরা গত ২ বছর ধরে তাদের টাকা পাচ্ছেন না। প্রায় ৫৫ লক্ষ টাকা আখ চাষীদের পাওনা আছে। এর দুটি গুরুত্বপূর্ণ দিক আছে, একটি হচ্ছে, মিলটি বন্ধ হওয়ার মুখে এসে দাঁড়িয়েছে আর অন্যদিকে হচ্ছে, কর্মচারীরা এবং আখ চাষীরা টাকা পাচ্ছেন না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। অবিলম্বে এ ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য আমি শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় স্পীকার স্যার, আজকে ষ্টেট্‌সম্যান পত্রিকায় একটি নিউজ বেরিয়েছে। পেজ ৯, কালাম ৪, আই. পি. এস অফিসারদের ডিমাণ্ড রিপোর্ট এই হেডলাইন দিয়ে। আই. পি. এস অফিসারদের যে এসোসিয়েসান আছে সেই এসোসিয়েসানের একটা মিটিং হয়েছিল। তাতে ডি. সির হত্যার ব্যাপারে তারা বলছেন, failure of the police force to protect the D. C. reflected the gradual deteriaration of the police administration in West Bengal. এবং আরোও বলছে, they would have to reconsider their role in controlling law and order problems if a satisfactary explanation regardihg Mehta's death was not available এবং এতে দেখা যাচ্ছে আই. পি. এস অফিসারদের মধ্যে বিক্ষোভ দানা বেঁধেছে। আই. পি. এস অফিসাররা শুধু চাকরীজীবী নয়, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা রক্ষায় তাদের দায়িত্ব অত্যন্ত বেশী। এদের মধ্যে যদি বিক্ষোভ থাকে তাহলে আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটতে পারে। শুধু তাই নয়, আই. পি. এস অফিসাররা কারণ তুলে ধরেছেন, তাঁরা বলেছেন, It was felt that officers of Police Station could afford to disobey their senior officers since postings of most O. Cs. were now being controlled politically. The Police Commissioner had "little say" in such matter.

আই. পি. এস অফিসাররা নিজেরাই স্বীকার করেছেন যে আজকে তাদের কিছু করার নেই। পুলিশ কমিশনারেরও কিছু করার নেই, পলিটিক্যাল লিডাররাই করেন। তাঁরা আরোও স্বীকার করেছেন, The Police were often forced to release the arrested persons following telephone calls from intluential leaders. অর্থাৎ রাজ্যের যারা আইন-শৃঙ্খলার ধারক সেই সমস্ত পুলিশ অফিসাররা বলছেন; পুলিশ মহল কোথায় বদলি হবে, কোথায় পোষ্টিং হবে এ ব্যাপারটা সরকারী দলের নিয়ন্ত্রনাধীন আছে, তারাই নিয়ন্ত্রন করে। কালপ্রিটদের

গ্রেপ্তার করলে তাদের ছেড়ে দেওয়া হয়। সরকারের ইনফ্লুয়েনসিয়াল লিডার ছেড়ে দিতে বলেন। এই যদি পশ্চিমবাংলার অবস্থা হয় তাহলে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি কোথায় হয়েছে তা সহজেই অনুমেয়। সেইজন্য স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখতে চাই, এই ব্যাপারটি অবিলম্বে হস্তক্ষেপ করে তাদের বিক্ষোভ যাতে দমন করতে পারেন তারজন্য ব্যবস্থা নিন।

শ্রীমলিন ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত আমি একটি বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আমার চণ্ডীতলা থানা এলাকায় পরিবহন ব্যবস্থা বিপর্যস্ত। হঠাৎ বাস-মালিকরা নিজেদের খেয়ালখুশী মত ২৬ নম্বর বাস বন্ধ করে দিয়েছেন। এমনকি মাধ্যমিক পরীক্ষা যখন শুরু হয়েছে সেই সময়ে মিনিবাস রুট থেকে হঠাৎ তুলে নিয়ে যাচ্ছেন। অবিলম্বে পরিবহন ব্যবস্থা যাতে জোরদার করা যায় তারজন্য অনুরোধ জানাচ্ছি। গতকাল ডি. এম সাহেবের সাথে দেখা করেছিলাম। ২৩ তারিখে মিটিং ডেকেছেন। এটা প্রাইভেট বাস-ওনারদের স্বেচ্ছাচারীতা। জানিনা কায়া এর পিছনে ইন্ধন যোগাচ্ছেন? এরা ৭ বছর ধরে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারছেন না তাই সামান্য সামান্য ঘটনা সৃষ্টি করার চেষ্টা করছেন।

গজায় একটা সামান্য ঘটনা ঘটেছে, সেই ঘটনাকে কেন্দ্র করে হঠাৎ সমস্ত বাসগুলি উঠিয়ে দেওয়া হল। এইভাবে তাদের খেয়াল-খুসী মত তারা এগুলি করছে। সেজন্য অবিলম্বে সেই বাসগুলিকে সীজ করে যাতে চালান যায় সেই ব্যাপারে পরিবহণ দপ্তর এবং পরিবহন মন্ত্রী মহাশয় যাতে জরুরী ব্যবস্থা গ্রহণ করেন তারজন্য অনুরোধ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you I want to draw the attention of the Hon'ble Chief Minister who is also the Home Minister. In my constituency and in the surrounding area of Hogg market within a couple of weeks nearly 8 cases of decoity took place. In the last week, at 42, Mirza Galib Street, the dacoits successfully carried away a huge amount of money from a shop. Even two days back another dacoity had been committed at a place situated at the junction of Collin Street and Market Street. The dacoits usually come freely during the evening hours when the people are moving here and there, and thus commit dacoity. No arrest has been made uptil now. This is the businessmen's area as well as residential area where the people have become very much panicky. Government has failed to tackle the

problem as well as to arrest the dacoits who are operating in New market area Sir, detective department is one of the finest organisations. So, I would request the Hon'ble Chief Minister either he should tackle the problem effectively or he should resign from the Home Ministership. He should make arrests of these criminals.

শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আজকে বিজিন্ন জেলা থেকে বিড়ি শ্রমিকরা বিধানসভায় অভিযান করছেন। কারণ যখন বিড়ি শ্রমিকরা বিভিন্ন জেলায় আন্দোলন করেন তখন দেখি মালিকরা পশ্চিমবাংলা থেকে বিহার. বিহার থেকে উত্তরপ্রদেশে পালিয়ে যায়। যখনই তারা আন্দোলন করে তখনই মালিকরা পালিয়ে যায়, এই হচ্ছে অবস্থা। আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দাবী উঠেছে যে সমস্ত ভারতবর্ষে বিড়ি শ্রমিকদের একই মজুরী নির্ধারিত হোক যাতে বিড়ির মালিকরা এইভাবে আর পালিয়ে যেতে পারে। আজকে এই বিড়ি শ্রমিকরা এখানে এসে হাজির হচ্ছে। তাদের দাবী সারা ভারতবর্ষ জুড়ে একই হারে অর্থাৎ ১৫ টাকা হারে মজুরী নির্ধারণ করা হোক। এই ব্যাপারে যে আইন আছে, সেই আইনের সুযোগ নিয়ে মালিকরা বদমায়েসী করে থাকে। দুটো আইন আছে এবং তাতে দুটো হিসাবে ব্যবস্থা করা আছে। এর ফলে বড়বড মালিক যারা আছে তাদের বিড়ি শ্রমিকরা ধরতে পারেনা। তারা এই আইনের কারচুপীর সুযোগ নেই। কাজেই স্বাভাবিক কারণে এই দাবী উঠেছে যে সমান কাজের সমান মজুরী এবং সমস্ত ভারতবর্ষ ব্যাপী বিড়ি শ্রমিকদের একই হারে মজুরী অর্থাৎ ১৫ টাকা দেওয়া উচিত এবং ১ হাজার শিরা পিছু ২০ টাকা মজুরী ধার্য করা উচিত। রাজ্য ভিত্তিক মূল্য সূচক মাগগীভাতা যোগ করা উচিত, তাদের প্রভিডেন্ট ফাণ্ড ইত্যাদি চালু করা উচিত। যে ঠিকাদারী প্রথা চালু আছে, এই ঠিকাদারী প্রথায় বিড়ি শ্রমিকরা কোন সুযোগ-সুবিধা পায়না, তাদের বঞ্চিত করা হয়, সেই ঠিকাদারী প্রথাকে বাতিল করা উচিত, আইডেনটিটি কার্ড চালু করা উচিত এবং ওয়েলফেয়ার ফাণ্ড যেটা আছে তাতে কেন্দ্রীয় সরকার যা দেন সেটা নাম মাত্র দেন। যার ফলে বিড়ি শ্রমিকরা ধরতে গেলে কিছুই পাচ্ছে না। কাজেই এই ৭টি দাবীর ভিত্তিতে আজকে বিধানসভায় তারা অভিযান করছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে রাজ্যের কিছুটা অংশ আছে, আর বাকীটা কেন্দ্রে। সে ক্ষেত্রে শ্রমমন্ত্রীর পক্ষ থেকে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানান যাতে পশ্চিমবাংলার এই বিড়ি শ্রমিকরা সামগ্রিকভাবে উপকৃত হতে পারে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[12-20—12-30 P.M.]

(উল্লেখ)

শ্রীসেখ ইমাজুদ্দিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের সম্বন্ধে উল্লেখ করতে চাই। পশ্চিমবঙ্গ সরকারের এই যে বাজেট এই বিধানসভায় পাশ করা হয় সেই বাজেট কিভাবে অপচয় হয়েছে তারই একটি উজ্জ্বল দৃষ্টান্ত আমি এখানে দেখাতে চাই। এই যে বইটি দেখছেন এই বইটি হচ্ছে কনফারেন্স অফ পলিটিক্যাল পার্টি। এটা বামফ্রন্ট পার্টি এবং ভারতের অন্যান্য জনতা, কংগ্রেস অন্যান্য পার্টির বক্তব্য এতে লেখা আছে- গত ১৩ই জানুয়ারী থেকে ১৫ই জানুয়ারী পর্য্যন্ত কলকাতায় যে সর্বভারতীয় কনফারেন্স হয়েছিল তাতে বিরোধী পার্টিগুলির বক্তব্য রেজলিউসন এই পুস্তিকায় লেখা আছে। পশ্চিমবঙ্গ সরকারের ডাইরেক্টর অফ ইনফরমেশন এ্যাণ্ড পাবলিসিটি ডিপার্টমেণ্ট কর্তৃক এই বইটি ছাপা হয়েছে। রাজনৈতিক পুস্তিকা কিভাবে সরকারী তহবিল থেকে, সরকারী খাত থেকে—

(গোলমাল)

ছাপা হয়েছে, এটা আমি অপচয় বলে মনে করি। এ বিষয়ে একটা তদন্ত হওয়া উচিত। সরকারী টাকা দিয়ে কিভাবে এটা ছাপা হতে পারে তা আমি বুঝতে পারছি না। এটা আপনি তদন্ত করে আমাকে একটা রিপোর্ট দেবেন।

শ্রীশচীন্দ্রনাথ হাজরা ঃ মিঃ স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার খানাকুল থানায় ব্যাপকভাবে উচ্চ ফলনশীল বোরো ধানের চাষ হয়। উদয়নারায়ণপুর, আমতা ইত্যাদি জায়গাতেও উচ্চ ফলনশীল বোরো ধানের চাষ হয়। ওখানে মুণ্ডেশ্বরী নদীর পাশে চিংড়ে, শোশাপাতা, এবং কামদেবচক বাঁধ ওখানে এবার জলের খুবই অভাব। ঐ সমস্ত জায়গাতে উচ্চ ফলনশীল বোরো ধান প্রায় ১২ থেকে ১৩ হাজার একর জমিতে চাষ করা হয়েছে, কিন্তু এবারে জলের অভাবে সমস্ত ধান নষ্ট হতে বসেছে। এ জন্য অবিলম্বে ওখান থেকে ডি. ভি. সি থেকে যদি জল দেওয়া না হয় তাহলে সমস্ত ধান নষ্ট হয়ে যাবে। এই বিষয়ে ডি. ভি. সি.-র হেড কোয়ার্টার্সে জানান হয়েছিল। কিন্তু তাঁরা এই বিষয়ে কোন রকম কর্ণপাত করেন নি। খানাকুল ২ নম্বর পঞ্চায়েত সমিতির তরফ থেকে বাই মেসেঞ্জার লোক পাঠান হয়েছিল তা সত্বেও জল পাওয়া যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী মহাশয় এবং জলপথবিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে উক্ত এলাকায় তাঁরা জল দেওয়ার ব্যবস্থা করেন এবং সমস্ত চাষীর ধান যাতে রক্ষা হতে পারে সেজন্য ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীঅবন্তী মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই যে মেদিনীপুর বোলাগারিয়ার সরকারী প্রতিনিধির নিয়োগ সম্পর্কে। বোলাগারিয়া সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিমিটেডের একজন কর্মচারী ছিলেন, তাঁর নাম হচ্ছে শ্রীসমরেশ দাস। তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকায় ব্যাংক কর্তৃপক্ষ তাঁকে ডিসচার্জ করেছিলেন। পরে তাঁর যে এলাকায় বাড়ী সেই এলাকায় একটি কৃষি ঋণ দান সমিতি আছে। সেই কৃষি ঋনদান সমিতি থেকে ব্যাংক এর ডাইরেক্টার হয়ে না এসে তিনি একটু বাঁকা পথ দিয়ে তাজপুর কৃষি ঋণ দান সমবায় সমিতির ডাইরেকটার হয়ে এসেছেন গত ১৯৮০ সালে।

১৯৮৩ সালে ঐ ব্যাংকের চেয়ারম্যান পদে আসেন। চেয়ারম্যান পদে এসে গত কয়েক বছরে এত দুর্নীতি করেছেন যে সেই পুঞ্জিভূত দুর্নীতিগুলি লিপিবদ্ধ করে প্রাক্তন সমবায় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট পেশ করেছিলেন বোলাগেরিয়া সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের এ্যাফিলিয়েটেড সোসাইটিগুলি। সেই অভিযোগগুলি তদন্ত সাপেক্ষে রয়েছে। বর্তমানে শোনা যাচ্ছে সেই সমরেশবাবুকে ঐ ব্যাংকের গভর্ণমেণ্ট নোমিনি করে পাঠানো হচ্ছে। গত ১৮।৩।৮৪ তারিখের বার্ষিক সাধারণ সভায় সমরেশবাবুর বিরুদ্ধে যেসব দুর্নীতি রয়েছে—সে সম্পর্কে সর্বসম্মত-ভাবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে সেই দুর্নীতির অভিযোগগুলি তদন্ত কমিটি গঠন করে তদন্ত করা হবে। দুঃখের বিষয়, সেই বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবার পর এবং গত ১৬-৩-৮৪ তারিখে কাঁথির একটি দৈনিক পত্রিকা 'দৈনিক চেতনা'-তে খবরটি প্রকাশিত হবার পরও সেই সমরেশ দাসকে আজ গভর্ণমেণ্ট নোমিনি হিসাবে দেওয়া হচ্ছে। এই ব্যাংকে প্রায় ২৪০টি এ্যাফিলিয়েটেড্ সোসাইটি আছে। ... ...

(সময় শেষ হয়ে যাওয়ায় মাননীয় স্পীকার মহাশয়ের নির্দেশে
এই সময় পরবর্তী বক্তা বলতে ওঠেন)

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় স্পীকার মহাশয়, গত ১৪-৩-৮৪ তারিখে মাধ্যমিক পরীক্ষা সম্বন্ধে বলেছিলাম। আজও সেই মাধ্যমিক পরীক্ষা সম্পর্কেই বলতে চাইছি। মাধ্যমিক পরীক্ষায় অঙ্কের প্রশ্নপত্রটি অত্যন্ত কঠিন হয়েছিল—সেই কথাই সেদিন বলেছিলাম এবং বিভিন্ন খবরের কাগজেও ঐ বিষয়ে সমালোচনা হয়েছিল। আবার একটি জিনিষ ধরা পড়েছে মাননীয় অধ্যক্ষ মহাশয়। যারা কনটিনিউইং ক্যাণ্ডিডেট তাদের প্রশ্নপত্রের মার্জিনে ১৬টি নম্বর আউট অফ সিলেবাস। ভাবতে পারছি না বোর্ড কি করছে! কাদের দিয়ে প্রশ্নপত্র তৈরী করা হচ্ছে? কাজেই আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই—এই যে আউট অফ সিলেবাস প্রশ্নপত্রে হয়ে গেল, সে সম্পর্কে আজ পর্যন্ত কোন পেপার মাধ্যমে বোর্ড তার ভুল স্বীকার করে নেননি। সুতরাং আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এই ১৬

নম্বর প্রতিটি কনটিনিউইং ক্যাণ্ডিডেটকে দেবার ব্যবস্থা হয় সেই সংক্রান্ত বিষয়ে তিনি যেন বোর্ডের সঙ্গে যোগাযোগ করেন এই অনুরোধ রাখছি।

শ্রীঅশোক ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আজকে শিক্ষা-ব্যবস্থায় পশ্চিমবঙ্গে বর্তমানে যে অবস্থা করেছেন তাতে সমস্ত অভিভাবকের নাভিশ্বাস উঠেছে। প্রাথমিক বিভাগে ওঁরা বই সাপ্লাই করেন, কিন্তু আজকে মার্চের ২১ তারিখ—আজ পর্যন্ত দ্বিতীয় শ্রেণীতে সহজপাঠ পৌছল না। তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর ইতিহাস ভূগোল বই দেওয়া হোল না। এই অবস্থায় এঁরা বলেন যে বার্ষিক মূল্যায়নের ভিত্তিতে মেধা বিচার হবে এবং সবাইকে প্রমোশন দিতে হবে। মার্চ মাস প্রায় শেষ হতে চললো, দুদিন বাদেই সান্মাষিক পরীক্ষা হবে। আমি জানিনা মাননীয় শিক্ষামন্ত্রী এ-ব্যাপারে মাথা ঘামাচ্ছেন কিনা। অবিলম্বে যদি এই বইগুলো ছাত্রছাত্রীদের সরবরাহ করতে পারেন তাহলে গার্জিয়ানরা বাড়ীতে তাদের পড়াতে পারবেন কারণ স্কুলে যা পড়াবার ব্যবস্থা করেছেন তা সকলেই আমরা জানি। দয়া করে অন্ততঃ সিলেবাসের বইগুলো দেবার ব্যবস্থা করুন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোয়েশ্চেন আওয়ার এবং মেনশন আওয়ার অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু একজন ক্যাবিনেট মন্ত্রীকেও এখানে দেখতে পাচ্ছি না।

মিঃ স্পীকার ঃ I had already drawn the attention of the Parliamentary Affairs Minister in this regard.

[12-30—12-40 P.M.]

শ্রীবামাপদ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬ই মার্চ হিরাপুর থানার অন্তরগত বিধানপল্লীর একজন দ্বাদশ শ্রেণীর ছাত্র সন্ধ্যায় তার প্রাইভেট টিউটরের কাছে শান্তি নগরে পড়তে যায়। সেখান থেকে সে যখন পড়ে ফিরছিল তখন কিছু দুষ্কৃতকারী তাকে কিডন্যপ করে নিয়ে চলে যায়। তারপর তার মৃতদেহ নিকটস্থ একটি ইদারায় পাওয়া যায়। এই ঘটনা নিয়ে সেখানে নানারকম সন্ত্রাস সৃষ্টি হয়েছে। এই ঘটনার ব্যাপারে এফ. আই. আর করা হয়েছে। জানা গেছে এই ঘটনার মূল আসামী হলো সুবীর গুপ্ত। সে একজন কংগ্রেস (আই) এর কর্মী। তাই আমি এই হাউসে বলতে চাই স্বরাষ্ট্রমন্ত্রী যেন এই ব্যাপারে তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করেন।

শ্রীসুব্রত মুখার্জী : স্যার, উনি লোকের নাম করলেন কি করে ? আমি যখন নাম করেছিলাম তখন সেটা আপনি বাদ দেবার কথা বলেছিলেন।

মিঃ স্পীকার : রামাপদবাবু, যারা এখানকার মেম্বার নন তাদের নাম এখানে নেওয়া যায় না। নামটা বাদ যাবে।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবাংলাতে বর্ত্তমানে প্রায় ৫০ থেকে ৬০ হাজার স্বাধীনতা সংগ্রামী আছে এবং এই স্বাধীনতা সংগ্রামীরা বিভিন্ন ভাবে বিপদগ্রস্ত অবস্থায় পড়ে আছে। আজকে এই স্বাধীনতা সংগ্রামীদের যে দুরবস্থা চলছে সেটা দেখা যায় না। এই রাজ্য সরকারই বলুন বা কেন্দ্রীয় সরকারই বলুন তারা উভয়ের তরফ থেকে তাদের দেওয়া দরখাস্ত গুলো সুবিচার পাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে রাজ্য সরকারের যে সদর দপ্তর আছে সেখানে তাদের দরখাস্ত গুলি ফাইলবন্দী হয়ে দীর্ঘদিন ধরে পড়ে রয়েছে। সেখানে কোন কাজ হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে স্বাধীনতা সংগ্রামীদের নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন এবং তাদের নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন বক্তব্য তিনি রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জেলায় জেলায় স্বাধীনতা সংগ্রামীদের জন্য স্ক্রুটিনি কমিটি হয়েছে গত বছর তা পাস হয়েছে আজ পর্যন্ত তা কার্যকারী হয়নি এবং রাজ্যস্তরে যে কমিটি হয়েছে সেটাও আজ পর্যন্ত কার্যকারী হয়নি। আপনি শুনলে অবাক হবেন কিভাবে স্বাধীনতা সংগ্রামীরা বিপদগ্রস্ত অবস্থার মধ্যে পড়ছে। ১৯৮০ সালে মেডিকেল এড দেবার জন্য সরকার যে ব্যবস্থা করেছিলেন মেডিকেল হসপিটল থেকে আরম্ভ করে প্রতিটি হাসপাতাল সেটা কার্যকারী করছে না। বাঁকুড়া জেলার প্রবীন স্বাধীনতা সংগ্রামী রামকৃষ্ণ দাসের করোনারী এ্যটাক হয় এবং তাকে ভর্ত্তি করার জন্য বি. এস. মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। তাঁকে এ্যটেনডেন্স দেবার কথা বলা হয়। কিন্তু কর্ত্তৃপক্ষ সেটা করতে রাজী হয়নি। এই অবস্থা সব জায়গায় চলেছে। স্বাধীনতা সংগ্রামীদের ব্যাপারে যখন রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার উভয়েই চিন্তিত তথাপি তার কোন প্রতিকার হচ্ছে না কেন ? এই ব্যাপারে আপনার এবং আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাতে এই কমিটি গুলিকে কার্যকারী করা যায় তার জন্য আপনার মাধ্যমে আবেদন রাখছি।

শ্রীরবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা শ্যামপুর ব্লকে ৫৮টি স্লুইস গেট যুক্ত বাঁধ নির্মাণের কথা ছিল। এটা

এশিয়ার বৃহত্তম বাঁধ হবে এই কথা ছিল। এই স্লুইস গেটের জন্য ইতিমধ্যে কিছু টাকা খরচ হয়ে গেছে। টেণ্ডার কল করে কনট্রাকটার নিয়োগ হওয়া সত্ত্বেও দীর্ঘদিন যাবৎ পড়ে আছে। কয়েক বছর যাবৎ এই অবস্থায় পড়ে আছে, আজ পর্যন্ত কিছু হয়নি, ইনকমপ্লিট হয়ে পড়ে আছে। এই বাঁধের উপর দিয়ে ৩টি অঞ্চলের মানুষ যাতায়াত করে, এছাড়া তাদের অন্য কোন রাস্তা নেই। এই নিম্ন দামোদর পরিকল্পনায় গরীব চাষীরা তাদের জমি ছেড়ে দিয়েছে। কিন্তু আজ পর্যন্ত তাদের কম্পেনসেসান দেওয়া হয়নি। তাই আমি এই ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই এলাকার মানুষ অত্যন্ত দূরবস্থার মধ্যে পড়ে রয়েছে। এই বাঁধের উপর দিয়ে কোন বাস যাতায়াত করতে পারছে না। বাস রুট স্যাংসান হওয়া সত্ত্বেও স্লুইস গেট ইনকম্পলিট হয়ে রয়েছে বলে কোন বাস যেতে পারছে না। মাধ্যমিক পরীক্ষার সময় ছাত্র-ছাত্রীদের নানা অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই যে নিম্ন দামোদর পরিকল্পনা হলো যেটা এশিয়ার বৃহত্তম বলে পরিচিত, এর থেকে চাষীদের কোন সুবিধা হচ্ছে না, জনসাধারণের দুঃখ-দুর্দ্দশা আরো বেড়েই চলেছে। তাই ৫৮টি স্লুইস এই বছরের মধ্যে এনকোয়ারী করে এমন ব্যবস্থা করুন যাতে মানুষের যাতায়াতের সুবিধা হয় এবং বাস চলতে পারে। এই ব্যাপারে মাননীয় সেচ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহিমাংশু কুনার ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কেশপুর ব্লকে আর. এল. আই., ডিপ টিউবওয়েল ও শ্যালো টিউবওয়েল এলাকাভুক্ত চাষযোগ্য জমিতে হাজার হাজার একর চাষ হয়। কিন্তু উপযুক্ত সারের অভাবে এবং কীট নাশক ঔষধের অভাবে ঐ সমস্ত এলাকার ধান গাছ প্রায় নষ্ট হয়ে যেতে বসেছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ওখানে প্রচুর পরিমাণে সার ও কীটনাশক ঔষধ সরবরাহের ব্যবস্থা করেন। কীট নাশক ঔষধের ক্ষেত্রে দেখা হাচ্ছে যে অধিক পরিমাণে ব্যবহার করেও গাছের পোকা দমন করা সম্ভব হচ্ছে না। কারণ ঔষধের মান অতি নিম্ন। ফলে চাষীদের অধিক পরিমাণে কীটনাশক ঔষধ ব্যবহার করতে হচ্ছে। যে সার ওখানে সরবরাহ করা হয়ে থাকে তাও উপযুক্ত মানের নয়। এর ফলে, চাষীনের অধিক পরিমাণে সার জমিতে ব্যবহার করতে হচ্ছে। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়ের নিকট আমার অনুরোধ, উপযুক্ত মানের সার ও কীট নাশক ঔষধের বন্দোবস্ত যেন তিনি করেন। ওখানে আলু চাষের জন্য বেশী পরিমাণে আলুর ফলনের জন্য চাষীদের অধিক পরিমাণে সার প্রয়োগ করতে হচ্ছে। অথচ দেখা যাচ্ছে, ফলন বেশী করা যাচ্ছে না। শুধু তাই নয়, চাষের প্রয়োজনে যে সার ও কীট নাশক ঔষধের প্রয়োজন হয়; তা চাষের মরশুমে বাজার থেকে উধাও হয়ে যায়। যারফলে আলু চাষে উক্ত এলাকায় চাষীদের এক ব্যাপক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। চাষীদের অধিক মূল্যে বাজার থেকে প্রয়োজনীয় সারও কীট নাশক ঔষধ কিনতে হয়। এই সমস্যার সুরাহার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী-মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীব্রজগোপাল নিয়োগী ঃ মাননীয় স্পীকার স্যার, হুগলী জেলা এবং বর্ধমান জেলায় ডি. ভি. সি. 'র কাছ থেকে পাওয়া জল সরবরাহ হয়ে থাকে। গত ৯ তারিখে পাল্লা রোড এবং ইডেন ক্যানেলে গিয়েছিলাম এবং দেখি সেখানে কোন জল নেই। ব্যারেজের জল ছাড়া ধান গাছ বাঁচে না। ব্যারেজ থেকে যেখানে জল ছাড়ার কথা, সেখানে জল ছাড়ার কোন ব্যবস্থাই নেই। আমি, পঞ্চায়েত সমিতির সভাপতি (হুগলী জেলা) ও জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি সেখানে যাব বলে জামালপুর ইরিগেশান এস. ডি. ও. কে জানিয়েছিলাম। কিন্তু সেখানে গিয়ে দেখি, উক্ত অফিসার উপস্থিত নেই, তিনি ছুটিতে গেছেন। জলের অবস্থা সরেজমিনে দেখার জন্য পঞ্চায়েত সমিতির সভাপতি ও একজন এম. এল. এ যাবেন, এই মর্মে খবর পাওয়া সত্ত্বেও এস. ডি. ও. সাহেব ছুটিতে বাড়ী গেছেন। উক্ত এলাকায় এই জলের উপরে প্রায় ২৫।৩০ হাজার একর জমির চাষ নির্ভরশীল। জলের অভাবে ওখানে ধানের ফসল নষ্ট হয়ে যেতে বসেছে। অথচ আমরা দেখছি, সেখানে মাত্র একটি গেট খোলা। ইডেনে জলের অভাব। সেই সঙ্গে হাড়াল গেট, পাহাড়পুর গেট ও ডিগ্রি গেট প্রভৃতি খোলা অবস্থায় রয়েছে। হুগলী জেলার শুকপুর ও চাঁপাডাঙ্গা প্রভৃতি অঞ্চলে জল যাচ্ছে না। ফলে সেখানে একটা অব্যবস্থার সৃষ্টি হয়েছে। এই বিষয়ের প্রতি আমি মাননীয় সেচ মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আবার অন্যদিকে গত পরশু (১৯।৩।৮৪) পাণ্ডুয়া এবং জামালপুরে গিয়ে দেখি আলু ২২ টাকা দরে বিক্রির জন্য বাজারে এসেছে। কিন্তু কেনবার জন্য কোন লোক নেই। এই বিষয়ে আমি মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তরের কাছে আবেদন জানাচ্ছি, বেনফেড এবং কো-অপারেটিভের মাধ্যমে যেন তাঁরা আলু কেনার ব্যবস্থা করেন।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ উত্তরবঙ্গের সংরক্ষিত বনাঞ্চলের গাছপালা কেটে ফেলে যেভাবে ধ্বংস করা হচ্ছে, তাতে আমরা খুবই উদ্বিগ্ন বোধ করছি। আপনি জানেন যে, কুচবিহার জেলায় সংরক্ষিত বনাঞ্চল যেটা ছিল, সেটা কেটে একেবারে শেষ করে ফেলা হয়েছে। চিলাপাতা ফরেষ্টের সমস্ত মূল্যবান গাছগুলো এক শ্রেণীর চোরাকারবারীরা কেটে রাতারাতি স্যু মিল তৈরী করছে। কয়েক বছর আগে জলপাইগুড়ি জেলার ডি. এফ. ও. চোরাকারবারীদের ধরতে গিয়ে ভীষণভাবে নিগৃহীত হন। কুচবিহার জেলাতে এই ষড়যন্ত্রকারীদেব ধরতে গিয়ে D. F. O. আটকে পড়েন। পরে কুচবিহারের ডি. সি- গিয়ে তাঁকে মুক্ত করেন। কিছুদিন আগে দিল্লী থেকে এক সমীক্ষক দল এখানে এসেছিলেন। তাঁরা বিশ্লেষণ করে দেখেছেন যে উত্তরবঙ্গের এই সমস্ত বনাঞ্চলে মূল্যবান ভেষজ আছে এবং এগুলো কেটে ধ্বংস করে ফেলা হচ্ছে। আমি আপনার মাধ্যমে বনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে যাতে এই চোরাচালানকারীরা ধরা পড়ে এবং বনজ সম্পদ রক্ষিত হয়, তার ব্যবস্থা গ্রহণ করেন।

[12-40—12-50 P.M.]

শ্রীতরুন চ্যাটার্জী ঃ স্যার, আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলছি যে দুর্গাপুরে রিফ্যাক্টারী কারখানা গত ৮ই ফেব্রুয়ারী থেকে লকআউট ঘোষণা করা হয়েছে। এখানে ৪৫০ জন শ্রমিক কাজ করে। কারখানাটি দীর্ঘদিনের। শ্রমিকরা মনে করছে এর কারণ হচ্ছে ওয়েজ বোর্ড গঠন করার ব্যাপার নিয়ে এটা বন্ধ করা হয়েছে। কয়েক বছর ধরে চেষ্টা করে পশ্চিমবাংলার শ্রমিকরা ওয়েজ বোর্ড গঠন করার জন্য। যে মুহূর্তে এই আন্দোলন সুরু হল সেই মুহূর্তে কারখানাটি বন্ধ করার চক্রান্ত সুরু হয়েছে। এই কারখানাটি পরিচালনা করেন কেন্দ্রীয় সরকার। যেখানে সর্বমতের শ্রমিকরা ওয়েজ বোর্ড গঠন করার জন্য আন্দোলন করছে সেখানে বিনা কারণে বন্ধ করা এই কারখানাটি অবিলম্বে খোলার জন্য শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীনিতাই আদক ঃ স্যার, আপনার মাধ্যমে আমি পুনরায় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হাওড়া জেলার বাগনানে ও. টি. রোডের যে জায়গা সেই জায়গাগুলি এলাকার বিত্তবান লোকেরা জোরপূর্বক দখল করেছে এবং কেনাবেচা আরম্ভ করেছে এবং বাড়ীঘর সুরু করেছে। এ বিষয়ে বিভাগীয় অফিসার, উলুবেড়িয়ার, যাঁরা আছেন তাঁদের বলা হয়েছে। কিন্তু তার কোন প্রতিকার হচ্ছে না। পূর্তমন্ত্রীকেও বারবার অনুরোধ করেছি। আবার আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি যে ব্যবস্থা অবলম্বন করতে যদি অসুবিধা থাকে তাহলে এই সমস্ত জায়গাগুলিকে সরকার থেকে লীজ দেবার ব্যবস্থা করুন এবং রেভিন্যু আদায়ের ব্যবস্থা করুন। এ না করলে এলাকায় অসন্তোষ সৃষ্টি হবে।

শ্রীসুকুমার মণ্ডল ঃ স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার বিভিন্ন হাসপাতালে ব্যাপক সংখ্যক চিকিৎসক নেই এর সংখ্যা বর্তমানে প্রায় ৩০ হবে। এর ফলে অনেকগুলি প্রাথমিক এবং ১২টির মত সহায়ক স্বাস্থ্যকেন্দ্র অচল অবস্থার সম্মুখীন হয়েছে। গ্রামের জনসাধারণ এর ফলে অসুবিধার সম্মুখীন হয়েছে। তাই স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো অবিলম্বে নদীয়ার বিভিন্ন হাসপাতালে চিকিৎসক পাঠানোর ব্যবস্থা করুন।

শ্রীসরল দেব ঃ স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে হাজার হাজার বিড়ি শ্রমিক শ্রমমন্ত্রীর নিকট স্মারকলিপি দেবার জন্য আসছেন। সরকার তাদের জন্য ন্যূনতম মজুরী ধার্য করেছেন, কিন্তু তা কার্যকরী হচ্ছে না। কারণ মিনিমাম ওয়েজ ইন্সপেক্টাররা পয়সা কড়ি খেয়ে চলে আসেন। সেজন্য আমার দাবি মিনিমাম ওয়েজ যেটা চালু হয়েছে সেটাকে যাতে ইন ট্রু সেন্স এফেক্ট দেওয়া যায় তার ব্যবস্থা করা।

দ্বিতীয়তঃ কেন্দ্রীয় যে বিড়ি শ্রমিক আইন আছে তার সংশোধন করে বিড়ি শ্রমিকদের ফ্যাক্টরী এ্যাক্টের আওতাভুক্ত করা। তৃতীয়তঃ সম্প্রতি বাঁকুড়াতে হাজার হাজার বিড়ি শ্রমিক কর্মচ্যুত হয়েছে, তাদের জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশিশির অধিকারী ঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের টেকনিক্যাল এডুকেশান মন্ত্রীর কাছে নিবেদন করছি যে ১৯৬৭ সালে কাঁথির উপকণ্ঠে রঘুরামপুর মৌজার ১৭ বিঘা জমির উপর টেকনিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। প্রথমে ১২ লক্ষ টাকা খরচ করা হয়, তারপর বর্তমান সরকার ক্ষমতায় আসার পর আরো ৫ লক্ষ টাকা খরচ করার পরও এখনও ঘরটা সেই অবস্থায় পড়ে আছে। তার গেট, ওয়ার্কসপের ডায়না গেট, কলাপসেবল গেট, এ্যাজবেস-টস ইত্যাদি সমস্ত চুরি করতে আরম্ভ করেছে। এখন যা অবস্থা তাতে মেদিনীপুর জেলায় টেকনিক্যাল মেরিট, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের অনেক বেশী চাহিদা রয়েছে। এই অবস্থায় আমি দাবি করছি অবিলম্বে কাঁথি। উপকণ্ঠে রঘুরামপুর মৌজায় এই টেকটিক্যাল কলেজটি চালু করা হোক। আমি আপনার কাছে একটা ফটো দাখিল করছি যাতে আপনি দেখতে পাবেন কিভাবে সমাজ বিরোধীরা গেট, এ্যাজবেস্টস ইত্যাদি চুরি করতে আরম্ভ করেছে। অবিলম্বে যদি হস্তক্ষেপ না করা হয় তাহলে প্রচুর ক্ষতি হবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং টেকনিক্যাল এডুকেশান মন্ত্রীর কাছে কাঁথির মানুষের দাবি পেশ করছি যাতে এই টেকনিক্যাল কলেজটি চালু করার ব্যবস্থা করেন।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষিমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার সবং থানার প্রান্তিক চাষী. ক্ষুদ্র এবং মধ্যবিত্ত চাষীরা উচ্চ ফলনশীল ধান চাষ করেছিল। ওখানকার কেলেঘাই এবং কোপনেশ্বর নদীতে যেসব রিভার লিফ্‌ট পাম্প আছে তা দিয়ে সেচ দেবার ফলে তারা চাষ শুরু করেছিল। কিন্তু বিগত ৫ মাস ধরে কোন বৃষ্টি না হওয়ার ফলে নদীর জল শুকিয়ে গেছে, পানীয় জলের নলকূপের লেয়ার নেমে গেছে, পানীয় জল পাওয়া যাচ্ছে না। নদীর জল শুকিয়ে যাওয়ার জন্য ৫ হাজার একরের ধানের চারা নষ্ট হতে বসেছে। জেলা শাসককে বার বার বলেছি, এই নিয়ে মিটিংও হয়েছে কিন্তু কোন ফয়শলা করতে পারেননি, ৫ হাজার একরের উচ্চ ফলনশীল ধান নষ্ট হতে বসেছে। সেজন্য আমি সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে এমারজেন্সি ভিত্তিতে উদ্যোগ নিয়ে এমন কিছু করুন যাতে অন্ততঃ কিছু জল কংসাবতী প্রোজেক্ট ক্যানেলের শেষ প্রান্তে পৌছায়, তাতে কিছু পরিমান ধান বাঁচান যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সেচমন্ত্রী এবং কৃষি মন্ত্রীকে বলুন আমাদের আবেদনের কথা যাতে সবং থানার চাষীরা তাদের উচ্চ ফলনশীল ধান বাঁচাতে পারে।

শ্রীফজলে আজিম মোল্লা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ দিন আগে গার্ডেন রিচের বুকে যে দুর্ভাগ্যজনক ঘটনা ঘটে গেছে তারজন্য আমরা সকলেই দুঃখিত। গার্ডেন রীচে সান্ধ্য আইন জারি করা হয়েছে এবং তার পার্শ্ববর্তী মেটিয়াবুরুজ পুলিশ স্টেশনেও সান্ধ্য আইন জারি করা হয়েছে। কিন্তু মেটিয়াবুরুজ পুলিশ স্টেশনের অধীনে কোন রকম শান্তি বিঘ্নিত হয়নি। এই মেটিয়াবুরুজ পুলিশ স্টেশনের ও. সি এই সান্ধ্য আইনের পরিপ্রেক্ষিতে সুযোগের সদ্ব্যবহার কিভাবে করছেন সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি তিনি সান্ধ্য আইনের অজুহাতে সেখানকার নিরীহ মানুষদের লাঠি পেটা করে থানার ভর্তি করছে এবং তাদের কাছ থেকে ৫০ টাকা থেকে ২০০ টাকা উতকোচ নিয়ে তারপর ছেড়ে দিচ্ছে।

[12-50—1-00 P.M.]

আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এ বিষয়ে সোচ্চার হন। আর দ্বিতীয় অনুরোধ হচ্ছে যে ঐ ঘটনায় যাঁরা মারা গেছেন তাঁদের ফেমেলিকে যেন কমপেনসেসন দেওয়া হয়।

Shri Hazari Biswas : Sir, through you I would like to draw the kind attention of the Hon'ble Union Railway Minister Shri Ghani Khan Chowdhury. The passengers of Sealdah—Lalgola Section of Eastern Railway are getting much trouble every day. For the improvement of that seetion I would like to suggest three points, which may kindly be sent to the Union Railway Minister. The points are given below :

1. Introduction of standard 3 interlocking to speed up movement of Trains over points and crossings.

2. Introduction of Tokenless instrument (in place of Token) which will speed up movement of Trains and will avoid all sorts of hazards.

3. Introduction of Electrical Panel board to operate points and signals.

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মিঃ স্পীকার স্যার, গত ৮ই এবং ৯ই রক্তাক্ত ও পুলিশের লাঠি দ্বারা আক্রান্ত এই বিধানসভায় দাঁড়িয়ে আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি। স্যার, চুরির কথা বললেই তো ওঁদের গায়ে জ্বালা ধরে। আপনি মন্ত্রী বা এম. এল. এ-দের বিরুদ্ধে বলতে গেলে তার আগে ডকুমেণ্ট সাবমিট করতে হবে বলেছেন। আমি এখানে কোন মন্ত্রী বা এম. এল. এ-র সম্বন্ধে বলছি না। তাই আমি কোন ডকুমেণ্ট পেশ করি নি। স্যার, সাঁগড়া গ্রাম পঞ্চায়েতে একটা লিষ্ট হয়েছে। যারা ভূমিহীন, গৃহহীন তাদের এক হাজার টাকা করে দেওয়া হচ্ছে। এই লিষ্ট করার পর দেখা গেল তাতে যাদের নাম আছে তাদের কেউ কেউ টাকা পায় নি। এ রকম একটি গরীব মানুষ, নাম তার মহিনী হাজরা, তার লিষ্টে নাম থাকা সত্ত্বেও তাকে টাকা দেওয়া হয় নি। সেই টাকায় সি. পি. এম. সদস্যরা তহবিল তৈরী করছে। এই ব্যাপারে সে যখন দরখাস্ত লিখছে যে লিষ্টে তার নাম থাকা সত্ত্বেও তাকে টাকা দেওয়া হয়নি তখন সি. পি. এম.-দের গুণ্ডা বাহিনী গিয়ে তাকে আক্রমণ করেছে, যেমন এই বিধানসভায় আক্রমণ হয়েছিল। স্যার, গৃহ তৈরী অনুদান আত্মসাত হচ্ছে আবার সেই কথা বলতে গেলে মেয়েরা আক্রান্ত হচ্ছে। এই আক্রমণ হবার পর পুলিশের কাছে তারা যায়। কিন্তু পুলিশ থেকে কোন এফ আই আর নেওয়া হয় নি, কোন মামলাও দায়ের করা হয় নি। ১৯৭২—৭৭ সালে যাদের ভূমি বণ্টন করা হয়েছিল, এই জ্যোতি বসু সরকার তাদের ভূমি থেকে উচ্ছেদ করছে। এ তো ওঁরা করছেনই, আবার ঐ গরীবদের যে গৃহ নির্মাণের টাকা সেটাও ওঁরা আত্মসাত করছেন। এই ব্যাপারে আমি একটি চিঠি আপনাকে দিয়ে দিচ্ছি।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। এই রাজ্যে শিক্ষা বিভাগে শিক্ষা প্রশাসন স্তর যে ভয়াবহ রূপ নিয়েছে ডি. পি. আই. আমলারা পর্যন্ত যেভাবে সরকারী তথা শিক্ষা বিভাগের টাকা নয়ছয় করছে তা অভাবনীয়। আমি এই প্রসঙ্গে কলকাতা সেকেণ্ডারী অফিসের দুর্নীতির কথা তুলে ধরছি।

গত ১-৭-৮২ তারিখ থেকে বর্তমান কলকাতার ডি. আই. পদে অধিষ্ঠিত হবার পর, এই হিন্দুস্থান পার্কের অফিসটি একটা দুর্নীতির আখড়ায় পর্য্যবসিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এই দুর্নীতির নায়ক স্বয়ং এই ডি. আই. এবং তারই নেতৃত্বে এই অফিসে একটা দুর্নীতির চক্র গড়ে উঠেছে। এই ডি. আই. এবং তার কিছু সহকর্মীর বিরুদ্ধে সাক্ষ্য প্রমানাদি সহ ভিজিলেন্স কমিশনের কাছে সাত পৃষ্ঠা ব্যাপী এক সুদীর্ঘ অভিযোগ সম্বলিত লিখিত প্রতিবেদন পেশ করা হয়েছে এবং ভিজিলেন্স কমিশন তদন্তের নির্দেশ দিয়েছেন, তদন্ত চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দুর্নীতির রূপ, এটা কি মারাত্মক, এই ডি. আই.,

তিনি আবার একাধিক বিদ্যালয়ের প্রশাসকও নিযুক্ত হয়ে আছেন। একদিকে ডি. আই. এবং অপরদিকে প্রশাসক পদাধিকার বলে। ফলে তিনি যথেচ্ছভাবে বিদ্যালয়ের নামে তিনি সরকারী অনুদান নিচ্ছেন এবং অভিযোগ, একটা বিদ্যালয়ে শুধু হোয়াইট ওয়াশ করার জন্য ৮০ হাজার টাকা খরচ হয়েছে, এই রকম মারাত্মক ঘটনা। তিনি বিধি বহিভূ তভাবে অনুমোদন পাওয়ার যোগ্যতা নেই, এই রকম বিদ্যালয়কে তিনি অনুদান পাইয়ে দিচ্ছেন, বিধি বহির্ভূতভাবে শিক্ষক, করণিকের পদ এর জন্য সুপারিশ করছেন এবং নিয়োগ করছেন, এমনকি জনৈক মন্ত্রীর স্ত্রীকে অতিরিক্ত অর্থও পাইয়ে দিয়েছেন, এমন সব মারাত্মক অভিযোগ আছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আশ্চর্য্যের বিষয়, প্রাথমিক তদন্তে এই অভিযোগের সত্যতা প্রমানিত হওয়া সত্বেও এবং যেখানে ভিজিলেন্সের তদন্ত চলছে, তা সত্বেও এই সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধে শিক্ষা বিভাগ থেকে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া তো দূরের কথা, পরন্তু উক্ত ডি. আই.-এর যেখানে চাকুরির মেয়াদ ১৯৮৩ সালের ডিসেম্বরে শেষ হয়ে যাচ্ছে, তাকে আবার রহস্যজনক কারণে পুনর্নিয়োগ করা হয়েছে এবং সেই পুনর্নিয়োগ ব্যবস্থাও অত্যন্ত অবৈধ। তার চাকুরি টার্মিনেটের দিন হচ্ছে ২১-১২-৮৩ তারিখে, তাকে রি-এমপ্লয়মেণ্ট দেওয়া হয়েছে ১লা ফেব্রুয়ারী, ১৯৮৪, রেস্ট্রপেকটিভ এফেক্ট দিয়ে।

তাহলে কি হলো? ১-১-৮৪ তারিখ থেকে ৩১-১-৮৪ সাল পর্য্যন্ত, এই কলকাতার ডি. আই., সেকেণ্ডারী, তিনি সার্ভিসটা দিলেন, without any recommendation or sanction of any competent authority. অদ্ভুত দুর্নীতি, বে-আইনী কার্য্যকলাপের এক অভিনব নিদর্শন আপনার কাছে তুলে ধরলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শুধু এইটুকু বক্তব্য, যেখানে এই রকম দুর্নীতির অভিযোগ এসেছে, আমি এর বিরুদ্ধে তদন্ত দাবী করছি, এই পুনর্নিয়োগের অবৈধ আদেশ প্রত্যাহার দাবী করছি এবং এই মর্মে আমি শিক্ষামন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি, তিনি এই হাউসে একটা বিবৃতি দিন এবং হাউসকে এই ব্যাপারে অবহিত করুন, তা নাহলে আমাদের বদ্ধমূল ধারণা হবে, এই সরকার এর পিছনে মদত দিচ্ছে, প্রশ্রয় দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সিরিয়াস চার্জ আছে, এই সম্পর্কে যে অভিযোগগুলো তুলেছি, আপনি শিক্ষামন্ত্রীকে বলুন, হাউসে তিনি একটি বিবৃতি দিন।

মিঃ স্পীকার ঃ আপনিই বললেন, এটা ইনভেষ্টিগেশন হচ্ছে। পেণ্ডিং ইনভেষ্টিগেশন, কি করে মন্ত্রী মহাশয় বিবৃতি দেবেন?

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ আমি রি-এমপ্লয়মেণ্ট সম্পর্কে তাঁকে বিবৃতি দেবার জন্য দাবী জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ কাগজটা আমাকে পাঠিয়ে দেবেন, আমি দেখবো।

[1-00—1-10 P.M.]

শ্রীজয়কেশ মুখার্জী ঃ স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, উনি যে বক্তব্য এখানে রাখলেন, আমি সেই সম্পর্কে কিছু বলছি না, কিন্তু সুনীতি বাবু একটা কাণ্ড করলেন, কি বললেন জানি না দরখাস্ত ইত্যাদির কথা বললেন, তারপর তিনি বললেন যে দরখাস্তটা আপনার কাছে তিনি জমা দিচ্ছেন, এটা রেকর্ড হলো, কিন্তু তিনি জমা দেন নি।

মিঃ স্পীকার ঃ সুনীতি বাবু পরে পাঠিয়ে দিয়েছেন।

শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ মিঃ স্পীকার স্যার, কয়েকদিন যাবত বেহালার বড়তলা, এস. এন. রায় রোড এবং বুড়োশিবতলায় পিয়াসী সিনেমা হলের কাছে একদল সমাজবিরোধী, যারা সিনেমার টিকিট ব্ল্যাক করে, এরা কিছুদিন যাবত ওখানে বোমা বাজী করছে। সংবাদ পেয়ে, আমি সুব্রত মুখার্জী, অতীশ সিন্‌হা, ফজলে আলি মোল্লা আবদুল মান্নান, শেখ ইমাজুদ্দিন মহাশয় সেখানে যাই। আমরা ওখানে গিয়ে পাড়ায় পাড়ায় ঘুরি। সবচেয়ে দুঃখের বিষয়, সেখানে সমাজবিরোধীরা বেশ কিছুদিন যাবত অত্যাচার চালাচ্ছে। এই ব্যাপারে সেখানে একটা মিটিং হচ্ছিল, তাতে সি. পি. এম, কংগ্রেসের লোক ছিল, সকলে মিলে মিটিংটা করছিল, সেখানে সমাজ বিরোধীরা গিয়ে বোমা বর্ষণ করেছে। ওখানকার পুরো এলাকাটা সমাজবিরোধীদের হাতে চলে গেছে কিছুদিন হলো। পুলিশ সম্পূর্ণ সেখানে নিষ্ক্রিয়। কে একজন পাত্র বলে আছেন, তিনি ও. সি., তিনি ছিলেন দেখলাম। হোল এলাকাটা গত এক বছর ধরে কনট্রোল করছে সমাজ বিরোধীরা, বাঁশতলা থেকে ঐ পর্য্যন্ত। সমাজ বিরোধীদের সবাই টিকিট ব্ল্যাক করে। তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা বারবার বলেছি, সমাজ বিরোধীরা যেমন গার্ডেন রীচে গণ্ডগোল করেছেন, ওখানেও গণ্ডগোল করেছে এবং একটা খুনও হয়েছে, বোমাও মেরেছে। একজন বোমা বাঁধতে গিয়ে হাতও ফেটে গেছে, টি. বি. রোগীর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, সেখানে গিয়ে দেখলাম বাড়ির লোককে র‍্যানস্যাক করেছে, মানে একজন মহিলা রাঁধছিলেন, তার বুকে পিস্তল ঠেকিয়ে বলেছে যে তুমি ভেতরে ঢুকে যাও, আমরা পাশের বাড়িটা লুঠ করবো। কয়েক ঘণ্টা ধরে সাত আটটা বাড়িতে লুঠ করেছে। লুঠ করার পর সবচেয়ে দুর্ভাগ্যের বিষয়, যারা পিস কমিটির মিটিং-এ বসেছিল, আলোচনা করছিল, তাদের মধ্যে থেকে কয়েকজনকে পুলিশ জড়িয়ে ফেলেছে, ঐ বোমা বাঁধতে গিয়ে যে টি. বি. রোগী মারা গেছে, সেই ব্যাপারে। তার মধ্যে কে আছে ? তার মধ্যে উকিল বাবু আছেন, একজন আবার এডিশন্যাল রিটায়ার্ড পুলিশ কমিশনার আছেন, তার ছেলেরা আছে, নাতি আছে, এই রকম সব ভাল ভাল লোকগুলোকে পুলিশ কেসে ঝুলিয়ে দিয়েছে। অপরদিকে সেই সব সমাজ

বিরোধীরা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। আমি সেইজন্য বলছি, গার্ডেন রীচে এই রকম ঘটনা ঘটেছে, আবার ওখানেও এই রকম ঘটনা ঘটছে, তাহলে আমরা দেখতে পাচ্ছি, কলকাতাটা সমাজ বিরোধীদের হাতে চলে গেছে। কিছু কিছু জায়গায় এমন অবস্থা দাঁড়িয়েছে, যে সেখানে পুলিশ একেবারে নিষ্ক্রিয় হয়ে গেছে, কারণ একটা রাজনেতিক দলের সাহায্য পাচ্ছে বলে, তারা কিছু বলছে না। আমি বেহালার এম. এল. এ.-কে বলেছি, মন্ত্রীকে বলেছি, এস. পি.-কে বলেছি। তাই আপনাকে বলবো, স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে বলুন, সমাজবিরোধীদের হাত থেকে বেহালাকে উদ্ধার করার জন্য তিনি যেন একটা ব্যবস্থা নেন, তা না হলে দ্বিতীয় গার্ডেন রীচ হলেও হতে পারে, এতে আশ্চর্য হবার কিছু নেই।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি সর্বপ্রথম একটি কথা মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। যে দল সরকারে থাকেন তাঁরা যে বাজেট পেশ করেন সেই বাজেট সম্বন্ধে আলোচনা করার সময় দেখছি এটা একটা প্রথা হয়ে গেছে সরকার পক্ষের সকলেই বলেন এটা সাংঘাতিক ভাল বাজেট হয়েছে এবং বিরোধীদল বলেন এটা খুব খারাপ বাজেট হয়েছে, জনস্বার্থ বিরোধী বাজেট হয়েছে। ধারাবাহিকভাবে এই ধরনের আলোচনা কেন্দ্র এবং রাজ্য পর্য্যায়ে চলে আসছে। কিন্তু আমি মনে করি সংসদীয় গণতন্ত্রের নিগম অনুসারে ভোটের সময় আমাদের আলাদা আলদা মতবাদ থাকতে পারে, কিন্তু বাজেট আলোচনার সময়, যে বাজেটের সঙ্গে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের স্বার্থ জড়িত রয়েছে সেটা সাধারণভাবে আলোচনা করা উচিত যাতে আগামী দিনে যাঁরা বাজেট রচনা করবেন তাঁরা খুব সুষ্ঠুভাবে এবং দায়িত্বের সঙ্গে বাজেট তৈরী করতে পারেন। এরই পরিপ্রেক্ষিতে আমি দুটি বাজেট অর্থাৎ কেন্দ্রীয় বাজেট এবং রাজ্য বাজেট নিয়ে আলোচনা করতে চাই। আমরা যাঁরা বিরোধীদলে আছি তাঁরা এই নীতি সমর্থন করলেও একটি কথা বলব যে, একটি উন্নয়ন শীল দেশের বাজেট কখনই সমালোচনার উর্দ্ধে যেতে পারেনা। জ্যোতিবাবু একটা কথা প্রায়ই বাইরে বলেন যে, কংগ্রেসের কি হিম্মত নেই কোন জিনিস যদি দেশের স্বার্থে, রাজ্যের স্বার্থে নীতিগত দিক থেকে কেন্দ্রীয় সরকারের বিরোধী হয় তাহলে তার প্রতিবাদ করা? ভারতবর্ষে যে বাজেট হয় সেটা সাধারণভাবে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে হয় এবং কেন্দ্র ফিসক্যাল পলিসি অনুসারে সারা ভারতবর্ষই কেন্দ্রীক একটা বাজেট তৈরী করেন। তথ্য ভিত্তিক আমরা যা দেখতে পাচ্ছি তাতে সমালোচনা নাহলেও একটা বিতর্কের সৃষ্টি করে যখন আমরা দেখি বিভিন্ন রাজ্যের মধ্যে মাথাপিছু আয়ের বিরাট পার্থক্য হয়ে যায়। ১৯৬০-৬১ সালে মাথাপিছু আয় এবং তার ১৬ বছর পর অর্থাৎ ১৯৭৭ সালে বিভিন্ন রাজ্যের মাথাপিছু আয় যদি আমরা দেখি তাহলে দেখব রাজ্যগুলি যা সম্পদ সৃষ্টি করেছে সেটা যদি সমভাবে বণ্টন হোত তাহলে মাথাপিছু আয়ের ক্ষেত্রে এরকম পার্থক্য হওয়া উচিত নয়। ১৯৬০-৬১ সালে উড়িষ্যায় মাথাপিছু আয় ছিল ২১৭ টাকা এবং ১৯৭৬-৭৭ সালে সেই মাথাপিছু আয় হয়েছে ৬৫৯ টাকা অথাৎ বেড়েছে মাত্র ৪৪২ টাকা। অথচ পাঞ্জাবের ক্ষেত্রে দেখছি ১৯৬০-৬১ সালে মাথাপিছু আয় ছিল ৩৪৭ টাকা

এবং ১৯৭৬-৭৭ সালে সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৮১২ টাকা অর্থাৎ ১৪৬৫ টাকা আয় সেখানে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন রাজ্যে মাথাপিছু আয়ের ক্ষেত্রে এই যে অসমতা সেটা সাধারণভাবেই আমাদের কাছে একটা বিতর্কের সৃষ্টি করে। আমার মনে হয় পরিকল্পনার দিক থেকে কোথাও একটা ত্রুটি আছে, ফিসক্যাল পলিসির ত্রুটি হচ্ছে। এটা কোন সমালোচনার ব্যাপারে নয়. সাধারণভাবেই কেন্দ্রীয় সরকারের এটা দেখা উচিত।

পরিকল্পনার সুফল অর্থাৎ টোট্যাল সুফল যাতে সমভাবে বণ্টন হয় সেদিকে লক্ষ্য রাখা উচিত। দারিদ্র সীমার নীচে যারা রয়েছে সে সম্পর্কে একটা পরিসংখ্যান দিয়ে বলা হয় ২২৫০ ক্যালোরি খাদ্যবস্তু একজন মানুষ যদি না পায় তাহলে সে দারিদ্র্য সীমার নীচে বাস করছে এলথা বলা যায়। ১৯৭৬-৭৭ সালে দেখতে পাচ্ছি উড়িষ্যায় শতকরা ৬৬'৪০ ভাগ মানুষ দারিদ্র্য সীমার নীচে রয়েছে, পশ্চিমবাংলায় ২১.৪৯ ভাগ মানুষ দারিদ্র সীমার নীচে রয়েছে, পাঞ্জাবের কথা বলা হয় ১৫'১৩ পারসেণ্ট। এক্ষেত্রে কিন্তু কেন্দ্রীয় সরকার কোন রকম বিমাতৃসুলভ মনোভাব রাখেনি। বিমাতৃ-সুলভ মনোভাব যদি তাঁরা রাখতেন তাহলে দারিদ্র্য সীমা এত নীচে থাকত না। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের কথা যা এঁরা বলেন সেটা অসত্য কথা।

[1-10—1-20 P. M.]

তবে আমি মনে করি ১৫ শতাংশ যে সর্ব নিম্ন দারিদ্র-সীমা পাঞ্জাবে রয়েছে, সমস্ত রাজ্যগুলি যাতে সেই হারে যেতে পারে সেটা কেন্দ্রের দেখা দরকার এবং এটায় সম বণ্টনের মানসিকতা আছে। তবে এর থেকে একটা জিনিস দেখা দরকার, কেন্দ্র পলিসি তৈরী করবে এবং সেটার যথাযথ রূপায়ন, ইমপিলিমেণ্ট করার বিষয়ে রাজ্যেরও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। রাজ্য সরকার যত বেশী এই পলিসিগুলিকে যথাযথভাবে রূপায়িত করতে পারবে তত বেশী সামঞ্জস্যপূর্ণ হবে, ভারসাম্য রক্ষা করতে পারবে এবং ফিসক্যাল পলিসি অনুসারে যারা তলায় পড়ে থাকবে তাদের অর্থ সাহায্য দিয়ে টেনে উপরে তুলতে হবে। গত ৬টি পরিকল্পনার এমন সায়েনটিফিক এ্যাপ্রোচ এতে আছে যে, কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাব দেখাবার কোন সুযোগ নেই। এই রাজ্যকে অনেক বেশী ওভার-ড্রাফ্‌ট দেওয়া হচ্ছে। এই রাজ্যের আর্থিক অসংগতিকে অনেক সময় কেন্দ্র পূরণ করেছে। কেন্দ্রের কোন কিছু করার নেই, চাক বা না চাক রাজনীতি করার কোন প্রশ্ন নেই কেন্দ্রের। যদি পরিকল্পনা মাফিক অর্থনীতি তৈরী করতে হয় তাহলে যারা পিছনে থাকবে দেউলিয়া হয়ে গেলেও তাদের টেনে তুলতে হবে। সেইজন্য বন্ধুত্বপূর্ণ সমালোচনা করার মানসিকতার দরকার আছে, যেমন সেণ্ট্রাল বাজেট সম্পর্কেও আমরা বলে থাকি। কেন্দ্র এবং রাজ্যের দিক থেকে বাজেটে একটা নতুন কৌশল শুরু করা হয়েছে। কেন্দ্র করে কি? বাজেটে এমন কিছু

আগে থেকেই চাপিয়ে দিচ্ছে আমাদের আপত্তি আছে। এবারে কয়লার ব্যাপারটা আগেই বাজেটে চাপিয়ে দেওয়া হয়েছে, সুকৌশলে সমস্ত বাজেটে চাপিয়ে দেওয়া হচ্ছে, রেলের ভাড়া চাপিয়ে দেওয়া হয়েছে, সারচার্জ করা হচ্ছে কোন জায়গায়, বলা হচ্ছে দর বৃদ্ধি হচ্ছে না, আপত্তি করিনি। ওরা যেমন সামনের দরজা দিয়ে চাপ দিচ্ছেন, তেমনি অপর দিকে রাজ্য সরকারও পিছনের দরজা দিয়ে প্রত্যেকবার একটি করে সাপ্লিমেণ্টারি বাজেট নিয়ে আসছেন। অর্থাৎ বাজেটকে ছোট করে দেখিয়ে সাপ্লিমেণ্টারি বাজেট নিয়ে আসা হচ্ছে। বাজেটকে মানুষের কাছে ছোট করে দেখিয়ে এইভাবে অতিরিক্ত বাজেট করা হচ্ছে। গতকাল এইভাবে ৬০০ কোটি টাকার সাপ্লিমেণ্টারি বাজেট ঢুকিয়ে দিয়েছেন। কিন্তু অর্থমন্ত্রী এটা স্বীকার করেনি যে, ৭৫/৭৬ কোটি টাকার ঘাটতি ছিল না, এ্যাকচুয়্যালি ৭০০ কোটি টাকার ঘাটতি ছিল। ঠিক অনুরূপ ভাবে এইবারেও সেই একই সুকৌশল অবলম্বন করেছেন। অর্থাৎ মূল কথাকে একটা সুকৌশলে জিইয়ে রেখে রাজনৈতিক সংকীর্ণতা দেখান হচ্ছে কেন? আমাদের সমস্যাটিকে স্বীকার করে নিয়ে তার মোকাবিলার ব্যবস্থা করে মানুষকে রিলিফ দেবার দরকার আছে এবং সেটাই তো বীরত্ব, যোগ্যতার পরিচয়। কিন্তু সমস্যাটিকে কত সুকৌশলে ধামা চাপা দেবার চেষ্টা হচ্ছে অর্থমন্ত্রীর তরফ থেকে, সেটাতে কৃতিত্ব আছে বলে আমি মনে করি না। আমি আশা করব পরবর্তীকালে অর্থমন্ত্রী সমস্যাগুলিকে পরিষ্কার করে বলার মানসিকতা অন্ততঃ দেখাবেন। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে কেন্দ্র সাহায্য দেয় দুটো পদ্ধতিতে। একটি পদ্ধতিতে সাহায্য করে গ্রাণ্টস ইন এড হিসাবে রেকমেণ্ডেড বাই দি ফাইন্যান্স কমিশন আর একটি হচ্ছে বাই দি প্ল্যানিং কমিশন। ফাইন্যান্স কমিশন যে গ্রাণ্টস ইন এড্ দেয় সেটা ৩০% এখানে দেখান আছে। আমি মনে করি রাজ্যের স্বার্থে সেটা ৪০% করা উচিত, সেভেনথ ফিন্যান্স কমিশন সেটাই রেকমেণ্ড করেছে। সেভেনথ কমিশন দিল্লী বসে যদি ৪০% রেকমেণ্ড করতে পারে তাহলে আমি মনে করি রাজ্যের স্বার্থে নিশ্চয় সেটুকু বলার অধিকার আছে। ফিন্যান্স কমিশনের সুপারিশ অনুসারে ৩০% এর জায়গায় ৪০% করা উচিত। রাজ্য সরকারের অর্থমন্ত্রী মাঝে মাঝে তার বক্তৃতায় বলেন ৬ হাজার ৫০০ কোটি টাকা ষ্টেট থেকে দেওয়া হয়, অথচ ওরা ২ হাজার ৬০০ কোটি টাকা রিটার্ণ করে। এটা যদি আরো বেশী রিটার্ণ করে তাহলে মঙ্গলের হয়। এটা তো হতে পারে না। কেন্দ্র ট্যাক্স বসিয়ে আন পপুলার হবে, কেন্দ্র ট্যাক্স আদায় করতে ইনফ্রাস্ট্রাকচারের জন্য খরচ করবে, ট্যাক্স আদায় করতে জনপ্রিয়তা হ্রাস করবে, তারপর সমস্ত টাকা অর্থমন্ত্রীকে দিয়ে দেবে, আর সেটা পরিকল্পনাহীন ঋণ বরাদ্দের মধ্যে শুধু ভোটের জন্য খরচ করবেন, এই জিনিস চলতে পারে না, হতে পারে না। সুতরাং উনি বারে বারে যে ৬ হাজার ৫০০ কোটি টাকা দাবী করেন, এটা ঠিক বিজ্ঞানভিত্তিক, বাস্তব ভিত্তিক হতে পারে না। উনি অর্থনীতির মানুষ, এটা ওর পরবর্তীকালে ভাবা উচিত। সুতরাং আমাদের একটা সাধারণ নীতি আলোচনা করা দরকার হাউসে, এবং সেটা যদি আমরা সুষ্ঠুভাবে করতে পারি তাহলে রাজ্য ও কেন্দ্রকে সুষ্ঠু বাজেট তৈরী করতে হাউস থেকে চাপ সৃষ্টি করতে পারব।

এবারে আমি বাজেট প্রসঙ্গে আসছি। এবারে বাজেট যা পেশ করা হয়েছে এবং তা করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিবৃতি রেখেছেন তা আমি ভালোভাবে পড়ে দেখেছি। পড়ে দেখলাম সেটা হচ্ছে, এটা অর্থনৈতিক দিক থেকে একটা দেউলিয়ার দলিল ছাড়া আর কিছু নয় এবং এর থেকে কিছু সংখ্যাতত্ব যদি বাদ দেওয়া যায় তাহলে এটা একটা রাজনৈতিক বক্তৃতা ছাড়া আর কিছু নয়। দেউলিয়া কেন বলছি সেটা আমি বারবার দেখিয়ে দেব। সেখানে সমস্ত জায়গাটা কৌশলে ঢাকা দেবার চেষ্টা করা হয়েছে। এমন এমন সংখ্যাতত্ব আছে যেগুলি ইকনমিক রিভিউতে প্রকাশ করার সাহস পর্য্যন্ত তার হয়নি। তাছাড়া এমন এমন সংখ্যার টাকার কথা উল্লেখ করা হয়েছে যে, সেই টাকা কোথা থেকে আসবে তার পরিষ্কার বিবরণ পর্য্যন্ত দিতে পারেন নি কিন্তু তা সত্বেও উল্লেখ করেছেন। গত বছর যা করতে পারেন নি এ বছর তা করতে পারবেন বলে তার পুনরাবৃত্তি করেছেন। এইসব কথা তিনি তার বাজেট বিবৃতিতে রেখেছেন। সুতরাং মূল কথা হচ্ছে, একটা রাজনৈতিক কৌশল অবলম্বন করা হয়েছে এবং সংখ্যাতত্ব বাদ দিলে একটা অর্থনৈতিক দেউলিয়ার দলিল তৈরী করা হয়েছে কাজেই এটাকে সমর্থন করার কোন কারণ আছে বলে আমি মনে করি না। কেন করি না সেকথা বলতে গিয়ে আমি আরো কয়েকটি কথা বলতে চাই ৩ হাজার ৮২ কোটি ৪৭ লক্ষ টাকা এবারে আদায় করা হবে বলে ঠিক করা আছে এবং ব্যয় হবে ৩ হাজার ১৬৬ কোটি ৮৮ লক্ষ টাকা। কর আদায় করার পরও ঘাটতি থাকবে ৫৪ কোটি ৪১ লক্ষ টাকা এবং একস্ট্রা কর আদায় করবেন বলেছেন ৭৫ কোটি টাকা। কি করে করবেন এবং কেন করবেন? কেন এই প্রশ্নটা করলাম সেকথায় এবারে আমি আসছি। আমার কথা হচ্ছে. এ তো ভরতুকিতেই চলে যাবে, মানুষের জন্য উন্নয়ন-মূলক কাজে তো এই টাকা লাগবে না। ৭৫ কোটি টাকা অতিরিক্ত কর আদায় করবেন অথচ কোটি কোটি টাকা ভরতুকি দিচ্ছেন ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে, ২২টি পাবলিক আণ্ডারটেকিং-এ, দুগ্ধ প্রকল্প ইত্যাদিতে। এই ভরতুকির একটা অংশও যদি আপনি প্রচেষ্টা করে এফিসিয়েনসী দিয়ে মেটাতে পারতেন তাহলে আজকে ৭৫ কোটি টাকা নয়, ৭৫ পয়সাও নতুন কর ইম্পোজ করার দরকার হত না আমি আগেই বলেছি এই ৭৫ কোটি টাকাটা মানুষের কল্যাণের জন্য খরচ হবে না, এ টাকাটা ভরতুকিতেই চলে যাবে। অবশ্য আমি ওর একথাটা স্বীকার করি যে একটা গরিব দেশে যখন ট্যাক্স বসে তখন গরিব মানুষরা কিছু ইনফলিকটেড হয়ে যান করের ভার বহন করতে। কিন্তু সেখানে যদি এই ৭৫ কোটি টাকা মানুষের জন্য উন্নয়নমূলক কাজে খরচ করা হত তাহলে আমি আপত্তি করতাম না কিন্তু তা না হয়ে এই টাকাটা ভরতুকিতেই চলে যাবে। স্যার, আমি উদাহরণ দিয়ে দেখিয়ে দিচ্ছি মানুষের পকেট থেকে টাকা নিয়ে এসে কিভাবে ভরতুকির পরিমাণ ক্রমাগতই বাড়ানো হচ্ছে। ১৯৮০-৮১, ৮১-৮২ সালে সি. এস. টি. সি.-তে ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। আমি ১৯৮২-৮৩ সালের হিসাবটা বাদ দিয়েই বলছি তার কারণ ১৯৮২-৮৩ সালের হিসাবটা ইকনমিক রিভিউ-এর ১৮০ পাতা যদি দেখেন তাহলে দেখবেন সেখানে ৮নং এ সেটা মেনশান করা হয়নি। ১৯৯২-৮৩ তা স্বচ্ছন্দে মেনশান

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেখানে নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্টে ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৩ সালে ২৭ কোটি ৫৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেঙ্গলকে নিয়ে শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষণীয়, দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, যেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেখানেও লোকসান হয়েছে কিন্তু সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় দুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টে হিউজ লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আণ্ডারটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেখানে সরকারী দুগ্ধ প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাঁড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্য সমস্ত কিছু ছেড়ে দিলেও দুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং দুগ্ধ প্রকল্পে লোকসান দাঁড়াচ্ছে ৯০ কোটি টাকা।

[1-20—1-30 P. M.]

এর সমস্তটাই ভরতুকীতে খেয়ে যাবে। সুতরাং ভরতুকীর জন্য মানুষের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাড়িয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথড্র করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন? গতবারের অভিজ্ঞতায় কি বলে? গতবারে মার্চ মাসের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের সপ্লে বাজেট সেখানে ৪০ কোটি টাকা—এই দুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্য ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় শুধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি, কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্রের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি লিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্য ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। কিন্তু দুটো বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

তার ৫০ পারসেন্টও আদায় করতে পারেন নি। এবারেও আমরা ধরে নিচ্ছি যে তিনি আদায় করতে পারবেন না। তিনি আদায় করতে না পারার কারণ হিসাবে যা বলেছেন সেটা আরো অভিনব। কারণ হিসাবে দেখান হয়েছে যে টেলিভিশনের ব্যাপারে যে কর আমরা ইমপোজ করেছিলাম, সেটা হাইকোর্টের কাছে চ্যালেঞ্জ হয়ে যায়, স্টে অর্ডার হয়ে যায়, সেজন্য আমরা আদায় করতে পারিনি। উদাহরণ দিয়ে আরো দেখিয়েছেন যে এটা সাংঘাতিক ব্যাপার, বোম্বে হাই কোর্ট থেকে টেলিভিশনের ব্যাপারে যেখানে বলেছেন যে কর বসাতে পারবে, সেখানে কোলকাতা হাইকোর্ট বলছে কর বসাতে পারবে না। আমি আপনাকে এই ব্যাপারে বারবার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আপনার এটা নিশ্চয়ই মনে আছে। কারণ আপনার স্মৃতিশক্তি নিশ্চয়ই দুর্বল নয়। আমি ক্যাটাগোরিক্যালি সংবিধানের ধারা তুলে বারবার এই হাউসে বলেছিলাম। জ্যোতিবাবু তখন ফিনান্স মিনিষ্টার ছিলেন। আমি বলেছিলাম যে এই কর বসাতে পারেন না, এটা হাই কোর্টে চ্যালেঞ্জড হয়ে যাবে এবং স্থগিত হয়ে যাবে। তখন বোম্বে হাই কোর্টের একটা জাজমেণ্ট দেখিয়ে বলেছিলেন, এটা বোম্বে হাই কোর্টের জাজমেণ্ট যখন টেকেনি তখন এখানেও টিকবেনা। আমি তখন বলেছিলাম যে কোন হাই কোর্টের সিদ্ধান্ত চূড়ান্ত হতে পারে না। যদি সুপ্রিম কোর্টের জাজমেণ্ট শো করতে পারতেন তাহলে আমরা মনে করতে পারতাম যে এটা কোন হাই কোর্টে চ্যালেঞ্জ হবার সম্ভাবনা থাকবে না। কিন্তু একটা হাই কোর্ট আর একটা হাই কোর্টের সমান হবে—এই রকম ভাববার কোন কারণ থাকতে পারে না। উনি কি করে এটা ভাবলেন? এমন কি একটা হাই কোর্টের মধ্যে সিংগল বেঞ্চ এবং ডিভিশন্যাল বেঞ্চের মধ্যে ভিন্ন মত হয়ে যায়। কাজেই বিভিন্ন হাই কোর্টের বিভিন্ন মত হতে পারে। কাজেই এটা একটা অখণ্ড ব্যাপার বলে উনি যা ভেবেছিলেন, সেটা ভাববার কোন কারণ নেই। সাধারণভাবে যারা আইন প্রাকটিস করেন, তাদের ডেকে আমরা বলেছিলাম যে এটা হতে পারে না। তা সত্বেও উনি গায়ের জোরে এটা করলেন এবং যথারীতি হাই কোর্টে চ্যালেঞ্জড হয়ে গেছে এ্যামিউজমেণ্ট ট্যাক্সের ক্ষেত্রে। আজকে এই ৪৫ কোটি টাকা মেক আপ হওয়ার জায়গা কোথায় আছে? আমার যেটুকু ধারণা আছে তাতে ১ কোটি না, ২ কোটি ম্যাক্সিমাম কালেকশান হবার কথা এবং সেটাও তিনি কৌশলে ঢাকবার চেষ্টা করেছেন যে হাই কোর্টে চ্যালেঞ্জ হয়ে গেছে। দ্বিতীয় কারণ হিসাবে বাজেট বিবৃতিতে কি দেখিয়েছেন? এটা সকলের ভাববার প্রয়োজন আছে। আমি কোন ব্যক্তিগত কুৎসা করছি না বা কোন দলের কুৎসা করছি না। ৪৫ কোটি টাকা তুলতে পারেন নি তার একটা কারণ দেখিয়েছেন টেলিভিশনের জন্য। আর একটা কারণ হচ্ছে বিক্রয় কর। আইনের আশ্রয় নিয়ে বিক্রয় কর ঘাটতি করে দিচ্ছেন। আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের টোটাল বাজেটে যে কর আদায় হয় তার একটা বিরাট অংশ আসে বিক্রয় কর থেকে। বিক্রয় করের একটা বিরাট ইনফ্রাষ্ট্রাকচার আছে। সেলস ট্যাক্স-এর একটা ডিপার্টমেণ্ট আছে এবং সেটা মাননীয় অর্থমন্ত্রী নেতৃত্বে আছে। আইন ইচ্ছা করলেই পরিবর্তন হতে পারে। চিরকাল এর প্রতিবন্ধকতা

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেখানে নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্টে ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৩ সালে ২৭ কোটি ৫৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেঙ্গলকে নিয়ে শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষণীয়, দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, যেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেখানেও লোকসান হয়েছে কিন্তু সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় দুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টে হিউজ লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আণ্ডারটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেখানে সরকারী দুগ্ধ প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাঁড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্য সমস্ত কিছু ছেড়ে দিলেও দুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং দুগ্ধ প্রকল্পে লোকসান দাঁড়াচ্ছে ৯০ কোটি টাকা।

[1-20—1-30 P. M.]

এর সমস্তটাই ভরতুকীতে খেয়ে যাবে। সুতরাং ভরতুকীর জন্য মানুষের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাড়িয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথড্র করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন? গতবারের অভিজ্ঞতায় কি বলে? গতবারে মার্চ মাসের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের সপ্লে বাজেট সেখানে ৪০ কোটি টাকা—এই দুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্য ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় শুধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি, কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্রের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি লিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্য ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। কিন্তু দুটো বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

ছিলেন। আমরা জানি আমাদের পশ্চিমবাংলার মানুষের অনেক না পাওয়ার যন্ত্রনা আছে, কিন্তু আজও পশ্চিমবাংলার মানুষ সারা ভারতবর্ষের মানুষের কাছে মাথা উচু করে বেঁচে আছে তার কৃষ্টি, সংস্কৃতির জোরে। পশ্চিমবাংলার কৃষ্টি সংস্কৃতির ধারকবাহক যে সমস্ত প্রতিষ্ঠান, সেই সমস্ত প্রতিষ্ঠানগুলির ওপর জবরদস্ত কায়দায় আবার ট্যাক্স বসান হলো। যাত্রাকে শুধু কমার্শিয়াল আসপেকটে দেখলেই চলবে না, থিয়েটারকে শুধু কমার্শিয়াল আসপেকটে দেখলে চলে না। কোন একটি সময়ের কোন ভাল জিনিষকে কপি করলে মহাভারত অশুদ্ধ হয়ে যায় না। আমাদের সময়ের কোন ভাল জিনিষ নিলে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। আপনাদের সময়ের কোন ভাল জিনিষ যদি থাকে সেটা কারো বাবার সম্পত্তি নয়—সেটা আমরা গ্রহণ করতে পারি এবং তা গ্রহণ করলে মহাভারত অশুদ্ধ হয় না। আমাদের সময়ে আমরা ম্যাজিককে ট্যাক্স ফ্রি করেছিলাম। এখানে একটা কথা বলা হয়েছে আমাদের ছেলেদের স্বনির্ভরতার দিকে ক্রমশঃ এগিয়ে যেতে হবে। কিন্তু এখানে বলা হয়নি যে, সেই কাজে তাদের সাহায্য করার জন্য আমাদের এই এই পরিকল্পনা রয়েছে। কোন পরিকল্পনা নেই, সুতরাং সে কাজ হবে না। ছেলেদের চাকরি দেওয়া যাচ্ছে না, কারণ এখানে ফাইনান্সিয়াল ইনভেষ্টমেণ্ট নেই, কোন ব্যবস্থা নেই, কোন ইনসেনটিভ নেই, কোন আকর্ষণ নেই। তবুও জোর করে একটা এ্যানাউন্সমেণ্ট করা হয়েছে। অবশ্য সেই এ্যানাউন্সমেণ্টকে আমি সাধুবাদ জানাচ্ছি এবং এই এ্যানাউন্সমেণ্টের সঙ্গে যদি পজিটিভ পরিকল্পনা যোগ করে দিতেন, তাহলে ১০০% সাধুবাদ জানাতাম। যেখানে মন্ত্রী বলছেন, আমাদের ছেলেদের স্বনির্ভরতার দিকে যেতে হবে সেখানে যাত্রা থিয়েটার প্রভৃতি প্রতিষ্ঠানগুলির ওপর কর বসিয়ে তাদের ওপর অর্থনৈতিক চাপ সৃষ্টি করা হচ্ছে। যেখানে সোসাল জাষ্টিসের প্রশ্ন রয়েছে, সেখানে জোর করে কর বসান হচ্ছে কেন, না, সরকারের কিছু টাকা ইনকাম হবে।

স্যার, এই প্রসঙ্গে আমার নেপোলিয়নের একটা কথা মনে পড়ে যাচ্ছে, নেপোলিয়ন বলেছিলেন, 'যারা ব্রাণ্ডি বেশী খায় আমার মনে হয় তারা পেট্রিয়ট।' এখানেও আজকে সেই অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে ধেনো বিক্রির মন্ত্রী রয়েছে। তিনি সারা রাজ্যে ধেনো মদের ফোয়ারা বইয়ে দিচ্ছেন। তাড়ি, ধেনো মদের ফোয়ারা ছোটাবার কারণ কি, না এতে সরকারের ইনকাম বাড়ছে। এই যদি যুক্তি হয় যে, ইনকাম বাড়াবার জন্য যা খুশি তাই করা যাবে, তার জন্য যদি জাতির মরাল ভেঙে যায়, যাক। তাহলে রেস কোর্সের সংখ্যা বাড়িয়ে দিন না, সল্ট লেক স্টেডিয়ামে ঘোড়া ছোটবার ব্যবস্থা করে দিন, ইনকাম বাড়বে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এইভাবে ইনকাম বাড়াবার পরেও কি একটা জাতি বেঁচে থাকতে পারে? একটা জাতি কেবল কতগুলি টাকার মধ্যে বেঁচে থাকে না। একটা জাতি তার সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি, ইত্যাদি, এই সমস্ত মৌলিক চিন্তার মধ্য দিয়ে বেঁচে থাকে।

করা যেত, তার কারণ, এক বছর প্রায় হয়ে গেল। সেটাকে বাদ দিয়েই ৩২ কোটি ৪৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। ১৮১ পাতায় দেখুন, সেখানে নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্টে ১৬ কোটি ১৪ লক্ষ টাকা লোকসান হয়েছে। কোলকাতার ট্রামে ১৯৮০-৮১, ৮১-৮২, ৮২-৮৩ সালে ২৭ কোটি ৫৭ লক্ষ টাকা লোকসান হয়েছে। নর্থ বেঙ্গলকে নিয়ে শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা। আরো লক্ষণীয়, দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্ট, যেটা একটা সম্পূর্ণ সরকারী সংস্থা সেখানেও লোকসান হয়েছে কিন্তু সেই লোকসানের কথাটা ইকনমিক রিভিউতে নেই। ১৮২ পাতায় দুর্গাপুরের কোন উল্লেখ নেই অথচ আমরা জানি দুর্গাপুর ষ্টেট ট্রান্সপোর্টে হিউজ লোকসান হয়েছে। সেটাকে বাদ দিলেও শুধু ট্রান্সপোর্টেই লোকসান হয়েছে ৭৬ কোটি টাকা। তারপর ২২ টা পাবলিক আণ্ডারটেকিংকে যদি বাদই দিই তাহলেও সেখানে সরকারী দুগ্ধ প্রকল্পে ১৯৮৩-৮৪ সালে লোকসান ১৪ কোটি, সব মিলিয়ে এই লোকসানটা দাঁড়াবে ১৫ কোটি টাকার মতন। তাহলে দেখা যাচ্ছে, অন্যান্য সমস্ত কিছু ছেড়ে দিলেও দুর্গাপুর ছাড়া পরিবহন সংস্থায় এবং দুগ্ধ প্রকল্পে লোকসান দাঁড়াচ্ছে ৯০ কোটি টাকা।

[1-20—1-30 P. M.]

এর সমস্তটাই ভরতুকীতে খেয়ে যাবে। সুতরাং ভরতুকীর জন্য মানুষের উপরে ট্যাক্স ধার্য করাটা কোন ভাল কাজ বলে বিশ্বাস করার কোন যুক্তি আছে বলে মনে করি না। যেহেতু ভরতুকীতে এটা খেয়ে যাবে সেহেতু এফিসিয়েন্সিকে আরো বেশী করে বাড়িয়ে যে করটা ইমপোজ করা হয়েছে, সেটা আপনি উইথড্র করে নিলে আমার মনে হয় অনেক বেশী সমাজতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষ বলে আপনি লোকের কাছে স্বীকৃতি পাবেন। এখানে আমার একটা প্রশ্ন আছে। উনি কি এই ৭৫ কোটি টাকা ট্যাক্স আদায় করতে পারবেন? গতবারের অভিজ্ঞতায় কি বলে? গতবারে মার্চ মাসের বাজেটে প্রথমে ৩০ কোটি টাকা এবং সেপ্টেম্বরের সপ্লে বাজেট সেখানে ৪০ কোটি টাকা—এই দুটো খেপে মোট ৭০ কোটি টাকা তুলবার জন্য ঠিক করেছিলেন। কিন্তু কত কোটি টাকা তুলতে পেরেছেন? আপনার বিবৃতিতে ৭০ কোটি টাকা ট্যাক্স তুলবার কথা থাকা সত্বেও কত টাকা আপনি তুলতে পেরেছেন সেটা বলেন নি। এক জায়গায় শুধু স্বীকার করেছেন যে আমরা সমস্তটা তুলতে পারি নি। কিন্তু কতটা তুলতে পারেন নি সেটাও বলেন নি, কৌশলে এড়িয়ে গেছেন। আমরা একটি সংবাদপত্রের মাধ্যমে তার কিছুটা জানতে পেরেছি। এই সরকারেরই চীফ সেক্রেটারী ছিলেন, তিনি একটা প্রবন্ধ লিখে সেটা আমাদের কাছে এক্সপোজ করেছেন। তিনি লিখেছেন, 'রাজ্যসরকারের পক্ষে এক বছরে অতিরিক্ত কর আদায়ের প্রস্তাব সাহসী এবং বলিষ্ঠ মনের পরিচয় এবং এর জন্য ডঃ অশোক মিত্র অভিনন্দনযোগ্য। কিন্তু দুটো বিষয়ে সন্দেহ থেকে যাচ্ছে। গতবার বাজেটে যে কর আদায় হবে ধরা হয়েছিল তা থেকে ৪৫ কোটি টাকা কম আদায় হয়েছে। অর্থাৎ গতবার যে টাকা আদায় করবেন বলেছিলেন

এবং ১৯৮২-৮৪ এই ৩ বছরে এই সরকার কত আয় করেছেন জানেন? ৩৪ কোটি টাকা। যেখানে আয় হবার কথা ২ হাজার ১৭৮ কোটি টাকা সেখানে এই ৩ বছরে মাত্র ৩৪ কোটি টাকা আয় করেছেন। বলুন না কোন সদস্য উঠে দাঁড়িয়ে ইনটারফেয়ার করে। সুতরাং বক্তৃতা দিয়ে দেশ চলবে না, কেন্দ্রের বিরুদ্ধে স্লোগান দিয়ে দেশ চলবে না। আয় বৃদ্ধি হলে দেশ স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে এবং দেশ স্বয়ংসম্পূর্ণ যদি হয়ে যায় তাহলে দুদিন পরে দেশের মানুষ খেতে পাবে এবং তখন তো আর কমিউনিষ্ট করা চলবে না, ইনক্লাব বলা চলবে না, কেন্দ্রের বিরুদ্ধে গালাগালি দেওয়া যাবে না, তাই পরিকল্পনা মাফিক আয় কমিয়ে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, মেক-আপ হয়েছে কেন্দ্র সাহায্য দিয়েছেন বলে। রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফট নিয়ে আয়ের যে অসমতা ছিল তার কিছুটা রক্ষা পেয়েছে। কিছু মাত্র রক্ষা পেয়েছে এল. আই. সি. এবং রিজার্ভ ব্যাঙ্ক সাহায্য দিয়েছিল বলে। সমস্ত ষ্টেট যা রিজার্ভ ব্যাঙ্ক থেকে সাহায্য পেয়েছে তার থেকে এই সরকার রেকর্ড পরিমান সাহায্য পেয়েছে। এত কম আর্ন করেও এত বেশী সাহায্য কোন রাজ্য পায় না। সুতরাং এর উত্তর দেবেন সংখ্যা তথ্য দিয়ে।

অতএব কেন্দ্র এবং রিজার্ভ ব্যাংকের ওভার ড্রাফট, দুদিন পরে অনেকে বলবে কমরেড ওভার-ড্রাফট, যেভাবে এঁরা ওভার ড্রাফট নিয়ে নানা বিতর্ক এবং জিনিস সৃষ্টি করেছেন যে ওভার ড্রাফট না দিলে তো মাইনে দিতে পারবেন না। বছরের পর বছর যদি এই অবস্থা চলতে থাকে, আর যদি দিল্লী থেকে গতবারের মত ওভার ড্রাফট এবং এল. আই. সি. চেয়ে না পান তাহলে পশ্চিমবঙ্গ দারুন অর্থনৈতিক সংকটের মধ্যে দিয়ে যাবে। এই কথাটা জেনে রাখুন। এটা কংগ্রেস কমিউনিষ্টের প্রশ্ন নয়, অর্থনৈতিক কষ্টের জন্য এখন থেকে আমরাই কষ্ট পাব যদি আপনি সুরাহা না করেন। আপনি সংকীর্ণ রাজনীতি এবং ক্ষুদ্রতাকে দূরে সরিয়ে রেখে উদার মানসিকতা নিয়ে, সত্যিকারের প্রোগ্রেসিভ মানুষ হিসাবে এগিয়ে যাবার চেষ্টা করুন। এর পরের পয়েন্টে আমি দাবী করব উনি নিশ্চয়ই উত্তর দেবেন যেটা সত্যি, সকলের পক্ষে গুরুত্বপূর্ণ সেটা হল পরিকল্পনা বর্হিভূত খরচ। পরিকল্পনার মধ্যে যে খরচ, আর পরিকল্পনা বর্হিভূত যে খরচ এই দুটোর মধ্যে সম্পর্ক আগে দেখেছি—আমাদের কমিউনিষ্ট বন্ধুদের শেখা উচিত পরিকল্পনা বর্হিভূত খরচ যদি বেশী হয় তাহলে টোকেন রিলিফের কাজ বেশী হবে। আপনারা মাষ্টারদের মাইনে বাড়িয়েছেন, ভাল কাজ করেছেন স্বীকার করি, আপনারা সরকারী কর্মচারীদের বেতন দিয়েছেন, পরিকল্পনা বর্হিভূত টাকা দিয়ে মাইনে বাড়িয়েছেন, ঠিক কথা কিন্তু আলটিমেট রেজাল্টটা কি? কতকগুলি মধ্যবিত্ত আপনাদের প্রিভিলেজ শ্রেণী, সেই হোয়াইট কালার সোসাইটির কিছু পারসেন্ট বেনিফিট পাবে। অপরদিকে পরিকল্পনার মধ্যে এত খরচ করেছেন যেটা বৃহত্তর মানুষের স্বার্থে খরচ হবার কথা। পরিকল্পনার মধ্যে খরচ এবং পরিকল্পনা বর্হিভূত খরচ এর মধ্যে এই যে বিরাট ব্যবধান তাতে সাধারণ মানুষ ডিপ্রাইভ হচ্ছে এবং পরিকল্পনা বর্হিভূত খরচ ব্যাপক হারে বৃদ্ধি করে মুষ্টিমেয় গুটীকতক লোককে আপনারা সাহায্য করেছেন, অর্থনৈতিক সুরাহা করে দিচ্ছেন। আমি একটি

ফাণ্ডামেণ্টাল ইণ্টারেষ্টের কথা বললাম এবং যাঁরা কমিউনিষ্ট সদস্য তাঁরা বলুন যে তাঁরা বেশী লোককে সাহায্য করতে চান, না কম লোককে সাহায্য করতে চান? পশ্চিমবঙ্গে যখন সিদ্ধার্থ রায় মহাশয় ছিলেন, তিনি ইউনিভারসিটির টীচারদের বেতন অনেক বাড়িয়ে দিয়েছিলেন। আপনারা শিক্ষকদের বেতন বাড়িয়েছেন, সরকারী কর্মচারীদের বেতন বাড়িয়েছেন, যদিও ৯টা ভাতা দেব বলে এখন দিতে পারেন নি, আপনারা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জোর করে—যাঁরা প্রভিডেণ্ট ফাণ্ডের টাকার কথা বলেন এঁদের মধ্যে অনেক ট্রেড ইউনিয়ন করেন, মালিকের বিরুদ্ধে লড়াই করেন সরকার নিজে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা চুরি করে খেয়ে নিলেন এমন কি শেষ পর্য্যন্ত যেটা সিদ্ধান্ত হয়েছে যে শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড যেটা দেওয়া হতো সেটাতেও হাত দিয়েছেন।

এটার সমালোচনা করারও ভাষা নেই। শিক্ষকদের একদিকে মাইনে বাড়িয়েছেন বলছেন বিরাট কৃতিত্ব অপর দিকে সেই শিক্ষকদের ১৫ কোটি টাকার প্রভিডেণ্ট ফাণ্ড, সাধারণ কর্মচারীদের সেটা শেষ করে দিয়েছেন। বাই ভারচু লেবার মিনিষ্টার যেখানকার ইনচার্জ যেখানে ক্রিমিন্যাল অফেন্সে তাঁকে গ্রেপ্তার পর্য্যন্ত করা যায়, এরাই ই. এস. আইয়ের মাধ্যমে যে সমস্ত অনুদান দেওয়া আছে সেই সাড়ে চার কোটি টাকা সর্বনাশ করে দিয়েছেন। অপর দিকে এখন শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড পর্য্যন্ত খরচ করেছেন। এই হল মূল কথা। পরিকল্পনা বর্হিভূত খরচের সংখ্যাতত্ত্ব যদি দেখা যায় তাহলে দেখব যে কি ভয়াবহ অবস্থা। এটা দেখলে বুঝতে পারবেন এই সরকার কাদের। মুখে বলে গরীবের কিন্তু এই একটা কথায় প্রমাণ হয়ে যাবে এটা হচ্ছে ব্ল্যান এ্যাণ্ড হোয়াইটের ব্যাপার এটা ছাপানো বইয়ের ব্যাপার, আমি অন্য জায়গা থেকে নিয়ে আসিনি। তাহলেই বুঝতে পারবেন আপনারা যে সরকার কাদের নিয়ে কাজ করছেন। ১৯৮০-৮১ সালে মোট ব্যয় হল ২১৩২ কোটি টাকা। এতে পরিকল্পনা খাতে ব্যয় হল ৪২০ কোটি টাকা, অর্থাৎ মোট ব্যয়ের ১৯'৭ শতাংশ যেটা পরিকল্পনার মধ্যে হয়েছে। আর পরিকল্পনার বাইরে কত হয়েছে দেখুন ৮০ পারসেণ্ট বেশী পরিকল্পনার বর্হিভূত খরচ, অর্থাৎ বেশী মানুষ যে সমস্ত ফাণ্ডামেণ্টাল ইণ্টারেষ্টে ইনভলব সেটাতে খরচের পোর্সন থেকে বাদ চলে যাচ্ছে। ১৯৮০-৮১ সালে ২৪৮৩ কোটি টাকা, খরচ হয়েছে মাত্র ৪৫৪ কোটি টাকা, অর্থাৎ ১৮'২ পারসেণ্ট মাত্র খরচ করেছেন পরিকল্পনার মধ্যে, অর্থাৎ জনসাধারণের জন্য, আর বাকী ৮২ পারসেণ্ট খরচ হয়েছে মুষ্টিমেয় কতগুলি মানুষের জন্য। আর ৮২ পারসেণ্ট বাদ পড়ে গেছে পরিকল্পনা বর্হিভূত খরচে যেখানে ১৯৮২-৮৩ সালে ৩৩১৭ কোটি টাকা ব্যর হল আর পরিকল্পনার মধ্যে খরচ হল মাত্র ৪৫০ কোটি টাকা।

[1-40—1-50 P.M.]

অর্থাৎ জনসাধারণের জন্য খরচ হোল মাত্র ৪৫০ কোটি টাকা। প্রায় ১৫০০ কোটি টাকারও বেশী পরিকল্পনা বর্হিভূত খাতে মুষ্টিমেয় মানুষের জন্য খরচ হোল। এটাতো আপনাদের ভোটের

স্বার্থে খরচ! পরিকল্পনা খাতে যে খরচ সেটা হয় দরিদ্র মানুষের জন্য, ক্ষেত-মজুরদের জন্য। আজকে সেটাই বাদ পড়ে যাচ্ছে। টোকেন রিলিফের মাধ্যমে এই টাকা খরচ করেছেন, ফলে মুষ্টিমেয় মানুষের স্বার্থ সিদ্ধ হচ্ছে। আপনারাতো কম্যুনিজম করেন। টোকেন রিলিফ আজকে বিড়লা টাটার কথা হতে পারে, কিন্তু সমাজতন্ত্রের শ্লোগান যাঁরা দেন তাঁদের পথতো এটা নয়! টোকেন রিলিফ খাতে বেশী খরচ করে এটা প্রমাণ করে দিচ্ছেন যে আপনারা কাদের জন্য কিভাবে টাকা খরচ করতে চান। আমি দাবী করছি, পরিকল্পনা বর্হিভূত খাতে খরচ কমাতে হবে এবং পরিকল্পনা খাতে দ্রুতগতিতে খরচ বৃদ্ধি করতে হবে। দরিদ্র মানুষের স্বার্থ রক্ষার্থে আমি তিন চারটি সাজেশন মাননীয় মন্ত্রীর কাছে রাখতে চাই। আমার প্রথম সাজেশন হচ্ছে বার্ষিক পরিকল্পনার একটা অংশ কৃষি-মজুর, দরিদ্র ঘরের শিশু, প্রতিবন্ধীদের সহায়তার জন্য খরচ করুন যাতে তারা পুষ্টিকর খাদ্য পেতে পারে। এইজন্য উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করা হোক। পরবর্তী কালে ডিটেলস ব্যবস্থা নেবেন, কিন্তু এ-সম্পর্কে এখনই ঘোষণা করুন। আমি এই ব্যাপারে তামিলনাড়ুর উদাহরণ দিচ্ছি। তামিলনাড়ু সরকার এটা গ্রহণ করেছে এবং খানিকটা সাকসেসফুলও হয়েছে। আমার সাজেশনের সাপোর্টে একটি রিপোর্ট থেকে পড়ে শোনাচ্ছি যাতে আপনারা বিষয়টি বুঝতে পারেন। ভারতের কোন কোন রাজ্য সরকার এদিকে দৃষ্টি দিয়েছে এবং কোটি কোটি টাকা খরচও করছে। তাঁরা সাবসিডি দিয়ে গরীবদের পুষ্টিকর খাবার দিচ্ছে। রিপোর্টে বলছে; তামিলনাড়ু সরকার বর্তমান বছরে ২ থেকে ৯ বছরের ৬৫ লক্ষ শিশুকে মধ্যাহ্নে পুষ্টিকর খাদ্য দেবার ব্যবস্থা করেছে। তাছাড়া ৪৩ হাজার গরীব বিধবা, ১৭ হাজার প্রতিবন্ধী, ৩০ হাজার কৃষি-মজুরকে এই খাবার দেওয়া হচ্ছে। বর্তমান বছরের ৮৪৫ কোটি টাকার বার্ষিক পরিকল্পনার মধ্যে এই বাবদ ব্যয় হয় ১৩৪ কোটি টাকা। আগামী বছরে এই রাজ্যের ৯২৭ কোটি টাকার বার্ষিক প্ল্যানের মধ্যে ১৫৪ কোটি টাকা খরচ হবে। অন্ধ্রপ্রদেশ সরকার এ বছর তাঁদের ৮২৬ কোটি টাকার বার্ষিক প্ল্যানের মধ্যে ১৩০ কোটি টাকা ব্যয় করছেন দরিদ্র পরিবারদের নাম মাত্র মূল্যে চাল সরবরাহ করার জন্য। আমি বলতে চাই, এই দুটি রাজ্যসরকারের তো প্রগতিশীল বলে খুব একটা নাম নেই! আমাদের রাজ্যসরকারের তো সেদিক থেকে খুব নাম ডাক শুনি। তাঁরা নিজেদের জন দরদী গরীবের সরকার বলে দাবী করেন। কাজেই সবচেয়ে আগে তাঁদেরই তো এটা অনুসরণ করা দরকার। আপনারা তো কনক্লেভ করেছেন। এই কনক্লেভের ড্রাফট করার মাষ্টার যাঁরা, তাঁরা কি বলছেন? আজ পশ্চিমবঙ্গে ৬ থেকে ১০ বছরের শিশুদের সংখ্যা ৮০ লক্ষ। গত বছর তাদের মধ্যে মাত্র ২৬ লক্ষ শিশুকে মধ্যাহ্নের আহার দেবার লক্ষ্যমাত্রা স্থির হয়েছিল। হয়তো সেটাও আপনাদের ফুলফিল হয়নি। আমার সাজেশন, অনুরূপভাবে পরিকল্পনা এখানেও গ্রহণ করুন। এখানে দেখতে পাচ্ছি যে বেকার-ভাতা তুলে দিয়ে স্বনিযুক্তি প্রকল্প চালু হতে যাচ্ছে এজন্য সাধুবাদ দিচ্ছি। তবে বেকার-ভাতার পরিবর্তে যা করতে চাইছেন, সেক্ষেত্রে মহারাষ্ট্রকে অনুসরণ করুন। চাকুরীজীবী মানুষের কাছ থেকে টাকা কেটে সার্ভিস গ্যারান্টি স্কীম চালু করেছেন মহারাষ্ট্র সরকার এবং গত ৪।৫ বছর ধরে এটা সুষ্ঠুভাবেই চলছে। বোম্বের ইণ্ডাস্ট্রীয়ালিষ্টদের থেকেও এ-ব্যাপারে

টাকা নেওয়া হচ্ছে। বহু বিদেশী এই গ্যারান্টি স্কীম এর প্রশংসা করেছেন। ওয়ালর্ড ব্যাঙ্কের লোক এর প্রশংসা করে গেছেন। আমার সাজেশন এই বেকার ভাতা তুলে দিন কারণ এটা একটা নেগেটিভ এ্যাপ্রোচ। হিটলার মুশলিনী হয়তো এই আধা ফ্যাসিষ্ট নীতি পছন্দ করতেন। কিন্তু এটা মানুষকে ডিমরালাইজ করে ফেলে। কাজেই এটা পুরোপুরি তুলে দিন এবং সার্ভিস গ্যারান্টি স্কীম চালু করুন। বড়লোকদের কাছ থেকে টাকা নিয়ে, ইনকাম ট্যাক্সের টাকা নিয়ে গ্রামের বড়লোকদের কাছ থেকে টাকা নিয়ে, ইনকাম ট্যাক্সের টাকা নিয়ে গ্রামের আন্‌এমপ্লয়েড ইওথদের জীবনে গ্যারান্টি দেবার ব্যবহা করুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে বাজেটের শতকরা ২৪ ভাগ সেচ ব্যবস্থার উন্নতির জন্য বরাদ্দ করা হোক। এটা আমার কথা নয়, আপনাদেরই কথা। বামফ্রন্ট সরকার তাঁদের ভোটের ইস্তাহারে বলেছিলেন যে শতকরা ৫০ ভাগ জমি সরকারী সেচের আওতায় আনা হবে।

এটা যদি ওনাদের ইমপ্লিমেণ্ট করতে হয়, তাহলে এ্যাটলিস্ট এই বাজেটের ২৫ শতাংশ সেচের জন্য ব্যয় করতে হবে। পরিকল্পনার মধ্যে দিয়ে এটা খরচ করতে হবে। আমি মনে করি, এটা এখানে করা যায়। এখানে বহু ভূতাত্বিক বলেছিলেন যে কৃষি বিপ্লব যদি বাড়াতে হয়, চাষ যদি বাড়াতে হয়, তাহলে এই ধরণের সেচ প্রকল্প বাধ্যতামূলক করতেই হবে। শতকরা ৫০ ভাগ জমি যদি সেচের আওতায় আনা না যায়, তাহলে সেচের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি হবে না। সুতরাং উৎপাদনের সর্বাঙ্গীন উন্নতির জন্য আমি মনে করি, এটা বাধ্যতামূলক। খুব গুরুত্ব দিয়ে এই ব্যাপারে দৃষ্টি দেওয়া উচিত এবং ২৫ শতাংশ বরাদ্দ সেচের জন্য করা উচিত। আমার চতুর্থ দাবি, যেটা আমি আগেই তীব্রভাবে বলেছি, সংস্কৃতি, যেটা আমাদের নিজস্ব সম্পদ, তার উপর প্রমোদ কর ৫/১০ টাকা না করে একেবারে ঢালাও তুলে দেওয়া হোক। স্যার, আপনি জানেন, এটা তো ক্যালকাটা কর্পোরেশন ৫ টাকার উপর নিচ্ছেই, যেটা আমরা তুলে দিয়ে গিয়েছিলাম—ক্যালকাটা কর্পোরেশন ট্যাক্স। যদি রবীন্দ্রসদনে থিয়েটার করতে যান, তাহলে সরকারকে দিতে হবে এক থেকে দেড় হাজার টাকা ভাড়া। তারপর সিকিউরিটি মানি এবং কলিকাতা কর্পোরেশনকে দিতে হবে কিছু টাকা। তারপর এবার আবার বাড়ান হল। স্যার, আপনি নিজে কলিকাতার মানুষ, আপনি নিজে জানেন, কোন হলে যদি সাংস্কৃতিক অনুষ্ঠান হয়—আজকে মানুষের স্ট্যাণ্ডার্ড অফ লিভিং যা দাঁড়িয়েছে, যে ভাবে টিকিট বিক্রি হচ্ছে—কোন জায়গায় দেখাতে পারেন যে ৫ টাকার নিচে টিকিট আছে? কতগুলি মানুষ ৫ টাকার মধ্যে ইনভল্‌ভ হবে, আর কতগুলি মানুষ ৫ টাকার উপর ইনভল্‌ভ হবে, এটা বিচার করে দেখুন তো? বেশীর ভাগ মানুষকে আপনারা করের আওতায় নিয়ে এসেছেন, আর কম সংখ্যক

মানুষকে আপনারা করের বহির্ভূত করেছেন। কাজেই, আমি মনে করি, এটা সামান্য ব্যাপার, নির্বিচারে এটা তুলে দেওয়া হোক। যাত্রা থিয়েটার বাংলার নিজস্ব সম্পদ, এটাতে হাত দিয়ে কলুষিত করা উচিত নয়। করটাই সব থেকে বড় কথা নয়। স্যার, এই বাজেট বিবৃতিতে ৭৪৮ কোটি টাকার একটা পরিকল্পনার কথা বলেছেন। তিনি বলেছেন, ১৯৮৪-৮৫ সালে পরিকল্পনার পরিমান ৭৪৮ কোটি টাকা হবে। এটা উনি কোথা থেকে বলেন—যদিও উনি বলেছেন এটার পরিবর্তন হতে পারে। এটার পরিবর্তন হবে। ১৯৮০-৮১ সালে ৫৭৫ কোটি টাকা বরাদ্দ ছিল, ৪২০ কোটি টাকা প্রকৃত খরচ হয়েছিল। ১৯৮১-৮২ সালে ৬৩৮ কোটি টাকা বরাদ্দ ছিল, ৪৫৪ কোটি টাকা খরচ হয়েছিল। ১৯৮২-৮৩ ৪৯০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, খরচ হয়েছিল, ৪৫০ কোটি টাকা। ১৯৮৩-৮৪ সালে ৫২০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, প্রকৃত খরচ দেওয়া হয় নাই। পুরোটা না হলেও খানিকটা দেওয়া যেত। স্যার, তাহলে বলতে পারেন, ৭৪৮ কোটি টাকা কোথা থেকে উনি বরাদ্দের কথা ভাবেন? কোন ভাবে যদি ৭৪৮ কোটি টাকা রাখতে হয়, তাহলে ৯৫০ কোটি টাকা এই পরিকল্পনায় এই সরকারকে দিতে হবে কেন্দ্রকে। গড়ে ৯০০ কোটি টাকা দেওয়া সম্ভব? এই রাজ্যের যা প্রাপ্য তার মধ্যে গড়ে ৯০০ কোটি টাকা কেন্দ্রকে দেওয়া সম্ভব? তাই ওঁরা দাবি করছেন। সর্বত্র এই রকম ওনাদের অমূলক দাবি। জুট এর ব্যাপার দেখুন না। ইকনমিক ক্রিপল হয়ে যাচ্ছে সব জায়গায়। আঞ্চলিক ক্ষেত্রে শুধু নয়, সমগ্র রাজ্যের ক্ষেত্রে এই জিনিষ হচ্ছে। ২॥ লক্ষ শ্রমিকের সাথে যুক্ত তার মানে যদি একটি শ্রমিকের সঙ্গে ৫ জন কোন লোক যুক্ত থাকে, তাহলে ১০ লক্ষ লোক এর সঙ্গে যুক্ত। কোন সুরাহা করতে পেরেছে সরকার? বলছেন যে র‍্য জুট পাওয়া যাবে না। যেমন করে পরিকল্পনা মাফিক সঞ্চয়িতার সর্বনাশ করে দিয়েছেন, সেই একইভাবে পরিকল্পনা মাফিক অশোকবাবু জুট এর ব্যাপারে সর্বনাশ করে দিচ্ছেন। কেন পারছেন না একটা প্রতিষ্ঠান তৈরী করতে, যে প্রতিষ্ঠান ষ্টেট ক্যাপিটালিজিম তৈরী করতে পারবে? জুটে কতকগুলি মানুষকে কিছু পাইয়ে দিয়ে কতকগুলি মানুষের রুজি-রোজগারহীন করে দিচ্ছেন। কিছুই কি করার নেই এই সরকারের? রাজ্যের হাতে অধিক ক্ষমতা না দিলে কি কিছুই করতে পারবেন না? এই কথা আমাদের বিশ্বাস করতে হবে? জুট তাই, টেক্সটাইল তাই, হোসিয়ারী তাই, ইঞ্জিনিয়ারিং তাই—সব ধুঁক ধুঁক করে চলছে। একমাত্র 'টি' কিছুটা চলছে সাবসিডি দিয়ে। এই রাজ্যের মধ্যে কোন জায়গায় কোন ইণ্ডাষ্ট্রি ঠিকমতো চলছে? আমি জানি, এগুলো উনি উড়িয়ে দেবেন। কারণ, এই ব্যাপারে তাঁর বলার কিছু নেই। নাহলে ভাঙ্গা রেকর্ড এর মতো এক বক্তব্য শুনবো —কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিলে সব হয়ে যাবে, জিনিসের দাম বাড়বে ইত্যাদি ইত্যাদি। আমার লাস্ট পয়েন্ট বলে এই বক্তব্য শেষ করবো। স্টেট প্লানিং বোর্ড—অর্থাৎ চিফ মিনিষ্টার তার চেয়ারম্যান এবং অর্থমন্ত্রী তার ভাইস চেয়ারম্যান। আমাদের সময় এটা ছিল। আপনাদের সময় এটা আছে কিনা জানি না। সেই বোর্ডের ৫।৬ বছর ধরে কোন রিপোর্টের এক টুকরো

কাগজ আপনারা দেখাতে পারেন নি। আমরা যখন সরকারে ছিলাম, তখন ৫।৬টি বড় বড় ভল্যুম হাউসের মধ্যে প্লেস করেছি।

[1-50—2-00 P.M.]

একটা বোর্ড হয়েছে, কোন রিপোর্ট পান নি। তার মানে বোর্ড হয়েছে, কোন ফাংশন নেই। একে আপনি নন ফাংশনিং করে রেখেছেন। আপনি নিজে এসেছেন বাই ভারচু অফ ব্যাকডোর দিয়ে। আপনার আগে, গত সেপ্টেম্বর সেসানে একবার ব্যাকডোর দিয়ে কর চাপানো হয়েছে। অতিরিক্ত কর চাপিয়ে এই বাজেটকেও আপনি ব্যাকডোরে টেনে নিয়ে যেতে চাইছেন। সাপ্লিমেণ্টারী বাজেটের মধ্যে দিয়ে কিছু টাকা পাশ করিয়ে নিতেও চেয়েছেন। মূল বাজেট যেটা ৫।৬ শত কোটি টাকা হওয়া উচিত ছিল, যে টাকা আপনি খরচ করতে পারতেন, যেটা সাধ্যের মধ্যে ছিল, তা করলেন না। সেজন্য আমি আপনার কাছে আবেদন রাখছি, সরাসরি ভাবে এই দেউলিয়া মানসিকতা মানুষের উপরে চাপিয়ে দেবার চেষ্টা না করে রাজ্যের মানুষের সমস্যার মোকাবিলা কিভাবে করা যেতে পারে, সেইভাবে চেষ্টা করুন। কারণ এর সাথে বহু মানুষের স্বার্থ যুক্ত হয়ে আছে। কেন্দ্রের বিরুদ্ধে শুধু শ্লোগান না দিয়ে সকলের সহযোগিতা নিয়ে প্রকৃত কাজ যাতে হতে পারে তার চেষ্টা করুন। আশা করি, আপনি এদিকে দৃষ্টি দেবেন।

শ্রীনিখিলানন্দ শর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত ১৯৮৪-৮৫ সালের যে বাজেট এই সভায় পেশ করা হয়েছে, তার প্রতি আমার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। এই বাজেট বিবৃতি পড়ে আমার ধারণা হয়েছে যে, কিছু কল্পনা বিলাসী এবং কিছু বিকৃত মস্তিষ্ক মানুষ ছাড়া প্রত্যেক মাননীয় সদস্যই একে বাস্তবোচিত বলে স্বীকার করবেন। মাননীয় সুব্রতবাবু দীর্ঘ সময় ধরে জ্ঞানগর্ভ বক্তৃতা দিলেন, আমি মন দিয়ে তা শুনলাম। পশ্চিমবাংলার একজন নেতার এই বক্তৃতা শুনতে শুনতে আমার মনে হচ্ছিল যে, এ বোধহয় দিল্লীর হাইকম্যাণ্ড' এর কারুর কথা শুনছি। একই কথা শুনতে পেলাম পরিকল্পনা বহির্ভূত খাতে বেশী খরচ, ভরতুকি ইত্যাদি ইত্যাদি। আমার মনে হয়, এখানে সময় নষ্ট না করে সুব্রতবাবু দিল্লীতে গেলে তাঁর একটা হিল্লে হয়ে যেতে পারে। মাননীয় বিরোধীদলের বন্ধুরা চারিদিকে কেবল হতাশা আর অন্ধকারই দেখছেন। হতাশাগ্রস্ত মানুষ চারিদিকে হতাশা ছাড়া আর কীই বা দেখবেন। কয়েকদিন আগে আমরা এই সভায় সেই অভিজ্ঞতা লাভ করেছি। চারিদিকে হতাশা দেখছেন, কথাটা বলা বোধহয় ভুল হচ্ছে। এঁরা একটা দিকে কোন হতাশাই দেখতে পান না ঐ দিল্লীর দিকে। সেখানে আলোর উৎস আছে। তাই আমরা দেখছি ভারত-বর্ষের সর্বত্র অর্থনীতির নমুনা। দিল্লীর কখনই কোন ভুল হয় না। সেখানে মুক্তি-সূর্য্যের ঝলমলে চেহারা এঁরা দেখেন। সেই আলোর পানে ছোটেন এঁরা। মাননীয় বন্ধুর বক্তৃতার মধ্যে

গোটা ভারতবর্ষের অর্থনীতির উন্নতির পথে কোন বাধা আছে বলে শুনতে পেলাম না। যত বাধা যত বিপত্তি সবই খুঁজে পেলেন ভারতবর্ষেরই একটা অঙ্গরাজ্য, এই পশ্চিমবাংলায়। এঁরা সব সময়েই পশ্চিমবাংলাকে ভেবে থাকেন একটা স্বতন্ত্র রাজ্য হিসাবে। এবং তাঁরা চান এখানে একটা স্বতন্ত্র অর্থনীতি গড়ে উঠবে। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় বিরোধীদলের নেতা আবদুস সাত্তার সাহেব এখানে উপস্থিত নেই, তিনি ভাল বলতে পারবেন, কারণ তিনি মুর্শিদাবাদের লোক একটা আম গাছে এক একটা আমের স্বাদ কি ভিন্ন ভিন্ন হয়? একটা গাছেই কি কোনটা টক, কোনটা মিষ্টি আম ফলে? ভারতবর্ষের মধ্যে রাজ্যগুলি হচ্ছে এক একটা ফল। গাছ যদি একটা হয়, তাহলে সেখানে ফল কি আলাদা আলদা স্বাদের হবে? বিরোধীপক্ষ চান, পশ্চিমবঙ্গে একটা আলাদা অর্থনীতি, আলাদা সমাজ গড়ে উঠবে এবং এটা একটা স্বতন্ত্র বৈশিষ্ট্যে সমুজ্জল হবে। পশ্চিমবঙ্গকে তাই গোটা ভারতবর্ষ থেকে আলাদা করে বক্তৃতা করে গেলেন। কেবলমাত্র পশ্চিমবঙ্গ সরকারের দোষ দেখিয়ে এবং ভারত সরকারের পক্ষে সাফাই গেয়ে বলে গেলেন। একটা রাজ্যের অর্থনীতির প্রতিফলন ঘটে গোটা দেশের অর্থনীতির যে চেহারা, তার মধ্যে দিয়েই। সেজন্য রাজ্য বাজেটে কেন্দ্রের প্রভাব পড়তে বাধ্য। বিরোধীদলের সদস্যদের বোঝা উচিত যে, এখানে অর্থমন্ত্রী একটা রাজ্যের বাজেট পেশ করেছেন। বিরোধীরা আজ নির্লজ্জভাবে পুঁজিবাদের সমর্থন এবং তোষন করে চলেছেন। সেইজন্য স্বাধীন ভারতবর্ষে আমরা দেখতে পাই, ২০ কোটি টাকার মালিক ২০,০০ কোটি টাকার মালিকে পরিণত হয়েছে। আর কি দেখতে পাই? দেখি পবিত্র সংবিধানের মুখবন্ধে রাষ্ট্র প্রকৃতির বর্ণনায় স্বতন্ত্র এক পতাকা জুড়ে দেওয়া আছে। এই হচ্ছে আমাদের দেশ! এমনিই হচ্ছে রাষ্ট্র ব্যবস্থা, যেখানে আর্থিক অপরাধে অপরাধীদের কালো টাকার পাহাড় জমে উঠলেও জেলে ভরতে অপারগ হন দেখতে পাই। আসলে দিল্লী এ ব্যাপারে অনিচ্ছুক। দিল্লীর রাজনীতিকদের ভুল নীতির ফলে এই সমস্ত লোকেরা বিভিন্ন কায়দায় কালো টাকা সাদা করতে সুযোগ পাচ্ছে। তাদের কালো টাকা সাদা করার জন্য কনসেশন নীতি ঘোষণা করেছেন।

আবার অন্যদিকে দেখি যারা নরহত্যাকারী, সাধারণ মানুষের ধন সম্পদ লুণ্ঠনকারী এমন দস্যু সর্দারদের ভি. আই. পিদের মর্যাদা দেওয়া হয় এবং তাদের দিল্লীর ভি. আই. পি বাংলোর আশেপাশে ঘোরাফেরা করতে দেখা যায়। এরকম একটা অবস্থায় একটা অঙ্গ রাজ্যের বাজেটকে সুনিশ্চিত করা যায়? কিছুদিন আগে কেন্দ্রের বাজেট উপস্থাপিত হয়েছে। সেখানে সমস্ত রাজ্যকে বঞ্চিত করে বিশাল সম্পদের মালিক হওয়া সত্বেও কেন্দ্রীয় সরকার বাজেট তৈরী করতে হিমসিম খেয়েছেন। তাঁদের কথার সঙ্গে কাজের কোন মিল নেই। সত্যবাবু খুব গণতন্ত্রের কথা বলেন এবং বলেন যে এই সরকার গণতন্ত্র মানেন না। তাঁকে জিজ্ঞাসা করি দিল্লী গণতন্ত্র মানেন? নির্বাচিত সংসদকে এড়িয়ে গিয়ে য়্যাডমিনিষ্ট্রেটিভ ফতোয়া দিয়ে হাজার হাজার কোটি কোটি টাকার

জিনিসের দাম বাড়ান। অথচ এখানে গনতন্ত্রের কথা বলেন। দিল্লীর বাজেট করতে তাঁরা হিমসিম খেয়েছেন। তাঁরা নোট ছাপাতে পারেন, কিন্তু সেখানে ঘাটতি দেখান হয়েছে এবং সেই টাকা কোথা থেকে আসবে তার কোন পথ নির্দেশ নেই। আয়কর ছাড়ের কথা ঘোষণা করা হয়েছে। এই দেশের অর্ধেক মানুষ দারিদ্র সীমার নীচে। এখানে আই. আর. ডি. পি প্রকল্প চালু আছে এবং প্রত্যেকটি ব্লকের ৬০০টি পরিবারকে দারিদ্র সীমার উপরে দিয়ে আসার চেষ্টা করা হচ্ছে। একদিকে ৬০০কে তুলছেন, সেখানে ব্যাঙ্কের ভূমিকা আমরা জানি, আবার অন্যদিকে হাজার জন নীচে নেবে যাচ্ছে। পরিকল্পনা কমিশনের প্রাক্তন সদস্য অধ্যাপক রাজকৃষন বলেছেন আমাদের দেশে প্রতি বছরে ৬৬ লক্ষ মানুষ দারিদ্র সীমার নীচে নেমে যাচ্ছে। আসলে এই সংখ্যা আরও বেশি। আয়কর ছাড় এটা একটা প্রহসন মাত্র। অনেকে বলেছেন ভোট পাবার ব্যবস্থা এই পদক্ষেপ। আয়কর কত শতাংশ মানুষ দেয় এবং তারা কোন পক্ষে আছে তা এই সভার সকলে জানেন। এই আয়কর ছাড়ের আসল চেহারা কেমন না যার যত বেশি আয় তার তত বেশি ছাড়। আসলে বিরাট মানুষদের ছাড় দেয়াই উদ্দেশ্য। এদের আসল লক্ষ অবস্থাপন্ন মানুষদের দাসত্ব এবং সেবা করা। তাঁরা ঠিক কাজই করছেন সমাজতন্ত্রের স্বার্থে? এর ফলে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীকে চিন্তাগ্রস্ত করে তুলেছেন। রাজ্যের যেটা পাওনা সেটা ছাড় দেওয়ায় সমস্ত রাজ্যকে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন।

[2-00—2-10 P. M.]

মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি রেখেছেন তার ১ থেকে ৩০ অনুচ্ছেদ পর্যন্ত যে অর্থ-নৈতিক বিশ্লেষণ তিনি তুলে ধরেছেন তার কোনটা মিথ্যা কোনটা অসত্য ওরা তুলে ধরেছেন। স্যার, ভারতবর্ষের মত কৃষি প্রধান দেশে ভূমি সংস্কারের কথা বললে ওদের গায়ে এলারজি হয়। এই তো অবস্থা। আবার ওদের কোন সর্বভারতীয় নেতা দম্ভোক্তি করেন যে পশ্চিমবঙ্গের চেয়ে অন্যান্য রাজ্য নাকি ভূমি সংস্কারে এগিয়ে যাচ্ছে। আমরা আরো কিছু করতে চাই, তারই জন্য তো ভূমি সংস্কার বিল এই সভায় গৃহীত হয়েছে। কিন্তু কেন সেটা দিল্লী থেকে মোহর মেরে ফিরে আসছে না? তার জবাব কে দেবে? ওরা অন্যান্য রাজ্যে ভূমি সংস্কার প্রায় শেষ করে ফেলেছেন। ওরা যা বোঝেন তাই করেছেন। ভূমি সংস্কার বলতে পশ্চিমবঙ্গের মানুষের যে ধারণা ছিল ১৯৬৭ সালের আগে পর্যন্ত সেটাই ওরা করেছেন সারা ভারতবর্ষে। আমি কারোর নাম করতে চাই না, কিন্তু দিল্লীর দরবারে এমন কিছু বিশিষ্ট ব্যক্তি আছেন যাঁদের ভূমি সংস্কারের কথা চিন্তা করে ঘুম আসে না। কি করে নিজেদের বিশাল জমি কব্জায় রাখবেন তারই নিরন্তর প্রচেষ্টা। এই ভূমি সংস্কার তাঁরা সর্ব ভারতীয় ক্ষেত্রে করেছেন। তাই পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের প্রচেষ্টাকে বিকৃত মস্তিষ্কের মানুষ ছাড়া আর কেউ খাট করতে পারে না। পশ্চিমবঙ্গে ১৫ লক্ষ মানুষ সরকারে ন্যস্ত জমি পেয়েছে, প্রায় ১৩ লক্ষ বর্গা রেকর্ড হয়েছে। এটা বিশ্ব রেকর্ড

বলতে পারা যায়। বাস্তু ভিটা রেকর্ড ২ লক্ষ। একদিকে ভূমি সংস্কারের জন্য সম্ভাব্য সমস্ত রকম প্রচেষ্টা অন্যদিকে ছোট চাষী, পাট্টাদার, বর্গাদার, প্রান্তিক চাষী তাদের এই আইনের সাহায্যের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার অন্তত গ্রাম বাংলায় একটা প্রাণচাঞ্চল্য আনতে পেরেছেন। আর অন্যদিকে ওদের কৃতিত্ব আমরা দেখেছি, ওরা চেষ্টা করেছেন পশ্চিমবঙ্গের মানুষকে কি করে না খাইয়ে শেষ করে দেওয়া যায়। গত বছর কি দেখেছি—১৯৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকারের চালের যে এ্যালটমেণ্ট পশ্চিমবঙ্গের ক্ষেত্রে, যেখানে ১৯৮২ সালে ১ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন প্রতি মাসে এ্যালটমেণ্ট হয়েছিল সেখানে ১৯৮৩ সালে যেটা শতাব্দীর চরমতম খরার বছর, যখন আরো বেশী সাহায্য করা উচিত, তখন কোন সময় ১ লক্ষ ১০ হাজার মেট্রিক টনের বেশী এ্যালটমেণ্ট দেয়নি। যেভাবে পশ্চিমবঙ্গ সরকার এই দারুণ সংকটের মধ্যে পাবলিক ডিষ্ট্রিবিউসান সিসটেমকে সম্প্রসারিত করতে চেষ্টা করেছেন এবং আজো করে যাচ্ছেন দেখাতে পারেন কোন দিন আপনাদের আমলে এই জিনিস হয়েছে? এই সরকারের একটা দাবি নিত্য প্রয়োজনীয় জিনিসের জন্য কেন্দ্রীয় সরকারকে ভর্তুকি দিতে হবে, এটা কি অন্যায় দাবি? ওরা বলবেন এটা ভর্তুকী সরকার। আমি ওদের বলি ওদেরই কেন্দ্রীয় মন্ত্রী স্বীকার করেছেন যে কস্ট অব লিভিং ইনডেক্স পশ্চিমবাংলায় সবচেয়ে কম, কারণ, এখানে ট্যাক্সের হার বৃদ্ধি কম। অন্যদিকে ওরা পাবলিক ডিষ্ট্রিবিউসান সিসটেমকে এফেকটিভলি কাজে লাগাচ্ছে না। আমরা তো জানি কয়েকদিন আগে গোলমাল হওয়ার পর এই আলোচনা শুরু করতে আপনি দেরী করেছেন, ওরা নাকি পড়তে সময় পাননি। স্যার, ওরা তো পড়াশুনা করেন না।

তাঁরা পড়াশুনা করেন না। পড়াশুনা যদি করতেন তাহলে এইসব জিনিসকে তাঁরা এত ছোট করে দেখতেন না। কেন্দ্রীয় সরকার প্রতি বছর শতশত কোটি টাকা ভরতুকি দেন না? আমরা দিলেই দোষ হয়. গরীব কৃষকদের ভরতুকি দিলে দোষ হয়। কেন্দ্রীয় সরকার দৈদেশিক বাণিজ্যের স্বার্থে পুঁজিপতিবাদের এই যে কোটি কোটি টাকা ভরতুকি দিচ্ছেন তাতে কোন দোষ হয় না। পশ্চিমবঙ্গ সরকারের অনুসৃত নীতির ফলে আমরা জানি হোলসেল প্রাইস ইণ্ডেক্স কিসের পরিচয় দিতে। ১৯৮৩ সালের জানুয়ারী মাসে কোলকাতায় যেখানে ৫৭০ সেখানে অল ইণ্ডিয়ায় ছিল ৬৫৬। এপ্রিলে কোলকাতায় ৫৮১ এবং অল ইণ্ডিয়ায় ৬৭৭। জুলাই মাসে কোলকাতায় ৫৯৭ এবং অল ইণ্ডিয়ায় ৭০৫। এতেই দেখা যাচ্ছে নানা রকম বাধা বিপত্তি সত্ত্বে পশ্চিমবাংলায় এই হার আমরা বজায় রাখতে পেরেছি। এই বাহাদুরী কি এঁরা নিতে চান? কৃষির উপর থেকে মানুষের চাপ কমিয়ে মানুষকে যাতে অন্যদিকে নিয়ে যাওয়া যায় সেই প্রচেষ্টায় আমরা কোন ত্রুটি রাখছি না। কিন্তু তার জন্য যা যা প্রয়োজন সেই হলদিয়ায় পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স, জাহাজ নির্মান কারখানা, সল্টলেকে ইলেকট্রনিক কারখানা গড়ে উঠছে না। কেন? আমরা ক্ষুদ্র এবং কুটির শিল্পের ক্ষেত্রেও চেষ্টা করছি। পশ্চিমবাংলায় কুটির শিল্পের ক্ষেত্রে

জিনিসের দাম বাড়ান। অথচ এখানে গনতন্ত্রের কথা বলেন। দিল্লীর বাজেট করতে তাঁরা হিমসিম খেয়েছেন। তাঁরা নোট ছাপাতে পারেন, কিন্তু সেখানে ঘাটতি দেখান হয়েছে এবং সেই টাকা কোথা থেকে আসবে তার কোন পথ নির্দেশ নেই। আয়কর ছাড়ের কথা ঘোষণা করা হয়েছে। এই দেশের অর্ধেক মানুষ দারিদ্র সীমার নীচে। এখানে আই. আর. ডি. পি প্রকল্প চালু আছে এবং প্রত্যেকটি ব্লকের ৬০০টি পরিবারকে দারিদ্র সীমার উপরে দিয়ে আসার চেষ্টা করা হচ্ছে। একদিকে ৬০০কে তুলছেন, সেখানে ব্যাঙ্কের ভূমিকা আমরা জানি, আবার অন্যদিকে হাজার জন নীচে নেবে যাচ্ছে। পরিকল্পনা কমিশনের প্রাক্তন সদস্য অধ্যাপক রাজকৃষন বলেছেন আমাদের দেশে প্রতি বছরে ৬৬ লক্ষ মানুষ দারিদ্র সীমার নীচে নেমে যাচ্ছে। আসলে এই সংখ্যা আরও বেশি। আয়কর ছাড় এটা একটা প্রহসন মাত্র। অনেকে বলেছেন ভোট পাবার ব্যবস্থা এই পদক্ষেপ। আয়কর কত শতাংশ মানুষ দেয় এবং তারা কোন পক্ষে আছে তা এই সভার সকলে জানেন। এই আয়কর ছাড়ের আসল চেহারা কেমন না যার যত বেশি আয় তার তত বেশি ছাড়। আসলে বিরাট মানুষদের ছাড় দেয়াই উদ্দেশ্য। এদের আসল লক্ষ অবস্থাপন্ন মানুষদের দাসত্ব এবং সেবা করা। তাঁরা ঠিক কাজই করছেন সমাজতন্ত্রের স্বার্থে? এর ফলে সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীকে চিন্তাগ্রস্ত করে তুলেছেন। রাজ্যের যেটা পাওনা সেটা ছাড় দেওয়ায় সমস্ত রাজ্যকে বিপদের মধ্যে ফেলে দিয়েছেন।

[2-00—2-10 P. M.]

মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি রেখেছেন তার ১ থেকে ৩০ অনুচ্ছেদ পর্যন্ত যে অর্থ-নৈতিক বিশ্লেষণ তিনি তুলে ধরেছেন তার কোনটা মিথ্যা কোনটা অসত্য ওরা তুলে ধরেছেন। স্যার, ভারতবর্ষের মত কৃষি প্রধান দেশে ভূমি সংস্কারের কথা বললে ওদের গায়ে এলারজি হয়। এই তো অবস্থা। আবার ওদের কোন সর্বভারতীয় নেতা দম্ভোক্তি করেন যে পশ্চিমবঙ্গের চেয়ে অন্যান্য রাজ্য নাকি ভূমি সংস্কারে এগিয়ে যাচ্ছে। আমরা আরো কিছু করতে চাই, তারই জন্য তো ভূমি সংস্কার বিল এই সভায় গৃহীত হয়েছে। কিন্তু কেন সেটা দিল্লী থেকে মোহর মেরে ফিরে আসছে না? তার জবাব কে দেবে? ওরা অন্যান্য রাজ্যে ভূমি সংস্কার প্রায় শেষ করে ফেলেছেন। ওরা যা বোঝেন তাই করেছেন। ভূমি সংস্কার বলতে পশ্চিমবঙ্গের মানুষের যে ধারণা ছিল ১৯৬৭ সালের আগে পর্যন্ত সেটাই ওরা করেছেন সারা ভারতবর্ষে। আমি কারোর নাম করতে চাই না, কিন্তু দিল্লীর দরবারে এমন কিছু বিশিষ্ট ব্যক্তি আছেন যাঁদের ভূমি সংস্কারের কথা চিন্তা করে ঘুম আসে না। কি করে নিজেদের বিশাল জমি কব্জায় রাখবেন তারই নিরন্তর প্রচেষ্টা। এই ভূমি সংস্কার তাঁরা সর্ব ভারতীয় ক্ষেত্রে করেছেন। তাই পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের প্রচেষ্টাকে বিকৃত মস্তিষ্কের মানুষ ছাড়া আর কেউ খাট করতে পারে না। পশ্চিমবঙ্গে ১৫ লক্ষ মানুষ সরকারে ন্যস্ত জমি পেয়েছে, প্রায় ১৩ লক্ষ বর্গা রেকর্ড হয়েছে। এটা বিশ্ব রেকর্ড

সেটা বিন্দুমাত্র আলোচনা হচ্ছে না। আমানতের কত শতাংশ ওঁরা বিনিয়োগ করে সেটা আমরা কাগজে দেখেছি এবং ওঁদেরই কেন্দ্রীয় মন্ত্রী এবং নেতা এই রাজ্য থেকে মূলধন অন্য রাজ্যে নিয়ে যাবার জন্য উৎসাহ দিচ্ছেন। কাজেই জবাব দিহি করতে হবে বৈকি। কেন্দ্রীয় সরকার কেন সরাসরি বিনিয়োগ করে নুতন শিল্প পশ্চিমবাংলায় গড়ে তুলছেন না। উপরন্তু যেটুকু রয়েছে সেটাকে ধ্বংস করছে কেন। রুড় অব ইণ্ডিয়া নিয়ে আমরা আগে গর্ব করতাম। এখন কি অবস্থা? দুর্গাপুর, আসানসোলের কথা আমি একটু বলি। আমি জিজ্ঞাসা করি দুর্গাপুর ইস্পাত কারখানা বার্ণপুর ইস্পাত কারখানায় উৎপাদন কম হচ্ছে কেন? কেন Mining and Allied Mechanical Corporation যার সংক্ষেপ নাম এম. এ. এম. সি ডুবে যাচ্ছে Cycle Corporation of India ডুবে যাচ্ছে। কেন কয়লার উৎপাদন কম হচ্ছে? সেটা কি বিদ্যুতের অভাবে ঘটছে? সেন র‍্যালির উৎপাদন কমে যাচ্ছে। তার সার্টিফিকেট কে দেবে? ডি ভি সির বিদ্যুত দেবার কথা ৮৭ ভাগ। কিন্তু দিচ্ছে কত? আজকে লক্ষ লক্ষ টন কয়লার উৎপাদন কমে যাচ্ছে কেন? চিত্তরঞ্জন লোকোমোটিভেই রেলওয়ে ইঞ্জিন কারখানায় ইঞ্জিন তৈরী কমে যাচ্ছে কেন? কাজেই সর্বত্রই দেখছি অরাজকতা। কিন্তু এই দায়িত্ব কি পশ্চিমবঙ্গ সরকারের? আজকে কোন ষড়যন্ত্রে এইসব জিনিস হচ্ছে? দুর্গাপুর, আসানসোল এইসব যে বিরাট বিশাল শিল্প এলাকা এবং সেখানে যে সমস্ত সেণ্ট্রাল পাবলিক সেক্টর রয়েছে, সেই সবের অবনতির জন্য তো কেন্দ্রীয় সরকারই দায়ী। এবং সেখানে যে এণ্টি পলিউসন মেজার নেওয়া উচিত কেন্দ্রীয় সরকারের তা বিন্দুমাত্র নেওয়া হয়নি এবং আজ পর্যন্ত নেবার কোন ব্যবস্থাও করা হয়নি। পরিকল্পনাহীন ভাবে যেখানে সেখানে যেভাবে কয়লা তোলা হচ্ছে, এই জিনিস যদি আরও ১০ বছর চলতে থাকে তাহলে দেখবেন রানীগঞ্জ, বরাকর, কুলটি এই সব শহরগুলির যে কোনদিন পাতাল প্রবেশ ঘটবে। এই যে সম্পদশীল বিরাট এলাকা এর অবশিষ্ট কিছুই থাকবে না মরুভূমিতে পরিণত হবে। এই গুরুত্বপূর্ণ ব্যাপারটি পশ্চিমবাংলার বিশিষ্ট নেতা সংসদ সদস্য শ্রীনীরেন ঘোষ মহাশয় প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে একটি চিঠি লিখেছিলেন। কিন্তু কোন কথা তো নয়ই, বিন্দুমাত্র সৌজন্য বোধও দেখাননি একটি চিঠির উত্তর পর্যন্ত দেননি। এতবড় সর্বনাশের কথায় সাত্তার সাহেবও বিচলিত হননি। সাত্তার সাহেব গরীবদের জন্য এই বাজেটে কোন আশার আলো দেখতে পেলেন না। আমি জিজ্ঞাসা করি কেন্দ্রীয় সরকার যখন রেশনের চালের দাম বাড়ালেন, কেরোসিন, চিনি কয়লা সারের দাম বাড়ালেন নিশ্চয় বোধ হয় সেখানে তিনি আশার আলো দেখতে পান। মোটর গাড়ীর উপর রোড ট্যাক্স বাড়ায় তাঁর ঘোর আপত্তি। আমার প্রশ্ন একটা ট্রাক থেকে রাজ্য সরকার কত টাকা ট্যাক্স পায়? বছরে দুই থেকে আড়াই হাজার টাকা।

আর রাস্তা মেরামত করবে রাজ্য সরকার। অথচ স্যাসি, ডিজেল, মোবিল, স্পেয়ার পার্টস ইত্যাদির মাধ্যমে যে কোন একটি ট্রাক থেকে কমপক্ষে ৫০ হাজার টাকা কেন্দ্রীয় সরকার রোজগার

করছেন, আর রাস্তা পরিস্কার রাখতে হবে রাজ্য সরকারকে। কাজেই এই ধরনের ছেঁদো সমালোচনা না করে আমরা বিরোধী বন্ধুদের কাছে অনুরোধ করব আপনারা জিনিসটা একটু চিন্তা করে দেখুন যে, কেন্দ্রীয় সরকার টায়ার, ডিজেল চেসিস ইত্যাদি বিক্রী করে একটি ট্রাক থেকে কত টাকা নিয়ে যাচ্ছেন। ১৯৮০ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত এই ৪ বছরে কেন্দ্রীয় সরকার ৬ হাজার ৬৯০ কোটি টাকা ডিজেল, কেরোসিন তেলের দাম বাড়িয়ে আদায় করেছেন, লোকসভার প্রশ্নোত্তরে কেন্দ্রীয় মন্ত্রী এই কথা স্বীকার করেছেন। গোটা ভারতবর্ষের এই হচ্ছে অবস্থা। তাই পশ্চিমবাংলার সমদ্ধির কথা যদি আপনাদের মাথায় কিছু থাকে, পশ্চিমবাংলার মানুষের প্রতি বিন্দুমাত্র ভালবাসা মমতা যদি থাকে তাহলে সমস্ত কথা বলে শেষকালে বিরোধিতা করছি না বলে, আসুন একযোগে পশ্চিমবাংলার উন্নতির জন্য এই বাজেট প্রস্তাবকে সমর্থন জানাই এবং আগামী দিনের সুখী সমৃদ্ধ পশ্চিমবাংলা গড়ার ব্যবস্থা করি। এই কথা বলে অর্থমন্ত্রীর বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৮৪-৮৫ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই পরিপ্রেক্ষিতে একটি কথাই বলতে পারি অর্থমন্ত্রীর এই বাজেট গ্রাম বাংলার গরীব মানুষের রক্ত শুষে বড় লোকের প্রাসাদ নির্মাণ করতে দারুণ সাহায্য করেছে। স্যার, এটা আমার কথা নয়, অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় সেই চিত্রই পরিষ্কার ফুটে উঠেছে। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত গ্রামীন অর্থনীতির উন্নতির কথা চিন্তা না করে তিনি কেবল শহর কেন্দ্রিক কিছু মানুষের কথাই চিন্তা করে গেছেন। স্যার, আমি এই কথা কেন বলছি? মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় ডাইরেকটলি গ্রাম, শহরের গরীব মধ্যবিত্ত মানুষের উপর যে করের বোঝা চাপিয়ে দিয়েছেন সেটা আমাদের কংগ্রেস দলের প্রত্যেক সদস্যই উল্লেখ করেছেন। কিন্তু আমি একটু অন্য লাইনে বোঝাবার চেষ্টা করছি যে কিভাবে উনি এই কর বসিয়ে গরীব, মধ্যবিত্ত মানুষের উপর চাপ সৃষ্টি করছেন এবং জিনিসপত্রের দাম বাড়াতে উনি কিভাবে সাহায্য করছেন সেটা আমি বোঝাবার চেষ্টা করছি। আমি অর্থনীতিবিদ নই, মাননীয় অর্থমন্ত্রীর মত পণ্ডিত নই, কিন্তু একজন সাধারণ রাজনৈতিক কর্মী হিসাবে এটা বোঝাবার চেষ্টা করছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন পণ্য প্রবেশ কর বাবদ ১০ কোটি টাকা আসবে বলে আশা করেছেন। চা এর উপর ১৫ পারসেন্ট থেকে ১৭ পারসেন্ট সেস বাড়িয়ে আশা করছেন ২ কোটি ৫০ লক্ষ টাকা আসবে। যে সমস্ত দোকান এবং প্রতিষ্ঠান থেকে সার মধ্যবিত্ত গরীব মানুষ জিনিসপত্র কেনা বেচা করে তাদের লাইসেনস, ফ্রি ইত্যাদি সংশোধন করে তিনি আশা করছেন ১ কোটি টাকা আসবে। কয়লার উৎপাদন সেসের হার উনি বাড়িয়েছেন এবং এর থেকে ১২ কোটি টাকা আসবে বলে উনি আশা করছেন। বেবি ফুডের উপর বিক্রয় করের হার বাড়িয়েছেন। আমি আর বিস্তৃত তথ্যের মধ্যে যাব না, তবে এই সমস্ত জিনিস গ্রামের গরীব,

মধ্যবিত্ত মানুষরাই ভোগ করে থাকে। এইভাবে বিক্রয় কর এবং পন্য প্রবেশ করের মাধ্যমে উনি ডাইরেক্টলি ব্যবসদোরদের সাহায্য করবেন জিনিসপত্রের দাম বাড়িয়ে দিয়ে কিভাবে গরীব মধ্যবিত্ত মানুষদের টুঁটি টিপে ধরা যায়।

[2-20—2-30 P. M.]

পরে জিনিষপত্রের দাম বৃদ্ধির জন্য কেন্দ্রের উপর উনি দোষারোপ করবেন। গতবারও বাজেট বক্তৃতায় বলেছিলাম এবারেও মাননীয় অর্থমন্ত্রীকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, আপনি বিক্রয় কর এবং অন্যান্য করের বোঝার উপর বেশী গুরুত্ব দিচ্ছেন কিন্তু রাজস্ব আদায়ের উপর আপনি কোনবারই গুরুত্ব দিচ্ছেন না। ১৯৭৭ সাল থেকে দেখছি, আপনি রাজস্ব আদায়ের উপর গুরুত্ব দিচ্ছেন না। এবারে হাইকোর্টের একটা ইনজাংসানের কথা বলেছেন এবং হাইকোর্টের দোষ দিয়েছেন। কিন্তু বিক্রয়কর আদায় করার ব্যাপারে আপনার ডিপার্টমেণ্টের টোটাল যে ফেলিওর সে দিকে আপনি দৃষ্টি দিচ্ছেন না। কেন্দ্রের কালেকসান যেখানে এই পশ্চিমবঙ্গে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে—ইনকাম ট্যাক্স, কর্পোরেশন ট্যাক্স, অন্তশুল্ক ইত্যাদির কালেকসান বাড়ছে সেখানে আপনার রাজস্ব আদায়ের পরিমাণ দিনের পর দিন কমে যাচ্ছে। এসব কথা পরিস্কারভাবে আমাদের বক্তারা বলে গিয়েছেন, সুব্রতবাবু বলেছেন, সাত্তার সাহেব বলেছেন, আমি আর সেসব কথায় যাব না, আমি শুধু বলছি, করের বোছাটা না বাড়িয়ে আপনি যদি রাজস্ব আদায়ের দিকে নজর দিতেন তাহলে আমার বিশ্বাস করের বোঝা আর আপনাকে চাপাতে হ,ত না। এটাকে যদি যুক্তি হিসাবে নাও মানেন তাহলে আমি অন্য আর একটি বিষয় আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলব, সেটা আপনি একটু বিবেচনা করে দেখুন। পশ্চিমবঙ্গে সরকারী পরিচালনাধীন যে সমস্ত সংস্থা আছে সেই সমস্ত সংস্থার কর্তৃপক্ষের সঙ্গে অর্থমন্ত্রী হিসাবে আপনি বসে তাদের লোকসানের বহর কতটা কমাতে পারেন সেটা আলোচনা করে দেখুন। আমি বলছি না এখনই আপনি সবগুলিতে প্রফিট করতে পারবেন কিন্তু অন্ততঃ লোকসানের বহরটা কমিয়ে মার্জিন্যাল প্রফিটের দিকে যাবার যদি চেষ্টা করেন তাহলেও অনেক কাজ হবে। এসব ব্যাপারে বাজেট বক্তব্যের মধ্যে আপনার কোন বক্তব্য দেখলাম না। ট্রাম, বাসের কথা আমি বলছি না, অন্য বক্তারা বলে গিয়েছেন, আমি অন্য কতকগুলি সংস্থার কথা বলি। যেমন ধরুন ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী। সেখানকার কর্মীরা রিপিটেড নোট দিয়ে আপনাকে জানিয়েছেন যে কিভাবে লোকসান থেকে একে বাঁচানো যায়। সেখানকার কর্তৃপক্ষ নয়, কর্মীরা যারা সেখানে লাভ চায় তারা বারবার আপনার কাছে দরবার করেছে কিন্তু সেসব দিকে নজর দেবার হুস আপনার নেই, আপনার চিন্তা কি করে বিক্রয় কর বাড়িয়ে মানুষের উপর বোঝা চাপিয়ে দেওয়া যায় তা দেখা এবং গরীবের রক্ত চুষে বড়লোকের প্রাসাদ নির্মাণে কিভাবে তাদের সাহায্য করা যায় তা দেখা। ইকনমিক রিভিউতে আছে, ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীতে ১৯৮৩-৮৪ সালে ১ কোটি ৪৪ লক্ষ টাকা লোকসান হয়েছে।

১৯৮৪-৮৫ তে সেটা আপনি কমাবার চেষ্টা তো করেনইনি বরং উলটে আশংকা করছেন ১ কোটি ৭৪ লক্ষ টাকার উপরে আরো ১২ লক্ষ টাকা লোকসান হবে। তারপর পশুপালন দপ্তরের অধীন যে পোলট্রির ব্যাপারে প্রডাকসান কাম মার্কেটিং সেন্টার আছে সেখানেও কোন প্রফিট হচ্ছে না বরং লোকসান হচ্ছে ২৮ লক্ষ ৯৮ হাজার টাকা। দুর্গাপুর দুগ্ধ প্রকল্পে লোকসান হচ্ছে ৯১ লক্ষ টাকা এবং সেটা ১৯৮৪-৮৫ সালে বেড়ে হবে ১ কোটি ১০ লক্ষ টাকা। আমি আর পরিসংখ্যানের দিকে যাচ্ছি না, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আবার বলছি লোকসানের বহরটা কমিয়ে এবং রাজস্ব আদায়ের দিকে যদি বেশী করে নজর দিতেন এবং তা করে গ্রামবাংলার উন্নয়নের দিকে নজর দিতেন তাহলে ভালো হত। আজকে গ্রামবাংলার মানুষ কি অনুভব করছে? আমি কোন রাজনৈতিক বক্তব্যে যাব না কিন্তু পরিস্কারভাবে না বললে জিনিসটা পরিস্কার হবে না বলে কয়েকটি কথা বলতে হচ্ছে। আপনি বেবিফুড, কয়লার উপর সেস, চায়ের উপর সেস যখন বসাচ্ছেন তখন দেখছি কমাচ্ছেন ইলেকট্রনিকস গুডস্ টায়ার টিউব ইত্যাদির উপর। এটা করছেন কেন? এর পেছনে কারণ কি?

এর পিছনের কারণ কি আপনি বলবেন? রাজনৈতিক বক্তব্যের কারন নিশ্চয়ই আপনি জানেন, সেটা হচ্ছে রুদ্ধদ্বার কক্ষে বৈঠক। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি মোদি, ডালমিয়া সাহেবের যে রুদ্ধদ্বার কক্ষে বৈঠক হয়, যে গোপন চুক্তি হয় আগামী লোকসভা নির্বাচনে—ডেটটা আপনাকে আমি দিয়ে দিতে পারতাম, আপনার যদি সাহস থাকে স্বীকার করবেন—২ কোটি টাকার ট্রানজাকসান হয়েছে। আজকে যদি ওদের উপরে বিক্রয় কর বাড়িয়ে দিতেন তাহলে অন্ততঃ পক্ষে ৭ কোটি টাকা পশ্চিমবাংলার রাজস্ব খাতে আসতো। ৫ কোটি নয়, আপনি যেটা বোঝাবার চেষ্টা করেছেন। ৭ কোটি টাকা রাজস্ব খাতে আসতো। আপনি ২ কোটি টাকা আদায় করে তাদের উপরে বিক্রয় কর কমিয়ে দিলেন। আপনি হয়ত বলবেন যে ইয়ং এণ্ট্রাপ্রেনিওর যারা, তারা এতে লাভবান হবেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি যে পশ্চিমবাংলায় ইয়ং এণ্ট্রাপ্রেনিওররা নতুন করে আসছে না। আপনারা বলেছেন যে ব্যাংকের গাফিলতি। একজন কংগ্রেস কর্মী হিসাবে আমিও জানি যে ব্যাংকের গাফিলতি অনেক জায়গায় আছে। কিন্তু ইয়ং এণ্ট্রাপ্রেনিওররা আসছে না, এটা আপনিও স্বীকার করবেন। কাজেই যেখানে ইয়ং এণ্ট্রা-প্রেনিওররা আসতে পারছে না সেখানে তাদের আপনারা কোন সুযোগ দিচ্ছেন না। যারা ঘুঘু ব্যবসাদার, যারা গরীবের রক্ত চুষে নিজেদের প্রাসাদ তৈরী করছে তাদের সুবিধা দেবার জন্য চিন্তা করছেন এবং সেখানে ২ কোটি টাকার ট্রানজাকসান হয়েছে। আমি দায়িত্ব নিয়ে একথা বিধানসভায় বললাম, আপনি উত্তর দেবেন যে ২ কোটি টাকার ট্রানজাকসান হয়নি। গ্রামবাংলার মানুষেরা অত্যন্ত পরিষ্কারভাবে বলতে আরম্ভ করেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, আজকে রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, সেই বাজেট বরাদ্দে গ্রাম বাংলার গরীব মানুষের কথা যেমন চিন্তা করা হয়নি তেমনি

গ্রাম বাংলার মধ্যবিত্ত খেটে খাওয়া গরীব মানুষ, চাষীদের কথাও চিন্তা করা হয়নি। যদি চিন্তা করা হত তাহলে তিনি সারের উপরে করের বোঝা চাপিয়ে দেবার চিন্তা করতেন না। আমরা বিগত দিনের সরকারী কাজের পর্যালোচনা করে দেখেছি যে প্রোডাকটিভ ডিপার্টমেণ্ট যেগুলি আছে, উৎপাদনমুখী বিভাগ যেগুলি আছে, সেখানে ব্যয় যথেষ্ট পরিমাণে করলে একটা স্থায়ী সম্পদ সৃষ্টি হতে পারে, গ্রামীন অর্থনীতির উন্নতি চেষ্টা হতে পারে, গ্রামীন চাষীর উন্নতি হতে পারে। কিন্তু সেদিকে কোন নজর নেই। উনি সারের উপরে করের বোঝা চাপিয়ে দিলেন। এর ফলে গ্রামের চাষীর কোন ক্ষতি হবে কি না সেটা দেখলেন না। আপনি হয়ত বলবেন যে ক্ষতি হবে না। আমি মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা জানিয়ে দিতে চাই। আমার কোন রাগ বা অভিমান নেই। কিন্তু আমি এই কথা বলতে বলতে চাই যে দুগ্ধ প্রকল্পের দুধ কলকাতার মানুষ খাবে, আর ভরতুকীর বোঝা গ্রাম বাংলার মানুষেরা বইবে—এই জিনিষ বেশীদিন চলতে পারে না। আপনারা কমিউনিষ্ট। কিন্তু আপনাদের চিন্তা-ধারার মধ্যে তার কোন প্রতিফলন দেখতে পাচ্ছি না। আমরা আশা করেছিলাম যে ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত আপনারা গ্রাম বাংলার গরীব মানুষের জন্য চিন্তা করবেন, তাদের জন্য অন্ততঃ কিছু করবার চেষ্টা করবেন, কিন্তু তার কোন উল্লেখ, সেই সম্পর্কে কোন বক্তব্য পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই অর্থমন্ত্রী শুধু নিজেদের পার্টির তহবিলের কথা চিন্তা করেছেন এবং অর্থ বাড়িয়ে দিয়ে ব্যবসায়ীদের প্রাসাদ তৈরী করে দেবার চেষ্টা করেছেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে একথা বলছি। এটা আমার কথা নয়, এটা ওদের ইকনমিক রিভিউ থেকে বলছি। আজকে গ্রাম বাংলার চাষীদের দিকে যেমন এরা নজর দেননি তেমনি বেকারদের সম্পর্কেও কোন চিন্তা এই অর্থমন্ত্রীর বাজেটে দেখছি না। এরা শুধু ব্যবসায়ীদের, বড়লোকদের কথাই চিন্তা করেছেন। একটু আগে মাননীয় সদস্য কেন্দ্রীয় সরকারের উপরে দোষারোপ করলেন। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি যে কেন্দ্রীয় সরকার সমস্ত বেকার ভাইদের চাকুরী দিতে না পারলেও, পশ্চিমবাংলার বুকে ২৫ হাজার টাকা লোন দিয়ে এবং তার মধ্যে ৯ হাজার টাকা অনুদান দিয়ে ব্যাংকের মাধ্যমে, ডিষ্ট্রিক্ট ইণ্ডাষ্ট্রিয়াল কর্পোরেশানের মাধ্যমে বেকারদের স্বনির্ভর করার সুযোগ করে দিয়েছে। আর ঐ গরীব ভায়েরা যখন ২৫ হাজার টাকা লোন দিয়ে ব্যবসায়ে দাঁড়াবে তখন মাননীয় অর্থমন্ত্রী তাদের সম্পর্কে কি চিন্তা করেছেন ?

(গোলমাল)

[2-30—2-40 P. M.]

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই রাজ্যের বেকার ছেলেদের কথা মাননীয় অর্থমন্ত্রী চিন্তা করেন না। এটা শুধু আমার কথাই নয়, এর প্রমান আপনি এই সরকারের প্রচারিত ইকনমিক রিভিউতেই দেখতে পাবেন। যেখানে ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় রেজিষ্টার্ড বেকারের সংখ্যা ছিল

৭ লক্ষ ৮৪ হাজার—যাদের ওঁরা অপদার্থ বলেন, চোর জোচ্চোর বলেন, সেই কংগ্রেসীরা সে সময় পর্যন্ত সরকারে ছিল—তার পরে ১৯৮১-৮২ সালে সেই সংখ্যা বেড়ে হয়েছে ১৭ লক্ষ ৮৪ হাজার। অর্থাৎ এই বিশিষ্ট কমিউনিষ্ট সরকার ক্ষমতায় আসার পরের থেকে আজ পর্যন্ত আমাদের সময়ের চেয়ে ১১ লক্ষ বেকার বেড়ে গেল। শুধু রেজিষ্টার্ড বেকারের সংখ্যাই ১১ লক্ষ বেড়ে গেছে। মাননীয় অর্থমন্ত্রীর ইকনমিক রিভিউতেই এই তথ্য আছে। অবশ্য আমরা জানি সারা ভারতবর্ষের প্রতি রাজ্যেই বেকারের সংখ্যা বাড়ছে, কিন্তু এ রাজ্যে যে হারে বাড়ছে সে হারে অন্য কোন রাজ্যে বাড়ছে না। দেশের অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের বেকারের সংখ্যা বৃদ্ধির হারের কোন সমতা নেই। গোটা দেশের সঙ্গে সামঞ্জস্য রেখে যদি এই সংখ্যাটা বাড়ত, তাহলে আমাদের কিছু বলার ছিল না। সরকার পক্ষের বিভিন্ন মাননীয় সদস্যরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর ক্রিটিসিজম করছেন, অথচ নিজেদের ত্রুটির কথা বলছেন না। আজকে শিক্ষিত বেকারের সংখ্যাই যদি এই হয়, তাহলে অশিক্ষিত বেকারদের সংখ্যাটা একবার চিন্তা করুন! স্যার, আপনিও আমাদের মত কোন একটি এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, সেখানকার বেকার ছেলেদের কথা নিশ্চয়ই আপনি জানেন। আমরা গ্রামাঞ্চলে এবং বিভিন্ন জায়গায় দেখছি যে, বেকার ছেলেরা চাকরি না পেয়ে নিজেরাই পরিকল্পনা করে যাত্রা, থিয়েটারের দল খুলে নিজেদের কর্মসংস্থানের ব্যবস্থা করে নিচ্ছে। এই প্রসঙ্গে আমি বলছি যে, আজকে কেন্দ্রীয় সরকারও স্বনির্ভর কর্ম সংস্থানের জন্য বেকার ছেলেদের ২৫ হাজার টাকা করে লোন দিচ্ছেন। এই অবস্থায় আজকে যাত্রা থিয়েটারের ওপর ট্যাক্স বসিয়ে মাননীয় অর্থমন্ত্রী ঐ সমস্ত বেকার ছেলেদের উপকারের বদলে অপকার করছেন। আমরা দেখেছি গ্রাম বাংলার বেকার ছেলেরা দলবদ্ধভাবে যাত্রা থিয়েটার করে ১০ দিন ১৫ দিন ধরে যাত্রা থিয়েটারের ব্যবস্থা করে—তার থেকে যে টাকা লাভ হয়, তা তারা নিজেদের মধ্যে সেয়ার করে নেয়। আজকে যখন এই রাজ্যের বেকার যুবকদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী চাকরী দিতে পারছেন না, যখন কেন্দ্রীয় সরকার তাদের স্বনির্ভর করে তোলার জন্য ২৫,০০০ টাকা করে লোন দিচ্ছে। আর তখনই মাননীয় অর্থমন্ত্রী এই বাজেটের মধ্যে দিয়ে বেকারদের ওপর আঘাত হানছেন। উনি চাইছেন, বেকাররা বেকার হয়ে থাকুক, আর ওঁরা তাদের মাথায় কাঁঠাল ভাঙবেন, তাদের কমিউনিষ্ট করবেন, নকশাল করবেন, কিন্তু তাদের সমস্যার সমাধান করবেন না। উনি তাদের উদ্দেশ্যে বলছেন, তোমরা অন্ধকারে থাকবে, অভাবে থাকবে, তাহলেই আমাদের তোমাদের নিয়ে রাজনীতি করায় সুবিধা হবে। এই অবস্থায় আমার বক্তব্য হচ্ছে, শুধু রাজনীতি করার জন্যই যদি রাজনীতি হয়, রাজনীতিতে যদি সমস্যার সমাধান না থাকে তাহলে সেই রাজনীতির আয়ু কত দিনের, সেই রাজনীতির আয়ু স্বল্প কয়েক দিনের। সে রাজনীতি শেষ হয়ে যেতে বাধ্য। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে রাজ্যের বেকার ছেলেদের বিষয়ে কোন উল্লেখ দেখলাম না। গরীব মানুষের স্বার্থের কথাও আমরা কিছু দেখতে পাচ্ছি না, চাষীদের কথা কিছু দেখতে পাচ্ছি না।

এখানে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বিবৃতির মধ্যে দেখতে পাচ্ছি যে, উনি যাত্রা, থিয়েটার প্রভৃতির উপর নতুন করে ট্যাক্স বসাচ্ছেন। এই সমস্ত ট্যাক্স বসিয়ে উনি নতুন করে কিছু মানুষকে বেকার করতে চাইছেন। আমি ওঁকে অনুরোধ করছি, উনি এই সমস্ত নতুন যে করের বোঝা গুলি চাপাচ্ছেন এগুলি, আর চাপাবেন না। এগুলি টোটালি এ্যাবলিস করুন, অলটারনেটিভলী যেখান থেকে বেশী ট্যাক্স আদায় করা দরকার সেখান থেকে তা করুন। আমরা দেখছি এই রাজ্যে ট্যাক্স আদায়ের ইনফ্রাস্ট্রাকচার যা ছিল তা এখন আর ঠিক নেই, সেই জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে সাজেসন দেব যে, তিনি কেন্দ্রীয় সরকারের কাজ থেকে এফিসিয়েন্ট স্টাফ চেয়ে পাঠান। তিনি কেন্দ্রীয় সরকারকে বলুন যে, আমাকে এফিসিয়েন্ট স্টাফ দাও। কারণ আমরা দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিংস-এ দাঁড়িয়ে বলছেন, সারকারী কর্মচারীরা সব অপদার্থ। রাজ্য সরকারের কর্মচারী তথা কো-অর্ডিনেসন কমিটির লোকেরা সব অপদার্থ, পুলিশ অপদার্থ। এসব কথা মুখ্যমন্ত্রী বলছেন।

ইনফ্রাসট্রাকচার কেন্দ্রীয় সরকার তৈরী করে দেবেন রাজ্যগুলিকে যাতে প্রোপরসোনেটলি সম্পদ বৃদ্ধি পায়। আপনারা সেইদিকে নজর দিন। কয়লার উপর, চায়ের উপর, বেবীফুডের উপর যে সেস্ বসিয়েছেন সেটা এ্যবোলিস করে দিন। কয়লার উপর, বেবীফুডের উপর, চায়ের উপর দাম বাড়িয়ে গরীব মানুষকে মেরে ফেলার চেষ্টা করেছেন। এই ট্যাক্স তাদের ঘাড়ে ফেলবেন না। আপনারা টায়ারের উপর কর বসান, ইলেকট্রোনিক গুডসের উপর কর বসান। এই সমস্ত জিনিষের যারা ব্যবসা করতে যায় তারা ডালমিয়ার ঘরের ছেলে, টাটার ঘরের ছেলে, বিড়লার ঘরের ছেলে। তারা জ্যোতি বসুর ঘরের ছেলে নয়, অশোক মিত্রের ঘরের ছেলে নয়। তাই আমি বলছি, চেষ্টা করুন বেকার ভাইদের সমস্যার সমাধান করার জন্য এবং গরীব মানুষদের কথা চিন্তা করে যে যে জিনিসের উপর বিক্রয় কর আরোপ করেছেন সেগুলিকে এ্যাবোলিশ করুন এবং এ্যাবোলিশ করে যেগুলিকে কমিয়ে দিয়েছেন তার উপর ট্যাক্স বসান এবং এই ট্যাক্স বসিয়ে প্রমান করুন আপনারা গরীব মানুষের সরকার, সর্বহারাদের সরকার, বড়লোকদের সরকার নয়। শুধু ইলেকসানের জন্য পার্টি তহবিলের কথা চিন্তা না করে গরীব মানুষদের কথা চিন্তা করুন। সুতরাং যে বাজেট এনেছেন তাকে সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দে-মাতরম্।

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আমাদের বিরোধীদলের মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জী মহাশয় কতকগুলি যে অসত্য ভাষন দিয়েছেন সেই সম্পর্কে কিছু তথ্য আপনার মাধ্যমে হাউসের কাছে উপস্থিত করতে চাই। এই কংগ্রেস বিগত ৩০।৩৫ বছর ধরে পশ্চিমবঙ্গকে যা ধ্বংস করে গেছে সেটা আর বলার অপেক্ষা রাখে না। ওনারা বলছেন, আমরা

ওভারড্রাভট নিয়েছি এবং ওভারড্রাফট নিয়ে পশ্চিমবঙ্গকে নাকি আমরা দেউলিয়া করে ফেলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনাদের রাজত্বের সময় যে ঋণ নিয়েছিল সেই ঋণের বোঝা আমাদের পরিশোধ করতে হচ্ছে। কংগ্রেস আমলে সেই ঋণ হলো প্রায় সাড়ে ৭ হাজার কোটি টাকা। তার ভিতর আমরা এই বছরে ১৩ কোটি টাকা ঋণ শোধ করেছি। এখন সাড়ে ৬ হাজার কোটি টাকার মতো ঋণ আছে। দীর্ঘ ৩০ বছর ধরে পশ্চিমবাংলাকে পরিচালনা করে বামফ্রন্ট সরকারের ঘাড়ে বিরাট অর্থনৈতিক বোঝা চাপিয়ে দিয়েছে। কেন্দ্রীয় সরকার ৩ বছরে ১০ হাজার কোটি টাকা নোট ছাপিয়েছেন আর সারা ভারতবর্ষের রাজ্যগুলি আড়াই হাজার কোটি টাকা মাত্র ওভারড্রাফট নিয়েছে। এই ১০ হাজার কোটি টাকার নোট কেন ছাপিয়েছেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি হয়তো জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন, এই কংগ্রেস গোটা ভারতবর্ষকে ঋণের মধ্যে ডুবিয়ে ফেলেছেন। প্রায় ২৪ হাজার কোটি টাকা ঋণ বিদেশের কাছ থেকে করেছে। সুতরাং লজ্জা হওয়া উচিত। আভ্যন্তরীণ ঋণ আর বিদেশী ঋণ যোগ করলে দাঁড়ায় ৭৩ হাজার কোটি টাকা। সুতরাং ওরা এইভাবে ঋণ করছে আর নোট ছাপিয়ে চলেছে ভারতবর্ষের অর্থনীতিকে পঙ্গু করার জন্য আর এখানে পশ্চিমবঙ্গ সরকারের ২০০ কোটি টাকার সমালোচনা করছেন। আপনাদের লজ্জা লাগা উচিৎ, ঘৃণা লাগা উচিৎ, নিজেদের সম্পর্কে সচেতনতা থাকা উচিৎ। সাত সাতটি পরিকল্পনা করে ভারতবর্ষের মানুষকে ডুবিয়েছে।

[2-40– 2-50 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এইমাত্র সুব্রতবাবু বলে গেলেন আমরা নাকি নন প্ল্যান এক্সপেণ্ডিচার বেশী করছি। এখানে ঐ আমলের অনেক মন্ত্রী মহাশয় রয়েছেন আমি তাঁদের একটু জিজ্ঞাসা করি যে ১৯৭২-৭৩-৭৪ সালে ননপ্ল্যান এক্সপেনডিচার ছিল ৭৪ পারসেণ্ট, আজকে এই সরকারের আমলে সেটা হয়েছে ৬৪ পারসেণ্ট। আপনাদের উত্তর কোথায় ? বলুন আপনারা কিভাবে ননপ্ল্যান এক্সপেনডিচার বাড়িয়েছেন ? তখন শিক্ষকদের তো আপনারা মাইনে দেন নি, তখন প্রাথমিক শিক্ষকরা খেতে পেতনা, কলেজের অধ্যাপকরা পেটে হাত দিয়ে কলেজে পড়াতেন। মাসের পর মাস তাঁদের মাইনে দিতেন না, এমপ্লয়ীজরা তাঁদের মাইনে পেত না, এই অবস্থা দিনের পর দিন করে রেখে আজকে সতী সাজছেন, অর্থনীতির আলোচনা করছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা তথ্য আপনাদের কাছে দিচ্ছি। যে তথ্যের ভিত্তিতে আপনারা দেখতে পাবেন, যে ঐ জয়নাল সাহেবরা যখন মন্ত্রী ছিলেন ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলার মোট ব্যায়র কত শতাংশ পরিকল্পনা খাতে খরচ হয়েছে। তার একটা হিসাব আপনার মাধ্যমে হাউসের কাছে আমি রাখছি। ১৯৭৬-৭৭ সালে রাজ্যের যে ব্যয় ৩১'৫২ শতাংশ হোত ১৯৭৭-৭৮ সালে সেটা বেড়ে—কত বাড়ল ৩১'৮১ এবং এটা ১৯৭৮-৭৯ সালে ননপ্ল্যান

এক্সপেনডিচার আগের বছরের চেয়ে ৩৭'৩০ পারসেন্ট ১৯৭৯-৮০ সালে সেটা ৩০ পারসেন্ট কমে এল। এই ননপ্ল্যান বাজেট কমে হল ৩০'৪২ এবং পরিকল্পনা খাতে খরচ হল। তারপর এটা ১৯৮২-৮৩ আজকে হয়েছে ৩১.৫২। আজকে এ্যানুয়েল প্ল্যান আউটলের কথা বলছেন, আজকে এই যে ইকনমিক রিভিউ রয়েছে প্ল্যান এক্সপেনডিচার ওসাদের সময়ে সুব্রতবাবু যখন মন্ত্রী ছিলেন তখন এই এ্যানুয়েল প্ল্যান আউটলে কত ছিল? ১৯৭২ সালে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে হাউসকে জানিয়ে দিচ্ছি পশ্চিমবঙ্গে কংগ্রেস আমলে ৩ গুণ প্ল্যান এক্সপেনডিচার করা হয়। ১৯৭২-৭৩ সালে ৬৬ কোটি টাকা ওঁরা খরচ করতেন আজকে সে জায়গায় ১৯৮২-৮৩ সালে ৫৪০ কোটি টাকা প্ল্যান এক্সপেনডিচার হচ্ছে কারা খরচ করছে। সমস্ত দিক দিয়ে একের পর এক একটা তথ্য দিয়ে এই হাউসের সামনে ওনারা আলোচনা করুন, পরিসংখ্যান দিন, দিয়ে দেখুন এই সরকারের আমলে কি হয়েছে। সুব্রতবাবুর মুখে শুনছি পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করা হয়নি, সুব্রতবাবু জবাব দিন যে কেন আমাদের পেট্রো কেমিকেল হচ্ছে না, কেন ইলেকট্রনিক হচ্ছে না আমাদের পশ্চিমবঙ্গের মানুষের জন্য কেন হলদিয়ায় জাহাজের কারখানা হচ্ছে না?

সুব্রতবাবু জবাব দিন কেন এখানে কোন পরিকল্পনা হচ্ছে না? কেন নতুন শিল্প এখানে গঠিত হচ্ছে না? হলে লক্ষ লক্ষ মানুষকে আমরা কাজ দিতে পারতাম। কিন্তু সেই কাজ ওঁরা কিছুতেই করবেন না, কারণ আজ যদি পশ্চিমবঙ্গ আদর্শ রাষ্ট্রে পরিণত হয় তাহলে ওঁদের গদি থাকবে না। সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন—সেখানে দাউ দাউ করে আগুন জ্বলছে, অর্থনৈতিক বিপর্যয়ের ফলে মানুষ খেতে পাচ্ছে না। আজকে যদি পশ্চিমবঙ্গ তথা অন্যান্য রাজ্য গুলি স্বাবলম্বী আদর্শ রাজ্যে পরিণত হয়ে যায় তাহলে কেন্দ্র বাতিল হয়ে যাবে—সেই কারণেই কেন্দ্র সর্বদা ষড়যন্ত্রে লিপ্ত হয়ে আছে। সেই কারণেই পশ্চিমবঙ্গকে তার প্রাপ্য অর্থ দিতে চাইছে না, সর্বদা বিমাতৃকসুলভ আচরণ করছে। এই কথা কিন্তু সুব্রতবাবু হাউসের কাছে বললেন না। ওঁরা বলছেন যে ওঁদের সময় নাকি কৃষিক্ষেত্রে বিরাট উন্নতি হয়েছিল! কোথা থেকে তথ্য পান-জানিনা, কিন্তু এখানে যে অর্থনৈতিক রিভিউ আছে। ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে পশ্চিমবাংলায় খরা হয়েছিল যার নজির গত ১০০ বছরের ইতিহাসে নেই। কিন্তু সেই খরার মোকাবিলা এই রাজ্যসরকার করেছে। যে বন্যা ১৯৭৯ সালে হয়েছিল তার মোকাবিলাও এই বামফ্রন্ট সরকারই করেছে। বাজেট আলোচনা করতে গিয়ে তার উল্লেখ কিন্তু ওঁরা একবারও করলেন না। আজকে আসাম থেকে হাজার হাজার রিফিউজি এনে ফেললেন। বাংলাকে দ্বিখণ্ডিত করা হোল। সেই ১৯৪৭ সাল থেকে উদ্বাস্তুদের স্রোত আজও পশ্চিমবাংলায় আসছে। এ ব্যাপারে কি কেন্দ্রীয় সরকারের কোন দায় দায়িত্ব নেই বলতে চান? এ-বিষয়টা একবারও উল্লেখ করলেন না। লক্ষ লক্ষ বেকার আজ বিভিন্ন রাজ্যে বেড়েই চলেছে। এ ব্যাপারে যে কেন্দ্রীয় সরকারের সচেতন হবার দরকার আছে তার উল্লেখ কিন্তু করলেন না। আজ মহারাষ্ট্রের কথা, অন্য রাজ্যের

কথা বলছেন, ১৯৬০-৬১ সালে পার ক্যাপিটা ইনকামের কথা বললেন! কিন্তু ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গকে কোথায় নামিয়ে আনলেন? ১৯৭২-৭৩ সালে যখন মহারাষ্ট্রে ১২৫, তামিলনাড়ু এবং হরিয়ানায় ১৩৫, তখন পশ্চিমবঙ্গে ২৯।৩০ টাকা পার ক্যাপিটা ইনকাম এই অবস্থায় নামিয়ে আনলেন পশ্চিমবঙ্গকে ১৯৭২-৭৩ সালে। জরুরী অবস্থার সময় অর্থাৎ ১৯৭৫-১৯৭৬ সালে ওঁরা নাকি এখানে গম বিপ্লব করেছিলেন। আর এটা করে ওরা পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম এখানে নামিয়ে আনলেন! এই রেকর্ড ইকনমিক রিভিউতে রয়েছে। সেগুলো বললেন না! ১৯৬০-৬১ সালে যখন পশ্চিমবাংলার পার ক্যাপিটা ইনকাম ছিল ১৪ টাকা, তখন কিন্তু পশ্চিমবাংলার স্থান ছিল সর্বোচ্চে। অবশ্য তাতে আপনাদের কৃতিত্ব কোথায়? সেই কংগ্রেস তো পরলোকগত কংগ্রেস! তাঁরা তো আপনাদের কেউ নন! সেই কংগ্রেসের বাই-প্রডাক্ট আপনারা। অতুল্য ঘোষের মাথা মুড়িয়ে দিয়েছেন, কামরাজ প্ল্যান করে সবাইকে তাড়িয়েছেন। সবাইকে তাড়িয়ে আজ একেশ্বরী হয়ে বসেছেন। আজ রাজ্যের অর্থনীতি নিয়ে আপনারা আর তুলনা করবেন না। আপনাদের মায়ের সন্তানরা কি করছেন? আপনারাই বা এখানে কি করেছেন সেই কথা বলুন? আজ ভারতবর্ষের পবিকল্পনার জন্য প্ল্যানিং কমিশন করেছেন। সেই প্ল্যানিং কমিশনের রিপোর্টে তাঁরা কি করছেন? সংবিধানে সোশালিষ্টিক প্যাটার্ণের কথা একবার বললেন। আবার সোশালিজম্-এর কথাও সংবিধানে বলছেন। এটা আপনাদের কেন্দ্র বলছেন, আমরা নই! আপনাদের কেন্দ্রীয় সরকারের একটি কথা এখানে উল্লেখ করছি। তাঁরা বলছেন ভারতের প্রধান ৮টি শহরের মধ্যে উদ্যান-শহর ব্যাঙ্গালোরে জিনিষের দাম সর্বাধিক, সবচেয়ে কম কলকাতায়। কাজেই দেখতে পাচ্ছেন ভোগ্য পণ্যের মূল্যসূচক এখানে কম।

[2-50—3-00 P. M.]

আজকে লোকসভায় এই কথা জানানো হয়। আপনাদের দলের মন্ত্রী শ্রীবীরেন্দ্র পাতিল এই কথা বলেছেন। আপনাদের মন্ত্রী বীরেন্দ্র পাতিল বলেছেন যে কলিকাতায় জিনিষের দাম কম। এখানে এখন এই অবস্থা চলছে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি ওনারা যখন যে রাজ্যে রয়েছে—ব্যাঙ্গালোর, কর্ণাটক সেই রাজ্যে জিনিসের দাম বেশী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতে ওঁনাদের গায়ের জ্বালা হচ্ছে। কেউ কেউ আবার বলেছেন ডি. এস. টি. সি, সি. এস. টি. সি.তে লোকসান যাচ্ছে। এই সব সংস্থার লোকসানের কথা ওনারা তুলেছেন। ভারতবর্ষে এমন কোন রাজ্য দেখান তো গুজরাটকে বাদ দিয়ে—যেখানে স্টেট ট্রান্সপোর্ট করপোরেসনে লোকসান হয় না। সমস্ত রাজ্যে এই সংস্থায় ১২, ১৩, ১৪ কোটি টাকা সাবসিডি না দিলে চলে না। ৯ গুজরাটকে বাদ দিয়ে ভারতবর্ষের সমস্ত রাজ্যে স্টেট ট্রান্সপোর্ট এবং পাবলিক সেক্টরগুলিকে সাবসিডি দিতে হয়। পশ্চিমবাংলায় অনেক পাবলিক সেক্টর আছে যেখানে লাভে চলে, কোন ক্ষতি হয় না। এই অবস্থা পশ্চিমবাংলায় আছে। আপনারা যে সব রাজ্যে রাজত্ব করছেন যেমন ব্যাঙ্গালোর, মহারাষ্ট্র, রাজস্থান এবং অন্যান্য বহু জায়গায় দেখেছি

সরকারী অধীনে যে সমস্ত প্রতিষ্ঠান আছে, কংগ্রেস সরকার পরিচালিত যে সমস্ত প্রতিষ্ঠান আছে, তাতে লোকসানে ভোরে আছে। এই রাজ্যে কয়েকটি পাবলিক সেক্টর লোকসানে চলেছে। এই অবস্থা সৃষ্টি হয়েছে কেবলমাত্র তোমাদের অর্থনীতির জন্য। এটা হলো মিক্সড ইকনমির জন্য। ইট ইজ এ মিসনোমার ইকনমি। অনেক ইকনমি আছে। যেমন সোসালিষ্টিক ইকনমি আছে, ক্যাপিটালিষ্টিক ইকনমি আছে। এটা কি ইকনমি? এটা হলো মিক্সড ইকনমি। মনে হয় সোনার পাথর বাটি। সমস্ত ভারতবর্ষে এই অর্থনীতি চালিয়ে যাচ্ছেন। সারা ভারতবর্ষের মানুষকে আপনারা শোষন করতে চান। আপনারা দিল্লীতে বসে সারা ভারতবর্ষের গরীব মানুষকে শোষন করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরো দু-একটি কথা বলতে চাই। ওনারা অনেকে বিদ্যুতের কথা বলেছেন। ওনাদের সময় বিদ্যুত কি অবস্থায় ছিল আর আমাদের সময় বিদ্যুতের কি হয়েছে সেটা আমি বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা হাউসের সামনে কোনদিন সত্য কথা বলেন না। আমি ১৯৭৬-৭৭ সালের ইনস্টলড ক্যাপাসিটি কত ছিল সেটা বলছি। যে সময়ে ওনাদের মন্ত্রীত্ব ছিল, জরুরী অবস্থা ঘোষণা করে ব্যক্তিগত অধিকার ছিনিয়ে নিয়েছিল এবং ষ্টীম রোলার চালিয়ে রাজত্ব করেছিলেন, সেই ১৯৭৬-৭৭ সালে কথা বলছি সেই সময় ইনস্টলড ক্যাপাসিটি ছিল ১৬২৫ এবং এই বামফ্রন্ট সরকারের আমলে তো হলো ২৫৫৩। যখন ভাল কাজ হবে তখন ওঁরা বলবেন আমরা করেছি আর যখন কোন খারাপ কাজ করা হবে। একটা প্রবাদ আছে—"কখন খেয়েছিলাম ঘি, আমার হাতে কি"। কবে ঘি খেয়েছিলেন সেই গন্ধ কি এখন পাওয়া যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সুব্রতবাবুকে একটা কথা বলতে চাই। এই রাজ্যে কৃষির উৎপাদনের ক্ষেত্রে একটা বিরাট উন্নতি হয়েছে। ১৯৮১-৮২ সালে কৃষিক্ষেত্রে ১৪৯৮'৫২ কোটি টাকা থেকে ১৯৮২-৮৩তে প্রচণ্ড খরা হওয়া সত্ত্বেও ১৪৯৭ কোটি টাকায় দাঁড়ালেও ১৯৮৩-৮৪ সালে তা বেড়ে ১৭৬৮'৫৬ কোটি টাকায় পৌছেছিল। বিদ্যুতের ক্ষেত্রে, গ্যাস এবং ওয়াটার সাপ্লাইয়ের ক্ষেত্রে ১৯৮১-৮২তে ছিল ৩৮'৮৩ কোটি টাকা, ১৯৮২-৮৩তে হয়েছিল ৪২'৮৩ কোটি টাকা এবং তারপরে ১৯৮৩-৮৪তে হয়েছিল ৪৫'১৯ কোটি টাকা। ম্যানুফ্যাকচারিং ইণ্ডাষ্ট্রি ও ইনজিনিয়ারিং শিল্পে ক্ষেত্রে ১৯৮১-৮২তে ৪৯৬'৭৬ কোটি টাকা, ১৯৮২-৮৩তে ৫৫'৫৪ কোটি এবং ১৯৮৩-৮৪তে তা বেড়ে হয়েছিল ৫৭১'৮১ কোটি টাকা। সুতরাং ইন অল স্ফেয়ার্স অফ লাইফ কেন্দ্রের নানা ধরণের বাধাদান ও বিরোধিতা সত্ত্বেও অগ্রগতি ঘটেছে। কেন্দ্রের শত বাধা সত্ত্বেও ও বিপক্ষে নানা কলাকৌশল প্রয়োগ করা সত্ত্বেও এই অগ্রগতি এখানে ঘটেছে। নানাভাবে পরিকল্পনা করা সত্ত্বেও পশ্চিমবঙ্গের অগ্রগতি অব্যাহত রয়েছে এবং আগামী দিনেও তা হবে। ওঁরা একথা হয়ত জানেন না যে পশ্চিমবাংলায় আজ কর ধার্যের কোন জায়গা খোলা নেই। সেলস্ ট্যাক্সের কথা ওরা বলেছেন। ওদের সময়ে এনট্রি

ট্যাক্সের আদায় বাড়েনি। এনট্রি ট্যাক্স ও লটারীর ক্ষেত্রে ওদের সময়ে কালেকশানস্ খুব কম ছিল। ১৯৭২-১৯৭৬ সাল পর্যন্ত কালেকশানস্ যা ছিল, ১৯৭৭-৭৮ সাল থেকে শুরু করে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত সমস্ত বিষয়েই কালেকশানস্ বেড়েছে। কিন্তু মন্ত্রীমহাশয় করবেন কি? এত কালেকশান করা সত্ত্বেও আসল রিসোর্সটুকু কেন্দ্র ক্রমশঃ তুলে নিয়ে চলে যাচ্ছে। ইনকাম ট্যাক্সের ব্যাপারে দেখুন—একটা অদ্ভুত ব্যাপার কেন্দ্রীয় অর্থমন্ত্রী বল্লেন আমরা ৫ পারসেন্ট কমিয়ে দিয়েছি। স্যালারিড পিপ্‌ল এর উপরে ক্রমান্বয়ে অনেক কমে গেল। এরফলে রাজ্যগুলির কি হচ্ছে? রাজ্যগুলির এর ফলে প্রচুর অর্থ ক্ষতি করলেন। অথচ সারচার্জের ক্ষেত্রে কিছু কমল না, ক্রমশঃ তা বেড়েই চলেছে—৭, ৮, ৯, ১০, ১২ ইত্যাদি করে বেড়ে চলেছে। ইনকাম ট্যাক্সের টাকা রাজ্য পায়, তার শেয়ার কেন্দ্র পায় না, তাই কমল। আর সারচার্জ'এর অর্থ কেন্দ্র পেয়ে থাকে, তাই বেড়ে চলেছে। এইভাবে রাজ্যগুলোকে কলোনী করে রেখেছেন। রাজ্যের ক্ষেত্রে বলছেন, আমরা কোন ভরতুকি দিতে পারব না। অথচ রাজ্যগুলিতে উপনিবেশ সৃষ্টি করে চলেছেন। রাজ্য থেকে ৬-৬॥ হাজার কোটি টাকা তুলে আমাদের হাতে ১৫০০ কোটি থেকে ২০০০ কোটি টাকা দিচ্ছেন। আমি তথ্য দিয়ে দেখাতে পারি, অর্থ-নৈতিক দিক থেকে আমাদের আজ আপনারা কোথায় নিয়ে এসেছেন। ভারতবর্ষে আজ ৭,০০০ হাজার কোটি টাকা হচ্ছে কালো টাকা, এগুলো আপনারা ধরতে পারছেন না। কালো টাকার মালিকদেরই আপনারা বিধানসভায় বা কেন্দ্রের পার্লামেন্টে নমিনেশন দিয়ে বসাচ্ছেন। আমরা দেখছি. টাটা, বিড়লা প্রভৃতি বড়লোকদের নমিনেশন দিচ্ছেন। বড়লোক, শিল্পপতিদের দেওয়া কালো টাকার বিনিময়ে আজ আপনারা এ কাজ করে চলেছেন। ফলে বিধানসভা বা পার্লামেন্ট তারাই দখল করে আছে।

[3-00—3-35 P.M.] [including adjournment]

সুতরাং স্বাভাবিকভাবে পশ্চিমবাংলায় আজ কালো টাকা নেই। গত সাড়ে ছয় বছরে কেন্দ্রীয় সরকার এই রাজ্য থেকে আয়কর, পণ্য শুল্ক, কর্পোরেশান কর বাবদ ৯ হাজার ৯৩২ কোটি টাকা নিয়েছেন, আর রাজ্য তার অংশ বাবদ পেয়েছেন মাত্র ১ হাজার ৫৩৩ কোটি টাকা। এভাবে তারা উপনিবেশ তৈরী করছে। অর্থাত পশ্চিমবাংলাই তাদের ভরতুকী দিচ্ছেন। দেশটা ইন্দিরা গান্ধীর জমিদারী নয়। ভারতবর্ষের মানুষের টাকা সেই টাকার ন্যায্য অংশ দেবার জন্য আমরা বলছি। সুব্রতবাবু প্রাথমিক শিক্ষার কথা বলেছেন। শিক্ষা খাতে কেন্দ্রীয় সরকার ২% ব্যয় করেন, আমরা সেখানে ২০ থেকে ২৫-৩০% পর্যন্ত ব্যয় করছি। দেশের মানুষকে ওরা অশিক্ষার মধ্যে রাখতে চাওয়াতে শোষনটা সুবিধা হয় এবং সেজন্য ওরা শিক্ষার খাতে ব্যয় করেননি। অন্যদিকে আমরা মানুষকে সচেতন করতে চাই, শোষনের বিরুদ্ধে মানুষকে গড়ে তুলতে চাই। তাই আমরা বাজেটের শতকরা ৩০।৩৩ ভাগ খরচ করছি পরিকল্পনার খাতে। আপনাদের সময়ে আপনারা ১৯৭২ সালে ৬৬ কোটি টাকা খরচ করেছিলেন। আয় বণ্টন, বর্তমান কাঠামোর সাথে ব্যাপক

বেকারী এবং উৎপাদন ক্ষমতা কম ব্যবহারের কোন সম্পর্ক আছে কিনা সেটা অনুসন্ধান করবার দায়িত্ব। সেটা কমিশন নয়, কাঠামোগত ব্যবহারিক তথ্যগুলি আজকে অর্থনীতিকে ক্ষতিগ্রস্থ করছে। আজকে রাজধানীতে তামাশা করছেন। সেজন্য আই. এম. এফের কাছ থেকে ঋণ নিয়ে ১হাজার কোটি টাকা খরচ করতেন। কমনওয়েলথ নেতাদের নিয়ে গিয়ে প্রমোদ করার জন্য গোয়ায় ৪০ কোটি টাকা খরচ করতেন। আমাদের মুখ্যমন্ত্রী ৬ হাজার টাকা এলাউন্স পান, অন্যদিকে মহারাষ্ট্রে মুখ্যমন্ত্রীর এলাউন্স ৭ লক্ষ টাকা। নন প্ল্যাণ্ড এক্সপেনডিচার এবং প্ল্যাণ্ড এক্সপেনডিচারের কথা বলেছেন। দিল্লীতে যে এশিয়াড হল সেখানে একটা হাতীকে নিয়ে যাবার জন্য ৩লক্ষ টাকা খরচ করলেন। সেখানে পশ্চিমবাংলার মানুষ না খেয়ে মরছে। তাদের বাঁচাবার জন্য আমরা আমাদের ন্যায্য পাওনা চাচ্ছি। রাজ্যগুলিকে অর্থনৈতিক দিক থেকে পঙ্গু করে ভারতবর্ষের অর্থনীতিকে এমন জায়গায় নিয়ে এসেছেন যে যেখান থেকে মানুষ বাঁচতে পারেনা। ৫০% লোক আজ আণ্ডার নারিশমেণ্টের মধ্যে আছে, সেখানে সুব্রতবাবু কোথা থেকে ২১% পেলেন জানিনা। সর্বশেষে এই বাজেট পেশ করার জন্য অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিয়ে বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

(At this stage the house was adjourned for half-an-hour)

[3-35—3-45 P.M.]

শ্রী অতীশ চন্দ্র সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট আমাদের সামনে উত্থাপিত হয়েছে সেই বাজেটের আমি বিরোধিতা করছি। আমার আগে অনিলবাবু কিছু বক্তব্য রেখেছেন প্রথমে আমি তার কয়েকটির জবাব দিতে চাই। প্রথমে তিনি বলেছেন কংগ্রেস আমলের ঋণ নাকি তাঁদের শোধ করতে হচ্ছে। কোন কাণ্ডজ্ঞানহীন ভদ্রলোক যদি এইভাবে কথা বলেনতাহলে বলার কিছু নেই। তার কারণ সাধারণ জ্ঞান যদি কারোর কিছু থাকে তাহলে তিনি জানেন প্রত্যেক সরকারের কিছু না কিছু ঋণ থাকে। আমরা যখন ১৯৭২ সালে এসেছিলাম তখন আমাদের পূর্ববর্তী সরকার কিছু ঋণ রেখে গিয়েছিলেন, আমরা সেই ঋণ শোধ করেছি। তারপর আমাদের সময়ে কিছু ঋণ হয়েছে সেই ঋণ এই সরকারকে শোধ করতে হচ্ছে। আবার এই সরকার যে ঋণ করে যাবেন পরে যাঁরা সরকারে আসবেন তাঁদের সেই ঋণ শোধ করতে হবে। সুতরাং এতে অস্বাভাবিকতা কিছু নেই। তারজন্য যদি একথা বলেন যে ঋণ শোধ করতে করতে আমাদের ঘাড় দুমড়ে যাচ্ছে তাহলে আমি বলব যে অর্থনীতি সম্বন্ধে তাঁরা কিছু জানেন না, অর্থনীতি কিভাবে চালাতে হয় সে সম্বন্ধে কিছু জানেন না। তারপর বলেছেন আমাদের ভারতবর্ষ নাকি বৈদেশিক ঋণে হাবুডুবু খাচ্ছে। স্যার, একটা পরিসংখ্যান আমি আপনার কাছে দিতে চাই। আমাদের ভারতবর্ষের সার্বিক প্ল্যান ১ বছরে প্রায় ৩০ হাজার কোটি টাকা। সে তুলনায় বিদেশী ঋণ মাত্র ৭ পার্সেণ্ট। এই ৭ পার্সেণ্ট ঋণের জন্য যদি বলেন আমাদের ভারতবর্ষ

একেবারে মাথা বিকিয়ে বসে আছে, বিদেশী ঋণের জন্য আমরা হাবুডুবু খাচ্ছি তা হলে বলার কিছু নেই। আপনি নিশ্চয়ই বুঝতে পারবেন যেখানে ৩০ হাজার কোটি টাকা বার্ষিক প্ল্যান সেখানে ৭ পার্সেন্ট বিদেশী ঋণ হয়েই থাকে, সেটা মারাত্মক কিছু নয়। অত্যন্ত আনন্দের কথা যে আই এম এফ থেকে যে লোন আমরা নিয়েছিলাম তার শেষ কিস্তি বিভিন্নভাবে আমাদের অর্থনৈতিক উন্নতি হওয়ার জন্য নেওয়ার প্রয়োজন হয়নি, তা আমরা প্রত্যাখ্যান করে দিয়েছি। সুতরাং এতে অস্বাভাবিকতার কিছু নেই। তৃতীয় কথা তিনি বলেছেন আমাদের কেন্দ্রীয় শ্রমমন্ত্রী কলকাতায় নাকি বলেছেন কলকাতায় মূল্য সূচক নাকি সবচেয়ে কম। এতে আপনাদের কোন ক্রেডিট নেই। তার কারণ কলকাতায় মূল্য সূচক সারা ভারতবর্ষের তুলনায় কম বহুদিন থেকে—স্বাধীনতার আমল থেকে কংগ্রেস আমল থেকে এখনও কম। সুতরাং বামফ্রন্ট সরকারের এতে উল্লসিত হওয়ার কোন কারণ নেই। চতুর্থতঃ বলেছেন কেন্দ্রীয় সরকারের শিক্ষা খাতে খরচ কম, এই সরকার নাকি শিক্ষা খাতে প্রচণ্ড খরচ করছেন। আমি পরিসংখ্যানের মধ্যে যেতে চাই না, খরচ হয়ত আপনারা করছেন, কিন্তু একটা প্রশ্ন আপনাদের করছি এই যে শিক্ষা খাতে বেশী খরচ করছেন, শিক্ষকদের বেতন বাড়িয়ে দিয়েছেন, আপনারা হলফ করে বলুন তো তাতে শিক্ষার মান বেড়েছে কিনা?

শিক্ষকদের বেতন বাড়ানোর ফলে তাঁরা কি আরও বেশী করে ক্লাস নিচ্ছেন, তাঁরা পূর্বে যে ছুটি নিতেন তার চেয়ে কি এখন কম ছুটি নিচ্ছেন, তাঁরা কি যত্ন সহকারে শিক্ষার্থীদের পড়াচ্ছেন এই সমস্ত প্রশ্নগুলি যদি নিজেকে করেন তাহলে উত্তর পেয়ে যাবেন। আপনার নিশ্চয়ই স্মরণ আছে, মুখ্যমন্ত্রী নিজেই একবার বলেছিলেন, আমি কাকে কাজ করতে বলব, চেয়ারকে কাজ করতে বলব? আমরা সকলেই জানি সরকারী কর্মচারীরা কাজ করে না। বেতন কমিশন তাদের বেতন বাড়ানোর পর এই অবস্থা। আমি জিজ্ঞেস করি, তাদের বেতন বৃদ্ধির পর তারা কি বেশী করে কাজ করছে, সময়মত অফিসে আসছে এবং বাড়ী যাচ্ছে? কাজেই পশ্চিমবাংলার শিক্ষার মান একেবারে উপরে উঠিয়ে দিয়েছেন একথা সাধারণ মানুষ বিশ্বাস করবে না। প্রকৃত অবস্থা ঠিক এর বিপরীত। শিক্ষকদের এবং সরকারী কর্মচারীদের বেতন বাড়ুক এটা আমরাও চাই। আপনারা বলেন এটা গরীবের সরকার কিন্তু গরীবদের জন্য কি করলেন? যাঁদের ৭০০/৮০০/১০০০ টাকা মাইনে ছিল তাদের দেড়হাজার, দু-হাজার টাকা মাইনে করলেন। এই বেতন বৃদ্ধিতে গরীবদের কি উপকার হল? দেখা যাচ্ছে মাইনে বাড়িয়ে আপনারা তেলা মাথায় তেল দিলেন। এতে সত্যিকারের গরীব মানুষের সত্যিকারের কোন উপকার হয়েছে বলে আমি মনে করিনা। মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ দিয়েছেন আমি তা মন দিয়ে পড়বার চেষ্টা করেছি এবং দেখেছি এর মধ্যে অনেক ভ্রান্ত এবং অসত্য কথা রয়েছে। আমার অনেক কিছু বলার ছিল কিন্তু সময়ের অভাবে বেশী বলতে পারব না। যাহোক, অর্থমন্ত্রী তাঁর বাজেট বিবৃতির

১৭ প্যারাতে বলেছেন, ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত দেশের অন্যত্র বিদ্যুৎ উৎপাদন যখন ডাবল হয়েছে তখন আমাদের পশ্চিমবাংলায় ১ মেগাওয়াটও হয়নি। আমি তাঁর এই বক্তব্যকে চ্যালেঞ্জ করছি। তিনি যদি আমার বক্তব্য ভ্রান্ত প্রমান করতে পারেন তাহলে আমি তাঁর কাছে ক্ষমা চাইব। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে সাঁওতালদিহি ফাষ্ট ইউনিট হয়েছে এবং এটা আমাদের সময় হয়েছে। ওঁদের সময় হয়েছে সাঁওতালদিহি সেকেণ্ড ইউনিট এবং প্রোডাক্সন হচ্ছে ১২২ × ২ = ২৪৪। জলঢাকা ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে হয়েছে এবং তার উৎপাদন হচ্ছে ৯ মেগাওয়াট। লিটেল রঙ্গিত হাইডেল পাওয়ার ষ্টেশন এটাও ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে হয়েছে এবং তার উৎপাদন হচ্ছে ১ মেগাওয়াট। এই যে কাজগুলি হয়েছে এগুলি আমাদের সরকারের পরিকল্পনায় হয়েছে। আপনারা নূতন করেছেন টিটাগর। সি ই এস সি-কে পার্মিসন দিয়েছেন তারা সেখানে ৬০ মেগাওয়াট তৈরী করবে এবং আগামীদিনে সুবিধা হবে। ১৯৭২ সাল থেকে ১৯৭৫ পর্যন্ত আমাদের পরিকল্পনা ছিল, সাঁওতালদিহি থার্ড এণ্ড ফোর্থ ইউনিট-এর পরিকল্পনা আমরাই করেছিলাম এবং ডি পি এল সিক্সথ ইউনিটের স্যাংসন আমরাই দিয়েছিলাম। সুতরাং দেখা যাচ্ছে ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত যে সমস্ত কাজ আমরা আরম্ভ করেছিলাম এবং প্ল্যানিং কমিশনের স্যাংসন আনা হয়েছিল সেগুলির কাজ হতে হতে এই ৭ বছরে কোনটা হয়ত কমপ্লিটেড হতে চলেছে বা কোনটা হয়ত কমপ্লিটেড হবে।

[3-45—3-55 P. M.]

কিন্তু সমস্ত পরিকল্পনাগুলি আমাদের সময়ে স্যাংসন হয়েছিল। এবং তার মধ্যে কোন কোনটার কাজ আরম্ভও হয়ে গিয়েছিল। আমি একটা একটা করে উদাহরণ দিচ্ছি সানতালদিতে তিনটি ইউনিট, ১১০ মেগা ওয়াট করে ডি.পি.এল-এ ছয় ইউনিট, ১১০ মেগা ওয়াট করে, ব্যাণ্ডেলে ৫ম ইউনিট ২১০ মেগাওয়াট করে, কোলাঘাটে তিনটি ইউনিট ২১০ মেগাওয়াট করে, ফারাক্কায় সেনট্রাল গভর্ণমেণ্টের সুপার থারম্যাল পাওয়ার ষ্টেশন এটাও আমাদের প্রোজেক্ট এবং আমাদের সময়েই স্যাংসন হয়েছিল, জলঢাকা সেকেণ্ড ষ্টেজ ২ ইউনিট ৮ মেগাওয়াট করে, আর রিনচিংটন হাইড্যাল পাওয়ার ষ্টেশন ২ মেগাওয়াট করে, এই সবই ১৯৭২/৭৭ সালের মধ্যে হয়েছিল। আপনারা এখন তার কেবল উদ্বোধন করছেন কত কি করছেন। ভ্রান্ত কথা বলে তো আর লাভ হবে না। আর আপনারা সংখ্যাগরিষ্ঠ আছেন বলে সবই পূর্ববর্তীকালের দোষারোপ করে যাবেন, এটা তো হয় না। তাই আমি এগুলি আপনাদের সামনে তুলে ধরছি। আপনারা কনসিডার করে দেখবেন। আমাদের তরফ থেকে অনেকে বলেছেন, যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, বিভিন্ন জায়গায় ট্যাক্স বসিয়েছেন। আমি বিস্তারিতভাবে এখানে বলতে চাই না। কেবল বলতে চাই যে আপনারা ৫ টাকা প্রমোদ করের উপর ট্যাক্স বসিয়েছেন। আমি মনে করি এটা খুব গর্হিত কাজ হয়েছে। কারণ আজ কাল ৫ টাকার নীচে কোন টিকিট নাই। আজকে গ্রামবাংলায় বা

বিভিন্ন জায়গায় যে সমস্ত যাত্রা থিয়েটার হয়, সব জায়গাতেই দেখবেন ৫ টাকার নীচে কোন টিকিট নাই। এতে আমার মনে হয় পশ্চিমবাংলার সংস্কৃতির উপর আঘাত হানা হয়েছে। কারণ ৫ টাকার নীচে টিকিট হলে সেটা আজ কাল আর ভায়েবল হবে না। জ্যোতিবাবু যখন অর্থমন্ত্রী ছিলেন তখন তিনি সমস্ত টিকিটের উপর প্রমোদ কর তুলে দিয়েছিলেন। এটা একটু কনসিডার করে দেখবেন। কারণ এতে বেশী টাকা আয় হয় না। আমি বলবো যে এইভাবে পশ্চিমবাংলার সংস্কৃতির উপর আঘাত হানাবার চেষ্টা করবেন না। আমি আশা করবো এটা আপনি প্রত্যাহার করে নেবেন। তারপর চায়ের উপর ভীষণভাবে আক্রমণ হয়েছে। বিভিন্নভাবে চায়ের উপর ট্যাক্স বসানো হয়েছে, চায়ের উৎপাদনের উপর, চায়ের উপর শিক্ষা কর, চায়ের নীলামের উপর ট্যাক্স নানাভাবে সেস বসানোও হয়েছে। চা তো শুধু বড় লোকরা খান না। সাধারণ গরীব মানুষ ভিখারী থেকে আরম্ভ করে যারা এমন কি দুবেলা দুমুঠো খেতে পায় না তারা একমাত্র এক কাপ চা খেয়ে দিন কাটায়, চায়ের উপর এইভাবে আক্রমণ করে, তাদেয় আঘাত হানা হয়েছে। আমি বলবো চায়ের উপর যে কর বসিয়েছেন সেটা প্রত্যাহার করে নিন। আপনি সারের উপর কয়লার উপর সেস বসিয়েছেন। আমরা নিশ্চয় জানি এতে গরীব মানুষ ক্ষতিগ্রস্ত হবে। কারণ যে সেস বসিয়েছেন সেটা টার্ণ ওভার হয়ে সারের দাম বাড়বে, করলার দাম বাড়বে। অর্থমন্ত্রী বলছেন যে সমস্ত কর প্রস্তাব করেছেন তাতে জিনিসের দাম বাড়বে না। কিন্তু ব্যবসারীরা বলছে, চেম্বার অব কমার্স বলছে হ্যাঁ দাম বাড়বে। কারণ আমাদের দেশে এমন সৎ ব্যবসায়ী নাই যে তারা তাদের পকেট এই সেস বাবদ টাকাটা আপনার হাতে তুলে দেবে। অতএব সেস বাড়লে জিনিনের দাম বাড়বে। আর যেগুলি দাম কমিয়েছেন, সাধারণ বুঝতেই পারবে না যে আপনি কর কমিয়েছেন। কারণ বাজারে একবার জিনিসের দাম বাড়লে সেটা আর কমে না। এটা আপনি নিশ্চয় জানেন। আমি বিশেষভাবে আপনাকে বলছি আপনার ঐ কর কমানোর ব্যাপারে কেউই টের পাবে না। কারণ সেই রকম ব্যবসায়ী আমাদের এই পশ্চিমবাংলায় নাই।

তাই যে সারের উপর ট্যাক্স বসাবার পরিকল্পনা করেছেন তাতে সাধারণ ভাবে কৃষি ভীষণ ভাবে মার খাবে, কৃষি উৎপাদন ব্যাহত হবে। সেইজন্য ঐ যে সারের উপর টার্ন ওভার, তা প্রত্যাহার করার জন্য আপনাকে আবেদন জানাবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এরপর শিল্পে আসতে চাই, আপনি জানেন পশ্চিমবাংলায় শিল্পের অবস্থা অত্যন্ত কাহিল এবং এরজন্য মাননীয় সদস্যরা এবং মন্ত্রী সভার সকলেই কেন্দ্রীয় সরকারকে দায়ী করছেন, যে, কেন্দ্রীয় সরকার কেন পশ্চিমবঙ্গে বিভিন্ন যে সমস্ত প্রজেক্ট চাইছেন, সেইগুলো দিচ্ছেন না। ঠিক কথা, এইগুলো যদি দিতো, যেমন পেট্রো কেমিক্যাল কমপ্লেকস্, ইলেকট্রনিকস কমপ্লেকস ইত্যাদি তাহলে নিশ্চয়ই আরও অনেক ভাল হতো, পশ্চিমবঙ্গে আরও অনেক বেকারদের চাকরি হতো, পশ্চিমবাংলা শিল্পে সমৃদ্ধ হতো। কিন্তু এটা ভুললে চলবে না, আজকে এই রকম দাবি যেমন পেট্রো কেমিকেল কমপ্লেক্স

ইলেকট্রনিক কমপ্লেকস, এই রকম যেমন পশ্চিমবঙ্গ থেকে চাইছেন, সেই রকম বিভিন্ন রাজ্য থেকেও কেন্দ্রের উপর চাপ আসছে। সুতরাং সব সময় প্রত্যেক রাজ্য যা চাইছে, তা কেন্দ্রের পক্ষে দেওয়া সম্ভব নয়। এবং সেই কারণে হয়তো আপনারা প্রচার করবার সুযোগ পাচ্ছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের এই অসুবিধার কথা আপনাদের নিশ্চয়ই চিন্তা করতে হবে। কিন্তু আজকে দেখুন, যে শিল্প গুলো পশ্চিমবাংলায় আছে, যেমন চটশিল্প, হোসিয়ারী শিল্প, যেমন পাওয়ারলুম শিল্প, এই শিল্পগুলো সম্বন্ধে আপনারা কি করছেন? আজকে পাটকলে স্ট্রাইক দু মাসের উপর চললো, কিন্তু আজ পর্য্যন্ত সেই স্ট্রাইক বন্ধ করবার বা তুলে নেবার কোন বন্দোবস্ত হলো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলা এককালে হোসিয়ারী শিল্পে সারা ভারতবর্ষের মধ্যে অগ্রণী ছিল এবং এখান থেকে গেঞ্জি, মোজা, ভারতবর্ষের বিভিন্ন এলাকায় গিয়ে সেইগুলো বিক্রি হতো। আজকে এই হোসিয়ারী শিল্প প্রায় গত দেড় মাস, দুমাস থেকে বন্ধ হয়ে থাকার জন্য আজকে সেই সমস্ত বাজার, যা পশ্চিমবাংলা দখল করেছিল অন্যান্য রাজ্যে, সেইগুলো দক্ষিণ ভারত এবং অন্যান্য রাজ্যগুলো সেই সমস্ত জায়গা দখল করে নিচ্ছে। কাজেই আপনাদের যেগুলো আজকে করার মধ্যে আছে, পশ্চিমবাংলায় যে শিল্প ইতিমধ্যে স্থাপিত হয়ে রয়েছে, যার জন্য পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষে বিখ্যাত, সেই শিল্পগুলোকে বাঁচাতে পারছেন না, আপনারা কেবল চাইছেন ইলেকট্রনিকস কমপ্লেকস দিলো না কেন, সার কারখানা দিলো না কেন, জাহাজ মেরামত করবার কারখানার অনুমোদন দিলো না কেন, পেট্রো কেমিকেলস কমপ্লেকস দিলো না কেন, এই বলে আপনারা বাজার গরম করবার চেষ্টা করছেন। আমার বক্তব্য আপনাদের কাছে আপনারা বলেছেন যে ব্যাংকের ক্রেডিট ডিপোজিট রেশিও পশ্চিমবাংলায় কম। যদি কমও হয়, তার কারণগুলো আপনাদের দেখতে হবে। আজকে গ্রামে গঞ্জে কটা লোক, কটা এন্টারপ্রেনিয়র, বাঙ্গালী এন্টারপ্রেনিয়র ভায়েবল স্কীম নিয়ে, কিছু সিড মানি নিয়ে, কিছু টেকনিক্যাল নো হাউ নিয়ে, সত্যিকারের একটা ভায়েবল প্রকল্প নিয়ে ব্যাংকের কাছে যায়, এটা চিন্তা করতে হবে। আজকে যদি বাঙ্গালীদের উদ্বুদ্ধ করতে পারতেন, ছোট ছোট ব্যবসা স্থাপন করবার দিকে তাহলে তাদের কিছু কিছু যে সিড মানির দরকার, যেটা আপনারা এখন প্রস্তাব করেছেন, এতদিন পরে আপনাদের মাথায় সেই বুদ্ধিটা খেলেছে যে সেই বেকার ভাতার টাকাটা সিড মানি হিসাবে ব্যবহার করাবো, সেই দিকে যদি আপনারা আরও আগে প্রবনতা দেখাতেন, যদি মিছিল মিটিং করে, যেমন আপনারা কংগ্রেসের বিরুদ্ধে মানুষকে উত্তেজিত করেন। তা না করে আপনারা যদি সত্যি করে বাঙ্গালী ছেলেদের ব্যবসা করবার দিকে উদ্বুদ্ধ করতে পারতেন তাহলে ব্যাঙ্ক নিশ্চয়ই এগিয়ে আসতো। আজকে ব্যাঙ্ক এগিয়ে আসছে না তার কারণ—কলকাতায় হয়তো কিছু থাকতে পারে, কিন্তু গ্রাম গঞ্জের অবস্থা আপনারা সকলেই জানেন, আমরাও জানি, কারণ গ্রাম থেকে আমরা নির্বাচিত হয়ে এসেছি, সেখানে সত্যিকারের ভায়েব্‌ল স্কীম নিয়ে কেউ আসে না। সেখানে লোকেরা জানেনা যে কি করে ব্যবসা করতে হয়, বহু ব্যাংক কর্মচারী, ব্যাংকের ম্যানেজার আমার কাছে এসে বলেছেন, আমরা ঐগুলো করবো কি, আমাদের কাছে এমন সব স্কীম নিয়ে আসে,

কেউ করে দিয়েছে সেই স্কীম, আমাদের কাছে যখন এনে ফেলে দেয়, যখন ইন্টারভিউতে ছেলেদের আমরা যখন তাদের প্রশ্ন করি, তখন ছেলেরা ভ্যাবাচাকা খেয়ে যায়, কোন উত্তর দিতে পারে না। সুতরাং আপনারা কি করে বলেন যে তাদের টাকা স্যাংশন করবো? কাজেই আজকে ক্রেডিট ডিপোজিট রেশিও নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে চিৎকার করলে চলবে না। ক্রেডিট ডিপোজিট রেশিও নিশ্চয়ই বাড়তো যদি আজকে সত্যিকারের বাঙ্গালীদের উদ্বুদ্ধ করতে পারতেন, বাঙ্গালী বেকার ছেলেদের যদি উদ্বুদ্ধ করতে পারতেন যে আজকে তোমরা ছোট ছোট শিল্প স্থাপন কর, এই তোমাদের প্রজেক্ট, এই তোমাদের সিড মানি, এই তোমাদের টেকনিক্যাল নো হাউ। এইভাবে তোমরা এগিয়ে এসো। তাহলে নিশ্চয়ই ব্যাংক তখন সেইভাবে এগিয়ে আসতো তাদের সাহায্য করবার জন্য।

[3-55—4-05 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের টাইমে অনেকগুলি প্রজেক্ট হাতে নেওয়া হয়েছিল। আমি শুধু দু একটি কথা এখানে উল্লেখ করব। একটি খুব আনন্দের কথা, আমি শুনেছি, সত্য কিনা জানি না, অর্থমন্ত্রী মহাশয় বলেছেন বাজেট আলোচনার সময় মাননীয় সদস্যরা কি কি প্রকল্প গ্রহণ করার জন্য বক্তব্য রাখতে চান সেটা তারা এখানে বলবেন, আমি সেইভাবেই কাজ করবার চেষ্টা করব। তিনি এই কথা বলেছেন কিনা আমি জানি না এবং বলে থাকলে সেটা শুধু সরকার পক্ষের সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হবে, না বিরোধী পক্ষের সদস্যদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে, তাও জানি না। তবে আমি ধরে নিচ্ছি তিনি দু পক্ষকেই মিল করে এই কথা বলেছেন। সেইজন্য আমি দুটি প্রকল্পের কথা এখানে উল্লেখ করছি। টাকার অভাবে মানুষ আজ সত্যিই খুব অভাবগ্রস্ত হয়ে পড়েছে, মানুষকে খুব দুঃখ কষ্টের মধ্যে দিন কাটাতে হচ্ছে। ফারাক্কা হবার পর থেকে গঙ্গার ভাঙন খুব বেড়ে গেছে। ভাগীরথী নদী এই কলকাতা পর্যন্ত এসেছে। এর দুধারে প্রচণ্ড ভাঙ্গন হচ্ছে। এই ভাঙ্গনের জন্য বাড়ী, ঘর, জমি সবকিছু চলে যাচ্ছে। এই রকম প্রকল্প করবার জন্য একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ার, মুর্শিদাবাদকে বহুবার বলেছি। স্কীম করে পাঠাচ্ছেন, কিন্তু টাকার অভাবে সেই স্কীমগুলি স্যাংসাণ্ড হচ্ছে না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি প্রত্যেক বছর হাজার হাজার বাড়ী ঘর চলে যাচ্ছে, মানুষের জিনিস নষ্ট হয়ে যাচ্ছে, জমি চলে যাচ্ছে, মানুষ গাছ-তলায় বাস করছে, তবুও টাকার অভাবে এই স্কীম স্যাংসাণ্ড হচ্ছে না। অথচ আমরা দেখতে পাচ্ছি ফিল্মের জন্য টাকা দেওয়া হচ্ছে, বই ছাপাণোর জন্য সরকার বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা স্যাংসান করছেন। গঙ্গার ভাঙনের স্কীমগুলি যাতে গুরুত্ব সহকারে দেখা হয় সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি। আর একটি স্কীমের কথা ভক্তিবাবু সেদিন বলেছেন তার বক্তব্য রাখার সময়। আমি আর একবার উল্লেখ করছি। সেটা হচ্ছে সিদ্ধেশ্বরী প্রকল্প। এই প্রকল্পটি রূপায়িত হলে বীরভূম, মুর্শিদাবাদ জেলার প্রভূত উপকার হবে। আমাদের সময়ে ১০ কোটি টাকার প্রকল্প করা হয়েছিল। এখন মূল্য বৃদ্ধির জন্য ১৫/২০ কোটি টাকা হতে

পারে। এই প্রকল্পটি রূপায়িত করলে বীরভূমের বিরাট এলাকায় সেচ পাবে, মুর্শিদাবাদের কান্দী এলাকা বন্যার হাত থেকে মুক্তি পাবে, মুর্শিদাবাদের বিরাট এলাকায় যে সেচ পাবে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। আমি এই দুটি প্রকল্পের কথা মাননীয় অর্থমন্ত্রীর কাছে উল্লেখ করলাম, তিনি সাহস দিয়েছেন বলে। আমি আশা করব পরে তিনি যখন বিভিন্ন স্কীমের টাকা সাংসাণ্ড করবেন তখন আমার এই বক্তব্য নিশ্চয় মনে রাখবার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষির ক্ষেত্রে শুধু একটি কথা বলতে চাই। তিনি এখানেও বলেছেন এবং রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যেও বলেছেন ১৯৮৩-৮৪ সালে আপনাদের টোটাল ফুড প্রোডাকসান যা হবে তা নাকি ১৯৭৭-৭৮ সালে আমরা যখন ছিলাম তার থেকেও বেশী হবে, তাকে ছাড়িয়ে যেতে পারে। আমরা যখন ছিলাম সেই সময় ৯০ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছিল, সেই উৎপাদনকে হয়ত ছাড়িয়ে যেতে পারে যে একসিড দি লিমিট, এইভাবে আপনারা বলেছেন। কিন্তু আমি বলতে চাই ১৯৭৭,৭৮ সাল থেকে প্রায় ৬ বছর চলে গেল—এতদিন আপনারা কি করছিলেন? গত বছর খুব ভাল বৃষ্টিপাত হয়েছে, এবারে আর খরার দোহাই দিতে পারবেন না। এবারে বাম্পার প্রোডাকসান হবে। আপনারা বলছেন ১৯৭৭-৭৮ সালে ৬ বছর আগে যে প্রোডাকসান হয়েছিল সেই প্রোডাকসানে হয়ত আমরা রিচ করতে পারি। অথচ আপনারা বলছেন কৃষিতে নাকি রেভলিউসান বিপ্লব এনে দিয়েছেন। আর সেটা কিসের জন্য সম্ভব হয়েছে? এই বিপুল ভূমি সংস্কারের জন্যই নাকি সম্ভব হয়েছে এবং বিপুল ভূমি গরীবদের মধ্যে বিলি বণ্টন করে দেওয়া হয়েছে, ব্যাংক থেকে হাজার হাজার কোটি টাকা লোন পাইয়ে দেওয়া হয়েছে—এই সবের জন্যই নাকি বিরাট কৃষি বিপ্লব ঘটে গেছে। একে কি বিপ্লব বলে? ৬ বছর আগে যে প্রোডাকসান হয়েছিল সেই প্রোডাকসানে হয়ত রিচ করবেন বলছেন—তাহলে কৃষিতে রেভলিউসান করেদিলাম বলছেন কি করে? এটা কি ধরণের কথা? কোন সুস্থ মস্তিষ্কের মানুষ এই ধরণের কথা বলতে পারে বলে মনে হয় না। এই সমস্ত কথাবার্তা বলে মানুষকে ভুল বোঝান যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেট পুরোপুরি অসম্পূর্ণ বাজেট। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ৭১৮ কোটি টাকার পরিকল্পনা হবে। কিন্তু আমরাও খুব ভাল করে জানি এবং মাননীয় অর্থমন্ত্রীও খুব ভাল করেই জানান যে, এবারের পরিকল্পনা মোটেই ৭১৮ কোটি টাকার হবে না, হবে হয়ত ৪৫০ কোটি টাকার, বড় জোর ৫০০ কোটি টাকার হবে, তার বেশী হবে না।

কাজেই এই বাজেটে যেসব প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং যেসব পরিসংখ্যান দেওয়া হয়েছে তা সম্পূর্ণ ভ্রান্ত এবং আজগুবি বলেই আমরা মনে করি। সুতরাং সেই হিসাবেই এই বাজেটকে আমাদের গ্রহণ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। পশ্চিমবঙ্গে প্রথম পরিকল্পনা ছিল ৬৮ কোটি টাকার, দ্বিতীয় পরিকল্পনা ছিল ১৪৮ কোটি টাকার এবং তৃতীয় পরিকল্পনা ছিল ৩০৫ কোটি টাকার এবং সেখানে চতুর্থ পরিকল্পনাটি

হল ৩০৫ কোটি টাকার উপর আর মাত্র ১৭ কোটি টাকা বাড়িয়ে ৩২২ কোটি টাকার। চতুর্থ পরিকল্পনার সময় হচ্ছে ১৯৬৯ থেকে ১৯৭৩-৭৪ এবং চতুর্থ পরিকল্পনার রচনার সময় এ রাজ্যে ক্ষমতায় ছিলেন যুক্তফ্রন্ট সরকার। ওরা সেই সময় নিজেদের মধ্যে খেয়োখেয়ির জন্য এবং কি করে পশ্চিমবাংলায় একটা একটা বামপন্থী রেভলিউসান আনা যায় তার চিন্তায় মশগুল থাকার জন্য প্ল্যানটা কিভাবে বাড়ানো যায় তারজন্য সময় দিতে পারেন নি। অন্যান্য রাজ্য যখন সেই সময় তাদের প্ল্যান তিন গুণ বাড়িয়ে নিতে পেরেছিল সেই সময় অর্থাৎ যুক্তফ্রন্টের আমলে পশ্চিমবাংলার ফোর্থ প্ল্যান মাত্র ৩০৫ কোটি থেকে ১৭ কোটি বেড়ে ৩২২ কোটি হল। পশ্চিমবঙ্গের প্রকৃত কোন ক্ষতি যদি হয়ে থাকে তাহলে চতুর্থ পরিকল্পনার সময়ই হয়েছিল এবং সেই সময় যুক্তফ্রন্ট এখানে ক্ষমতায় ছিল, তারাই এরজন্য দায়ী! স্যার, এই কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ১৯৮৪/৮৫ সালের যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। স্যার, আমার ডানদিকে যে বন্ধুরা বসে আছেন তাঁরা যে সব কথা বলে গিয়েছেন আমি সে সম্পর্কে প্রথমে কয়েকটি কথা বলব। জয়নাল সাহেব, সাত্তার সাহেবের বক্তৃতা আগেই শুনেছি, আজকে সুব্রতবাবু এবং সুনীতি বাবুর বক্তৃতা শুনলাম এবং শেষে রাজপরিবারের সুসন্তান—কান্দির—তাঁরও বক্তব্য শুনলাম। তাঁরা সকলেই বললেন, মাননীয় অর্থমন্ত্রী যে দলিল পেশ করেছেন তা সম্পূর্ণ ভাঁওতা। স্যার, এ সম্পর্কে বলতে গিয়ে একটি গল্পের কথা আমার মনে পড়ে গেল, সেটা আগে বলছি। 'দু বোন নদীতে স্নান করতে গিয়েছিল। ছোট বোন স্নান করে উঠে গিয়েছে আর বড় বোন এক কোমর জলে দাঁড়িয়ে আছে, উঠছে না। ছোট বোন বলছে, দিদি, উঠে আয়, বললো আসছি, আবার বললো, দিদি উঠে আয়, বললো আসছি, বারবার বলছে, দিদি কিন্তু উঠছে না। শেষে ছোটবোন বললো, দিদি তুই কি করছিস আমি জানি।' স্যার, গত ২৭/২৮ বছর ধরে ওরা পশ্চিমবঙ্গে রাজত্ব করে গিয়েছেন এবং যত রকম অপকর্ম আছে সব করেছেন। তারা এখন ভাবছেন, বোধহয় এতেও তাই আছে। তাই তারা বলছেন, এতে মিথ্যা, ভাওতার জাল ছড়ানো হয়েছে। স্যার, পশ্চিমবঙ্গের এই সরকার জনগণের সরকার, জনপ্রিয় সরকার, এই সরকার দিনমজুর, গরিবের সরকার এবং এই সরকার তাদের পাশেই দাঁড়িয়ে আছে, এই সরকারের বাজেটকে তাঁরা বলছেন এটা সম্পূর্ণ ভাঁওতা।

[4-05—4-15 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা শুধু ২/৩টি বুলি শিখে রেখেছে। একটা হচ্ছে, 'ভাওতা', আর একটা হচ্ছে, 'দেউলিয়া সরকার'। অতীশবাবু বলে গেলেন যে কেন্দ্রীয় সরকার ফারাক্কা ব্যারেজ

তৈরী করেছেন, ফীডার ক্যানেল তৈরী করেছেন। আমি তাকে জিজ্ঞাসা করি, কি ভাবে তৈরী করা হয়েছিল, আপনি জানেন? ফারাক্কা ব্যারেজ তৈরী করতে গিয়ে বাংলাদেশের সঙ্গে জল বণ্টনের ব্যাপার নিয়ে কি হয়েছিল, ফারাক্কা ব্যারেজ কিভাবে তৈরী হয়েছিল, সেটা কেন্দ্রীয় মন্ত্রী কে. এল. রাও-কে জিজ্ঞাসা করুন। তিনি কংগ্রেসেরই লোক ছিলেন, অন্য কোন দলের লোক ছিলেন না। ইণ্ডিয়ার দিকে সমস্ত নদীকে বিচ্ছিন্ন করে নিয়ে এসে এই পরিকল্পনা করেছিলেন। মুর্শিদাবাদ জেলাকে সম্পূর্ণ নিশ্চিহ্ন করে দেবার পরিকল্পনা হয়েছিল। এই হচ্ছে কে. এল. রাও-এর পরিকল্পনা। কেন্দ্রীয় সরকারের এই পরিকল্পনার জন্য ফারাক্কা থেকে সেকালীপুর পর্যন্ত, সাত্তার সাহেবের বাড়ী পর্যন্ত, ক্রমাগত ভেঙ্গে ভেঙ্গে চলে যাচ্ছে। মানুষ আজকে দিশেহারা হয়ে যাচ্ছে। তাদের ঘর নেই, বাড়ী নেই। যাদের গোয়ালে গরু ছিল, গোলা ভরা ধান ছিল, আজ সেখানে নিড়ানী দেবার মত লোকও খুঁজে পাওয়া যায় না। ফীডার ক্যানেল কাটতে গিয়ে সুতি, সামসেদগঞ্জ, ফারাক্কা—এই তিনটি থানার ২২ বর্গ মাইল এলাকার ৫৫টি মৌজা কৃত্রিম জলের তলায় চলে গিয়েছিল। ১৯৭২ সালে গণিখান সাহেব ৬৩ কোটি ১১ লক্ষ ৬৯ হাজার টাকার একটা পরিকল্পনা করে পাঠিয়েছিলেন। সেই টাকা কেন্দ্রীয় সরকার দেবেন কিন্তু আজ পর্যন্ত সেই টাকা রাজ্য সরকারের হাতে দেওয়া হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন কেন্দ্রীয় মন্ত্রী, প্রণব মুখার্জী এখানে আসেন, টাকা দেবার চেষ্টা করেন তখন এরা গিয়ে বলেন যে টাকা দেবেন না, টাকা দিলে আমাদের মুখ্যমন্ত্রী হবার চান্স হারিয়ে ফেলবো। এদের ৫৭ জনের কে মুখ্যমন্ত্রী হতে চান, আমি জানিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে ২৭ বছর এই কংগ্রেস মসনদে ছিল, তখন কি তারা এই গরীব বেকারদের কথা ভেবেছিল, কোনদিন কি একটা কথাও তাদের সম্পর্কে উচ্চারণ করেছিল? কোন দিন তাদের সম্পর্কে ভাবেন নি। আজকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসীন হবার পরে বেকার ছেলেদের মুখে তারা একটু হাসি ফুটিয়েছেন। তাদের ৫০ টাকা করে মাসিক দেবার ব্যবস্থা করেছেন। বার্ধক্য ভাতা দেবার ব্যবস্থা করেছেন, বিধবা ভাতা দেবার ব্যবস্থা করেছেন। অথচ সংবিধানের ৪১ ধারায় পরিষ্কার লেখা আছে যে অসহায় যদি কেউ হয় তাহলে তাকে সাহায্য করার সমস্ত দায়িত্ব রাষ্ট্রের। তার অর্ধেক কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে, অর্ধেক রাজ্য সরকারকে বহন করতে হবে। কিন্তু এখনো পর্যন্ত চাঁদমুখোদের ঘুম ভাঙছে না এবং আমরা জানি ওদের ঘুম ভাঙবেও না। আজকে নিজের সীমিত ক্ষমতার মধ্যেই সমস্ত টাকাটা রাজ্য সরকারকে খরচ করতে হচ্ছে। অসহায় মানুষগুলিকে বাঁচাবার জন্য রাজ্য সরকারকে এই কাজ করতে হচ্ছে। অসহায় বৃদ্ধ, যার কেউ নেই, বিধবা মহিলা, যার নিজের পুত্র সন্তান নেই এবং নিজের রোজগার করবার কোন ক্ষমতা নেই তাকে বাঁচাতে হচ্ছে। যে কৃষক সারা জীবন কৃষি কার্যে নিযুক্ত ছিল, আজকে তাকে এক মুঠো অন্ন দেবার কেউ নেই, আজকে জনপ্রিয় বামফ্রন্ট সরকার তার পাশে দাঁড়িয়েছে। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার এই কলমটি ওঁদের নজরে আসেনি। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের আয় কি, সেটা আমাদের

ভেবে দেখতে হবে এবং সেই সঙ্গে ভেবে দেখতে হবে এখানে কেন্দ্রীয় সরকারের কি দায় দায়িত্ব আছে। আমাদের পাট থেকে যা রোজগার হয়, চা থেকে যা রোজগার হয়, আবগারি শুল্ক থেকে যা রোজগার হয় তার সবটাই দিল্লীর সরকার নিয়ে যায় এবং তার পরে তা থেকে আমাদের কত দেয়? ঋণ-পত্র থেকে কেন্দ্রীয় সরকার যে অর্থ সংগ্রহ করে তার কত ভাগ আমাদের দেয়? ঐ চাঁদুরা কি তা জানে? ১০% আমাদের দেয়, আর ৯০% দিল্লী নিয়ে যায়। অথচ দিনের পর দিন ওরা দেশে যে অবস্থার সৃষ্টি করছে, তাতে গরীব মানুষ কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? নিত্য প্রয়োজনীয় প্রতিটি জিনিষ, চাল, গম, দেশলাই, কেরোসিন, লোহা, পেট্রোলিয়াম জাতীয় জিনিষ, প্রতিটি জিনিষের ওপর দিনের পর দিন অন্তঃশুল্কর হার বেড়ে চলেছে। এটা কে বাড়াচ্ছে? রাজ্য সরকার বাড়াচ্ছে, না কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছে? ওরা বলে, ওরা গরীব দরদী। অথচ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর ওপর দিনের পর দিন অন্তঃশুল্ক বৃদ্ধি করে গরীবদের শুষছেন। সুনীতিবাবু বললেন, বামফ্রন্ট সরকার গরীবের রক্ত শুষছে। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুনীতিবাবুকে আমি '৭২ সালে দেখেছিলাম তখন তাঁর ওজন ছিল ৫৮ কে. জি., এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে দেড় কুইন্টলে। (শ্রীসুব্রত মুখার্জী: স্যার, নট্ট কোম্পানিতে ভ্যাকেন্সি আছে।) সুব্রত বাবু নট্ট কোম্পানীর ম্যানেজার হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অতীশবাবু বললেন, শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, কর্মচারীদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, অথচ কর্মচারীরা কাজ করে না। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মচারীরা যদি কাজ নাই করেন, তাহলে কালকে বক্তৃতা করে আজকেই তা লাল-নীল কাগজে ছেপে আমাদের কাছে আসছে কি করে? কালকে যে যা বক্তৃতা এখানে রেখেছেন, তা সমস্ত কিছু আজকে আমাদের কাছে চলে এসেছে। যদি সরকারী কর্মচারীরা কাজ নাই করেন, তাহলে এগুলি এলো কি করে? এর দ্বারাই কি প্রমানিত হয় না যে, মিথ্যা কারা বলছেন?

[4-15—4-25 P.M.]

অতীশবাবু বলেছেন শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। অতীশবাবু যদি ছাত্র হতেন এবং তাঁকে যদি বলা হতো রাত্রি ১২টার সময়ে ক্লাস নেওয়া হবে, তাহলে কি উনি যেতেন? যেতেন না। সুতরাং সরকারী নির্দেশ অনুসারে অর্থাৎ সরকারী যে নির্দেশ আছে সেই নির্দেশ অনুসারে শিক্ষকেরা ক্লাস নেন সোমবার থেকে শনিবার পর্যন্ত। তারপরেও কি রবিবার ক্লাস নিতে হবে? আমি অতীশবাবুকে বলি, ষ্ট্যাণ্ডর্ড অফ লিভিং—দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের বেতন, তাদের ডিয়ারনেস এ্যালাউন্স বৃদ্ধি করতে হবে। কেবল পশ্চিমবঙ্গ সরকার শিক্ষকদের বেতন বাড়িয়েছেন, কর্মচারীদের বেতন কিম্বা ডি.এ বাড়িয়েছে তা নয়, কেন্দ্রীয় সরকার —আজকে কাগজে দেখলাম—ওদের কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করবেন কিনা তা নিয়ে ভাবনা—চিন্তা করছেন। কাজেই ওরা ভেবেছেন যে এইভাবে পশ্চিমবঙ্গের জনসাধারণকে মিথ্যা কথা বলে, বিভ্রান্তিকর বুলি আউড়ে জনসাধারণকে বিপথে পরিচালিত করবে সেটা সম্ভব হবে না হতে পারে না। পশ্চিম-

বাংলার জনসাধারণ ভোটের নিরিখে বিচার করে নিয়েছেন যে সাধারণ মানুষের সরকার কে, গরীব মানুষের সরকার কে —এটা বিচার করে নিয়ে ওদের ডাষ্টবিনে ছুড়ে ফেলেছেন এবং বামফ্রন্ট-সরকারকে গদিতে নিয়ে এসেছেন। ওনারা বলেছেন পশ্চিমবাংলায় কোন উন্নয়ন হয়নি। আমি উদাহরণ সহযোগে তুলে ধরছি। বিদ্যুত উৎপাদনের ক্ষেত্রে এবং ব্যবহারের ক্ষেত্রে—আমি মিলিয়ান কিলোওয়াট হিসাবে বলছি। ১৯৭০-৭১ সালে জেনারেটেড হয়েছে ১৫৩০.২, ১৯৭১ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত হয়েছে ৬২৫৫.২। আর সেখানে ১৯৮১-৮২ সালে জেনারেটেড হয়েছে ৬৯৫৮.৮৮। সুতরাং কতটা বৃদ্ধি পেয়েছে—ওরা যদি অঙ্ক করে দেখেন তাহলে বুঝতে পারবেন। ডোমেষ্টিক কাজে ব্যবহারের জন্য হয়েছে, ১৯৭০-৭১ সালে ৬৪৭.৫, ১৯৭৭-৭৮ সালে ৬৬৪.৮ আর ১৯৮১-৮২ সালে ৬৬২.৯৫।

ইণ্ডাষ্ট্রিয়াল ক্ষেত্রে যে পাওয়ার দেওয়া হয়েছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ১৯৭০-৭১ সালে ৩২৮৪.৬, সেক্ষেত্রে ১৯৮১-৮২ সালে সেটা গিয়ে দাঁড়িয়েছে ৩৬৬১.১৭। এগ্রিকালচারের ক্ষেত্রে কৃষির উন্নতির জন্য যেখানে জল দিতে হবে তার প্রয়োজনীয়তা উপলব্ধি করে বর্ত্তমান সরকার কত দূর এগিয়ে নিয়ে গিয়েছেন তার কিছু নজির আমি আপনার মাধ্যমে বলছি। ডিপটিউবওয়েল ইলেকট্রিফায়েড হয়েছে ১৯৭৮ সালে ২৩৮৭ মিলিয়ন কিলোওয়াট এবং সেটা ১৯৮৩ তে এসে দাঁড়িয়েছে ২৮১৭। শ্যালো টিউবওয়েলের ক্ষেত্রে ১৯৭৮ সালে ১৭২০২ ছিল সেক্ষেত্রে ১৯৮১-৮২ সালে গিয়ে দাঁড়িয়েছে ২৪২০৪। রিভার লিফ্‌ট ১৯৭৮ সালে ছিল ৭৫১ এবং ১৯৮৩ সালে হয়েছে ৮৭১। সুতরাং এঁরা যে বলছেন পশ্চিমবঙ্গের কোন উন্নতি হয়নি, পশ্চিমবঙ্গ জাহান্নামে চলে গেছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি তাঁদের কাছে অনুরোধ করছি যে যদি আপনারা পশ্চিমবঙ্গের অধিবাসী হন, পশ্চিমবঙ্গের সাধারণ শ্রমজীবি মানুষ কৃষক যদি আপনার বন্ধু হয় তাহলে আসুন কেন্দ্রীয় সরকারের কাছে চলুন, তাঁর কাছে গিয়ে আবেদন করি, তাঁর কাছে বক্তব্য রাখি যে আমাদের পশ্চিমবাংলার প্রয়োজনীয় অর্থ আমাদের দিন। যদি তাঁরা না দেন তাহলে আসুন আমরা এক সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে আন্দোলন করি। কিন্তু সৃষ্টিকর্ত্তা সেই হাতে ওঁদের তৈরী করেননি সেই মানসিকতা ওদের দেননি। বাজেট পেশ করা হয়েছে, স্বাভাবিক কারণে সমালোচনা করতে হয়, তাই ওরা করে। তা করে যাচ্ছেন কিন্তু মূল্যায়ন ওরা করছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আগামী আর্থিক বছরে ১৯৮২-৮৩ সালের বাজেটে গ্রামাঞ্চলের বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে আড়াই লক্ষের মত কাজ সৃষ্টি কবা হয়েছিল। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এবারে তা আর ৫০ শতাংশ বাড়াবেন, এটা কি পশ্চিমবঙ্গের পক্ষে সৌভাগ্যের লক্ষণ নয়? আজকে দুটো কারণে অর্থমন্ত্রী মহাশয়ের বক্তব্যের মধ্যে আমি কান্নার সুর শুনতে পাচ্ছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কান্নার সুর এই জন্য যে আমি মনে করি পশ্চিমবঙ্গের অবহেলিত মানুষ অর্থাভাবে, অন্নাভাবে হাহাকার করছে এবং পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের আপামর জনসাধারণের গ্রামাঞ্চলের উন্নতির জন্য বদ্ধ পরিকর।

ভেবে দেখতে হবে এবং সেই সঙ্গে ভেবে দেখতে হবে এখানে কেন্দ্রীয় সরকারের কি দায় দায়িত্ব আছে। আমাদের পাট থেকে যা রোজগার হয়, চা থেকে যা রোজগার হয়, আবগারি শুল্ক থেকে যা রোজগার হয় তার সবটাই দিল্লীর সরকার নিয়ে যায় এবং তার পরে তা থেকে আমাদের কত দেয়? ঋণ-পত্র থেকে কেন্দ্রীয় সরকার যে অর্থ সংগ্রহ করে তার কত ভাগ আমাদের দেয়? ঐ চাঁদুরা কি তা জানে? ১০% আমাদের দেয়, আর ৯০% দিল্লী নিয়ে যায়। অথচ দিনের পর দিন ওরা দেশে যে অবস্থার সৃষ্টি করছে, তাতে গরীব মানুষ কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? নিত্য প্রয়োজনীয় প্রতিটি জিনিষ, চাল, গম, দেশলাই, কেরোসিন, লোহা, পেট্রোলিয়াম জাতীয় জিনিষ, প্রতিটি জিনিষের ওপর দিনের পর দিন অন্তঃশুল্কর হার বেড়ে চলেছে। এটা কে বাড়াচ্ছে? রাজ্য সরকার বাড়াচ্ছে, না কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছে? ওরা বলে, ওরা গরীব দরদী। অথচ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর ওপর দিনের পর দিন অন্তঃশুল্ক বৃদ্ধি করে গরীবদের শুষছেন। সুনীতিবাবু বললেন, বামফ্রন্ট সরকার গরীবের রক্ত শুষছে। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুনীতিবাবুকে আমি '৭২ সালে দেখেছিলাম তখন তাঁর ওজন ছিল ৫৮ কে. জি., এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে দেড় কুইন্টলে। (শ্রীসুব্রত মুখার্জী: স্যার, নট্ট কোম্পানিতে ভ্যাকেন্সি আছে।) সুব্রত বাবু নট্ট কোম্পানীর ম্যানেজার হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অতীশবাবু বললেন, শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, কর্মচারীদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, অথচ কর্মচারীরা কাজ করে না। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মচারীরা যদি কাজ নাই করেন, তাহলে কালকে বক্তৃতা করে আজকেই তা লাল-নীল কাগজে ছেপে আমাদের কাছে আসছে কি করে? কালকে যে যা বক্তৃতা এখানে রেখেছেন, তা সমস্ত কিছু আজকে আমাদের কাছে চলে এসেছে। যদি সরকারী কর্মচারীরা কাজ নাই করেন, তাহলে এগুলি এলো কি করে? এর দ্বারাই কি প্রমানিত হয় না যে, মিথ্যা কারা বলছেন?

[4-15—4-25 P.M.]

অতীশবাবু বলেছেন শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। অতীশবাবু যদি ছাত্র হতেন এবং তাঁকে যদি বলা হতো রাত্রি ১২টার সময়ে ক্লাস নেওয়া হবে, তাহলে কি উনি যেতেন? যেতেন না। সুতরাং সরকারী নির্দেশ অনুসারে অর্থাৎ সরকারী যে নির্দেশ আছে সেই নির্দেশ অনুসারে শিক্ষকেরা ক্লাস নেন সোমবার থেকে শনিবার পর্যন্ত। তারপরেও কি রবিবার ক্লাস নিতে হবে? আমি অতীশবাবুকে বলি, ষ্ট্যাণ্ডর্ড অফ লিভিং—দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের বেতন, তাদের ডিয়ারনেস এ্যালাউন্স বৃদ্ধি করতে হবে। কেবল পশ্চিমবঙ্গ সরকার শিক্ষকদের বেতন বাড়িয়েছেন, কর্মচারীদের বেতন কিম্বা ডি.এ বাড়িয়েছে তা নয়, কেন্দ্রীয় সরকার —আজকে কাগজে দেখলাম—ওদের কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করবেন কিনা তা নিয়ে ভাবনা—চিন্তা করছেন। কাজেই ওরা ভেবেছেন যে এইভাবে পশ্চিমবঙ্গের জনসাধারণকে মিথ্যা কথা বলে, বিভ্রান্তিকর বুলি আউড়ে জনসাধারণকে বিপথে পরিচালিত করবে সেটা সম্ভব হবে না হতে পারে না। পশ্চিম-

জন্যই বসে আছেন। জনসাধারণের স্বার্থে, গরীব মানুষের স্বার্থে এই বাজেট বলে আপনারা বলছেন। কিন্তু আমরা বাজেটে কি দেখতে পাচ্ছি? কর্ম-সংস্থানের জন্য কিছুই বলছেন না আপনারা। কর্ম-সংস্থানের সুযোগ দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে। আর এটা করছেন আপনারা এইভাবে—যেখানে কলকারখানা সুন্দরভাবে চলতে পারে, সেখানে ইউনিয়নবাজী করে নানাভাবে আপনারা কলকারখানাগুলির উৎপাদন কমিয়ে দিচ্ছেন। যখন সেই শ্রমিক-সঙ্ঘগুলির এবং মালিক পক্ষ আপনাদের কাছে আসে বিচারের জন্য, আপনারা তাঁদের ফিরিয়ে দেন আপনাদের মন্ত্রীরা সুস্থ থাকুন বা না থাকুন। যদি কোন মাননীয় মন্ত্রী অসুস্থ হয়েই থাকেন, সেই জায়গায় মুখ্যমন্ত্রী স্বয়ং পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচিয়ে তুলবার জন্য চেষ্টা করবেন এটাই আশা করতে পারি। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, বিভিন্ন শ্রমিক সঙ্ঘ আপনাদের কাছে মাথা কুটে মরে। তা সত্ত্বেও কোন বিচার আপনাদের কাছ থেকে পাওয়া যায় না। বিচারের জন্য তাঁরা এগিয়ে আসেন, কিন্তু আপনারা মুখ ফিরিয়ে নেন।

কতকগুলি বড়ো লোকের তাবেদারির কথা চিন্তা করেছেন, তা ছাড়া কিছু চিন্তা করেন নি। পশ্চিলবাংলায় বৃহৎ এবং মাঝারী শিল্পের প্রসারের জন্য আপানারা কি করেছেন? আজকে ক্ষুদ্র শিল্পের কি অবস্থা? আমরা আশা করেছিলাম এই বাজেটে ক্ষুদ্র শিল্পকে স্থান দেওয়া হবে। আমরা আশা করেছিলাম এই বাজেটে আমরা দেখতে পাবো মাঝারি এবং বৃহৎ শিল্পের উন্নতির প্রস্তাব রাখা হবে। কিন্তু সেটা আমরা দেখলাম না। আপনারা এই কথা বার বার বলেন যে কেন্দ্র আমাদের কিছু দিচ্ছেন না, কেন্দ্র আমাদের সংগে বিমাতৃসুলভ ব্যবহার করছে। কিন্তু কেন্দ্র যে টাকা আপনাদের দেয় সেই টাকা কি আপনারা ঠিক মতো ব্যবহার করতে পারেন? আপনারা কি উন্নয়নমূলক কাজে টাকা ব্যয় করেন? তা করেন না। আপনারা বেতন, ভাতা এবং বিভিন্ন বিষয়ে খরচা করেন। বেতন, ভাতা দিন তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু পশ্চিম-বাংলার অর্থনীতিকে বাঁচিয়ে রাখবার জন্য যে টাকা দরকার সেই টাকা যদি আপনারা খরচ না করেন তাহলে উন্নয়নমূলক কাজ হবে কি করে? এইভাবে চলতে থাকলে পশ্চিমবাংলা ভবিষ্যতে অন্ধকারে ডুবে যাবে। এই বাজেটে কোন আশার আলো দেখতে পেলাম না। এইজন্য এই বাজেটকে মৃত্যুর পরোয়ানা বলতে বাধ্য হলাম। একজন বক্তা চোখে ছানি পড়ার কথা বললেন। চোখে ছানি আমাদের পড়েনি, পড়েছে আপনাদের। সেইজন্য সত্যকে উপলব্ধি করার ক্ষমতা আপনাদের নেই। ছানি পড়া চোখে আপনারা বাজেটের মূল জিনিসটা দেখতে পাচ্ছেন না। পশ্চিমবাংলার কোষাগার ভর্তি করার জন্য বাজেটে নুতন করে কর বসানোর দরকার ছিল না। রাজ্যের হাতে যে রাজস্ব আছে সেই রাজস্ব যদি ঠিক মতো আদায় করতে পারতেন তাহলে পশ্চিম-বাংলার কোষাগার পূর্ণ করতে পারতেন। সেই রাজস্ব আদায় করার ক্ষমতা আপনাদের নেই। কেবলমাত্র কেন্দ্রের উপর দোষ দিয়ে লাভ নেই। এই রাজ্যে যে সমস্ত সরকারী সংস্থা আছে তার

ভেবে দেখতে হবে এবং সেই সঙ্গে ভেবে দেখতে হবে এখানে কেন্দ্রীয় সরকারের কি দায় দায়িত্ব আছে। আমাদের পাট থেকে যা রোজগার হয়, চা থেকে যা রোজগার হয়, আবগারি শুল্ক থেকে যা রোজগার হয় তার সবটাই দিল্লীর সরকার নিয়ে যায় এবং তার পরে তা থেকে আমাদের কত দেয়? ঋণ-পত্র থেকে কেন্দ্রীয় সরকার যে অর্থ সংগ্রহ করে তার কত ভাগ আমাদের দেয়? ঐ চাঁদুরা কি তা জানে? ১০% আমাদের দেয়, আর ৯০% দিল্লী নিয়ে যায়। অথচ দিনের পর দিন ওরা দেশে যে অবস্থার সৃষ্টি করছে, তাতে গরীব মানুষ কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? নিত্য প্রয়োজনীয় প্রতিটি জিনিষ, চাল, গম, দেশলাই, কেরোসিন, লোহা, পেট্রোলিয়াম জাতীয় জিনিষ, প্রতিটি জিনিষের ওপর দিনের পর দিন অন্তঃশুল্কর হার বেড়ে চলেছে। এটা কে বাড়াচ্ছে? রাজ্য সরকার বাড়াচ্ছে, না কেন্দ্রীয় সরকার বাড়াচ্ছে? ওরা বলে, ওরা গরীব দরদী। অথচ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর ওপর দিনের পর দিন অন্তঃশুল্ক বৃদ্ধি করে গরীবদের শুষছেন। সুনীতিবাবু বললেন, বামফ্রন্ট সরকার গরীবের রক্ত শুষছে। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুনীতিবাবুকে আমি '৭২ সালে দেখেছিলাম তখন তাঁর ওজন ছিল ৫৮ কে. জি., এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে দেড় কুইন্টলে। (শ্রীসুব্রত মুখার্জী: স্যার, নট্ট কোম্পানিতে ভ্যাকেন্সি আছে।) সুব্রত বাবু নট্ট কোম্পানীর ম্যানেজার হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অতীশবাবু বললেন, শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, কর্মচারীদের বেতন বাড়িয়ে দেওয়া হচ্ছে, অথচ কর্মচারীরা কাজ করে না। তা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মচারীরা যদি কাজ নাই করেন, তাহলে কালকে বক্তৃতা করে আজকেই তা লাল-নীল কাগজে ছেপে আমাদের কাছে আসছে কি করে? কালকে যে যা বক্তৃতা এখানে রেখেছেন, তা সমস্ত কিছু আজকে আমাদের কাছে চলে এসেছে। যদি সরকারী কর্মচারীরা কাজ নাই করেন, তাহলে এগুলি এলো কি করে? এর দ্বারাই কি প্রমানিত হয় না যে, মিথ্যা কারা বলছেন?

[4-15—4-25 P.M.]

অতীশবাবু বলেছেন শিক্ষকদের বেতন বাড়িয়ে দেওয়া হয়েছে। অতীশবাবু যদি ছাত্র হতেন এবং তাঁকে যদি বলা হতো রাত্রি ১২টার সময়ে ক্লাস নেওয়া হবে, তাহলে কি উনি যেতেন? যেতেন না। সুতরাং সরকারী নির্দেশ অনুসারে অর্থাৎ সরকারী যে নির্দেশ আছে সেই নির্দেশ অনুসারে শিক্ষকেরা ক্লাস নেন সোমবার থেকে শনিবার পর্যন্ত। তারপরেও কি রবিবার ক্লাস নিতে হবে? আমি অতীশবাবুকে বলি, ষ্ট্যাণ্ডর্ড অফ লিভিং—দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের বেতন, তাদের ডিয়ারনেস এ্যালাউন্স বৃদ্ধি করতে হবে। কেবল পশ্চিমবঙ্গ সরকার শিক্ষকদের বেতন বাড়িয়েছেন, কর্মচারীদের বেতন কিম্বা ডি.এ বাড়িয়েছে তা নয়, কেন্দ্রীয় সরকার —আজকে কাগজে দেখলাম—ওদের কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করবেন কিনা তা নিয়ে ভাবনা—চিন্তা করছেন। কাজেই ওরা ভেবেছেন যে এইভাবে পশ্চিমবঙ্গের জনসাধারণকে মিথ্যা কথা বলে, বিভ্রান্তিকর বুলি আউড়ে জনসাধারণকে বিপথে পরিচালিত করবে সেটা সম্ভব হবে না হতে পারে না। পশ্চিম-

শেষ বক্তা বলে গেলেন, এই বাজেট রাজ্যের জনগণের মৃত্যুর পরোয়ানা বয়ে এনেছে। রাজ্যের বাজেট নির্ভর করে কেন্দ্রীয় সরকারের রচিত বাজেটের উপর। অনেক অসুবিধার মধ্যে দিয়ে আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন। আমি মনে করি জনগণের স্বার্থ রক্ষা করার জন্যই এই বাজেট তিনি রচনা করেছেন। সেজন্য আমি এই বাজেটের প্রতি পূর্ণ সমর্থন জানাই। ফিন্যান্স কমিশনের চূড়ান্ত রিপোর্টও কেন্দ্রের হাতে রয়েছে। আমাদের পরিকল্পনায় তাঁদের সাহায্যের সঠিক পরিমাণ এখনও পর্যন্ত আমরা জানতে পারি নি। এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের বাজেট রচনা করতে হয়েছে। কেন্দ্রীয় বাজেট রচিত হয়েছে আগামী নির্বাচনের দিকে লক্ষ্য রেখে। প্রণববাবু বলেছেন—He has taken into account the realities of the economic situation as well as a certain forthcoming event which is of important to all of us in this Parliament.

তিনি বাজেট রচনা করেছেন নির্বাচনকে লক্ষ্য করে। গত বছরের বাজেট রচনার সময়ে তিনি একটা কথা বলেছিলেন। সেই সময়ে একটা ফিলোজফি ছিল, তা হচ্ছে, Budget—"That was one of strengthening the productive forces in the economy keeping a tight reign on inflation, encouraging savings in the individual and corporate both sector and promoting essential investment."

এই বছরে দেখলাম অন্য কথা। এই বছরে সোস্যালিজিমের কথা কোথাও নেই। এই বছরে বাজেট রেখেছেন এইভাবে যাতে নির্বাচন তরী পার হওয়া যায়। এর পরে কেন্দ্রীয় সরকারের যে প্রকৃতি—জনবিরোধী, প্রতিক্রীয়াশীল, জমিদার, জোতদার ও পুঁজিবাদের স্বার্থ রক্ষা করে চলা—সেই অনুসারে পরবর্ত্তী পর্যায়ে বাজেট রচিত হবে। এবারের বাজেট একটা ছায়ামাত্র বলা যায়। যেমন ধরুন, সিক্সথ ফাইভ ইয়ার প্লানে উনি বলেছেন ৯৭০ হাজার ৫ ০ কোটি টাকা থেকে বাড়িয়ে উনি করেছেন এক বছরে ১০,০০ কোটি টাকা। ১৯৭৯ সালের মূল্যসূচক মুদ্রা-স্ফীতি এর ফলে বাড়বে ৭২ হাজার কোটি টাকা। অর্থাৎ বাজেট-এর পরিমাণ এর ফলে কমে যাচ্ছে। প্রায় শতকরা ২৫ ভাগ কম হবে। গত ৪ বছরে কেন্দ্রীয় সরকার যে এ্যাচিভমেণ্ট করেছেন তা হচ্ছে—যেমন ধরুন, হোলসেল প্রাইস্ ইনডেক্স ১৯৮০ সালের জানুয়ারীতে ছিল ২২৭·৭, ১৯৮৪ সালের ১৮ই ফেব্রুয়ারীতে তা বেড়ে দাঁড়িয়েছে ৩২২ এ। অর্থাৎ শতকরা ৪২ ভাগ প্রাইস ইনডেক্স বেড়েছে। ইনফ্লেশান হয়েছে প্রায় ৫১ ভাগ। এই যে ইনফ্লেশান, তা হচ্ছে পুঁজিবাদী দুনিয়ায় যে তীব্র সংকট চলছে, তার প্রকাশ। কেন্দ্রীয় সরকার সেই পথেই চলেছে। এই পথে দেশে বেকার বাড়বে, ধনিক শ্রেণী ক্রমশঃ ধনী হবে এবং গরীব আরও গরীব হবে। কেন্দ্রীয় সরকার এই বাজেট স্থাপন করেছেন। এর উপরে আছে ইমপোর্টেড এ্যাণ্ড এ্যাডমিনিষ্টার্ড

ইনফ্লেশান। অর্থাৎ বিদেশ থেকে যে টাকা ধার তাঁরা নিয়েছেন, তার জন্য বৃদ্ধি ঘটবে। জাতীয় আয়ের বড় অংশ ধনিকশ্রেণীর পক্ষে যাবে, দারিদ্র্য এবং বেকারী আরও বাড়বে।

গত ৪ বছরে ১ কোটি ২০ লক্ষ যে বেকার ছিল তা বেড়ে বর্তমানে হয়েছে ২ কোটি ১০ লক্ষ। অন্যদিকে বড় বড় পুঁজিপতিদের যে আয় ছিল সরকারী তথ্যে তা ডবল হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের ইনকাম ট্যাক্স ২% থেকে কমে ১% গেছে। কর্পোরেশান ট্যাক্স ৭% থেকে ৬% হয়েছে। কাষ্টম এবং এক্সসাইজ ডিউটি মারফত কেন্দ্রীয় রাজস্বের এক তৃতীয়াংশ আদায় করছে। পাবলিক ডেট ১৯৭৭-৭৮ সালে ৫ম প্ল্যানের শেষে ছিল ২৮ হাজার ১০ কোটি টাকা সেটা বর্তমানে হয়েছে ৭৩ হাজার ৯০৬ কোটি টাকা। এর ফলে ইণ্টারেষ্ট দিতে হচ্ছে ৫ হাজার ৬০০ কোটি টাকা – অর্থাৎ কেন্দ্রীয় বাজেটের শতকরা ১৩ ভাগ। সুতরাং কেন্দ্রীয় বাজেট রিয়্যাকসানারী, মনোপলিষ্ট-দের পক্ষে, ল্যাণ্ডলর্ডদের পক্ষে। কেন্দ্রীয় মন্ত্রী যে বাজেট রেখেছেন তাতে ভূমি-সংস্কারের কথা নেই। পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীর লক্ষ্য সমাজে সম্পদ ও আয় বৈষম্য কমানো এবং যথা সম্ভব সম্পদ সংগ্রহ করে আগামী দিনে সামাজিক সম্পদ ও আয়ের শ্রোতকে বাড়ানোর জন্য সক্রিয় প্রচেষ্টা। তাই গরিব জনসাধারণের অবশ্য ব্যবহার্য দ্রব্যের উপর প্রায় কোন কর বসান হয়নি। বরং ধনীদের ব্যবহার্য জিনিষের উপরেই কর বসান হয়েছে। বাজেটের স্থায়ী ব্যয়কে কমানো হয়নি। শ্রমজীবী জনগণের স্বার্থ রক্ষার জন্য তা করা হয়নি। বেকারদের রাষ্ট্রীয় দায়িত্বকে অস্বীকার না করে নির্দিষ্ট উদ্যোগ প্রকল্পের সঙ্গে গেঁথে দেওয়ার প্রস্তাব করা হয়েছে। ক্ষুদ্র সেচ ও গ্রামীন সামগ্রিক উন্নয়নের জন্য বরাদ্দের অধিকার এই বাজেটে স্বীকৃত। কয়লার উপর অতিরিক্ত সেস বসানোর জন্য ১২ কোটি টাকা ট্যাক্স দেবে কোল ইণ্ডিয়া। অর্থাৎ কেন্দ্রীয় সংস্থা থেকে এই টাকা আসবে। মোটর স্পিরিটের উপর ট্যাক্স বসানোর জন্য ইণ্ডিয়ান অয়েলকে ৭ কোটি টাকা দিতে হবে। সারের দাম কমানোর জন্য ফার্টিলাইজার কর্পোরেশনকে ১ কোটি টাকা দিতে হবে। চুঙ্গী করের জন্য কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলিকে বছরে দিতে হবে ১০ কোটি টাকা। এই সমস্ত বসিয়ে আমাদের রাজ্য সরকারের আয় বাড়বে ৩০ কোটি টাকা। টাকা আসবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, কোনটাই সাধারণ মানুষকে দিতে হবে না। এই মূল লক্ষের উপর দাঁড়িয়ে বাজেটে এইসব তিনি উত্থাপন করেছেন। কারণ কেন্দ্র আমাদের দেউলিয়া করেছেন। বিরোধীপক্ষ বলেছেন এই সরকার ফ্যাসিষ্ট কায়দায় চলছেন। ফ্যাসিষ্ট কাকে বলে? গরিব মানুষদের অধিকারকে প্রসারিত করলে, ভূমিহীনদের অধিকারকে স্বীকার করলে, মজুরদের অধিকারকে স্বীকার করলে কি ফ্যাসিষ্ট হতে হয়?

[4-45—4-55 P. M.]

বরং তাঁরা ফ্যাসিস্ট হতে পারলেন না, পশ্চিমবঙ্গের জনসাধারণ তাঁদের হঠিয়ে দিলেন এটাই দুশ্চিন্তার কারণ। যত দিন যাবে আমাদের এই বামফ্রন্ট সরকার জনগণের পক্ষে বার বার তাঁরা

কাজ করবেন যত বাধা আসুক না কেন। এই পরিস্থিতিতে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের প্রস্তাব রেখেছেন আমি তা সমর্থন করছি। এখন সমালোচনা বিরোধী পক্ষ করেছেন, কতকগুলি বিশেষণ প্রয়োগ করেছেন বিরাট অঙ্কের কর বসান হয়েছে, দুর্নীতির কথা বলেছেন, অনুৎপাদক খাতে খরচ, দেউলিয়া বাজেট ইত্যাদি বলেছেন। আজকের সংবাদপত্রের দুটি সংবাদের কথা আপনাদের সামনে রাখছি। আমাদের প্রতিবেশী রাজ্য বিহার কত কর বসালেন, না ১০৯ কোটি ৫৫ লক্ষ টাকা। এই সম্পর্কে কংগ্রেস পক্ষের কিছু বক্তব্য আছে কিনা জানি না আর একটি সংবাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি—মহারাষ্ট্রের বিধান সভার একটা ঘটনা। আপনারা জানেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রীর কিছু দুর্নীতি সম্পর্কে মামলা হয়েছিল, সেটা এখনও বিচারাধীন।

শ্রীসুব্রত মুখার্জী ঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। অন্য রাজ্যের মুখ্যমন্ত্রীর দুর্নীতি সম্পর্কে এখানে বলতে পারেন কিনা? ক্যান হি ডু দ্যাট?

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার ঃ উনি নাম বলেননি, মুখ্যমন্ত্রী বলেছেন, আপনারা বসুন।

(গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জী ঃ উনি অন্য হাউসের মুখ্যমন্ত্রীর সম্বন্ধে বলেছেন। ইট ইজ এ ওয়ারস্ট টেস্ট। ইট ইজ এ ওয়ারস্ট প্রিসিডেন্ট।

শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ আমি দেখলাম কংগ্রেস হাইকমাণ্ড প্রথমে দুর্নীতি নিরোধ আইন সংশোধন করবার নির্দেশ দিয়েছিলেন।

শ্রী আবদুর সাত্তার ঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। সুব্রত বাবু একটা পয়েন্ট অব অর্ডার ওঠাতে চেয়েছিলেন। মাননীয় স্পীকার এখানে বার বার বলেছেন যদি কোন মন্ত্রীর বিরুদ্ধে কেউ কোন রকম দুর্নীতির কথা বলে তাহলে সেটা একসপাঞ্জ করে দেওয়া হবে। আমি কারোর নাম বললাম না, আমি বললাম অর্থমন্ত্রী, আমি বললাম মুখ্যমন্ত্রী, কৃষি মন্ত্রী, বা অমুক রাজ্যের মুখ্যমন্ত্রী তাহলে অটোমেটিক্যাল নাম এসে যায়। আপনি যদি আপনাদের রুলিং না মানেন, আপনি যদি সেটা এ্যালাও করেন তাহলে উই স্যাল ফলো দ্যাট। সুতরাং আপনি রুলিং ভেবে-চিন্তে দেবেন। আপনার স্পীকার তখন বলবেন এটা হতে পারে না, স্পীকার এটা এল্যাও করবেন না।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমি জনৈক মন্ত্রী বলেছিলাম, স্পীকার সেটা এক্সপাঞ্জ করে দিয়েছিলেন। আপনি যদি এটা এ্যালাও করেন তাহলে কিপ ইট ইন রেকর্ড।

মিঃ ডেপুটি স্পীকার ঃ আমি মনে করি উনি বক্তব্যের মধ্যে রানিং রেফারেন্স দিয়েছেন, কারোর নাম দেননি। রানিং রেফারেন্স দেওয়াতে কোন অপরাধ নেই। পোষ্টের নাম দিয়ে যে কোন লোকের রানিং রেফারেন্স দেওয়া যায়, কিন্তু নাম দেওয়া যাবে না।

আমি আশ্চর্য হচ্ছি বিরোধীদলের সদস্যরা একটা দুর্নীতির কথা শুনে এত উত্তেজিত হচ্ছেন অথচ এই দুর্নীতি সম্পর্কে তাঁরা এখানে নানা কথা বলেন। আমরা কিন্তু দুর্নীতির বিরুদ্ধে অভিযান চালাই, আমরা দুর্নীতিকে নিন্দা করি। আমি কারুর নাম বলব না, মহারাষ্ট্র বিধানসভার একটা ঘটনা এখানে বলব। ওখানকার বিধানসভায় যখন একটা দুর্নীতির ঘটনা তোলা হল তখন টেবিল চাপড়ে সদস্যরা সোল্লাসে উৎসাহ প্রকাশ করেছেন। তাঁরা দুর্নীতির বিরুদ্ধে ধীক্কার না জানিয়ে সোল্লাসে উৎসাহ প্রকাশ করেছেন। এই হচ্ছে কংগ্রেস সদস্য এবং কংগ্রেস হাইকম্যাণ্ডের চেহারা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিরোধীদলের একজন নেতৃস্থানীয় সদস্য আমার বিভাগ সম্বন্ধে যেভাবে আলোচনা করলেন তাতে মনে হয় তাঁর আঁতে ঘা লেগেছে। আমরা কয়েকমাস আগে বিলেতী এবং দেশী মদের উপর ৫ কোটি টাকার কর বসিয়েছিলাম এবং এবারে সাড়ে চার কোটি টাকার কর চাপিয়েছি। কিন্তু তাতে তিনি ক্ষুব্ধ হলেন কেন? আমার মনে হয় মাদকদ্রব্যে যারা আসক্ত তাদের মুখপাত্র হয়ে একথা তিনি বলেছেন। আমি আপনাদের কাছে একটা কথা বলি, অনেক, নেতৃস্থানীয় লোক আমাদের কাছে আসেন মদের দোকানের লাইসেন্স পাবার জন্য, আবার কেউ কেউ আসেন একই রাস্তায় পর পর দুটি দোকানের লাইসেন্স পাবার জন্য। তবে অনেক ক্ষেত্রে এই ধরনের লাইসেন্স পাননা বলে তাঁরা আমাদের সম্বন্ধে নানারকম কথা বলেন। আমরা চেষ্টা করছি প্রিভেনটিভ ওয়ার্ক রেইড করে কিকরে চোলাই মদ বন্ধ করা যায়। আমি আবেদন করছি এই ব্যাপারে আপনারা সকলে আমাদের সঙ্গে সহযোগিতা করুন। চোলাই মদের ব্যাপারে কেউ গ্রেপ্তার হলে বা অপরাধী হলে তার জামিনের জন্য আপনারা যেন তৎপরতা না দেখান এই অনুরোধ রাখছি। বিরোধীদলের সদস্যদের জানাচ্ছি, অয়াকর, কর্পোরেশন ট্যাক্স এবং কেন্দ্রীয় অন্তঃশুল্ক বাবদ কেন্দ্রীয় সরকার নেয় ৬৯৫২ কোটি টাকা এবং আমাদের দেন ১ হাজার ৫৩৩ কোটি টাকা। তাঁরা যদি এইভাবে দেন তাহলে রাজ্য সরকার কোথা থেকে অর্থ পাবে? আমাদের সম্পদ সৃষ্টি করতে বলা হয়েছে। অধিকাংশ কর যদি কেন্দ্র নিয়ে যান তাহলে আমরা কি করবো, সম্পদ কিভাবে সৃষ্টি হবে? তারা যদি আমাদের উন্নয়নশীল কাজে আর্থিক সাহায্য দেন তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়। কিন্তু দেখা যাচ্ছে তাঁরাই বেশী মাত্রায় টাকা নিয়ে যাচ্ছে। আপনারা বোধহয় জানেন স্বাধীনতার পর আমাদের দুই তৃতীয়াংশ টাকা যা দেওয়া হোত এখন সেটা কমিয়ে

দিয়েছেন। এখন তাঁরাই শতকরা ৯০ ভাগ নিচ্ছেন। একজন সদস্য বললেন কেন্দ্রীয় সরকার কি অবিচার করছেন আপনাদের উপর? এটা কি অবিচার নয়? আমরা কিছু আবগারি শুল্ক পাব, কিছু আয়কর পাব এবং বাকী সমস্তটাই তারা নিয়ে নেবেন এটা কি কখনও হওয়া উচিত? আমরা মনে করি এটা হতে পারে না।

[4-55—5-05 P.M.]

এটা হতে পারে না—এবং এইটাই হচ্ছে মুসকিল। ওরা ওয়ালর্ড ব্যাঙ্কের ঋণের কথা বলেন। কিন্তু ঋণ যে নেওয়া হোল ২৫ হাজার কোটি টাকা। আরও ৯০০ কোটি টাকা কিস্তি সুদ সমেত যে দিতে হচ্ছে, এটা কোথা থেকে আসবে? কে দেবে? দেশের মানুষের উপর ট্যাক্স বসিয়ে মূল্য বৃদ্ধি করে মুদ্রাস্ফীতি ঘটিয়ে এই টাকা দিতে হচ্ছে। আর তার দায় এসে পড়ে দেশের সাধারণ গরীব মানুষ থেকে আরম্ভ মধ্যবিত্ত নিম্নমধ্যবিত্তর উপর। এটা কি ওরা জানেন না? আর এই টাকায় কি করা হয়েছে? কয়েক হাজার বড় বড় বাড়ী তৈরী করা হয়েছে। কিন্তু তার মেণ্টেনেন্স হয় না—সেখানে তা করতে গেলে আরও বহু টাকা লাগবে। একটা গরীব দেশে সীমাবদ্ধ খরচের মধ্যে থেকে কাজ করা উচিত। আপনারা অনুৎপাদন খাতে খরচের কথা বলেছেন। সত্যি কথা, কিন্তু সারা ভারতবর্ষের কি অবস্থা সেটা একবার ভেবেছেন কি? আমাদের কি করা যাবে ব্যাঙ্ক থেকে ৮ ভাগ অনেক ক্ষেত্রে তাও পাওয়া যায় না। বিরোধী সদস্য বললেন যে শিক্ষা খাতে অনেক ব্যয় করা হয়েছে এবং শিক্ষকদের মাইনে ইত্যাদিতে ব্যয় হয়ে যাচ্ছে এবং তাতে কি শিক্ষার ভাল ফল হয়েছে শিক্ষার বিস্তৃতি হয়েছে? আমি বলবো নিশ্চয় হয়েছে—কারণ যে সমস্ত স্কুল করা হয়েছে তাতে শুধু যে বড় লোকদের ছেলেরাই আসে না মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত গরীবদের এবং আরও নীচের স্তরের বাড়ী থেকে ছেলেমেয়েরা পড়তে আসে, গরীব চাষীদের বাড়ী থেকে পড়তে আসে। এখন ওদের এতে খুব ভয়। ওদের উন্নতির কথা ওরা ভাবতে পারেন না। শিক্ষা ব্যাপক হয়ে গেলে তাদের চোখ খুলে যাবে তাদের জ্ঞান সঞ্চার হবে এবং তাদের চোখ খুলে গেলে গ্রামাঞ্চলে ওদের দোষ তারা বুঝতে পারবে এবং তাতে জোতদার জমিদার যারা রয়েছে যারা কংগ্রেস পক্ষপুষ্ট, তাদের খুবই অসুবিধা হবে। এইজন্য ওরা এই ব্যাপারে খুব ভয় পাচ্ছেন। আমি জানি আমার নির্বাচন কেন্দ্রে কংগ্রেস আমলে নামকরা সমাজ বিরোধী কংগ্রেস পক্ষপুষ্ট ব্যক্তি তিনি স্কুলেই যায় না—তার সম্পর্কে ব্যবস্থা নেবার চেষ্টা নেওয়া হচ্ছে। আপনারা তাকে সংযত করবেন। আপনারা গণতন্ত্রের কথা বলেন—আপনারা গণতন্ত্র কিভাবে ভাঙ্গছেন বা ভেঙ্গেছেন তা কি আর আপনারা জানেন না? ওভার ড্রাফটের কথা বলেছেন। কেন্দ্রীয় সরকার মুদ্রা ছাপিয়ে, নোট ছাপিয়ে ঘাটতি পূরণ করেন। আমাদের তো তা করার উপায় নেই, ওভারড্রাফ্‌ট নিতে হয় এবং সমস্ত ষ্টেটকেই নিতে হচ্ছে এবং তারজন্য সুদ গুনতে হয়। ১৫৮০ কোটি টাকা দিতে হচ্ছে। সমস্ত রাজ্য সরকার মিলে ৪ হাজার ৮ শত কোটি টাকা দিতে হয়েছে। কেন্দ্রীয় সরকার বাইরে

ঋণ করবেন, সেটা আমাদের ঘাড়ে আসবে, এবং জনসাধারণের ঘাড়ে আসবে··ষ্টেটের তো নোট ছাপাবার উপায় নেই। আর এই নোট ছাপানো নিয়ে একটা বিরাট কালোবাজারী চলছে। এবং এতে লক্ষ লক্ষ কালো টাকার কারবারীরা প্রশ্রয় পাচ্ছে। এগুলি আপনারা বন্ধ করতে পারেন নি এবং পারবেন না। তাদের সঙ্গে কেন্দ্র রয়েছে, এবং তাদের শাখা প্রশাখারাও কিছু উচ্ছিষ্ট পাচ্ছে। আপনারা কিছু এসম্বন্ধে বলতে পারছেন না। গঙ্গা ভেঙ্গে যাচ্ছে। তার ভাঙ্গন প্রতিরোধ আমরা করতে পারছি না কেন এই কথা আপনারা বলছেন। গঙ্গার ভাঙ্গন রোধ করা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। কিন্তু তারা তাদের দায়িত্ব কতটুকু পালন করেছে? আমরা বার বার তাদের কাছে গিয়েছি, কোন কর্ণপাতও তারা করেননি। চীফ ইঞ্জিনীয়ারের সাথে আলাপ আলোচনা করে দেখলাম ফারাক্কার নীচে পর্যন্ত সমস্ত ঠিক করতে গেলে ৮ হাজার কোটি টাকা লাগবে।

সুতরাং এটা মনে রাখবেন যে আমরা সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে যেটুকু করছি কথাটা বলতে ভাল লাগে না, আমরা যেটুকু অর্থ পাই, সেটা বেশীর ভাগ দরিদ্রতম জনসাধারণের জন্য খরচ করি, ঐ পঞ্চায়েত মারফত হোক, মিউনিসিপ্যালিটি, বোর্ডগুলোর মারফত হোক, জনগণের গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সংস্থা মারফত এবং এদের দিকে নজর দেওয়া হতো না। থিয়োরী কি আছে, বিদ্যুত বাড়াতে হবে, সেচ ব্যবস্থা বাড়াতে হবে, শিক্ষা কেন বাড়াতে হবে, না, মানুষকে অজ্ঞান রেখে তোষণ করা হতো, অত্যাচার করা হতো। আজকে বামফ্রন্ট সরকার ঐ পশ্চাদপদ মানুষ, যাদেরকে ছোট করে রাখা হয়েছিল, তারা সামনে এসেছে বলে গ্রামাঞ্চলে জোতদাররা, মহাজনরা ভয় পাচ্ছেন, কংগ্রেসের সেই বেসগুলো ভেঙ্গে চুরে যাচ্ছে, এইজন্য ওদের ভয়। আমাদের যে পরিকল্পনা মাফিক, রুটিন মাফিক এইভাবে ব্যয় বরাদ্দ করা হচ্ছে—আমার বক্তব্য বাড়াবো না, আমি সমর্থন করছি, যে বাজেট এখানে রাখা হয়েছে। একটা অদ্ভূত অবস্থার মধ্যে, একটা ধনতান্ত্রিক অর্থনীতির মধ্যে, এর বেশী কিছু করা যায় না। যতদূর সম্ভব, তারমধ্যে থেকে, কতটুকু গরীব মানুষকে রেহাই দেওয়া যায় এবং কতটা ধনীক শ্রেণীর উপর আরোপ করা যায়, তাদের কাছ থেকে কেড়ে নেওয়া যায়, সেই চেষ্টাটা আমরা করছি। এদিক থেকে সেইজন্য মদের উপর ট্যাক্স বাড়ানোর ফলে এখানে উত্তেজনা হচ্ছে, ওরা ক্ষুব্ধ হচ্ছেন, এখানে হচ্ছে মুসকিল। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিশির অধিকারী ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী বাজেট বরাদ্দ একটি এনেছেন, আমাদের পক্ষ এবং সরকার পক্ষ যথারীতি তরজা গান করছেন। বুঝতে পারছি না, অর্থমন্ত্রী দিল্লীতে বসে বাজেট এনেছেন কি, পশ্চিমবঙ্গ বিধানসভায় বাজেট

ছেন। কিছু কিছু বক্তব্য এমন শোনা যাচ্ছে—যেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী বাজেট পেশ ছেন এবং পার্লামেণ্টে বসে যেন আমরা তাঁর বক্তব্য শুনছি, উনি বক্তৃতা করছেন ামেণ্টে। এঁরা অনেকেই ভুলে গেছেন যে আমরা পশ্চিমবাংলার বিধানসভায় াচিত সদস্য এবং পশ্চিমবাংলার অর্থমন্ত্রী অশোক মিত্র মহাশয় পশ্চিমবঙ্গবাসীর উদ্দেশ্যে চমবাংলার রাজ কোষের উদ্দেশ্যে আজকে যে বাজেট এনেছেন সেটা পশ্চিমবাংলারই ব্যাপার। রা লক্ষ্য করছি ওয়ার্ল্ড ব্যাংক পর্য্যন্ত লাফিয়ে চলে যাওয়া হচ্ছে। পশ্চিমবাংলার ন্ত্রী বলছেন গরীবের দেশ, গরীবের সরকার—আমরা তো গ্রামের মানুষ, সোজা কথা া কাপড় আর মোটা ভাতের কথা জানতে চাই, মোটা কাপড়, মোটা ভাত চলে গেল। ন থেকে এসে মন্ত্রী মহাশয় আরম্ভ করলেন ধানিয়া আর চুল্লু পর্য্যন্ত। ধানিয়া চুল্লুতেও রা নাকি গিয়ে তদ্বির করছি। খুব ভাল কথা, আমাদের কথা হচ্ছে, ট্যাক্স বেড়েছে, আজকে বৃদ্ধি হয়েছে, কর বৃদ্ধির বিরুদ্ধে জনগণের প্রতিবাদ। কর বৃদ্ধি যিনি করেছেন, তাঁর বোঝা ার যে পশ্চিমবঙ্গে তিনি পাঁচ বছর মন্ত্রী ছিলেন, তারপর তাঁকে হারিয়ে দেওয়া হলো, মবঙ্গের জনগণ তাঁকে পরাজিত করলো। গতবার দু খণ্ডে দুটো বাজেট নিয়ে এলেন, এবারে য় খণ্ডে বাজেট এসেছে। তিনি এবার এসেছেন যাদবপুর থেকে, একেবারে সংরক্ষিত এলাকা নির্বাচিত হয়ে এসেছেন, জ্যোতিবাবু থাকলে ভাল হতো। জ্যোতিবাবুর ঘাড় এবং গর্দান কে এক সঙ্গে মোটা করে দিয়েছেন। আরও সুন্দর করে দিয়েছেন উনি বাজেট। উনি ন, পুত্র একটা নেই, ছেলেপুলে নেই, বেবি ফুডের দাম বেড়েছে। উনি নুনে হাত দিয়েছেন, বন আইন সত্যাগ্রহ করে পশ্চিমবাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ জেলে গিয়েছিলেন, মতার ইতিহাসে লবন আইনের কথা লেখা আছে, আজকে উনারা সাত বছর রাজত্ব করার বলছেন গরীবের সরকার, সুতরাং নুন পর্য্যন্ত বরাদ্দকৃত দোকান থেকে নিতে হবে। অদ্ভুত নুনে হাত দিয়েছেন, গতবার হাত দিয়েছিলেন ধান এবং চালে, তখন বলেছিলেন যে ধান র দাম বাড়বে না। তারপর তিনি কয়লায় সেস বসালেন, উনি বললেন যে কয়লার দাম না।

[5-05—5-15 P. M.]

এইবারে শোনা যাচ্ছে ইণ্ডিয়ান ওয়েল, ফার্টিলাইজার কর্পোরেশন, কোল ইণ্ডিয়ার কাছ থেকে আদায় করা হবে। তিনি বলেছেন ট্যাক্স আদায় করলে নাকি ট্যাক্স কিছুই বাড়বে না। ন্ত্রী ভাল করেই জানেন এই ইণ্ডিয়ান অয়েল, ফার্টিলাইজার কর্পোরেশন, কোল ইণ্ডিয়া হচ্ছে বর্ষের জনগণের সম্পত্তি, টাটা, বিড়লা, গোয়েঙ্কার সম্পত্তি নয়, অশোক মিত্র, জ্যোতি বসুর ারী নয়। ফার্টিলাইজার কর্পোরেশন অব ইণ্ডিয়া, কোল ইণ্ডিয়া, ইণ্ডিয়ান অয়েল ভারতবর্ষের ণের সম্পত্তি, এটা বোঝা দরকার। উনি বছরে একবার করে বাজেট আনেন। আমরা সব ার, জোতদার বাড়ীর ছেলে, আর উনি ফকির হয়ে এসেছেন। স্যার, উনি হচ্ছেন বড়

জমিদার। স্যার, জমিদার বছরে একবার করে চাষীর বাড়ী বস্তা নিয়ে ধান আনতে যায়। সেখানে গিয়ে বলে এই হরে, তোকে ১ মন ধান ধার দিয়েছিলাম ১॥ মন দিতে হবে, ১০০ টাকা ধার দিয়েছিলাম ১৫০ টাকা দিতে হবে। অশোক মিত্র মহাশয় আমাদের তেমনি হরে চাষী মনে করেছেন। স্যার, এই জিনিস চলতে পারে না। অশোক মিত্র মহাশয় পশ্চিমবঙ্গের দরিদ্র, নিপীড়িত, নির্য্যাতীত মানুষের উপর অত্যাচার করার জন্যই এই বাজেট এনেছেন। আজকে ইন্দিরা গান্ধীর কথা বলছেন, কেন্দ্র দিচ্ছে না বলছেন। আপনারা সাংবিধানিক শর্ত মেনে নিয়ে নির্বাচিত হয়ে এখানে এসেছেন। নির্বাচনের আগে তো এই কথা বলেন নি—আগে বলেন নি কেন? নির্বাচনের পরে আপনারা বলছেন কেন্দ্র এই দিল না, ঐ দিল না, এই দিতে হবে, সেই দিতে হবে ইত্যাদি। আসলে উনি জানেন ওভারড্রাফট খাতা কিভাবে খুলে এসেছিলেন। এখন সেই ওভারড্রাফট সুদ সমেত শোধ দিতে হবে, সেইজন্য এই ট্যাক্স চাপাচ্ছেন, এই কথাটা উনি চেপে গেছেন। উনি বলছেন সামান্য ট্যাক্স বৃদ্ধি হয়েছে। কেউ বিহার, মহারাষ্ট্র, দিল্লী ইত্যাদি দেখিয়েছেন। আমরা জানি ভারতবর্ষে সংবিধান স্বীকৃত যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা চালু আছে এবং সেখান থেকেই উনি অর্থ পাচ্ছেন। আর সেই অর্থ অনুৎপাদন খাতে ব্যয় করছেন, উৎপাদন খাতে ব্যয় করছেন না। এইখানেই আমাদের সঙ্গে সংঘাত—আজকে উৎপাদনমুখী চিন্তাধারা সম্পূর্ণভাবে উপেক্ষিত হচ্ছে। আজকে অর্থ দরকার হলে কোথায় পাব? আজকে পশ্চিমবঙ্গবাসী খেতে না পেলে চাল, গম নিশ্চয় আসবে, পশ্চিমবঙ্গবাসীর প্রয়োজনে সিমেণ্ট, কয়লা, কেরোসিন আসবে, এটা সংবিধানসম্মত প্রশ্ন। অশোক মিত্র মহাশয়কে এটা উপলব্ধি করতে বলি যে আপনারা উকিল মানুষ, এ্যাডভোকেট লোকদের বোঝেন, উৎপাদনে ঘাটতি হচ্ছে সেটা বোঝেন না। এরা উৎপাদন বোঝে না, ধ্বংস বোঝে। ধ্বংস করছে বলেই কয়লার উৎপাদন কমেছে, সারের উৎপাদন কমেছে, কৃষির উৎপাদন কমেছে, কৃষি উৎপাদন বেশী বাড়ছে না। সেচে টাকা দেয়নি বলে পিছিয়ে গেছে। ক্ষুদ্র সেচে টাকা দেয়নি বলে পিছিয়ে গেছে। ক্ষুদ্র সেচ পশ্চিমবাংলায় নেই।

আমরা চাই মোটা ভাত, মোটা কাপড়। সেই ব্যবস্থাও এরা করতে পারে না। মন্ত্রীরা কেবল কথায় কথায় দীঘা, বকখালি যায়। মুখ্যমন্ত্রী স্বাস্থ্যোদ্ধারের জন্য ভল্লা নদীর উপর গিয়ে বসে থাকেন। সকলেই বাইরে যাচ্ছেন, এদের লজ্জা থাকা উচিত। এরা আবার গরীব লোকের সরকার বলে থাকেন। এরা গরীবের সরকার নন, জোতদার, জমিদার, চোরাকারবারীর সরকার। অশোক মিত্র মহাশয় নিজে চোরকারবারী না হলে চোরাকারবারীর মত এই রকম বাজেট এইভাবে আনতে পারতেন না। পশ্চিমবঙ্গের পাশেই বিহার, উড়িষ্যা আছে। সেখানে প্রতি বছর ট্যাক্স বাড়ছে? উনি চোরাকারবারীদের উস্কানি দিচ্ছেন। এই চোরকারবারীদের বাজেট দরিদ্র পশ্চিমবঙ্গবাসীদের কোন উপকারেই আসবে না। আমি মনে করি আজকে সঞ্চয়িতার ডিরেক্টর শম্ভু মুখার্জীকে যেমন শেষ রক্ষা করতে না পেরে আত্মহত্যা করতে হয়েছে তেমনি পশ্চিমবঙ্গবাসীকে হত্যা করার জন্য, অসৎ উপায়ে তৈরী করা বাজেটের জন্য অশোক মিত্র মহাশয়কেও আত্মহত্যা

করতে হতে পারে। শম্ভু মুখার্জির মত তাকে ৩ তলা থেকে ঝাঁপ দিতে হবে। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দেমাতরম্।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, while opposing this budget I would like to say the name of P. C. Sarkar, well known magician. You have heard and you might have seen the performance of P. C. Sarker, magician in various houses. The entire show based on untrue, unrealistic and far from truth. But after the magician's performance people came out from the house with smiling faces. But here we find the similar P. C. Sarker's performance in a different nature. This budget is far from truth and unrealistic which does not bring any smile but tears from the eyes of the people of West Bengal—throughout the whole of the State. It is different from P. C. Sarker's performance which brought smile but this budget brings tears from the eyes of the people of West Bengal. Sir, if you go through the budget you will not find any mention about greater Calcutta—C. M. D. A. area. The problems of the city's greater part—C. M. D. A. area—remain unsolved. We were given assurance that the most vital problem—the water problem of the city would be solved. But the Auckland Boosting station and Raja Subodh Mullick Square Boosting Station still remain incomplete. Crores of rupees have been spent. But the people of Calcutta are suffering from scarcity of water. Brothers and sisters living in lanes are bringing water from the pipe by their mouths. This is the state of affairs. Crores of rupees are being spent for the development of Calcutta. What is the position of garbage ? Nearly 2500 M. T. garbages are accumulated every day. Monetary assistance is being provided by the Urban Development Department of this Government to keep the greater Calcutta clean. There are nice looking lorries, but they are not being utilised for this purpose. Now I come to the drainage system. In Central Avenue i.e., Chittaranjan Avenue, the most important part of the city, often turns into a pond after a mild rainfall. The people living in those areas are the first victim as a result of the bad drainage system. For the last 7 years crores of rupees have been

spent from the national and international sources. But they have completely failed to give relief to the citizens of greater Calcutta.

Now I am coming to the transport problem. People are travelling in the buses just like animals. They come and go back in the same manner. Crores of rupees are spent for the transport but the Government failed to give minimum amenities to the travellers. Transport undertakings are running in a most uneconomic way. Though 25 employees are provided per bus but they cannot maintain the schedule number of services, whereas in the private sector with less capital and less number of employees they are maintaining their services and earning a considerable profit.

[5-15—5-25 P.M.]

They can also earn a considerable profit if they get one paise for one service. While after two years they add another one private bus. But the State Government says that they are losing. You must have to see where the wrongs are. You also know it, but you are helpness because there are political interference which you yourself have mentioned. I was listening to my friends belonging to the C.P.M Party sitting here who during the Congress Regime raised their voices against the enhancement of one paise tram fare. They started violence because they thought that it was unbearable to the people of Calcutta. But in the budget you see the poor men who are drawing rations are to pay false tax for ration because you have imposed that burden. Another things you have introduced i.e. 20% lottery tax in West Bengal. About two lakhs people are engaged in this profession. The Hon'ble Minister has given reference of Tamil Nadu that Tamil Nadu has introduced 20%. But the Minister-in-charge should know when they have introduced this on 28-1-84—what happened ? The sale of that lottery ticket came down by 90% and as a result they were unemployed. Similarly our youths who are employed numbering about 2 lakhs people earning Rs. 15/- to Rs. 20/- a day. They will also

become unemployed. You are forcing them to adopt illicit means. You are forcing them to adopt wrong paths. You are increasing the number of unemployed youths in West Bengal for your wrong budget. I do not find any remedy, Government have failed to solve the problem of unemployment. I do not find any remady. During the last seven years of your Government up to date the number of unemployed youths were increased. It will not decrease at all. It shows that the Government has failed to tackle the problem of unemployment. You could not help them, you could not assist them neither to the people who are living in the rural areas nor to the people of urban areas. To those people you could not give employment.

Last Year our Einance Minister said that in the Small Scale Industries about 2 lakhs people have got employment in various sources. May I know who gave him the figure ? I challenge it. Last year what he did for the unemployed youths ? Our unemployed youths got holidays in paying scales tax. Those who are in the CMDA got five years holiday and those who are in the rural areas outside the CMDA are got seven years holiday. During those holidays period they try to stand on their own feet. But now you have reduced it by two years making five years for the rural people and three years for the people of CMDA area, and then you have lamented that there is evasion of taxes. The entire money you are going to distribute through administrative and various other channels. There are IPS Officers who say that there is regular interference by the Home Political Department. You yourself has said that there is evasion of sales tax and there is evasion of income tax which show that your administration has failed to realise taxes. It is a complete failure of your administration. You have accepted manipulation and evation of taxes. Then where is your administration. You yourself has said that about 40% of the registered motor vehicles of your State are not paying their taxes. They are defaulters. They are not

paying taxes. Then how are you running the administration. Where is the administration. There is no administration and there is no law and order. The crime and the criminals are spreading in such a fast way as if the mosquitos are spreading in a bloody water and in the dustbins. Then how do you expect the employment would increase, So it is your own acceptance that you have failed.

How can we say that this Budget is the peoples budget. This is not peopls budget. This is an ante peoples budget. It has no realistic attitude. It is far from the truth. It shows itself truth, just magician P. C. Sarkar, shows himself truth. This budget is just like the magic of P. C. Sarkar. It is dangerous budget. So, I would once request the Hon'ble Finance Minister to eradicate corruption and nepotism first. At every stage, there is corruption. At every stage, there is nepotism. If this is the case, then how it can be a peoples budget. With these words, for the interest of the people, I am strongly opposing this Budget.

শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ অনারেবল স্পীকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় যে বাজেট উপস্থাপিত করেছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্যের পরেপ্রেক্ষিতে দু' একটি কথা এখানে উপস্থাপিত করতে চাই। প্রথমত আমরা জানি এখানে যে বাজেট উপস্থাপিত হয় সেই বাজেটকে বিরোধী পক্ষ গ্রহণ করেন না, তাঁরা তার বিরোধিতা করেন এবং সরকার পক্ষ তাকে সমর্থন করেন, এই রীতি-নীতিই এখানে চলে আসছে। কিন্তু তা সত্বেও আমি আজকেবিরোধী পক্ষের সদস্য শ্রী সুব্রত মুখার্জীর বক্তৃতার মধ্যে শুনলাম — এখানে আজকে যাঁরা উপস্থিত আছেন, তাঁরা সবাই শুনেছেন—তিনি আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বক্তব্যের কিছু কিছু পয়েন্ট এ্যাকসেপ্ট করছেন। কতগুলি ক্ষেত্রে তিনি বললেন, হ্যাঁ, এই বিষয় গুলি নিয়ে আলোচনা হওয়া উচিত। তিনি ষ্টেট সেন্টার রিলেসনের প্রশ্নকেও বাদ দিয়ে যেতে পারেননি। অথচ তিনি তাঁর বক্তৃতা শেষ করার সময় বললেন, আমি বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি। উনি বললেন এই বাজেট দেউলিয়া বাজেট, রাজ্য দেউলিয়া হয়ে যাবে। আমি ওঁকে জিজ্ঞাসা করছি, গোটা রাজ্য যদি দেউলিয়া হয়ে যায় তাহলে উনি থাকবেন কোথায় ? পশ্চিমবঙ্গে তো থাকবেন না, অতচ দিল্লীতেও ওঁর অবস্থা ভাল নয়, কারন দিদিমনির ভাল নজরে নেই। সুতরাং থাকবেন কোথায় ? আমরা বিশ্বাস করি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তৈরী হওয়ার পরে

যেভাবে পশ্চিমবঙ্গের অর্থনীতিকে তৈরী করার চেষ্টা চলছে, ওঁদের সৃষ্টি দেউলিয়া ব্যবস্থার মধ্যে দিয়ে যেভাবে পশ্চিমবাংলার জনসাধারণকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা চলছে তা জনসাধারণের সামনে পরিষ্কার-ভাবে বলা দরকার। আমরা জনসাধারণকে বলতে চাইছি যে, এই অবস্থার মধ্যে দিয়ে যা যা করা প্রয়োজন এবং সম্ভব তা তা আমরা করবার চেষ্টা করে চলেছি। সুতরাং বাজেটের মধ্যে দিয়ে কতটুকু আমরা করতে পেরেছি, কতটুকু করতে পারছিনা, কতটুকু করতে পারবনা সমস্ত কিছু পরিষ্কার করে বলার দরকার আছে। সেই কথা গুলিই আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। এর দ্বারাই প্রমান হয় যে, জনসাধারণকে আমরা অন্ধকারে রাখতে চাই না। আমরা জানি কিছু কিছু সেক্টরে আমাদের লোকসান হচ্ছে। সি. এস. টি. সি'তে আমাদের লোকসান হচ্ছে, দুগ্ধ সরবরাহ প্রকল্পে আমাদের লোকসান হচ্ছে। কিন্তু এই লোকসান কেন হচ্ছে? ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পযন্ত সি. এস. টি. সি' তে তখন যাঁরা ক্ষমতায় ছিলেন তাঁরা যেভাবে পরিচালনা করেছিলেন -'৭২ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত যেভাবে পরিচালনা করেছিলেন—তাতে কারো ইঙ্গিতে ১০,০০০ মানুষকে সেখানে কাজে ঢুকিয়ে দেওয়া হয়েছিল। এর ফলে সেই চাপ পশ্চিমবাংলার গোটা অর্থনীতির ওপর এসে পড়েছে। অথচ আমরা সেই সমস্ত কর্মীদের কাউকে ছাঁটাই করিনি। সে সময়ে রিক্রুটমেণ্ট পলিসি কি ছিল? ওঁরা আজকে বলছেন পশ্চিমবাংলার অর্থনীতি শেষ হয়ে গেছে। তাই যদি গিয়ে থাকে, তাহলে ওঁরা ওঁদের ঐসব কাজকর্মগুলি বিচার বিবেচনা করে দেখুন। কোন জায়গায় কোন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এর নির্দেশ কি মানা হত? সে সময়ে আমরা দেখেছি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এর সামনে গিয়ে প্রকাশ্যভাবে মস্তানি করে মস্তানদের চাকরি দেওয়া হয়েছিল। এই কথাও আজকে পরিষ্কারভাবে এই বাজেটের মধ্যে বলা আছে যে, আমরা শুধু মাত্র সরকারী ক্ষেত্রেই নয় বেসরকারী সংস্থাগুলিকেও বলেছি, তোমরা যদি আমাদের কাছ থেকে লোন স্যাংসন করাতে চাও, লোন নিয়ে শিল্পে বা ব্যবসায় বিনিয়োগ করতে চাও, তাহলে তোমাদের সংস্থায় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এর মাধ্যমে লোক নিয়োগ করতে হবে।

[5-25—5-35 P. M.]

এতদিন পর্যন্ত তাঁরা কিছু পারস্যু করেননি। এই অবস্থা কোথায় আছে সেটা কি একবার চিন্তা করেছেন? ভেবেছেন ল্যাণ্ডের কথা? বর্গাদার এবং পাট্টা হোল্ডাররা কবে কোথায় শুনেছেন যে বর্গাদাররা ব্যাঙ্ক থেকে লোন পায়, পাট্টা হোল্ডাররা ব্যাঙ্কের কাছ থেকে লোন পায়। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এইসব জিনিস আমরা ভাবতে পারি না। ডঃ অশোক মিত্র প্রথমেই বলেছেন "Land reform and irrigation measures have made a significant impact on the output of non-food grain crops too." সুতরাং অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা আজকে দেখতে পারছেন। আজকে যারা ক্ষেতমজুর তাদের বাড়ীর কান্না, তাদের বাড়ীর ছেলেরা আজকে খেতে পায় না, স্কুলে যেতে পায় না. আজকে তাদের বাড়ীর ছেলেরা যখন

ঘুরে ঘুরে ভিক্ষা বৃত্তি করতে কলকাতায় চলে আসছে, তাদের ব্যথা-বেদনার কথা কখনও শুনেছেন? শোনেননি যদি শুনতেন তাহলে আমি রেফার করতে পারি ১৯৭৫ সালে বিভিন্ন জায়গায় যখন বন্যা হয়েছিল তখন হাজার হাজার মানুষ কলকাতার রাজপথে ভিক্ষা বৃত্তি করতে চলে এসেছিল। আর ১৯৭৮ সালে যখন বন্যায় সমস্ত ডুবে গিয়েছিল এবং এই শতাব্দীতে যখন ভয়ঙ্কর খরা গেল আপনাদের শত প্রচেষ্টা সত্ত্বেও, অনেকের চক্রান্ত সত্ত্বও কলিকাতার বুকে একটাও ভুখা মিছিল করতে পারেননি। আপনারা কোন কোন সংবাদপত্রে বলেছিলেন ১৯৭৮ স্যালে যে বন্যা হয়েছে সেই বন্যায় অসংখ্য মানুষ লক্ষ লক্ষ মানুষ কলকাতার রাজপথে ভরে যাবে। কিন্তু আপনাদের সেই সমস্ত চক্রান্ত ব্যর্থ হয়ে গেছে। কলকাতার দিকে মানুষ আসেনি। যে যেখানকার মানুষ সেখানেই ছিল। তাদের পুনর্বাসনের কাজ করে দেওয়া হয়েছে, স্কুল বিল্ডিংস, বাড়ী তৈরী করে দেওয়া হয়েছে। জমি থেকে বালি সরিয়ে সেই জমিকে ফসলের উপযুক্ত করা হয়েছে। সুতরাং বামফ্রন্ট সরকারের প্রচেষ্টা ছিল বলেই সেই কাজ তরান্বিত হয়েছে। ইকোনমিক রিভিউ আপনারাও পড়েছেন আর আমরাও পড়েছি। আপনারা কি করেছেন? আমরা হসপিটাল ক্লিনিক কটা করেছি আর আপনারা কটা করেছেন সেটা দেকুন। ১৯৭০ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত আপনারা টোটাল করেছেন—১৯৭০ সালে ২২৪১ আর ১৯৭৬ সাল অর্থাৎ ১৯৭৭ সালের ৫ মাস পর্যন্ত যে সময়ে আপনারা চলে গেলেন সেটা হচ্ছে ২৩৩৪। আর আমরা ওখান থেকে ষ্টার্ট করে ১৯৮২ সাল পর্যন্ত করেছি (১৯৮৩ সালের রিপোর্ট এখনও আসেনি) ২৮৫৬। সুতরাং আমরা কি তাহলে কোন ভাল কাজ করিনি? এবার স্কুলের ক্ষেত্রে আসি। ১৯৬৬-৬৭ থেকে ধরুন, হাই এ্যণ্ড হায়ার সেকেণ্ডারী স্কুল ছিল ৩৪২৫। আর আপনারা যখন ছেড়ে গেলেন অর্থাৎ পশ্চিম-বাংলার জনগণ যখন আপনাদের বিদায় দিলো অর্থাৎ আমরা যখন এলাম তখন এই স্কুলের সংখ্যা বেড়ে গিয়ে হলো ৫৪৩৪ আর প্রাইমারী এ্যণ্ড জুনিয়ার বেসিক স্কুল হলো ৪৮,৮৯১। সুতরাং আপনারা যে বলছেন আমরা স্কুল করিনি, বিল্ডিং করিনি, রেট অফ প্রগ্রেসান দেখে নিশ্চয়ই বুঝতে পারছেন। আমরা ৮ হাজার স্কুল তৈরী করেছি। আমরা গ্রাণ্ট দিয়েছি যেখানে যেখানে বন্যায় ধ্বংস হয়ে গিয়েছিল সেখানে সমস্ত স্কুল বিল্ডিং তৈরী করা হয়েছে। এটা একটা বিরাট পদক্ষেপ শিক্ষার ইতিহাসে। কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে কত টাকা দিয়েছেন অর্থাৎ কত পারসেন্টিজ ব্যয় করেন আর আমাদের বামফ্রন্ট সরকার তার এই আর্থিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে কত পারসেণ্ট ব্যয় করেন সেটা আপনারা নিশ্চয়ই জানেন।

আপনারা এটা নিশ্চয়ই জানেন, সব কিছু গোপন করে আপনারা এই কথা বলছেন যে এই সরকার দেউলিয়া। তা দেখুন, এই দেউলিয়া অবস্থার মধ্যে দিয়েও আমরা কোথায় এসে দাঁড়িয়েছি। আপনারা বলছেন ট্যাক্সের কথা, যাত্রাতে কেন ট্যাক্স বসানো হল? যাত্রার যে সমস্ত পার্টি আছে ঐ নট্ট কোম্পানী থেকে আরম্ভ করে ছোট-খাট যে পার্টি আছে এক এক নাইটে

তাদের কত রেট ? ঐ নট্ট কোম্পানী ৩০ হাজার ৪০ হাজার টাকা নিয়ে থাকে। শিশিরবাবু ভাল করেই জানেন, ওঁদের ওখান থেকেই নট্ট কোম্পানী ৪০ হাজার টাকা নিয়ে গেছেন, আর উনি টিকিট সেল করেছেন প্রায় ১ লক্ষ টাকার। কুরুক্ষেত্রে কৃষ্ণ বইয়েতে। ৪০ হাজার টাকা প্রতি নাইটে তারা পায়, আর আমরা সেজন্য রেভিনিউ বাবদ যদি সামান্য কিছু চাই তাহলে আপনারা বলবেন গরীব মানুষ যাত্রা উপভোগ করে, আমোদ প্রমোদ করে, তারজন্য সমস্ত ট্যাক্স বেহাই দিতে হবে। এ জিনিস চলতে পারে না। ধনী মানুষেরা সব যাত্রা করছে সেখানে যদি কিছু ট্যাক্স করা হয় তাহলে অপরাধটা কি হয়েছে ? গরীব ক্ষেত মজুররা যে দাবীগুলি করেছে তাদের সেই দাবীগুলি বামফ্রন্ট সরকার স্বীকার করে নিয়েছেন। এ সব জিনিষের দিকে নজর না দিলে, হাসপাতাল হবে না, আনুসাংগিক ডেভালাপমেণ্ট হবে না। ৫০ ভাগ কৃষি উন্নয়ন হয়েছে, ৫০ ভাগ যে জমি সেই জমিতে ডবল ক্রপিং আমরা করব, এই ডবল ক্রপিংয়ের কথা নির্বাচনের আগেই ঘোষণা করা হয়ে ছিল। আমাদের যে বুকলেট, ইস্তাহার তাতেই আমরা বলেছি। ৫০/৬০ বছর হয়ে গেল মজা খাল সংস্কার করা হয়েছে। আজকে দেখুন সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে এক একটি কনষ্টিটিউয়েনসিতে, থানা এলাকায় ১০০ কিলোমিটার খাল করা হচ্ছে। কিসের জন্যে, কাদের জন্যে ? সেখানে জল প্রিজার্ভ করে, সুইট ডিষ্টিলড ওয়াটার প্রিজার্ভ করে সেখানে চাষ চলছে, দেখে আসবেন, বিস্তীর্ণ অঞ্চলে সেই ব্যবস্থা চলছে। তারপর পশ্চিমবঙ্গের সংস্কৃতির কথা বলছেন, সুব্রতবাবু সংস্কৃতির কথা বলছেন, ঐ সুব্রতবাবুরা সংস্কৃতিকে কোন পথে নিয়ে গিয়েছিলেন ? উনি রবীন্দ্রসদনে সংস্কৃতির পবিত্র বেদীমূলে, সেই মঞ্চে গিয়ে কি কেলেংকারী করেছিলেন, যে জন্য সকলেই ধিক্কার জানিয়েছিল—জানিনা কি করেছিলেন—তা আজকে বলছেন সংস্কৃতির কথা কোথায় সংস্কৃতিকে নিয়ে গিয়েছিলেন ? ১৯৭৭ সালের আগে সংস্কৃতিকে কাদের হাতে তুলে দিয়েছিলেন ? সমস্ত বিষয়েই সংস্কৃতির অবমাননা করেছিলেন আমাদের যে সমস্ত প্রভিসনগুলি আছে বিভিন্ন যে সমস্ত সংগঠনগুলি আছে তাদের সাহায্যের ব্যবস্থা করা হচ্ছে ঐ সংস্কৃতিকে রক্ষা করার জন্য। তারপর বেকারদের কথা বলছেন, আমরা চাকুরি দিতে পারিনি। বেকার, বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে ? ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্য্যন্ত যদি আপনারা চাকরি তাদের দিতে পারতেন তাহলে আজকে বামফ্রন্ট সরকার আসত না, আপনারাই সব সময়ে থাকতেন। কাজেই ইট ইজ ইওর ফেলিওর। পারবেন না, এই অর্থনৈতিক অবস্থার মধ্যে যুগ যুগ থাকলেও শতাব্দীর পর শতাব্দী থাকলেও আপনারা বেকার সমস্যার সমাধান করতে পারবেন না এবং সেজন্যই আমরা এসেছি এবং আমাদের দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা বলছি—ফাইনানস মিনিষ্টার মহাশয় ওপন চ্যালেঞ্জ করেছেন, পেজ নম্বর সিক্সে বলেছেন The national planning authorities, I respect to say, are seemingly unaware of these factors, or incapable of suggesting remedies for them. We have repeatedly drawn their attention to the interregional and inter-state disparities in the investments undertaken either directly by the Union

Government or by the public financial institutions, as also in the advances made by the commercial banks.

[5-35—5-45 P.M.]

আসুন, একবার ডিবেট হোক। সারা ভারতের সমস্ত অর্থনীতিবিদ্‌দের ডেকে এনে ডিবেট হোক! এত বড় চ্যালেঞ্জ আমি নিচ্ছি, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তৃতা দিয়েছেন তার উপর। আবারও বলছি, আসুন—ডিবেট হোক, হেরে যাই যাবো। আমি বলি উই আর অন দি উইনিং সাইড। ওরা নিজেদের দোষ এখানে খণ্ডন করতে পারেননি। লস্ সম্বন্ধে মাননীয় অর্থমন্ত্রী শেষ পাতায় যা বলেছেন সেটা ভেরী গ্যালার্মিং। সেখানে তিনি বলেছেন—"স্যার, I have about ended. The comming year, indications suggest, is going to be unquist one for the nation." আর এটা নট ফর ওয়েষ্ট বেঙ্গল। এগুলো বোঝার চেষ্টা করুন! ভারতের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা অত্যন্ত সময় উপযোগী এবং জনগনের সামনে এর চেয়ে বড় গর্ব আর নেই—এই কথা বলে বাজেট বক্তৃতাকে তথা বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রবোধ পুরকাইত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, তার উপর কয়েকদিন ধরে আলোচনা চলছে। সরকার পক্ষ এবং বিরোধীপক্ষের বহু মাননীয় সদস্য এর উপর আলোচনা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট বক্তৃতা দিয়েছেন এরমধ্যে দিয়ে তিনি পশ্চিমবাংলার যে অর্থনৈতিক চিত্র তুলে ধরেছেন, তার মধ্যে সাধারণ মানুষের আশা-আকাঙ্খা পরিপূরণের কোন চিত্র আমরা দেখতে পাচ্ছি না। এই বিবৃতি, আমি মনে করি, সরকারের একটি ব্যর্থতা এবং সেই ব্যর্থতা ঢাকবার জন্য তিনি প্রয়াস চালাচ্ছেন। একদিকে নিজেদের ব্যর্থতা ঢাকবার চেষ্টা করেছেন, অপরদিকে পশ্চিমবাংলার সাধারণ মানুষকে ৭৫ কোটি টাকার নতুন করের বোঝা চাপিয়েছেন। যা নিয়ে সাধারণভাবে বহু বিতর্কের অবতারণা হয়েছে। আমি শুধু একটি কথা বলতে চাই—বামফ্রন্ট সরকার নিজেদের গরীবের সরকার বলেন, বলেন যে তাঁরা সাধারণ মানুষের আশা-আকাঙ্খা পরিপূরণ করছেন। কেন্দ্রে কংগ্রেস সরকার, পুঁজিপতি শ্রেণীর সরকার ক্ষমতায়। তাঁরা একদিকে কর, দর, মূল্যবৃদ্ধি এবং মুদ্রাস্ফীতির দ্বারা দেশের জনজীবনে একটা নৈরাজ্য সৃষ্টি করেছেন, সাথে সাথে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কেন্দ্রের সঙ্গে সমানতালে পা ফেলে প্রতিযোগিতা করে এই করের বোঝা সাধারণ মানুষের উপর চাপাচ্ছেন। আজকে এমনভাবে বাজেট রচনা করা হয়েছে যে বাজেটের মধ্যে দিয়ে দেখতে পাচ্ছি সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে দুঃখ দুর্দশাই বাড়বে। এঁরা কর ধার্য করেছেন ৭৫ কোটি এবং সেই কর তুলবার জন্য চায়ের উপর, গুড়ো দুধের উপর, সারের উপর কর ধার্য করেছেন। এইভাবে ৭৫ কোটি টাকা কর তুলবার চেষ্টা করেছেন। ওঁরা বলছেন এই করের ফলে সাধারণ মানুষের দুঃখ-

দুর্দশা বাড়বে না। আমি একটি কথা বলতে চাই, ওরা গরীব মানুষের কথা বলেন। কিন্তু পশ্চিম-বাংলা কৃষি-প্রধান দেশ। কৃষির সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দেশের ৮০ ভাগ মানুষ জড়িত। আজকে ক্ষেতমজুর, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। কিন্তু আজকে সেই ক্ষেতমজুরদের মজুরীর হার এই বামফ্রন্ট সরকার কিভাবে নির্ধারিত করেছে দেখন। আমি শুধু ১৯৮৩-৮৪ সালের হিসাব দিচ্ছি ২৪ পরগণা জেলায় ৮·৭১ টাকা, নদীয়ায় ৬·৩৩ টাকা, মুর্শিদাবাদ জেলায় ৮·৭০ টাকা—এই হচ্ছে ক্ষেতমজুরদের মজুরীর হার।

ক্ষেত মজুরদের জন্য আইন করে তাদের মজুরী দেবার ব্যবস্থা আছে। তার পরিমাণ হলো ১৩·৯০ টাকা। প্রতিটি ব্লকে এই ক্ষেত মজুরদের মজুরী নির্ধারণ করবার জন্য ইন্সপেক্টর আছে। এই সরকার ৭ বছর ধরে ক্ষমতায় আছে। ক্ষেত মজুরদের জীবন সব থেকে দুর্বিসহ, সেই ক্ষেত-মজুরদের মজুরী বৃদ্ধি করার জন্য এই সরকার কার্যত কোন ব্যবস্থাগ্রহণ করেনি। এটা বোঝা গেছে যে গ্রামাঞ্চলে যে সমস্ত ধনী চাষী এবং জোতদার আছে তাদের স্বার্থের কথা চিন্তা করে এই কাজ তারা করছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় গ্রামাঞ্চলে যে সমস্ত ক্ষেত মজুর আছে তাদের নিয়ে সংগঠিত আন্দোলন করা দরকার সেটা করছে না। বামফ্রন্ট সরকারের যে সমস্ত শরিক দল আছে, মাঝে মাঝে লক্ষ্য করা যায় ধান কাটার মরসুমে ক্ষেত মজুরদের নিয়ে কাগজে কলমে একটা ধর্মঘট করে। কিন্তু প্রকৃত ক্ষেতমজুরদের নিয়ে মজুরী বৃদ্ধি করার জন্য যে সংগ্রাম, যে লড়াই করা দরকার সেটা ওরা করে না। তারা ধনী চাষী এবং জোতদারদের স্বার্থের কথা চিন্তা করে সেই আন্দোলন গড়া হবে না। অপর দিকে বলেন যে কেন্দ্রীয় সরকার অসহযোগিতা করছে। সেই জায়গায় দেখতে পাচ্ছি কেন্দ্র কর এবং জিনিষের মূল্য বৃদ্ধি ঘটিয়ে যাচ্ছে। একটার পর একটা জনবিরোধী নীতি তারা গ্রহণ করছে। এখানে এই সরকার বলছে যে কেন্দ্রীয় সরকার যে সমস্ত কর আদায় করে তার থেকে এদের বঞ্চিত করা হচ্ছে, ভাবতে আশ্চর্য্য লাগে এদের আন্দোলনের মানটা কোন জায়গায় যাচ্ছে। তাই এরা বলছে যে জন বিরোধী নীতির মধ্যে দিয়ে যে কর আদায় করা হচ্ছে তার থেকে ৪০ ভাগ যদি এরা পায় তাহলে এই সরকারের আর কিছু প্রয়োজন নেই। যে নীতির মধ্যে দিয়ে কর আদায় করুক না কেন সেই লুটের বখরা এই দুই সরকার নিতে চাইছে। এই হচ্ছে এই সরকারের অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেস করেছেন, এই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার জন-জীবনে কোন উন্নতি হবে না। এবং এর মধ্যে দিয়ে যে ৭৫ কোটি টাকার কর ধার্য করা হয়েছে তাতে পশ্চিমবাংলার জন-জীবন অতিষ্ট এবং দুর্বল হয়ে পড়বে। তাই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেস করেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅবন্তী মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ এনেছেন আমি তার বিরোধীতা করছি। তার কারণ উল্লেখ করার আগে আমি একটি কথা এই

হাউসের সামনে তুলে ধরছি। গত ৯ই মার্চ মাননীয় অর্থমন্ত্রী বাজেট বরাদ্দ আনার পর তাঁর বাজেট বিবৃতি বই তিনি সেই দিন এই হাউসে বিতরণ করতে পারেন নি। দুর্ভাগ্যের বিষয় গত ৯-৩-৮৪ তারিখে এই বিধানসভায় আমরা উপস্থিত ছিলাম না। এই বাজেট বরাদ্দের বিরোধীতা করতে কেন দাঁড়িয়েছে তার কারণগুলি আমি উল্লেখ করছি। একটা প্রবাদ বাক্য আছে—"যে ছেলেকে কুমিরে খায় তার মা ঢেঁকি দেখলে ভয় পায়।" ৭৫ কোটি টাকা করের বোঝা এই অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গবাসীদের উপর চাপাতে চেয়েছে। এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় যে ভয়াবহ অর্থ সংকট সৃষ্টি করেছেন সেই অর্থ সংকট মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গবাসীদের উপর ৭৫ কোটি টাকা কর চাপাতে চেয়েছেন। কিন্তু কেন এই অর্থ সংকট সৃষ্টি হয়েছে তার কারণ এই বাজেট বিবৃতির মধ্যে নেই।

[5-45—5-55 P. M.]

পশ্চিমবঙ্গে আজ অর্থ সংকট সৃষ্টি হয়েছে। অর্থ সংকট সৃষ্টি করেছেন আপনারাই পরিকল্পনা বহির্ভূত খাতে—শুধু বেকারভাতা, নিজের দলের কর্মীদের চাকুরী দিয়ে বহুলাংশে টাকা আপনারা খরচ করেছেন। সরকারী বেঞ্চে বসে সদস্যরা আজ চীৎকার করতে পারেন—আমি তাঁদের এ বিষয়ে ভেবে দেখতে অনুরোধ করছি। গত পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যে টারগেট ছিল, সেই টারগেট অনুযায়ী টাকা আপনারা খরচ করতে পারেন নি। সেই টারগেটে পৌছুতে আদৌ পারবেন কিনা একটু ভেবে দেখুন। আমি পরিসংখ্যান তুলে ধরছি। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রাথমিক স্তরে টারগেট ছিল ৮১ লক্ষ ৬৯ হাজার টাকা। ১৯৮০-৮১, ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩-তে ৫ লক্ষ ৩৪ হাজারে পৌছেছেন। বিগত দু বছরে ছিল ১২ লক্ষ ৩৬ হাজার টাকা। যে সংখ্যায় পৌছানো দরকার, তাতে পৌছুতে পারবেন কিনা সন্দেহ দেখা দিয়েছে। যে টারগেট বা লক্ষ্যমাত্রা স্থির আছে, তাতে পৌছুতে পারবেন কিনা সন্দেহ দেখা দিয়েছে। শুধু দলের লোকদের পোষণ করবার জন্য টাকা খরচ করতে পারবেন। এই নজির আপনারা দেখিয়েছেন। এই ৬ স্থাতে আবার আপনারা ৭৫ কোটি টাকার নতুন কর পশ্চিম বাংলার মানুষের উপর চাপাতে চাইছেন। এতে মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে যে, এই টাকা আপনারা খরচ করতে পারবেন কিনা। করের বোঝা চাপানোর একমাত্র উদ্দেশ্য হচ্ছে দলের যাতে শক্তি বৃদ্ধি পায়, দলের যাতে কল্যাণ হয় এবং দলের লোকেরা যাতে টাকা আত্মসাৎ করবার সুযোগ পায় সেই দিকে লক্ষ্য রাখা। এই নজির পঞ্চায়েতের মাধ্যমে টাকা খরচ করার সময়ে আপনারা দেখিয়েছেন। বহু টাকা সেখানে আত্মসাৎ করা হয়েছে। আশা করি, একথা অস্বীকার করবেন না। কয়েকটি এই ধরণের নজির আমি ইতিপূর্বে এখানে রেখেছিলাম এবং তদন্ত করার অনুরোধ করেছিলাম। তদন্ত যদি করে থাকেন, তাহলে আমার বক্তব্যের যথার্থতা আছে কিনা প্রমাণ হয়ে যাবে। কিন্তু সেই সাহস পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের নেই। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রের যোজনা পর্ষদ রাজ্যের সঙ্গে আলোচনা করে ৩৫০০ শত কোটি টাকা ধার্য করেছিলেন।

এর মধ্যে কেন্দ্র দিয়েছিলেন ৬৮০ কোটি টাকা। বাকি অর্থ সম্পদ ও অন্যান্য সূত্র থেকে আসার কথা। কিন্তু ১৯৮৩-৮৪-র আর্থিক বছর পর্যন্ত দিয়েছে মাত্র ৭১৮ কোটি টাকা। এছাড়া ওভারড্রাফটের বোঝা ঠেকাতে কেন্দ্র ১৯৮২ সালে পশ্চিমবঙ্গকে বিশেষ ঋণ হিসাবে দিয়েছে ৩৪০ কোটি টাকা। পরিকল্পনা খাতে রাজ্যের নিজস্ব আদায় থেকে রাজ্য সরকার খরচ করেছেন ১৫৩৯ কোটি টাকা।

এর দ্বারা প্রমাণিত হচ্ছে ৭৫ কোটি টাকা চাপালে এবং এই টাকাটা রাজস্বে এলে তার বহু টাকা দলীয় শক্তি বৃদ্ধির জন্য খরচ করবেন। দেশের যাতে উন্নয়নমূলক কাজ হয় তা তাঁরা করবেন না। তার জন্য তাঁরা পূর্বে যে সমস্ত দৃষ্টান্ত স্থাপন করেছেন তা থেকে দেশের সাধারণ মানুষ এদের চরিত্র সম্পর্কে ভালভাবে বুঝতে পেরেছেন। তাই অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করছি। বন্দেমাতরম্।

37th Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 37th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber to-day and recommended the following revised programme of business for the 22nd March, 1984 and programme of Business from the 23rd March to the 27th March, 1984.

Thursday, 22-3-1984 (i) Motion for Vote on Account.

(ii) (a) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notices given by Shri Suniti Chattaraj, Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra.

(c) The West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984 (Consideration and Passing) —1 hour.

(iii) The West Bengal Court-fees (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iv) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing) —1 hour.

(v) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1 hour.

Friday, 23-3-1984 : (i) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—15 minutes.

(ii) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1984 (Introduction, Consideration and Passing)—1½ hours.

(iii) (a) The Lumbini Park Mental Hospital Acquisition Bill, 1984 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra.

(c) The Lumbini Park Mental Hospital Acquisition Bill, 1984 (Consideration and Passing)—1 hour.

(iv) (a) The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1984 (Introduction).

(b) Discussion on Statutory Resolution—Notices given by Shri Fazle Azim Molla, Shri Satya Ranjan Bapuli and Shri Kashinath Misra.

(c) The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1984 (Consideration and Passing)—1 hour.

Monday, 26-3-84 :

(i) Demand No. 18 (252—Secretariat—General Services)

(ii) Demand No. 19 (253—District Administration)

(iii) Demand No. 3 (213—Council of Ministers) —4 hours.

(iv) Demand No. 27 (265—Other Administrative Services)—½ hour.

Tuesday, 27-3-84 :

(i) Discussion and Voting on Demands for Supplementary Grants for 1983-84 —2 hours

(ii) Demand No. 74 [363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)]

(iii) Demand No. 26 (260—Fire Protection and Control)

(iv) Demand No. 40 (284—Urban Development, 484—Capital Outlay on Urban Development, and 684—Loans for Urban Development)—3 hours

(v) (a) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Blll, 1984 (Introduction)

(b) Discussion on Statutory Resolution—Notice given by Shri Kashinath Misra.

(c) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1984 (Consideration and Passing)—½ hour

There will be no question for Oral Answers on the 27th March, 1984.

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমার একটা এমেণ্ডমেণ্ট আছে। স্যার, আপনি ওয়েষ্ট বেঙ্গল য়্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর ভোট অন একাউণ্টের মাত্র ১৫ মিনিট সময় দিয়েছেন। আমি মনে করি এটা আনজাষ্ট হয়েছে।

মিঃ স্পীকার ঃ ভোট অন একাউণ্টের উপর য়্যাপ্রোপ্রিয়েশান বিলে এটাই নিয়ম। এটা মুভ করতে হবে, ভোট করতে হবে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আজকে মিনিষ্টার লাষ্ট স্পীকার। এই প্রথা আপনি চালু করছেন। পুরো বাজেটের সবটা আসছে না।

Mr. Speaker : Dr Abedin, for the first time in the last session a Vote on Account was moved. You know this is the customary practice in the Lok Sabha to move a Vote on Account. It is also followed in Maharashtra and in other States. I had been in the Lok Sabha and Maharashtra last year to understand this procedure. It was the procedure that had been adopted in the last year that there would be no discussion on the Vote on Account of the Appropriation Bill because you will get the whole budget to discuss.

[5-55—6-05 P.M.]

Dr. Zainal Abedin : Minister-in-charge will give his reply to us on this apprehension we can raise it.

Mr. Speaker : It is not the custom anywhere in India. neither in Lok Sabha nor in any other State Legislature.

Dr. Zainal Abedin : Then why have you allotted 25 minutes' time ?

Mr. Speaker : You will have to be given time for that. If it requires three minutes' time how can I give you more time ?

Dr. Zainal Abedin : While 15 minutes' time has been allowed we assume that you have given me this time for explaining something.

Mr. Speaker : No no. Nothing is to be explained. Dr. Abedin, if you explain this thing you will have to make a discussion, and then I will have to extend the time. If there is no explaination there is no problem. This is not a convention anywhere in India. A 'Vote on Account' is moved without any debate.

Dr. Zainal Abedin : Sir, again you are deviating from past practice when you say that I cannot discuss.

Mr. Speaker : No question of deviation from past practice. Last time, the Vote on Account was moved. For the first time, in the last session, a Vote on Account was moved. You know it is the customary practice in the Lok Sabha to have Vote on Account, It is also in Maharashtra and other States. I had been to the Lok Sabha and Maharashtra last year to understand this procedure and found that it is the procedure that has been adopted. Last time also it was adopted, and this time there will be no discussion on Vote on Account or on the Appropriation Bill of Vote on Account because you will get the whole budget discussion.

Dr, Zainal Abedin : Sir, may I submit that if you are going to follow this why do you deprive us of the chance of asking some questions after

the Calling Attention notice is replied by the Hon'ble Minister. Don't you deny us ? If you copy the Lok Sabha procedure in the case of Vote on Account then why do you deprive us from questioning after the reply is given by the Minister in change in mattsrs of Calling Attention ? You are the Chairman of Rules Committee. Why do you not amend the rules then ?

Mr. Speaker : You give a proposal. Your member is there. This matter has not been raised. So, no further debate on this issue is allowed. If you want any amendment you can move your amendment and I will put it to vote. Now the Ministet in charge of Parliamentary Affairs will move the motion for acceptance of the House.

Dr. Zainal Abedin : Discussion on Supplementary ৩৩ শো কোটি টাকার জন্য আমরা ২০ দিন সময় পাই, আর এখানে আপনি ৬২৪ কোটি টাকার জন্য ২ ঘণ্টায় শেষ করতে চাইছেন। আমরা অন্ততঃ এরজন্য পুরো একটা দিন পাই।

Mr. Speaker : Aut your representative was there in the Committee.

Dr. Zainal Abedin : No Sir this is not the custom.

Mr Speaker : Na question of custom. In the Business Advisory Committee your representative was there and he agreed to it.

Dr. Zainal Abedin : As our representative was there do you forfeit my right to move ?

Mr. Speaker : I do not forfeit your right of moving amendment. But with regard to your earlier question I may say that this is not the parliamentary procedure.

Dr. Zainal Abedin : It is the practice that the supplementary budget should be discussed for a full day.

Mr. Speaker : Then please give your amendment.

Dr. Zainal Abedin : I have submitted it to you, and now it is upto you to Decide.

Mr. Speaker : So, you do not move your amendment. Now the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs will move the motion for acceptance of the House.

শ্রীপতিতপাবন পাঠক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৭তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় উপস্থাপিত করছি।

মিঃ স্পীকার ঃ আমি আশা করছি সভায় এটা গৃহীত হল।

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনদিন ধরে ৩১ জন মাননীয় সদস্য বাজেটের উপর আলোচনা করলেন। আমি অত্যন্ত মনোযোগ সহকারে, শ্রদ্ধা সহকারে প্রত্যেকটি বক্তব্য শুনেছি। আমাদের তরফ থেকে যাঁরা বলেছেন তাঁরা বিরোধী সদস্যদের কিছু কিছু প্রশ্নের জবাব দিয়েছেন, আমি আমার সাধ্যমত আরো কিছু জবাব দেওয়ার চেষ্টা করব। একটা জিনিস আমাকে বলতে হয়, বিরোধীদের তরফ থেকে এতজন সদস্য বললেন কিন্তু প্রধানতঃ তা হল পুনঃপৌনিকতা, খুব বেশী নতুন কথা কেউ বললেন না। সেটা আমার দিক থেকে আক্ষেপের, কারণ যদি নতুন কথা শোনা যায় তাহলে মনটা সতেজ হয়! এটা এই বছরে আমি লক্ষ্য করলাম কংগ্রেসের ছয়ের যে পার্টি আছে এখানে এস ইউ সি, তাঁরা একটা ছুটো কথা অন্যান্য বার কংগ্রেস থেকে আলাদা কথা বলেন, এবারে কিন্তু খাঁজে খাঁজে মিলে গেছে। সুতরাং আমারও কিছু সুবিধা হল সময়ের দিক থেকে। প্রথমে আমি একটা ছুটো খুচরা ব্যাপার নিয়ে বলি। কারণ, সেগুলি নিয়ে বাদানুবাদের কোন মানে হয় না, সামান্য ব্যাপার। কংগ্রেসের তরফ থেকে যারা বলেছেন তারা সবাই ১৯৮২-৮৩ সালের উপর হুমড়ি খেয়ে পড়েছেন এটা তো আমরা বলি যে একশো বছরের মধ্যে এত বড় খরা হয়নি যা ১৯৮২-৮৩ সালে হয়েছে। চরম দুর্গতি গেছে পশ্চিমবাংলায়, চরম দুর্গতি গেছে গোটা দেশে। সব কিছু আর্থিক ক্রিয়া কর্ম একটু শ্লথ হয়েছিল—গোটা ভারতবর্ষে হয়েছিল আমাদের এখানেও হয়েছিল। কিন্তু এতে হুমড়ি খেয়ে পড়ার কি দরকার। কংগ্রেসের সবাই মহারাষ্ট্রের কথা বলেছেন, কালকে খবরের কাগজে পড়ছিলাম মহারাষ্ট্রে ও ১৯৮২-৮৩ সালে কি সাংঘাতিক রকম সমস্ত কিছু পড়ে গিয়েছিল। কিন্তু দয়া করে ১৯৮৩-৮৪ সালের কথা বলুন। আমাদের সরকারের তরফ থেকে কর্মচারী যাঁরা তাঁরা ইকনমিক রিভিউ খুব যত্ন নিয়ে তৈরী করেন! তাঁরা ১৯৮২-৮৩ সালের কথা বলেছেন ১৯৮৩-৮৪ সালের কথাও বলেছেন। এখন আমি কি বলেছি—সত্যিই তো এই বছর ১৯৮৩-৮৪ সালে ফসল ভাল হয়েছে, সর্ব কালের রেকর্ড ছাড়িয়ে যাবে। অতীশ বাবু বলে গেলেন ১৯৭৭-৭৮ সালে ওদের সময় ৯০ টন হয়েছিল। ১৯৭৭-৭৮ সাল

কবে থেকে ওদের সময় হল ? এটা তো আমাদের সময়। এই বছরে সেটাও ছাড়িয়ে গেছে। এই নিয়ে বাদানুবাদের কোন প্রয়োজন নেই। আর একটা ব্যাপার বারবার বলা হয়েছে, এটা তো অসম্পূর্ণ বাজেট। আমি নিজেই তো তা বলেছি এটা তো অভাবনীয় ব্যাপার, ভারতবর্ষের ইতিহাসে এর আগে কোনদিন হয়নি।

অর্থ কমিশনের নিয়ম হচ্ছে তাঁরা তাঁদের মঞ্জুরী ৫ বছরের জন্য দিয়ে দেবেন। কখন দেবেন ? বছর সুরু হয় ১লা এপ্রিল থেকে, প্রায় বছর শুরু হওয়ার আগের ডিসেম্বর মাসের মধ্যে তারা দিয়ে দেবেন। অথচ সেটা দেওয়া হয়নি। অর্থ কমিশন রিপোর্ট দিলে আগামী বছরে আমাদের আয় বাড়বে। আমরা কি তখন বলব আমরা সেই আয় গ্রহণ করব না ? ওরা হয়ত নির্দেশ দিয়ে দেবেন এই টাকা দিলাম, অমুক অমুক খাতে খরচ করতে হবে। কাজেই এটা তো আমাদের দোষ নয়। অর্থ কমিশন যাদের কেন্দ্রীয় সরকার নিয়োগ করেছেন তাঁরা ঠিক সময় তাঁদের রিপোর্ট দিতে পারেননি এবং সেইজন্য আমরা বাজেট তৈরীর কাজ সম্পূর্ণ করতে পারিনি। তারপর, কেন্দ্রীয় যোজনা পরিষদের সঙ্গে আমাদের যোজনা নিয়ে ও মতৈক্য হয়নি। আমরা বলেছি জাতীয় উন্নয়ন পরিষদের বৈঠক ডাকা হোক এবং একমাত্র পরিষদেরই অধিকার আছে পাকা সিদ্ধান্ত নেওয়ার আমাদের পরিকল্পনার পরিমাণ কত হতে পারে। ১ মাস হয়ে গেল এই ব্যাপারে প্রধানমন্ত্রীকে চিঠি দেওয়া হয়েছে কিন্তু দুঃখের বিষয় তারা এখন পর্যন্ত পরিষদের বৈঠক ডাকে নি। তবে এটা শুধু আমাদের একার সমস্যা নয়, উত্তরপ্রদেশ সরকার যখন তাদের বাজেট দাখিল করেছেন তখনও পর্যন্ত তাঁদের পরিকল্পনার পরিমাণ ঠিক হয়নি, রাজস্থানের হয়নি, পাঞ্জাবের হয়নি, ত্রিপুরার হয়নি। কাজেই যে ব্যাপারে দায়ী কেন্দ্রীয় সরকার তার জন্য আমাদের উপর দোষ দেওয়া উচিত নয়।

আমার একটি কথায় অতীশবাবু মন খারাপ করেছেন। আমি বলেছিলাম ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত বিদ্যুতের উৎপাদন আমাদের আদৌ বাড়েনি। আমি হিসেব দেখিয়েছি, ১৯৬৫ সালে ব্যাণ্ডেলের ৪র্থ ইউনিটটি এসেছে এবং তারপর ১৯৭৫ সালে সাঁওতালদিহির প্রথম ইউনিট আসে। কোন পরিকল্পনা ছিল কিনা সেকথা তো আমি বলিনি। এইতো দিল্লীতে পরিকল্পনা কমিশন বসে প্রবন্ধ রচনা করেন। প্রবন্ধ লেখা হয়, কিন্তু কাজ কিছু হয়না। অতিরিক্ত ব্যয় বরাদ্দের ব্যাপারে সুব্রতবাবু রাগ করে বলেছেন এটা কেন হয়েছে। সারা পৃথিবীতেই এই নিয়ম। কারণ আগে থেকে একেবারে নিখুঁতভাবে অঙ্ক কষে কত ব্যয় হবে কত আয় হবে এটা ঠিক করে বলা যায় না। আমরা দেখেছি হঠাৎ প্রয়োজনে খরচ বাড়ে, বন্যা দুর্ভিক্ষ হলে খরচ বাড়ে। আমাদের দু হাজার কোটি টাকার মত সার্বিক খরচ এবং বর্তমান বছরের জন্য আমরা ১৩৮ কোটি টাকার বাড়তি মজুরী নিয়ে এসেছি, যা সামগ্রিক ব্যয়ের শতকরা ৬ থেকে সাড়ে ছয় ভাগ মাত্র। গত সপ্তাহে দেখলাম কেন্দ্রীয় সরকার ২২০০ কোটি টাকার মত একটা অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবী এনেছেন। ওদের বাজেট হচ্ছে ২৮০০ কোটি টাকার। অর্থাৎ এই অতিরিক্ত ব্যয় সমগ্র বাজেটের ১১ কি ১২ ভাগ হবে। কাজেই এটা করতে হয় এবং এটা দৈনন্দিন জীবনের একটি অঙ্গ।

এবারে আমি অপেক্ষাকৃত কিছু গুরুত্বপূর্ণ ব্যাপারে আসছি। ডাঃ জয়নাল আবেদিন আমাদের বাজেটের দিক দিশারা খুঁজে পাচ্ছেন না। তিনি দিক নির্দেশ চাইছেন কোথায় অগ্রাধিকার সেটা খুঁজছেন, গতি কোথায় সেটাও জানতে চাইছেন। খুব ভাল কথা তিনি বলেছেন। তবে ডাঃ আবেদিনকে বিনীতভাবে বলছি যে আমরা তো শূন্যে অবস্থায় করছি না এবং আমরা ইতিহাসের ধারা থেকেও বিচ্ছিন্ন নই। আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি পশ্চিমবাংলার শিল্পের উৎপাদনের পরিমাণ উৎপাদন বাড়ার হার নয়—১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে অর্ধেক হয়ে গেছে। আমরা তো তখন সরকারে ছিলাম না। ১৯৬৫ সালের পর থেকে পশ্চিমবাংলার ক্ষেত্রে যে এই রকম একটা ভয়ঙ্কর অবস্থা হোল, শিল্পের উৎপাদন অর্ধেক হয়ে গেল, তার ইতিহাসটা কি, কারণটি কি? দেশ যখন ভাগ হোল তখন পশ্চিমবাংলার পাট চলে গেল। পূর্ববাংলায় ভাল জাতের পাট হয়। আমাদের রইলো ঝরঝরে যন্ত্রপাতি; এবং যাদের হাতে পাটের কারখানাগুলো রইলো তাঁরা কিছুই করলেন না আধুনিকীকরণের জন্য। জয়নাল আবেদিন বলেছেন আধুনিকীকরণের প্রোগ্রামটা আপনাদের কোথায়। আমরা জানি মাত্র ছয় সাতটি পরিবার পাটশিল্প নিয়ন্ত্রণ করছেন, গোটা শিল্পের তারা সর্বনাশ করছেন। পাট শিল্প ক্ষেত্রে, পাট চাষের ক্ষেত্রে এবং আড়াই লক্ষ পাটকল মজুরের ক্ষেত্রে। সংবিধানে যদি আমাদের ক্ষমতা থাকতো এবং যথাসম্ভব পয়সা কড়ি থাকতো তাহলে আমরা আধুনিকীকরণের ব্যবস্থা করতে পারতাম। আমরা বলেছিলাম আমাদের পাট চলে গেল বটে কিন্তু ইঞ্জিনীয়ারিং শিল্প ছিল। আমাদের কয়লা ছিল এবং তারই পাশে ছিল লোহা। কাজেই এই লোহা এবং কয়লার সংমিশ্রণে আমরা ইস্পাত তথা ইঞ্জিনীয়ারিং শিল্প গড়ে তুলতে পারতাম। এবং গোটা ভারতবর্ষে আমরা যেমন শিল্পের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করেছিলাম সেই প্রথম স্থানেই থাকতে পারতাম। কিন্তু কেন সেটা হোল না? ১৯৫৬ সাল, তখন কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণমাচারী, পণ্ডিত নেহেরুকে বুঝিয়ে যে জিনিসটা করলেন সেটা কিন্তু ডাঃ রায় বুঝতে পারলেন না যে কি করা হোল এই ইস্পাত এবং কয়লার ক্ষেত্রে। ইস্পাত ও কয়লার দাম সারা দেশে এক করে দেওয়া হলো। ভাবতে পারেন। রাণীগঞ্জের কয়লা ট্রেনে করে দুর্গাপুরে আসানসোলে আসবে না, রেল কয়লা নেবে না। সুতরাং ট্রাকে করে নিয়ে আসতে হবে। অপরদিকে ব্যবস্থা হোল অন্যান্য রাজ্যে কিন্তু এই রেলের মাধ্যমেই যাবে। যত বেশী দূরত্ব তত রেলের আনুপাতিক ভাড়া কমে যায়। ফলে দেখা গেল রাণীগঞ্জের কয়লা আমরা যে দামে কিনি পশ্চিমবাংলায় তার চেয়ে কম দামে নাসিক, আম্বালা আমেদাবাদে লোকেরা কেনে। অথচ এর পরিবর্তে আমরা কিছুই পেলাম না। আপনারা জানেন। রাসায়নিক দ্রব্যাদি আমাদের বেশী দামে কিনতে হয়। আমরা যে পেট্রোকেমিক্যালের কারখানার কথা বলছি তার ক্ষেত্রে ওরা বলছেন। আপনারা যদি ন্যাফথা দিয়ে করতে চান তাহলে আপনাদের খরচ বেশী পড়বে। আমাদের কয়লা আমাদের ইস্পাত আমাদের লোহা পশ্চিম উপকূলে সস্তায় বিক্রি হয়, সেই দামে কয়লা অন্ততঃ আমাদের বিক্রি করা হয় না। এখানে প্রশ্ন উঠবে তাহলে পশ্চিম উপকূলের গ্যাস আমাদের কেন কম দামে দেওয়া হবে না? ১৯৫৬ সালে যে নীতি প্রবর্তন করা হোল তাতে

পশ্চিমবাংলার ক্ষেত্রে কি সর্বনাশ ঘটলো সেটা দেশের মানুষ বুঝতে পারলো না। ১৯৭৭ সালে সরকারে ঢুকে আমি রাইটার্স বিল্ডিংসে বিভিন্ন বণিক সভাকে ডেকে পাঠিয়েছিলাম। এবং তাদের বলেছিলাম যে আপনাদের পুরানো রেকর্ড দেখুন তো তখন আপনারা কেউ এই ব্যাপারে প্রতিবাদ করেছিলেন কিনা। দেখলাম, একমাত্র একটি বণিক সভা, বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স একটা প্রস্তাব গ্রহণ করেছিলেন। অন্য কেউ কিন্তু টুঁ শব্দটি করেন নি। দুঃখের কথা যে তখনকার পশ্চিমবঙ্গ সরকারও এ ব্যাপারে কিছু করেননি। আমি তখন একজন বাচ্চা অর্থনীতিবিদ মাত্র। বম্বেতে শচীন চৌধুরী নামে এক বাঙ্গালী ভদ্রলোক একটি ছোট্ট পত্রিকা চালাতেন, যার নাম ইকনমিক উইকলি। আমরা তাঁকে ডাঃ রায়ের কাছে পাঠালাম। বললাম যে আপনি ডঃ রায়কে বুঝিয়ে বলুন কি সর্বনাশ পশ্চিমবাংলার হচ্ছে। তিনি এখান থেকে হতাশ হয়ে ফিরে গেলেন। কারণ ডাঃ রায় বললেন ওঁরা ওদের মত করুক, আমি আমাদের মত পশ্চিমবাংলা করবো। কিন্তু দেখা গেল সেরকম কিছুই হলো না। আঘাত আনতে সুরু হোল আস্তে আস্তে। প্রথম দিকে আমাদের যে পূর্ববর্তী বিনিয়োগ ছিল তার থেকে উৎপাদন আসছিল ঠিকই, কিন্তু ১৯৬৩ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে গোটা পৃথিবীতে এক ধরণের আর্থিক দেখা গেল মন্দা এবং তার ধাক্কা এখানেও এলো। আমরা দেখলাম এক বছরে রেলওয়ে মন্ত্রক ৪৫০ কোটি টাকার রেলওয়ে ওয়াগন কেনা কমিয়ে দিলো। ফলে আমাদের জেশপ ব্রেথ ওয়েষ্ট বার্ড, বার্ণ কোথায় মিলিয়ে গেল। আমাদের সকলেরই এই জিনিসগুলি চিন্তা করা দরকার। ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল এই গোটা সময়টায় আমাদের শিল্প উৎপাদন অর্ধেক হয়ে গেল। আপনাদের কাছে এইটুকু বলতে পারি যে ১৯৭৭ সালে আমরা এসে এই অর্ধেক হওয়ার ব্যাপারটা অন্ত বন্ধ করতে পেরেছি। এখন নেতিবাচক নয়, ইতিবাচক কাহিনী শিল্পে উৎপাদন বাড়ছে প্রতি বছর, তা যত শ্লথগতিতেই হোক, পশ্চিমবাংলায় এবং গোটা দেশের সঙ্গে আমাদের যে ফারাকটা ঘটে গিয়েছিল, সেই ফারাক একটু একটু করে কমছে।

এই সূত্র থেকেই আমরা কেন্দ্র রাজ্যের সম্পর্কের কথা বলি। এটায় সবচেয়ে আমার মন খারাপ হয়ে যায়, গত বছর যখন ভোট হলো, পশ্চিমবাংলার শতকরা ৩৬ ভাগ মানুষ আপনাদের কংগ্রেস দলকে ভোট দিয়েছে হাজার হলেও, সুতরাং এটা তো বলা, বোঝা আপনাদেরও প্রয়োজন। কেন্দ্র রাজ্যের সম্পর্কের কথা আমরা বলি কেন, এই জিনিসগুলো কেন আমাদের করতে হবে, বুঝতে হবে। আমাদের পয়সা কড়ি নেই কেন কতকগুলো কেন্দ্রীয় নীতি পাল্টাতে হবে কেন, কয়লার ক্ষেত্রে, লোহার ক্ষেত্রে, ইস্পাতের ক্ষেত্রে, আমরা বলছি, পশ্চিমবাংলার সমস্ত মানুষের জন্য বলছি, তা না হলে কি করে, আমরা আবার মাথা তুলে দাঁড়াবো? আমরা বলছি যে আমাদের এখান থেকে ৬ বছরে সাত হাজার কোটি টাকা কেন্দ্র তুলে নিয়ে গেছে মাত্র তিনটি রাজস্ব খাতে। অথচ আমরা ফেরৎ পেয়েছি মাত্র তেরোশো কোটি টাকা। এই ব্যবস্থা তো চলতে পারে না। আমরা দাঁড়াবো কোথায়? কেন্দ্রীয় সরকারকে তাই আমরা বলছি হয়, আপনারা এখানে নিজেরা বেশী করে শিল্প করুন, নয়, আমাদের শিল্প আমরা যাতে করতে পারি তারজন্য আমাদের একটু বাড়তি পয়সা কড়ি

দিন। নয়তো এই যে সমস্ত আর্থিক প্রতিষ্ঠানগুলো আছে, ব্যাংকগুলো আছে, তাঁদের বলুন, যাতে তাঁরা এখানে একটু বেশী করে টাকা ঢালেন। এই কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে বক্তব্য রাখার ব্যাপারে ৬/৭ বছর আগে আমরা একা ছিলাম, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার একা বলছিল, কিন্তু এখনতো আমরা একা নই। সব সমেত ১৮টি রাজনৈতিক দল আমরা যে কথাগুলো বলছি, সেই কথা তারাও বলছে। চার পাঁচটি অকংগ্রেসী সরকার এই কথা বলছে। কিন্তু সবচেয়ে বড় যেটা আশ্বাসের কথা অনেক ইন্দিরা কংগ্রেস ভুক্ত মুখ্যমন্ত্রী ও আমাদের কথাগুলো এখন বলছেন। গত নভেম্বর মাসে দিল্লীতে যে মুখ্যমন্ত্রীদের সম্মেলন হলো, তাতে গুজরাটের মুখ্যমন্ত্রীও এই কথা বলেছেন, কেরালার মুখ্যমন্ত্রীও বলেছেন। আমাদের কথাগুলো তাঁরা বলছেন। আমি শুধু এইটুকু আশা করেছিলাম যে পশ্চিমবাংলায় যাঁরা কংগ্রেসের নায়কত্ব করছেন, তাঁরাও চলবেন। তাঁরা এই কথাগুলো বলতে ভয় পাবেন কেন, যে আমাদের আরও বেশী রাজস্বের অধিকার দিতে হবে। ব্যাঙ্কগুলোকে পশ্চিমবাংলায় আরও বেশী করে টাকা ঢালতে হবে। একজন মাত্র এই প্রসঙ্গে বললেন, অতীশবাবু, তাও সাফাইটা বিরুদ্ধে দিয়ে গেলেন। তিনি বললেন, বাঙ্গালীদের উদ্যোগ নেই। এটা বাঙ্গালীদের উদ্যোগের ব্যাপার নয়, যাদের হাতে টাকা, তাদের পশ্চিমবাংলায় টাকা ঢালতে হবে, সেটাই আসল কথা, যেটা মুখ্যমন্ত্রীরা বলেছেন দিল্লীতে, এবং অন্যরাও বলেছেন। আমি একটা ছোট উদাহরণ দেব, আমাদের একটা ফিল্ম ডেভলপমেণ্ট কর্পোরেশন আছে। আমরা এখানে একটা রঙিন ছবি তোলার লেবোরেটারী করতে চাই সেই করপোরেশন মারফৎ দু কোটি, আড়াই কোটি টাকার দরকার। আমরা তো জানি, আমাদের টাকা নেই, সেইজন্য চেয়ারম্যানকে বললাম, বলুন না, আই. ডি. বি. আই. কে। ওরা দেবে না কেন টাকা? তাঁরা বললেন দেব না। তারপর আমি ভদ্রলোককে চেপে ধরলাম, দেবেন না কেন টাকা, যুক্তি দেখান? তখন উনি বললেন, এটা প্রায়রিটি ইণ্ডাষ্ট্রি নয়। আমি তখন বললাম, আপনাদের কেন্দ্রীয় সরকারের লিস্টটা দেখান, সেখান থেকে বার করে দেখান কোথায় লেখা আছে যে ফিল্ম ডেভলপিং এরজন্য যদি কেউ কারখানা খুলতে চায়, লেবরেটারী খুলতে চায়, সেটা অগ্রাধিকারের মধ্যে পড়ে না, দেখান আপনি? তিনি দেখাতে পারলেন না। এখন দাঁড়িয়েছে, যদি জোর না দেওয়া হয় যদি চাপ না পড়ে, কিছুতেই কেউ প্রাপ্য জিনিস আদায় করতে পারে না। সেই চাপটা রাখা দরকার এবং সেই চাপটা দিতে হবে। কংগ্রেসের আপনারা যদি আমাদের সঙ্গে একটু যোগ দিতেন সমস্ত ব্যাপার—এতে তো আপনাদের কোন অসুবিধা হবার কথা নয়, কেন এসব কথা আপনারা বলতে পারবেন না? কোথায় আটকাচ্ছে বলুন? পশ্চিমবাংলার মানুষের জন্য আমরা বাড়তি টাকা চাইতে পারবো না কেন? যখন অন্যান্য রাজ্যের কংগ্রেসী মুখ্যমন্ত্রীরা পর্য্যন্ত বলছেন নিজ নিজ রাজ্যের জন্য, বলছেন কেন্দ্র রাজ্য সম্পর্ক পুনর্বিন্যাসের কথা তখন কেন আপনারা বলতে পারবেন না, বলুন? এটা তো বলা দরকার। কারণ টাকা না হলে কোন কাজে এগোন যাবে না। এই কথাটা কেন আমরা বলবো না? এটা তো শুধু আমাদের সময় থেকেই নয়, দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনা থেকে এই জিনিস ঘটছে। এক বছর দু বছর এই ধরণের অঘটন হতে পারে ভাবতে পারি, কিন্তু প্রতি বছর এই রকম অঘটন ঘটছে, ১৯৬০-৬১ সাল থেকে প্রতি বছর পশ্চিমবাংলার জন্য কেন্দ্র থেকে যোজনা বরাদ্দ

গড় প্রতি, জনসংখ্যা প্রতি হচ্ছে, সবচেয়ে কম। ১৯৬০ সাল থেকে ১৯৮২-৮৪ সাল, এই ২২/২৩ বছরে, প্রতি বছর এক বছরও তো এদিক ওদিক হতে পারতো?

[6-15—6-25 P. M.]

এক বছরও হয়নি। প্রত্যেক বছর পশ্চিমবাংলা মাথাপিছু সবচেয়ে কম টাকা পেয়েছে। যে কোন ফর্মুলা প্রয়োগ করুন না কেন, এটা কোন অঙ্কেই ধরা পড়বে না, যদি এক ধরণের মানসিকতা কাজ না করে, যে যোজনা সাহায্য পশ্চিমবাংলার ক্ষেত্রে সবচেয়ে কম হবে। আমরা সেই মানসিকতার বিরুদ্ধে কথা বলছি, আপনাদের ইন্দিরা কংগ্রেসীদের। সম্বন্ধে কোন বিদ্বেষ নিয়ে কথা বলছি না, আপনারা জিনিসটা একটু বুঝুন। পশ্চিমবাংলাকে যদি বাঁচাতে হয় তাহলে এই জিনিসগুলি বোঝা প্রয়োজন। তারপর ধরুন আমি এই যে আর্থিক প্রতিষ্ঠানগুলির কথা বললাম, ব্যাংকগুলির কথা বললাম, কেন্দ্রীয় সাহায্যের কথা বললাম, কিন্তু তারও বাইরে সমস্যা আছে। এই যে আমাদের ৭৫ কোটি টাকার রাজস্ব তুলতে হবে—যদি বাইরে থেকে কোন বাড়তি সাহায্য না পাই তাহলে আমাদের নিজেদেরই রাজস্ব তুলতে হবে। এটা আমার ব্যক্তিগত ধ্যান ধারণা। ১৯৫০-৬০ এর দশকে আরো একটু বেশী করে যদি রাজস্ব পশ্চিমবাংলায় তোলা হত, তাহলে পরিকল্পনা পর্ষদ থেকে যে কথাগুলি বলা হয় যে, আপনাদের টাকা দেওয়া যায় না, কারণ আপনারা অতীতে নিজেরা টাকা তোলেননি, এই অপবাদ শুনতে হত না। ১৯৭৭-৭৮ সাল থেকে পশ্চিমবাংলাকে এই অপবাদ যাতে আর না দিতে পারে, আমরা বেশী বেশী করে নিজস্ব সম্পদ সংগ্রহ করছি। অর্থমন্ত্রী মেনে নিতে বাধ্য হয়েছেন গত কয়েক বছরের মধ্যে আমাদের অতিরিক্ত রাজস্ব সংগ্রহের হার সবচেয়ে বেশী, বেশী অন্য সমস্ত রাজ্যগুলির চেয়ে। উনি প্রকাশ্যে এটা মেনে নিতে বাধ্য হয়েছেন। শুধু তাই নয়, আরো একটা ব্যাপার আছে।—উইকলীতে পরিকল্পনা পর্ষদের ভিতর কাজ হয়, গবেষণা হয়। ইকনমিক এ্যাণ্ড পলিটিক্যাল একটি প্রবন্ধ বেরিয়েছিল। তাতে এটা পরিস্কার লেখা হয়েছে যে সমস্ত রাজ্যগুলির মধ্যে নিজস্ব সম্পদ থেকে পরিকল্পনার টাকা খরচ করার ব্যাপারে পশ্চিমবাংলা ২২টি রাজ্যের মধ্যে প্রথম। আপনারা একটু শুনুন—আমি কেন্দ্রীয় যোজনা পর্ষদের উপ-সভাপতি পরিকল্পনা পর্ষদের উপ-সভাপতিকে বলে এসেছিলাম, দেখবেন, আপনাদের একটি ছেলে এই তথ্যগুলি বিশ্লেষণ করে বের করেছে, এর রাগ করে ওর চাকরিটা খাবেন না। এই যে ৭৫ কোটি টাকা বাড়তি রাজস্ব তুলতে হচ্ছে, আমাদের এটা কেন তুলতে হচ্ছে সেটা একটু বোঝা দরকার। যদি রাজস্ব না তুলে পারা যেত। তাহলে নিশ্চয়ই রাজস্ব তুলতাম না, ভাল হতো কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা পর্ষদ এই শর্ত আমাদের দিয়েছেন, এই বছর ন্যূনতম ৭৫ কোটি টাকার রাজস্ব যদি আমরা তুলতে না পারি তাহলে ওরা কোন কেন্দ্রীয় সাহায্য দেবেন না। সুতরাং ৭৫ কোটি টাকার বাড়তি রাজস্ব তোলা কেন—তা নিয়ে আপনাদের কংগ্রেসীদের কোন প্রশ্ন তোলা উচিত নয়। এখন কিভাবে এই ৭৫ কোটি টাকা তুলতে হবে? এই ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গী অত্যন্ত স্বচ্ছ আমরা টাকা

তুলব, কিন্তু এই টাকা কোথা থেকে তুলব? এখন জিনিস পত্রের দাম যা বেড়েছে তাতে এই টাকা তোলা সহজ নয়। সুব্রতবাবু বললেন অর্থ কমিশন আপনাদের অন্তঃশুল্কের শতকরা ৪০ ভাগ দিয়েছে, সুতরাং আরো বাড়তি টাকা আপনারা চাইছেন কেন? ১৯৭৮ সালে আগে যেখানে অন্তঃশুল্কের শতকরা ২০ ভাগ পেতাম সেখানে শতকরা ৪০ ভাগ পাচ্ছি। যদি কেন্দ্রীয় সরকার অর্থ কমিশনের সিদ্ধান্ত প্রসন্ন মনে এই মঞ্জুরী মেনে নিতেন তাহলে সমস্যা খানিকটা দূর হত। কিন্তু ওরা কি করলেন? বাড়তি টাকা রাজ্যগুলি পাবে, এতে ওরা খুশী হলেন না। আগে কি হত? পেট্রল-জাত দ্রব্যের দাম বাড়ানো হত কি করে, আর ১৯৮০ সালের পর থেকে এখন কি করা হচ্ছে? আগে অন্তঃশুল্ক বাড়িয়ে দামটা বাড়ান হত এবং তার থেকে যতটা টাকা আসত তার শতকরা ৪০ ভাগ টাকা আমরা রাজ্যগুলি পেতাম। কয়লার দাম সেইভাবে বাড়ান হত, ইস্পাতের দাম সেইভাবে বাডান হত, এ্যালুমিনিয়ামের দাম সেইভাবে বাড়ান হত।

১৯৮০ সালের পর ওঁরা আর সেই পথে গেলেন না, ওঁরা ফতোয়া জারি করে জিনিষপত্রের দাম বাড়ালেন--এ্যাডমিনিষ্টার্ড প্রাইস চাপিয়ে। ওরা হুকুম জারি করে জিনিষপত্রের দাম বাড়াতে আরম্ভ করলেন। আমরা বললাম জিনিষপত্রের দাম বাড়িয়ে আপনারা সব মিলিয়ে ৭ হাজার কোটি টাকা পেয়েছেন গত ৪ বছরে। কাজেই তার শতকরা ৪০ ভাগ আমাদের দিন ২,৮০০ কোটি টাকা রাজ্যগুলি অতএব বেশী পাবে, পশ্চিমবঙ্গ অন্ততঃ সাড়ে তিনশো চারশো কোটি টাকা পাবে — তখন ওঁরা বললেন, না, এটা তো আমরা অন্তঃশুল্ক বাড়িয়ে পাই নি, আমরা ফতোয়া জারি করে এই টাকাটা পেয়েছি অতএব আপনাদের এর থেকে একটা পয়সাও দেব না। এই অন্যায় সিদ্ধান্তের শুধু আমরাই ভুক্তভোগী নই, মহারাষ্ট্র, গুজরাট সবাই ভুক্তভোগী, কাজেই এই ব্যাপারগুলি আপনারা চিন্তা করে দেখুন। এইযে মন্তব্য আমি করলাম, এটা তো আপনাদের বিরুদ্ধে করি নি, আপনাদের হয়েই করেছি। আপনারাও যদি কোনদিন এখানে সরকার চালান--যদিও সে অঘটন এখানে আর ঘটবে না—তাহলে এই সমস্যায় আপনাদেরও পড়তে হবে, গুজরাট, মহারাষ্ট্র, কেরল সব রাজ্যের মুখ্যমন্ত্রীদেরই যেমন পড়তে হচ্ছে। এই টাকাটা পাবার ব্যাপারে আমাদের নায্য দাবী ছিল যার থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে। আমাদের ৭৫ কোটি টাকা বাড়তি তুলতে বলা হয়েছে। আমি বলব, কেন্দ্র অনেক টাকা অন্যায়ভাবে পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে জিনিষ-পত্রের দাম বাড়িয়ে এভাবে তুলে নিয়ে গিয়েছেন, অথচ তার কোন অংশ পশ্চিমবঙ্গ সরকারকে দেয়নি। এই যেখানে অবস্থা সেখানে আমার প্রথম কর্তব্য হবে এই ৭৫ কোটি টাকার একটা বড় অংশ ওদের কাছ থেকে ফিরিয়ে নিয়ে আসা এবং সেজন্যই কয়লার উপর সেস। এই সেস ১৭ পারসেন্ট ছিল সেটাকে ২০ পারসেন্ট করা হয়েছে। গুজরাট সরকার পেট্রোলের উপর ঠিক এই শতকরা ২০ ভাগ হারেই এই সেস বসিয়েছেন। যেহেতু আমাদের কয়লার উপর নায্য রয়ালটি দেওয়া হয় না, পেট্রোলের উপর দেওয়া হয় না সেই হেতু আমরা আন্দোলন করছি, গুজরাট আন্দোলন করছে, আসাম, বিহার, উড়িষ্যা সরকার তারাও আন্দোলন করছেন গুজরাটের অর্থমন্ত্রী

বলেছেন, যেহেতু কেন্দ্র আমাদের অন্যায়ভাবে ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত করছে অতএব আমরা শতকরা ২০ ভাগ হারে পেট্রোলের উপর সেস বসাতে বাধ্য হলাম। গতকাল বিহারও ঠিক একই হারে শতকরা ২০ ভাগ হারে সমস্ত খনিজ দ্রব্যের উপর সেস বসিয়েছে। আমাদেরও সেসের হার ১৭ পারসেন্ট ছিল, আমরা সেটা গুজরাট এবং বিহারের সমতায় এনেছি। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি বারবার আপনাদের অনুরোধ করবো, আপনাদের কাছে আবেদন করবো, অযথা দাম বাড়াবার জন্য প্ররোচনা দেবেন না। কয়লার দাম বাড়াতে পারেন একমাত্র কোল ইণ্ডিয়া। কোল ইণ্ডিয়া ইতিমধ্যেই শতকরা ২৫ ভাগ কয়লার দাম বাড়িয়েছেন এবং আমাদের নাগরিকদের জীবন দুর্বিষহ করে দিয়েছেন। তাঁদের যে লাভ বেড়েছে সেই লাভের অংশ থেকে আমরা ১২ কোটি টাকা টেনে আনছি পশ্চিমবাংলার মানুষের স্বার্থে। কিন্তু সেইহেতু পয়সাও দাম বাড়বে না। পেট্রোলের উপর শতকরা ২০ ভাগ গুজরাট সরকার সেস বসাতে পেট্রোলের দাম এক পয়সাও বাড়েনি। বিহারও ২০ পারসেন্ট হারে সেস বসিয়েছে, বিহারে দাম এক পয়সাও বাড়বে না। আপনারা যদি আন্দোলন করে দাম না বাড়ান তাহলে দাম বাড়বে না। তারপর পেট্রোলের উপর যে দাম বাড়িয়ে বাড়তি টাকা পেয়েছেন তাতেও আমরা কিছুই পাইনি। আমরা বলেছি, টার্ণ ওভার ট্যাক্স যেটা আছে, যেটা দামের সঙ্গে যুক্ত করা যায় না, সুপ্রীম কোর্টের রায় আছে সেরকম আমরা সেটা পেট্রোলের উপর বসিয়ে ৭ কোটি টাকা অয়েল কর্পোরেশনের কাছ থেকে ফিরিয়ে আনবো, দাম বাড়বে না। এক কোটি টাকা ফার্টিলাইজার কর্পোরেশনের কাছ থেকে আনবো। সারের দাম বাড়বে না। কারন, এটা সারের দামের সঙ্গে যোগ করা অবৈধ। এটা হচ্ছে প্রথম বক্তব্য, দ্বিতীয় বক্তব্য হচ্ছে সারের উপর বিক্রয় কর আমরা কমিয়ে দিয়েছি সুতরাং সারের দাম কমবে। তারপর পণ্য প্রবেশ কর যেটা বসানো হয়েছে কয়েকটি নির্দিষ্ট জায়গায়—আসানসোল এবং দুর্গাপুর শিল্পাঞ্চলে এবং শিলিগুড়ি, জলপাইগুড়ি অঞ্চলে। এই কর আদায়ের জন্য কোন চেক পোষ্ট বসানো হবে না, স্বভাবতঃই মানুষের হয়রানিও হবে না। কাদের কাছ থেকে কিভাবে এটা আদায় করা হবে? যারা বাইরে থেকে কিনবে তাঁদের উপর কত কিনবে? এক একটা জিনিষ বছরে ন্যুনতম যাঁরা ১০ লক্ষ টাকা করে কিনবেন। কোন কোন জিনিষ?

[6-25—6-35 P.M.]

যে যে জিনিষগুলির উপর কেন্দ্রীয় সরকার আমাদের শতকরা ৪ ভাগের বেশী হারে বিক্রয় কর বসাতে দেননা—লোহা, কয়লা, এই ধরনের জিনিষের উপর। কেন্দ্রীয় সরকার ফতোয়া জারী করে বলেছেন যে, এই এই দ্রব্যাদির উপর আমরা শতকরা ৪ ভাগের বেশী বিক্রয় কর বসাতে পারবো না। পন্য প্রবেশ কর বসছে সেই সেই জিনিষের উপর। কাদের কাছ থেকে তা পাওয়া যাবে? বছরে অন্ততঃ ১০ লক্ষ টাকার জিনিসের লেনদেন করছেন এমন ব্যবসায়ীদের কাছ থেকে এই অর্থ সংগ্রহ করা হবে। এর একটা বড় অংশ দিতে হবে আসানসোল, দুর্গাপুর অঞ্চলে যে সব বড় বড় কারখানা আছে—কেন্দ্রীয় সরকারের কারখানা বা অন্যান্য কারখানা—তাদের। এই থেকে

তুলব, কিন্তু এই টাকা কোথা থেকে তুলব? এখন জিনিস পত্রের দাম যা বেড়েছে তাতে এই টাকা তোলা সহজ নয়। সুব্রতবাবু বললেন অর্থ কমিশন আপনাদের অন্তঃশুল্কের শতকরা ৪০ ভাগ দিয়েছে, সুতরাং আরো বাড়তি টাকা আপনারা চাইছেন কেন? ১৯৭৮ সালে আগে যেখানে অন্তঃশুল্কের শতকরা ২০ ভাগ পেতাম সেখানে শতকরা ৪০ ভাগ পাচ্ছি। যদি কেন্দ্রীয় সরকার অর্থ কমিশনের সিদ্ধান্ত প্রসন্ন মনে এই মঞ্জুরী মেনে নিতেন তাহলে সমস্যা খানিকটা দূর হত। কিন্তু ওরা কি করলেন? বাড়তি টাকা রাজ্যগুলি পাবে, এতে ওরা খুশী হলেন না। আগে কি হত? পেট্রল-জাত দ্রব্যের দাম বাড়ানো হত কি করে, আর ১৯৮০ সালের পর থেকে এখন কি করা হচ্ছে? আগে অন্তঃশুল্ক বাড়িয়ে দামটা বাড়ান হত এবং তার থেকে যতটা টাকা আসত তার শতকরা ৪০ ভাগ টাকা আমরা রাজ্যগুলি পেতাম। কয়লার দাম সেইভাবে বাড়ান হত, ইস্পাতের দাম সেইভাবে বাডান হত, এ্যালুমিনিয়ামের দাম সেইভাবে বাড়ান হত।

১৯৮০ সালের পর ওঁরা আর সেই পথে গেলেন না, ওঁরা ফতোয়া জারি করে জিনিষপত্রের দাম বাড়ালেন--এ্যাডমিনিষ্টার্ড প্রাইস চাপিয়ে। ওরা হুকুম জারি করে জিনিষপত্রের দাম বাড়াতে আরম্ভ করলেন। আমরা বললাম জিনিষপত্রের দাম বাড়িয়ে আপনারা সব মিলিয়ে ৭ হাজার কোটি টাকা পেয়েছেন গত ৪ বছরে। কাজেই তার শতকরা ৪০ ভাগ আমাদের দিন ২,৮০০ কোটি টাকা রাজ্যগুলি অতএব বেশী পাবে, পশ্চিমবঙ্গ অন্ততঃ সাড়ে তিনশো চারশো কোটি টাকা পাবে — তখন ওঁরা বললেন, না, এটা তো আমরা অন্তঃশুল্ক বাড়িয়ে পাই নি, আমরা ফতোয়া জারি করে এই টাকাটা পেয়েছি অতএব আপনাদের এর থেকে একটা পয়সাও দেব না। এই অন্যায় সিদ্ধান্তের শুধু আমরাই ভুক্তভোগী নই, মহারাষ্ট্র, গুজরাট সবাই ভুক্তভোগী, কাজেই এই ব্যাপারগুলি আপনারা চিন্তা করে দেখুন। এইযে মন্তব্য আমি করলাম, এটা তো আপনাদের বিরুদ্ধে করি নি, আপনাদের হয়েই করেছি। আপনারাও যদি কোনদিন এখানে সরকার চালান--যদিও সে অঘটন এখানে আর ঘটবে না—তাহলে এই সমস্যায় আপনাদেরও পড়তে হবে, গুজরাট, মহারাষ্ট্র, কেরল সব রাজ্যের মুখ্যমন্ত্রীদেরই যেমন পড়তে হচ্ছে। এই টাকাটা পাবার ব্যাপারে আমাদের নায্য দাবী ছিল যার থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে। আমাদের ৭৫ কোটি টাকা বাড়তি তুলতে বলা হয়েছে। আমি বলব, কেন্দ্র অনেক টাকা অন্যায়ভাবে পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে জিনিষ-পত্রের দাম বাড়িয়ে এভাবে তুলে নিয়ে গিয়েছেন, অথচ তার কোন অংশ পশ্চিমবঙ্গ সরকারকে দেয়নি। এই যেখানে অবস্থা সেখানে আমার প্রথম কর্তব্য হবে এই ৭৫ কোটি টাকার একটা বড় অংশ ওদের কাছ থেকে ফিরিয়ে নিয়ে আসা এবং সেজন্যই কয়লার উপর সেস। এই সেস ১৭ পারসেন্ট ছিল সেটাকে ২০ পারসেন্ট করা হয়েছে। গুজরাট সরকার পেট্রোলের উপর ঠিক এই শতকরা ২০ ভাগ হারেই এই সেস বসিয়েছেন। যেহেতু আমাদের কয়লার উপর নায্য রয়ালটি দেওয়া হয় না, পেট্রোলের উপর দেওয়া হয় না সেই হেতু আমরা আন্দোলন করছি, গুজরাট আন্দোলন করছে, আসাম, বিহার, উড়িষ্যা সরকার তারাও আন্দোলন করছেন গুজরাটের অর্থমন্ত্রী

মিঃ স্পীকার ঃ ডঃ মিত্র, আপনি একটু বসুন। এই বিষয়ে আলোচনার জন্য নির্দিষ্ট সময় প্রায় শেষ হয়ে এসেছে। আরো কিছু সময় দরকার। সেই জন্য আমি আরো আধ ঘণ্টা সময় বাড়াবার জন্য প্রস্তাব রাখছি। আশা করি মাননীয় সদস্যদের এতে মত আছে। (সদস্যদের সম্মতি দান।)

(এই সময় সভার আলোচনার সময় আরো আধ ঘণ্টা বাড়ান হয়।)

ডঃ অশোক মিত্র ঃ যাত্রা নিয়ে সুব্রতবাবু একটু যাত্রা করলেন। আমি ওঁকে খবরের কাগজে যাত্রার বিজ্ঞাপনগুলি একটু দেখতে বলছি। এক পৃষ্ঠা দু' পৃষ্ঠাব্যাপী যাত্রার বিজ্ঞাপন বেরচ্ছে। যাত্রা দলের অধিকারীরা। অভিনেতা, অভিনেত্রীরা হাজার হাজার টাকা লক্ষ লক্ষ টাকা আয় করছেন। সুব্রতবাবু আমার মত শহরের এম. এল.এ, কিন্তু গ্রামের এম. এল. এ.'রা অনেকে আমাকে এসে বলেছেন, যাত্রার ওপর একটা ট্যাক্স চাপান এবং সেই ট্যাক্সের টাকাটা যাতে গ্রামের মানুষের কাজে লাগে তা দেখুন। আমি এখানে স্পষ্ট করে বলে দিচ্ছি যে, আমাদের পশ্চিমবাংলায় যে সমস্ত গ্রুপ থিয়েটার আছে তাদের ওপর এই কর প্রযোজ্য হবে না। কিন্তু প্রযোজ্য হবে খেলা—ধূলার ওপর। কারণ আমরা দেখছি, ইরান থেকে ব্রাজিল থেকে অমুক জায়গা তমুক জায়গা থেকে লক্ষ লক্ষ টাকা খরচ করে খেলোয়াড় আনা হয়, আর সরকারকে সেই খেলার সময় রক্ষণাবেক্ষণ করতে হয়। অথচ সেই খেলা থেকে সরকার একটা পয়সাও পাবে না এটা হতে পারে না। সুতরাং খেলা—ধূলার ওপর আমরা ট্যাক্স বসিয়েছি এবং সেই ট্যাক্স আমরা তুলব। যেমন যাত্রার ওপর বসিয়েছি, তেমন খেলার বসিয়েছি।

সাত্তার সাহেব অনেকক্ষন ধরে বক্তৃতা করলেন, প্রায় এক ঘণ্টা ধরে বক্তৃতা করলেন, অথচ তিনি একবার সেই জিনিসগুলির উল্লেখ করলেন না, যে গুলির ওপর থেকে আমরা কর বসালাম বা যে গুলির দাম কমালাম। উনি তো একটু বলতে পারতেন, এমন কি অসুবিধা হ'ত। সারের কথা একটু বলতে পারতেন, কাগজের কথা একটু বলতে পারতেন, এ্যালুমিনিয়াম বাসনের কথা একটু বলতে পারতেন। উনি সে সব কথা একবারও বললেন না।

লটারির টিকিটের ওপর যে করটা বসান হচ্ছে সেটা প্রথম বিন্দুতে হোলসেলারদের কাছ থেকে তোলা হবে এবং তাতে কোন অসুবিধা হবে না, যাঁরা এক টাকা দিয়ে টিকিট কিনতে পারেন, তাঁরা এক টাকা ২০ পয়সা, ২৫ পয়সা দিয়েও টিকিট কিনতে পারবেন।

আর একটা কথা ওঁরা বলেছেন সেটা হচ্ছে, আমাদের পাবলিক আণ্ডারটেকিং যে গুলি আছে সেগুলিতে সত্যিই ক্ষতি বাড়ছে। সেই ক্ষতি কমাবার চেষ্টা করা উচিত এবং চেষ্টা করা হচ্ছে, কিন্তু আমরা এখনো সফলতা পাইনি। সুব্রতবাবু বললেন, ৭৫ কোটি টাকার নতুন ট্যাক্স না

চাপিয়ে ঐ সংস্থাগুলিতে ক্ষতি বন্ধ করে ঐগুলিকে লাভজনক অবস্থায় আনা উচিত ছিল। আমি ওঁকে বলছি, উনি একটু বিবেচনা করুন। আমরা তো কেন্দ্রীয় সরকারকেও একটু বলতে পারি যে, তাঁদের একটি সংস্থা। ষ্টিল কোম্পানীতেই প্রতি বছর সাড়ে পাঁচশো কোটি টাকা ক্ষতি হচ্ছে, তাঁরা একটু চেষ্টা করুন না এই ক্ষতিটা বন্ধ করতে। আমি ওঁকে আরো বলছি যে, বিবেচনা করে দেখুন, এখানে সমস্যাটা কি সামাজিক সমস্যা। যদি কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস হ'ত, যদি এখানে দ্রুত শিল্পায়ন ঘটতো যদি আমাদের ছেলে-মেয়েরা কাজ পেত, তাহলে অনেক ক্ষেত্রেই সরকারি সংস্থাগুলির ব্যাপারে নির্দয় হওয়া যেত। কিন্তু আপনারা জানেন যে, কোন কাজ নেই, ডানদিকে কাজ নেই, বাঁ দিকে কাজ নেই, সুতরাং নির্দয় হওয়া যায় না। অনেক ক্ষেত্রেই সরকারকে বাড়তি কাজের বোঝা বহন করতে হয়। যেমন ধরুন ওঁদের আমলে হাজার হাজার ছেলেকে এই সব সংস্থায় ওঁরা ঢুকিয়ে গেছেন, আমরা একজনকে ছাঁটাই করতে পারি না। সুতরাং আমি ওকে বলব যে, ওটা নিয়ে আর অযথা কথা বাড়াবেন না।

সর্বশেষে আমি বলতে চাই হচ্ছে পরিকল্পনা খাতে ব্যয় ও ওভারড্রাফটের বিষয়ে। মজা হচ্ছে গত তিনদিন ধরে এখানে ঐ বিষয়ে অনেক কিছু শুনলাম। তা গণ-টোকাটুকির কথা তো আপনারা জানেন। গত ডিসেম্বর মাসে কলকাতায় কংগ্রেস অধিবেশন হয়েছিল, সেখানে রাজপুত্র বক্তৃতা দিয়েছিলেন। যখন রাজপুত্র বক্তৃতা দিচ্ছিলেন তখন কেউ একটা খাতা তাঁর হাতে ধরিয়ে দিয়েছিলেন—আমি অনুমান করতে পারি কে—সেই খাতা দেখেও রাজপুত্র একটু ভুল-ভাল বলছিলেন, তখন পেছন থেকে তাঁকে প্রম্পট করা হচ্ছিল। তিনি ১,৯০০ কোটি টাকাকে ১৯ কোটি টাকা বলছিলেন, ৩,৫০০ কোটি টাকাকে ৩৫ কোটি টাকা বলছিলেন।

(গোলমাল)

(শ্রীঅশোক ঘোষ ঃ পায়ের ধুলো তো আর রাখেননি।)

ডঃ অশোক মিত্র ঃ সে সৌভাগ্য আপনাদের হবে, আমার হবে না। এখন একটু মন দিয়ে শুনুন ব্যাপারটা কি।

(গোলমাল)

একটু মজা করেই না হয় বলছি, শুনুন না।

[6-35—6-42 P.M.]

আচ্ছা শুনুন, তারপর কি হলো আমি বলছি, আপনাদের জানা প্রয়োজন। আমরা হিসাব দিয়েছি, ইকোনমিক রিভিউতে হিসাব দেখিয়েছি। পরিকল্পনা খাতে ৬ বছরে আপনাদের আমলে

যত খরচ হয়েছে আমাদের ৬ বছরে তার ৩ গুণ বেড়েছে। আপনাদের সময়ে পরিকল্পনা খাতে খরচ হয়েছিল সামগ্রিক খরচের শতকরা ২৬ ভাগ আর এখন বেড়ে হয়েছে শতকরা ৩২ ভাগ। (গোলমাল) এখন আপনারা শুনুন, গণ-টোকাটুকি কি করেছেন। একজন একটা চোখা তৈরী করে দিয়েছেন, আপনারা সেটা দেখে পর পর তিন, চারজন ভুল জিনিষ পড়ে গেলেন। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া বুলেটিনের অকটোবর, ১৯৮২ সংখ্যায় সমস্ত হিসাব দেওয়া আছে প্ল্যান এবং নন্ প্ল্যানের ব্যাপারে, পড়ে দেখবেন সুব্রতবাবু দুপুরবেলা বাচ্ছাদের খিদের খাবারের ব্যাপারে বললেন, অন্ধ্রপ্রদেশ এবং তামিলনাড়ুতে ব্যবস্থা নেওয়া হয়েছে। তামিলনাড়ু সরকার গত বছর পর্য্যন্ত ইন্দিরা কংগ্রেসের বিরোধী ছিলেন। গত বছর পর্য্যন্ত দুপুরের খাবারের খরচটা পরিকল্পনা বহির্ভূত ছিল। এ বছর ইন্দিরা কংগ্রেস একটু আধটু আন্না-ডি-এম-কে কে ভজনা করছে। সেইজন্য এ বছর পরিকল্পনা পর্ষদ বলে দিয়েছেন যে পরিকল্পনার ভিতর ঢুকে যাবে ঐ খরচটা। অন্যদিকে বেচারা অন্ধ্র প্রদেশের ক্ষেত্রে ঐ খরচ এখনও পরিকল্পনার বাইরে আছে। সুতরাং এই হচ্ছে পরিকল্পনা পর্ষদের পরিসংখ্যান। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া তথ্যানুযায়ী ইচ্ছা করলে দেখে নিতে পারেন আপনারা ১৯৮১-৮২ সালে পশ্চিমবাংলার রাজস্ব এবং মূলধনী খাতে সামগ্রীক ব্যয় শতকরা ৬৬'৭০, উন্নয়নমূলক খাতে খরচ হয়েছিল। (এটা আমাদের সংস্থা নয়, আপনাদের ব্যাপার) ১৯৮২-৮৩ সালে শতকরা ৬৮'১ ভাগ উন্নয়নমূলক খাতে খরচ হয়েছিল, আর ১৯৮৩-৮৪ সালের বাজেটে উন্নয়নমূলক খরচের জন্য দেওয়া আছে ৬৯'৩২ ভাগ। রিজার্ভ ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া কেন্দ্রীয় সংস্থা এটা আপনাদের জানা আছে। তার গভর্নর আপনারা নিয়োগ করেন এবং আপনারাই বরখাস্ত করেন।

এবার ওভারড্রাফট প্রসঙ্গে আসি। আমাদের কোন রকম লুকোনোর ব্যাপার নেই। যতক্ষণ পর্যন্ত পশ্চিমবাংলার জন্য আমরা নায্য প্রাপ্য পাবো না ততক্ষণ পর্যন্ত আমরা খরচ করবো পশ্চিমবাংলার গরীব সাধারণ মানুষের জন্য। ওভারড্রাফট মানে কি? আমাদের কাছ থেকে ৭ হাজার কোটি টাকা ফেরৎ নিয়ে যাওয়া হয় আর আমাদের ফেরৎ দেওয়া হয় দেড় হাজার কোটি টাকা। সুতরাং দেখুন কে কাকে ওভারড্রাফট দিচ্ছে? আমি বলবো আমরাই দিচ্ছি কেন্দ্রীয় সরকারকে ওভারড্রাফট। তাছাড়া ওভারড্রাফটের জন্য আমরা সুদ দিচ্ছি এবং প্রত্যেক কিস্তি তারিখমত ফেরৎ দিচ্ছি। কেন্দ্রীয় সরকার নোট ছাপায় কিন্তু সেই ছাপানো নোটের টাকা কোনদিনও ফেরৎ দিতে হয় না। সুতরাং এইসব নিয়ে ভাবুন, দেশের স্বার্থে ভাবুন, রাজ্যের স্বার্থে ভাবুন।

সবশেষে আমি যা বলবো, অদ্ভুত ব্যাপার লক্ষ্য করছি, এখানে কংগ্রেসের কাছ থেকে গণতন্ত্র নিয়ে শুনলাম, দুর্নীতি নিয়ে কথা শুনলাম। পশ্চিমবাংলার হাজার হাজার ছেলেমেয়েদের যারা

বিনা বিচারে বছরের পর বছর ধরে কারারুদ্ধ করে রেখেছিলেন তাঁরা আবার গণতন্ত্রের কথা বলেন ? ৭-৮ বছর আগে রবীন্দ্রনাথের কবিতা ছাপানো বন্ধ করে দিয়েছিলেন। রবীন্দ্রনাথের গান বেতারে গাওয়া যেত না—তাঁরা গণতন্ত্রের কথা বলেন ? ওঁরা আবার দুর্নীতিও দেখালেন। যাই হোক, আমি এ ব্যাপারে বেশী বলছি না, শুধু যা বলছি সেটা হচ্ছে, ১৯৮০-৮১ সালে আমাদের সুরাসার চাই। আমাদের ওষুধ কারখানার জন্য মহারাষ্ট্রের শরনাপন্ন হতে হয়। সেণ্ট্রাল মোলাসেস বোর্ড আছে, সেখান থেকে সিদ্ধান্ত করে দেওয়া হলো যে মহারাষ্ট্র থেকে পশ্চিমবাংলার জন্য এত পরিমান সুরাসার যাবে।

এখন যিনি স্বরাষ্ট্রমন্ত্রী তিনি তখন রসায়ন মন্ত্রী ছিলেন, কেন্দ্রে শ্রীপ্রকাশচন্দ্র শেঠী। আমি শ্রীশেঠী মহাশয়ের কাছে ৩ বার গিয়েছিলাম, অনুযোগ জানাতে। তিনি প্রধানমন্ত্রী মহাশয়কেও বলেছিলেন। আমরা কেন সুরাসার পেলাম না। পরে শুনলাম যে সেই সুরাসার টাকা খেয়ে পশ্চিমবঙ্গের আশে পাশে যেসব মদ তৈরীর কারখানা আছে তাদের বিলিয়ে দেওয়া হয়েছে। আর একটি কথা আমি শুনলাম, একজন ইন্দিরা কংগ্রেসী বলেছিলেন যে ইন্দিরা গান্ধীর টাকা, আমরা খরচ করছি। ওটা ইন্দিরা গান্ধীর টাকা নয়, ওটা ভারতবর্ষের ৭০ কোটি মানুষের পরিশ্রমের টাকা, ওটা পশ্চিমবঙ্গের সাড়ে ৫ কোটি মানুষের পরিশ্রমের টাকা ব্যাংকের টাকাও সাধারণ মানুষের টাকা, সেই আট হাজার কোটি গচ্ছিত টাকা, আমাদের পাওনা টাকা তা যা নিয়ে তচনচ করা হচ্ছে। কাজেই এই কথা দয়া করে বলবেন না। আপনাদের মত দাস মনোবৃত্তি-সম্পন্ন লোকেরাই এই কথা বলতে পারে যে ওটা ইন্দিরা গান্ধীর টাকা। এবং সেইজন্যই আপনাদের পতন হয়েছে।

আশা করি আপনারা সকলে এই বাজেটকে সমর্থন করবেন।

Adjournment

The House was then Adjourned at 6-42 P.M. till 1 P.M., Thursday, the 22nd March, 1984, at the "Assembly House" Calcutta

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 22nd March 1984, at 1 p. m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers 11 Ministers of State and 161 Members.

[1-00—1-10 P.M.]

STARRED QUESTIONS

(To which oral answers were given)

Tailors' Co-operatives

*79. (Admitted question No. *460.) **Shri Abdur Rauf Ansari :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state that—

(a) whether there is any scheme for assisting Tailors' Co-operatives for production of ready-made garments in this State ; and

(b) if so,—

(i) the number of tailors benefited by this Scheme in West Bengal, and

(ii) the number of tailors in the Garden Reach Assembly Constituency covered by this scheme ?

Shri Nihar Kumar Basu : (a) No.

(b) (i) & (ii) Does not arise.

উত্তর ২৪-পরগণা জেলার সমবায় সমিতিতে ম্যানেজার নিয়োগ

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫০১।) **শ্রীকমলাক্ষী বিশ্বাস :** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তর ২৪-পরগণা জেলায় মোট কতগুলি সমবায় সমিতি আছে ;

(খ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে ম্যানেজার নিয়োগ করা হইয়াছে ;

(গ) উক্ত ম্যানেজারদের বেতন সরকার নির্ধারণ করেন কিনা ; এবং

(ঘ) করিয়া থাকিলে, ম্যানেজারদের বেতন কত

শ্রীনীহার কুমার বসু ঃ (ক) ২৮২৭ তন্মধ্যে ৪৮৯ টি পুনর্গঠিত প্রাথমিক কৃষি সমবায় সমিতি।

(খ) ৩৭০ টি পুনর্গঠিত কৃষি সমবায় সমিতিতে ম্যানেজার নিয়োগ করা হইয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) সর্বনিম্ন ২৫০ টাকা ও সর্বোচ্চ ৭২৫ টাকা।

শ্রীকমলাক্ষ্মী বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কাগজে দেখলাম ম্যানেজারদের ৫০ টাকা বাড়তি দেওয়া হবে—তার কতদূর কি হয়েছে ?

শ্রীনীহার কুমার বসু ঃ এটাএখনও সরকারের বিবেচনাধীন রয়েছে, সিদ্ধান্ত হয়নি।

শ্রীকমলাক্ষি বিশ্বাস ঃ সমিতির ম্যানেজারদের উপর যে কাজের দায়িত্ব দেওয়া আছে, অনেক সমিতি তাঁদের সেই সমস্ত কাজ করতে দিচ্ছেনা। এর বিরুদ্ধে কোন স্টেপ নেবেন কিনা ?

শ্রীনীহার কুমার বসু ঃ ম্যানেজার নিয়োগ হবার পর যদি কোন সমিতি তাঁকে কাজে নিয়োজিত না করেন—জানাবেন, সরকারের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীরাইচরণ মাঝি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি যে, সমস্ত ম্যানেজারদেরতো গভর্ণমেণ্ট মাইনে দেন—সে ক্ষেত্রে তাঁদের ট্রান্সফারের কোন বন্দোবস্ত আছে কি না ?

শ্রীনীহার কুমার বসু ঃ তিনি যে ক্যাডারের অন্তর্ভুক্ত, তার জুরিসডিক্সনের মধ্যে ট্রান্সফার করা যেতে পারে।

"ভগবানপুর (কোটনাউড়ী)-তেরপেখ্যা" রাস্তা

*১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার "ভগবানপুর (কোটনাউড়ী) তেরপেখ্যা" রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ ভগবানপুর—তেরপেখ্যা রাস্তার প্রায় তিন কিলোমিটার পর্য্যন্ত জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।

খাতড়ায় নূতন মহকুমা

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** গত ২১শে এপ্রিল, ১৯৮৩ তারিখের প্রশ্ন নং ৩৮০ (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৯) এর উত্তর উল্লেখে স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতড়াকে স্বতন্ত্র মহকুমা হিসাবে গণ্য করার জন্য এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) এ বাবতে কোন্ কোন্ কাজের জন্য কত টাকা বরাদ্দ / খরচ করা হয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) সরকারী সিদ্ধান্ত অনুযায়ী বাঁকুড়া জেলার খাতড়ায় নূতন মহকুমা দপ্তর স্থাপনের জন্য প্রয়োজনীয় অফিসভবন ও আবাসন গৃহ নির্মাণ এবং অন্যান্য প্রয়োজনীয় নির্মাণ কার্য্যের জন্য মাষ্টার প্ল্যান ও এষ্টিমেট তৈরী করার জন্য পূর্ত বিভাগকে অনুরোধ করা হয়েছে। অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) কোনও বিশেষ কাজের জন্য বরাদ্দ করা হয়নি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই যে মাষ্টার প্লান এবং এষ্টিমেট তৈরী করার ব্যাপারে পূর্ত বিভাগকে বলেছেন বললেন, সেটা কবে নাগাদ শেষ করবেন সেই সম্বন্ধে কিছু বলতে পারবেন ?

শ্রীজ্যোতি বসু ঃ কবে নাগাদ শেষ করতে পারবে সেটা বলতে পারছি না। তবে পূর্ত বিভাগ থেকে যে পরিকল্পনা তারা করেছে সেই অনুযায়ী ৫০ লক্ষ টাকা তারা ১৯৮৪-৮৫ সালের জন্য তারা আমাদের কাছ থেকে চেয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ এই ৫০ লক্ষ টাকা যে পূর্ত বিভাগ চেয়েছে, এই টাকার দ্বারা তারা কি কি কাজ করবেন সেটা আপনি জানাবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ যেটা আমি আগেই বলেছি—একটা পরিকল্পনা করার জন্য বলা হয়েছিল। ওনারা সেই পরিকল্পনা দিয়েছেন। তার মধ্যে টাকা কিছু বরাদ্দের জন্য চেয়েছে। তাছাড়া ভাড়া বাড়ি পাওয়া যায় কিনা সেটা দেখা হচ্ছে।

শ্রীসুরেশ সিংহ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি স্বতন্ত্র মহকুমা হিসাবে গণ্য করার ব্যাপারে বিভিন্ন জেলার ক্ষেত্রে সরকার কিছু বিবেচনা করছেন কিনা ?

শ্রীজ্যোতি বসু ঃ সাধারণ ভাবে প্রশ্ন করলে জবাব দেওয়া যাবে না। আপনার কোন জেলা সম্পর্কে জানার প্রয়োজন আছে সেটা বলবেন তাহলে উত্তর দিতে পারবো।

মুর্শিদাবাদের নবাব পরিবারের বাড়ি অধিগ্রহণ

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদের নবাব পরিবারের কলিকাতাস্থিত ৮৫, পার্ক স্ট্রীটের বাড়িটি কি সরকার অধিগ্রহণ করেছেন ; এবং

(খ) বহরমপুরের সৈদাবাদস্থিত মহারাজ নন্দকুমারের বাড়ি অধিগ্রহণের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা ঃ (ক) না। (খ) জানা নাই।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ আমরা জানি যে আমাদের রাজ্যে যে সব পুরোন ঐতিহ্য আছে সেইগুলিকে ঠিক মতো রক্ষণাবেক্ষণ করার জন্য মন্ত্রী মহাশয় যথেষ্ট কর্তব্য পরায়ণ। কিন্তু মুর্শিদাবাদের মহারাজ নন্দকুমারের প্রকৃতপক্ষে কোন উইটনেস নেই। সেই রানী মারা যাবার পরে সেই বাড়ি পাওয়ার ব্যাপারে একজন পুষ্যিপুত্র বলে দাবি করছে। এই ব্যাপারে সঠিকভাবে জানা প্রয়োজন। নানা জায়গা থেকে পর্যটক যান সেই মহারাজ নন্দকুমারের বাড়ি দেখার জন্য। এই অধিগ্রহন করার ব্যাপারে আপনি কোন বিচার বিবেচনা করছেন কিনা জানাবেন কি ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা ঃ এটা আমার বিভাগ নয়। এটা যতীনবাবুর দপ্তরের ব্যাপার এবং আমাদের কালচার বিভাগে যিনি আছেন তাঁর ব্যাপার। মুর্শিদাবাদের নবাব পরিবারের কলিকাতাস্থিত যে বাড়িটি আছে এটা আমার বিভাগে আছে। কিন্তু এটা অধিগ্রহন করার কোন প্রশ্ন ওঠে না। কারণ ১৯৬১ সালে এটা ও. জি. ও. টিতে ভেস্টেড আছে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ আপনার পেছন থেকে মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন যে তিনি এটা অধিগ্রহণ করবেন। এটা কিন্তু এ্যাসিওরেন্সে যাবে।

Encroachment upon highways

*286. (Admitted question No. *380) **Shri Ashok Ghosh :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the State Government is aware of the fact that many shops, workshops and even dwelling are spreading over land abutting highways thereby reducing the effective road width ; and

(b) if so, the measures taken and/or proposed to be taken by the State Government against such encroachments particularly in areas where traffic intensity is high ?

Shri Jatin Chakraborty : (a) Government policy does not permit such encroachments.

(b) Instructions have already been issued to the concerned officers for prevention and removal of encroachments on Government road-side land, if there be any, under their respective jurisdictions.

[1-10—1-20 P.M.]

অশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, আপনার ডিপার্টমেণ্টে এই ধরণের এনক্রোচমেণ্টের খবর আছে যে কবে এনক্রোচমেণ্ট হয়েছে এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নেবার নির্দেশ কবে আপনি দিয়েছেন ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ কোন জায়গায় এনক্রোচমেণ্ট হয়েছে কিনা, তা জানা নেই। তবে, যখনই এই ধরণের কিছু হয় এবং ইনফরমেশান পাই, তখন সেইভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জবাব পাঠাই।

শ্রীঅশোক ঘোষ ঃ আপনার দপ্তরের পাশে এনক্রোচমেণ্ট হয়েছে, এ রকম কোন সংবাদ আপনার নোটিশে আছে কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ প্রত্যেক জায়গাতেই তো সাময়িক ভাবে এই রকম এনক্রোচমেণ্ট হচ্ছে। তখন সঙ্গে সঙ্গেই স্থানীয় ভাবে ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দিয়ে থাকি। তবে, নিয়ম হচ্ছে স্থানীয় প্রশাসন কর্তৃপক্ষ, পুলিশ ও আমাদের ইনজিনিয়াররা একসঙ্গে বৈঠক করে ঠিক করে

থাকি কিভাবে উৎখাত করা হবে। সিদ্ধান্ত হওয়ার পর সবকিছু ভেঙ্গে দেওয়া হয়। কিন্তু মুশকিল হচ্ছে, আবার তারা বসে পড়ে।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, আপনার নির্দ্দেশের পরেও ন্যাশানাল হাইওয়ের (৩৪ নং) বিভিন্ন অংশ একের পর এক দখল হয়ে যাচ্ছে। আমাদের কাছে সুনির্দিষ্ট অভিযোগ আছে যে, আপনার দপ্তরের অফিসাররা ন্যাশনাল হাইওয়ের ড্রেনগুলি উইদাউট পারমিশানে বসতে দিচ্ছে। এনক্রোচমেন্টের এই ঘটনার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেবেন কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ একথা মোটেই সত্য নয়। ন্যাশানাল হাইওয়ে হচ্ছে এক দীর্ঘ রাস্তা। সমস্ত রাস্তা দখল হয়ে গেছে এ রকম কোন সুনির্দিষ্ট অভিযোগ আমার কাছে নেই।

শ্রীসরল দেব ঃ আমি প্রমাণ দিতে পারি। আমি বলছি, বারাসাত থেকে মধ্যমগ্রামের চৌমাথা পর্যন্ত এ রকম অসংখ্য জায়গা দখল হয়ে গেছে।

মিঃ স্পীকার ঃ মন্ত্রীমহাশয় তো বলেছেন, আপনি বলবেন, উনি দেখবেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এই দপ্তরের দায়ভার আপনি গ্রহণের পর কোন জায়গা এইভাবে এনক্রোচমেন্ট হয়েছে এবং তার মধ্যে কতগুলিকেই বা আপনি ডিমোলিশ করেছেন ? আমরা তো হামেশাই দেখছি, সব রাস্তা ব্লক হচ্ছে।

শ্রীযতীন চক্রবর্তী ঃ আপনি নোটিশ দেবেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আপনি সামান্য যা জানেন, তাই বলুন।

মিঃ স্পীকার ঃ আপনি নোটিশ দেবেন। এ বিষয়ে হোম মিনিষ্টার উত্তর দেবেন।

শ্রীঅমলেন্দ্র রায় ঃ এই সমস্ত এনক্রোচমেন্ট যারা করছে, তাদের সত্যি সত্যিই যাতে তোলা যায়, তারজন্য বিভিন্ন দলের বৈঠক ডেকে সর্বসম্মত সিদ্ধান্তে পৌছাবার জন্য তাদের মতামত নেবার ব্যবস্থা আছে কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ যখনই এই ধরণের সমস্যা সৃষ্টি হয় তখন প্রশাসনিক অধিকর্তা পুলিশ, ইঞ্জিনিয়ার (আমাদের পি. ডবলিউ. ডি-'র)—এরা বসে ভাঙবার জন্য বৈঠকে বসেন। ঐ বৈঠকে এস. ডি.-ও., ডি. এম.'এর কাছে সাহায্যের জন্যও বলা হয়ে থাকে। কিন্তু দেখা যায় (কোন কোন জায়গায়) বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে আপত্তি জানায়। তখন ঐ সমস্ত রাজনৈতিক দলের লোকেদের সঙ্গে বৈঠকে বসে সর্বসম্মত সিদ্ধান্ত করে ভাঙবার ব্যবস্থা করা হয়ে থাকে।

বৈদ্যুতিক তার চুরির জন্য বীমা

*২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৬। **শ্রীঅনিল মুখার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বিদ্যুতের তার চুরির জন্য রাজ্য সরকার / পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কোন বীমা করেছেন কি ;

(খ) করে থাকলে,—

(১) এ বাবত বার্ষিক কত টাকা প্রিমিয়াম দিতে হয়, ও

(২) কোন্ তারিখে এই বীমা চালু করা হয়েছে , এবং

(গ) ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বিদ্যুতের তার চুরি বাবত বীমা সংস্থা থেকে কত টাকা পাওয়া গেছে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) না

(খ) (১) এ প্রশ্ন উঠে না।

(২) এ প্রশ্ন উঠে না।

(গ) এ প্রশ্নও ওঠে না।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ বিদ্যুতের তার চুরির প্রসঙ্গে আমি প্রাসঙ্গিক একটি প্রশ্ন করছি—বীমার ব্যাপারে নয়। আপনি ঘোষণা করেছেন, যে সব জায়গায় তার চুরি হয়, সেই জায়গায় পাহারার জন্য সাময়িক ভাবে লোক নিয়োগ করা হবে। এই লোক কে নিয়োগ করবে, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, না গ্রাম পঞ্চায়েত ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ যে যে জায়গা থেকে তার চুরি হয়, তা নির্দিষ্ট করবেন জেলা শাসক এস. পি. এবং সভাধিপতি। তবে লোক নিয়োগের ব্যাপারে গ্রাম পঞ্চায়েতের সঙ্গে পরামর্শ করেই করা হবে।

সমবায়ের মাধ্যমে কৃষি ঋণ

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫০।) **শ্রীশান্তিরাম মাহাতো** এবং **শ্রীকাশীনাথ মিশ্র :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে সমবায়ের মাধ্যমে প্রদত্ত কৃষি ঋণের ক্ষেত্রে বিপুল পরিমান অর্থ অনাদায়ের ফলে কৃষিতে দাদনের পরিমাণ কমে যাচ্ছে ;

(খ) সত্য হলে, ১৯৭৮ সালের জুলাই মাস থেকে ১৯৮৪ সালের জানুয়ারি সাস পর্যন্ত সময়ে সমবায়ের মাধ্যমে কি পরিমাণ কৃষি ঋণ দেওয়া হয়েছে ও আদায় করা হয়েছে ;

(গ) ঐ ঋণ অনাদায়ী থাকার কারণ কি কি ; এবং

(ঘ) ১৯৮২ সালের জানুয়ারী থেকে ১৯৮৪ সালের জানুয়ারি পর্যন্ত সময়ে কতজন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী বর্গাদারকে সমবায়ের মাধ্যমে কৃষি ঋণ দেওয়া হয়েছে ?

শ্রীনীহার কুমার বসু ঃ (ক) হ্যাঁ

(খ) সমবায় বর্ষ জুলাই হইতে জুন পর্যন্ত গণনা করা হয়। সে হিসাবে প্রশ্নে প্রার্থিত কালের সমবায় কৃষি ঋণ দাদনের ও আদায়ের পরিমাণ নিম্নে দেওয়া হল ঃ (কোটি টাকায়)

	দাদনের পরিমাণ	আদায়ের পরিমাণ
১৯৭৮-৭৯	৪৫.৭৪	৩৬.৬১
১৯৭৯-৮০	৩৮.৭৭	৩৪.৯৫
১৯৮০-৮১	৩৪.৩৫	৩৮.৪৪
১৯৮১-৮২	৪৫.৫১	৩৬.৪৬
১৯৮২-৮৩	৩১.৮৪	২৭.৮৯
১৯৮৩-৮৪ ৩১ জানুয়ারী পর্য্যন্ত)	১৭.৩৮	১৫.০৮

১৯৭৮-৭৯ সালের ভয়াবহ বন্যা এবং তৎপরবর্তী কালে খরা, অতিবৃষ্টি এবং অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ের ফলে পশ্চিমবাংলার কৃষি সমূহ ক্ষতিগ্রস্ত হয়। সে কারণে কৃষককুলের আর্থিক দুর্গতির মধ্যে দিন কাটাতে হয়। মুখ্যতঃ কৃষকের আর্থিক অক্ষমতার কারণে কৃষি ঋণ আদায় বিঘ্নিত হয় ফলে, প্রদত্ত ঋণের অধিকাংশ অনাদায়ী হয়ে পড়ে। তাছাড়া, উক্ত সময়ে কিছু কিছু কায়েমী স্বার্থান্বেষী ঋণী সদস্যরা অপর সদস্যদের ঋণ আদায় দেওয়া থেকে বিরত থাকার জন্য প্রভাব বিস্তার করে এবং কিছু কিছু ক্ষেত্রে সাফল্য লাভ করে। ফলে ঋণ আদায় দানেচ্ছু সদস্যরাও বিভ্রান্ত হয় এবং অপেক্ষাকৃত স্বচ্ছল কৃষি পরিবারের ঋণ আদায় না দেওয়ার মনোভাব দ্বারা পরিচালিত হয়। কোনও কোনও ক্ষেত্রে দৈহিক নির্যাতনের ভয় দেখান হয় যাতে আর্থিক দিক থেকে দুর্বল অথচ ঋণ আদায়দানে ইচ্ছুক সদস্যদের কৃষি ঋণ আদায় থেকে বিরত থাকে। এ কারণগুলো ঋণ অনাদায়ী থাকার অন্যতম মুখ্যকরণ।

নিম্নলিখিত সালে নিম্নলিখিত সংখ্যক ক্ষুদ্র ও প্রান্তিক চাষী বর্গাদারকে সমবায়ের মাধ্যমে কৃষি ঋণ দেওয়া হয়েছে :

১৯৮২	খরিফ	মরশুম	১৪২৩০৭ জন
১৯৮৩	ঃ	”	১১২৪২৪ জন
১৯৮২-৮৩	রবি	”	১৭০০০ জন

শ্রীকাশীনাথ মিশ্র ঃ বকেয়া ঋণ যা আছে তা আদায় করার জন্য বর্তমানে আপনারা কি কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

শ্রীনীহার কুমার বসু ঃ ঋণ আদায়ের ব্যবস্থা হিসেবে প্রধানত; জেলাস্তরে য়্যাডভাইসারী কমিটি গঠন করা হয়েছে তাতে ডি. এম. এস. পি. সভাধিপতি এবং বিভিন্ন কৃষক সমিতির প্রতিনিধিরা আছেন। মূলতঃ যাঁরা অল্প টাকা নিয়েছেন তাঁদের বোঝান হচ্ছে যাতে তাঁরা টাকা ফেরত দেয় এবং যারা বেশি টাকা ঋণ নিয়েছে তাদের ক্ষেত্রে সরকার আইনের ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীসত্যপদ ভট্টাচার্য মোট অনাদায়ী ঋণের পরিমাণ কত ?

শ্রীনীহার কুমার বসু ঃ নোটিশ চাই।

[1-20—1-30 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি আপনি যে চিত্র তুলে ধরলেন সেটা হতাশাব্যঞ্জক। রিজার্ভ ব্যাংকের রিপোর্ট অনুযায়ী ১৯৭০-৭১ সালের মূল্যমানে এখানে মিনিমাম টাকা দিতে হবে ৩০০ কোটি। আপনি হিসাব দিলেন ৩৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এই অবস্থায় কমার্শিয়াল ব্যাংক থেকে লোনের ব্যাপারে এগিয়ে আসছে না বলে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন। এই ব্যাপারে আপনি কি ব্যবস্থাদি নিয়েছেন ?

শ্রীনীহার কুমার বসু ঃ ব্যবস্থাদি বলতে বকেয়া টাকা যাতে পরিশোধ করে সেই ব্যবস্থাদি এছাড়া অন্য কি ব্যবস্থা হবে ?

শ্রীকৃপাসিন্ধু সাহা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে প্রচুর পরিমানে বকেয়া আছে এই বকেয়া আদায়ের ক্ষেত্রে কোন কোন পক্ষ থেকে কি বাধা দেওয়া হচ্ছে ?

শ্রীনীহার কুমার বসু ঃ মূল প্রশ্নের উত্তরে আমি বলেছি।

আলিপুর চিড়িয়াখানা

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬০।) **শ্রীমনোহর তিরকী ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুর চিড়িয়াখানায় ১৯৮০-৮১ হইতে ১৯৮২-৮৩ সাল পর্যন্ত দর্শকগণের নিকট টিকিট বিক্রয় বাবত কত টাকা পাওয়া গেছে ; এবং

(খ) বর্তমানে চিড়িয়াখানাকে আরও আকর্ষনীয় করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীভবানী মুখার্জী ঃ (ক) এই সময়ে টিকিট বিক্রয় বাবদ মোট ৫৪, ৮৭, ৯৪৬ টাকা পাওয়া গেছে।

(খ) হ্যাঁ, আছে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে প্রতি বছর চিড়িয়াখানায় দর্শনীর পয়সা বাড়ান হচ্ছে—৫০ পয়সা থেকে ১ টাকা করা হচ্ছে। অন্ততঃ স্কুলের ছাত্র, বিভিন্ন শিশু সংগঠনের যারা দেখতে যায় তাদের ক্ষেত্রে এই দর্শনীর হারটা কমানোর বিষয় বিবেচনা করবেন কি ?

শ্রীভবানী মুখার্জী ঃ প্রতি বছর বাড়ান হয়নি, ১লা জুলাই ১৯৮২ সালে আগে ছিল ৫০ পয়সা সেটা ১ টাকা করা হয়েছে সাধারণের জন্য। শিশুদের জন্য যা বলেছেন তাদের জন্য কনসেসানের ব্যবস্থা আছে, দলবদ্ধভাবে গেলে কনসেসান দেওয়া হয়।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নের উত্তরে বললেন পরিকল্পনা আছে, আকর্ষণীয় করার জন্য কি কি পরিকল্পনা নিয়েছেন সেটা জানাবেন কি ?

শ্রীভবানী মুখার্জী ঃ বর্তমানে যে পরিকল্পনা আছে—একটা হচ্ছে ভাল্লুকদের ওপেন এয়ার এনক্লোজার ফর বিয়ার ট্রাইবস, দুই নং হচ্ছে সেখানে যে লেকে ইরোসান হচ্ছে তার পাড় বাঁধিয়ে ভাল করে গাছপালা তৈরী করা এবং তৃতীয়ত; আর একটা চেষ্টা করা হচ্ছে, অবশ্য তার সঙ্গে ভারত সরকারের সম্মতির ব্যাপার আছে, ঢাকা এবং ব্রহ্মদেশের চিড়িয়াখানা থেকে এক্সচেঞ্জ অব এ্যানিম্যালস আমাদের কিছু প্রাণী পাঠান এবং তাদের কাছ থেকে কিছু নতুন ধরণের প্রাণী আনা।

শ্রীঅশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই আকর্ষণীয় করার জন্য তাজ গ্রুপকে হোটেল করার জন্য অনুমতি দেওয়া হয়েছে কি ?

মিঃ স্পীকার ঃ প্রশ্ন উঠে না।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি উপযুক্ত পরিবেশের অভাবে এবং খাদ্যের অভাবে চিড়িয়াখানার জন্তু মারা যাচ্ছে এই খবর রাখেন কি ?

শ্রীভবানী মুখার্জী ঃ কি খাদ্যের অভাব আছে এই সম্বন্ধে কোন অভিযোগ কোথাও থেকে পাইনি। নিশ্চয়ই পরিবেশ সম্বন্ধে ভাবা হচ্ছে। কলকাতার আশে পাশে যে ধরণের পরিবেশ তাতে অন্য জায়গায় চিড়িয়াখানা করার ব্যাপারে আমাদের অনেক ডিফিকালটিজ আছে।

পশ্চিমবঙ্গে ডাকাতি

***২৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৯।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৩ সালের ১লা জানুয়ারী থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়ে কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে ; এবং

(খ) উক্ত ঘটনায় জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) মোট ১০২৪ টি।

(খ) মোট ৬০১২ জনকে।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ গ্রামাঞ্চলের থানা সমূহে স্টাফ কম থাকার জন্য অফিসারদের আন্তরিকতা থাকা সত্বেও এই ডাকাতি প্রতিরোধ করা যাচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে, ডাকাতির সংখ্যা যখন ১ হাজারের উপর হয়েছে তখন থানার স্টাফ বৃদ্ধি করবেন কিনা।

শ্রীজ্যোতি বসু ঃ এটা মতামতের ব্যাপার। তাছাড়া পুলিশের সংখ্যা বাড়ালেই ডাকাতি বন্ধ করা যায় না। এটা বন্ধ করতে হলে পুলিশকে তৎপর হতে হবে, তাদের বিভিন্ন রকম জিপ গাড়ী ইত্যাদি দিতে হবে, বিশেষভাবে খবরাখবর রাখতে হবে। শুধু পুলিশের সংখ্যা বাড়িয়ে এটা বন্ধ করা যায় না বা কমান যায় না।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ বিভিন্ন জেলায় ডাকাতি বাড়ছে এই ব্যাপারে আমরা যখন এস পি-র কাছে যাই তখন তিনি বলেন পুলিশ নেই। এই পরিপ্রেক্ষিতে আমি বলছিলাম স্টাফ বাড়ালে হয়ত ডাকাতি প্রতিরোধ করা যায়।

শ্রীজ্যোতি বসু ঃ বিশেষ কোন জায়গায় হয়ত এরকম হতে পারে। তবে সামগ্রিকভাবে বলতে হবে এটা মতামতের ব্যাপার।

শ্রীশিশির অধিকারী ঃ কয়েকজনকে এই ব্যাপারে গ্রেপ্তার করা হয়েছে কিন্তু আরও কয়েকজনের নাম আছে যাদের গ্রেপ্তার করা হয়নি—এরকম কোন সংবাদ আপনার কাছে আছে কি ?

শ্রীজ্যোতি বসু ঃ এই প্রশ্নের উত্তর আমি কি দেব ?

মিঃ স্পীকার ঃ এটা নিয়ম নয়। পুলিশের কাছে কার নাম আছে সেটা কি করে বলবে ? যখন কোন কেস—এ ইনভেষ্টিগেসন চলে তখন পুলিশ কি করে বলবে তাঁরা কাকে খুঁজছেন।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মুখ্যমন্ত্রী বললেন সারা পশ্চিমবাংলায় ১ হাজার ২৪টি ডাকাতির ঘটনা ঘটেছে। আপনি কি সিওর, ডাকাতি যেগুলি হয়েছে তার সবগুলি থানায় লিপিবদ্ধ করা

হয়েছে ? আমার কাছে সংবাদ আছে থানায় খবর দিতে গেছে, কিন্তু তারা ফিরিয়ে দিয়েছে। আমি পুলিশ বাজেট আলোচনার সময় এসব কথা বলব। স্যার, আই হ্যাভ গট এ লেটার এ্যাণ্ড হিয়ার ইজ দি লেটার—থানা অফিসার এ্যাকনলেজমেণ্ট লেটার রিফিউজ করেছে। কাজেই আমি মনে করছি উনি যে ফিগার দিয়েছেন তার মধ্যে অসংগতি আছে সবগুলি ঘটনা লিপিবদ্ধ হয় না। এ সম্বন্ধে আপনি কিছু বলবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ প্রাক্তন মন্ত্রীর কাছ থেকে অনেক ইনফর্মেসন পেলাম। আমার কাছে এরকম কোন ইনফর্মেসন নেই।

শ্রীসুরেশ সিংহ ঃ এই যে ১ হাজার ২৪টি ডাকাতি হয়েছে তাতে কোন জেলায় কত ডাকাতি হয়েছে সেটা জানাবেন কি ?

মিঃ স্পীকার ঃ এটা এখনই বলা সম্ভব নয় কারণ ১৬টি জেলা আছে। নোটিশ দিলে তালিকা টেবেলে দেওয়া হবে।

মেমানপুর-ব্যানার্জী হাট রাস্তা সংস্কার

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৫।) **শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি —

(ক) মহেশতলা থানার অন্তর্গত মেমানপুর মোড় হইতে ব্যানার্জী হাট পর্যন্ত রাস্তাটি মেরামত করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) সড়কটি পূর্ত্ত বিভাগের অধীন নয়। সুতরাং ইহা মেরামত করার কোন পরিকল্পনা আমাদের নেই।

(খ) প্রশ্ন উঠে না।

Panel of Lawyers in Midnapore Court

***292.** (Admitted question No. *1240.) **Dr, Ambika Banerjee :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that recommendations of the appropriate authorities of Midnapore district regarding preparation of a Panel of Lawyers for prosecution of Government cases in the Sessions Court at Midnapore had been received by the State Government during 1982 and 1983 ; and

(b) if so, what is the present position in the matter ?

***Shri Gyan Singh Sohanpal :** Whether Speaker will answer my question ? Let the Minister give the reply.

Shri Syed Abul Mansur Habibullah : (a) No such proposal has been called for or received

(b) Does not arise.

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ আমার কাছে যে ইনফর্মেসন আছে তাতে দেখছি পাঠান হয়েছে। তবে আপনার কাছে যখন এরকম কোন ইনফর্মেসন নেই তখন আমার প্রশ্ন হচ্ছে, এরকম কোন প্রোপোজ্যাল আপনার মধ্যে আছে কিনা ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা ঃ আমরা কিছু পাঠাইনি। আপনার কাছে যদি সেরকম কোন তথ্য থাকে তাহলে সেটা আমার কাছে দেবেন।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনার এরকম কোন প্রোপোজ্যাল আছে কিনা—অর্থাৎ আপনি এটা চান কিনা ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা ঃ সাধারণতঃ ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা ডিষ্ট্রিক্ট জজ এর সঙ্গে পরামর্শ করে প্যানেল পাঠান। কোথাও কোন অসুবিধা হলে আমরা হস্তক্ষেপ করি—নতুবা সাধারণভাবে এরকম ব্যাপারে হস্তক্ষেপ করা হয় না। কোন জায়গায় হয়ত মামলা বেড়ে গেছে অথচ উকিল নেই, এরকম রিপোর্ট পেলে আমরা ব্যবস্থা করি। তবে সাধারণভাবে আপনি যেটা বলছেন সেরকম কিছু নেই।

[1-30 - 1-40 P.M.]

শিশির অধিকারী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যে বললেন ২।১ জনের নামের কথা, আমি প্রশ্ন করছি যে মেদিনীপুরের ক্ষেত্রে জেলা শাসক এবং ডিষ্ট্রিক্ট জর্জ এখানে একটা লিষ্ট পাঠিয়েছিলেন এবং

সেই লিষ্ট বাতিল করে এখান থেকে একটা লিষ্ট পাঠানো হয়েছিল ডিষ্ট্রিক্ট জজ-এর কাছে এবং সে সম্বন্ধে ইনজাংসন হয়েজে কিনা ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা : মেদিনীপুর জেলার ক্ষেত্রে কয়েকজন ল-ইয়ারের নাম পাঠানো হয়েছিল। এখান থেকে 6 lawyers were including in the criminal panel. ওদের প্যানেল করা হয়নি। যে ছয়জনের নাম দেওয়া হয়েছিল তাদের বিরুদ্ধে হাইকোর্টে ইনজাংসন হয়েছে। এবং এই ইনজাংসন তো হতেই পারে।

Shri Gyan Singh Sohanpal : I believe there is a prescribed procedure laid down in the L. R. manual for preparation of panel of lawyers. Will the Hon'ble Minister be pleased to state whether the same was followed in respect of Midnapore district in 1982 and 1983 ?

Shri Syed Abul Mansur Habibullah . No panel of lawyers were Prepared. So this question does not arise. Some names were included in the panel. As I have said it is under the discretion of the Minister, and he has done it. But that was under injunction.

Shri Gyan Singh Sohanpal : My question is simple and clear. I believe there is a procedure laid down in the L. R. manual. If so, what is that procedure ?

Mr. Speaker : You are speaking of L. R. manual. You can have this procedure there in the L. R. manual. He included some names. No new panel was made in 1982-83.

Shri Gyan Singh Sohanpal : Whether Speaker will answer my question ? Let the Minister give the reply.

Mr. Speaker : I am not answering your question.

Shri Gyan Singh Sohanpal : You are giving protection to the Minister.

Mr. Speaker : No question of Protection. Minister has said categorically that no panel has been made.

Shri Gyan Singh Sohanpal : I want to know from the Minister whether there is a prescribed procedure laid down in the L R. Manual ? If so, whether same was followed in respect of Midnapore district in 1982 and 1983 ?

Shri Syed Abul Mansur Habibullah : My answer is clear. There is a procedure laid down in the L. R. manual. Question of following that manual's procedure does not arise. Inclusion of names does not mean creation of a new panel. Minister has got the discretion to include the names.

Kolaghat Thermal Power Project

***293.** (Admitted question No. *1241.) **Dr. Sukumar Roy :** Will the Minister-in-charge of the power Department be pleased to state—

(a) wheather the State Government has noticed any proneness amongst some contractors at the Kolaghat Thermal Power Project to go slow to take advantage of the cost escalation clause in their agreements ; and

(b) if so, steps taken by the State Government in the metter ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : (ক) হ্যাঁ, কয়েকটি ক্ষেত্রে দেখা যাচ্ছে।

(খ) বিদ্যুৎ পর্ষদকে এ ব্যাপারে প্রয়োজনীয় সর্তকতামূলক ব্যবস্থা নিতে বলা হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এদের তৎপরতা বৃদ্ধির জন্য বর্তমানে কি কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : যদিও এটা প্রাসঙ্গি নয়, তবুও বলছি যে কাজ মনিটারিং হচ্ছে দেখাশুনা হচ্ছে এবং বিদ্যুৎ পরিষদের চেয়ারম্যানই দেখাশুনা করছেন।

Purchase of electronic voting machines

***294.** (Admitted question No. *481.) **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Home (Constitution and Elections) Department be pleased to state—

(a) if it is a fact that there was a Budget provision for purchasing 13,000 Nos. of electronic voting machines during the current year ; and

(b) if so—

(i) the steps so far taken by the State Government for purchasing electronic voting machines, and

(ii) the reasons, if any, for non-utilisation of a portion of the funds provided for the purpose ?

Shri Jyoti Basu : (a) Yes.

(b) (i) State Government have made the necessary Budget provision in order to enable the Chief Electoral Officer to effect the purchase of these machines in compliance with the directions of the Election Commission of India under whose superintendence, direction and control, he functions.

(ii) It is understood that the matter regarding progressive use of Electronic Voting machines through-out the country in phases as recommended by the Election Commission is under examination by Government of India. As 50% of the expenditure to be incurred for the purchase of Electronic Voting machines will be borne by the Government of India, no purchase could be made in the absence of Government of India's decision in this regard.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয় দেখেছেন, সম্প্রতি কেরালায় এই ইলেকট্রনিকস মেশিনে ভোটের রেজাল্ট বাতিল করে দিয়েছে সুপ্রীম কোর্ট, তারপরও কি আপনি এই প্রস্তাবটা পারশ্যু করবেন ?

শ্রীজ্যোতি বসু : এটা কেন্দ্রীয় ইলেকশন কমিশনের প্রস্তাব।

শ্রীঅমলেন্দ্র রায় : ইলেকশন কমিশন থেকে সুপ্রীম কোর্টের রায়ের পরে কোন নির্দেশ এসেছে কি না ?

শ্রীজ্যোতি বসু ঃ এখনও পর্য্যন্ত আসেনি, বোধ হয় কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে চিন্তা করছেন।

সাংবাদিকগণকে সরকারী ফ্ল্যাট বণ্টন

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬।) **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) জানুয়ারী, ১৯৭৭ হইতে জানুয়ারী, ১৯৮৪ পর্যন্ত সময়ে কতজন সাংবাদিককে সরকারী ফ্ল্যাট দেওয়া হয়েছিল ;

(খ) উক্ত সাংবাদিকগণের নাম কি এবং তাঁহারা কোন্ কোন্ সংবাদপত্রের সহিত যুক্ত ;

(গ) ঐ সময়ে আবেদনকারী কতজন সাংবাদিকের ফ্ল্যাটের আবেদন এখনও বিবেচনাধীন আছে ; এবং

(ঘ) উক্ত সাংবাদিকগণের নাম কি ?

শ্রীযতীন চক্রবর্তী ঃ (ক) ১১ (এগারো) জন সাংবাদিককে সরকারী ফ্ল্যাট ঐ সময়ের মধ্যে বিলি করা হয়েছে।

(খ) উক্ত সাংবাদিকগণের নাম ও সংশ্লিষ্ট সংবাদপত্রের বিবরণ নীচে দেওয়া হ'ল।

(সাংবাদিকগণের নাম)	(পত্রিকার নাম)
১। শ্রীশ্যামল গঙ্গোপাধ্যায়	যুগান্তর
২। শ্রীসুনীলকুমার বসু	ঐ
৩। শ্রীউপেন্দ্রনাথ চক্রবর্তী	ঐ
৪। শ্রীঅমিতাভ চৌধুরী	ঐ
৫। শ্রীমনোজিৎ মিত্র	অমৃতবাজার পত্রিকা
৬। শ্রীমতী চিত্রা দেব	আনন্দবাজার পত্রিকা
৭। শ্রীচিত্তরঞ্জন মণ্ডল	সত্যযুগ
৮। শ্রীউজ্জ্বল পাল	ঐ
৯। শ্রীসন্তোষকুমার শীল	ঐ
১০। শ্রীরতনলাল বন্দ্যোপাধ্যায়	ঐ
১১। শ্রীরঞ্জিত বসু	বসুমতী

(a) if it is a fact that there was a Budget provision for purchasing 13,000 Nos. of electronic voting machines during the current year ; and

(b) if so—

(i) the steps so far taken by the State Government for purchasing electronic voting machines, and

(ii) the reasons, if any, for non-utilisation of a portion of the funds provided for the purpose ?

Shri Jyoti Basu : (a) Yes.

(b) (i) State Government have made the necessary Budget provision in order to enable the Chief Electoral Officer to effect the purchase of these machines in compliance with the directions of the Election Commission of India under whose superintendence, direction and control, he functions.

(ii) It is understood that the matter regarding progressive use of Electronic Voting machines through-out the country in phases as recommended by the Election Commission is under examination by Government of India. As 50% of the expenditure to be incurred for the purchase of Electronic Voting machines will be borne by the Government of India, no purchase could be made in the absence of Government of India's decision in this regard.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয় দেখেছেন, সম্প্রতি কেরালায় এই ইলেকট্রনিকস মেশিনে ভোটের রেজাল্ট বাতিল করে দিয়েছে সুপ্রীম কোর্ট, তারপরও কি আপনি এই প্রস্তাবটা পারশ্যু করবেন ?

শ্রীজ্যোতি বসু : এটা কেন্দ্রীয় ইলেকশন কমিশনের প্রস্তাব।

শ্রীঅমলেন্দ্র রায় : ইলেকশন কমিশন থেকে সুপ্রীম কোর্টের রায়ের পরে কোন নির্দেশ এসেছে কি না ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) কিছু লোক মুখ্যমন্ত্রী ফারুকের বিরুদ্ধে কালো পতাকা সহ বিক্ষোভ প্রদর্শন করে এই বিক্ষোভকারীদের একাংশ একটি লাঠি দিয়ে ডাঃ ফারুকের গাড়ীতে আঘাত করে। ফলে গড়ৌটির কিছু ক্ষতি হয়ে।

(খ) বিক্ষোভকারীরা কংগ্রেস (ই) সমর্থক।

(গ) ঘটনা সম্পর্কে এয়ারপোর্ট থানায় একটি মামলা রুজু করা হয়েছে। সর্বশ্রী সৌমেন মিত্র, প্রিয়রঞ্জন দাসমুন্সী ও সুদীপ বন্দ্যোপাধ্যায়কে গ্রেপ্তার করা হয়েছে। কর্মরত পুলিশ অফিসারদের সতর্ক করে দেওয়া হয়েছে। কর্তব্যে শিথিলতার জন্য দুজন অফিসারকে অন্যত্র বদলি করা হয়েছে।

(ঘ) না।

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যে অন্য রাজ্যের একজন সম্মানিত অতিথি, তাঁর নিরাপত্তার জন্য দমদম বিমান বন্দরে যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রয়োজন ছিল, সেই ক্ষেত্রে ইন্টেলিজেন্স গ্যাপ ছিল পুলিশের দিক থেকে, এটা কি সত্য ?

শ্রীজ্যোতি বসু ঃ খুব ভোরে ওঁরা যখন গাড়ি নিয়ে এয়ার পোর্টের ভেতর ঢুকছিলেন, সেই সময় অতর্কিতে একটা বিক্ষোভ শুরু হয় শুধু বিক্ষোভ নয়, ওঁদের গাড়ি ঘিরে ফেলা হয়। পুলিশের নিশ্চয়ই এই বিষয়ে শিথিলতা ছিল, সেইজন্য দুজন পুলিশ অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

[1-40—1-50 P.M.]

শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ আপনি হস্তক্ষেপ করার পরে সমাজ বিরোধীদের বিরুদ্ধে যথাযথ ভাবে ব্যবস্থা নেওয়া হয়েছিল। কিন্তু তারপর উত্তর কলকাতার একটা বিস্তীর্ণ অঞ্চল কয়েক ঘণ্টার জন্য এ্যান্টি সোসালস সমাজ বিরোধীদের দখলে চলে গিয়েছিল এটা কি সত্য ?

শ্রীজ্যোতি বসু ঃ এ তো আমি বিবৃতিতেই বলেছি—মাননীয় সদস্যদের জানা আছে, আমি নিজেও বলেছি যে কয়েক ঘণ্টা ধরে সমাজ বিরোধীদের হাতে উত্তর কলকাতা চলে গিয়েছিল এবং বেশীর ভাগই হচ্ছে কংগ্রেস সমর্থক।

শ্রীসুব্রত মুখার্জী ঃ আমাদের এখানে গভর্ণরের বিরুদ্ধে বিক্ষোভ করার অধিকার আছে। তাহলে যে কোন ভারতীয় নাগরিক সে যেই হোক না কেন তার বিরুদ্ধে বিক্ষোভ করার অধিকার আছে কিনা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি এটা জানাবেন ?

(a) if it is a fact that there was a Budget provision for purchasing 13,000 Nos. of electronic voting machines during the current year ; and

(b) if so—

(i) the steps so far taken by the State Government for purchasing electronic voting machines, and

(ii) the reasons, if any, for non-utilisation of a portion of the funds provided for the purpose ?

Shri Jyoti Basu : (a) Yes.

(b) (i) State Government have made the necessary Budget provision in order to enable the Chief Electoral Officer to effect the purchase of these machines in compliance with the directions of the Election Commission of India under whose superintendence, direction and control, he functions.

(ii) It is understood that the matter regarding progressive use of Electronic Voting machines through-out the country in phases as recommended by the Election Commission is under examination by Government of India. As 50% of the expenditure to be incurred for the purchase of Electronic Voting machines will be borne by the Government of India, no purchase could be made in the absence of Government of India's decision in this regard.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বোধ হয় দেখেছেন, সম্প্রতি কেরালায় এই ইলেকট্রনিকস মেশিনে ভোটের রেজাল্ট বাতিল করে দিয়েছে সুপ্রীম কোর্ট, তারপরও কি আপনি এই প্রস্তাবটা পারশ্যু করবেন ?

শ্রীজ্যোতি বসু : এটা কেন্দ্রীয় ইলেকশন কমিশনের প্রস্তাব।

শ্রীঅমলেন্দ্র রায় : ইলেকশন কমিশন থেকে সুপ্রীম কোর্টের রায়ের পরে কোন নির্দেশ এসেছে কি না ?

(ক) কাঁথিতে বৈদ্যুতিক সাব-স্টেশনের কাজ কতদূর অগ্রসর হয়েছে ; এবং

(খ) ঐ সাব-স্টেশনটি কবে নাগাত চালু করা হবে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) কাঁথিতে ৩৩ ১১ কে ভি. সাবষ্টেশনটির নির্মাণ কার্য শেষ হয়েছে।

(খ) এগরা কাঁথি ৩৩ কে. ভি লাইনের পরিবাহী তার চুরি না গেলে ইতিমধ্যে সাবষ্টেশনটি চালু হয়ে যেত যাইহোক সাবষ্টেশনটি ১৯৮৪ এর এপ্রিল মাসের মধ্যে চালু হওয়ার খুবই সম্ভবনা।

শ্রীশিশির অধিকারী ঃ আমাদের প্রয়াত মন্ত্রী বন্ধু শঙ্করবাবু ডিসেম্বর ১৯৮২ সালে প্রতিশ্রুতি দিয়েছিলেন। তারপর আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন ১৯৮৩ সালের আগষ্ট মাসে চালু করবেন। কিন্তু এখন বলছেন আরো দেরি হবে। একজ্যাক্ট কোন তারিখ আপনি বলতে পারবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ এপ্রিল মাসে হবার কথা আমি বলেছি। ওখানে ২০ কিলোমিটার তার চুরি গেছে এবং এই ব্যাপক চুরি হবার জন্য দেরি হয়ে যাচ্ছে। সেই তারগুলি এখন লাগানো হচ্ছে।

শ্রীশিশির অধিকারী ঃ আপনি যে ২০ কিলোমিটার বলছেন, এটা ৩৪ কিলোমিটার হবে। এই তার ২১০৬ নং ট্রাকে করে নিয়ে পালাচ্ছিল। আমি দাঁড়িয়ে থেকে সেই তার ধরার ব্যবস্থা করি। তারপর লাইন রিভাইটালাইজেসন করার প্রস্তাব করা হয়, চোরকে শাস্তি দেবার কথা হয় এবং বেশী করে চোর ধরার কথা বলা হয়। এই রকম কোন খবর আপনার কাছে আছে কিনা জানাবেন ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ চোর ধরা হয়েছে কিনা, শাস্তি দেবার ব্যবস্থা হয়েছে কিনা জানি না, নোটিশ দিলে বলতে পারব। ঐ লাইনে যে তার চুরি হয়েছিল সেটা লাগানো হচ্ছে।

শ্রীপ্রশান্তকুমার প্রধান ঃ এ তার চুরি হবার পর আবার তার জুড়ে দেওয়া হচ্ছিল। কিন্তু তার ২ ঘণ্টা পরে আবার চুরি হয়। চুরি ধরার জন্য পুলিশ পেট্রল-এর ব্যবস্থা করা হয়, গাড়ী দেওয়া হয়। এই বিষয়ে একটা মিটিং-ও হয়। তাতে অন্যান্য পলেটিক্যাল পার্টি যোগ দেয়, কিন্তু সরকার বিরোধী দল যোগদান করেননি, এই রকম কোন খবর আপনার জানা আছে কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ আমার কাছে এই রকম খবর নেই। কিন্তু মেদিনীপুর জেলায় ব্যাপকভাবে তার চুরি হচ্ছে এবং আপনারা কাগজেও দেখেছেন এই তার চুরির ফলে মেদিনীপুর

শহরে জল কষ্ট পর্যন্ত হয়েছে। আমি মেদিনীপুর গিয়ে এস. পি. এবং প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে কথাবার্তা বলেছি। তারা বলেছেন দু-একটা গাড়ী দিলে ভাল হয়। সেইজন্য দুটি গাড়ী দেওয়া হয়েছে।

ডাঃ মানস ভুঞ্যা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, মেদিনীপুর জেলাতে ব্যাপকভাবে চুরি হচ্ছে। আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে মেদিনীপুর জেলাকে স্কেট ডিস্ট্রিক্ট হিসাবে ঘোষণা করবেন কি ?

মিঃ স্পীকার ঃ The question does not arise.

ডি এস পি পদে নিয়োগ

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৮।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্যানুযায়ী পশ্চিমবঙ্গে পুলিসে ডি এস পি-র শূন্য পদগুলির সংখ্যা মোট কত ; এবং

(খ) ডি এস পি পদে প্রমোশন সর্বশেষ কবে হয়েছে এবং মোট কতজন উক্ত পদে প্রমোশন পেয়েছেন ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) ২৪ (চব্বিশ)।

(খ) নভেম্বর, ১৯৮৩ সালে ৩৪ (চৌত্রিশ) জন পুলিশ ইন্সপেকটরকে ডি. এস. পি. পদে প্রমোশন দেওয়া হয়।

শ্রীসুব্রত মুখার্জী ঃ ডি. এস. পি'র শূন্য পদ পূরণ করতে বিলম্ব হচ্ছে কেন মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ বিলম্ব খুব হয়নি। পি. এস. সি. থেকে আমরা কয়েকটি নাম পেয়েছি। ডাইরেক্ট রিক্রুটমেণ্টের জন্য আমরা ৭টা নাম পেয়েছি এবং আরো ৮টির জন্য তাদের কাছে নাম চেয়েছি। তারা একটু দেরি করে নাম দিয়েছিলেন। ২৪ জনের মধ্যে ৯ জন প্রমোশন কোটা থেকে হবেন, সেইসব কাগজপত্র পি. এস. সি'র কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আই. পি. এস-দের প্রমোশনের ক্ষেত্রে যে তৎপরতা অবলম্বন করা হয় ক্যাডার পোষ্টের ক্ষেত্রে—যারা এস. আই. বা অধস্তন কর্মচারীদের মধ্যে থেকে ওঠেন তাদের ক্ষেত্রে সেই তৎপরতা অবলম্বন করা হয় কিনা ?

শ্রীজ্যোতি বসু ঃ এরকম কোন তুলনামূলক তথ্য আমার কাছে নেই।

শ্রীআনন্দমোহন বিশ্বাস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে ইন্সপেক্টর থেকে ডি. এস. পি.-তে কিছু প্রমোশন দেওয়া হয়েছে। আমার প্রশ্ন, যাদের প্রমোশন দেওয়া হয়েছে তাদের মধ্যে কতজন সিডিউল কাষ্ট এবং কতজন সিডিউল ট্রাইবস আছেন জানেবেন কি ?

শ্রীজ্যোতি বসু ঃ নোটিশ চাই।

মানিকপুর-হীরাপুর বাজার রোড

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *১২২২।) **শ্রীরাজকুমার মণ্ডল ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার সাঁকরাইল থানা এলাকার মানিকপুর-হীরাপুর বাজার রোড প্রায় পাঁচ বৎসর যাবৎ অসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত রাস্তাটির কাজ শুরু ও সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীযতীন চক্রবর্তী : (ক), (খ), (গ) সাঁকরাইল-মানিকপুর হীরাপুর বাজার রাস্তাটির ৫·২০ কি মি. অংশের কাজ শেষ হয়ে গেছে, অবশিষ্ট ৩·৬০ কি. মি. কাজ মহামান্য আদালতের নির্দেশে বন্ধ রাখা হয়েছে, এই অসামাপ্ত অংশের কাজ কবে শেষ হবে তা এখনই বলা সম্ভবপর নয়।

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থান

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৬। **শ্রীলক্ষ্মণ শেঠ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) সপ্তম পঞ্চম বার্ষিক পরিকল্পনা কালে পশ্চিমবঙ্গে কতগুলি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলি কোথায় কোথায় স্থাপন করা হবে ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ (ক) সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য ৭টি নতুন প্রকল্প পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন আছে। এগুলির রূপায়ণ নির্ভর করছে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা ও প্ল্যানিং কমিশনের সম্মতি ও সহযোগিতার উপর।

(খ) নিম্নোক্ত স্থানগুলিতে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা আছে :

(১) মুর্শিদাবাদ জেলার সাগরদীঘিতে।

(২) বীরভূম জেলার বক্রেশ্বরে।

নিম্নোক্ত স্থানগুলিতে জলবিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা আছে :

(১) দার্জিলিং ও জলপাইগুড়ির সেবক ব্রিজের নিকট তিস্তা ক্যানেল প্রকল্প। (১ম—৪র্থ পর্যায়)

(২) দার্জিলিং জেলায় রাম্মাম প্রথম পর্যায়।

(৩) রাম্মাম ৩য় ও ৪র্থ পর্যায়।

(৪) পুরুলিয়া পাম্প ষ্টোরেজ প্রকল্প (১ম পর্যায়)।

(৫) উত্তরবঙ্গে কয়েকটি ক্ষুদ্র জলবিদ্যুৎ প্রকল্প।

[1-50—2-00 P.M.]

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার কাছে জানতে চাচ্ছি যে কিছুদিন আগে প্রধানমন্ত্রী একটা বিবৃতি দিয়ে বলেছেন যে পশ্চিমবাংলায় জল-বিদ্যুৎ করবার ক্ষেত্রে উপযুক্ত পরিবেশ নেই—এই সম্পর্কে আপনার দপ্তরের মতামত জানাবেন কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : উনি তো বিশেষজ্ঞ নন। তবে ওনার অধীনে বলতে হবে। সেই বিশেষজ্ঞরা বলেছেন যে তিস্তায় হওয়ার সম্ভাবনা আছে, দার্জিলিং জেলায় হওয়ার সম্ভাবনা আছে। সুতরাং আমরাও মনে করি এখানে হওয়ার সম্ভাবনা আছে।

ডঃ মানস ভুঞ্যা : মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে ৭ম পরিকল্পনায় আপনি তাপ বিদ্যুৎ কেন্দ্রের যে দুটি কথা বললেন, মেদিনীপুরের দাঁতনে ঐ তাপ বিদ্যুৎ স্থাপনে পশ্চিমবঙ্গ সরকারের কোন প্রস্তাব আছে কিনা ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত : এই রকম কোন প্রস্তাব নেই। এটাও আপনার জানা দরকার যে, দুটি প্রস্তাব আমরা করেছি এটাও ৭ম পরিকল্পনার অন্তর্ভুক্ত করেন নি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মুর্শিদাবাদ জেলার সাগরদীঘির মনিগ্রামে তাপ বিদ্যুৎ কেন্দ্র হওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে। কিন্তু কেন্দ্রীয় সরকার বাধা দিচ্ছেন যে কয়লা পরিবহণের অসুবিধা আছে, সে জন্য হতে পারবে না। আমি আপনার কাছে জানতে চাইছি যে এই সম্পর্কে সম্প্রতি পরিস্থিতিটা কি ?

শ্রীপ্রবীর সেনগুপ্ত ঃ পরিস্থিতি যা ছিল সেখানেই আছে। কারণ কয়লার একটা হিসাব ওরা করেছিলেন। ওদের হিসাব ছিল যে নদীর ওপারে হচ্ছে সাগরদীঘি। সেখানে নৈহাটি দিয়ে লাইন করেছিলেন এবং পরে যখন বলা হয়েছে তখন তারা সেটা সংশোধন করেছেন। এখানকার যে ভাল কয়লা—রাণীগঞ্জের কয়লা অনেক কাছে। এই কয়লা আসামে যাচ্ছে, গুজরাটে যাচ্ছে। কাজেই সেটার জন্য যদি দূরত্ব না হয় তাহলে এটাও কম দূরত্ব। আমরা আশা করি এটা হওয়া উচিত।

গোঘাট থানার আইনশৃংখলা

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৯।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি—

(ক) গোঘাট থানার আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি সম্পর্কে সরকারের নিকট কোন তথ্য আছে কি ;

(খ) গত এক বৎসরে উক্ত থানায় কতগুলি ক্ষেত্রে গ্রেপ্তারী পরোয়ানা থাকা সত্ত্বেও পুলিস আসামীদের গ্রেপ্তার করিতে সমর্থ হয় নাই ;

(গ) গোঘাটের মদিনা চৌমাথা, বেঙ্গাই চৌমাথা, নকুণ্ডান্তে পুলিস ক্যাম্প স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(ঘ) থাকিলে, কতদিনের মধ্যে উহা ব্যাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায় ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) না।

(খ) ৪৩৪টি ক্ষেত্রে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীশিবপ্রসাদ মালিক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে গোঘাট থানার পুলিশ অফিসার সাধারণ মানুষের ডায়েরী নেন নি, এই রকম তথ্য আপনার কাছে আছে কি না ?

শ্রীজ্যোতি বসু ঃ না, আমার কাছে নেই। আপনি লিখে পাঠিয়ে দেবেন।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে কি এই ধরণের তথ্য আছে যে ঐ অঞ্চলে যাদের বিরুদ্ধে খুন, জখম, রাহাজানীর অভিযোগ আছে, তারা থানার দারোগার সঙ্গে

অহরহ বৈঠক করছে। তাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা আছে বলে বলা হচ্ছে, অথচ পুলিশ তাদের গ্রেফতার করছে না ?

শ্রীজ্যোতি বসু ঃ না, আমার কাছে কোন তথ্য নেই। আপনার কাছে থাকলে পাঠিয়ে দেবেন।

সাব-অ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনিয়ারদের পদোন্নতি

*৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০০।) **শ্রীতারক বন্ধু রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পি এস সি অনুমোদিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও বেশ কিছু সাব-অ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার পদোন্নতি সুযোগ পাচ্ছেন না ; এবং

(খ) সত্য হলে, ঐরূপ সাব-অ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার-এর সংখ্যা কত ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ (ক) সত্য।

(খ) ৮২ জন।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি খোঁজ নেবেন যে এই সাব-এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ারদের মেরিটের ভিত্তিতে যে তালিকা করা হয়েছে, সেই তালিকা লঙ্ঘন করে অর্থাৎ যাদের মেরিটের ভিত্তিতে প্রথম দিকে নাম আছে, তাদের বাদ দিয়ে পিছনের দিক থেকে এ্যাপোয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ মাননীয় সদস্যকে যে সংবাদ সরবরাহ করেছে, সে সঠিক তথ্য সরবরাহ করেনি।

উদয়রাজপুর কোল ডাম্প

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন *৮৭৯।) **শ্রীসরল দেব ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) বারাসাত থানার অধীনে উদয়রাজপুরের "কোল ডাম্প"-এ সমাজ বিরোধীদের উৎপাতে জনসাধারণ সময়মত কয়লা তুলতে পারছেন না—এই মর্মে কোন সংবাদ সরকারের গোচরে এসেছে কি ; এবং

(খ) এসে থাকলে, ঐ সমাজবিরোধীদের উৎপাত বন্ধের বিষয়ে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রীজ্যোতি বসু ঃ (ক) ও (খ) এই সম্পর্কে কিছু অভিযোগ আসায় বিষয়টি সম্বন্ধে অনুসন্ধান করা হয়। কিন্তু কোন প্রমাণ পাওয়া যায় নি। থানাতেও এ সম্পর্কে কোনো নির্দিষ্ট অভিযোগ কেহ লিপিবদ্ধ করেন নাই। তথাপি স্থানীয় পুলিশকে এই অভিযোগ সম্পর্কে সতর্ক থাকার জন্য বলা হয়েছে।

শ্রীসরল দেব ঃ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় কি জানাবেন, কেন্দ্রে যিনি তৎকালীন বিদ্যুৎ এবং খনিজ মন্ত্রী ছিলেন, তার অনুগ্রহভাজন ব্যক্তি ওখানে একটা কোল ডাম্প করেছে। সেখানে কুখ্যাত সমাজবিরোধী, যারা ৮/১০টা মার্ডার কেসের আসামী, রতন মল্লিক, অরুণ দাস, এরা অনেকগুলি খুনের সঙ্গে জড়িত, তারা সেখানে এমন একটা পরিবেশ তৈরী করেছে যে সাধারণ মানুষ সেখানে থাকতে পারছে না। সেই সম্পর্কে বামপন্থী দলগুলির পক্ষ থেকে এ. ডি. এম-এর কাছে অভিযোগ করেছে। আপনার কাছে যে খবর এসছে যে অভিযোগ করেনি, এটা সঠিক নয়। সেখানে প্রতিদিন অসামাজিক কার্যকলাপ চলছে, সাধারণ মানুষ যাতায়াত করতে পারছে না।

শ্রীজ্যোতি বসু ঃ আমি উত্তরে বলেছি যে, আমি কিছু অভিযোগ পেয়েছিলাম, কিন্তু কেউ থানায় অভিযোগ লিপিবদ্ধ করেনি, ভয়ে হতে পারে, তবুও আমি পুলিশকে সতর্ক থাকতে বলেছি। এর থেকে নির্দিষ্ট করে আর কিছু বলতে পারব না। তবে সাধারণভাবে কোল ডাম্প-এর কাছে সমাজবিরোধীরা অপরাধমূলক কাজে লিপ্ত থাকে।

শ্রীসরল দেব ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি ওখানে কোন উর্দ্ধতন অফিসারকে নিয়োগ করবেন, কারণ থানার একাংশ ঐ দুষ্কৃতকারীদের সঙ্গে জড়িত আছে ?

শ্রীজ্যোতি বসু ঃ আমি পুলিশকে আপনার সংগে যোগাযোগ করতে বলব, আপনি তারপরে তাঁদের কাছে আপনার কথা বলবেন।

Transfer of S. P. Midnapore

*307. (Admitted question No. *1233.) **Shri Humayoun Chowdhury :** Will the Minister-in-charge of the Home (P & AR) Department be pleased to state—

(a) the dates of appointment and transfer of Shri R. K. Handa, IPS, in the of post of Superintendent of Police, Midnapore ; and

(b) the reasons of transfer of Shri Handa from Midnapore district ?

Shri Jyoti Basu : (a) Shri R. K. Handa, IPS took over charge as S.P., Midnapore on 31.1.83 and made over charge of the said post on 21.2.84.

(b) Shri D. Banerjee, IPS, who was DC, Traffic in Calcutta Police went on deputation to the Govt. of India. An IPS officer having experience of Calcutta Police was necessary to fiill up the vacant post of DC, Traffic. As such Shri Handa has been posted as DC, Traffic in Calcutta Police.

ডাঃ মানস ভুঁক্যা ঃ মেদিনীপুর একটা গুরুত্বপূর্ণ এবং বৃহৎ জেলা এবং সেখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি যা ছিল তাতে এস. পি.র মত গুরুত্বপূর্ণ পদ থেকে মিঃ হাণ্ডার মত অফিসারকে ওখান থেকে সরিয়ে আনার পেছনে কি কোন রাজনৈতিক উদ্দেশ্য আছে ?

শ্রীজ্যোতি বসু ঃ কোন রকম রাজনৈতিক উদ্দেশ্য নেই। তবে আমিও এই জেলার গুরুত্ব বুঝি এবং তাই আর একজন সিনিয়র অফিসার মিঃ আহমেদকে ওখানে পাঠান হয়েছে। আমি মনে করি মিঃ আহমেদ যথেষ্ট দক্ষ। অপরদিকে কলকাতার ট্রাফিকের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ, ইতিপূর্বে সেই কাজে যিনি ছিলেন তাঁকে কেন্দ্রীয় সরকার দিল্লীতে নিয়েগেছেন, সেই জন্য আমি মনে করলাম যে, মিঃ হাণ্ডার মত দক্ষ অফিসারকে এই কাজে আনা দরকার।

ডাঃ মানস ভুঁঞ্যা ঃ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় স্বরাষ্ট্রমন্ত্রীও বটে, তিনি নিশ্চয়ই জানেন যে মিঃ হাণ্ডা ওখানে তাঁর সুনাম রক্ষা করছিলেন। আমরা দেখেছি পটাশপুর থানার ৬নং অঞ্চলের খিদিরপুর গ্রামে ১১টি বাড়ি যখন লুঠ হলো, তখন লুঠের মাল উদ্ধার হলো, একজন খুন হলো, ২০ জন গ্রেপ্তার হলো, অথচ তারপরেই আমরা দেখলাম মিঃ হাণ্ডাকে মেদিনীপুর থেকে বদলি করা হলো। এ বিষয়ে আমাদের খুব কনফিউসন সৃষ্টি হচ্ছে। সুতরাং এবিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী কি আমাদের কিছু জানাতে পারেন ?

শ্রীজ্যোতি বসু ঃ ঐ ঘটনার সঙ্গে মিঃ হাণ্ডার বদলি হওয়ার বোধ হয় কোন সম্পর্ক নেই। ঐ রকম ঘটনা অনেক জেলাতেই ঘটে।

শ্রীজ্ঞানসিং সোহন পাল ঃ মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, মিঃ হাণ্ডাকে মেদিনীপুরের এস. পি. পদ থেকে বদলি করে কলকাতায় ডি. সি. ট্রাফিক করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, মেদিনীপুর থেকে ওঁকে বদলি করে প্রথমেই ডি. সি. ট্রাফিক করা হয়েছে, না প্রথমে অন্য জায়গায় দেওয়া হয়েছিল, পরে ঐ পোষ্টে দেওয়া হয়েছে ?

শ্রীজ্যোতি বসু ঃ প্রথমে অন্য জায়গায় দেওয়া হয়েছিল। তারপরে ট্রাফিকের গুরুত্ব উপলব্ধি করে তাঁকে ঐ পোষ্টে দেওয়া হয়েছে। প্রথমে অন্য জায়গায় দেওয়া হয়েছিল, কিন্তু আমি মনে করেছিলাম যে, কলকাতার ট্রাফিকের যা অবস্থা তাতে ওঁর মত একজন দক্ষ অফিসারের প্রয়োজন, তাই তাঁকে ঐ পোষ্টে দেওয়া হয়েছে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কি দয়া করে জানাবেন যে, ডি. সি. ট্রাফিকের চেয়ে মেদিনীপুরের এস. পি'র পোষ্ট বেশী গুরুত্বপূর্ণ কিনা ?

শ্রীজ্যোতি বসু ঃ এরকম তুলনা করা যায় না। তবুও আমি বলেছি যে, যাঁকে মেদিনীপুরে পাঠান হয়েছে, মিঃ আহমেদ, তিনিও একজন খুবই দক্ষ অফিসার।

নদীয়া জেলার সীমান্ত সড়ক

*৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১০।) **শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার করিমপুর থানার মুরুটিয়াঘাট-কুনকাওলা ভায়া পিপুলবাড়িয়া সীমান্ত সড়কটি স্থানীয় পঞ্চায়েত সমিতি ও ডি এল সি সি-র অনুমোদন লাভ করেছেন ; এবং

(খ) সত্য হলে, এই রাস্তাটি নির্মাণের জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

[2-00—2-10 P.M.]

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ (ক) ও (খ) প্রস্তাবটির অনুমোদনজনিত কোন তথ্য জানা নাই।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস ঃ ঐ রাস্তাটি সম্পর্কে ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ সালে কয়েকবার প্রশ্ন তোলা হয়েছে যে এটা একটা সীমান্তের গুরুত্বপূর্ণ সড়ক এবং এই সড়ক সম্পর্কে অনেকদিন আগে আমরা পঞ্চায়েত সমিতি এবং ডি. এল. সি. সি. মিটিং করে প্রস্তাব আকারে পাঠিয়েছি। কিন্তু দেখা যাচ্ছে এই প্রস্তাব এখানে আসেনি। আমি জানতে চাইছি, এই সড়কটি সম্পর্কে আগামী দিনে সরকারের বিবেচনাধীনে আসবে কিনা ?

শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ কোন সম্ভাবনা নেই। কারণ পঞ্চায়েতের যদি রাস্তা হয়ে থাকে, জেলা-পরিষদের যদি রাস্তা হয়ে থাকে—ওরা সব সময়ে প্রস্তাব গ্রহণ করে পি. ডব্লু. ডি'র কাছে পাঠায়, তারা লাইবিলিটি দিতে রাজি আছে কিন্তু টাকা দেবেন না। এই প্রস্তাব কোনদিন বিবেচনা করবো না।

Mr. Speaker : No more supplimentaries. Question hour is over.

STARRED QUESTIONS

(To which answers were laid on the table)

অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৩।) **শ্রীআনিসুর রহমান ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোন কারখানা কর্তৃক বে-আইনীভাবে বিদ্যুৎ ব্যবহারের সংবাদ সরকারের গোচরে এসেছে কিনা ;

(খ) এসে থাকলে, ঐরূপ কারখানার সংখ্যা কত ; এবং

(গ) এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

Minister-in-charge of the Power Deptt.

(ক) হ্যাঁ, এসেছে।

(খ) ১৯৮৩ সালে মোটামুটি ৪৫০ টি ক্ষেত্রে এইরূপ বে-আইনী বিদ্যুৎ ব্যবহারের সংবাদ সরকারের গোচরে এসেছে।

(গ) ২০টি ক্ষেত্রে সপ্তাহ কালের জন্য বিদ্যুৎ সহযোগ বিচ্ছিন্ন করে রাখা হয়েছিল। এগুলি করা হয়েছে সে সব ক্ষেত্রে যারা সন্ধ্যা ৬টা থেকে রাত্রি দশটা পর্যন্ত বিদ্যুৎ ব্যবহারের আইন লংঘন করেছেন।

অন্যান্য ক্ষেত্রে সতর্কীকরণ করণ করা হয়েছে।

Strength of Calcutta Police

*309. (Admitted question No. *1413.) **Shri Fazle Azim Molla** and

Shri Somendra Nath Mitra : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the strength of Calcutta Police has been raised in accordance with rise in population of the city during the period between 1978 to 1983 ;

(b) if so. what was the increase in the strength of Calcutta Police as compared to the approximate increase in the population of the city during the period mentioned aboye ; and

(c) in case the rate of increase in the strength of Calcutta Police is is not commensurate with the rise in the population of the city during the period mentioned above the reasons therefor ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(a) No.

(b) & (c) Does not arise.

রেলওয়ে ওভারব্রীজ

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৬ ।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ আর্থিক বৎসরে রেলপথের উপর মোট কতগুলি ওভারব্রীজ তৈরি করার পরিকল্পনা আছে ;

(খ) ঐগুলি কোথায় কোথায় হবে ; এবং

(গ) সোদপুরে ওভারব্রীজ তৈরির বিষয়টি বর্তমানে কি পর্যায়ে আছে ?

Minister-in-charge of the Public Works Deptt.

(ক) পাঁচটি, তবে সবকিছুই রাজ্যের অর্থ সংকুলান এবং রেলের অনুমোদনের ওপর নির্ভর করছে।

(খ) সোদপুর, শেওড়াফুলি লিলুয়া, কামারকুণ্ডু, ব্যারাকপুর।

(গ) রেলের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে।

Resistance faced by Police to arest Gram Panchayat Pradhan of Mandirbazar

*311. (Admitted question No. *1590.) **Dr. Motahar Hossain :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that he police had to face some resistance while arresting a Gram Panchayat Pradhan from Sangrampurhat under Mandirbazar thana in 45-Parganas district on February 26, 1984 ; and

(b) if so—

(i) the reasons why the Pradhan was arrested by the police,

(ii) what was the nature of resistance faced by the police while arresting the Pradhan, and

(iii) the steps taken by the police against persons who had tried to prevent the arrest of the said Pradhan ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(a) Yes

(b) (i) A complaint was lodged at Mograhat P. S. by one Kiran Chandra Mondal to the effect that Ahmad Ali Sardar of Sekendarpur, a Gram Panchayat Pradhan led a mob of about 100 persons, some of whom, raieed the houses of Kiran Chandra Mondal and his Brother, Dhirendra Nath Mondal. and reportedly looted away household articles. cash, gold ornaments etc. worth, in all, about Rs. 30,000/-. Mandirbazar P. S. police arrested the Gram Panchayat Pradhan on a requisition from Mograhat P. S,

(ii) A group of people tried to create resistance to the arrest.

(iii) In this connection a case has been started at Mandirbazar P. S. and four persons have been arrested so far.

কলিকাতায় দাঙ্গাহাঙ্গামায় ট্রাম-বাসের ক্ষতি

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১১।) **শ্রীসুভাষ বসু** ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৭ই জানুয়ারি, ১৯৮৪ তারিখে কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে দাঙ্গাহাঙ্গামা ও ট্রাম-বাস পোড়াবার ঘটনা সম্পর্কে কোন তথ্য সরকারের নিকট আছে কি ;

(খ) থাকিলে,—

(১) ঘটনার দুষ্কৃতকারীরা কোন রাজনৈতিক দলের সহিত জড়িত কিনা, ও

(২) উক্ত ঘটনায় ট্রাম-বাস ইত্যাদি পোড়ানো বা অন্যান্য ভাঙচুরের ফলে রাজ্যের আর্থিক ক্ষতির পরিমাণ কত ; এবং

(গ) ঐ ঘটনার তদন্তের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(ক) আছে।

(খ) (১) কংগ্রেস (ই) দলের সাথে জড়িত।

(২) আনুমানিক দুই লক্ষ বিরাশি হাজার টাকা।

(গ) ঐ দিনের ঘটনাবলীর জন্য রুজু ৮টি মামলার তদন্ত চলছে।

বাঁকুড়ায় কেশাকোল এলাকায় হত্যাকাণ্ড

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৫।) **শ্রীতারাপদ সাধুখাঁ** এবং **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সদর থানার অন্তর্গত বিকনা অঞ্চলে কেশাকোল এলাকায় গত ১৫ই ফেব্রুয়ারী, ১৯৮৪ তারিখে জনৈক মধুসূদন বাউরীকে প্রকাশ্য দিবালোকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে ;

(খ) সত্য হলে, উক্ত ঘটনায় জড়িত কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ; এবং

(গ) উক্ত ব্যক্তিরা—

(১) পূর্বতন কোন খুনের মামলা, এবং

(২) কোন রাজনৈতিক দলের সহিত জড়িত কিনা ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(ক) ১৪'২'৮৪ তারিখে মধুসূদন বাউরীকে হত্যা করা হয়।

(খ) এ পর্যন্ত একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

(গ) (১) উক্ত ব্যক্তি পূর্বতন কোন খুনের মামলায় জড়িত ছিল না এবং

(২) কোন রাজনৈতিক দলের সঙ্গেও যুক্ত নয়।

আলিপুর সদর মহকুমা অফিস স্থানান্তরকরণ

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩২।) **শ্রীসুভাষ নস্কর :** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুর সদর মহকুমা অফিস বারুইপুরে বা অন্যত্র স্থানান্তরিত করার কোন প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে কি ; এবং

(খ) হলে, ঐ নূতন মহকুমায় কোন কোন্ থানা অন্তর্ভূক্ত করা হবে ?

Minister-in-charge of the Home (Personel and Administrative Reforms) Deptt.

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না।

আদিবাসী যুবককে পিটিয়ে হত্যা

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৪।) **শ্রীযোখীলাল মণ্ডল :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি মালদহ জেলার হবিবপুর থানায় জনৈক আদিবাসী যুবককে পিটিয়ে হত্যা করার কোন ঘটনা সম্পর্কে সরকার অবগত কিনা ; এবং

(খ) থাকিলে—

(১) উক্ত হত্যাকাণ্ডের ঘটনা কোন রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ছিল কি, ও

(২) উক্ত ঘটনায় জড়িত কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ?

Minister-in-charge of the Home (Police) Deptt.

(ক) হ্যাঁ।

(খ) (১) না।

(২) একজনকে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received three notices of adjournment motion. The first is from Shri Deokinandan Poddar which deals with the subject of alleged tense situation in Calcutta University campus. The second is from Shri Kashi Nath Misra which deals with the subject of acute scarcity of water in the State and the third is from Dr Manas Bhunia which deals with the subject of acute scarcity of water every where in South Bengal. The subject matters of the motions are not such which call for adjournment of the House. The Members can raise these matters through Calling Attention, Mention and Questions etc

I, therefore, withhold my consent to all the motions. One Member of the party may, however, read out the text of the motion as amended.

Shri Deokinandan Poddar : Mr. Speaker, Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely tense situation in Calcutta University campus as a result of efforts being made by political leaders of the Ruling Parties to boycott and disturb the ensuing Convocation of Calcutta University.

CALLING ATTENTION
To Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 7 notices of Calling Attention on the following subjects, namely ;

1. Prolonged lock-out at the Durgapur Unit of Refractories and Ceramic Factory (Burn Standard) from Shri Bejoy Pal
2. Recovery of some explosives from the store room of Bharati Bhawan at Burnpur on 18.2.84 from Shri Bamapada Mukherjee.
3. Scarcity of water in Central Calcutta from Shri Deokinandan Poddar.

4 Scarcity of drinking water everywhere in South Bengal due to fall of underground water level from Shri Abdul Mannan and Shri Jayanta Kumar Biswas.

5. Crisis of kerosene oil in West Bengal from Shri Kashinath Misra.

6. Outbreak of Malaria and Pox in Calcutta and Muffassil areas from Shri Asok Ghosh.

7. Acute scarcity of water for cultivation of Boro crops at Sabang, Midnapore from Dr Manas Bhunia and Dr. Omar Ali

I have selected the notice of Shri Bamapada Mukherjee on the subject of recovery of some explosives from the store room of Bharati Bhawan at Burnpur on 18.2.1984.

The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 29th March, Sir.

(উল্লেখ)

শ্রীসামসুদ্দিন আমেদ ঃ স্যার, এখানে মাইক নেই।

মিঃ স্পীকার ঃ মাইক অনেক জায়গাতেই নেই, এর কারন আমরা সকলেই জানি।

শ্রীসত্য রঞ্জন বাপুলি ঃ কালকে ঐ মাইকটা ভেঙ্গে পড়েছে স্যার।

মিঃ স্পীকার ঃ আমি ডিপার্টমেণ্ট থেকে রিপোর্ট নিয়েছি যে ২১টি মাইক ড্যামেজ হয়েছিল ৪টি ব্যাডলি ড্যামেজ। নূতন করে রিপ্লেস করতে হবে, আমি ডিপার্টমেণ্টকে বলেছি, ডিপার্টমেণ্ট ইজ টেকিং ষ্টেপস ফর দ্যাট।

শ্রীমীর ফকির মহম্মদ ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কালীগঞ্জ থানার ছোটচাঁদ ঘর গ্রামে বর্গাদারদের নদীয়ার এস. ডি. ও. নর্থ, কংগ্রেসী গ্রাম প্রধান এবং জমির মালিকরা একত্রিত হয়ে উচ্ছেদ করছে। ঐ এলাকার জমির মালিক শ্রীযদুপতি সিনহা এবং নদীয়ার এস. ডি. ও. নর্থ শ্রীকান্ত সিনহা এবং কংগ্রেসী গ্রাম প্রধান মিলিতভাবে যারা রেকর্ডেড বর্গাদার তাদের জমি থেকে উচ্ছেদ করছে। উক্ত এস. ডি. ও. তাঁর চেম্বারে তাদের নিয়ে গিয়ে পিটিয়ে বলছেন যে তোমরা

লিখে দাও যে তোমরা বর্গাচাষ কর না। তা না হলে ডাকাতি কেসে তোমাদের জড়িয়ে দেওয়া হবে এবং জামিন মঞ্জুর করা হবে না। এই বলে তাদের জোর করে লিখিয়ে নিয়েছেন এবং তিনি সেটেলমেণ্ট অফিসার, জে. এল. আর. ও., থানা প্রতিটি জায়গায় ব্যক্তিগতভাবে চিঠি লিখেছেন যে এদের যেন জমি না দেওয়া হয়, এদের নামে যেন রেকর্ড না করা হয়। আমি জানতে চাই যে এস. ডি. ও এই ক্ষমতা কোথা থেকে পেলেন যে তিনি গ্রাম প্রধানদের সঙ্গে মিলিত হয়ে বর্গাদার উচ্ছেদ করছেন? আমি তাঁকে এই কথা জিজ্ঞাসা করায় তিনি বললেন যে আমার অনেক জমি এইরকম ভাবে বর্গা রেকর্ড হওয়ায় আমাকে হয়রানি হতে হচ্ছে। আমি তাঁকে জিজ্ঞাসা করলাম যে আপনি কি তাহলে ব্যক্তিগত রাগের জন্য এইসব করছেন? তাতে তিনি বললেন যে যদি তাই মনে করে থাকেন, তাহলে তাই। তাই আমি এই সমস্ত অফিসারদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী মহাশয় যখন গার্ডেনরীচের সম্বন্ধে বক্তব্য রেখেছেন আমরা তারই পরিপ্রেক্ষিতে বলেছিলাম যে দুবৃত্তদের শায়েস্তা করার জন্য সরকার পক্ষ থেকে যে যে ব্যবস্থা অবলম্বন করা হবে আমরা কোন রকম সংকীর্ণ রাজনীতি না করে সরকারী কাজের সমর্থন করব। আজকে সরকারের অবগতির জন্য জানাচ্ছি যে ওখানে একটা অদ্ভুত পরিস্থিতি চলছে। এই কাজের জন্য পুলিশ জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে, এই ভাবে পুলিশ যদি জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে যায় তাহলে পরিণামে খুবই ভয়ঙ্কর অবস্থা হবে। তখন শুধু পুলিশ কেন, সরকার মিলিটারী দিয়েও কিছুই করতে পারবেন না। আমি একটা সংবাদপত্রে দেখেছি—এই কাগজটা দেখুন স্যার— পুলিশ ওখানে নীরিহ মানুষকে এমনকি মহিলাদের —একজন মহিলার নখ পুলিশ তুলে নিয়েছে—বৃদ্ধ শিশুদের পযন্ত ধরে নিয়ে গেছে। জবানবন্দীর জন্য একজন মহিলার ১০ আঙ্গুলের নখ তুলে নিয়েছে। ব্রিটিশ পিরিয়ডেও এই নৃশংষ অত্যাচার হয়নি। মুখ্যমন্ত্রী মহাশয় হাউসে নেই, অফিসে আছেন, আমরা তাঁর কাছ থেকে স্পষ্ট জবাব চাই যে, যারা ডি. সি., পুলিশকে মেরেছে তাদের গ্রেপ্তার করে আইনে তাদের ফাঁসী দেওয়া হোক, কিন্তু এই জঙ্গলের রাজত্ব পুলিশের অত্যাচার আর সহ্য করা যায় না। এখানে শ্মশানের রাজত্ব তৈরী হয়ে গেছে। মুখ্যমন্ত্রী মহাশয় সংবাদপত্রের বিরুদ্ধে বলেছেন, সংবাদ পত্রে কি লিখেছে --

জুল্লমলী কুল্ল মিয়াদন হীঁ। দাদন হীঁ। ফরিয়াদ নহীঁ।

(গোলমাল)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ ওটা কোন কাগজ?

শ্রীসুব্রত মুখার্জী ঃ এ কাগজ আমি ছাপিয়ে আনিনি। লজ্জা করে না? শুনলে অবাক হয়ে যাবেন যে ঐ এলাকার ৪ জন লোককে খুঁজে পাওয়া যাচ্ছে না। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আপনি হাউস বন্ধ রাখুন।

[2-10—2-20 P.M.]

মুখ্যমন্ত্রীকে বলুন এটা কি চলছে ? এইভাবে নিরপরাধ লোকজনকে তুলে নিয়ে গিয়ে পুলিশ যদি এইভাবে অত্যাচার করতে থাকে তাহলে পুলিশকে বিচ্ছিন্ন হয়ে পড়তে হবে। কিন্তু জনসাধারণের সহযোগিতা পুলিশের প্রয়োজন, সেক্ষেত্রে কনফেস আদায়ের জন্য মেয়েদের নখ পর্যন্ত তুলে নেওয়া হচ্ছে।

(গোলমাল)

স্যার, আমি আপনার মাধ্যমে বলছি- আপনি আমায় প্রটেকশন দেবেন না ? আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলুন তাঁদের দায়িত্ব রয়েছে। পুলিশের পক্ষ থেকে বলা হয় এই জিনিষ চলবে ! অপরাধীদের গ্রেফতার করবার ব্যাপারে আমরা সাহায্যই করতে চাই, কিন্তু দোষীদের গ্রেফতার না করে মহিলাসহ নির্দোষীদের উপর যদি এই রকম চলে তাহলে অবস্থা ভয়াবহ আকার ধারণ করবে। ... ...

(গোলমাল)

(নির্ধারিত সময় শেষ হওয়ায় মাননীয় স্পীকার মহাশয় এই সময় পরবর্তী বক্তাকে আহ্বান জানান)

Shri Mohammad Ramjan Ali : Mr. Speaker, Sir, I want to draw the kind attention of Hon'ble Chief Minister regarding the constitution of Islampur Development Board. A year back a memorandum was submitted to the Hon'ble Chief Minister and he had given some assurance. Later on I have received a letter from the Deputy Secretary that the constitution of the Board is not possible, You know, Sir, this Islampur Subdivision is the most neglected part of West Bengal. If you feel that its development is necessary then priority of its overall development should be given. If it is not possible or if the Board is not constituted and a fund for this purpose is not created - for the development of this particular region— on the same footing as it was created in Jhargram Development Board and in Hill Development Authority the people of Islampur subdivision will be forced to launch a mass movement for having their demand being conceded to.

শ্রীনুরুল ইসলাম চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি ভূমি-রাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে গত ২৩-২-৮৪ তারিখে বেলডাঙ্গা থানার অন্তর্গত শক্তিপুর ব্লকে আর. এস. পির তরফ থেকে জে. এল. আর. ও-র কাছে ডেপুটেশনে যায়। সেখানে তাঁকে বলা হয় যে সরকারী ঋণ আদায় করা চলবে না এবং কংগ্রেস আমলে যেসব পাট্টা দেওয়া হয়েছে সেগুলো ক্যানসেল করতে হবে। জে. এল. আর. ও মহাশয়ের সঙ্গে আলোচনার সময় পঞ্চায়েৎ সমিতির সভাপতি এবং আর. এস পি.-র লোকজন যাঁরা উপস্থিত ছিলেন তাঁরা জে. এল. আর. ওকে মারধোর করে। তিনি থানায় এ বিষয়ে একটি অভিযোগও করেন। কিন্তু আজ পর্যন্ত সে ব্যাপারে কাউকে এ্যারেষ্ট করা হোল না। বর্তমানে সেই ব্লকে একটা নৈরাজ্য চলছে। তাই আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন সমাজবিরোধীদের গ্রেফতারের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীকামাক্ষা চরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আসানসোলের হিন্দুস্থান পিলকিংটন গ্লাস কোম্পানীর বর্তমানে যে পরিচালন কর্তৃপক্ষ আছে তারা উৎপাদন ব্যহত করে রেখে কারখানাটিকে ঠিকমত চলতে দিচ্ছে না। একটা অলিখিত ক্লোজার চলছে সেখানে।

এখানে প্রায় ১৫০০ শ্রমিক কাজ করে, তারা বেতন পাচ্ছে না। গত ১১ই মার্চ এই ফারসেসের তরফ থেকে কোন উৎপাদন হচ্ছে না। গত ৫ বছর হলো গ্রীনলেজ ব্যাংক তাদের টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে। ৩০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে ফারনেস অয়েল পোড়াবার জন্য। কবে শ্রমিকদের বকেয়া টাকা দেওয়া হবে এবং উৎপাদন চালু করা হবে এই সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই। আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি রাখছি তিনি যেন যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে এই প্রতিষ্ঠানকে লাভজনক অবস্থায় পৌছে দেন এবং শ্রমিকদের বাঁচানোর জন্য অনুরোধ করছি।

Shri Deokinandan Poddar : Mr. Speaker, Sir, I want to draw the kind attention of the Minister-in-charge of Metropolitan Development Authorities to acute scarcity of drinking water in and around Calcutta, specially in Central Calcutta Bara Bazar area. Large number of tube-wells are not functioning. The street taps are not working properly and the flow of water is not adequate to cater the needs of the people. The House was assured by the Government during the last Budget session that

minimum per capita water suppiy of 25 gallons per day in Calcutta would be maincained. Now the water supply is falling ai d day by day the situation is worsening in a vast area in the areas where poor and downtrodden people are living. Water supply is not being provided where the minorities and harijans are living. Sufficient supply of water is not there. So, I submit to the Government through you, Sir, that in the name of humanity this Government should at least supply water to the bustee areas and to the areas where downtrodden people are living. They should be given priority instead of multistoried buildings. The Ministers are getting sufficient water while the poor people are suffering most for want of water.

শ্রীপ্রশান্ত কুমার প্রধান ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হলো এই যে মেদিনীপুরের বিরাট অংশ জুড়ে—রামনগর, পটাশপুর, এগরা এবং ভগবানপুর এলাকায় বেশ কিছু সংখ্যক মিলিটারীর লোকজন নিয়ে গ্রামে ঢুকেছে। তাদের কাজের নাম করে গ্রামের জমি জায়গা অধিকার করে বসে আছে। তার উপর জমির ফসল তারা নষ্ট করছে। কিছু জিজ্ঞাস করলে তারা উত্তর দেয় না। এস. ডি. ও এবং বি. ডি. ওর কাছে এই কথা বললে তারা কিছু করছে না। প্রশাসনের কাছে খোঁজ নিয়ে জানা যায় যে তারা কোন পারমিসান না নিয়েই তাদের মহড়া চালিয়ে যাচ্ছে। ট্রেঞ্চ কেটে কিভাবে যুদ্ধ করতে হয় তা দেখানো হচ্ছে। তারা কি শেখাচ্ছে না শেখাচ্ছে সেই ব্যাপারে আমার কিছু বলার নেই। কিন্তু আমার বক্তব্য হলো তারা ফসল নষ্ট করছে। এই সমস্ত কাজ যাতে বন্ধ হয় তার জন্য যেন স্বরাষ্ট্র দপ্তর ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গার্ডেনরিচের একটি ঘটনার কথা বলছি। আপনি জানেন যে এই বিধানসভায় আমাদের বিরোধী দলের নেতা আবদুস সাত্তার মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলেন একসঙ্গে গার্ডেনরিচে যাবার জন্য। যেহেতু সরকার পক্ষের কেউ যাননি, তাই আমাদের কিছু এম. এল. এ সেখানে গিয়েছিলাম কি হয়েছে দেখার জন্য। আমরা ১০জন এম. এল. এ. মিলে সেখানে গিয়েছিলাম এবং সুব্রত ভট্টাচার্য্য যে মারা গিয়েছে তার বাবার কাছে যাই তাঁর পরিবারকে সান্তনা দেবার জন্য। ডি. সি. (পোর্ট) কোথায় খুন হয়েছে এবং কোথায় তাকে পোড়ানো হয়েছে এবং তাঁর সিকিউরিটি গার্ডকে কোথায়

খুন করা হয়েছে সেটা দেখার জন্য সেখানে গিয়েছিলাম। সেখানে একটা জিনিষ আমরা উপলব্ধি করেছি সেটা হলো ঘটনা পর সেখানে পুলিশ এ্যাট্রোসিটি, পুলিশের অত্যাচার এবং পুলিশের নীপিড়ন চলেছে।

[2-20—2-30 P. M]

পুলিশ সেখানে পাগল হয়ে উঠেছে, নিরীহ লোকেদের ধরে নিয়ে মারধোর করছে। ৫৩ জনকে পুলিশ সেখানে এ্যারেষ্ট করেছে সাধারণ লোকেদের আটক করে লক আপে পুরে যেভাবে মারধোর করছে, তা আপনি ধারণা করতে পারবেন না। ওখানে সফিউল্লা খানকে খুঁজে পাওয়া যাচ্ছে না। এখন বিধানসভা চলছে এই সময়ে, যা আগে ইতিহাসে কোনদিন ঘটেনি, একজন ডি. সি. (পোর্ট) খুন হয়ে গেলেন। আমাদের কাছে সবচেয়ে দুর্ভাগ্যের বিষয় হচ্ছে এই যে, আমরা বিধানসভার সদস্যরা একসঙ্গে ওখানে পরিদর্শনে যাব বলে আবেদন জানিয়েছিলাম, কিন্তু তা হয় নি। কংগ্রেস দলের পক্ষ থেকে আমরা অনেকে সেখানে গিয়েছিলাম, তাতে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে কটুক্তি করেছেন। বিধানসভা চলাকালে একজন ডি. সি. খুন হল, আমরা তা দেখতে গেলাম, তাতে কি আমাদের অপরাধ হয়েছে ? মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, আমরা সেখানে নাকি মিছিল করতে গিয়েছিলাম। আমরা আপনাকে জানাচ্ছি যে, আমরা সেখানে কোন মিছিলের উদ্দেশ্য নিয়ে যাইনি। আমরা সেখানে গিয়েছি লোকেদের বাড়িতে, কি সেখানে হয়েছিল তা জানতে। আমরা সেখানে যাওয়ার পর প্রায় ১৫০জন লোক যাঁরা বাড়িছাড়া হয়েছিলেন তাঁরা সকলে ফিরে এসেছেন। শুধু তাই নয়, আমরা সেখানে আইন-শৃঙ্খলা যাতে বজায় থাকে, সে ব্যাপারে সাহায্য করার জন্যই গিয়েছিলাম। আমরা গিয়ে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা বন্ধ করতে চেষ্টা করেছি। সংখ্যালঘুদের মনে একটা আস্থার মনোভাব ফিরিয়ে আনতে পেরেছি। ওখানকার হিন্দু-মুসলমানদের মনে আস্থা ফিরে এসেছে। সবচাইতে দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, একজন সেখানে খুন হবার পর নিরীহ লোকেদের উপর এবং বাচ্চা বাচ্চা ছেলেদের উপর পুলিশী অত্যাচার শুরু হয়ে গিয়েছে। এটা কোন ধরণের জঙ্গলের রাজত্ব তা আমরা বুঝতে পারছি না। প্রকৃত দোষীদের অবিলম্বে ধরার ব্যাপারে যে কোন প্রকারের সাহায্য ও সহযোগিতার দরকার হলে তা করতে আমরা সর্বদাই প্রস্তুত আছি। আমরাও সরকারের সঙ্গে চাই প্রকৃত দোষী ব্যক্তি গ্রেপ্তার হোক, সাজা পাক। কিন্তু নিরপরাধ ও নিরীহ লোকদের ধরে কোন লাভ হবে না। সেজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এ ধরণের অত্যাচার অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা যেন তিনি করেন। তা নাহলে, ওখানে গণ্ডগোল আরও বাড়বে, তখন তিনি তা সামলাতে পারবেন না।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় স্পীকার মহোদয়, আপনি পুকুর চুরির কথা শুনেছেন। সরকারী এবং বে-সরকারী ক্ষেত্রে পুকুর চুরি হয়, সেকথাও আপনি কথা শুনেছেন।

সুকুমার রায়ের গোঁফ চুরির কথাও আপনাদের জানা আছে। কিন্তু আমি বলছি, গোটা হাসপাতাল চুরি হওয়ার কথা। মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানা কাঞ্চনতলায় একটা হাসপাতাল পুরোপুরি চুরি হয়ে গেছে। 'ভগবতী চরণ দাতব্য চিকিৎসালয়' নামে একটি হাসপাতাল এক সময়ে বে-সরকারী উদ্যোগে তৈরী হয়েছিল। গত ৮।৬।৭৩ তারিখে উক্ত হাসপাতালটির দায়িত্ব সরকারের হাতে তুলে দেওয়া হয়েছিল। তারপর ১৯৭৫ সালে হঠাৎ একদিন ট্রাক বোঝাই করে সমস্ত আসবাব পত্র নিয়ে কোথায় যে চলে গেল তা জানা নেই। হাসপাতালটির বিল্ডিং, সুসজ্জিত ঘর-বাড়ি সবকিছু থাকা সত্ত্বেও সমস্ত জিনিষপত্র সরিয়ে ফেলা হয়েছে। ওখানে এখন জুয়ার আড্ডা বসছে। সমাজবিরোধীরা ওখানে জুয়ার আড্ডা বসাচ্ছে। হসপিটালটির সমস্ত বিল্ডিং এখন নষ্ট হয়ে যেতে বসেছে। এ্যান্টি-সোসালরা সমস্ত জায়গাতে আড্ডা জমাচ্ছে। মাননীয় স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহোদয়ের প্রতি এ বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তিনি যেন অবিলম্বে হাসপাতালটি যাতে পুনরায় চালু হয়, সে ব্যাপারে দৃষ্টি দেন।

শ্রীনিরোদ রায়চৌধুরী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনার উল্লেখ করছি। বিধানসভাতে কয়েকদিন আগেও এ ব্যাপারে আমি বলেছিলাম, বর্তমানে অবস্থা আরও খারাপের দিকে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন দেখছি। ২৪ পরগণা জেলার অন্তর্গত হাবড়া ১নং ও ২নং ব্লকে প্রীতিভা, রাউতারা, গুমা ও পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে প্রচণ্ড জলকষ্ট দেখা দিয়েছে। টিউবওয়েলের জল ৭০ ফুটের নীচে নেমে গেছে। জলের অভাবে মাঠগুলো সব খাঁ খাঁ করছে। গ্রামের লোকজন পানীয় জলের অভাবে হাহাকার করছে। দেগঙ্গা থানার সোহাই শ্বেতপুর ও নুন নগরেও একই অবস্থা চলছে।

মন্ত্রী মহাশয় বলেছেন ২৯ তারিখে ইঞ্জিনিয়ারদের যে সভা হবে সেখানে সিদ্ধান্ত হবে। লক্ষাধিক মানুষ বিপন্ন হয়ে গেছে। আজ সকালবেলা বহু লোক আমার বাড়ীতে এসেছিল। তারা জল চাইছে। তারা আমার বাড়ি ঘেরাও করে। আমরা একটা ট্যাঙ্কার পাঠিয়েছিলাম, সেটা গ্রামে ঢুকতে পারিনি। পক্স এবং অন্যান্য ব্যাধি সুরু হচ্ছে। সেজন্য অবিলম্বে মানুষ যাতে জল পেতে পারে তার ব্যবস্থা করে তাদের বাঁচান।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে বাঁকুড়া জেলায় বর্তমানে যে বিদ্যুত বিভ্রাট ও লোডশেডিং হচ্ছে তাতে জনসাধারণের জীবন বিপর্যস্ত হচ্ছে। সেখানে সকাল, দুপুর, সন্ধ্যে সব সময়ে ক্রমাগত লোডশেডিং হচ্ছে। মাধ্যমিক পরীক্ষা হয়ে গেল, উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুরু হতে চলেছে। এটা বাঁকুড়া জেলায় আগে ছিল না এবং

হবার কোন কারণও নেই। ডি. পি. এল থেকে বাঁকুড়ায় বিদ্যুত সরবরাহ করা হয় যা তারা আব করতে পারছে না। যে ট্রান্সফরমার থেকে বাঁকুড়ায় বিদ্যুৎ সরবরাহ করা হয় সেটা আজ পর্যন্ত মেরামত করা হয়নি। এ ব্যাপারে সেখানকার কর্তৃপক্ষ উদাসীন। বাঁকুড়ায় মাত্র ৫।৭ মেগাওয়াট বিদ্যুৎ লাগে। কিন্তু সেটুকু দিতে বিদ্যুৎ দপ্তর অনীহা প্রকাশ করছেন। বাঁকুড়া জেলায় এই বিদ্যুৎ বিভ্রাট ও লোডশেডিং অবিলম্বে দূর করার জন্য জরুরী ব্যবস্থা গ্রহণ করার এবং ডি পি. এল যাতে অবিলম্বে ট্রান্সফরমার মেরামত করে বিদ্যুত সরবরাহ করেন সে বিষয়ে নির্দেশ দেবার ব্যবস্থা মন্ত্রী মহাশয় যেন করেন।

শ্রীসত্যপদ ভট্টাচার্য ঃ স্যার, কান্দি থানার দক্ষিণ দিকে এবং ভরতপুর থানার সমস্ত এলাকায় গ্যাস্ট্রো এনট্রাইটিস রোগ এবং কলেরা সুরু হয়েছে। ইতিমধ্যে ১৫।১৬ জন লোক মারা গেছে। কলেরার ভ্যাকসিন না থাকায় রোগ বিস্তার লাভ করছে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে এ. সি. ভ্যাকসিন এবং ডেকস্ট্রা স্যালাইন পাঠাবার ব্যবস্থা করুন, না হলে লোক আরও মারা যাবে।

শ্রীঅশোক ঘোষ ঃ স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। একদিকে পুলিশের বর্বর আক্রমণ নারী পুরুষের উপর চলছে অন্যদিকে হাওড়ার দাশনগরে নিমাই কাঁড়ার বলে একটি ছেলের মাথায় বোতল ভেঙে সেটা তার পেটে ঢুকিয়ে দেওয়া হল। তাকে ই. এস. আই হাসপাতালে ভর্তি করা হয়। কালিপদ হাজরা এবং বিশ্বজিত ধর এই কাজ করেছে। বিশ্বজিতের বাবা পাঁচকড়ি ধর আরতি কটন মিলের সিটু ইউনিয়নের সেক্রেটারী। তিনি থানায় বসে আছেন যার ফলে ভয়ে পুলিশ সি. পি. এমের লোকেদের ধরছে না।

[2-30—2-40 P. M.]

গতকাল তার জ্ঞান এসেছে এবং এই সি পি এম গুণ্ডারা কালকে হাসপাতালে গিয়ে তাকে শাসিয়ে এসেছে সমস্ত রকম কেস তুলে নেবার জন্য। আমি জানাচ্ছি যে ছেলেটিকে মারা হয়েছিল সে কংগ্রেসের সমর্থক নয়, রাজনীতির সঙ্গে তার কোন যোগ নেই। অথচ দোলের দিন কালীপদ হাজরা এবং বিশ্বজিত ধর যে অত্যাচার করল তার বিরুদ্ধে পুলিশকে কোন কাজ করতে দিচ্ছে না। একদিকে গার্ডেন রিচে পুলিশ সাধারণ নিরীহ মানুষকে মারধোর করছে অন্যদিকে হাওড়ায় সি পি এম-এর গুণ্ডারা অত্যাচার করছে, পুলিশকে কোন এ্যাকসান নিতে দিচ্ছে না। সেজন্য আমি পুলিশ মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে তদন্ত করে দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হোক।

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়ার নরসিংহ দত্ত কলেজ অত্যন্ত পুরান ঐতিহ্যপূর্ণ কলেজ, এই

কলেজের ১ মাইল রেডিয়াসের ভেতর প্রায় লক্ষাধিক উর্দু ভাষাভাষি লোক থাকে। এর আগে দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল হয়নি। এই কলেজে বা আশেপাশের কোন কলেজে উর্দুর ক্লাস হয় না। আমার দাবি এবং সেখানকার মানুষের দাবি সেখানে অন্ততঃ পার্ট টাইম হিসাবে একটা উর্দু ক্লাস চালু করা হোক এর ব্যবস্থা যেন মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় করেন।

শ্রীসুভাষ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ১৯৮৪-৮৫ সালের জন্য যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন তাতে যাত্রা শিল্পের উপর তিনি প্রমোদ কর বসাবার কথা বলেছেন। তাঁর এই প্রস্তাবে যাত্রা শিল্পের সঙ্গে যুক্ত কলাকুশলী এবং যাত্রা-মোদীরা সকলেই শংকিত বোধ করছেন। গ্রামাঞ্চলের মানুষের মধ্যে আনন্দানুষ্ঠানের কোন সুযোগ নেই, বিশেষ করে গ্রামাঞ্চলে যাত্রানুষ্ঠানের খরচ এমন বৃদ্ধি পেয়েছে যে তার উপর প্রমোদ কর বসাবার এই প্রস্তাব একটা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করবে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন গ্রামাঞ্চলের যাত্রার উপর প্রমোদ কর বেহাই এর কথা চিন্তা করেন এবং সেই মত ব্যবস্থা করেন।

মিঃ স্পীকার ঃ মিঃ গোস্বামী, এটা মেনসানে আসে না, এটা ডিবেটে আসে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন কলকাতার বুকে প্রেসিডেন্সি কলেজ একটা ঐতিহাসিক গুরুত্বপূর্ণ কলেজ এবং সৌভাগ্যক্রমেই হোক আর দুর্ভাগ্য-ক্রমেই হোক আমি সেই কলেজের একজন প্রাক্তন ছাত্র। স্যার, আপনি নিজে দেখেছেন এবং সমস্ত সদস্যরা দেখেছেন বিগত কয়েকদিন ধরে প্রেসিডেন্সি কলেজের মত একটা ঐতিহ্যপূর্ণ কলেজে একটা অচলাবস্থা সৃষ্টি হয়েছে কিভাবে ছাত্র ভর্তি হবে সেই পদ্ধতি নিয়ে। আপনি শুনলে অবাক হবেন সেখানে ১০৬ জন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিভিন্ন অধ্যাপক আছেন। সেখানে টিচার্স কাউন্সিলের মিটিংএ এমন একটা অবস্থা সৃষ্টি করা হল, বিশেষ করে আমি একজন অধ্যাপকের নাম করছি, তিনি হচ্ছেন মানিক বল, তিনি টিচার্স কাউন্সিলের মিটিংএ বল প্রয়োগ করে এমন অবস্থার সৃষ্টি করলেন যে ৪৬ জনের উপস্থিতিতে কয়েকজন একটা অদ্ভুত ধরণের সিদ্ধান্ত প্রিন্সিপ্যালকে মেনে নেওয়ার জন্য বাধ্য করলেন। স্যার, আপনি জানেন, আমরাও জানি যে একটা এ্যাডমিসান টেস্ট নিয়ে ছেলেদের মেরিট জাজমেণ্ট করে ভর্তি করা হয়। ওঁরা করলেন কি এইসব তুলে দাও, আমাদের মনোমত কিছু ছেলেদের ঢোকাও, দিল্লী বোর্ডের জন্য কিছু ছেলেদের সিট রিজার্ভ রাখ এবং আলিমুদ্দিন স্ট্রীট থেকে যে লিষ্ট আসবে তাদের জন্য সিট রিজারভেশান থাকবে।

এই ছিল মানিক বলের দাবী। প্রেসিডেন্সী কলেজের ছাত্র-ছাত্রীরা সহি করে একটা স্মারকলিপি দিয়েছে এবং তারা সেখানে অবস্থান করছে। তারা বলছে প্রেসিডেন্সী কলেজের যে ঐতিহ্য আছে সেটা যেন নষ্ট না হয়। আমি অনুরোধ করছি এই সংবেদনশীল বিষয়ের উপর শিক্ষামন্ত্রী, মন্ত্রীসভা এবং বিধানসভার সকল দলের সদস্যরা দৃষ্টি দিন, বিচার করুন যাতে করে প্রেসিডেন্সী কলেজের ঐতিহ্য বজায় থাকে এবং ছাত্রছাত্রীরা সুষ্ঠুভাবে ক্লাশ করতে পারে।

শ্রীশীষ মহম্মদ ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জঙ্গীপুর মহকুমার ব্যাপক এলাকা বেশ কিছুদিন পূর্বে গঙ্গার ভাঙ্গনের ফলে নদীগর্ভে চলে যায়। তারপর যখন সেটেলমেণ্ট আসে তখন কৃষকদের জমি জলের তলায় চলে যাওয়ার ফলে সেটেলমেণ্ট হয়নি এবং যাদের সেটেলমেণ্ট হয়েছে তাদের আবার খাজনা নেওয়া হয়নি। যাদের জমি জলের তলায় চলে গেছে তারা আজ নিরাশ্রয় হয়েছে। তবে ২।৩ বছর আগে বিরাট চর উঠেছে এবং উৎকৃষ্ট ধরনের জমি পাওয়া গেছে। আমার অনুরোধ হচ্ছে যে সমস্ত লোকের জমি নদীগর্ভে চলে গেছে এবং পরে উঠেছে তাদের নামে যেন সেই জমি দেওয়া হয় এবং সেইভাবে সেটেলমেণ্ট করা হয়। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, সুদীর্ঘ দিন ধরে খাজনা না নেবার ফলে এখন চক্রবৃদ্ধি হারে সুদের টাকার অঙ্ক যা দাঁড়িয়েছে তাতে কৃষকদের পক্ষে ওই ২০।২৫ বছরের খাজনা দেওয়া সম্ভব নয়। কাজেই এই পরিস্থিতিতে মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ হচ্ছে, ২।১ বছরের খাজনা নিয়ে বাকী খাজনা মকুব করে দিন এবং তাদের জমির উপর স্বার্থ রক্ষা করার ব্যবস্থা করুন। আমার এলাকা কৃষি অধ্যুষিত এলাকা, কিন্তু গঙ্গার ভাঙ্গনের ফলে এবং ভূমি অবক্ষয়ের ফলে বহু মানুষ আজ অন্ন হারা হয়ে ধুক ধুক করছে। আমি অনুরোধ করছি, ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রী এই ব্যাপারে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রীঅবন্তি মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় উপস্থিত সমস্ত সদস্যদের এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। রামনগর বিধানসভা এলাকার উভয় ব্লকে কয়েকশত পানীয় জলের টিউবওয়েল গত দু বছর যাবৎ মেরামতের অভাবে অকেজো হয়ে রয়েছে। গত বছর এই এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ কম ছিল বলে কয়েকশত একর জমিতে আমন ধানের চাষ হয়নি এবং খাল, নালা, পুকুরগুলিও জলে ভর্তি হয়নি। আজ কয়েকমাস যাবৎ বৃষ্টিপাত হচ্ছে না বলে মাঠের ঘাস শুকিয়ে গেছে এবং তার ফলে গবাদি পশুর খাদ্যের অভাব হয়েছে। এই এলাকায় সরকারী উদ্যোগে একটিও অগভীর নলকূপ বসান হয়নি বলে ক্ষুদ্র প্রান্তিক চাষীরা অধিক ফলনশীল চাষ করতে পারছে না। শুধু তাই নয়, এই অগভীর নলকূপ বসানোর জন্য সরকারের তরফ থেকে কোন রকম ঋণ বা অনুদান দেওয়া হয়নি।

[2-40—2-50 P. M.]

ঐ এলাকার ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীরা তাদের নিজেদের উদ্যোগে ধার দেনা ঋণ করে প্রায় আড়াই শত অগভীর নলকূপ বসিয়ে অধিক ফলনশীল ধানের চাষ করেছে। কিন্তু ওয়াটার লেবেল নেমে যাবার ফলে সেই এলাকার কয়েক শত একর জমি যা তারা চাষ করেছিল সেগুলি শুকিয়ে যাচ্ছে। আজকে চাষীদের মনে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এবং তাদের মনে ভয় জন্মেছে যে যদি অধিক ফলনশীল ধানের চাষ না করতে পারে তাহলে তারা মাঠে মারা যাবে। এই অবস্থায় সেখানে পানীয় জলের জন্যও যদি ঐ অগভীর নলকূপগুলি অবিলম্বে মেরামত না হয় তাহলে সেখানে মহামারী ও আরও অনেক রকম ভয়াবহ রোগের প্রাদুর্ভাব হতে পারে। তাই যাতে করে অবিলম্বে ঐ সব অগভীর নলকূপগুলি মেরামত করা হয় তারজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রীনারায়ণ দাস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কুলটিয়ার পৌর এলাকায় পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং বিভাগ থেকে গত ১৯৬৪ সালে পানীয় জল সরবরাহের জন্য একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। ১৯৭৬ সালে এই জল সরবরাহ সামান্য কয়েকটি রাস্তায় হয়েছিল। এই ওয়াটার সাপ্লাই স্কীম তারপর থেকে এর আর কোন উন্নতি হয়নি এবং সেখানে পারিবারিক জল সরবরাহের কোন ব্যবস্থা করা হয়নি। সেইজন্য এই বিভাগ থেকে একটা স্কীমও দেওয়া হয়েছে যে সেখানে তৃতীয় নলকূপ খনন করা দরকার এবং সেই তৃতীয় নলকূপ খনন করা হলে পরে এটা সম্প্রসারণ হবে, বাড়ী বাড়ী জল সরবরাহের ব্যবস্থা করা যাবে। যাতে অবিলম্বে এটা গ্রহণ করা হয়, মঞ্জুর করা হয় এবং স্কীমটি রূপায়িত হয় তারজন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী এখানে নাই, আশা করবো তিনি হাউসে থাকবেন। স্যার, আপনার কাছে আমি জানতে চাইছি যে আমরা আছিটা কোথায় Where we are ? আপনি বিধানসভা চালাচ্ছেন, এই সময় এম. এল. এ-দের এখানে থাকতে হবে। এখানে আমার পিছনে বসে আছেন ৩৫ গঙ্গারামপুর কনষ্টিটিয়েনসির এম. এল এ। যেদিন থেকে তিনি নির্বাচিত হয়েছেন, সি.পি.এম কে পরাজিত করে সেই দিন থেকে একের পর এক তার উপর অত্যাচার হয়ে চলেছে। তার বাড়ীতে লুট হচ্ছে, টিন চুরি যাচ্ছে, ধান চুরি যাচ্ছে, মাছ চুরি যাচ্ছে এবং সম্প্রতি দেখলাম—এই যে কয়েকদিন আগে এখানে যে ডামাভোল চলেছিল যে অত্যাচার এখানে চলছিল সেই রকম ওখানেও দেখলাম সেই রকম নির্মম অত্যাচার হয়ে চললো এবং তার কোন প্রতিকার নাই। একের পর এক নিয়মিতভাবে এই জিনিস হচ্ছে। এই রকম একইভাবে বেলডাঙ্গার এম. এল এ নুরুল ইসলাম চৌধুরীর উপরও অত্যাচার চলেছে। হাউস চলাকালে

একের পর এক এম. এল. এ-র উপর যদি এই রকম অত্যাচার হতে থাকে তাহলে There are threats on his life আমি অবাক হয়ে যাচ্ছি আমরা পেয়েছি পঞ্চায়েত সমিতি আমরা পেয়েছি সব অথচ অত্যাচার করে চলেছে। কারণ ওদের হাতে গুণ্ডা রয়েছে, পুলিশ রয়েছে। এবং আরও লজ্জার কথা যে এই নৃশংসতা এমন জায়গায় পৌছেছে যে ওঁর বাড়ীর সামনে রাস্তায় পাশে আমার গাড়ীটা রেখে গিয়েছি এবং এসে দেখি ব্যাটারীটা নিয়ে চলে গেছে। এ আমরা কোন রাজত্বে বাস করছি। আমরা কি এর উত্তর পাবো না। মুখ্যমন্ত্রী তো উত্তেজিত হয়ে চলে গেলেন। এই অরাজকতা কি চলবে? তাহলে আপনারা বলে দিতে পারেন আমরা আর আসবো না।

(এ ভয়েস :—স্যার, কান্নাকাটি করছে)

না কান্নাকাটি করার দরকার আমাদের নেই। আপনি চুপ করে বসুন। স্যার, আমি ডায়েরী করলাম —কিন্তু দেখলাম পুলিশ নিষ্ক্রিয়। পুলিশ কি একটা তদন্তে আসতে পারে না?

পুলিশ নিষ্ক্রিয় থাকবে, কোন তদন্ত করবে না। একজন এম. এল. এ'র উপর হাউস চলা কালে অত্যাচার হবে কোন প্রতিকার হবে না এখানেও নিরাপত্তা নেই, বাড়িতেও নিরাপত্তা নেই, কোথাও আমরা নিরাপদ নই। আমরা এর প্রতিকারের জন্য আপনার কাছে আবেদন রাখছি।

মিঃ স্পীকারঃ ডাঃ জয়নাল আবেদিন, আপনি বলছেন এম. এল. এ'র বাড়ির উপর আক্রমণ হয়েছে, নিরাপত্তার কথা বলছেন, আমি চীফ মিনিষ্টারকে বলবো, বিষয়টি এনকোয়ারী করার জন্য।

ডাঃ ওমর আলিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের মেদিনীপুর জেলায়, মেদিনীপুর মেন ক্যানেল সিস্টেমে ২০ হাজার একর জমিতে বোরো চাষের জন্য কংসাবতী জলাধার থেকে এক লক্ষ একর ফিট জল দেবার কথা ছিল। সেই কথা অনুযায়ী মেদিনীপুর মেন ক্যানেল সিস্টেমে ২০ হাজার একর জমিতে চাষ হয়েছে। কিন্তু এখন দেখা যাচ্ছে, আমাদের যা জলের বরাদ্দ ছিল এক লক্ষ একর ফিট, তা থেকে ২০ হাজার একর ফিট কেটে নিয়ে অন্যত্র পাঠানো হয়েছে। ফলে মেদিনীপুর মেন ক্যানেল সিস্টেমের আওতারে ২০।২৫ হাজার চাষী বিপদে পড়েছে। এই অবস্থায় মাননীয় সেচমন্ত্রী এবং কৃষি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, তাঁরা যেন তৎপরতার সঙ্গে কংসাবতী জলাধার কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে ঐ ২০ হাজার একর ফিট জল মেদিনীপুর ক্যানেল সিস্টেম থেকে যেটা কেটে নেওয়া হয়েছে, সেই জল যাতে কংসাবতী জলাধার থেকে পাওয়া যায় তার ব্যবস্থা করবেন। তা নাহলে শুধু ধানই নষ্ট হবে না, ওখানকার কৃষক উত্তেজিত হয়ে এমন ধরণের ঘটনা ঘটাবে, যা আমাদের আওতার বাইরে চলে যেতে পারে।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Minister-in-charge of Industries Department. As you know, Gluconate Company was founded by late Dr, B. C. Roy, the architect of modern West Bengal in 1939. Since then this company has been producing well-known life-saving drugs. It has got a very good sale throughout the country. In 1975, the management of Gluconate Ltd. was taken over by the Government of West Bengal. After that the Company continued in various sectors, Sir, there was a demand that this Company should be nationalised so that it could be a fullfledged company under the State Government. But we are sorry to find that the State Government instead of nationalising the Company is going to hand over its management to the private sector. Sir, it will be a great injustice on the aspiration of late Dr. B. C. Roy who established this Company. So such a Company as Gluconate which produces vital items of life-saving drugs should not be handed over to any private concern.

শ্রীসামসুদ্দিন আহমেদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সমগ্র পশ্চিমবাংলায় এই জেলা স্কুল বোর্ডগুলো কোন নির্বাচিত প্রতিনিধি দ্বারা পরিচালিত নয়। বহুদিন ধরে এ্যাডহক কমিটি চলছে। সভাপতি মহাশয়রা খেয়াল খুশী মত চলছেন। মজার কথা এ্যাড কমিটির সভাপতি মহাশয়রা এমন খেয়াল খুসী মত চলছেন যে ডি. আই. এর মতামত পর্য্যন্ত তারা শোনেন না। অপর দিকে দেখা যাচ্ছে ১৯৭৫ সাল থেকে যে সব অর্গানাইজার স্কুল চলছে এবং সেই সব স্কুলে যে সব অর্গানাইজার টিচার আছেন, এই নিত্য নুতন খেয়াল খুসী মত সভাপতিদের কার্য্যকলাপের ফলে তাদের স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে, যার ফলে তারা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন এবং হাইকোর্ট তাদের অনুকূলে রায় দিয়েছেন, তা সত্বেও এই সরকার কোন কার্য্যকরী ব্যবস্থা নিচ্ছেন না, হাইকোর্টের রায় মানছেন না, যার ফলে বিভিন্ন জেলায় একটা অসন্তোষ দানা বাঁধছে এবং এই অর্গানাইজার স্কুলের শিক্ষকরা, যারা হাইকোর্টের রায় পেয়েছেন, তারা তাদের ন্যায্য দাবী দাওয়া আদায়ের জন্য আবার কোর্টের আশ্রয় নিতে আসছেন।

[2-50—3-00 P.M.]

এবং তারা সংগঠিত হচ্ছে। হাইকোর্টের রায় অনুযায়ী এখুনি নির্বাচন করা হোক। এই এ্যাডহকগুলি কেন রাখা হয়েছে? আর অর্গানাইজড স্কুল যারা হাইকোর্টের রায় পেয়েছে

তাদের এখুনি নিয়োগের ব্যবস্থা করা হোক। এই নিয়ে একটা বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। তাই এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুরেশ সিংহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আদিবাসী এবং তপসিলি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন তপসিলি এবং আদিবাসী ছাত্র ছাত্রী যারা মাধ্যমিক স্তরে পড়াশুনা করে তারা প্রতি মাসে ২০ টাকা করে মেনটিনেন্স গ্রান্ট পায়। পশ্চিমদিনাজপুর জেলার কয়েক শত মাধ্যমিক স্কুলের ছাত্র ছাত্রী বিগত ১৯৮১ সাল থেকে এই মাসিক ভরণ-পোষণের ২০ টাকা পাচ্ছে না এর ফলে তপসিলী এবং আদিবাসী ছেলে মেয়েদের পড়াশুনার খুব ক্ষতি হচ্ছে। এই সব ছাত্র ছাত্রীরা যাতে তাড়াতাড়ি ঐ টাকাটা পেয়ে যায় সেই জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীধীরেন্দ্রনাথ সেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সরকার দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সৃষ্ট সমস্যাটির আশু সমাধানের জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। স্যার, বিষয়টি হচ্ছে আলু সংরক্ষণের সমস্যা। আপনি জানেন এবারে বীরভূম জেলায় ধানের মত আলুর ফলনও ভাল হয়েছে এবং বীরভূম জেলায় ৮/১০টি হিমঘর আছে। এই হিমঘরগুলি বড় বড় ব্যবসায়ীরা দখল করে নিয়েছে। ফলে প্রান্তিক ও ক্ষুদ্র চাষীরা আলু রাখতে পারছে না, বীজ আলু পর্যন্ত রাখতে পারছে না। ওখানে সমবায় দপ্তরের হিমঘর আছে। গত বছর কিছু অন্তর্ঘাতমূলক কাজের জন্য সেই হিমঘরের আলু নষ্ট হয়ে যায় এবং চাষীরা ক্ষতিপূরণ দাবী করে। পরবর্তীকালে প্রশাসনিক রিপোর্টে এই ক্ষতিপূরণ দেবার কথা বলা হয় এবং সমবায় দপ্তরের কাছে এই ক্ষতিপূরণের জন্য অর্থ চাওয়া হয়। সমবায় দপ্তরের মন্ত্রী মহাশয় যদি এই ব্যাপারে একটু দৃষ্টি দিয়ে ক্ষতিপূরণের টাকা দিয়ে দেন এবং অবিলম্বে হিমঘরটি চালু করেন তাহলে ঐ এলাকার প্রান্তিক ও ক্ষুদ্র চাষীরা লাভবান হতে পারে। তাই অবিলম্বে এই হিমঘরটি চালু করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য শিক্ষা সংস্কৃতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্বদেশী গান আজও মানুষকে প্রাণোম্পন্দিত করে তোলে, তার বলিষ্ঠ নাটক আজও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে। বিদেশী তীব্র কষাঘাত যার কবিতায় আজও অনুরণিত, সেই কবি ও গীতি নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের স্মৃতি রক্ষার ব্যবস্থা আজও যথোপযুক্ত মর্যাদার সঙ্গে করা হয়নি। স্বাধীনতার ৩৫ বছর

পরেও কংগ্রেসী আমলে তাঁর কোন স্মৃতি রক্ষার ব্যবস্থা তো হয়নি, উপরন্তু কৃষ্ণনগরে তাঁর যে মর্মর মূর্তি প্রতিষ্ঠা করা হয়েছিল জরুরী অবস্থার সময় সেটাও অপসারণ করা হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে কৃষ্ণনগরের সুপরিসর এলাকায় অবিলম্বে যেন একটি দ্বিজেন্দ্র মঞ্চ, সংশ্লিষ্ট সংগ্রহশালা এবং গবেষণাগার স্থাপন করা হয়।

শ্রীবিভূতি দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং মর্মান্তিক ঘটনার প্রতি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার দাঁতন দু নং ব্লকের অধীন সাবড়া গ্রামের আবদুল রসিদ মল্লিক নামে একটি ছেলে ১৯৮২ সালে ভোকেশন্যাল স্ট্রিমে হায়ার সেকেণ্ডারি পাশ করে এবং প্রথম ডিভিসানে পাশ করে এবং পশ্চিমবঙ্গে ১০ম স্থান অধিকার করে। এত ভালো ভাবে পাশ করার জন্য সে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে উপহারও পায়। তারপর সে কল্যাণীর বিধানচন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয়ে পড়াশুনা করার জন্য দরখাস্ত করে। তার ইলেকটিভ সাবজেক্ট ছিল এগ্রিকালচার। এগ্রিকালচারে ৫০০ নং-এর মধ্যে ২০০ থিওরিটিক্যালে এবং ৩০০ প্রাকটিক্যালে। থিওরিটিক্যালে ২০০ মধ্যে সে ১২২ পেয়েছে এবং প্রাকটিক্যালে ৩০০ মধ্যে সে ২৯০ পেয়েছে। এই রকম একটি ছাত্র, সে উচ্চ শিক্ষার জন্য দরখাস্ত করেও তার সুযোগ পেল না। তখনকার ভারপ্রাপ্ত উচ্চশিক্ষামন্ত্রী নির্মলবাবুর কাছে এই ব্যাপারটি নিয়ে আমি গিয়েছিলাম কিন্তু তিনি কোন যোগ্য উত্তর দিতে পারেন নি এবং কোন ব্যবস্থাও করতে পারেন নি। পরবর্তীকালে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে ছেলেটি দরখাস্ত করে, মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে সেই দরখাস্তটি এডুকেশান ডিপার্টমেণ্টে পাঠানো হয় এবং সেখান থেকে উত্তর চাওয়া হয় কৃষি বিশ্ববিদ্যালয়ের কাছে। কৃষি বিশ্ববিদ্যালয় যে উত্তর দিয়েছেন তা অসম্পূর্ণ। স্যার, এইভাবে একটি ছেলে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হতে চলেছে। এ ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুভাষ নস্কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাসন্তি থানা এলাকার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে ইরিগেসান ডিপার্টমেণ্টের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে ভূমি রাজস্ব ডিপার্টমেণ্টের মন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি। স্যার বিগত কয়েক বছর ধরে সারা সুন্দরবন এলাকায় নদীর বাঁধ কেটে অবৈধ লোনা জলের ফিশারী যেভাবে দিনের পর দিন বাড়ছে এবং কৃষি জমির ক্ষতি হচ্ছে তার পরিণাম কোথায় গিয়ে পৌছাবে সাধারণ মানুষ তার কোন শেষ খুঁজে পাচ্ছে না এবং প্রতিকারের জায়গায় গিয়েও কিছু হচ্ছে না। এতে সাধারণ মানুষ বিক্ষুব্ধ হয়ে গতকাল বাসন্তি এলাকার জে. এল. আর. ও অফিস এবং ইরিগেসানের অফিসগুলিতে বিক্ষোভ প্রদর্শন করে। কয়েকদিন ধরেই এই অফিসগুলিতে কোন অফিসারকে

তারা পাচ্ছেন না, গতকালও সেখানে একজন অফিসার ছাড়া জে. এল. আর ও অফিসে এবং ইরিগেসান অফিসে কোন লোক ছিল না। বিক্ষোভ দেখিয়ে তারা সেই অফিসগুলিতে তালা বন্ধ করে চলে যান। নদীর জলে এই যে অবৈধভাবে লোনা জলের ফিশারী তৈরী হচ্ছে তার প্রতিকারের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅতীশ চন্দ্র সিনহা ঃ মাননীয় স্পীকার মহাশয়, গতকাল থেকে আজ পর্য্যন্ত আপনি জানেন, বহু মাননীয় সদস্য গ্রামাঞ্চলের পানীয় জলের অভাবের কথা এখানে বলছেন। একটা অশুভ লক্ষণ দেখা যাচ্ছে, আশা করি এটা থাকবে না যে গ্রামাঞ্চলে দারুণ বৃষ্টির অভাব দেখা যাচ্ছে। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র মুর্শিদাবাদ জেলার কান্দি, সেখানে দারুণ জলাভাব দেখা দিয়েছে। সেখানে প্রায় এক হাজার টিউবওয়েল আছে কিন্তু তার অধিকাংশগুলি থেকেই জলস্তর নেমে গিয়েছে। পানীয় জলের জন্য যে ডিপ টিউবওয়েল আছে সেগুলি ছাড়া অন্য কোন টিউবওয়েল থেকেই জল পাওয়া যাচ্ছে না। স্যার, দুর্ভাগ্যের কথা, কান্দি ব্লকের আর, ডব্লু, এ এস-এতে কোন সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার নেই এবং মেরামতের জন্য যে সমস্ত ছোটখাট মেটিরিয়ালসের দরকার তারকও সাপ্লাই নেই। অবিলম্বে যদি মেটিরিয়ালস না পাঠানো হয় তাহলে আগামীদিনে পানীয় জলের কষ্ট আরো বেড়ে যাবে। গোটা পশ্চিমবাংলার ক্ষেত্রেই দেখা যাচ্ছে জলের স্তর ক্রমশঃ নেমে যাচ্ছে এবং তার ফলে খাবার জলের জন্য যে সমস্ত স্যালো টিউবওয়েল আছে সেগুলিকে ডিপ টিউবওয়েলে পরিণত করার প্রয়োজন দেখা দিয়েছে। স্যার, এই কাজের জন্য যা করনীয় তা করার এবং যে অর্থের প্রয়োজন তা স্যাংসন করে অবিলম্বে গ্রামে গ্রামে পাঠানো দরকার। অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহনের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00—3-10 P. M.]

শ্রীশিশির অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রী এবং জলসরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা মেদিনীপুর জেলার পৌরসভাগুলিতে জলের প্রচণ্ড অভাব লক্ষ্য করা যাচ্ছে। আজকে কাগজে বেরিয়েছে যে গ্রামাঞ্চলে ১০।১২ লক্ষ একর জমিতে চাষ-আবাদ হয়েছে। সারা মেদিনীপুর জেলায় জলের অভাবে প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হতে চলেছে এবং চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে। জল সরবরাহ মন্ত্রী এবং একাধারে কৃষি মন্ত্রীও বটে, তাঁকে অনুরোধ করবো যে মেদিনীপুর জেলায় পানীয় জল সরবরাহের যে সব ডীপ টিউবয়েল আছে সেখান থেকে যদি সামান্য কিছু জল যাতে অবিলম্বে ছেড়ে দেবার ব্যবস্থা করেন তাহলে অন্ততঃ খানিকটা চাষ-আবাদের সুবিধা হবে। এছাড়া পুকুরগুলির এমন অবস্থা হয়েছে যে গরু বাছুরের খাওয়ার মত জলও সেখানে পাওয়া যাচ্ছে না। কাজেই এই পানীয় জলের দিকে নজর দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি এবং এর দ্রুত নিরসনের জন্য আশা করছি।

ডঃ মোরতাজা হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণকরছি। আমার এলাকা দেগঙ্গা। সেখানে জলের কষ্ট দেখা দিয়েছে এবং একই সঙ্গে পশ্চিমবঙ্গের অনেক জায়গায়ও জলের কষ্ট দেখা দিয়েছে এবং সেটা আপমি শুনেছেন বা জানেন। আমার ওখানে একটি অঞ্চল পঞ্চায়েতে পরপর ৯ খানা গ্রামে কোন রকম জল নেই। সেজন্য ইমিডিয়েট সেখানে পানীয় জলের ব্যবস্থা করা দরকার। আর একটা কথা বলছি, ঐ এলাকায় প্রতি বছর এই সময়ে পানীয় জলের অভাব দেখা যায়। সেজন্য আমি আবেদন রাখছি যে ওখানে যদি টিউবয়েল ওয়াটার সাপ্লাই করা যায় তাহলে প্রতি বছরই তারা জল পেতে পারে। আর তাছাড়া সেচের জন্য যে অসুবিধা দেখা দিয়েছে, সেখানে ডিপ টিউবয়েলের ব্যবস্থা করা হোক। এই অনুরোধ আপনার মাধ্যমে রাখছি।

শ্রীআবদুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সঞ্চয়িতাতে গ্রামের এবং শহরের বহু সাধারণ মধ্যবিত্তরা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা তুলে, এমন কি বাড়ীর জিনিসপত্র বিক্রয় করে টাকা রেখেছিল চড়া সুদের লোভে। সঞ্চয়িতায় যখন টাকা মার যেতে বসেছে তখন শম্ভু মুখার্জী নামে একজন অংশীদার গ্রেপ্তার হল এবং তাতে মানুষের মনে হয়েছিল যে হয়ত সেই জমা দেওয়া টাকা তারা ফেরত পাবেন। কিন্তু গত পরশু দিন দেখলাম শম্ভু মুখার্জীর মৃত্যু ঘটেছে। পুলিশ সেটাকে আত্মহত্যা বলে চালাবার চেষ্টা করেছে। আমার এখানে সন্দেহ যে সত্যি সত্যি সে আত্মহত্যা করেছে, না তাকে হত্যা করা হয়েছে। কারণ পুলিশ যে বিবরণ দিয়েছে সেটা কনট্রাডিকটোরী এবং অনেক ক্ষেত্রে প্রকৃত ঘটনাকে সাপপোস করে যাচ্ছে। যেমন পুলিশ একবারও বলেনি যে গঙ্গা-যমুনা বিল্ডিং উপাধ্যায়ের ফ্লাটে এর আগে দুবার কেন ঐ শম্ভু মুখার্জীকে নিয়ে যাওয়া হয়েছিল। বলা হয়েছে যে প্রশান্ত ব্যানার্জীকে ধরিয়ে দেবার জন্য সেখানে নিয়ে যাওয়া হয়েছিল। অথচ এই প্রশান্ত ব্যানার্জী যখন আসামী ছিল তখন লালবাজারে তাকে নিয়ে যাওয়া হয়েছে এবং বহু অফিসার তাকে দেখেছেন, সেখানে উনি সাক্ষ্য দিয়েছেন। কাজেই তাকে খোঁজার জন্য ঐ বিল্ডিংস-এ নিয়ে যাওয়ার দরকার ছিল না। আমরা জানি গ্রেট ইষ্টার্ণ হোটেলে যখন শম্ভু মুখার্জী আশ্রয় নিয়েছিলেন, অতিথি হিসাবে যখন ওখানে ছিলেন। রাজ্যসরকারেয় পরিচালিত হোটেলে যখন তিনি ছিলেন তখন সেই হোটেল থেকে কেন তাকে গ্রেপ্তার করা হয়নি? আজকে হয়ত শম্ভু মুখার্জী এমন অনেক কথা বলেছিলেন, যার সঙ্গে হয়ত অনেক রাঘববোয়াল জড়িত আছেন পুলিশ যেমন আছেন, তেমনি বর্তমান রাজ্য সরকারের মন্ত্রীও হয়ত জড়িত আছেন, সেই সব ঘটনাকে সাপপ্রেস করার জন্য এই মৃত্যু। এই মৃত্যুর পিছনে কোন কারণ আছে বলে আমাদের সন্দেহ। আমি অবিলম্বে এই ঘটনার তদন্ত দাবী করছি। শম্ভু মুখার্জী সত্যিই আত্মহত্যা করেছে, না সরকারী লেভেলে সমস্ত ঘটনাকে সাপপ্রেস করার জন্য তাকে হত্যা করা হয়েছে এই বিষয়ে আমি বিচার বিভাগীয় তদন্তের দাবী করছি।

শ্রীসুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে কলকাতা পৌরসভার বাজেট সংক্রান্ত। আজকে সকাল বেলায় সমস্ত সংবাদপত্রে দেখলাম যে কলকাতা পৌরসভা বাজেট সাবমিট করেছে এবং একটা বিরাট ঘাটতি বাজেট সাবমিট করেছে। প্রশ্নটা তা নয়। যখন সরকার অধিগ্রহণ করেছে তখন সরকারের একটা নৈতিক দায়িত্ব থাকে। বাজেট অধিবেশন চলাকালীন এখানে কোন রকম মেনসন না করে এই ধরণের বাজেট পেশের কোন নজির নেই। স্যার, আমি উদাহরণ হিসাবে বলছি যে, যখন কোন রাজ্যে রাষ্ট্রপতি শাসন চালু থাকে তখন সেই রাজ্যের বাজেট লোকসভায় পেশ করা হয়, অবশ্য লোকসভায় সেই বাজেট নিয়ে কোন বিতর্ক হয় না। আমিও অনুরূপভাবে এখানে কোন বিতর্ক দাবী করছি না। কিন্তু লোকসভায় রাজ্যের বাজেট নিয়ে যেমন বিতর্ক হয় না তেমন আবার সেই বাজেটের মধ্যে দিয়ে সেই রাজ্যের মানুষের ওপর কোন রকমভাবে কর আরোপ করা হয় না, সেখানকার জন্য কোন নতুন পলিসি গ্রহণ করা হয় না। অর্থাৎ যেহেতু একটা প্রতিষ্ঠান নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা পরিচালিত হয় সেহেতু নির্বাচিত প্রতিনিধিদের জন্য অপেক্ষা করা হয় যে, সেখানে নির্বাচিত প্রতিনিধিরা এসে তাদের নতুন পলিসি ঠিক করবে। এই কারণেই লোকসভায় কোন রাষ্ট্রপতি শাসিত রাজ্যের জন্য কোন নতুন পলিসি নির্ধারণ করা হয় না। অথচ আমরা লক্ষ্য করছি এখানে বিধানসভার অধিবেশন চলাকালীন বিধানসভার সামনে পেশ না করেই কলকাতা কর্পোরেশনের বাজেট ঘোষিত হয়েছে। শুধু তাই নয় আমরা লক্ষ্য করছি তার মধ্যে দিয়ে কতগুলি নতুন নীতি এমনভাবে ঘোষিত হয়েছে যেগুলি বিধান সভায় আলোচিত হওয়া উচিত ছিল। বিধানসভা চলাকালীন সেগুলি কখনই ঘোষিত হওয়া উচিত নয়। যদিও সমস্ত বিষয়গুলির মধ্যে আইনের প্রশ্ন এবং সংবিধানের প্রশ্ন জড়িত, তবুও আমি সে কথায় পরে আসছি। ওখানে বলা হয়েছে, যারা বাইরে থেকে কলকাতায় ঢুকবে তাদের প্রত্যেকের জন্য মাথাপিছু ৫ পয়সা করে ট্যাক্স ধার্য করা হচ্ছে। স্যার, আপনি নিজে একজন আইনজ্ঞ, আপনি জানেন একজন সিটিজেনের দু'রকম ব্যাখ্যা হতে পারে না। কিন্তু আমরা দেখছি এই ব্যবস্থার ফলে একজন মানুষকে দু'বার ট্যাক্স দিতে হবে। কিন্তু একজন সিটিজেনের ওপর এরকমভাবে ট্যাক্স ধার্য করা যায় না। কলকাতার ভিতরে যে সমস্ত নাগরিকরা বসবাস করেন তাঁরা কলকাতার বাইরে গিয়ে যখন আবার কলকাতায় ঢুকবেন তখন তাঁদের ৫ পয়সা করে ট্যাক্স দিয়ে ঢুকতে হবে। অর্থাৎ আজকে একবার এখানে সে সিভিল ট্যাক্স দেবেন, আবার কালকে বারাসাত থেকে যখন সে কলকাতায় ফিরবেন তখন তাকে ঢোকবার সময়ে ট্যাক্স দিতে হবে। এটা কখনই হতে পারে না, সুতরাং এই বিষয়টি নিয়ে এখানে আলোচনা করা দরকার। যখন এখানে অধিবেশন চলছে, তখন ঐভাবে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার মাননীয় মন্ত্রীর অনুমোদন করা উচিত হবে না। স্যার, আর একটা অদ্ভুত ব্যাপার দেখুন, ট্রেনের টিকিটের মধ্যে দিয়ে এই জাতীয় ট্যাক্স ইমপোস করা যায় আমরা জানি, যেটা হাওড়া ব্রিজের ক্ষেত্রে আছে।

কিন্তু সেক্ষেত্রেও ইট ইজ আপ টু সেণ্টার এবং সেখানেও সংবিধান পরিবর্তনের দরকার আছে, তা না হলে করা যায় না। অর্থাৎ রেলওয়ে সেটা কালেকসন করবে, করে রেলওয়ে দেবে রাজ্য সরকারকে, তারপরে রাজ্য সরকার সেটা কর্পোরেশনকে দেবে। এখানে আরো বলা হয়েছে বাসে যারা আসবে তাদের ওপরও ট্যাক্স ইম্পোস হবে। কিন্তু আমি প্রশ্ন করছি প্রাইভেট বাসের ওপর কি করে ট্যাক্স ইম্পোস করবেন? অপর দিকে যারা টেম্পো করে শহরে ঢুকবে তাদের ওপর কি করে ট্যাক্স ইম্পোস করবেন? সুতরাং ওখানে কতগুলি বেআইনী নীতি ঘোষিত হয়েছে। এবং এই সব নীতি চালু করবার চেষ্টা করলে ভীষণ জটিলতার সৃষ্টি হবে। ওখানে যেভাবে কর প্রস্তাব করা হয়েছে তা নীতিগত দিক থেকে আপত্তিকর এবং সাংবিধানিক দিক থেকে অবৈধ। সুতরাং আমি আপনার কাছে বিচার চাইছি যে, কলকাতা কর্পোরেশন অধিগ্রহণ হওয়া সত্ত্বেও এবং এখানে হাউস চালু থাকা সত্ত্বেও কিভাবে তাদের বাজেট এখানে না এনে পাশ করা হচ্ছে?

মিঃ স্পীকার ঃ আমি এই পয়েণ্টের ওপর আমার রুলিং পরে দেব।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন অল বেঙ্গল টিচার্স এ্যাসোসিয়েসন এবং প্রাইমারী টিচার্স এ্যাসোসিয়েসনের সদস্যরা গত ২০ তারিখ থেকে এসপ্লানেড ইষ্টে অবস্থান ধর্মঘট করছেন এবং গত ২১ তারিখ থেকে, অর্থাৎ গত-কাল থেকে তাঁরা আমরণ অনশন শুরু করেছেন। তাঁদের দাবী তাঁদের অর্গানাইজ টিচার হিসাবে গণ্য করা হোক এবং তাঁদের নিয়োগ করা হোক এবং তাঁদের স্কুল গুলিকে অনুমোদন দেওয়া হোক। এই বিষয়ে মাননীয় বিনয়বাবু ১৯৮৩ সালের ৩১শে এপ্রিল একটা চিঠি দিয়েছিলেন। সেই চিঠিতে ছিল, তাঁদের স্কুলগুলিকে টেক ওভার করা হবে এবং তাঁদের নিয়োগ করা হবে। কিন্তু তা আজও হয়নি। সুতরাং আজকে বিভিন্ন জেলা থেকে ৫ লক্ষ শিক্ষক এসেছেন, তাঁদের প্রতি আজকে নজর দেওয়া দরকার। আজকে যাঁরা আমরণ অনশন করছেন তাঁদের প্রতি সরকারের লক্ষ্য দেওরা দরকার আছে। তাঁরা যদি মারা যান তাহলে নিশ্চয়ই আমাদের বামফ্রন্ট সরকারের ওপর দোষ পড়বে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহাশয়ের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে আমি তাঁদের কাছে আবেদন করছি যে, তাঁরা আন্তরিকতার সহিত বিষয়টি বিবেচনা করুন।

GOVERNMENT BUSINESS (Financial)

FINANCIAL

Motion for Vote on Account

Dr. ASHOK MITRA moved that a sum not exceeding Rs. 3,97,23,05,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 1985, namely :—

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	REVENUE ACCOUNT	
	A—GENERAL SERVICES	
	(a) Organs of State	
1	211—State Legislatures	26,85,000
3	213—Council of Ministers	6,02,000
4	214—Administration of Justice	1,12,91,000
5	215—Elections	2,82,42,000
	(b) Fiscal Services	
	(i) Collection of Taxes on Income and Expenditure	
6	220—Collection of Taxes on Income and Expenditure	11,36,000
	(ii) Collection of Taxes on Property and Capital Transactions.	
	229—Land Revenue.	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
	CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT	
7	C—Capital Account of Economic Services (a) Capital Account of General Economic Services 04—Capital Outlay on Other General Economic Services.	4,58,79,000
	REVENUE ACCOUNT	
	A—GENERAL SERVICES	
	(b) Fiscal Services	
	(ii Collection of Taxes on Property and Capital Transactions.	
8	230—Stamps and Registration	89,68,000
9	235—Collection of Other Taxes on Property and Capital Transactions.	78,000
	(iii) Collection of Taxes on Commodities and Services	
10	239—State Excise	83,88,000
11	240—Sales Tax	1,76,46,000
12	241—Taxes on Vehicles	20,81,000
13	245—Other Taxes and Duties on Commodities and Services.	50,65,000
	(iv) Other Fiscal Services	
14	247—Other Fiscal Services	22,57,000
	(c) Interest Payment and Servicing of Debt	
16	249—Interest Payments	10,01,000

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	(d) Administrative Services	
18	252—Secretariat—General Services	1,23,14,000
19	253—District Administration	1,27,26,000
20	254—Treasury and Accounts Administration	76,61,000
21	255—Police	21,88,17,000
22	256—Jails	1,45,53,000
24	258—Stationery and Printing	73,16,000
25	259—Public Works (Public Works under Functional heads) B—SOCIAL AND COMMUNITY SERVICES 277—Education (Sports) (Buildings) 277—Education (Excluding Sports and Youth Welfare) (Buildings) 278—Art and Culture (Buildings) 280—Medical (Buildings) 282—Public Health, Sanitation and Water Supply (Excluding Prevention of Air and Water Pollution and Sewerage and Water Supply) (Buildings) 283—Housing (Buildings) 287—Labour and Employment (Buildings) 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Person and Repatriates and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes) (Buildings 295—Other Social and Community Service (Zoological and Public Gardens (Buildings)	

Demand Number	Services and purposes	Sums not exceeding
		Rs.
	C—ECONOMIC SERVICES	
	(a) General Economic Services	
	(b) Agriculture and Allied Services	
	305—Agriculture (Buildings)	
	309—Food (Buildings)	
	310—Animal Husbandry (Buildings)	
	311—Dairy Development (Buildings)	
	(c) Industry and Minerals	
	320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings)	
১৬.৩.৮৪ তারিখে আনন্দবাজারে বলা হোল "শর্মা টিকিট পাননি।" সংবাদের মধ্যে বলা হোল "শোনা গিয়েছিল পশ্চিমবঙ্গের রাজ্যপাল এ. পি. শর্মা বিহার থেকে প্রার্থী মনোনীত হবেন। গত কয়েকদিন তিনি এইজন্য দিল্লীতে থেকে গিয়েছিলেন।"

১৭.৩.৮৪ তারিখের আনন্দবাজার পত্রিকায় সংবাদ বেরোলো—"শর্মা এখনও আশায় আছেন।" বিশেষ সংবাদদাতা সংবাদ দিয়ে বলেছেন—"একটি মহল থেকে শোনা গেল শর্মাজী এখনও বিহারের পঞ্চম আসনটির দিকে তাকিয়ে আছেন।"

১৯.৩.৮৪ তারিখের আনন্দবাজারেই সংবাদ বেরোলো "ইন্দিরা-শর্মা সাক্ষাৎ" এই হেডিংয়ে। তাতে বলা হোল—"রাজ্যপাল পদে ছেড়ে দলের কাজে আত্মনিয়োগ উৎসুক শর্মা হাইকমাণ্ডকে জানিয়ে দিয়েছেন রাজ্যসভার আসন বা কোন মন্ত্রীত্বের জন্য উনি আগ্রহী নন।" কিন্তু দলের কাজ তিনি করবেন!

ষ্টেটসম্যানে সংবাদ বেরোলো—"রেজিগনেশান বাই শর্মা এক্সেপ্টেড"। তাতে বলা হোল "West Bengal Governor, Shri A. P. Sharma is understood to have submitted his resignation to the President in New Delhi on Wednesday and his resignation is said to have been accepted."

১৬.৩.৮৪ তারিখে ষ্টেটসম্যানে বেরোলো—"এ. পি. শর্মা নট নোমিনেটেড।" তাতে বলা হোল—"The prominent names that do not figure in the list of names announced by the Congress Parliamentary Board this evening ares Mr. A. P. Sharma who is seeking to enter Central Politics."

১৫.৩.৮৪ তারিখে 'সত্যযুগ' পত্রিকায় সংবাদ বেরোলো—"রাজ্যপাল পদে শর্মার ইস্তফা কি আজই?" সংবাদে আছে—"কলকাতায় আমি ১৮ই মার্চ পর্যন্ত থাকবো, আর দিল্লীতে পাকাপাকি ভাবে থাকতে সুরু করবো ২৯শে মার্চ এর পর থেকে।"

১৬.৩.৮৪ তারিখের 'সত্যযুগে' হেডিং—"শর্মা পেলেন না।" তাতে বলা হোল—"পশ্চিমবঙ্গের রাজ্যপাল অনেক চেষ্টা করেও রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনে কংগ্রেস-ই'র টিকিট পেলেন না।"

'আজকাল' পত্রিকায় ১৫.৩.৮৪ তারিখে বললো—"শর্মা রাজ্যপাল পদ থেকে অব্যাহতি চান"। সংবাদদাতা জানালো—"পশ্চিমবঙ্গের রাজ্যপাল অনন্তপ্রসাদ শর্মা দলের হয়ে কাজকর্ম করতে চান। রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনে তিনি একটি আসন চান। এই ব্যাপারে কংগ্রেস (ই)-র হাই কমাণ্ডকে তিনি অনুরোধ করেছেন এবং তাঁর এই অনুরোধ হাই কমাণ্ড বিবেচনা করে দেখবেন। এ বিষয়ে তিনি প্রধানমন্ত্রী এবং রাজীব গান্ধীর সঙ্গে কথাবার্তা বলেছেন কয়েক সপ্তাহ আগে। আরও আগে স্বরাষ্ট্রমন্ত্রী শেঠী এবং দলের কার্যনির্বাহী সভাপতি কমলাপতি ত্রিপাঠীর সঙ্গেও তাঁর কথাবার্তা হয়।"

মাননীয় স্পীকার মহাশয়, ১৭.৩.৮৪ তারিখের 'আজকাল' বলছে—"হতাশ শর্মা রাজভবনে ফিরছেন কাল"। সেই সংবাদপত্রে একটি জায়গায় বলা হয়েছে "শর্মা ইতিমধ্যেই কট্টর কম্যুনিষ্ট-বিরোধী বলে পরিচিত"।

(গোলমাল)

(বিরোধীপক্ষ থেকে মন্তব্য : এখানে রাজ্যপালকে নিয়ে কোন আলোচনা হতে পারেনা)।

মাননীয় স্পীকার মহাশয়, আমি পেপারের বিরুদ্ধে প্রিভিলেজ আনছি, রাজ্যপালের বিরুদ্ধে নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবার দেখুন, ১৫.৩.৮৪ তারিখে 'যুগান্তর' পত্রিকায় হেডিং বেরোলো "শর্মার ইচ্ছা" বলে। তাতে বলা হোল—"পশ্চিমবঙ্গের রাজ্যপাল অনন্তপ্রসাদ শর্মা রাজনীতিতে ফিরে এসে দলের কাজ করার ইচ্ছা প্রকাশ করেছেন। রাজীব গান্ধীর সঙ্গেও তিনি আলোচনা করেছেন।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের রাজ্যপাল যিনি হবেন তাঁর ক্ষেত্রে একটি কথা বলা আছে, যা এই বিধানসভায় প্রথমেই উল্লেখ করেছি, তিনি হচ্ছেন এক নম্বর। তিনি বিধানসভা ডাকেন, বক্তৃতা করেন, আমরা আলোচনা করি তার উপর। কিন্তু তাঁর চরিত্র হননের চেষ্টা করা হোলে তা রক্ষা করি। এমনকি প্র্যাকটিস হিসাবেও রাজ্যপালের কোন সমালোচনা রেফারেন্স হিসাবে করা যায় না।

[4-10—4-20 P. M.]

ঠিক সেই কারণেই কনষ্টিটিউসনে পরিষ্কার করে কনডিসন অফ গভর্ণর্স অফিস সম্বন্ধে বলা আছে গভর্ণর The Governor shall not be a member of either House of Parliament or of a House of the Legislature of any State specified in the First Schedule, and if a member of either House of Parliament or of a House of the Legislature of any such State be appointed Governor, he shall be deemed to have vacated his seat in that House on the date on which he enters upon his office as Governor. আমি উল্লেখ করতে চাই এই কারণে যে এই কথা পরিষ্কার বলা আছে একজন মানুষ যদি গভর্ণর হোন, কোন একটা হাউসের সদস্য থাকেন তাহলে তাঁর রেজিগনেসান লেটার সাবমিট করার দরকার নেই। কনষ্টিটিউসনে ধরে নেওয়া হবে তাঁর সদস্যপদ নেই। কিন্তু এই যে সংবাদগুলি বেরোলো সেইগুলি কি? তিনি রাজ্যপাল থাকাকালীন প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করতে পারতেন, রাষ্ট্রপতির সঙ্গে আলোচনা করতে পরেতেন, তাহলে আমাদের কিছু বলার থাকতো না। তাহলে এই ব্যাপার নিয়ে সংবাদপত্রে বেরোলে কিছু বলার থাকতো না। কিন্তু সেখানে তিনি কতকগুলি একস্ট্রা কনষ্টিটিউসনাল লোকের সাথে

দেখা করলেন। সংবাদপত্রে বলা হলো তিনি কমলাপতি ত্রিপাঠীর সঙ্গে দেখা করেছেন, রাজীব গান্ধীর সঙ্গে দেখা করেছেন। আরো বলা হয়েছে তিনি একজন কট্টর কমিউনিষ্ট বিরোধী। এই কথা সকলকেই স্বীকার করে নিতে হবে যে পশ্চিমবাংলায় যে বামফ্রন্ট সরকার আছে তাতে কমিউনিষ্ট পার্টির লোকেরাই প্রধান। এই রকম একটা নিউজ বের করে আমাদের একটা অদ্ভুত অবস্থার মধ্যে ফেলা হয়েছে। যে লোককে এবং যে পোষ্টকে আমাদের সম্পূর্ণভাবে ডিফেন্ড করতে হবে তাঁর ব্যাপারে এই ধরণের একটা সংবাদ বার করা হলো। এটার দ্বারা আমি মনে করি যে বিধানসভার সদস্য হিসাবে যেহেতু গভর্ণরকে আমাদের যথাযথ সম্মান প্রদর্শন করতে হয়, তিনি এই হাউস ডাকেন, তাঁর দায়িত্ব এই হাউসকে রক্ষা করবার, হাউস ডাকবার এবং হাউস বন্ধ রাখবার সম্পূর্ণ কর্ত্তা হলেন তিনি এবং তিনি আমাদের ডাকলে লেজিসলেচারের পক্ষ থেকে সম্পূর্ণ এক্সপেনডিচার আমাদের বহন করতে হয়, সেই দিক থেকে এই সংবাদগুলি বের করে হাউসের সদস্য হিসাবে আমাদের যে প্রিভিলেজ, গভর্ণরকে রক্ষা করবার যে প্রিভিলেজ সেটাকে নষ্ট করা হয়েছে। এই জন্য এটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠানোর জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি। নিয়ম অনুযায়ী কোন ডকুমেন্টের ভিত্তিতে আমি এটা করতে চাইছি সেই ডকুমেণ্ট আপনার কাছে প্লেস করতে হবে। আবার আপনার একটা রুলিং আছে যে খবরের কাগজ থেকে কিছু পাঠ করা যাবে না। সেইজন্য আমি বলতে চাই খবরের কাগজ থেকে যেগুলি উল্লেখ করলাম এইগুলি ছাড়া আপনি যদি বলেন সম্পূর্ণ ডকুমেণ্ট দিতে হবে তাহলে আমার কাছে যেগুলি আছে সেইগুলি পেস করবো। আমি আশা করবো এই হাউসের যে ডিগনিটি সেই ডিগনিটি maintain করবার জন্য, রাজ্যপালের যে পদ সেই পদের ডিগনিটি মেনটেণ্ড করবার জন্য আপনি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন। এই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Mr. Sengupta, I am not satisfied with the privilege. I am not as yet satisfied. I will require more evidences, more arguments for it. Whether the Governor is a part of this Assembly, whether any slander against the Governor constitutes a breach of privilege of this House or not the question has to be satisfied and unless I am satisfied about this I cannot allow you. আপনি যদি অন্য মেটিরিয়াল সংগ্রহ করতে পারেন তাহলে আমাকে দেবেন, তারপর আমি রুলিং দেব।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো অবাক হয়ে গেলাম রাজ্যপালের এই সংবাদের বিরুদ্ধে একটা প্রিভিলেজ আনা হয়েছে। মাননীয় সদস্য সেনগুপ্ত মহাশয়, যেভাবে বললেন যেন তিনি একটা খবরের কাগজের বিরুদ্ধে তিনি প্রিভিলেজ আনছেন। কিন্তু আমার মনে হয় এঁর পেছনে একটা ষড়যন্ত্র চলছে। সেটা আমি আপনার কাছে খোলাখুলি বলছি। এতক্ষণ ধরে এই বিধানসভায় যে আলোচনা হলো মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের

সম্বন্ধে হয়ত বেশী কথা বলেন আপনি প্রসিডিংস খুলে দেখবেন এই আলোচনা এখানে অসুবিধা আছে। এতে আমাদের সময় নষ্ট হয়। আপনি লক্ষ্য করেছেন নিশ্চয়ই সংবাদপত্র সম্বন্ধে এতো গুলো যে কথা বলা হল তা সবই রাজ্যপালের বিপক্ষে সবই রাজ্যপালকে এ্যকুইজড করে। বলা হয়েছে রাজ্যপালের কংগ্রেসের সঙ্গে যোগ আছে, রাজ্যপাল ইন্দিরা গান্ধীর সঙ্গে দেখা করেছেন এবং রাজীব গান্ধীর সঙ্গে দেখা করেছেন দিস্ ইজ এ ভেরী ইন্টারেষ্টিং পয়েন্ট বিকজ আজ পর্যন্ত আমরা জানি রাজ্যপালের বিরুদ্ধে যিনি। বলবার চেষ্টা করেছেন, আপনি রুলিং দিয়েছেন যে রাজ্যপালের বিরুদ্ধে কোন কথা বলা চলবে না।

কিন্তু দেখলাম, পাঁচ মিনিট ধরে সত্যযুগ, আনন্দবাজার, যুগান্তর পত্রিকা এবং স্টেটস্‌ম্যান কি বলেছে বলে বিভিন্ন পত্রিকা থেকে কোটেশান তুলে রাজ্যপালের বিরুদ্ধে বলে গেলেন। সংবাদ-পত্র থেকে আরও নানা কথাবার্তা তুলে বিধানসভায় ফোকাস করা হল। বলা হয়েছে যে, সাংবিধানিক হেড হওয়া সত্ত্বেও রাজ্যপাল কংগ্রেস দলের সঙ্গে কথাবার্তা বলেছেন। সাংবিধানিক হেড হওয়ায় যিনি হাউস ডাকতে পারেন, তিনি এই সব করেছেন। একে একে এইভাবে বলা হয়েছে। এইভাবে রাজ্যপালের বিরুদ্ধে সমালোচনা করা হয়েছে। এই কথাগুলো বলে একের পর এক যুক্তি দেখানো হয়েছে। যদিও সংবাদপত্রের বিরুদ্ধে কয়েকটি কথা বলা হয়েছে, তবুও রাজ্যপালের বিরুদ্ধে এই ধরণের সমালোচনার কোন অধিকার বিধানসভাতে আছে কিনা তা আপনি বলবেন। দ্বিতীয়তঃ রাজ্যপাল হিসাবে কোন কংগ্রেসী লোকের সঙ্গে কথা বলা, প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলা বা রাষ্ট্রপতির সঙ্গে দেখা করা সঙ্গতঃ মনে করলে তো তিনি করতে পারেন। রাজ্যপাল হিসাবে কার সঙ্গে দেখা করবেন বা না করবেন, তা তো মিঃ সেনগুপ্ত বা রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে যাবেন না। সুতরাং রাজ্যপাল মিঃ শর্মা দিল্লীতে কখন যাবেন বা কার সঙ্গে কথা বলবেন, তা রাজ্যপাল হিসাবে সে অধিকার তাঁর আছে। তিনি যার সঙ্গে দরকার মনে করবেন দেখা করার, তা করবেন। সুতরাং এ সম্বন্ধে বলে রাজ্যপালকে অপমান করা হয়েছে, রাজ্যপালকে ছোট করা হয়েছে। রাজ্যপালের পোষ্টকে জনসমক্ষে অত্যন্ত হেয় করা হয়েছে। কনষ্টিটিউশন্যাল অথরিটি হিসাবে রাজ্যপাল বাজেটের আগে বিধানসভার উদ্বোধন করেন। উনি রাজ্যপাল সম্বন্ধে অনেক কথাই বলেছেন। আমরা জানি সংবিধানের প্রদত্ত নির্দেশ বলে হি হ্যাজ দি পাওয়ার, তাঁর অবশ্য জুডিশিয়্যাল পাওয়ার নেই—তিনি রাজ্যপাল হিসাবে এখানে নিশ্চয়ই আসবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উনি যে সব কথাগুলি বলেছে সেগুলি সম্বন্ধে আপনি যদি সন্তুষ্ট না হন, তাহলে আমার আবেদন, রাজ্যপালকে নিয়ে যতগুলি কথা বলা হয়েছে, তা যেন প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হয়। আজকে যে কথাগুলি বলা হয়েছে যেমন রাজ্যপাল দিল্লীতে রাজীব গান্ধীর সঙ্গে দেখা করেছেন সেগুলি সংবাদপত্রে লম্বা করে বেরোবে। এর ফলে রাজ্যপালের মান-সম্মান অক্ষুণ্ণ থাকতে পারে না। এর দ্বারা রাজ্যপালকে ছোট করা হয়েছে এবং বিধানসভার মধ্যে যদি এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গৃহীত না হয়, তাহলে আমার মনে হয়, বিধানসভা চলা উচিত নয়, বিধানসভা বন্ধ করে দেওয়া উচিত। আমি পয়েন্ট অফ অর্ডার এখানে তুলেছি আপনি মিঃ

সেনগুপ্ত রাজ্যপাল সম্বন্ধে যে কথাগুলি বলেছেন সে ব্যাপারে সময় দেবার আগে আশা করি, কথাবার্তাগুলি সংবাদপত্রে যাতে না বেরোয়, সেই মর্মে নির্দ্দেশ দেবেন। কেননা, বিধানসভার মর্যাদা আগেই ক্ষুণ্ণ হয়েছে, মাটির সঙ্গে মিশে গেছে কয়েকটি ঘটনার পরিপ্রেক্ষিতে। এই অবস্থায় রাজ্যপালকে ছোট করে যেন বিধানসভা তথা সংবিধানকে অপমান করা না হয়। কেননা, আপনিও যেমন সংবিধানের প্রোডাক্ট, আমরাও তেমনি সংবিধনের প্রোডাক্ট। আপনি আমাদের কাষ্টোডিয়ান। বিধানসভার অধ্যক্ষ হিসাবে আপনি আশাকরি, একটা নজির দেখাবেন এবং সেই ভাবে রুলিং দেবেন। আপনি অবশ্য বলেছেন, যেভাবে এখানে মিঃ সেনগুপ্ত কাগজ থেকে উল্লেখ করে বলেছেন তা যথেষ্ট নয়। উপযুক্ত কাগজপত্র বা প্রমাণ যিলে তবেই আপনি সন্তুষ্ট হতে পারেন। আমরা আশা করব, কোন কাগজে এই সমস্ত কথাগুলি যাতে না বেরোতে পারে, সেই মর্মে রুলিং দেবেন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ দীপকবাবু এখানে প্রিভিলেজ তুলে বলতে চেয়েছেন যে, রাজ্যপাল সম্বন্ধে কয়েকটি কাগজে কিছু খবর ছাপা হয়েছে। কাগজের এই খবরগুলো যদি অসত্য হয়, তাহলে রাজ্যপালকে অপমান করা হয়েছে বলতে হবে। কেননা অসত্য খবর সেখানে ছাপানো হয়েছে। রাজ্যপাল হাউস সমন করেন, আমাদের হাউস সংবিধানের সঙ্গে যুক্ত। সুতরাং রাজ্যপাল সম্বন্ধে অসত্য কিছু বললে সেটা ব্রিচ অফ প্রিভিলেজ'এর মধ্যে পড়ে। এরমধ্যে রাজ্যপালকে কোথায় সমালোচনা করা হয়েছে? হি হ্যাজ নট ক্রিটিসাইজড দি গভর্ণর।

[4-20—4-30 P.M.]

শ্রীসত্যরঞ্জন বাপুলী ঃ এটা যদি প্রিভিলেজে যায় তাহলে রাজ্যপালকে নিয়ে কি আলোচনা হল না? আপনি যদি আলোচনা এলাও করেন তাহলে রাজ্যপালকে নিয়ে আলোচনা করা হল না?

Mr. Speaker : The question does not arise He is not criticising the Governor, he is criticising the news paper. Dr. Abedin, please help me, I want to know one thing. Now the question before us is that supposing the newspaper has printed a false news item about the Governor, supposing that the news item is false and the Governor did not do anything. Now whether such false statement can commit a breach of privilege of the House or not? That is the only question.

শ্রীদীপক সেনগুপ্ত ঃ আমি একটু ক্ল্যারিফিকেশান চাই। আপনার কাছে আমি যে নোটিশ দিয়েছি তাতে একটা শব্দ উল্লেখ করেছি তার প্রতি আপনার য়্যাটেনশান আনতে চাই। আমি তাতে বলেছি।

News item recently published in the aforesaid Calcutta based daily said that the Governor of West Bengal, Shri A. P. Sarma, has been trying to get a berth in the Rajya Sabha which has now been proved to be baceless. Moreover, there was no confirmation of the news from the Governor's end.

Mr. Speaker : I suppose that it is taken for granted that the news is wrong, that the news is false. So the question is whether it commits the breach of privilege of the House or not ?

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, আমি আপনার কাছে সবিনয়ে নিবেদন করছি আপনি সম্প্রতি লোকসভার নজির এখানে ধরছেন। আপনি জানেন সাবস্ট্যানসিভ মোশান আছে লোকসভায় এ জাতীয় অফিস যারা হোল্ড করেন তাঁদের সম্বন্ধে আলোচনা করা যায় না -- অর্থাৎ স্পীকার রাজ্যপাল, জাজেস, রাষ্ট্রপতি। আপনার কাছে আমি দুটি জিনিস আর্জি করছি যে সংবাদ বাইরের কাগজে বেরিয়েছে তাতে এই The House is not concerned with it in any way. The Governor him-self is competent to take action if the news are false. It is the responsibility of the Governor, if he so desires, either to contradict or to file a suit, or he may choose to ignore such trifling matter. Sir, yellow journalism you cannot rule it out. It does not concern this House in any way. The Governor discharges his functions here under the Constitution. These are defined with regard to the function of the Governor regarding the Council of Ministers and with regard to the Legislature of the State. য়্যাবসোলিউট ডিফাইন করা আছে। দু নং পয়েন্ট হচ্ছে উনি যেভাবে তুলেছেন তাতে একটা গল্প মনে পড়ে গেল "রসগোল্লায় যে ইঁদুর পড়েছিল, রসগোল্লায় যে ইঁদুর পড়েছিল সেটা কি আমি কাউকে বলেছি ?" I have not said so. আজকে দীপকবাবু কৌশলে রাজ্যপালকে যে ইমপিচ করতে চেয়েছিলেন This should not be allow to be recorded in the proceedings of the House. You are the custodian. আমি মনে করি ওর প্রচ্ছন্ন উদ্দেশ্য রাজ্যপালকে হেয় করা। We have no authority to take cognizance of what happened with regard to Governor.

Mr. Speaker : Dr. Abedin, the motion that is being moved by Shri Dipak Sengupta is in the from that the nawspaper has committed a slander against the Governor. It has published false news and by doing such thing it has caused breach of privilege of the House. Where has he

made a slander against the Governor ? He has not made any defamatory statement against the Governor. He said that the newspaper has published slander against the Governor and he thinks that it amounts to breach of privilege. He wants to protect the prestige of the Governor. How do you say that he is committing slander against the Governor. I do not agree with you.

Dr. Zainal Abedin : Absolutely no Sir, The Governor is not a part of the House.

Mr. Speaker : That is a different thing.

Now a news item appeared some days ago in the newspapers ascribing something to the Governor regarding the state of affairs in the Assembly. I wrote to the Governor—I thought it proper to write to the Governor that this has ascribed him which I find very difficult to believe. I wrote that way because I think, from his office he could not make such statement. He telephoned me and said, 'I have not made any such statement." Now the question arises whether the newspapers wrote something ascribing it to the Governor commits the breach of privilege or not. Cannot you discuss it ? I do not agree with you over it.

Dr. Zainal Abedin : Sir, the Governor happens to hold the highest office in this state.

Mr. Speaker : Yes, yes. I agree with you.

Dr, Zainal Abedin : Sir, he is competent himself, and certain laws regarding the criminal and civil procedures are also there. So, his office is so high that he can choose to ignore such incrimination. But how does it concern this House it does not concern. So, it is not a breach of privilege of the House.

Mr. Speaker : That is not my question. By saying this Dipak Babu is defying or defaming the Governor is not correct I do not agree with you.

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে পয়েন্টটা মাননীয় সদস্য জয়নাল আবেদিনের কাছে জানতে চাইলেন তিনি সেটা বলতে চাইলেন না, তিনি উল্টো দিকে বলে গেলেন। অধ্যক্ষ মহাশয় যে পয়েন্টটা তুললেন সেটা একটা ইম্পর্ট্যান্ট পয়েন্ট -- আমাদের যিনি গভর্ণর সেই গভর্ণরকে যদি কেউ বাইরের লোক অপমান করে তাহলে সেই অপমানটা হাউসের মেম্বারদের ব্রিজ অব প্রিভিলেজ হবে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের সেই পয়েন্টের উপর জয়নাল আবেদিন সাহেব কোন কথা বললেন না, হোয়েদার দি গভর্ণর ইজ দি পার্ট অব দি হাউস এই পয়েন্টে তিনি কিছুই বললেন না। অতএব এই বিষয়ে আপনার রুলিং দেওয়ার দরকার আছে।

Mr. Speaker : Mr. Gyan Singh Sohanpal will now speak. Mr Sohanpal, the question is very clear. The question now is, whether the statement attributed to the Governor and printed in a section of the press whether that commits breach of privilege or not. It is one thing, Another thing is, whether the privilege motion, moved by a member, relating to this thing that has been ascribed to the Governor. which a member finds, is very difficult to believe He believes that the Governor could not make such false statement and because the press has printed such false statement in the name of the Governor who is connected with this House under the Constitution a breach of privilege has taken place, Could it be described as a discussion for defaming the Governor or defying the Governor or reducing his position, or not ?

Shri Gyan Singh Sohanpal : Sir, I am glad that you also hold the views that the conduct of the President, the Speaker, the Governor and the Judges cannot be discussed in the House. The question before this House is, whether anything appeared in the Press regarding the Governor can be discussed in this House or not. Now let us assume, for argument's sake, that certain things, right or wrong I do not know, whether this is the correct forum for discussing anything that has appeared regarding the Governor ? Why I put this question is because the duty and the responsility of this House as also of yours is to protect and safeguard the interest and the privilege of this House.

[4-30—4-40 P.M.]

Anything said against the members of the House is contempt. But in this particular case that we are discussing here, Sir, even if anything appeared in the press against the Governor is not a contempt of this House or a breach of privilege of any member. Therefore it is impromptu and wrong to discuss anything that has been said and done against the Governor in a press anywhere. Thank you.

Shri Atish Chandra Sinha : Mr. Speaker, thank you Sir, for giving me this opportunity. First of all, I completely agree with my colleague, Shri Satya Ranjan Bapuli that the whole incident has been brought up in this august House is solely with the purpose of maligning the Governor. Now I would like to know from you whether in the privilege motion of Shri Sen Gupta he has specifically mentioned about whether the reports that have appeared in the newspaper are false. or not. Now you are talking to us this and you also said that the honourable member thinks that the reports that have appeared in the newspaper, is not true. Now the point is, if it is in the opinion of the member is not true it cannot be a matter of breach of privilege of this House. Secondly, I would like to submit that the Governor has got the right, after all he is a citizen of India and he has got every right to seek a membership in the Rajya Sabha. After all Governor of West Bengal has done no wrong. Whether he gets ticket or not that is completely a separate thinks.

শ্রীবামাপদ মুখার্জী : আনন্দবাজার পত্রিকায় যে খবর বেরিয়েছে তাতে গভর্ণরের পদত্যাগ করা উচিত।

শ্রীজ্যোতি বসু : মাননীয় স্পীকার মহাশয়, এই আলোচনা এত গুরুত্বপূর্ণ আকার ধারণ করবে এটা আমি প্রথমে বুঝিনি। দীপকবাবু যখন মোশন এনেছেন তখনই আমি ভেবেছিলাম রাজ্যপালের বিরুদ্ধে যদি সংবাদপত্রে লেখা হয় তাহলে আপনার এবং আমার কিছু করণীয় আছে কিনা। কোন সংবাদপত্র যদি আমার বিরুদ্ধেও কিছু লেখে তাহলে তারজন্য প্রিভিলেজ মোশন এখানে বহুবার এসেছে এটা আমি দেখেছি। রাজ্যপাল এই সভার মেম্বার না হলেও তিনি যে মেম্বারের চেয়েও বেশী উর্দ্ধে এ কথা দীপকবাবু স্পষ্টভাবে বলেছেন। সাংবিধানিক নিয়ম অনুসারে

আমরা গভর্ণরের সমালোচনা করতে পারি না। তবে এখানে নিয়ম আছে তাঁর সম্বন্ধে যদি কোন অসত্য কথা লেখা হয় তাহলে নিশ্চয়ই এখানে সমালোচনায় আসবে। তবে প্রিভিলেজের প্রশ্ন আসে কিনা বা সে সম্বন্ধে কোন প্রমাণ আছে কিনা সেটাতো উনি কাগজপত্র থেকে অনেক কথাই বলেছেন, আপনি সেটা দেখবেন। দীপকবাবু যেটা ধরে নিয়েছেন সত্য মিথ্যা আমি জানিনা রাজ্যপাল যা করেননি সেই সমস্ত কথা সংবাদপত্রে বেরিয়েছে এবং সেই হিসেবেই উনি এটা এনেছেন। যদি প্রিভিলেজে যায় তখন ওঁরা বলবেন। এখন প্রশ্ন হচ্ছে, প্রিভিলেজে গেলে আমরা কি রাজ্যপালকে সাক্ষী হিসাবে ডাকতে পারি? এখানে একজন বক্তা বললেন রাজ্যপাল হয়ত এসব করেননি, আবার কেউ বললেন এসব করার অধিকার তাঁর আছে কারণ হি ইজ এ সিটিজেন অফ ইণ্ডিয়া। কিন্তু তিনি যে রাজ্যপাল সিটিজেন একটু সারকমস্ক্রাইবড হয়ে গেছে অধিকারগুলো অর্থাৎ তার অবস্থা একটু ভিন্ন রাজ্যপাল কি করতে পারেন না পারেন সেটা আমরা জানি। ভি. ভি. গিরি একবার দাঁড়িয়েছিলেন, তবে পদত্যাগ করে। আমরা জানি সুপ্রীম কোর্টের একজন জজ রাজ্যসভায় দাঁড়িয়ে নির্বাচিত হয়েছিলেন, তবে তিনিও পদ ত্যাগ করে দাঁড়িয়েছিলেন। তখন কিন্তু এসব কথা বেরোয়নি যে তিনি কংগ্রেসের নেতাদের সঙ্গে দেখা করেছেন সিকিং ফর হিজ সিট এ্যাণ্ড সো অন। অন্তত আমি তো ওসব কিছু দেখিনি।

কাজেই এটা হতে পারে যে রাজ্যপালের সচরাচর এইভাবে বিবৃতি দেওয়াটা ঠিক নয়। আমি যতদূর জানি এবং আমার মতে অনেক অনেক রাজ্যপাল দেখেছি তাঁদের এই রকম বিবৃতি দিতে দেখিনি। একটা বিবৃতির কথা সংবাদপত্রে বেরিয়েছিল—এবং সে সম্বন্ধে আপনি চিঠি লিখেছিলেন এবং তাতে তিনি আপনাকে টেলিফোনে বলেছেন যে এই রকম কিছু তিনি আনন্দবাজারের কাছে বলেননি। এটাই বা কি করে বলেন আপনি যে ষ্টেটমেণ্টটা এখানে দিলেন রাজ্যপাল সম্বন্ধে তাহলে উনি যদি বলতেন হ্যাঁ বলেছি তাহলে কি হোত? নামই করা যাবে না, ভগবানের নাম করা যাচ্ছে। আর ওঁর নাম করা যাবে না?

(এ ভয়েস :—আপনারা তো ভগবান মানেন না)

আপনাদের দেখে আর ভগবান বিশ্বাস করার ইচ্ছা করে না। কিন্তু অনেক মানুষ তো করেন। যা হোক সেইজন্য বলছি যে এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়, আপনি নিশ্চয় চিন্তা করে দেখে শুনে আমাদের বলবেন। কিন্তু এটা আমি মানতে রাজী নয় যে উনি যেহেতু ভারতবর্ষের একজন নাগরিক সমস্ত নাগরিকের মত এবং এটা যদি সত্য হয় তাহলে পদত্যাগ না করে রাজীব গান্ধী, অমুক গান্ধী সঙ্গে দেখা করতে যাবেন—কংগ্রেসের সঙ্গে আলোচনা করবেন যে একটা সিট পাচ্ছেন কিনা? তিনি রাজনীতি করবেন এটা কখনও হতে পারে না। আমি এখনও বিশ্বাস করছি না যে রাজ্যপাল এইভাবে টিকিটের জন্য দুয়ারে দুয়ারে ঘুরছেন এবং তা যদি না হয় তিনি নিশ্চয় বলে দিতে পারেন যে এসব ঠিক নয় আমি এইসব করিনি আমি কোথায়ও যাইনি, তাহলে ফুরিয়ে গেল। এটা সত্য কি মিথ্যা তাতে আমার কোন দরকার নেই। হয়তো এটা হতে পারে। কাজেই কি হবে আমি জানি না। কিন্তু খবরগুলি যখন বেরিয়েছে তিনি করেছেন কিনা জানি না

কিন্তু যখন বেরুতে আরম্ভ করলো তখন আমরা স্থির করেছি এবং আমরা বলেছিও যে এ জিনিস হতে পারে না যে এখান থেকে গিয়ে উনি ওখানে ঐসব করছেন। আপনাকে কিছু বলছি না, কারণ আমি কি বলবো? সত্য মিথ্যা কিছুই জানিনা। এবং আমার তো কোন কিছু বলবার দরকার নেই, আর এই কথাই আমি সবাইকে বলেছি। আমাকে একজন জিজ্ঞাসা করলেন, 'জানেন রাত ১১টার সময় উনি আমার বাড়ী গিয়েছিলেন' এবং সেই সাংবাদিক আমাকে বলেছেন উনি আমাকে গিয়ে বললেন যে রাজ্যপাল রিজাইন করছেন। আমি বললাম কিসের জন্য রিজাইন করেছেন? উনি বললেন তিনি টিকিট পেয়ে গেছেন। আমি বললাম আমি এসব জানি না। কোথায় তিনি টিকিটের জন্য গিয়েছিলেন আমি জানি না, আমি এইটুকু জানি তিনি দিল্লী গিয়েছিলেন—এছাড়া আমার কিছু কোন খবর নেই। পরের দিন আমাকে বললেন যে একটা খবর এসেছে, আপনিও নাকি খবর পেয়েছেন। আমি বললাম এই রকম কোন খবর আমি পাইনি। কাজেই এই জিনিস যেভাবে এসেছে, এই সব ঘটনা তো সচরাচর হয় না। এত দিন এসেম্বলীতে আমি আছি, স্বাধীনতার পর থেকে, এই রকম ঘটনা কখনও দেখিনি, পার্লামেণ্টেও দেখিনি। কাজেই ওঁর বক্তব্য যে এই ধরণের খবর বেরিয়েছে। তবে যে নাম করা যাবে না, সুনাম করা যাবে না এই রকম কোথাও লেখা নেই। উনি যেটা বলেছেন আমি যতদূর জানি, সেটা উনি পয়েণ্টেডলি বলছেন যে সংবাদপত্রে এইসব বেরিয়েছে। এখন আপনাকে উনি বলেছেন, আপনি দেখুন, প্রিভিলেজে পাঠান—আর যদি সেখানে প্রমাণ হয় যে না উনি এইসব করেননি তাহলে সংবাদপত্রের বিরুদ্ধে আপনাকে ব্যবস্থা অবলম্বন করতে হবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার, আমি একটা ক্ল্যারিফিকেসন চাচ্ছি, তারপর আপনি বলবেন। মুখ্যমন্ত্রী বললেন যে দেখা করতে গেলে সে রাজীব গান্ধী হোক আর যাইহোক তাহলে তাঁকে পদত্যাগ করে যেতে হবে। আমি যতদূর জানি রুলসে আছে রাজ্যপাল বা রাষ্ট্রপতি যদি কোথায়ও দাঁড়াতে চান তাহলে তাঁকে পদত্যাগ করে তারপর দাঁড়াতে হবে। দেখা করতে গেলে পদত্যাগ করতে হবে এই রকম কোন রুল নেই।

Mr. Speaker : উনি এইসব কথা বলেননি, দীপকবাবু যে প্রিভিলেজের কথা বলেছেন 'That the news items recently published in the aforesaid Calcutta based state that the Governor of West Bengal, Shri A. P. Sarma had been trying to get a berth in the Rajya Sabha which has now been proved to be baseless. Moreover there was no confirmation of the news from the Governors end.'

[4-40—4-50 P. M.]

Dr. Abedin, there are two points very technical points, delicate points. The question is, if the Governor can be treated as a part of the House

আমরা গভর্ণরের সমালোচনা করতে পারি না। তবে এখানে নিয়ম আছে তাঁর সম্বন্ধে যদি কোন অসত্য কথা লেখা হয় তাহলে নিশ্চয়ই এখানে সমালোচনায় আসবে। তবে প্রিভিলেজের প্রশ্ন আসে কিনা বা সে সম্বন্ধে কোন প্রমাণ আছে কিনা সেটাতো উনি কাগজপত্র থেকে অনেক কথাই বলেছেন, আপনি সেটা দেখবেন। দীপকবাবু যেটা ধরে নিয়েছেন সত্য মিথ্যা আমি জানিনা রাজ্যপাল যা করেননি সেই সমস্ত কথা সংবাদপত্রে বেরিয়েছে এবং সেই হিসেবেই উনি এটা এনেছেন। যদি প্রিভিলেজে যায় তখন ওঁরা বলবেন। এখন প্রশ্ন হচ্ছে, প্রিভিলেজে গেলে আমরা কি রাজ্যপালকে সাক্ষী হিসাবে ডাকতে পারি? এখানে একজন বক্তা বললেন রাজ্যপাল হয়ত এসব করেননি, আবার কেউ বললেন এসব করার অধিকার তাঁর আছে কারণ হি ইজ এ সিটিজেন অফ ইণ্ডিয়া। কিন্তু তিনি যে রাজ্যপাল সিটিজেন একটু সারকমস্ক্রাইবড হয়ে গেছে অধিকারগুলো অর্থাৎ তার অবস্থা একটু ভিন্ন রাজ্যপাল কি করতে পারেন না পারেন সেটা আমরা জানি। ভি. ভি. গিরি একবার দাঁড়িয়েছিলেন, তবে পদত্যাগ করে। আমরা জানি সুপ্রীম কোর্টের একজন জজ রাজ্যসভায় দাঁড়িয়ে নির্বাচিত হয়েছিলেন, তবে তিনিও পদ ত্যাগ করে দাঁড়িয়েছিলেন। তখন কিন্তু এসব কথা বেরোয়নি যে তিনি কংগ্রেসের নেতাদের সঙ্গে দেখা করেছেন সিকিং ফর হিজ সিট এ্যাণ্ড সো অন। অন্তত আমি তো ওসব কিছু দেখিনি।

কাজেই এটা হতে পারে যে রাজ্যপালের সচরাচর এইভাবে বিবৃতি দেওয়াটা ঠিক নয়। আমি যতদূর জানি এবং আমার মতে অনেক অনেক রাজ্যপাল দেখেছি তাঁদের এই রকম বিবৃতি দিতে দেখিনি। একটা বিবৃতির কথা সংবাদপত্রে বেরিয়েছিল—এবং সে সম্বন্ধে আপনি চিঠি লিখেছিলেন এবং তাতে তিনি আপনাকে টেলিফোনে বলেছেন যে এই রকম কিছু তিনি আনন্দবাজারের কাছে বলেননি। এটাই বা কি করে বলেন আপনি যে ষ্টেটমেণ্টটা এখানে দিলেন রাজ্যপাল সম্বন্ধে তাহলে উনি যদি বলতেন হ্যাঁ বলেছি তাহলে কি হোত? নামই করা যাবে না, ভগবানের নাম করা যাচ্ছে। আর ওঁর নাম করা যাবে না?

(এ ভয়েস :—আপনারা তো ভগবান মানেন না)

আপনাদের দেখে আর ভগবান বিশ্বাস করার ইচ্ছা করে না। কিন্তু অনেক মানুষ তো করেন। যা হোক সেইজন্য বলছি যে এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়, আপনি নিশ্চয় চিন্তা করে দেখে শুনে আমাদের বলবেন। কিন্তু এটা আমি মানতে রাজী নয় যে উনি যেহেতু ভারতবর্ষের একজন নাগরিক সমস্ত নাগরিকের মত এবং এটা যদি সত্য হয় তাহলে পদত্যাগ না করে রাজীব গান্ধী, অমুক গান্ধী সঙ্গে দেখা করতে যাবেন—কংগ্রেসের সঙ্গে আলোচনা করবেন যে একটা সিট পাচ্ছেন কিনা? তিনি রাজনীতি করবেন এটা কখনও হতে পারে না। আমি এখনও বিশ্বাস করছি না যে রাজ্যপাল এইভাবে টিকিটের জন্য দুয়ারে দুয়ারে ঘুরছেন এবং তা যদি না হয় তিনি নিশ্চয় বলে দিতে পারেন যে এসব ঠিক নয় আমি এইসব করিনি আমি কোথায়ও যাইনি, তাহলে ফুরিয়ে গেল। এটা সত্য কি মিথ্যা তাতে আমার কোন দরকার নেই। হয়তো এটা হতে পারে। কাজেই কি হবে আমি জানি না। কিন্তু খবরগুলি যখন বেরিয়েছে তিনি করেছেন কিনা জানি না

Mr. Speaker : Dr. Abedin, you are here in pursuance of Constitution, I am also speaker in pursuance of the constution. The Governor is also in pursuance of the Constitution. He comes inside the House and address the members. We are all persons here in pursuance of the Constitution.

Dr. Zainal Abedin : Sir, so many strangers come. Advocate General also comes here.

Mr. Speaker : The Advocate General comes here under the Constitution.

Dr. Zainal Abedin : You have right to summon the Advocate General. Under the Constitution Advocate General is entitled to come and address the House. But he does not form a part of the House.

Mr. Speaker : I eannot comment on this off hand.

(Noise)

Shri Satya Ranjan Bapuli : You should see that nothing should be published at this stage.

Mr. Speaker : I am not talking anything at this stage, unless I make up my mind. I cannot deprive anybody of his right. In any case, there is nothing against the Governor. The member is not criticising the Governor. So, how can I stop him ? He is not defying or defaming the Governor. Then how can I stop him ?

I have received a notice of Statutory Resolution from Shri Suniti Chattoraj, Shri Satya Ranjan Bapuli, Shri Kashi Nath Misra.

Shri Kashi Nath Misra may now move his Resolution.

Shri Kashi Nath Misra : Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984 (West Bengal Ordinance No. IV of 1984).

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Bill, 1984, be taken into consideration. Sir, in this connection, I would like to make the following statement.

The West Bengal Legislature (Removal of Disqualifications) Act. 1952 (West Bengal Act VI of 1952) enumerates certain offices of profit, the holders of which will not be debarred from being members of the West Bengal Legislative Assembly. The provisions of the Act are not very specific as to whether the office of member of the West Bengal Prevention and Control of water Pollution Board (now renamed as the West Bengal Pollution Control Board) constituted under section 4 of the Water (Prevention and Control of Pollution) Act. 1974 (6 of 1974) may be held by a Member of the West Bengal Legislative Assembly without incurring any disqulification under the West Bengal Legislature (Removal of Disqualifications) Act, 1952. It was, therefore, considered expedient to amend the West Bengal Legislature (Removal of Disqualifications) Act, 1952 suitably so that a member of the West Bengal Legislative Assembly holding the office of a member of the West Bengal Pollution Control Board did not incur any disqualification by reason only of his holding such office without entitlement to any remuneration other than compensatory allowance.

In view of the urgency of ihe matter and also in view of the fact that the West Bengal Legislative Assembly was not in session, the amendment had to be given effect to by promulgation of an Ordinance, namely, the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984 (West Bengal Ordinance IV of 1984) by the Governor.

Shri Kashi Nath Misra : "Removal of certain disqualifications for membership. It is hereby declared that a person shall not be disqualified for being chosen as, and for being, a member of the West Bengal Legislative Assembly by reason only of the fact."

Mr. Speaker : Dr. Abedin, you are here in pursuance of Constitution, I am also speaker in pursuance of the constution. The Governor is also in pursuance of the Constitution. He comes inside the House and address the members. We are all persons here in pursuance of the Constitution.

Dr. Zainal Abedin : Sir, so many strangers come. Advocate General also comes here.

Mr. Speaker : The Advocate General comes here under the Constitution.

Dr. Zainal Abedin : You have right to summon the Advocate General. Under the Constitution Advocate General is entitled to come and address the House. But he does not form a part of the House.

Mr. Speaker : I eannot comment on this off hand.

(Noise)

Shri Satya Ranjan Bapuli : You should see that nothing should be published at this stage.

Mr. Speaker : I am not talking anything at this stage, unless I make up my mind. I cannot deprive anybody of his right. In any case, there is nothing against the Governor. The member is not criticising the Governor. So, how can I stop him ? He is not defying or defaming the Governor. Then how can I stop him ?

I have received a notice of Statutory Resolution from Shri Suniti Chattoraj, Shri Satya Ranjan Bapuli, Shri Kashi Nath Misra.

Shri Kashi Nath Misra may now move his Resolution.

Shri Kashi Nath Misra : Sir, I beg to move that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984 (West Bengal Ordinance No. IV of 1984).

প্রচেষ্টা নিয়েই আমরা ষ্টাটুটারি রেজলিউসান এনেছি। ট্রানসপোর্টের ক্ষেত্রে যেমন আমরা বলেছিলাম যে সেখানে যিনি সদস্য হয়ে গিয়েছেন বা চেয়ারম্যান হয়েছেন সেখানে তার ফলে পাবলিক রিপ্রেজেণ্টেটিভ হিসাবে তাঁর যে কাজ সেই কাজ কিছুটা ব্যাহত হবে, এখানেও সেই একই অবস্থার সৃষ্টি হবে। আমরা দেখেছি, পরিবহনের উন্নতির জন্য, পরিবহনের কাজকে আরো ভালোভাবে দেখার জন্য ঐ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কিন্তু সেখানে আশানুরূপ ফল পাওয়া যায়নি। সেখানে আর্থিক দিক দিয়ে যে ঘাটতি ছিল সেটা পূরন করার ব্যবস্থা তিনি করতে পারেন নি। এখানেও সেই একই অবস্থার সৃষ্টি হবে। এখানেও ঐ বোর্ডের কার্য পদ্ধতি বিস্তার করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী যে চেষ্টা করছেন সেটাও কতটা আশানুরূপ হবে জানি না। যে টাকাটা ব্যয় হবে সে ক্ষেত্রে যে লিমিট করে দিয়েছেন সেখানে লিমিটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি রেমুনারেসান পাবেন না, কম্পেনসেটারি এ্যালাউনস পাবেন।

সেখানে লিমিটের মধ্যে আমরা দেখছি কম্পালসারি এ্যালওয়েনস হবে, রেমুনারেশান পাবেন না। সেই সব ক্ষেত্রে আরো যে সব সুযোগ সুবিধা আছে, যেটা এখানে প্রকাশ পেয়েছে, সেইসব বস্তুগুলি আমরা অন্ততঃ উপলব্ধি করতে পারি। যে টাকা আজকে ব্যয় হবে, সেই টাকা পুনরুদ্ধার করার পদ্ধতি যাতে ঠিক থাকে এবং সেটাকে যদি ঠিক মত এই বিলের মধ্যে দিয়ে আনতে পারি তাতে নিশ্চয়ই কোন রকম বাধার সৃষ্টি হতে পারে না। আজকে আপনি নুতন চিন্তা ধারা নিয়ে যে পরিবর্তন ঘটিয়েছেন, যেহেতু অর্ডিন্যানস হয়েছে সেজন্য বিধানসভায় শাসক দলের সংখ্যাগরিষ্টতার জোরে এটা পাশ হয়ে যাবে, আমাদের বলার জন্য নিশ্চয়ই এতে কোন রকম বাধা স্বরূপ হবে না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে বলার সুযোগ দিয়েছেন সেজন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আজকে যদি কোন জায়গায় ত্রুটি থাকে সেটা আলাপ আলোচনার মাধ্যমে পরিস্কার হয় এবং সেই ত্রুটিগুলি যদি বেরিয়ে আসে তাহলে এতে সরকারেরই উপকার হবে। সরকার সেখানে সংশোধন করার মত কিছু পথ পাবেন এবং সেগুলি সংশোধন করতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলে যে ষ্টেটমেণ্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজন দেওয়া, সেটা আর একটু পরিস্কার হলে, অন্ততঃ এ্যাক্ট যা আছে, সেটা ষ্টেটমেণ্টের মধ্যে আর একটু পরিস্কার হলে আমাদের পক্ষে বুঝতে আরো সুবিধা হত এবং জনস্বার্থে এর প্রতিফলন আরো ভাল হত। এখানে আমরা কি দেখেছি? আমরা দেখেছি ষ্টেটমেণ্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজন এর মাধ্যমে একজন সদস্যকে নিয়ে যেতে চাওয়া হয়েছে, তিনি সেখানে সদস্য হিসাবে বা চেয়ারম্যান হিসাবে আসতে পারেন এই কথা বলা হয়েছে। এখানে স্পেসিফিকভাবে যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে, স্পেসিফিকভাবে সেসব কারণগুলির জন্য এটা নিয়ে এলেন এবং কোথায় কোথায় কিভাবে এর মাধ্যমে সরকার উপকৃত হবেন, সেটা আরো পরিস্কার হলে আমাদের পক্ষে সুবিধা হত। আজকে অর্ডিন্যানসের মধ্যে দিয়ে অর্থাৎ বিলের মধ্যে দিয়ে তিনি যে বক্তব্য এখানে রেখেছেন, সেই বক্তব্য সম্বন্ধে যদি আরো বৃহদাকারে আলোচনার সুযোগ দেবার ব্যবস্থা থাকতো তাহলে সেখানে ত্রুটি-বিচ্যুতিগুলি আরো পরিস্কার হত।

[5-00—5-10 P.M.]

গতবার যে কারণে এই আইনটিকে সংশোধন করা হয়েছিল এবারেও ঠিক অনুরূপ কারণে প্রথমে একটি অর্ডিনান্স করা হয়েছিল, পরে আজ সেটিকে বিল আকারে আনা হয়েছে এবং বিলটি পাশ হবার পরে এটা আইনে রূপ নেবে এবং আগামী দিনে এটা কার্যকরী হবে। আজকে এই সভায় বিলটি এমন ভাবে নিয়ে আসা হয়েছে যে, আমরা এ ব্যাপারে প্রকৃত তথ্য অনুসন্ধান করবার সুযোগ পেলাম না। সুতরাং আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে "ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেচার (রিমুভাল অফ ডিসকোয়ালিফিকেসন) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৪," যেটা ইতিপূর্বে অডিনান্স হিসাবে পাশ হয়েছিল, তাতে আমি অসম্মতি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদীনেশ চন্দ্র ডাকুয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে 'ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেচার (রিমুভাল অফ ডিসকোয়ালিফিকেসনস) (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৪' এনেছেন, সেই বিলের উদ্দেশ্য এবং হেতুতে বলা আছে 'ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেচার (রিমুভাল অফ্ ডিসকোয়ালিফিকেসনস য়্যাক্ট, ১৯৫২' যে আইনটা আছে সেই আইনের মধ্যে স্পেসিফিকভাবে বলা নেই যে, বিধানসভার সদস্যরা ওয়েষ্ট বেঙ্গল প্রিভেনসন এ্যাণ্ড কনট্রোল অফ ওয়াটার পলিউসন বোর্ড,) (যেটার বর্তমান নাম ওয়েষ্ট বেঙ্গল পলিউসন কনট্রোল বোর্ড) তার মেম্বার হতে পারবেন না। তবুও এটাকে মোর দ্যান ক্লিয়ার করার জন্য আইনটিকে সংশোধন করা হচ্ছে। অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল পলিউসন কনট্রোল বোর্ডে এখানকার সদস্যদের মধ্যে থেকে কেউ যদি মেম্বার হয়ে যান তাহলে এখানে সদস্য হিসাবে থাকার ক্ষেত্রে তিনি ডিসকোয়ালিফায়েড হবেন না। যদিও '৫২ সালের আইনের মধ্যে তিনি ডিসকোয়ালিফায়েড হয়ে যাবেন। এরকম কোন কথা পরিস্কার ভাবে বলা নেই তবুও এটাকে ডাবলি সিয়োর করার জন্য এই সংশোধনীটি আনা হয়েছে। এখন এ বিষয়ে ১৯৫২ সালের আইনে প্রভিসনটা কি আছে? আইনে আছে বিধানসভার সদস্যরা বিভিন্ন জায়গায় বিভিন্ন পদ নিতে পারবেন না, তবে কোন কোন জায়গায় নিতে পারবেন। এই আইনের "এ"-তে আছে পার্লামেণ্টারি সেক্রেটারীর পদ নিতে পারবেন। আর "বি"-তে আছে an office which is not a wholetime office remunerated either by salary or by fees এই রকম কোন পদ নেওয়া যাবে। তাহলে এখানে এই যে পদের কথা বলা হয়েছে এই পদে কোন বিধানসভার সদস্য নিযুক্ত হলে তিনি যাতে কোনভাবেই ডিসকোয়ালিফায়েড না হয়ে যান তারজন্য আইনটিকে সম্পূর্ণ পরিস্কার করা হচ্ছে, নির্দিষ্টভাবে বলে দেওয়া হচ্ছে যে তাঁরা ডিসকোয়ালিফায়েড হবেন না। পুরোনো আইনের ক্লজের মধ্যে হয়ত কিছু অপরিস্কার বক্তব্য থেকে যাচ্ছিল, তাই এটা করা হচ্ছে। কিছুদিন আগে এই আইনের এই জাতীয় আর একটি এ্যামেণ্ডমেণ্ট এখানে আনা হয়েছিল এবং সেটা মাননীয় সদস্য কাশীবাবু উল্লেখ করেছেন। সেটা হচ্ছে রোড ট্রান্সপোর্ট কর্পোরেশনকে নিয়ে এখানে একটা এ্যামেণ্ডমেণ্ট হয়েছে।

তাতে যে এ্যামেণ্ডমেণ্ট করা হয়েছিল, (ডি) ঢোকানো হয়েছে এবং তাতে বলা হয়েছে চেয়ারম্যান সহ হতে পারে, মেম্বার হতে পারে, তাতে অসুবিধা কিছু নেই। কিন্তু দেখা যাবে,

এমোলিউমেণ্ট সম্বন্ধে বলা আছে, বিধানসভার সদস্য যে ফি পায় বা রেমনারেসান পায় তার চেয়ে বেশী পেতে পারবে না, এই কণ্ডিসান দেওয়া আছে, ওখানে প্রভিসানে কণ্ডিসান দেওয়া আছে, (ডি) তে কণ্ডিসান দেওয়া আছে। সেই কণ্ডিসান বিধানসভায় আগে পাশ হয়ে গেছে। এক্ষেত্রে কোন ওয়ার্ড নড়চড় হচ্ছে না। খালি অফিস অফ দি চেয়ারম্যান ঢোকানো হয়েছিল রোড ট্রান্সপোর্ট করপোরেসানে ঐটা বাদ যেতে পারে। বিধানসভার সদস্যরা আফটার ডিসকাসান এই বিধানসভায় ল পাশ করে দিয়েছে এখন অফিস অফ দি চেয়ারম্যান হয়ে গেল। এখন দেখা যাচ্ছে, পার্টিকুলারলি ওয়াটার পলিউসান কনট্রোল যে বোর্ড আছে ষ্টেট বোর্ড, সেই ষ্টেট বোর্ডের মধ্যে বিধানসভার সদস্য যদি কেউ যান, যদি কাউকে নেন নমিনেটেড হিসাবে সে ডিস.কোয়ালিফায়েড হবে কিনা, ডিস-কোয়ালিফায়েডের যদি বিন্দুমাত্র সম্ভাবনা থাকে তারজন্য (ডি) এর মধ্যে যেখানে অফিস অফ দি চেয়ারম্যান বলা আছে তার সঙ্গে কম্পজিসান ঢোকানো হয়েছে মেম্বার অফ দি পার্টিকুলার বোর্ড এটা ঢোকাবার জন্য এই ব্যবস্থা বিলে আনা হয়েছে। এখন এখানে যে বোর্ডের কথা বলা হয়েছে সেই বোর্ডের মধ্যে নমিনেটেড এ্যাজ দি ওয়েষ্ট বেঙ্গল পলিউসান কনট্রোল বোর্ড এই বোর্ডের কাজ হচ্ছে প্রিগ্রামবেলে সেনট্রাল য়্যাকটের কথা বলা আছে জল দোষনের, সোয়ারেজ ইত্যাদি দেখবার জন্য ম্যানেজমেণ্ট এ্যাণ্ড কনট্রোল করার জন্য An act to provide for the prevention and control of water pollution and maintaining or restaring of water প্রভৃতি অর্থাৎ মোটামুটি পরিবেশ সংক্রান্ত বিষয় ঠিক মত যাতে রাখে তারজন্য বলা হয়েছে। এটা মূলতঃ সেনট্রাল য়্যাকট। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট বোর্ড এই বোর্ড কিভাবে গঠিত এটা জানা থাকলেও মেম্বারা বেশীর ভাগ অফিসিয়াল, এবং চেয়ারম্যান আছে। তারপর আছেন ৫ গর্ভনমেণ্ট অফিসার নমিনেটেড। এখানে বলা হয়েছে five persons to be nominated by the state from amongst the members of the local authorities এটার নির্দেশ ক্যাটেগরিক্যালি আছে। যে কোন ব্যক্তিকে একসপার্ট মনে করলে গভর্ণমেণ্ট দিতে পারবে না। আর একটি জায়গায় আছে. Three non-officials nominated by the state representing the interest of agriculture, fisher, trade or any other interest which is the opinion of the State Government aught to be representative. এই বোর্ডের মধ্যে এমন ৩জনকে দেওয়া হবে যারা কৃষক, ট্রেড, ফিসারীদের স্বার্থ দেখার জন্য ষ্টেট গভর্ণমেণ্ট নমিনেটেড করবেন অর্থাৎ এই বোর্ডে দিতে পারবেন। যাদের উপযুক্ত মনে করবেন তাদের দেবেন। এর মধ্যে বিধানসভার সদস্য থাকা অসম্ভব কিছু নয়। ঐ বোর্ডে যে কোন ব্যক্তি যেতে পারবেন বিধানসভার সদস্যরা হতে পারবেন না। বিধানসভার সদস্যরা জনপ্রতিনিধি, কিছু লোকের আস্থা-ভাজন বলে গন্য হয়। এই গন্য হওয়ার কারণে ষ্টেট গভর্ণমেণ্ট এই জায়গায় নমিনেট করতে পারবেন এটা রাখা দরকার।

বিধানসভার সদস্যদের মধ্যে ফিসারমেন, এগ্রিক্যালচার এবং ট্রেড রিপ্রেজেণ্টেটিভ আছেন। কাশীবাবু বললেন সদস্যরা যদি বোর্ডে যায় তাহলে সেই বোর্ড সমৃদ্ধ হতে পারে। কিন্তু সেই সমৃদ্ধ

হওয়ার প্রসঙ্গে আশঙ্কা পোষন করেছেন। তিনি বলেছেন সমৃদ্ধ হবে এমন গ্যারান্টি কোথায়? কারণ প্রসঙ্গে তিনি ষ্টেট ট্রান্সপোর্টের কথা বললেন।

[5-10—5-20 P. M.]

ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কথা বললেন। আজকে বিধানসভার কোন সদস্যকে যদি পাঠান হয় কোন পার্টিকুলার এরিয়া থেকে এবং সেখানে গিয়ে তিনি কাজ করতে পারবেন না সেটা আগে থেকে অনুমান করা, এটা টু মাচ স্পেশিমিজম। আমি মনে করি বিধানসভার সদস্যদের মধ্যে অনেক যোগ্য ব্যক্তি আছেন যাঁকে দায়িত্ব দিলে যথেষ্ট সার্থকভাবে ওখানে গিয়ে কাজ করতে পারবেন। এক হিসাবে যদিও এই আইনটা গোড়াতেই বলে রাখি যে স্পেশিফিক বোর্ড না থাকার জন্য পার্টিকুলার পজিসনে এই আইনটা বিশেষ করে আনার প্রয়োজন হয়েছে এবং আমি মনে করি আইনটার খুবই প্রয়োজন। বিধানসভার সদস্যদের বিশেষ করে একটা বোর্ডে যাওয়ার পক্ষে খুবই দরকার আছে। এই কথা বলে এই বিলকে পুরোপুরি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরল দেব ঃ মিঃ স্পীকার স্যার, আমি বিলটিকে সমর্থন করতে গিয়ে বিরোধীদলের সদস্য মাননীয় কাশীবাবুর বক্তব্য শুনলাম। লোকসভায় এই ধরণের ঘটনা আছে এবং এর আগে আমাদের এই যে West Bengal Prevention and Control of Water Pollution, সেনট্রাল এ্যাক্ট ১৯৭৪ এর দ্বারা পরিচালিত। স্বাভাবিক ভাবেই কাজটার সুবিধা করবার জন্য এটাকে রিনেম করব under section 4 of the Prevention and Control of Water Pollusion Act IV of 1976 এর আগে যদি কোন বিধানসভার সদস্য এই পলুসন বোর্ডের মেম্বার হতেন, তাঁরা যদি কোন ফি নিতেন তাহলে ডিসকোয়ালিফায়েড হোতো। সেই এ্যানোমেলিস দূর করবার জন্য স্পেশিফিকালি বলা আছে একজন বিধানসভার সদস্য হিসাবে এ্যাটেন করলে তিনি ডেলি এ্যালাওয়েনস পাবেন, সেটা দেওয়ার ব্যবস্থা এটাতে বলা আছে। আপনি স্যার জানেন, কলকাতার মত জায়গাতে কোন একজন বিধানসভার সদস্য কত গুরু দায়িত্ব পালন করেন, কিন্তু স্বভাবতঃই যদি যেতে হয় তাহলে ট্রামে, বাসে গিয়ে এ্যাটেন করা সম্ভব কিনা আপনি বিচার করবেন। এই যে সংশোধনীটা আনা হয়েছে সেটা সঠিকই হয়েছে। পার ডে এ্যালাওয়েনস তিনি পাবেন, সেটা দেওয়ার জন্য এখানে প্রভিসন করা হয়েছে, সেটা ঠিকই হয়েছে। যদি কোন বিধানসভায় সদস্য এই ধরণের বোর্ডের চেয়ারম্যান হন, তাঁকে কনভিয়েনস এ্যালাওয়েনস, অন্যান্য যা এ্যালাওয়েনস আছে তা তিনি নিশ্চয়ই পাবেন, যেহেতু তাঁকে সর্বক্ষণের জন্য কাজ করতে হবে। কিন্তু হাউসরেন্টের সম্বন্ধে প্রশ্ন দাঁড়িয়েছে।

সাধারণভাবে বিধানসভার সদস্য হিসাবে হাউসরেন্টের কোন প্রভিসন করা নেই। এইক্ষেত্রে আমি এটা একটু বিবেচনার জন্য অনুরোধ করব বা করা যায় কিনা দেখতে বলব, আদার এ্যালাওয়েনসের মত। আমি এই বিলটিকে পুরোপুরি সমর্থন করছি মাননীয় কাশীবাবু একটা

কথা বার বার বলেছেন, স্পেশিফিক নয়, পরিষ্কার নয় কিন্তু কি হওয়া উচিত ছিল সে সম্বন্ধে একটা কথাও বললেন না। আমি সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত যে বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তাঁকে সমর্থন করে একটি জায়গায় ঐ হাউসরেন্টের ক্ষেত্রে পুনর্বিবেচনার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোৎস্না কুমার দত্ত ঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী কর্তৃক আনিত এই সংশোধনী বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই ধরণের বিল অনেক আগেই আনা উচিত ছিল। আমার মনে হয় কাশীবাবু যেভাবে বিলের সমালোচনা করলেন তাতে তিনি সমর্থনই করে গেলেন বলে মনে হোল। আমার মনে হয় তিনি আলোচনার জন্য আরও একটু বেশী সময় চেয়েছিলেন সেই সময় একটু কম দিয়েছেন বলেই হয়ত ওঁর একটু অসুবিধা হয়েছে। আজ বিধানসভার কোন সদস্য যদি ওয়াটার পলিউশন বোর্ডের চেয়ারম্যান হন, তাহলে ওয়াটার পলিউশন কনট্রোল বোর্ড আরও পলিউটেড হবে বলেই আমি মনে করি। এখানকার যাঁরা জনপ্রতিনিধি, তাঁদের ভেতর কেউ কেউ দলের স্বার্থেই কাজ করছেন। আজকে তাঁদের কাউকে চেয়ারম্যান করলে পরে তাঁকে হঠানো একটু অসুবিধা হবে পরবর্তীকালে এবং আমাদের বলার সুযোগ থাকবে না। আর রেমুনারেশনের ব্যাপারে সরল দেব মহাশয় যে কথা বলেছেন, আমি তাঁর সাথে এ-বিষয়ে একমত। আজকে বাড়ীভাড়ার ব্যাপারটা যদি উনি বিবেচনা করেন, ভাল হয়। এটা না দিলে ওঁদের দিকের মেম্বাররা হয়তো খুশী হবেন কিন্তু আমাদের দিকের কেউ বলতে পারবেন না যে তাঁরা ডেইলি ওয়ালাউন্স এবং কনভেয়েন্স এ্যালাউন্স ছাড়া আর কিছু পাচ্ছেন। কাজেই সেটা যদি মন্ত্রী মহাশয় বিবেচনা করেন তাহলে খুব খুশী হতাম। আর সমর্থনের কথা আর কি বলবো? এই বিলকে সমর্থন করে এটুকু বলতে পারি যে যাতে এই ধরণের বিল বার বার আনতে না হয় সেজন্যই এই সংশোধনী আনা হয়েছে, যা বহু আগেই আনা উচিত ছিল। আজকে ট্রানসপোর্টের কথা বললেন। ট্রানসপোর্টের যিনি চেয়ারম্যান, তিনি সদস্য হিসাবে এই হাউস নিশ্চয়ই এ্যাটেণ্ড করেন। কাজেই এইভাবে সমালোচনার উদ্দেশ্যেই সমালোচনা করবেন না এই কথা বলে সংশোধনী বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা যেটা আশঙ্কা করছি সেটা হচ্ছে আজকে পরিবহনের অবস্থা দেখছি। ওয়াটার পলিউশন বোর্ডের আর্থিক প্রয়োগ কতটুকু? গত বছরের ত্রই খাতে বাজেট আমরা দেখেছি। হয়ত এবার তার পরিমান বাড়বে। সেক্ষেত্রেও আবার নতুন করে বুরোক্র্যাটসদের চিন্তা-ভাবনা আসবে, যেহেতু তাঁরা সরকারের সঙ্গে আছেন।

(সরকার পক্ষ থেকে মন্তব্য ঃ ওঁরা আপনাদেরই লোক)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার সঙ্গে যদি পাবলিক রিপ্রেজেন্টেটিভ দেওয়া যায় তাহলে নিশ্চয়ই এটা গণতান্ত্রিক হয়। কিন্তু দেখতে পাচ্ছি, এটা পঞ্চায়েতের মধ্যে দিয়ে দিলেন। সেই ব্যবস্থার

মধ্যে দিয়ে কতটুকু করাতে পারবেন ? তাঁরা অন্যান্য কাজের ফাঁকে ওয়াটার পলিউশনের ক্ষেত্রে কতটুকু ডেভেলপ করতে পারবেন সেটাই আমার আশঙ্কা। অনুরূপভাবে আমি বার বার বলেছি এবং দেখেছি যে রোড ট্রানসপোর্টের কি অবস্থা চলছে। কাজেই সেই আশঙ্কাটাও রয়েছে। অতএব ব্যাখ্যা করবার কিছু নেই। মাননীয় মুখ্যমন্ত্রী আরও বেশী উপলব্ধি করে নিশ্চয়ই সংশোধনী বিলটা নিয়ে এসেছেন। কিন্তু আমরা যেটা উপলব্ধি করছি সেটা বলছি। এই ব্যাপারে জনপ্রতিনিধিকে মেম্বার বা চেয়ারম্যান হিসাবে রাখলে বিলটা সুন্দর হবে এই শুভ উপলব্ধি নিশ্চয়ই দেখবো। আমরা রোড ট্রানসপোর্টে ও এটা দেখেছি। সেইজন্য এই ষ্ট্যাটিউটরি রেজলিউশন মুভ করলাম।

[5-20—5-30 P. M]

শ্রীজ্যোতি বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তর দেবার বিশেষ কিছু নেই। আমি তো আলোচনাটা বুঝতেই পারছি না, কাশীবাবু কি বলতে চেয়েছেন। রিমুভ্যাল অফ ডিস-কোয়ালিফিকেসান এ্যক্ট আছে, সেটা পশ্চিমবাংলায় আছে ১৯৫২ সালে হয়েছিল ভারতবর্ষ ব্যাপী আছে, সমস্ত রাজ্যে আছে, দিল্লীতে আছে, লোকসভা এবং রাজ্যসভায় সব জায়গায় এই রকম আছে। কেন ? কারণ জনপ্রতিনিধিরা যাতে বোর্ড, কমিটি এবং বিভিন্ন রকম সংগঠনের সভ্য হতে পারেন এবং সদস্য হতে হলে যাতে এই অফিস অফ প্রফিটেব্যল এর মধ্যে পড়ে না যান সেইজন্য এইসব আইন করা হয়েছে। এতো নুতন কোন ব্যাপার নয়। আলোচনা শুনে মনে হচ্ছে যে এটা নুতন কোন ব্যাপার ঘটছে। কিন্তু তা নয়। কিন্তু এখানে বলা হচ্ছে যে কেন করা হচ্ছে! এটা এটা আগেই করা হয়েছে। নির্দিষ্ট কিছু কিছু বোর্ড আছে, সংগঠন আছে, সংস্থা আছে যেখানে নির্দিষ্ট ব্যক্তি নেই বলে এখানে একটা সন্দেহ দেখা দিয়েছে। এটা না করলে যে বেআইনী হত তা নয়। কিন্তু একটা সন্দেহ দেখা দিয়েছে, সেই অবস্থার মধ্যে কেন সদস্যদের রাখবো ? তাঁদের যদি সদস্য করে পাঠাই তাহলে সন্দেহের মধ্যে কেন রাখবো ? সেইজন্য এখানে এটা পরিস্কার করে বলা হচ্ছে। বিশেষ করে যেটার অনেকে পলিউসান কনট্রোল বোর্ডের যেটার নুতন নামকরণ হয়েছে সদস্য হতে পারেন, এখানে যাঁরা বিধানসভার সদস্য তাঁরা হতে পারেন এই কথা এখানে বলা আছে। কাজেই এটা নুতন কিছু নয়। এই কথা ঠিক যে অর্ডিনেনস করলাম কেন আমরা। কারণ সেই সময় কিছু দিন ধরে আলোচনা চলছিল এবং কিছু সদস্য আমাদের বললেন এবং আইন-জীবীরা বললেন যে এটা পরিস্কার করে দেওয়া ভালো। এটা নয় যে আমরা আপত্তি করতে পারতাম না। এ্যাসেম্বলি খুলছে, এমন কিছু অসুবিধা হত না। কিন্তু আমরা মনে করলাম এটা তো এ্যাসেম্বিলিতে আলোচনা হবেই। এই ব্যাপারে সন্দেহ থাকবে কেন বোর্ড ইত্যাদি জায়গায় মিটিং এ্যটেণ্ড করতে, সেইজন্য আমরা অর্ডিনেন্সটা করলাম। তবে এটা আমরা মানি যে এ্যাসেম্বিলি যদি ডাকা হয়, যদি ডেট ঠিক হয়ে যায় তাহলে তার মধ্যে অর্ডিন্যান্স না করাই ভালো। সময় সময় করতে হয় সেইজন্য এটা করেছি। এই হলো আমার এক নম্বর কথা। আমার দ্বিতীয়

নম্বর কথা হলো এখানে যিনি মেম্বার হবেন আমি দেখছি এটার মধ্যে টার্মস এ্যণ্ড কণ্ডিসান অফ সারভিস এই সব যেখানে আছে সেখানে বলা আছে 'A fee of Rs. 50/- shall be paid to each member other than Chairman ? আর চেয়ারম্যান যে সে হোলটাইমার, আমাদের এম. এল এ'রা এটা হতে পারছে না। আর একটা কথা বলা হয় যে ওদের ঘরভাড়া দেওয়া হবে কিনা। আমি মনে করি এম. এল. এ'দের ঘর ভাড়া দেওয়ার কোন প্রশ্ন ওঠে না। যারা নাকি পার্ট টাইম মেম্বার সেখানে দেওয়া হচ্ছে এটা সরলবাবু এইমাত্র বললেন। এটা আমরা দেখবো। যা এখানে শুনছি সেটা পরিষ্কার করে রুলসের মধ্যে আছে যাতে ঘর ভাড়াটা সেইভাবে থাকবে না। কিন্তু ফি যেটাকে বলা হচ্ছে ফর এ্যটেনডিং মিটিং এবং ট্রাভেলিং এালাউনস এটা পরিষ্কার করে দেওয়া আছে। কাজেই এখানে এমন কিছু খরচা হবে বলে আমার মনে হচ্ছে না। তা ছাড়া আমাদের একটা সিদ্ধান্ত নিতে হয় যে, কোন সদস্য যেমন বিধানসভার, দিল্লীর, রাজ্যসভার লোকসভা বা অন্য কোন জায়গার তারা এই রকম সংগঠনের মধ্যে যেতে পারবে কিনা। আমরা মনে করি এটা ঠিক নয়। এখনই আমি একটা চিঠি পেয়েছি দিল্লী থেকে, ওঁরা আমাদের মতামত চেয়েছে। আমরা এখনো মতামত পাঠাতে পারিনি, আমরা দেখছি সেটা যে যারা এম. পি বা লোকসভা এবং রাজ্যসভার সদস্য তাদের কোন কোন জায়গায় থাকা উচিত কোন কোন জায়গায় থাকা উচিৎ নয়। এটার পুনর্বিবেচনা ওঁরা করছেন এবং আমাদের উপদেশ চেয়ে পাঠিয়েছে এবং সব রাজ্যের কাছে চেয়ে পাঠিয়েছে। আমরা এই ব্যাপারে মতামত দেব। তবে একটু বিচার করে নিই এবং পরে জানাবো। কিন্তু এটা হতে পারে না যে মাননীয় সদস্য যাঁরা নির্বাচিত হয়ে আসছেন তাঁরা কোন একটা সংস্থার সঙ্গে জড়িত থাকবেন না বা তাদের সাহায্য করবেন না। এটা আমরা কোনদিন মানি না, কেউ কোথাও মানে না। সেই হিসাবে এই ব্যাপারে সন্দেহ হয়ে ছিল বলে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে। এর অন্য কোন উদ্দেশ্য নেই। কাজেই আমি মনে করি আমার আর দীর্ঘ ভাষণ দেবার কিছু নেই। মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় তার সংশোধনী যদি না আনতেন তাহলে ভাল হতো।

The motion of Shri Kashinath Misra that the West Bengal Legislative Assembly disapproves the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendment) Ordinance, 1984 (West Bengal Ordinance No. IV of 1984), was then put and lost.

Clauses 1, 2, 3 and Preamble

The question that Clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendments) Bill, 1984, as settled in the Asaembly, be passed.

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি কেবল জানতে চাইছি সবই তো বলেছেন এটা অর্ডিন্যানস আকারে কেন আনতে হল ? এটা তো হাউসে বিল আকারে আনতে পারতেন ? এটা কি আমাদের জানার অধিকার নেই হোয়াট ওয়াজ দি এক্সপিডিয়েনসি ? আমি খালি জানতে চাইছি অন্যান্য রাজ্য বা লোকসভাতে যেভাবে অনেক ক্ষেত্রে আনা হয়, আপনিও সেইভাবে এনেছেন, কিন্তু আমরা যখন জানি হাউস নর্মাল কোর্স অনুযায়ী বসবে, তখন অর্ডিন্যানস হিসাবে কেন আনলেন ? কোন এক্সপিডিয়েনসিতে এটা আনলেন, সেটা সম্বন্ধে একটু বলুন, নাথিং এলস্ । বিল না এনে অর্ডিন্যানস কেন করলেন, সেটা একটু বলুন ।

শ্রীজ্যোতি বসু ঃ জয়নাল আবেদিন সাহেব শোনেননি, হয়ত অন্য কাজে ব্যস্ত ছিলেন। ঠিক এটাই কাশীনাথ মিশ্র এখানে তুলেছিলেন। আমি তো আগেই বলেছি, ওঁর সঙ্গে আমিও একমত, বিশেষ করে এ্যাসেম্বিলির তারিখ যখন ধার্য্য করা হয়েছে। যদি আমরা মনে করি যে আর কয়েকদিন পরে এ্যাসেম্বিলি ডাকা হবে, তাহলে কোন অর্ডিন্যানস করা উচিত নয়। এটা নিয়ে অনেকেই অনেক কিছু বলেছেন, আইনজীবীরাও বলেছেন। তা আপনারা এটা পরিস্কার করে দিন, পরিস্কার করতে তো কোন অসুবিধা নেই। এটাতে ভয়ংকর গুরুত্বপূর্ণ কিছু নেই। সেদিক থেকে আপত্তি করারও কিছু নেই। তবে অর্ডিন্যানস সিস্টেমটা ঠিক নয়, এই ব্যাপারে তো আমি আগেই বলেছি।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Legislature (Removal of Disqualifications) (Amendments) Bill, 1984, as settled in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Court-fees (Amendment) Bill, 1984

Shri Syed Abul Mansur Habibulla : Sir, I beg to introduce the West Bengal Court-fees (Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ Sir, I beg to move that the West Bengal Court-fees (Amendment) Bill, 1984 be taken into consideration.

এটা বিবেচনার জন্য আপনার কাছে রাখছি। আমার এ বিষয়ে বলার কিছু নেই। কারণ আমরা সকলেই জানি আপনারাও বিলটা পড়ে দেখলে বুঝতে পারবেন। এই বিলে আমরা সরকারকে কোর্ট ফিঃ থেকে একজেমশান দেওয়ার অধিকার চেয়েছি। এই রকম বিল আজ থেকে ৫০ বছর আগেই আসা উচিত ছিল। এ ব্যাপারে কিছুক্ষণ আগে প্রাক্তন বিচারপতির সঙ্গে আলোচনা করছিলাম। কোর্ট ফিঃ যেটা দেওয়া হয়, সেটা দেওয়া হয় আমার জুডিশিয়াল বিভাগ থেকে এবং আদায়ও করেন আমার বিভাগ। সুতরাং অবস্থাটা দাঁড়ায় মাত্র খাতাপত্রতে বা কাগজে কলমে। কোর্ট ফিঃ একবার কাগজে কলমে লেখা হয়, আবার আর একবার আঁটা হয়। এরজন্য অনেক সময় নষ্ট হয়ে যায়। বিচারের অসুবিধা হয় এবং মামলা দায়ের করতে বা অ্যাপিল করতে সময় নষ্ট হয়ে যায়। কারণ টাকা নেই বলে জটিল অবস্থার মধ্যে পড়তে হয় বহুকাল আগেই বিলটা আসা উচিত ছিল। কোর্ট ফিঃ স্যাংসনের জন্য উকিলবাবুদের, বিশেষ করে হাইকোর্টে যে সমস্ত গভর্ণমেণ্ট উকিলবাবুরা আছেন, তাঁদের খুবই অসুবিধা হয়।

ডাঃ জয়নাল আবেদিন ঃ কত টাকা এতে আসে সরকারের ঘরে ?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ সেটা আপনি আলাদা ভাবে জানতে চাইবেন। তবে টোট্যাল কোর্ট ফিঃ কালেকশান আমাদের হয় ৯ কোটি টাকার মত। এর মধ্যে সরকারের কতটা তা বলা মুশকিল। কেননা, এ ব্যাপারে সরকারই হচ্ছে বড় লিটিগ্যাণ্ট। সব যোগ করলে অনেক টাকাই হয়।

[5-30—5-40 P. M.]

শ্রীদীপেন্দ্র কুমার বর্মন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনমন্ত্রী ওয়েষ্ট বেঙ্গল কোর্ট ফি য়্যাক্টের সেকসান ফোরের একটা সংশোধনী নিয়ে এসেছেন। এই সংশোধনীতে উনি সরকার যেখানে লিটিগ্যাণ্ট সেখানে কোর্ট ফি পেমেণ্ট থেকে একসজেমসান চেয়ে এই বিল নিয়ে এসেছেন। এই বিলের মেরিটস, ডিমেরিটস সম্পর্কে বলার আগে সেকসান ফোর কি কণ্টেম্পলেট করছে সেটা দেখা যাক। সেকসান ফোর কণ্টেম্পলেট করছে Every litigant including the State shall have to pay Court Fee, এখানে কোর্ট ফি য়্যাক্টে দু ধরনের কথা বলা হয়েছে একটা ফি কোর্ট ফি, আর একটা য়্যাডভেলোরেণ্ট কোর্ট ফি এট দি রেট অফ ১০% নট একসিডিং ১০ হাজার টাকা। এখানে যে সংশোধনী নিয়ে আসা হয়েছে তাতে বলা হচ্ছে কোন মকোদ্দমায় সরকার যেখানে লিটিগ্যাণ্ট সেখানে সরকারকে কোর্ট ফি দিতে হবে না। এর অবজেক্টস এণ্ড রিজিনসে যে কথা বলা হয়েছে মন্ত্রী মহাশয় সেটা ব্যাখ্যা করলেন। কোর্ট ফি পেমেণ্টের ব্যাপারে কোষাগার থেকে অর্থ দিতে হয় এবং সেটা এনট্রি করতে অনর্থক সময় যায় এবং নানারকম কম্পলিকেসি দেখা যায় বলে এই বিলটা আনা হয়েছে। সরকার যে দৃষ্টিভঙ্গী নিয়ে এর কারণ ব্যাখ্যা করেছেন তাতে মনে হয় এত সহজভাবে একটা ব্যাখ্যা করা যায় না। আমাদের দেখতে

হবে ষ্টেটের কনসেপসান কি ? মর্ডান কনসেপসান অফ ষ্টেট এবং ফিলজফিক্যাল কনসেপশান অফ দি ষ্টেট আছে। ষ্টেটের দুরকমের আউডেন্টিটি আছে একটা সভেরন আইডেন্টিটি, আর একটা হল ট্রেডার্স আইডেন্টিটি। সরকার শুধু প্রশাসন যন্ত্র নয়. সরকার একটা জনকল্যান মূলক প্রতিষ্ঠানও বটে। সরকার প্রশাসন ছাড়া নানা কল্যানকর ব্যবস্থা করেন এবং ব্যবসা বানিজ্য করেন। ষ্টেট যেখানে লিটিগ্যাণ্ট সেখানে তার সভেরন আইডেন্টিটি এবং সেই আইডেন্টিটি থেকে কোর্ট ফি পেমেণ্ট করতে হয় এবং সভেরন আইডেন্টিটি থেকে কোর্ট ফি কালেক্ট করতে হয়। সরকার যখন ট্রেড করছে তখন তার ট্রেডার্স আইডেন্টিটি। সেই আইডেন্টিটিতে সরকার কোন সময়ে ব্যক্তির উর্দ্ধে যেতে পারেন না এবং তাই তাঁকেও কোর্ট ফি দেওয়া দরকার। কোর্ট ফি আইনের সেকসান ফোরের যে সংশোধনী আনা হয়েছে কেন তা গ্রহণ করা সঠিক হবে না তার ২।১টি কারণ বলতে চাই। প্রথমে বিলে কিছু লুপহোল আছে। এরমধ্যে ষ্টেট গর্ভমেণ্টকে ফিজিক্যালি ডিফাইণ্ড করা হয়নি।

সেটা এই বিলে নেই। পেরেণ্ট যে এ্যাক্ট সেই পেরেণ্ট এ্যাক্টের ফোর কর্ণারের মধ্যে কোথাও ষ্টেট বা ষ্টেট গভর্ণমেণ্ট কি সেটার স্পেসিফিক ডেফিনিসান নেই, কোন রকম কোন ক্ল্যারিফিকেশান পর্যন্ত নেই। তাই আমরা যদি জেনারেল ক্লজেস এ্যাক্ট এখানে আলোচনা করি তাহলে দেখতে পাব জেনারেল ক্লজেস এ্যাক্টে ষ্টেটের সভরেন আইডেন্টিটির কথাই বলা হয়েছে। তাহলে এখানে আমার একটা প্রশ্ন মাননীয় আইন মন্ত্রীর কাছে যে ষ্ট্রেটের আইডেন্টিটি যদি সভরেন আইডেন্টিটি হয় তাহলে পাবলিক আণ্ডারটেকিং, গভর্ণমেণ্ট লিমিটেড কোম্পানী এবং স্ট্যাটুটারী অথরিটি যেমন মিউনিসিপ্যাল বোর্ড অথবা কর্পোরেশান এইগুলি কি এই ষ্টেটের পারভিউ-এর মধ্যে পড়বে ? যদি পড়ে তাহলে বিলের মধ্যে সেটা স্পেসিফিক্যালি বসতে হবে এবং এরা এগজেম্পসান পাবে কি পাবে না সেটাও ক্লীয়ারলি বিলে বলে দেওয়া উচিত। এখানে উদাহরণ হিসাবে বলতে চাই কল্যানী স্পিনিং মিল, ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী লিমিটেড এদের কোন কারণে যদি মামলা করতে হয় কোন কোর্টে তাহলে এদের কোর্ট ফি দিতে হবে কি হবে না এগুলি ক্ল্যারিফাই করা উচিত যেটা বিলের মধ্যে কোন রকম ক্ল্যারিফিকেশান নেই। দ্বিতীয়তঃ এই এ্যামেণ্ডমেণ্টের ফলে সরকারকে কোন মামলা করতে গেলে বা মামলা লড়তে হলে কোর্ট ফি লাগবে না, কোর্ট ফি সরকারকে পেমেণ্ট করতে হবে না। কিন্তু গোটা ব্যাপারটা আমার মনে হয় ইররেলেভ্যাণ্ট, রেকলেস এবং এর ফলে মালটিপলিসিটি অব দি লিটিগ্যাণ্টস হবে। আমি আইনমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই আমাদের রাজ্যে কত শত মামলা পেণ্ডিং আছে ? যে ক্ষেত্রে এই পেণ্ডিং মামলাগুলির কুইক ডিসপোজ্যাল হচ্ছে না সেখানে এই এ্যামেণ্ডমেণ্ট বিল এনে ওয়েষ্ট বেঙ্গল কোর্ট ফিজ এ্যাক্টের সেকসান ৪-তে কোর্ট ফি'র যে এগজাম্পসান ছিল তাতে করে আইনমন্ত্রী নতুন মামলার ফলাডগেট খুলে দিচ্ছেন না। তৃতীয়তঃ আমাদের কনষ্টিটিউসানে বলা আছে, আমি আর্টিকেল ১৪ একটু পড়ছি—The State shall not deny to any person equality before the law or the equal protection of the laws within the territory of India. এখানে যখন

আইনের চোখে সকলের সমান অধিকার আছে, আইনের প্রোটেকশান পাওয়ার সমান অধিকার আছে তখন সরকার নিজে এই এ্যামেণ্ডমেণ্ট বিল নিয়ে এসে একটা বিশেষ সুযোগ গ্রহণ করছেন। যেখানে সাধারণ মানুষকে কোর্ট ফিজ পেমেণ্ট করতে হচ্ছে সেখানে সরকার একটা বিশেষ সুযোগ গ্রহণ করছেন। যদি গভর্ণমেণ্টকে কোর্ট ফিজ পেমেণ্টের ব্যাপারে এগজেম্পসান দেওয়া হয় তাহলে আমার মনে হয় সে ক্ষেত্রে সাধারণ মানুষকেও এই এগজেম্পসানটি দেওয়া উচিত। ওয়েষ্ট বেঙ্গল কোর্ট ফিজ এ্যাক্ট ১৯৭০ সালে যখন এই হাউসে আসে তখন তিনি বিরোধীপক্ষের একজন সদস্য হিসাবে তাঁর কিছু বক্তব্য রেখেছিলেন। তাঁর সেই বক্তব্যের কিছু প্রতিধ্বনি করতে চাই। তিনি বলেছিলেন প্রকৃতপক্ষে কোর্ট ফিজ একটা জুলুম। কোর্ট ফিজ দিয়ে মানুষকে বিচার প্রার্থী হতে হবে এটা ন্যায় নীতির দিক থেকে ঠিক নয়। উনি হাউসে এটা বলেছিলেন।

[5-40—5-50 P.M.]

একসময় উনি একথা বলেছেন, আবার উনিই এখন বলছেন সরকারকে যাতে মামলার জন্য কোর্ট ফি পেমেণ্ট করতে না হয়। এক মুখে দুরকম কথা এটা কোন ধরনের ন্যায় নীতি আমি বুঝতে পারছি না। গরীব মানুষকে কোর্ট ফি দিয়ে বিচার প্রার্থী হতে হবে এবং সরকার সেখানে একজেমসন পেয়ে যাবেন ফ্রম পেয়িং কোর্ট ফি এটা কি একটা বৈষম্যমূলক ব্যাপার হচ্ছে না? যতক্ষণ পর্যন্ত ষ্টেট কে ঠিকভাবে ডিফাইন না করা হচ্ছে, ক্ল্যারিফাই না করা হচ্ছে এবং তার সঙ্গে সঙ্গে পেরেণ্ট এ্যাক্টের মধ্যেও ষ্টেট গভর্ণমেণ্টকে ডিফাইন না করা হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই বিলে ডিফেক্ট থেকে যাচ্ছে এবং সেইজন্যই আমি এই বিলের বিরোধিতা করছি। সংশোধনের মাধ্যমে যে প্রোভাইসো সেকসন ফোর, সাব-সেকসান ওয়ানে ইনসার্ট করতে চাওয়া হয়েছে সেটা ওমিট করবার জন্য আমি আহ্বান জানাই, অনুরোধ জানাই। একথা বলে এই বিলের বিরোধিতা করে, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই বিলকে সমর্থন করে বক্তব্য রাখছি। বিরোধীপক্ষের মাননীয় সদস্য কেন যে এই বিলের বিরোধিতা করলেন আমি বুঝতে পারছি না। এখনও পর্যন্ত নিয়ম আছে সরকার যে কোর্ট ফি দেবে সেটা আবার জুডিসিয়াল ডিপার্টমেণ্ট সংগ্রহ করবে। অর্থাৎ সরকার একদিকে কোর্ট ফি দিচ্ছে এবং আর একদিকে সরকারই আবার সেটা সংগ্রহ করছে। দুদিক থেকে এইভাবে দেওয়া নেওয়া না করে সরকার একেবারেই কোর্ট ফি দেবেনা সেই ব্যবস্থা করা হচ্ছে। সরকার যে কোর্ট ফি দেবে সেটাই যখন আবার সরকারের হাতে ফিরে আসছে তখন কাগজপত্র লেখালেখি করে সময় নষ্ট করার কি প্রয়োজন আছে। "আপনি আচরি ধর্ম অপরে শেখাও" হয়ত একথা বিরোধীপক্ষের সদস্য বলতে চান। আমার বক্তব্য হচ্ছে এই জিনিসটা অনেক আগেই আসা উচিত ছিল। বিরোধীদলের সদস্য বললেন, মন্ত্রীমহাশয় নাকি এক সময় বলেছেন তাঁর বক্তব্যে যে, লিটিগ্যাণ্ট পাবলিক বিশেষ করে যারা দরিদ্র তাদের কিছু সুযোগ দেবার জন্য কোর্ট ফি না থাকাই ভাল। আমরা সকলেই

জানি বর্তমানে গরীব মানুষের জন্য লিগ্যাল এইডের ব্যবস্থা করা হয়েছে এবং সরকার সেখানে টাকা দিচ্ছেন। এর মধ্যে কোর্ট ফি, উকিলের ফি সমস্ত কিছুই আছে এবং সরকার সবই বহন করছেন। লিগ্যাল এইড দেবার জন্য প্রতিটি জেলায় সরকার ব্যবস্থা করেছেন, মানুষকে সুযোগ দিচ্ছেন। কাজেই এক্ষেত্রে ওই কোর্ট ফি গরীবদের জন্য বাদ দেবার কোন মানে নেই। স্টেট কাকে বলে সেটা পরিষ্কার করা হয়েছে। সরকার যেখানে ডাইরেক্টলী পার্টি হয়ে আসছে সেখানেই শুধু এই প্রশ্ন আসছে, যেখানে সরকার ডাইরেক্টলী পার্টি নয় সেখানে এই সমস্যা আসছে না। যাহোক, আমি আর বেশী কিছু এই ব্যাপারে বলব না। আমি মনে করি এটা বহুদিন আগেই আনা উচিত ছিল, এটা যুক্তি যুক্ত। এক হাতে কোর্ট ফি দেবে অপর হাতে আবার নেবে এতে অনেক বিলম্ব হয়ে যায় মামলায়। বিরোধীপক্ষের একজন বক্তা বললেন, ট্রামওয়ে কোম্পানী এবং কল্যাণী স্পিনিং মিল এর কথা তুলেছেন যে তারা কোর্ট ফি দেবে কি না? এটা তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। গভর্ণমেণ্ট ডাইরেক্টলী যেখানে পার্টি সেখানে শুধু কোর্ট ফি দেবেনা একথাই বলা হয়েছে। যাহোক, এই আইন যথা সময়ে এসেছে, আমি একে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যদের বক্তব্য শুনে হাসি পাচ্ছে। ধান ভানতে শিবের গীত। এই রকম যদি বিরোধী দলের অবস্থা হয় তাহলে দেশের অবস্থা কি শোচনীয় সেটা আপনি একটু ভেবে দেখবেন। এই জায়গায় কংগ্রেসরা দেউলিয়া হয়ে গেছে। আমার মনে হয় উনি বোধ হয় উকিল নন। ওকালতির দিকে বোধ হয় একেবারেই যান নি। যাহোক এখানে কনষ্টিটিউসনের আর্টিক্যাল ১৪ অব দি কনষ্টিটিউসন নিয়ে একটা ব্যাপার হয়েছে। গভর্ণমেণ্ট তার লিটিগ্যানদের জন্য টাকা জমা দেবে আবার সেই টাকা তুলে নেবে। এই যে টাকা আসা যাওয়া এই ইনফ্রস্ট্রাকচার বদলানো হচ্ছে। এটা যদি তুলে দেওয়া হয় তাহলে অনেক সুবিধা হবে। এবং এর জন্য যে লোক দরকার হয় সেটা আরও কম লোক রাখতে হবে। ওনারাইতো বলেন নন প্লান হেডে টাকা কম খরচ করুন। এটা করলে তো ইকমনি হবে। সরকারী মামলায় টাকা জমা হচ্ছে আবার সরকারকেই সেই টাকা তুলে নিতে হয়। এমনও দেখা গেছে সরকারী মামলায় অফিসারকে তার নিজের পকেট থেকে টাকা দিতে হয়েছে, ষ্ট্যাম্প কিনে দিতে হয়েছে আবার বিল করে সেই টাকা সরকারী অফিস থেকে নিতে হয়েছে। এই জিনিস শুধু হাইকোর্টে নয় নীচের কোর্টেও ঘটেছে। এই রকম করে লাভ কি? এক হাতে টাকা দেওয়া হোল আবার অন্য হাতে টাকা তুলে নেওয়া হোল। এটা আর কিছুই নয়। আর্টিক্যাল ১৪ সেটা অমিট করা হচ্ছে। কাজে কাজেই এখানে ডিসক্রিমিনেশনের প্রশ্ন নাই। উনি যেটা বললেন সংবিধানের এইসব প্রশ্ন আসে কি করে। শুধু বিরোধিতা করতে হবে তাই বিরোধিতা করছেন আমি অবাক হয়ে যাই সেই ধান ভানতে শিবের গীত। ওনারা সাধারণ মানুষের কথা বলেন। আমি এখানে বলতে বাধ্য হচ্ছি যে আমরা যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই ব্যাপারে প্রচুর পরিমাণ টাকা পেতাম তাহলে আমরা একেবারেই এই ফিটা তুলে দিতাম। এই বামফ্রন্ট সরকার গরীবদের জন্য অনেক কিছু করতে চান কিন্তু ক্ষমতা কোথায়।

সুতরাং গরীব দরদী ভান দেখিয়ে আর বেশী দিন চলবে না। মাদ্রাজে যে জুডিসিয়াল মিনিষ্টার-দের কনফারেন্স হয়েছিল তাতে ঠিক হয়েছিল যে এই কোর্ট ফি তুলে দেওয়া হবে এই মত প্রকাশ করা হয়েছিল। এখন রাজ্য সরকারের কেন্দ্রীয় সরকারের কাছে থেকে যে পাওনা সেটা দিতে হবে। সুতরাং এই সব কথা বলে বাজার গরম করে কোন লাভ নেই। সাধারণ একটা ডেফিনেসন বদলানো হয়েছে। একটিমাত্র সেকসনে সংশোধনী আনা হয়েছে এবং এটা সমর্থনযোগ্য। ন্যায্যত ফেয়ার কনসিব রাজ্য সরকার করবে। সব সময় বিরোধিতা করতে হবে অতএব বিরোধিতা কর এটা ঠিক নয়। যেখানে সত্যিকারের বিরোধিতা করার আছে নিশ্চয়ই বিরোধিতা করুন। কিন্তু এখানে কি আছে? কিছুই নাই। আসল কথা না বলে কতকগুলি উল্টোপাল্টা কথা বলে গেলেন। এমন কথা বলা হোল যে বিপদগামী করা হচ্ছে। ইন দি হোল অব স্টেট এসেম্বলী মেম্বারদের কনফিউজ করছে। এই রকম ভাবে একটা চিন্তা না করে কথা বলবেন না। সেকসন ৪-তে কন্টেম্পলেসন বলে একটা বড় ইংরাজী কথা যোগ করে দিলেন অমনি বিরোধিতা হয়ে গেল, কন্টেম্পলেসন অব সেকসন ৪ কি হচ্ছে তা আমি বুঝতে পারলাম না।

[5-50—6-00 P.M.]

এতে কন্টেম্পলেশনের কি আছে, একটা টাকা জমা হবে, আবার যাবে, এই কথার মধ্যে কি আছে? এটা আপনারা একটু ভাল করে পড়ুন, এটা অনেকদিন আগেই করা উচিত ছিল। আর একটা দিক আছে, সেটা হলো কন্টেম্পট অব কোর্ট যখন হয় অফিসারদের, in discharging their official duties. তারা অফিসের ডিউটি করতে গিয়ে কন্টেম্পট অব কোর্ট হয়, সুতরাং তাদের ফীটা দিতে হয়। যদিও এটা পার্সন্যাল লায়াবিলিটি, যদি সেটা কোনও ভাবে কাজ করা যেত, সেই ফী'টাও গভর্ণমেণ্টকে দিতে হয়, কিন্তু ফী'টা দিতে হবে, কোনও উপায় নেই হয়তো, মাননীয় মন্ত্রী মহাশয় বিচার করে দেখবেন যে কন্টেম্পট অব কোর্ট ফী'টা যদি কোনও মতে একজেম্পট করা যেতে পারে, এই কথা বলে, এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসৈয়দ মনসুর হাবিবুল্লাহ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধু শ্রীবর্মন যা বলেছেন, মূলতঃ অন্য অনেক বিষয়ে বলেছেন, তবে কোর্ট ফী সংক্রান্ত মূলনীতিগত বিষয় যেটা উত্থাপন করেছেন, সেটা এই বিলের আলোচ্য বিষয় ছিল না, সেটা নিয়ে আলাদা ভাবে আলোচনা করা যাবে যদি দরকার হয়। কিন্তু বর্তমানে বিষয়টা হচ্ছে, সরকার, শুধু সরকার নয়, মজার কথা এই, ব্যাপারটা যদি ফাইন্যানস ডিপার্টমেণ্ট, কি লেবার ডিপার্টমেণ্ট কিংবা জুডিশিয়াল ডিপার্ট-মেণ্ট হতো তাহলেও হতো। আমার জুডিশিয়াল ডিপার্টমেণ্টই কোর্ট ফী আদায় করে, আবার এই জুডিশিয়াল ডিপার্টমেণ্টই টাকাটা পে করে। এক পকেটে নিয়ে আর এক পকেটে দেয়। এই ব্যবস্থাটা কিন্তু আমার কাছে মনে হয়েছে এই আইন অন্ততঃ আজকে থেকে ১০০ বছর আগে হওয়া উচিত ছিল, যখন কোর্ট ফী এ্যাক্ট প্রথম হয়েছিল, তখনই এই আইন হওয়া উচিত ছিল। সেটা

নানা কারণে হয়নি। এখন বর্মন সাহেব যদি এই কথা বলতেন, না, আপনারা ষড়যন্ত্র মূলকভাবে ঐ কেরাণীকুলের কাজ কমাবার জন্য একটা ষড়যন্ত্র করে এই কাণ্ডটা করেছেন, তাহলে আমরা নিশ্চয়ই তাঁর সমালোচনার একটা অর্থ বুঝতাম যে কেরাণীর কাজ কমে গেল, অর্থাৎ সরকারী কর্মচারীদের প্রতি এই সরকারের যে পক্ষপাতিত্ব আছে, সেইজন্য এটা উঠিয়ে দিচ্ছি, তাহলে হয়তো খানিকটা স্পষ্ট হতো। শুধু তাই নয়, এটা দেখা গেছে, বাস্তব অবস্থায় অনেক সময় আগের বক্তা অনিলবাবু বললেন যে কোর্ট ফি'র টাকাটা অনেক সময় উকিলকে বা যে কর্মচারী ওখানে লিপ্ত আছেন, অনেক সময় পকেট থেকে টাকা দিয়ে, কোর্ট ফী টা এঁটে দিয়ে তাদের মামলাকে রক্ষা করতে হয়েছে। অনেক সময় এই টাকা পাওয়া যায় না বলে মামলার অসুবিধা হয়েছে। আপিলের টাইম চলে গেছে। আবার তার জন্য একটা এ্যাপলিকেশন করতে হয়েছে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার জন্য, মেয়াদ রদের জন্য একটা করতে হয়েছে। কাজেই শুধু যদি টেকনিক্যাল কারণে হতো তাহলে আমি বলতাম, তারজন্য তো এটা প্রয়োজনই ছিল। খামাকা খামাকা লিখবে কেন? এক খাতায় জমা লিখবে যেমন আর এক খাতায় খরচা লিখবে, এটা রাখার কোন কারণ ছিল না। কিন্তু এছাড়াও এর একটা দিক আছে, এই পেমেণ্টগুলো, সরকারের কাছ থেকে টাকা বের করে আবার টাকা পেমেণ্ট করা তুলে দেওয়াটা সহজ, কিন্তু সরকারের কাছ থেকে টাকা বের করা অত্যন্ত কঠিন। কাজেই কোর্ট ফি'র জন্য, এই অবস্থাগুলো চলে যায়, উকিলের ফি বাকী রাখা যায় কিন্তু কোর্ট ফি টা না দিলে আপিল বা যে কোনও মামলা দায়ের করা বৈধ হয় না। সুতরাং সেদিক থেকে এই কাজটাকে সহজ এবং তরান্বিত করার জন্য এই আইনটা করা হয়েছে। এখানে যে আলোচনা হয়েছে, মোটামুটি সকলেই সমর্থন করেছেন, কোন সংশোধন নেই, কাজেই আমি আশা করি এটা সর্বসম্মতিক্রমে গৃহীত হবে।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা : যেখানে ষ্টেট থেকে দেওয়া হয় সেখানে লাগবে না, যেখানে দেওয়া হয় না সেখানে ইনক্লুড করবার কথা বলা হয়নি। কাজেই যা নেই তা নিয়ে মুটেড করা ঠিক নয়!, এই প্রসঙ্গটাই এখানে নেই।

শ্রীদীপেন্দ্র বর্মন : স্যার, এটা স্পেসিফিক্যালি বলা নেই যে, পাবলিক আণ্ডারটেকিং, গভর্ণমেণ্ট লিমিটেড কোম্পানী ইত্যাদি এগুলি ষ্টেট পারভিউ-এর মধ্যে পড়ছে কিনা—এটাই হচ্ছে আমার বক্তব্য।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লা : যেখানে তারা দিচ্ছে না, আপনি তাদের প্রসঙ্গ টেনে আনছেন। যদি কোনদিন আসে তখন সংশোধন করা যাবে। ষ্টেট গভর্ণমেণ্ট যেখানে কোর্ট ফিজ দিয়ে থাকে সেখানেই এই প্রসঙ্গটা উঠবে, সেখানে এই আইন প্রযোজ্য হবে। যেখানে দেয় না, সেখানে নতুন করে কেন ধরতে যাবে?

The question that the West Bengal Court-fees (Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to move that the West Bengal Court-fees (Amendment) Bill, 1984, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984

Dr. Ashok Mitra : Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সামান্য একটু বক্তব্য আছে, আমি খুব সংক্ষেপে সেটা বলবার চেষ্টা করব। এই ষ্ট্যাম্প আইনের কতকগুলি অসম্পূর্ণতা দূর করবার জন্য দু একটি জিনিস সংশোধন করা হচ্ছে। কতকগুলি জায়গায় সামান্য একটু ষ্ট্যাম্প হারের পরিবর্তন করা হচ্ছে। এতদিন পর্যন্ত কৃষকরা কোল্ড ষ্টোরেজে শস্য রাখতে গেলে তারজন্য কোন ফিক্স এর ব্যবস্থা ছিল না। এটা করা প্রয়োজন বলে আমাদের কাছে বলা হয়েছে। আমরা পরামর্শ পেয়েছি। প্রতি ১ হাজার কেজিতে ১ টাকা ষ্ট্যাম্প লাগবে। তারপর আর একটু পরিবর্তন করা হয়েছে। দলিল দস্তাবেজ বা অন্য কোন জিনিস বন্ধক রেখে টাকা ধার করা হয়। সেইক্ষেত্রে কতটা ষ্ট্যাম্প ফিক্স লাগবে সেখানে ষ্ট্যাম্পের ১৬টি বিভিন্ন রকমের হার ছিল। এতগুলি হার রাখার কোন প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। সেইজন্য ১৬টি হারের পরিবর্তন করে মাত্র ২টি হার রাখছি। আর একটি জায়গায় একটা ছাপার ভুল নয়, একটা শূন্য বাদ পড়ে গিয়েছিল সেটা মাননীয় স্পীকারের দপ্তর থেকে সংশোধন করে দেওয়া হয়েছে। যদি ১০ হাজার কিংবা ১০ হাজার টাকার কম দামের দলিল দস্তাবেজ রেখে টাকা ধার করা হয় এবং ৩ মাস কিম্বা ৩ মাসের বেশী বন্ধক রাখা হয় তাহলে ১০ টাকা, আর ৩ মাসের কম হলে ১০ টাকার অর্দ্ধেক ৫ টাকা হবে। ১৬টি হারকে কমিয়ে মাত্র ২টি হার করা হয়েছে।

[6-00—6-10 P.M.]

তারপর সেলস সার্টিফিকেটের ক্ষেত্রে কোর্ট থেকে কিংবা কালেকটরেট থেকে কিংবা অন্য কোন রেভিনিউ দপ্তর থেকে যখন সেলস সার্টিফিকেট দেওয়া হত তাতে কতকগুলো শব্দের উল্লেখ ছিল যে কার উপর কোন হারে ষ্ট্যাম্প বসবে। সেখানে কনভেনসের যে হারটা ছিল সেই হারগুলি এখানে পুরোপুরি প্রযোজ্য করা হচ্ছে। কারণ কনভেনসের হার থেকে এটা আলাদা করবার তেমন কোন প্রয়োজন আছে বলে মনে হয়না। তারপর আর একটা নতুন জিনিস হয়েছে আমাদের দেশে নানান ধরণের লগ্নী প্রতিষ্ঠান এসেছে, সঞ্চয় প্রতিষ্ঠান। তারা টাকা নিয়ে ফিক্সড ডিপোজিটে রেখে দিচ্ছে। এসব নিয়ে অনেক গোলমালও হয়েছে। এক্ষেত্রেও আমরা মনে করি বোধহয় ষ্ট্যাম্প ডিউটি প্রবর্তন করা প্রয়োজন। আমরা বলেছি, প্রতি এক হাজার টাকা জমা রাখতে হলে তার সার্টিফিকেটের সঙ্গে এক টাকার একটা ষ্ট্যাম্প যোগ করতে হবে। তারপর যেটা ডেলিভারি অর্ডার রেল ষ্টেশন থেকে বা অন্য জায়গা থেকে ডেলিভারী নিতে গেলে দিতে হ'ত তার একটা হার ছিল, সেটা বহু বছর আগের, সেটাকে ২০ পয়সা থেকে বাড়িয়ে এক টাকা করা হচ্ছে। অন্য দিকে ডিবেনচার কেনাবেচার যে হারটা ছিল সেটা এক টাকা থেকে কমিয়ে ৫০ পয়সা করা হচ্ছে তারপর আর একটা পরিবর্তন করা হচ্ছে—পার্টনার-শিপ যখন ভেঙ্গে দেওয়া হয় সেই ভেঙ্গে দেবার ক্ষেত্রে দলিল সই করার ক্ষেত্রে আগে যেখানে ছিল ১·২৫ টাকা সেটাকে বাড়িয়ে ৫ টাকা করা হচ্ছে। এই হচ্ছে সংশোধন—কিছু বাড়ানো, কিছু কমানো এবং কিছু সংযোজন। সাধারণ কতকগুলি ব্যাপার এই বিলে আছে, আমি আশা করি মাননীয় সদস্যরা সর্বসম্মতিক্রমে এটাকে পাশ করবেন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে যে The Indian Stamp (West Bengal Amendment) Bill. 1984. বিল নিয়ে এসেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বক্তব্যের মাধ্যমে যে সব কথা বললেন সেখানে আমি প্রথমেই বলতে চাই যে তাঁর ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিনস পরিস্কার নেই। সেখানে তিনি বলেছেন to remove some anomalies in certain articles এই এ্যানোমালিসগুলি কি কি তা তিনি পরিস্কারভাবে আমাদের সামনে তুলে ধরেন নি। উনি যে বিলটি রেখেছেন তার যে মূল আইন তারমধ্যে হয়ত ব্যাখ্যা করা থাকবে কিন্তু এখানে তিনি সেটা করেননি। সমস্ত জিনিষটা যদি ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিনসের মধ্যে পরিস্কারভাবে না দেওয়া হয় তাহলে আমি মনে করি সেটা ঠিক বৈধভাবে আমাদের সামনে হাজির করা হল না। to reduce the rate of stamp duty on transfer of debenture ; and to revise the rates of stamp duty on certain Articles এটা তিনি তার ষ্টেটমেণ্টে বলেছেন। সেই সার্টেন আর্টিকেলগুলি আমরা কিন্তু তার ষ্টেটমেণ্টের মধ্যে পাই নি। স্যার, আমরা জানি, ইণ্ডিয়ান ষ্ট্যাম্প এ্যাক্ট যেটা আছে সেটা '৭২।৭৪।৭৫।৮০ সালে সংশোধিত হয়েছে। এখানে যে কথাগুলি তিনি বললেন সেই সার্টেন আর্টিকেলগুলি তার ষ্টেটমেণ্টের মধ্যে আশা করেছিলাম।

এখানে কোল্ড স্টোরেজের কথা, দলিল দস্তাবেজের কথা, ডিবেঞ্চারের কথা বলেছেন। সেখানে আর্থিক ১০ হাজার টাকার উর্দ্ধে হলে ষ্ট্যাম্প ডিউটি কত লাগবে, ৩ মাসের বেশী সময় হলে বা কম সময় হলে কত লাগবে এবং বিভিন্ন লগ্নি প্রতিষ্ঠানগুলি যে টাকা পয়সা রাখছে তারজন্য একটা ষ্ট্যাম্প ডিউটি প্রয়োগ করেছেন। অন্যান্য ক্ষেত্রে কোর্ট বা কালেক্টরেটে যে সব সার্টিফিকেট ইস্যু হয় সেই সব ক্ষেত্রের কথাও বলেছেন। আমার বক্তব্য হচ্ছে, আপনি ১৬টা আইটেমের মধ্যে ২টো আইটেম কমালেন। এই দুটো আইটেম করিয়ে সরকারের সেখানে কতখানি লাভ বা লোকসান হল সেটা কিন্তু আপনার বক্তব্যের মধ্যে দেখছি না। ১৬টা আইটেমের শুধু ভলিউমটা কমিয়ে দিলেন। প্রকৃতপক্ষে এর দ্বারা সরকার লাভবান হচ্ছেন কিনা এই ষ্ট্যাম্প ডিউটির মাধ্যমে সেটা পরিস্কার ভাবে জানান উচিত ছিল। আজকে বিভিন্ন ভাবে এই কোল্ড ষ্টোরেজ থেকে মোট ষ্ট্যাম্প ডিউটি বাবদে কত আদায় হতে পারবে, বিভিন্ন লগ্নী প্রতিষ্ঠান থেকে কত অদায় হতে পারবে এবং সেই ষ্ট্যাম্প ডিউটির মাধ্যমে সরকারের কত আয় বাড়বে সে সম্পর্কে তার বক্তব্যের ইংগিত পাবো বলে আশা করেছিলাম। বর্তমানে ষ্ট্যাম্প ডিউটি সম্পর্কে তিনি যে পরিবর্তন করলেন, প্রকৃতপক্ষে এটা যখন আইনে রূপান্তরিত হতে চলেছে এবং কার্যকরী হবে, সেক্ষেত্রে আপনার যে কর্মচারীর সংখ্যা, সেই কর্মচারীর মাধ্যমে এই যে আরোপিত কর অর্থাৎ ষ্ট্যাম্প ডিউটি এটাকে আদায় করার জন্য ঠিক ব্যবস্থা করেছেন কি না, সে সব বক্তব্যগুলি প্রারম্ভিক বক্তৃতার মধ্যে আশা করেছিলাম। কিন্তু সেটা আপনি বলেননি। স্বভাবতঃই এর থেকে আমাদের সন্দেহ আছে। সেজন্য ষ্টেটমেণ্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজনে আর একটু বিস্তারিতভাবে পাবার আশা করেছিলাম। কিন্তু সেটা আমরা পাইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে সরকার যখন কোন আইন করেন তখন তার একটা উদ্দেশ্য এবং ছেদ থাকে এবং সেই হিসাবে সেটা রূপান্তরিত করার চেষ্টা করেন। তারপরে বিভিন্ন সময়ে তার মধ্যে ত্রুটি বিচ্যুতি দেখা যায় এবং সেটা পরবর্ত্তীকালে সংশোধনী আকারে আনা হয়। এক্ষেত্রেও অনুরূপভাবে সংশোধনী আকারে এই বিল এসেছে। এটার জন্য যাতে আগামীদিনে আরো সংশোধনীর দরজায় না যেতে হয়, একটা সুন্দর আইনের ব্যবস্থা যাতে থাকে তারজন্য একটা পরিস্কার বক্তব্য তার কাছ থেকে আশা করেছিলাম। তিনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় সেই সব কিছু বলেননি। শুধু কয়েকটি জিনিস সম্পর্কে বলেছেন। আমরা আশা করবো যে মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর চিন্তা ধারার মাধ্যমে আমাদের যে আশংকা, আমি যে কথাগুলি বললাম সেই সম্পর্কে পরিস্কার করে বলবেন।

[6-10—6-20 P. M.]

অতএব আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই যে "ইণ্ডিয়ান ষ্ট্যাম্প (ওয়েষ্ট বেঙ্গল এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৪" উত্থাপন করেছে এর দ্বারা যদি জনস্বার্থে সরকারের আয় বাড়ে এবং সেই নতুন সম্পদ দিয়ে সমাজের উন্নয়ন হয় তাহলে আমি নিশ্চয়ই এর বিরোধিতা করব না। কিন্তু আমরা জানি এই আইন এখান থেকে পাশ হওয়ার পরে যখন এটা কার্যে রূপায়িত হতে যাবে তখন নানারকম প্রতিবন্ধকতার সৃষ্টি হবে। কারণ আমরা জানি সরকারের যে মেশিনারি আছে সেই মেশিনারি

দিয়ে বর্তমানে যা আদায় করার কথা তাই আদায় হয় না, সুতরাং এক্ষেত্রেও ঠিক মত আদায় হবে না। বিভিন্ন ক্ষেত্রেই আমরা দেখছি প্রতি বছর বাজেটের মাধ্যমে নতুন নতুন ট্যাক্স ধার্য হয়, কিন্তু তা ঠিকমত আদায় হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকার ব্যবস্থা গ্রহণ করছেন যে, তাঁরা স্ট্যাম্প ডিউটি আদায় করবেন এবং সেক্ষেত্রে কাউকে বাদ দেবেন না। যদি তারা তা আদায় করতে পারেন এবং তা যদি সমাজের কল্যাণের জন্য ব্যয় করেন তাহলে এক্ষেত্রে এর বিরোধিতা করার কোন কারণ নেই। কিন্তু আমরা দেখছি এর মধ্যে অনেক ত্রুটি বিচ্যুতি থেকে যাচ্ছে। বিশেষ করে আমরা জানি সর্বক্ষেত্রে আজকে সরকারী মেশিনারি অচল হয়ে পড়েছে। সুতরাং তাঁরা আদায় করবেন কি করে? আদায় করতে পারবেন না। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের বিলের ষ্টেটমেন্টের ভিতের পরিস্কার ব্যাখা রাখা উচিত ছিল, কিন্তু মন্ত্রী মহাশয় তা রাখেন নি বলে আমি এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনিল মুখার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটিকে সমর্থন করে দু' একটি কথা বলতে চাই। আমরা দেখলাম বিরোধী দলের সদস্য কাশীবাবু আমতা আমতা করে এই বিলের উপরে তাঁর কিছু বক্তব্য রাখলেন। পরিস্কার করে তিনি কিছুই বলতে পারলেন না। কারণ বোধ হয় বিলটা তাঁর ভাল করে পড়ে দেখার সময় হয়নি, ফলে তিনি ঠিক মত জিনিষটা বুঝতে পারেননি। যদি তিনি বিলটা পড়তেন তাহলে নিশ্চয়ই বুঝতে পারতেন। তবে ওঁর দোষ কি? উনি এখানে কি বক্তব্য রেখে আমাদের বিরোধিতা করবেন? আমরা যেভাবে কাজ করছি তাতে ওঁর বিরোধিতা করবার কিছু নেই। কাশীবাবু বলেছেন জনকল্যাণমুখী কাজ করা হলে, আমি তার বিরোধিতা করব না। বর্তমানে পশ্চিমবাংলায় রাজ্য সরকারের পক্ষ থেকে যা খরচ করা হচ্ছে তা সবই জনকল্যাণমূলক কাজেই করা হচ্ছে। সুতরাং বিরোধিতা করা উচিত নয়। তবুও আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে, উনি ঐসব কথা বলার পরেও সবশেষে এই বিলের বিরোধিতা করে বসে পড়লেন। অর্থাৎ ওঁর ভাবটা হচ্ছে, সব তোমার, চাবি আমার। তবে ওঁর কথাবার্তা শুনে আমার মনে হলো ব্যক্তিগতভাবে ওর এই বিলের বিরোধিতা করার উচ্ছে ছিল না, দলের পাল্লায় পড়ে উনি বিরোধিতা করেছেন।

এই যে যে সমস্ত লীজ ডিড, টাইটেল ডিড, সুইটেবল লিজ, ডিড, মর্টগেজ প্রভৃতি যেভাবে করার দরকার সেইভাবে করেছেন, ষ্ট্যাম্প য়্যাক্টে সররীকরণ করে যেটা ১৬ ছিল সেটাকে কমিয়ে একটা প্রিন্সিপ্যালের মধ্যে নিয়ে এসেছেন। শুধু এক্ষেত্রে নয়, ট্যাক্সেসান লসকে সর্বোত্রভাবে সিমপ্লিফিকেসান করেছেন। উনি যেটা করেছেন বিগত ৩০ বছরে আপনাদের আমলে তা হয়নি কিন্তু এই সরকারের আমলে সেটা হচ্ছে। ডঃ অশোক মিত্র মহাশয় করের সরলীকরণ করে বিভিন্ন ধরণের কর যেভাবে বাড়ানো ছিল নানাভাবে সেটাকে সিমপ্লিফিকেসান করে কর নেওয়ার চেষ্টা করেছেন। বড়লোকেদের কাছ থেকে যারা বেশী টাকার লেন-দেন করেন তাদের কাছ থেকে কিভাবে টাকা আদায় করা যায় সেইসব পদ্ধতিগুলি ইনট্রোডিউস করেছেন। আজকে কোল্ড-

ষ্টোরেজের মালিক যারা লক্ষ লক্ষ টাকার ব্যবসা করেছেন তাদের কাছ থেকে আদায় করার চেষ্টা করছেন। আপনারাই বলেন কেন্দ্রীয় সরকারের এটা নীতি। আপনারাও বাজেটে বলেছেন এবং কেন্দ্রীয় সরকার বারবার রাজ্যকে বলছেন ট্যাক্স করুন, অথচ ট্যাক্স করার জায়গা নেই, কোন দিকে করার কিছু নেই। ডঃ অশোক মিত্র মহাশয় কোথায় একটু ছিদ্র খুঁজে পেয়েছেন সেইজন্য কোল্ড ষ্টোরেজের ক্ষেত্রে সামান্য কিছু বাড়াবার উনি চেষ্টা করেছেন। মোটামুটি পশ্চিমবাংলার অর্থনীতিকে সুস্থ সবল জায়গায় নিয়ে যাবার চেষ্টা করেছেন। সুতরাং এই বিলটিকে সমর্থন করুন, বিরোধিতা না করে সমর্থন করুন। এই বিল আনার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় একটু আগে বলেছিলেন যে আমার বক্তব্যের মধ্যে অস্পষ্টতা আছে। কিন্তু যেমন সুন্দর করে আমার বক্তব্য উনি ব্যাখ্যা করলেন তাতে ওঁর বুঝতে নিশ্চয়ই কোন অসুবিধা হয়নি। সুতরাং সত্যি সত্যিই তেমন কোন অস্পষ্টতা এবং অস্বচ্ছতা নেই। আমি আবার বলি, অসঙ্গতি, অসম্পূর্ণতা দূর করবার জন্য যেমন, অসঙ্গতি ছিল কনভেয়ান্স, সেল সার্টিফিকেট যেটা একই হারে ষ্ট্যাম্প বসানো উচিত সেটা করা হয়েছে। আমি বলেছিলাম যেমন, এই যে লগ্নী প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে কিংবা কোল্ড-ষ্টোরেজের ক্ষেত্রে যেটা ছিল অসম্পূর্ণতা তা সরলীকরণ করা হয়েছে, আইনে কতকগুলি হারের হেরফের করা হয়েছে, ১৬ জায়গায় ২ করা হয়েছে। আর দ্বিতীয়তঃ ডিবেনচার লেন-দেন পশ্চিমবাংলায় যাতে বাড়ে সেইজন্য ষ্ট্যাম্প ডিউটির হার কমিয়ে দেওয়া হয়েছে। কিন্তু একটি কথা যোগ করবো, উনি বললেন কত পাওয়া যাবে। পাওয়ার উদ্দেশ্য নিয়ে এই বিল আনিনি। এই যে অসঙ্গতি আছে তা দূর হোক, সরলীকরণ হোক এবং সরলীকরণ করে ২০ লক্ষ, ২৫ লক্ষ কিংবা ৪০ লক্ষ টাকা যা আসে সেটাই শুভ হবে। আরোও একটি কথা বললেন, যে প্রতিশ্রুতি দেওয়া হয় সেই অনুযায়ী রাজ্যসরকার রাজস্ব আদায় করে না। ১৯৮৩-৮৪ সালে আমরা বলেছিলাম সাড়ে ৮০০ কোটি টাকার মতন রাজস্ব আদায় করবো এবং এও বলেছি ৪৫ কোটি টাকার মত কম আদায় হবে। ৪৫ কোটি টাকা অর্থাৎ শতকরা ৫ ভাগের মতন। কেন কম আদায় হবে আমরা তাও বলেছি, টি, ভি ট্যাক্স হাইকোর্টে বাতিল হয়ে গেছে। বড় বড় চটকলের মালিক বিচারালয়ে গিয়ে কর দেওয়ার ব্যাপারে একটু শিথিলতার আদেশ পেয়েছেন। আর কোন কোন ক্ষেত্রে কেন্দ্রীয় সংস্থাগুলি আমাদের প্রাপ্য টাকা দিচ্ছেন না, রাজস্ব দিচ্ছেন না। এই কারণে, এই কারণ গুলি যদি না থাকতো তাহলে আদায় কম হতো না। আমি আশা করবো, এই বিলটি এই সভায় সম্মতি পাবে।

The motion of Dr. Ashok Mitra that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Dr. Ashok Mitra : Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Indian Stam (West Bengal Amendment Bill, 1984, as settled in the Assembly, be passed.

[6-20—6-30 P. M.]

শ্রীদেব নারায়ণ চক্রবর্ত্তী : মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি প্রথমেই বলতে চাই যে 'উৎসবে ব্যসনে চৈব, দুর্ভিক্ষে রাষ্ট্র বিপ্লবে, রাজদ্বারে শ্মশানে চ: য তিষ্ঠতি সঃ বান্ধবঃ।' আমাদের এই বামফ্রন্ট সরকার যেখানে মানুষের দারিদ্র, অভাব তার পাশে দাঁড়াচ্ছেন এবং তাদের ব্যথা বেদনা দূর করবার চেষ্টা করছেন। আর যে জায়গায় মানুষের অর্থ, সামর্থ্য, উন্নতি আছে তাদের কাছ থেকে দু পয়সা নেবার চেষ্টা করছেন যেহেতু ৭৫ কোটি টাকা আমাদের ঘাড়ে চাপিয়ে দেবার চেষ্টা করা হয়েছে সেই জায়গায় কিছু কিছু কর নিয়ে পশ্চিমবঙ্গকে দাঁড় করাবার চেষ্টা করছেন। মাননীয় কাশীবাবু আজকে যদি জেগে ঘুমোন তাহলে কার সাধ্য তাঁর ঘুম ভাঙ্গায়, কারো ক্ষমতা নেই। তাঁকে জাগিয়ে তোলার। উনি এখানে মিথ্যা ছাড়া সত্য কিছুই দেখতে পাচ্ছেন না। এখানে আমরা দেখব যে এটার কতগুলি দিক আছে যেটা মানুষের পক্ষে কল্যান মুলক কাজ করছে, সেইসব জায়গায় কমিয়ে দেওয়া হচ্ছে। ষ্ট্যাম্পগুলি কমিয়ে দেওয়া হয়, যেখানে বণ্ডগুলি ছিল সেগুলি কমিয়ে দেওয়া হয়, তারপর যেসব আলু কোল্ড ষ্টোরেজের আলু কৃষকের কাছ থেকে কম পয়সায় কিনে নিচ্ছে, এক হাজার কিলো আলুতে যদি এক টাকা নেওয়া হয় তাহলে এমন কি বেশী নেওয়া হচ্ছে? সুতরাং এইসব ক্ষেত্রে যদি কিছু কিছু রাজস্ব না নেওয়া হয় তাহলে রাজস্ব চলবে কি করে? সেদিক থেকে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Ashok Mitra that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1984, as settled in the Assemly be passed, was then put and agreed to.

The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1984

Dr Ashok Mitra : Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1984.

(Secretary then read the title of the Bill)

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Amendment) Bill, 1984 be taken into consideration.

ডঃ অশোক মিত্র : এই বিলটির উদ্দেশ্য অত্যন্ত সহজ এবং সরল। আমাদের রাজ্যে এতদিন পর্য্যন্ত দুটো আইন আছে, ১৯৪১ সালের এবং ১৯৫৪ সালের বিক্রয় কর আইন আছে। আমাদের কতকগুলি চেক পোষ্ট আছে, বাংলা এবং বিহারের সীমান্তে কতকগুলি চেক পোষ্ট আছে, এরার পোর্টে, বন্দরে, রেল ষ্টেশনে এই চেক পোষ্ট আছে। চেক পোষ্টগুলির উদ্দেশ্য হল কতকগুলি, জিনিস আমাদের দুটি আইন ১৯৪১ এবং ১৯৫৪ সালের আইনে বলা আছে এই সমস্ত জিনিষ গুলি যদি অন্য রাজ্য থেকে আমাদের রাজ্যে আনতে চান তাহলে সরকারের পূর্ব সম্মতি থাকা প্রয়োজন। পারমিট থাকা চাই, অনেক সময় অনেকে পারমিট না নিয়ে আসে। আমাদের রাজ্যে এইসব জিনিসের মধ্যে অনেক নিষিদ্ধ জিনিষ থাকে, এইগুলি আটকান হয় এবং এর ওপর কর ধার্য করা হয়। এই সমস্ত জিনিষ হচ্ছে অবৈধ জিনিষ। তারা এই সমস্ত জিনিস চেক পোষ্টে রেখে বেরিয়ে যায়। আমাদের আইনে এমন কোন ধারা নেই যে সেই ধারা বলে এইসব নিষিদ্ধ জিনিষ বাজেয়াপ্ত করবার জরিমানা করা বা সেটা নীলামে বিক্রি করা যায়। এইটির একমাত্র উদ্দেশ্য হল এই ধরণের জিনিষ যদি আসে তাহলে তার উপর জরিমানা করতে পারি, কর বসাতে পারি, বাজেয়াপ্ত করা এবং নীলামে এটা বিক্রয় করার ব্যবস্থা করতে পারি তা না হলে আমাদের যে চেক পোষ্টগুলি আছে সেইসব চেক পোষ্টে অনেক জিনিস জমে যাচ্ছে। পুরোনো জিনিস জমে আছে অথচ সরকারী আইনের কোন ধারা নেই। সেই ব্যবস্থা যাতে করা যায়, সেইজন্য আইনটা করা হচ্ছে এবং পন্থা-পদ্ধতি বলে দেওয়া হচ্ছে যে কিভাবে জরিমানা বসানো হবে. কিভাবে নর্ম করা হবে।

শ্রীআনন্দমোহন বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিরোধীর আসনে বসে বলেই I am not opposing this Bill for the soke of opposition only, I am not criticising this Bill from a political angle or vision, I am criticising this Bill from the juristic point of view. এখানে মাননীয় অশোকবাবু আছেন এবং অনেক মাননীয় সদস্য আছেন। আমি নতুন এসেছি, এবারে আমি নতুন। আপনাদের মধ্যে হয়তো আইনজ্ঞ ও আছেন আমি ব্যক্তিগতভাবে চিনিনা বা জানিনা। আস্তে আস্তে প্রত্যেকের সঙ্গে নিশ্চয়ই আমার পরিচয় হবে। আইনের দৃষ্টিভঙ্গী দিয়ে যদি এই এ্যামেণ্ডমেণ্টটাকে বিচার করা যায় তাহলে এই এ্যামেণ্ডমেণ্টের মধ্যে মূল কমিটমেণ্ট ইট ইজ এ ষ্টেট এ্যাক্ট মিণ্ট ফর ডিজ অনেষ্ট ট্রেডারস ইণ্টারেষ্টস্। এখানে আমাদের জানতে হবে যে সেকশন ১৪ (এ) এবং (৭) অফ দি এ্যাক্ট যদিও এই দুটি এ্যাক্টই এ্যানালগাস। কিন্তু একজিষ্টিং প্রভিশনে কি আছে ? বেঙ্গল ফিনান্স সেলস ট্যাক্স এ্যাক্টের ১৯৪১ এবং ১৯৪৪ এর প্রভিশনটা কি ? ১৯৪১ এবং ১৯৪৪-এর ১৪ (এ) এবং ৭ এই দুটি ধারায় আইনের প্রভিশন আছে ; গভর্ণমেণ্ট অফেণ্ডিং এ্যাণ্ড কনট্রাব্যাণ্ড গুডস্ সিজ করতে

পারবে। দিস ইজ দি পাওয়ার ভেষ্টেড টু দি গভর্ণমেণ্ট টু সিজ দি কনট্রাব্যাণ্ড এ্যাণ্ড অফেণ্ডিং গুডস, যেকথা মাননীয় অর্থমন্ত্রী এখানে বলছিলেন। কিন্তু এই গুডস সিজ করবার পরের অধ্যায়টা কি? আইনটা কি? আইনে বলে যে দুটি প্রভিশন আছে। একটা প্রভিশন হচ্ছে এ্যাডজুডিকেশন প্রভিশন, যাকে আমরা বলতে পারি কোয়াসী জুডিশিয়াল প্রভিশন। অর্থাৎ দি ডিপার্টমেণ্ট হ্যাজ গট সাফিশিয়েণ্ট রাইট ইন ডিলিং উইথ দিস ম্যাটার। আর একটি কি প্রভিশন আছে? সেই প্রভিশনে সেলস ট্যাক্স এ্যাক্ট, সেকশন ২২ তাতে বলা হয়েছে যে ডিপার্টমেণ্ট এটা প্রপার কোর্ট অফ ল-য়ের কাছে পাঠাবেন এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী প্রপার কোর্ট অফ ল'য়ে এর বিচার হবে। এটা হচ্ছে আমাদের একজিষ্টিং প্রভিশন। শুধু এই আইনই নয়, কেন্দ্রীয় আইন এবং এই রাজ্যের বহু আইন আছে যেখানে টুফোলড এ্যাকশন ইজ নট বার, কঙ্কারেণ্ট প্রসিডিংস ইজ এ মাষ্ট। আমি উদাহরণ দিচ্ছি সেনট্রাল এ্যাক্টস এর, কাষ্টম এ্যাক্টস এর। ঠিক সিমিলার এ্যাক্ট। এখানে দেখা যাচ্ছে কোন ব্যক্তি কোন কনট্রাব্যাণ্ড গুডস নিয়ে ফরেন থেকে দমদম এয়ারপোর্টে নামলেন। তার কাছে হয়ত বিদেশী ক্যাসেট আছে এবং যেহেতু এটা কনট্রাব্যাণ্ড গুডস, কাষ্টম এটাকে সিজ করলেন। কাষ্টম তার ওউন ওয়েতে 'সুসো মোটো' ডিপার্টমেণ্টাল একটা প্রসিডিংস করলেন। দিস ইজ দি এ্যাডজুডিকেশন প্রসিডিংস এবং সাথে সাথে কোর্টের আণ্ডারে আর একটি প্রসিডিংস করা হোল, কোর্টে তাকে সোপর্দ করা হোল। এই যে দুটি প্রসিডিংস এই দুটি প্রসিডিংস মাষ্ট। এটাতে আইদার এবং অর এর কোন প্রভিশন নেই। এম. আর. শিপ ডিলারদের ক্ষেত্রেও আমরা গ্রামে থাকি, আমরা জানি, যদি তার কাছে কোন ভুয়া রেশন-কার্ড ধরা পরে, সেক্ষেত্রে ডিপার্টমেণ্ট হ্যাজ গট দি রাইট তার এম. আর ডিলারশীপ ক্যানসেল অথবা সাসপেণ্ড করতে পারে।

[6-40—6-50 P.M.]

সাথে সাথে এ্যাসেনসিয়াল কমিউডিটি এ্যক্টে তাকে এ্যরেষ্ট করা যেতে পারে। প্রপার কোর্ট অফ ল তে তাকে সোপর্দ করা যেতে পারে। দুটোই মাষ্ট, একটা আর একটার পরিপূরক নয়। টু ফোলড এ্যকসান কনকারেণ্ট এবং সাথে সাথে আমাদের এখানে ওয়েষ্ট বেঙ্গল সারভিস রুল আছে। এখানে টু ফোলড এ্যকসান মে বি টেকেন। সাপোজ একজন সরকারী কর্মচারী এমবেজেলমেণ্ট অফ দি পাবলিক ফাণ্ড, সরকারী অর্থ তছরূপ করেছে তাহলে তার কি হবে? তাহলে তার ডিপার্টমেণ্ট, তার এ্যপয়েণ্টিং অথরিটি তাকে সাসপেণ্ড করবেন এবং ডিপার্টমেণ্টাল প্রসিডিংস তৈরী করবেন। সাথে সাথে থানাতে একটা ইনফরমেসান দিয়ে ক্রিমিন্যাল পেনাল কোড। তার এগেনস্টে কেস হবে, পুলিশ তাকে এ্যরেষ্ট করতে পারে। ক্রিমিন্যাল কোর্ট অফ ল এস্টাবলিষ্ট ইন আওয়ার ল্যাণ্ড সেখানে তাকে সেই আইন মোতাবেক বিচার করা হবে। টু ফোলড এ্যকসন সেখানে চলতে পারে। মাননীয় অর্থমন্ত্রী এখানে কি করেছেন? সেকসান ১৪ (এ) এ্যণ্ড ৭ যার প্রভিসান এবং সেকসান এ্যনালগাস। যা আমি আগেই বলেছি, একটার ব্যাখ্যা করলে আর একটার ব্যাখ্যা একই হবে। উনি এখানে কি বলেছেন? তিনি সেকসান ১৪ (এ)

তে ডিপার্টমেণ্ট এডজুডিকেসানের কথা বলেছেন। বলেছেন যদি এই ধরনের কনট্রাবেণ্ড গুডস অথবা অফেণ্ডিং গুডস হয় ধরা যায় এর জন্য সেকসান ২২তে আর কোর্টে যাবার দরকার নেই যদি ডিপার্টমেণ্ট তাকে পেনালটি ইম্পোজ করে। তাহলে আমরা এখানে দেখতে পাচ্ছি মেকিং কনকারেণ্ট প্রভিসনস অলটারনেটিভ "আইদার" অর। এখানে কনকারেণ্ট প্রসিডিংস সাইমলটেনাসলি হচ্ছে না। কনকারেণ্ট প্রসিডিংস মাষ্ট হচ্ছে না। একটা অপসন থেকে যাচ্ছে। অর্থাৎ সহজ বাংলায় ডিপার্টমেণ্ট যদি এডজুডিকেসান প্রসিডিংস প্রসিড করে- তাকে যদি পেনালটি ইম্পোজ করে তাহলে তাকে কোর্টে যেতে হচ্ছে না। জিনিসটা তাহলে কি দাঁড়ায়? ডিপার্টমেণ্ট ইজ অল ইন অল। তাহলে এখানে দেখা যাচ্ছে কোর্টের যা প্রভিসান আছে, কোর্টের যে ক্ষমতা আছে, ম্যাজিসটেরিয়াল পাওয়ার যেটা আছে সেই পাওয়ারটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কাকে দিচ্ছেন? সেই বুরোক্রাটদের হাতে সেই ক্ষমতা তিনি তুলে দিচ্ছেন। কনফারিং ম্যাজিসনট্রিয়াল পাওয়ার সেটা কোর্টের ইনহ্যারেণ্ট পাওয়ার সেই পাওয়ার দিয়ে দিচ্ছেন ডিপার্টমেণ্টাল অফিসারদের হাতে। সেকসান ২২তে অলটারনেটিভ কনকারেণ্ট প্রসিডিংস অর্থাৎ কোর্ট প্রসিডিংস অর্থাৎ সেম অফেন্স এটাকে নিয়ে রিপিল করছে না। একটা ডিলিং প্রভিসানের দিকে নিয়ে যাচ্ছেন আর কি। অর্থাৎ যদি ডিপার্টমেণ্টালী প্রসিড করা যায় তাহলে সেকসান ২২তে আর যেতে হবে না। এতে হচ্ছে কি? যারা অফেনডার্স, যারা কনট্রাব্যাণ্ড গুডসের কারবার করে, যারা মফিয়াগ্যাং তারা যদি ডিপার্টমেণ্টে যাই, ডিপার্টমেণ্ট যদি প্রসিড করে ছাট ইজ ফাইনাল। আর কোর্টে যাওয়ার কোন দরকার নেই। ইট ইজ এ্যাভয়েডিং অফ দি কোর্ট প্রসিডিয়োর। কোন সভ্য জগতে এই জিনিস হয় বলে আমার জানা নেই। আমাদের এখানে অনেক মেম্বার আছেন যাঁরা সিনিয়র এ্যডভোকেট তাঁরা নিজেরা কেউ এই কথা অস্বীকার করতে পারবেন না। আমরা জানি আমাদের এখানে মুদিখানার অবস্থা। সেই এস, ওয়াজেদ আলির ভারতবর্ষের মুদিখানা এখন চলে আসছে। এ্যসেনসিয়াল কমিউডিটিস এ্যাক্ট একটা বাচ্চা ছেলেকে এ্যসেনসিয়াল কমিউডিটিস এ্যক্টে পেনাল প্রভিসান আছে ডেলি প্রাইস লিষ্ট দেখাতে হবে। প্রতিদিন সকালে তাকে চালের দাম এতো, আলুর দাম এতো, গমের দাম এতো, কেরোসিন তেলের দাম এতো সেটা লিখে রাখতে হবে। এই সব যদি টাঙানো না যায় তাহলে ম্যাকসিমাম পানিসমেণ্ট হিসাবে তার তিন মাস জেল হবে। আজকে এই হচ্ছে একটা পেনাল প্রভিসান, ঠিক সেই অবস্থাতে উনি কোর্টটাকে এ্যভয়েড করলেন। এই যে যারা মফিয়া গ্রুপ, যারা কনট্রাব্যাণ্ড গুডস, অফেণ্ডিং গুডস নিয়ে ব্যবসা করে তাদের আর কোর্টে যেতে হবে না, অফিসার যদি কৃপা করেন তাহলেই যথেষ্ট। এটা কি মারাত্মক, এখানে আপনি দেখুন এখানে আবার বলা হচ্ছে গুডসের পেনালটি অফিসাররা করবেন বা বুরোক্রাটরা করবেন। গুডসের ভ্যালু কে এ্যসেস করবেন? অফিসাররা ঠিক করে দেবেন গুডসের ভ্যালু কি হবে না হবে। আর ভ্যালু যা হবে তার ২৫ পারসেণ্ট পেনালটি দিতে হবে। আজকে অফিসারদের হাতে সেই ক্ষমতা দেওয়া হলো। আমি তার একটা উদাহরণ দিচ্ছি।

যদি কনট্রাব্যাণ্ড ও অফেণ্ডিং গুডস' এর দাম ৫ লক্ষ টাকা হয়, সেখানে অসাধু ব্যবসায়ী বুরোক্রাটস'এর সঙ্গে হবনবিং করবে এবং ক্রিমিন্যাল কম্প্রোমাইজ গড়ে তোলার চেষ্টা করবে। এই আনহোলি এ্যালায়েন্সের ফলে দেখা যাবে, আরও অনেক কিছু কনসিডারেশান এসে যাবে। যেমন ধরুন যে জিনিসের দাম ৫ লক্ষ টাকা, সেই জিনিসের দাম এ্যাকচুয়্যাল ভ্যালু অফ দি গুডস কমিয়ে করবেন ১ লক্ষ টাকা। ঐ ১ লক্ষ টাকার উপরে ২৫ পারসেণ্ট পেনালটি ধরবেন। ৪ লক্ষ টাকার উপরে ধরা হবে না। আজকে কোথায় আমরা আছি? কি একটা আইন হচ্ছে? ওখানে বলা হয়েছে পেনালটির কথা। কিন্তু কিভাবে? পেনালটি, ২৫ পারসেণ্ট অফ দি ভ্যালুয়েশন অফ দি কনট্রাব্যাণ্ড গুডস বা অফেণ্ডিং গুডস। ভ্যালুয়েশান টু বি ডিটারমাইণ্ড বাই দি কোর্ট অফ ল্য। বাট ইট উইল বি ডিটারমাইণ্ড বাই দি অফিসার এ্যাণ্ড দি বুরোক্রাটস্। কিন্তু আজকে সেখানে দেখতে পাচ্ছি, এই যে পেনালটি তা একেবারে না দিয়ে টাইম চাওয়া যেতে পারে। ইনস্টলমেণ্টও দেওয়া যেতে পারে। তিনটি ইনস্টলমেণ্টও চাওয়া যেতে পারে। অর্থাৎ টাইম টু টাইম পেমেণ্ট করা যেতে পারে। আর তা যাতে আদৌ আদায় না হয় তারও ব্যবস্থা রাখা আছে। কনট্রাব্যাণ্ড গুডস অকসান হবে। এ ব্যাপারে আপনাদেরও ধারণা আছে। কলকাতার বাজারে বিশেষ বিশেষ দ্রব্যের বিশেষ বিশেষ বাজারে অকসান হয়ে থাকে। এরজন্য অকসানার মার্কেট আছে। অকসনাররা হচ্ছে ভেষ্টেড ইণ্টারেষ্ট গ্রুপ। গ্রামের মানুষ হিসাবে আমাদের কনসেপশান হচ্ছে, অকসান মানে লট ধরে ভাল জিনিস কম দামে কেনা। আজকে এই অবস্থাতে আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করতেচাই যে, আপনি একজন পণ্ডিত লোক, আপনি ডকটরেট আপনি হয়ত খেয়াল করেন নি যে, বুরোক্রাটরা আপনাকে অন্যভাবে বুঝিয়েছেন এবং আপনি সেইভাবে বুঝেছেন। ডোন'ট মাইণ্ড, এক্সকিউসমি আপনার হাতে বুরোক্রাটসরা তামাক খেয়ে যাচ্ছে। সমস্ত ক্ষমতা বুরোক্রাটস'এর হাতে চলে যাচ্ছে। সমস্ত ক্ষমতা তাদের হাতে কনসেনট্রেট হচ্ছে। এই অবস্থাতে আমি মনে করি, এই যে এ্যামেণ্ডমেণ্ট, এতে জুডিশিয়াল প্রসিডিওর ইন অপারেটিভ হচ্ছে। এটা অত্যন্ত মারাত্মক। এটা অত্যন্ত গর্হিত কাজ। বিরোধী দল থেকে আপনারা চিৎকার করে একদিন বলেছিলেন 'উই ওয়াণ্ট সেপারেশান অফ পাওয়ার জুডিশিয়ারীফ্রম একজিকিউটিভ।' আজ কয়েকটি প্রিভেনটিভ সেকসান ছাড়া সংবিধানের বিধান অনুযায়ী জুডিশিয়ারী এ্যাণ্ড একজিকিউটিভ সেপারেশান কমপ্লিট হয়েছে। ইণ্ডিপেণ্ডেণ্ট অফ জুডিশিয়ারী কোন প্রোপোজিশান এণ্ড সাপোজিশান নয়, ইট ইজ দি কনষ্টিটিউসান্যাল প্রভিসান। এই সংশোধনের মধ্যে দিয়ে ২২ ধারা যদি ইনওপারেটিভ করে রাখতে চান, তাহলে কনষ্টিটিউসান্যাল প্রভিসান অনুয়ায়ী আমাদের দেশে যে নিরপেক্ষ বিচার ব্যবস্থা আছে, সেই বিচার ব্যবস্থার উপর সাধারণ মানুষের নো-কনফিডেন্স এবং এ্যাসপারশান এসে যেতে পারে। সেদিক থেকে এটা অত্যন্ত রিগ্রেসিভ। আমরা এটা চাই না। এটা শুধু অন্যদিকে নয়, বাট এ্যাট দি সেম টাইম রাজনীতির দিক দিয়েও রুইনাস। ৭৫ কোটি কর'এর কথা এই বৎসরের বাজেটে ধরা হয়েছে। জনপ্রতিনিধি হিসাবে আমরা জানি,এরফলে সারা পশ্চিমবাংলার জনগণের উপরে এক প্রচণ্ড অর্থনৈতিক চাপ আসবে। সেকসান ২২কে ডিমিং টু বি রিপিলড করে সমস্ত ক্ষমতা যদি বুরোক্রাটস'এর হাতে তুলে দেন, তাহলে আপনি কিভাবে সেখান

থেকে টাকা তুলবেন ? ইট ইজ অলসো পলিটিক্যালি স্যাইসাইডাল ফর দি গভর্ণমেণ্ট। আমরা যারা সাধারণ মানুষের প্রতিনিধি, আমাদের দায়িত্ব হচ্ছে জনসাধারণের স্বার্থ দেখা। অর্থ ছাড়া জনকল্যাণমূলক কাজ কি করে সম্ভব ? আপনারাই বলুন না, এ্যাকুমোলেশান অফ ফাণ্ড এবং এ্যাকুমোলেশান অফ দি রিসোর্সেস কোথা থেকে আসবে ? যদি এই আইনের সংশোধনের মধ্যে দিয়ে পেনাল প্রভিসান সেকসান ২২ অফ দি এ্যাক্ট ইন অপারেটিড করেন, তবে অসাধু ব্যবসায়ীরা আদালতে না যাওয়ার সুযোগ গ্রহণ করে সঙ্গে রফা করে কর বা জরিমানা না দিয়ে বা কম দিয়ে রাজকোষের অর্থ ঘাটতি ঘটাবে।

[6-40—6-50 P.M.]

সেদিক থেকে আমি অনুরোধ করবো তাড়াহুড়া করবেন না দরকার হলে সিলেক্ট কমিটিতে পাঠান। এখানে অনেক আইনজ্ঞ আছেন লীডার অফ দি অপোজিশান আছেন, ভক্তিবাবু আছেন হু ইজ এ রিনাউণ্ড ল' ইয়ার। সুতরাং এটা এবার বিবেচনা করুন এবং দেশের জনস্বার্থে সেকসান ২২ ডিমড টু বি রিপিলড। আপনি অধিকার চেয়েছেন ? আপনি কোটির ক্ষমতা সিজ করে দিয়ে বুরোক্রেসির হাতে ক্ষমতা দিচ্ছেন। আমি মনে করি ইট ইজ ওপেনিং অফ থার্ড গ্রেড কোরাপশান। বুরোক্রেসির সঙ্গে যে আনহোলি য়্যালান্সের কম্প্রোমাইজ হবে না এরকম গ্যারাণ্টি কোথায়। সুতরাং আপনি এটা বিবেচনা করুন। It may be noted on behalf of the party I vehemently oppose the amendment of clause 14 (a) of Bengal Sales Tax) Act, 1944.

Shri Anil Mukherjee : Mr, Deputy Speaker, Sir, the statement made by Mr, Ananda Mohan Biswas, is a lawyer's statement and an advocate's statement, He is expert in misleading the other side by his expertise knowledge and in suppressing the material fact and to do something which are not on record So Mr, Deputy Speaker, Sir, the statement made by the honourable member is a statement which has not touched the main theme of the Act. He has forgotten or he has not been able to see in this Act that there is a quasi judicial authority. In the income tax affairs the poser is vested to Commissioner as well as to the Assistant Commissioner, He knows it very well that it is always happening—Mrs. Gandhi has amended the Constitution of India and introduced a tribunal even for the sake of decided matters and for other matters, and for the tribunal affairs where certain industrial tribunal is there. Who is leading all these things ? So in the income tav, sales tax or any other tax matters the Commissioner and the Assistant Commissioner and others are given the quasi judicial power. So here there is no bar. The write court is there, 226 is here and Supreme Court is there. You can get involved in write jurisdiction of the High Court. So what is the bar ? Being a lawyer why

do you say so I do not know, I have not been able to understand how you are saying that a minister is barred with the judicial aflairs. So Mr. Deputy Speaker, Sir, I think that he has not read Clause 14 (a) and the power vested there in. If a good case is not being disposed of then it would be perished like perishable goods which are not being dispossed in time. পেরিসেবল যেসব গুডস তা যদি ডিসপোজ আপনা করে তাহলে সেগুলি ডিটারমিন করার ক্ষমতা কমিশনারকে দেয়া হয়েছে। এটা একটা কোয়াসি জুডিসিয়াল এতে আপীলের প্রভিসান আছে। সুতরাং সেখানে কোন অসুবিধা হবে না। It is useless and futile. He has no knowledge of it. So I support that the minister has done it right and I support this Bill brought by the Honourable Finance Minister.

